


জন্ম শতবর্ষ স্মর্গে

ষ্মার্মী বিবেকানন্দের বাণী ও রচনা

শ্বশাভবর্ষ-শ্বরণে

ষামী বিবেকানন্দের বালী ও রচনা

চতুৰ্থ খণ্ড





উদ্বোধন কার্যালয় কলিকাতা প্রকাশক স্বামী জ্ঞানাত্মানন্দ উদ্বোধন কার্যালয় কলিকাতা-৩

বেলুড় শ্রীরামক্বঞ্চ মঠের অধ্যক্ষ কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

প্রথম সংস্করণ পৌষ-ক্বফাসপ্রমী, ১৩৬৭

মূত্রক শ্রীগোপালচন্দ্র রায় নাভানা প্রিন্টিং ওআর্ক্স্ প্রাইভেট লিমিটেড ৪৭ গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলিকাভা-১৩

প্রকাশকের নিবেদন

'স্বামীজীর বাণী ও রচনা'র চতুর্থ থণ্ডে প্রধানতঃ ভক্তি-বিষয়ক বক্তা ও কথোপকথন সংগ্রথিত হইল। সাধারণতঃ এই ধারণাই প্রচলিত যে, স্বামীজী জ্ঞান ও ক্ম সম্বন্ধ যেভাবে যত কথা বলিয়াছেন, ভক্তি সম্বন্ধে ততটা বলেন নাই। সকল প্রচলিত ধারণার মতো এই ধারণাও আংশিক সত্য। স্বামীজী ভক্তি সম্বন্ধে বেশী কথা বলেন নাই, কিন্তু যেখানে যত্টুকু বলিয়াছেন, তাহা অতীব গভীর—এই সংকলনে তাহা স্পষ্টভাবে ফুটিয়া উঠিয়াছে। স্বামীজীর প্রচারিত ভক্তি পরাভক্তি, এবং পরাভক্তি ও পরজ্ঞান একই। স্বামীজীর এই 'ভক্তিধোগ' সর্বপ্রকার সাম্প্রদায়িক ভাবের উর্ফ্রে— সমন্বয়ই ইহার মূলতত্ব। জ্ঞান ও ভক্তির যে ছন্দ্ব, তাহা পথের ছন্দ্ব, লক্ষ্যের নয়।

এই খণ্ডের প্রথমাংশে আছে 'ভক্তিযোগ' নামক বিখ্যাত বক্তৃতাগুলির সংক্ষিপ্ত বিবরণ মাত্র, পরবর্তী অংশ 'ভক্তিরহস্তে' প্রায় একই বিষয় আলোচিত হইয়াছে, সবিস্তারে ও সহজভাবে। উভয়ত্র আমরা প্রকাশিত পুস্তকের বিষয়-বিস্তাস অনুসরণ করিয়াছি।

তৃতীয় অংশ 'দেববাণী' 'Inspired Talks' নামক বিখ্যাত গ্রন্থের বঙ্গান্থবাদ। গ্রন্থারন্তে ভূমিকা ও পটভূমিকায় পরিবেশ ও বিষয়বস্তর গান্তীর্যের আভাস পাওয়া যাইবে। গ্রন্থপাঠে বুঝা যাইবে 'দেববাণী'তে স্বামীজীর জীবন-বাণী ঘনীভূতভাবে ব্যক্ত হইয়াছে। ইহা একাধারে জ্ঞান ও ভক্তির একথানি অমূল্য সঞ্চয়ন।

শেষাংশ 'ভক্তিপ্রসঙ্গে—নৃতন সঞ্চয়ন। বিভিন্ন স্থানে বিভিন্ন সময়ে ভক্তি সম্বন্ধে প্রদত্ত বক্তা ও কথোপকখন এখানে সংকলিত হইল। 'নারদভক্তি-স্বন্ধে'র নির্বাচিত অংশের অমুবাদ, এবং ভক্তিবিষয়ক গল্প-ছইটি স্বামীজীর বহুম্থী প্রতিভার এক অজ্ঞাত দিকের পরিচয় বহুন করে।

এই গ্রন্থাবলী প্রকাশে যে-সকল শিল্পী ও সাহিত্যিক আমাদের নানাভাবে সাহায্য করিয়াছেন, তাঁহাদের সকলকে আমরা আন্তরিক ক্লভজ্ঞতা জানাইতেছি। শিল্পাচার্য নন্দলাল বহুর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য, বর্তমান গ্রন্থাবলীর প্রচ্ছদপ্ট তাঁহারই পরিকল্পনা।

কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবঙ্গ সরকার 'স্বামীজীর বাণী ও রচনা' প্রকাশে আংশিক অর্থসাহায্য করিয়া আমাদের প্রাথমিক প্রেরণা দিয়াছেন। সেজ্ফ তাঁহাদিগকে আমরা ধন্যবাদ জানাইতেছি।

প্রকাশক

সূচাপত্র

বিষয়	পত্ৰান্ধ
ভক্তিযোগ	(>«•)
ভক্তির ল কণ	9
ঈশ্বরের স্বরূপ	১৩
প্রত্যক্ষামুভূতিই ধর্ম	₹•
গুরুর প্রয়োজনীয়তা	२७
গুরু ও শিয়ের লক্ষণ	২৬
অবতার	৩২
মস্ত্র	৬৬
প্রতীক ও প্রতিমা-উপাদনা	৩ ৯
ইষ্টনিষ্ঠা	8 ર
ভক্তির সাধন	8@
পরাভক্তি	(0) -66
ভক্তির প্রস্তুতি—ত্যাগ	৫৩
ভক্তের বৈরাগ্য প্রেমপ্রস্থত	৫৬
ভক্তিযোগের স্বাভাবিকতা ও উহার রহস্ত	৬৽
ভক্তির প্রকাশভেদ	৬৩
বিশ্বপ্রেম ও আত্মসমর্পণ	৬৫
পরাবিছা ও পরাভক্তি এক	90
প্রেম ত্রিকোণাত্মক	93
প্রেমের ভগবানের প্রমাণ তিনিই	৭৬
মানবীয় ভাষায় ভগবং-প্রেমের বর্ণনা	96
উপসংহার	₽@
ভক্তিরহস্ত	(৮ ৭—১ ৮
ভক্তির সাধন	, >>

ভক্তির প্রথম সোপান—ভীত্র ব্যাকুলতা

५०२

{ 9 ∕ •	
ভক্তির আচার্য—সিদ্ধগুরু ও অবতারগণ	224
প্রতীকের ও বৈধীভক্তির প্রয়োঙ্গনীয়তা	১ ৩•
প্রতীকের কয়েকটি দৃষ্টাস্ত	>8•
रे हे	5 @ 8
গৌণী ও পরাভক্তি	১৬৬
দেববাণী	(>>@—७२৮)
পটভূমিকা	>>>
দেববাণী	وور
ভক্তিপ্রসঙ্গে	(७ २ ৯—8२৫)
নারদ-ভক্তিস্থত্র	७७১
ভক্তিযোগ-প্রসঙ্গে	৩৩৬
ভক্তিযোগের উপদেশ	98 •
বাহ্পূজা	৩৫১
উপাসক ও উপাস্থ	৬৬২
দিব্য প্রেম	७१७
প্রেমের ধর্ম	७८७
বি ৰমক ল	9 66
বাল-গোপালের কাহিনী	৬৯২
শিষ্মের সাধনা	8•5
গুরুর যোগ্যতা সম্পর্কে প্রশ্নের উত্তর	8 ५৮
মন্ত্ৰ ও মন্ত্ৰহৈতন্ত	8,72
ঈশ্বর সম্পর্কে ধারণা	875
ঈশ্বর: ব্যক্ত ও অব্যক্ত	8 ₹∘
ভগবৎ-প্রেম	822
মাতৃভাবে উপাসনা	8 2 8
তথ্যপঞ্জী	8 <i>></i> ७
নিৰ্দেশিকা	845

ভক্তিযোগ

(ইংরেজী) দ্বিতীয় সংস্করণের ভূমিকা হইতে

বর্তমান গ্রন্থের পাঠক হয়তো অবগত আছেন যে, মহাপ্রাণ স্বামী বিবেকানন্দের নামে যে-সকল গ্রন্থ আছে, ঐগুলির প্রায় সবই তাঁহার স্বল্প-পরিসর কর্মময় জীবনে ভারতে ও ভারতের বাহিরে প্রদত্ত বক্তৃতাবলীর সাক্ষেতিক নোট হইতে সংকলিত হইয়াছে। পূর্বে লিখিত নোট অবলম্বন করিয়া স্বামীজী কথনও বকৃতা দিতেন না, বকৃতামঞ্চে দাঁড়াইয়া ধাহা মনে উঠিত, ভাহাই বলিয়া যাইতেন। স্বামীজী যথন লণ্ডনে প্রথম বক্তৃতামালা আরম্ভ করেন, তখন বর্তমান সম্পাদক তাঁহার সঙ্গে থাকিবার সৌভাগ্য লাভ করিয়াছিলেন; প্রতিভাসম্পন্ন স্বামীজীর দার্শনিক বক্তৃতাগুলির নোট গ্রহণ করিবার উপযুক্ত দাংকেতিক-লিপিকার পাওয়া প্রথমতঃ তৃষ্ণর ছিল—ইহা সকলেই বুঝিতে পারেন। এজন্তই স্বামীজীর মার্কিন বন্ধুগণ একসময়ে তাঁহার মূল্যবান্ বকৃতাগুলির সংরক্ষণ-বিষয়ে হতাশ হইয়াছিলেন। কিন্তু ভগবানের ইচ্ছা ছিল যে, বকৃতাগুলি মানব-কল্যাণের জন্ম লিপিবদ্ধ হউক, এই নি:মার্থ জীবনের কর্মপ্রচেষ্টাসমূহ চিরস্থায়ী হুইয়া মানবজাতিকে শান্তিদান করুক— দেজ্যুই যেন অবশেষে ইংলণ্ডের বাথ-নিবাদী পরলোকগত মি: জে. জে গুড ট্রইনের মতো একজন কৃতী সাঙ্কেতিক-লিপিবিদ্কে পাওয়া গিয়াছিল। মি: গুডউইন পরে স্বামীকীর অস্তম অসুরাগী শিয়ে পরিণত হন, এবং স্বামীজী ষেথানে ষাইতেন, তিনিও সঙ্গে যাইতেন। স্বামীজীর অসংখ্য বন্ধু, অমুরাগী ছাত্র ও শিশ্বদের মধ্যে অনেকেই এথনও জানেন না, এই নির্লস্ কর্মীর অমূল্য দেবার নিকট তাঁহারা কত গভীরভাবে ঋণী। স্বামীজীর মানবলীলা-সংবরণের প্রায় তিন বৎসর পূর্বে মি: গুডউইন ভারতে মহীশূরের অন্তর্গত উতকামণ্ডে **আন্ত্রিক জবে অকালে দেহত্যাগ করেন। গুড**উই**ন এ গুড** কার্যে অগ্রণী না হইলে স্বামীকীর ইংরেজীতে প্রদত্ত বক্তৃতাবলী কথনও প্রকাশিত হইতে পারিত না; এবং মানবসমাজও এই অমূল্য সম্পদ হইতে বঞ্চিত হইত।

সম্পাদকের ধারণা ছিল বে, সাধারণতঃ স্বামীজীর গ্রন্থাদি ষেভাবে একাশিত, বর্তমান গ্রন্থে সেই নিয়মের স্বাতিক্রম ঘটিয়াছে। ১৮৯৪-১৫ খৃঃ

স্বামীজী যথন প্রথমবার আমেরিকায় ছিলেন, তথন ধারাবাহিক প্রবন্ধাকারে এই গ্রন্থ মান্ত্রাজ হইতে প্রকাশিত বেদাস্থ-মাসিক 'ব্রন্ধবাদিন্' পত্রিকায় প্রথম বাহির হয়, এজন্স তাঁহার ধারণা হইয়াছিল, এই গ্রন্থ স্বামীজী ঐ পত্রিকার জন্য স্বয়ং লিখিয়াছেন, কিন্তু আরও পুঙ্খাতুপুঙ্খ অতুসন্ধানের ফলে জানা গেল বে, প্রথম বে-কয়েকটি অধ্যায়ে স্বামীজী শঙ্কর, রামাত্রজ ও অন্যান্ত প্রাচীন আচার্ণদের ভাষ্যসমূহ হইতে দীর্ঘ উদ্ধৃতিগুলি সমিবিষ্ট করিয়াছেন, সেই অধ্যায়গুলি ছাড়া সমগ্র গ্রন্থখনি একালে নিউ ইয়র্কে শিক্ষার্থীদের নিকট প্রদত্ত 'ভক্তি' সম্বন্ধে ভাষণগুলি অবলম্বন করিয়া সংকলিত হইয়াছে। সাংকেতিকলিপিতে গৃহীত নোটগুলি পরলোকগত মি: গুডউইনের মতে} একজন স্থদক ব্যক্তিদারা ভাষায় রূপায়িত হওয়া সত্ত্বে কিছু কিছু বাদ গিয়াছে, কিছু ভূল-ক্ৰটি হইয়াছে এবং কোন কোন বাক্য স্থানচ্যুত হইয়াছে। এখানে দেখানে তাড়াভাড়ি একটু চোথ বুলানো ছাড়া স্বামীজী নিজে কখনও সাংকেতিক-লিপিতে গৃহীত নোটগুলির দিকে বেশী মনোযোগ দিতেন না এবং সর্বদাই বিশেষ ভুল-ক্রটিগুলি সংশোধন করিয়া এবং কোন সময় ভতটুকু না করিয়াও মুদ্রণের জন্ম পাঠাইয়া দিতেন, এ-সব কারণে বিশেষতঃ যথন স্বামীজী আজ আমাদের মধ্যে নাই, তখন তাঁহার বকৃতাবলী পুন:পরীকা করিবার আয়াসসাধ্য গুরুদায়িত্ব সম্পাদকের উপর আসিয়া পড়িয়াছে।

স্থতরাং গ্রন্থের অনেক স্থানে অর্থ স্পষ্ট করিবার জন্ম সম্পাদক ভাষা ও যতি-চিহ্নাদির ক্রটিগুলি পরিবর্তন এবং নিজের কয়েকটি শব্দ সংযোজনের কার্যে বাস্তবিক অত্যস্ত সংশয়াকুল চিত্তে অগ্রসর হইয়াছেন।

উপসংহারে সম্পাদক জানাইতেছেন, স্বামীজীর বক্তব্যের অর্থ যথাসম্ভব স্পষ্ট করিবার উদ্দেশ্যেই অমুপ্রাণিত হইয়া তিনি সম্পাদনার কাজ করিয়াছেন, পাঠকের নিকট গ্রন্থানি অধিকতর উপধোগী করিতে যত্তের ক্রটি করেন নাই এবং আশা করেন, ইহাতে সফলকাম হইয়াছেন।

> সম্পাদক (সারদানন্দ)

মঠ, বেলুড়, হাওড়া ১৫ই মার্চ, ১৯০ন স তন্ময়ো হ্যমৃত ঈশসংস্থো

জ্ঞঃ সর্বগো ভুবনস্থাস্থ গোপ্তা।

য ঈশেহস্ত জগতো নিত্যমেব

নান্তে। হেতুর্বিভাতে ঈশনায়॥

যো ব্ৰহ্মাণং বিদধাতি পূৰ্বং

যো বৈ বেদাংশ্চ প্রহিণোতি তব্মৈ।

তং হ দেবমাত্মবৃদ্ধিপ্রকাশং

মুমুক্ষুর্বি শরণমহং প্রপত্যে॥

—শ্বেভাশতর উপ., ৬৷১৭-১৮

তিনি জগন্ময়, অমর, নিয়স্ত্রপে অবস্থিত, জ্ঞাতা, সর্বব্যাপী, এই জগতের পালয়িতা। তিনি অনস্তকাল জগৎ শাসন করিতেছেন। এই জগৎ-শাসনের অন্ত হেতু কেহ নাই।

যিনি আদিতে ব্রহ্মাকে সৃষ্টি করিয়াছিলেন এবং পরে তাঁহাকে বেদ প্রদান করিয়াছিলেন, মোক্ষলাভের ইচ্ছায় আমি আত্মবিষয়ক বৃদ্ধির প্রকাশক দেই দেবেরই শরণ লইতেছি।



ভক্তির লক্ষণ

অকপটভাবে ঈশ্বাহসদানই ভক্তিযোগ; প্রীতি ইহার আদি, মধ্য ও অস্ত । মূহুর্তহারী ভগবং-প্রেমোয়ত্ততা হইতেও শাশতী মূক্তি আসিরা থাকে। নারদ তদীয় 'ভক্তিস্ত্রে' বলিয়াছেন, 'ভগবানে পরম প্রেমই ভক্তি।' 'ইহা লাভ করিলে জীব সর্বভূতে প্রেমবান্ ও ঘণাশৃক্ত হয় এবং অনস্তকালের জন্ত তৃপ্তি লাভ করে।' 'এই প্রেমের ঘারা কোন কাম্য বস্তু লাভ হইতে পারে না, কারণ বিষয়বাসনা থাকিতে এই প্রেমের উদয়ই হয় না।' 'কর্ম, জ্ঞান এবং যোগ হইতেও ভক্তি অধিকতরা, কারণ সাধ্যবিশেষই উহাদের লক্ষ্য, কিছ্ক ভক্তি স্বয়ংই সাধ্য ও সাধনস্বরূপা।''

আমাদের দেশের সকল মহাপুরুষই ভক্তিতত্ত্বের আলোচনা করিয়াছেন।
শাণ্ডিল্য, নারদাদি ভক্তিতত্ত্বের বিশেষ ব্যাণ্যাতাগণকে ছাড়িয়া দিলেও
স্পষ্টতঃ জ্ঞানমার্গ-সমর্থনকারী ব্যাদস্ত্ত্বের মহান্ ভাষ্যকারও ভক্তিসম্বন্ধে
অনেক ইন্দিত করিয়াছেন। সমৃদ্য় না হউক, অধিকাংশ স্ত্ত্রই শুষ্ক জ্ঞানস্চক অর্থে ব্যাণ্যা করিবার আগ্রহ ভাষ্যকারের থাকিলেও স্ত্রপ্তালির,
বিশেষতঃ উপাসনা-বিষয়ক স্ত্রপ্তালির অর্থ নিরপেক্ষভাবে অনুসন্ধান করিলে
সহজে তাহাদের ঐক্বপ ব্যাণ্যা চলিতে পারে না।

সাধারণতঃ লোকে জ্ঞান ও ভক্তির মধ্যে ষতটা পার্থক্য আছে মনে করে, বাস্তবিক তাহা নাই। ক্রমশঃ বৃঝিব, জ্ঞান ও ভক্তি শেষে একই লক্ষ্যে মিলিত হয়। তুর্ভাগ্যবশতঃ জুয়াচোর ও গুপুবিছার নামে ছলনাকারীদের হাতে পড়িয়া রাজ্যোগ প্রায়ই অসাবধান ব্যক্তিদের চক্ষে ধূলিনিক্ষেপের উদ্দেশে ব্যবহৃত হয়। এরপ না হইয়া মৃক্তিলাভের উদ্দেশে অমুর্গিত হইলে রাজ্যোগও সেই একই লক্ষ্যে পৌছাইয়া দেয়।

ভক্তিযোগে এক বিশেষ স্থবিধা—উহা আমাদের চরম লক্ষ্য ঈশবে পৌছিবার সর্বাপেক্ষা সহজ ও স্বাভাবিক পদা। কিন্তু উহাতে বিশেষ বিপদা-

১ ও সা কল্মৈ পরমপ্রেমরূপা। —নারদ-সূত্র, ১ম অমুরাক, ২য় সূত্র

र्छ मा न कामग्रमाना नित्राधक्रभणार । — अ, २।१

ওঁ সা তু কর্মজানযোগেভ্যোহপ্যধিকতরা। ---এ, ৪।২৫

ওঁ বন্ধং কলরপতেতি ব্রহ্মকুমারাঃ। —এ, ৪।৩০

শকা এই যে, নিমন্তবের ভক্তি অনেক সময়ে ভয়ানক গোঁড়ামির আকার ধারণ করে। হিন্দু, মুসলমান ও খ্রীষ্টধর্মান্তর্গত গোড়ার দল—এই নিম্নন্তরের ভক্তিসাধকগণের মধ্যেই সর্বদা বিশেষভাবে দেখিতে পাওয়া যায়। বে ইট-নিষ্ঠা ব্যতীত প্রকৃত প্রেম জ্বেম না, সেই ইষ্টনিষ্ঠাই আবার অনেক সময় অন্ত সকল মতের উপর তীত্র আক্রমণ ও দোষারোপের কারণ। সকল ধর্মের ও সকল দেশের তুর্বল অপরিণভমন্তিক ব্যক্তিগণ একটিমাত্র উপায়েই তাহাদের নিজ আদর্শ ভালবাসিতে পারে। সেই উপায়টি—অপর সমৃদয় আদর্শকে ঘুণা করা। নিজ ঈশবাদর্শে, নিজ ধর্মাদর্শে একাস্ত অমুরক্ত ব্যক্তিগণ অন্ত কোন আদর্শের বিষয় শুনিলে বা দেখিলে কেন গোঁডার মতো চীৎকার করিতে পাকে, তাহার কারণ ইহা হইতেই বুঝা যায়। এরপ ভালবাসা যেন প্রভুর সম্পত্তিতে অপরের হন্তক্ষেপ-নিবারণের জ্বন্য কুকুরস্থলভ সহজ প্রবৃত্তির মতে।। তবে প্রভেদ এই—কুকুরের এই সহজ প্রবৃত্তি মানবযুক্তি হইতে উচ্চ; প্রভূ যে বেশ ধরিয়াই আহ্নন না কেন, কুকুর তাঁহাকে কথনও শত্রু বলিয়া ভূল করে না। গৌড়া কিন্তু সমৃদয় বিচারশক্তি হারাইয়া ফেলে। ব্যক্তিগত বিষয়ে ভাহার দৃষ্টি এত অধিক যে, কোন্ ব্যক্তি কি বলিতেছে, তাহা সত্য কি মিথ্যা, তাহা শুনিবার বা বুঝিবার কোন প্রয়োজন সে বোধ করে না; কিছ কে উহা বলিভেছে, দেই বিষয়েই তাহার বিশেষ দৃষ্টি। যে লোক স্বমতাবলম্বী ব্যক্তিগণের উপর দয়াশীল, তাায়পরায়ণ ও প্রেমযুক্ত, দেই নিজ সম্প্রদায়ের বহিন্তু ত ব্যক্তিদের অনিষ্ট করিতে ইতন্ততঃ করে না।

তবে এ আশহা কেবল ভক্তির নিমন্তরেই আছে—এই অবস্থার নাম 'গোণী'। উহা পরিপক হইরা পরাভক্তিতে পরিণত হইলে আর এরপ ভয়ানক গোড়ামি আসিবার আশহা থাকে না। এই পরাভক্তির প্রভাবে সাধক প্রেমস্বর্ধ্বপ ভগবানের এত নিকটতা লাভ করেন যে, তিনি আর অপরের প্রতি ম্বণার ভাব বিস্তার করিবার যন্ত্রস্বরূপ হইতে পারেন না।

এই জীবনেই যে আমরা সকলে সামগ্রশ্রের সহিত চরিত্র গড়িয়া তুলিতে পারিব, তাহা সম্ভব নয়; তবে আমরা জানি—(বে-চরিত্রে জ্ঞান, ভক্তি ও যোগ সমন্বিত হইয়াছে, সেই চরিত্রই স্বাপেক্ষা মহৎ। উড়িবার জন্ত পাথির তিনটি জিনিসের আবশ্রক— তুইটি পক্ষ ও চালাইবার হালস্বরূপ একটি পুছে। জ্ঞান ও ভক্তি তুইটি পক্ষ, সামগ্রশ্র রাথিবার জন্ত যোগ উহার পুছে)

যাহারা এই তিনপ্রকার সাধন-প্রণালী একদক্ষে সামগ্রপ্রের সহিত অমুষ্ঠান করিতে না পারিয়া ভক্তিকেই একমাত্র পথ বলিয়া গ্রহণ করেন, তাঁহাদের পক্ষে এটি সর্বদা স্মরণ রাখা আবশুক যে, বাহ্ অমুষ্ঠান ও ক্রিয়াকলাপ প্রথম অবস্থায় সাধকের পক্ষে অত্যাবশুক হইলেও ভগবানের প্রতি প্রগাঢ় প্রেমের অবস্থায় আগাইয়া দেওয়া ব্যতাত এগুলির আর কোন উপযোগিতা নাই।

জ্ঞানমার্গ ও ভক্তিমার্গের আচার্যগণের মধ্যে সামান্ত একটু মতভেদ আছে,—যদিও উভয়েই ভক্তির প্রভাবে বিশ্বাসী। জ্ঞানীরা ভক্তিকে মৃক্তির উপায়মাত্র বলিয়া বিশ্বাস করেন, কিন্তু ভক্তেরা উহাকে উপায় ও উদ্দেশ্ত— একাধারে ত্ই-ই মনে করিয়া থাকেন। আমার বোধ হয়, এ প্রভেদ নামমাত্র। প্রকৃতপক্ষে ভক্তিকে সাধন-স্বরূপ ধরিলে নিম্নত্তরের উপাসনামাত্র ব্যায়, আর একটু অগ্রসর হইলে এই নিম্নত্তরের উপাসনাই উচ্চত্তরের ভক্তির সহিত অভিন্নভাব ধারণ করে। প্রত্যেকেই যেন নিজ নিজ সাধন-প্রণালীর উপর ঝোঁক দিয়া থাকেন। তাঁহারা ভূলিয়া যান—প্রকৃত জ্ঞান অ্যাচিত হইলেও পূর্ণ ভক্তির সহিত আসিবেই আসিবে, আর পূর্ণ জ্ঞানের সহিত প্রকৃত ভক্তিও অভিন্ন।

এইটি মনে রাথিয়া বৃঝিবার চেষ্টা করা যাক—এ বিষয়ে বেদান্তের মহান্ ভাষ্যকারেরা কি বলেন। 'আরুত্তিরসক্ত্পদেশাং'—এই স্ত্র ব্যাথ্যা করিতে গিয়া ভগবান্ শহর বলেন, 'লোকে এইরপ বলিয়া থাকে—অমৃক গুরুর ভক্ত, অমৃক রাজার ভক্ত। যে গুরুর বা রাজার নির্দেশাহ্বর্তী হয় এবং সেই নির্দেশাহ্বর্তনকেই একমাত্র লক্ষ্য রাথিয়া কার্য করে, ভাহাকেই ভক্ত বলিয়া থাকে। লোকে আরও এইরপ বলিয়া থাকে—পতিপ্রাণা স্ত্রী বিদেশগত পতির ধ্যান করিতেছে। এথানেও একরপ সাগ্রহ অবিচ্ছিন্ন স্থৃতিই লক্ষিত হইয়াছে।' শহরের মতে ইহাই ভক্তি।

আবার ভগবান্ রামাত্তক 'অথাতো ব্রহ্মজিজাসা' স্ত্রের ব্যাখ্যায় বলিয়াছেন:

১ তথা হি লোকে গুরুম্পান্তে ইতি চ বন্তাংপর্বেণ গুর্বাদীনমূবর্ততে স এবম্চাতে। তথা খ্যায়তি প্রোধিতনাথা পতিমিতি বা নিরম্ভরক্মরণা পতিং প্রতি সোংকণ্ঠাসৈবমভিধীয়তে।

'এক পাত্র হইতে অপর পাত্রে নিক্ষিপ্ত অবিচ্ছিন্ন তৈলধারার স্থায় প্রবাহিত ধ্যেয় বস্তুর নিরন্তর স্মরণের নাম ধ্যান। যথন ভগবৎ সম্বন্ধে এইরূপ অবিচ্ছিন্ন স্বাতির অবস্থা লক হয়, তখন সকল বন্ধন নাশ হয়।' এইরপে শাস্তা এই নিরস্তর স্মরণকে মুক্তির কারণ বলিয়াছেন। এইরূপ স্মরণ আবার দর্শন করারই সামিল। কারণ 'মেই পর ও অবর (দূর ও সন্নিহিত) পুরুষকে দর্শন করিলে হৃদয়গ্রন্থি নাশ হয়, সমৃদয় সংশয় ছিল্ল হইয়া যায় এবং কর্মক্ষ হইয়া যায়। —এই শাস্ত্রোক্ত বাক্যে 'শ্বরণ' দর্শনের সহিত সমার্থকরূপে ব্যবস্তৃত হইয়াছে। ষিনি সন্নিহিত, তাঁহাকে দর্শন করা যাইতে পারে; কিন্তু যিনি দূরবর্তী, তাঁহাকে কেবল স্মরণ করা যাইতে পারে; তথাপি শাস্ত্র আমাদিগকে সন্নিহিত ও দূরস্থ উভয়কেই দর্শন করিতে বলিতেছেন, স্থতরাং এরূপ শ্বরণ ও দর্শন এক পর্যায়ের কার্ফ বলিয়া স্থাচিত হইল। এই শ্বৃতি প্রগাঢ় হইলে দর্শনের তুল্য হইয়া পড়ে। ··· আর উপাদনা-অর্থে দর্বদা স্মরণ, ইহা শান্তের প্রধান প্রধান শ্লোক হইতে দৃষ্ট হয়। জ্ঞান—যাহা নিরস্তর উপাসনার সহিত অভেদ, তাহাও নিরস্তর স্মরণ-অর্থে ব্যাধ্যাত হইয়াছে।…স্কতরাং স্মৃতি যথন প্রত্যক্ষামুভূতির আকার ধারণ করে, তাহাই শাস্ত্রে মুক্তির উপায় বলিয়া কথিত হইয়াছে। 'নানাবিধ বিভা দারা, বৃদ্ধির দারা, কিংবা বহু বেদাধ্যয়নের দারা আত্মা লভ্য নন। যাঁহাকে এই আত্মা বরণ করেন, তিনিই সেই আত্মাকে লাভ করেন। তাঁহার নিকটে আত্মা আপন স্বরূপ প্রকাশ করেন।' এস্থলে প্রথমে শ্রবণ, মনন ও নিদিধ্যাসন দারা আত্মা লব্ধ হন না বলিয়া পরে বলিতেছেন, 'আত্মা যাঁহাকে বরণ করেন, তাঁহার দারাই আত্মা লব্ধ হন'; অত্যন্ত প্রিয়কেই 'বরণ' করা সম্ভব। ষিনি আত্মাকে অতিশয় ভালবাসেন, আত্মা—তাঁহাকেই অতিশয় ভালবাদেন, এই প্রিয় ব্যক্তি যাহাতে আত্মাকে লাভ করিতে পারেন, তথিষয়ে ভগবান্ স্বয়ং তাঁহাকে সাহায্য করেন। কারণ ভগবান্ স্বয়ং বলিয়াছেন, 'যাহারা নিরস্তর আমাতে আসক্ত এবং প্রেমের সহিত আমাকে উপাসনা করে, আমি তাহাদিগের বুদ্ধি এমনভাবে চালিত করি, যাহাতে তাহারা আমাকে লাভ করে।'' অতএব কথিত

> খানং তৈলধারাবদবিচ্ছিন্নস্মতিসংতানরূপা ধ্রুবা স্মৃতিঃ। 'স্মৃত্যুপলম্ভে সর্বগ্রন্থীনাং বিপ্র-মোক্ষঃ' ইতি ধ্রুবারাঃ স্মৃতেরপবর্গোপায়ত্বশ্রবণাৎ। সা চ স্মৃতির্দর্শনসমানাকারা; 'ভিন্নতে হৃদয়-প্রান্থিস্মিন্তে সর্বসংশয়াঃ। ক্ষীরন্তে চাস্ত কর্মাণি তন্মিন্ দৃষ্টে পরাবরে' ইত্যনেনৈকার্থাৎ এবং চ সতি

হইয়াছে যে, প্রত্যক্ষ অমূভবাত্মক এই শ্বৃতি যাহার অতি প্রিয় (উহা ঐ শ্বৃতির বিষয়ীভূত পুরুষের অতি প্রিয় বলিয়া) তাঁহাকেই সেই প্রমাত্মা বরণ করেন, তাঁহার দারাই সেই পরমাত্মা লব্ধ হন। এই নিরম্ভর শারণ 'ভক্তি' শব্দের দারা লক্ষিত হইয়াছে।

পতঞ্জলির 'ঈশ্বরপ্রণিধানাদা' স্ত্রটির ব্যাখ্যায় ভোজ বলেন — 'প্রণিধান অর্থে সেইরপ ভক্তি, যাহাতে সমৃদ্য় ফলাকাজ্জা (যেমন ইন্দ্রিয়ের ভোগাদি) ত্যক্ত হইয়া সমৃদ্য় কর্ম সেই পরম গুরুর উপর সমর্শিত হয়।'' আবার ভগবান্ ব্যাস উহার ব্যাখ্যায় বলেন, 'প্রণিধান অর্থে ভক্তিবিশেষ, যদ্ধারা যোগীর নিকট সেই পরম পুরুষের রূপার আবির্ভাব হয় এবং তাঁহার বাসনাসকল পূর্ণ হয়।' শাগুল্যের মতে 'ঈশ্বরে পরমান্তরক্তিই ভক্তি।'' ভক্তরাজ প্রহলাদ কিন্তু ভক্তির যে সংজ্ঞা দিয়াছেন, তাহাই স্বাপেক্ষা শ্রেষ্ঠ। 'অজ্ঞলোকের ইন্দ্রিয়-বিষয়ে যেরূপ তীত্র আগ্রহ দেখিতে পাওয়া যায়, তোমাকে শ্বরণ করিবার সময় তামার প্রতি সেইরূপ তীত্র আগ্রন্থত যেন

'আত্মা বারে জ্রপ্টবা' ইতানেন নিদিধ্যাসনস্থ দর্শনরূপতা বিধীয়তে। ভবতি চ শ্মতের্ভাবনপ্রকর্ষাদর্শন-ক্সপতা। বাক্যকারেণৈতৎ সর্বং প্রপঞ্চিতম্। 'বেদনমূপাসনম্ স্থাৎ তদ্বিষয়ে শ্রবণাদিতি।' দৰ্বাত্বপনিষংস্থ মোক্ষদাধনতয়া বিহিতং 'বেদনম্পাদনন্' ইত্যুক্তং 'সকৃৎপ্ৰতায়ং কুৰ্বাচ্ছন্দাৰ্যস্ত কৃতত্বাৎ প্রযাজাদিবৎ' ইতি পূর্বপক্ষং কৃত্বা 'দিদ্ধং তূপাসনশব্দাৎ' ইতি বৈদনমসকৃদাবৃত্তং মোক-সাধনমিতি নির্ণীতম্। 'উপাসনং স্থাদ্ ধ্রুবামুশ্বতির্দর্শনীরির্বচনাচ্চেতি' তস্তৈব বেদনস্তোপাসন**রূপস্তা**-সকুদাবৃত্তস্ত ধ্রুবানুশুভিত্বমূপবর্ণিতম্। সেয়ং শ্বৃতিদর্শনরূপা প্রতিপাদিতা, দর্শনরূপা চ প্রতাক্ষতা-পত্তি:। এবং প্রত্যক্ষতাপন্নামপবর্গসাধনভূতাং স্মৃতিং বিশিনষ্টি—'নায়মান্ত্রা প্রবচনেন লভ্যো ন মেধরা ন বছনা শ্রুতেন যমেবৈষ বৃণ্তে তেন লভাস্তস্তৈষ আত্মা বিবৃণ্তে তমুং স্বাম্' ইতি অনেন কেবলশ্রবণমনননিদিধ্যাসনানামাত্মপ্রাপ্তামুপায়তামুক্ত্ম। 'বমে বৈষ বুণুতে তেনৈব লভাঃ' ইত্যুক্তম্। প্রিয়তম এব হি বরণীয়ো ভবতি, যস্তারং নিরতিশয়প্রিয়ঃ স এবাস্ত প্রিয়তমো ভবতি। ষণারং প্রিয়তম আস্মানং প্রাপ্নোতি, তথা স্বয়মেব ভগবান্ প্রযতন্ত ইতি ভগবতৈবোক্তং—'তেবাং সতত-युक्तानाः ভজতাং প্রীতিপূর্বকং। দদামি বৃদ্ধিষোগং তং যেন মাম্পধান্তি তে' ইতি 'প্রিয়ো हि জ্ঞানিনোহতার্থমহং স চ মম প্রিয়ঃ' ইতি চ। অতঃ সাক্ষাৎকারক্রপা স্মৃতিঃ স্মর্থমাণাতার্থপ্রিয়ত্বেন স্বয়মপাত্যর্থপ্রিয়া যক্ত স এব পরমান্ধনা বরণীয়ো ভবতীতি তেনৈব লভ্যতে পরমান্ধেত্যক্তং ভবতি, এবংরপা ধ্রুবামুম্মভিরেব ভক্তিশব্দেনাভিধীয়তে। ---রামামুজভার, বক্ষস্ত্র, ১৷১৷১

প্রণিধানং তত্ত্র ভক্তিবিলেবো বিশিষ্টমুপাসনং সর্বক্রিরাণামপি তত্ত্রার্পণং। বিষয়স্থাদিকং
ক্লমনিচ্ছন্ সর্বাঃ ক্রিয়ান্তন্মিন পরমগুরাবর্পরতি।
—ভোজবৃত্তি, পাতপ্রল বোগস্ত্র, ১।২৩

২ 'প্রণিধানান্তক্তিবিশেষাদাবর্জিত ঈশরস্তমমুগৃহাত্যভিধ্যানমাঞেণ' ইত্যাদি।

[—]বাাসভান্য, ১৷ঐ, ঐ

৩ 'সা পরাত্মরক্তিরীখনে' —শাণ্ডিল্যস্ত্র, ১৷২

আমার ব্রুদয় হইতে অপসারিত না হয়।'' আসজি—কাহার জন্ম ? পরম প্রভু ঈশবের জন্ম। আর কাহাকেও ভালবাসা—তা তিনি বত বড়ই হউন না কেন, তাঁহাকে ভালবাসা কথনই 'ভক্তি' হইতে পারে না। ইহার প্রমাণস্বরূপ রামান্ত্রজ্ঞ এতিয়ে এক প্রাচীন আচার্যের উক্তি উদ্ধৃত করিয়াছেন, —'একা হইতে ক্রু তুণ পর্যন্ত জগদন্তর্গত সকল প্রাণী কর্মহেতু জন্ম ও মৃত্যুর বশীভূত; তাহারা অবিহ্যার অন্তর্গত ও পরিবর্তনশীল বলিয়া সাধকের ধ্যানের সহায় নয়।' শান্তিল্যস্ত্রের 'অন্তর্রন্তি' শব্দ ব্যাখ্যা করিতে গিয়া ব্যাখ্যাকার স্বপ্নেশ্বর বলেন, 'উহার অর্থ : অন্ত—পশ্চাৎ, ও রক্তি—আসক্তি অর্থাৎ ভগবানের স্বরূপ ও মহিমাজ্ঞানের পর তাঁহার প্রতি যে আসক্তি আসে।' তাহা না হইলে যে-কোন ব্যক্তির প্রতি, যেমন স্ত্রীপুল্রাদির প্রতি অন্ধ আসক্তিও ভক্তি হইয়া যায়। অতএব আমরা স্পষ্ট দেখিতেছি, সাধারণ পৃক্ষাপাঠাদি হইতে আরম্ভ করিয়া ঈশবে প্রগাঢ় অন্তর্গা পর্যন্ত আধ্যাত্মিক অন্তর্ভির জন্ম চেট্টাপরস্পরার নাম ভক্তি।

—স্বপ্লেমরটীকা, শান্তিল্যস্ত্র ১।২

যা প্রীতিরবিবেকানাং বিষয়েশ্বনপায়িনী।
 ভামসুত্ররতঃ সামে ফলয়ায়াপদর্পতু।
 —বিঞ্পুরাণ, ১া২ • 1১৯

আব্রদ্ধন্থপর্বস্তা জগদন্তর্গ্রন্থিতা:।
 প্রাণিন: কর্মজনিতসংসারবশবর্তিন:।
 যতন্ততো ন তে ধ্যানে ধ্যানিনাম্পকারকা:।
 অবিভান্তর্গতা: সর্বে তে হি সংসারগোচরা:।
 ভগবন্মহিমাদিজ্ঞানাদম্—পশ্চাজ্জায়মানত্বাদমুরক্তিরিত্যুক্তম্।

ঈশ্বরের স্বরূপ

ঈশর কে ? 'হাঁহা দ্বারা জন্ম, স্থিতি ও লয় হইতেছে'' তিনি ঈশর— 'অনস্ক, শুদ্ধ, নিত্যমূক্ত, সর্বশক্তিমান্, সর্বজ্ঞ, পরমকারুণিক, গুরুর গুরু।'' আর সকলের উপর 'তিনি অনির্বচনীয় প্রেমস্বরূপ।''

এগুলি অবশ্য সগুণ ঈশ্বের সংজ্ঞা। তবে কি ঈশ্বর ত্ইটি? 'নেতি নেতি' করিয়া জ্ঞানী যে সচিদানন্দে উপনীত হন, তিনি একটি এবং ভজের প্রেমময় ভগবান্ আর একটি? না, সেই একই সচিদানন্দ—প্রেমময় ভগবান, একাধারে তিনি সগুণ ও নিগুণ। সর্বদাই ব্ঝিতে হইবে, ভজের উপাশ্য সগুণ ঈশ্বর, ব্রহ্ম হইতে স্বতম্ব বা পৃথক নন। সবই সেই 'একমেবাদিতীয়ন্ ব্রহ্ম'। তবে নিগুণ পরব্রহ্মের এই নিগুণ স্বরূপ অতি স্ক্ম বলিয়া প্রেম বা উপাসনার পাত্র হইতে পারেন না। এইজন্য ভক্ত ব্রহ্মের সগুণ ভাব অর্থাৎ পরমনিয়ন্তা ঈশ্বরকেই উপাশ্যরূপে নির্বাচন করেন। একটি উপমার দারা বুঝা যাক:

বৃষ্ণ থেন মৃত্তিকা বা উপাদান—তাহা হইতে অনেক বস্তু নির্মিত হইয়াছে। মৃত্তিকারূপে ঐগুলি এক বটে, কিন্তু রূপ বা প্রকাশ উহাদিগকে পৃথক করিয়াছে। উৎপত্তির পূর্বে তাহারা ঐ মৃত্তিকাতেই অব্যক্তভাবে ছিল। উপাদান হিসাবে এক, কিন্তু যথন বিশেষ বিশেষ রূপ ধারণ করে, আর যতদিন সেই রূপ থাকে, ততদিন সেগুলি পৃথক্ পৃথক্। মাটির ইছর কথনও মাটির হাতি হইতে পারে না। কারণ আকার গ্রহণ করিলে বিশেষ আকৃতিই বস্তুর বিশেষত্বের জ্ঞাপক। বিশেষ কোন আকৃতিহীন মৃত্তিকা হিসাবে অবশ্য উহারা একই। ঈশ্বর সেই পূর্ণ সত্যস্তরূপের উচ্চতম অভিব্যক্তি অথবা মহুয়ামনের সর্বোচ্চ উপলব্ধি। সৃষ্টি অনাদি, ঈশ্বরও অনাদি।

বেদান্তস্ত্রের চতুর্থ অধ্যায়ের চতুর্থ পাদে মুক্তাত্মা যে প্রায়-অনম্ভ শক্তি ও জ্ঞানের অধিকারী হয়, তাহা বর্ণন করিয়া ব্যাস আর এক স্ত্রে

১ জনাত্রস্থ হত:। — একাপুতা, ১।১।২

২ পাতঞ্জল যোগসূত্র, ১৷২৫-২৬

७ म नेपरताश्निर्वकनीय्राध्यमचत्राभः। — भाषिनास्ख

বলিতেছেন, 'কিন্তু কেহই সৃষ্টি গ্রিভি প্রলয়ের শক্তিলাভ করিবে না, তাহা কেবল ঈশরের।'' এই স্ত্রব্যাখ্যার সময় দৈতবাদী ভাষ্মকারগণ পরভন্ত জীবের পক্ষে ঈশরের অনস্ত শক্তি ও পূর্ণ স্বতন্ত্রতা লাভ করা যে কোন কালে সম্ভব নয়, তাহা অনায়াসে দেখাইতে পারেন। পূর্ণ দৈতবাদী ভাষ্মকার মধ্বাচার্য বরাহপুরাণ হইতে একটি শ্লোক তুলিয়া তাঁহার প্রিয় সংক্ষিপ্ত উপায়ে এই স্ত্রেটির ব্যাখ্যা করিয়াছেন।

এই স্থত্র ব্যাখ্যা করিতে গিয়া বিশিষ্টাদ্বৈত ভাষ্যকার রামাহুজ বলেন:

সংশয় উপস্থিত হয় যে, মুক্তাত্মাদিগের শক্তির মধ্যে পরম পুরুষের অসাধারণ শক্তি অর্থাৎ জগতের সৃষ্টি স্থিতি লয়শক্তি ও সর্বনিয়স্ভূত্ব অন্তভূ্কি কিনা ? অথবা উহার অভাবে পরম পুরুষের সাক্ষাৎ দর্শনই কেবল তাঁহাদের ঐশ্বর্য কিনা? মুক্তাত্মা জগতের নিয়স্ত্ত্ব লাভ করেন, ইহা যুক্তিযুক্ত মনে করা বাক। কেন? কারণ শ্রুতি বলেন, 'মৃক্তাত্মা পরম একত্ব লাভ করেন' (মুগুক উপনিষদ, ৩।১।৩)। আরও উক্ত হইয়াছে, 'তাঁহার সমৃদয় বাসনা পূর্ণ হয়'। এখন কথা এই, পরম একত্ব ও সকল বাসনার পরিপ্রণ পরম পুরুষের অসাধারণ শক্তি—জগিন্নয়স্তৃত্ব ব্যতীত হইতে পারে না। অতএব সকল বাসনার পরিপ্রণ ও পরম একত্ব লাভ হয় বলিলেই মানিতে হইবে, মুক্তাঝা সমগ্র জগতের নিয়স্তৃত্বও লাভ করেন। ইহার উত্তরে আমর। বলি, মুক্তায়া কেবল জগরিয়স্ত ব্যতীত আর সমৃদয় শক্তিলাভ করেন। 'জগনিয়মন' অর্থে—জগতের সমৃদয় স্থাবর জঙ্গমের বিভিন্ন প্রকার রূপ, স্থিতি ও বাসনার নিয়স্তৃত্ব। মৃক্তাঝাদিগের কিন্তু এই জগন্নিয়মন-শক্তি নাই, ষাহা কিছু ঈশবের স্বরূপ আবৃত করে, তাঁহাদের দৃষ্টিপথ হইতে সে-সকল আবরণ চলিয়া গিয়াছে এবং তাঁহাদের প্রত্যক্ষ ব্রহ্মাহভূতি হয়—ইহাই তাঁহাদের একমাত্র ঐশর্ষ। ইহা কিরুপে জানিলে? নিখিল-জগরিয়স্ত ত্ব কেবল পরব্রহ্মেরই গুণ বলিয়া যে শান্ত্রে কথিত হইয়াছে, সেই শান্ত্রবাক্যবলেই ইহা জানিয়াছি। 'যাঁহা হইতে সমৃদয় বস্তু জন্মায়, যাঁহাতে অবস্থান করে এবং যাঁহাতে প্রশয়কালে প্রবেশ করে, তাঁহার সম্বন্ধে জানিবার ইচ্ছা কর, তিনি ব্ৰহ্ম।'—(তৈতি. উপ., ৩।১)। ধদি এই জগনিয়স্ত মুক্তাত্মাদেরও

> क्षत्रशाभातवर्कः थकत्रभागमिहिरुष्का ।—जन्नर्ज, ४।४।১१

সাধারণ গুণ হয়, তবে উদ্ধৃত শ্লোক ব্রন্ধের লক্ষণ হইতে পারে না, কারণ তাঁহার নিয়স্তৃত্ব-গুণের দারা তাঁহার লক্ষণ করা হইয়াছে। অসাধারণ গুণগুলিকেই বিশেষ লক্ষণ বলা হয়। অতএব নিম্নোদ্ধৃত শ্রুতিবাক্যসমূহে পরমপুরুষকেই জগন্নিয়মনের কর্তারূপে ব্যাখ্যা করা হইয়াছে, আর ঐ ঐ স্থলে মৃক্তাত্মার এমন বর্ণনা নাই, যাহাতে জগন্নিয়স্তৃত্ব তাঁহাদের উপর আরোপিত হইতে পারে। বেদবাক্যগুলি এই: 'বৎস, আদিতে একমেবা-দিতীয়ম ছিলেন। তিনি আলোচনা করিলেন, আমি বহু সৃষ্টি করিব। তিনি তেজ স্থজন করিলেন।' 'কেবল ব্রহ্মই আদিতে ছিলেন। তিনি পরিণত হইলেন। তিনি ক্ষত্র নামে এক স্থলর রূপ স্ঞ্জন করিলেন। বরুণ, সোম, রুদ্র, পর্জন্ত, ষম, মৃত্যু, ঈশান এই সকল দেবতাই ক্ষত্র।' 'আদিতে আত্মাই ছিলেন। ক্রিয়াশীল আর কিছুই ছিল না। তিনি আলোচনা করিলেন, আমি জগৎ সৃষ্টি করিব—পরে তিনি এই জগৎ স্থজন করিলেন।' 'একমাত্র নারায়ণই ছিলেন। ব্রহ্মা, ঈশান, ছাবা-পৃথিবী, তারা, জল, অগ্নি, সোম কিংবা সূর্য কিছুই ছিল না, তিনি একাকী স্থা হইলেন না। ধ্যানের পর তাঁহার একটি কন্সা ও দশ-ইন্দ্রিয় জন্মিল।' 'যিনি পৃথিবীতে বাদ করিয়া পৃথিবী হইতে স্বতন্ত্র', 'যিনি আত্মাতে বাস করিয়া' ইত্যাদি।'

১ কিং মৃক্তক্তৈবর্যং জগৎস্রস্তাদি পরমপুরুষসাধারণং দর্বেশব্রত্বমপি উত তদ্রহিতং কেবলপরম-পুরুষামুভববিষয়মিতি সংশয়:, কিং যুক্তং, জগদীবরত্বমপীতি, কুত:, নিব্প্পন: পরমং সাম্যমূপৈতীতি প্রমপুরুষেণ প্রম্যাম্যাপত্তিশ্রুতে:, সভ্যসঙ্কল্পশ্রুতেন্চ, নহি প্রম্যাম্যসভ্যসঙ্কল্প সর্বেষরাসাধারণ-জগদ্ব্যাপাররূপজগন্নিয়মনেন বিনোপপত্ততে অতঃ সত্যসন্ধল্পতাব্যস্সাম্যোপপত্তয়ে সমগুজগন্নিয়মন-রূপমপি মুক্তৈমর্যমিত্যেবং প্রাপ্তেঃ, প্রচক্ষহে, জগদ্ব্যাপারবর্জমিতি, জগদ্ব্যাপারো নিথিলচেতনচেতন-স্বরূপস্থিতি প্রবৃত্তিভেদনিয়মনস্তবর্জং নিরম্ভনিখিলতিরোধানস্ত নির্ব্যাজত্রহ্মামুভবরূপং মৃক্তস্তৈমর্বং, কুতঃ প্রকরণাৎ নিখিলজগন্নিয়মনং হি পরং ব্রহ্ম প্রকৃত্যামায়তে, 'যতো বা ইমানি ভূতানি জায়ন্তে, যেন জাতানি জীবন্তি, বং প্রযন্তাভিসংবিশন্তি তদ্বিজিজ্ঞানম্ব তদ্বক্ষেতি'। যতেতদ্রিখিলজগরিরমনং মুক্তানামপি সাধারণং স্থাৎ, ততকেদং জগদীবরত্বরপং ব্রহ্মলক্ষণং ন সঙ্গছতে। অসাধারণস্থ হি লক্ষণত্বং তথা 'সদেব সোমোদমগ্র আসীদেকমেবাদিতীয়ং তদৈক্ষত বহু স্থাং প্রজায়েয়েতি তত্তেজো-হস্ত্রতেতি' 'ব্রহ্ম বা ইদমেকমেবাগ্র আসীতদেকং সরবাভবং, তচ্ছে ুয়োরপমতাস্তর্জত ক্ষত্রং বাক্তেতানি দেবক্ষত্রাণীন্ত্রো বরুণঃ সোমো কুলঃ পঞ্জভো যমো মৃত্যুরীশান' ইতি 'আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ নাম্ভং কিঞ্চন মিষং স ঐক্ষত লোকান্নু, হজা ইতি স ইমান্নে কানস্ক্ষত' ইতি। 'একো হ বৈ নারায়ণ আসীয় ব্ৰহ্মা নেশানো নেমে ভাবাপুখিবী ন নক্ষত্ৰাণি নাপো নাগ্নিৰ্ণ সোমো ন স্বৰ্ধঃ স একাকী ন রমতে তক্ত ধ্যানান্তহকৈত কন্তা দলেক্রিয়াণি' ইত্যাদিবু 'বঃ পৃথিবাাং তিষ্টন্ পৃথিবাা অন্তর' ইত্যারভা 'ৰ আত্মনি তিষ্ঠন্ ইত্যাদিবু চ নিখিলজগন্ধিয়মনং প্রমপুরুষং প্রকৃতৈ্যব শ্রেরতে' অসন্নিহিত্যাচচ, ন চৈতের নিথিলজগরিরমনপ্রসঙ্গের মৃক্তক্ত সরিধানমন্তি বেন জগদ্যাপারত্তকাপি স্থাং।—রামাত্মকভাত্ত, ব্ৰহ্মপুত্ৰ, ৪।৪।১৭

পরস্ত্র-ব্যাখ্যায় রামায়জ বলিতেছেন, 'বদি বলো ইহা সত্য নয়, কারণ বেদে ইহার বিপরীতার্থপ্রতিপাদক অনেক শ্লোক আছে, তাহা হইলে বলিব তাহা নিয়দেবলোকে ম্ক্রাত্মার ঐশ্বর্বর্ননা মাত্র।' ইহাও একরপ সহজ মীমাংসা হইল। যদিও রামায়জের মতে সমষ্টির ঐক্য স্বীকৃত হইয়াছে, তথাপি তাঁহার মতে এই সমষ্টির মধ্যে নিত্য ভেদসমূহ আছে। অতএব এই মতও কার্যতঃ দৈত বলিয়া জীবাত্মা ও সগুণ ঈশ্বরের স্পষ্ট ভেদ রক্ষা করা রামায়জের পক্ষে সহজ হইয়াছে।

এখন আমরা ব্বিতে চেষ্টা করিব অবৈতমতের শ্রেষ্ঠ ব্যাখ্যাতা এই বিষয়ে কি বলেন। আমরা দেখিব, অবৈতমত কেমন বৈতবাদীর সকল আশা আকাজ্যা অক্ল রাখিয়া সঙ্গে সঙ্গে মানবজাতির মহোচ্চ দিব্যভাবের সহিত সামঞ্জত্য রাখিয়া নিজ সিদ্ধান্ত স্থাপন করিতেছেন। যাঁহারা মুক্তিলাভের পরও নিজ নিজ ব্যক্তিত্ব রক্ষা করিতে ইচ্ছা করেন, ভগবান্ হইতে স্বতন্ত্র থাকিতে চান, তাঁহাদের আকাজ্যা চরিতার্থ করিবার ও সগুণ ব্রন্ধকে সজ্যোগ করিবার যথেষ্ট অবসর থাকিবে। ইহাদেরই কথা ভাগবত-পুরাণে এইরূপ বর্ণিত হইয়াছে: 'হে রাজন্, হরির এতাদৃশ গুণরাশি যে, যে-সকল মুনি আত্মারাম, যাঁহাদের সকল বন্ধন চলিয়া গিয়াছে, তাঁহারাও ভগবানের প্রতি অহেতৃকী ভক্তি করিয়া থাকেন।

সাংখ্যেরা ইহাদিগকেই 'প্রকৃতিলীন' বলিয়া বর্ণনা করিয়াছেন। সিদ্ধিলাভ করিয়া ইহারা পরকল্পে কতকগুলি জগতের শাসনকর্তারূপে আবিভূতি হন। কিন্তু ইহাদের মধ্যে কেহই কখন ঈশরতুল্য হইতে পারেন না। যাঁহারা এমন এক অবস্থায় উপনীত হন, ষেখানে স্বৃষ্টি স্বৃষ্ট বা স্রন্থা নাই, ষেখানে জ্ঞাতা জ্ঞেয় বা জ্ঞান নাই, ষেখানে আমি তুমি বা তিনি নাই, ষেখানে প্রমাতা প্রমেয় বা প্রমাণ নাই, 'সেখানে কে কাহাকে দেখে ?'—এরূপ ব্যক্তি সমৃদয়ের বাহিরে গিয়াছেন, 'ষেখানে বাক্য অথবা মনও যাইতে পারে না।' এরূপ ব্যক্তি এমন স্থানে গিয়াছেন, যাহাকে শ্রুতি 'নেতি, নেতি' বলিয়া

> 'প্রত্যক্ষোপদেশারেতিচেন্নাধিকারিকমণ্ডলম্বোক্তে:।' এই স্থক্তের (ব্রহ্মস্ত্র, ৪।৪।১৮) রামাসুক্রভাক্ত ক্রষ্টবা।

আন্ধারামাশ্চ মৃনয়ো নিগ্রস্থা অপ্যুক্তমে।
 কুর্বস্তাহৈতুকীং ভক্তিমিপজুতগুণো হরিঃ।—-শ্রীমন্তাগবত, ১।৭।১• ৃ

বর্ণনা করিয়াছেন। কিন্তু যাঁহারা এরূপ অবস্থা লাভ করিতে পারেন না বা এরূপ অরস্থায় যাইতে ইচ্ছা করেন না, তাঁহারা সেই এক অরিভক্ত ব্রহ্মকে প্রকৃতি, আত্মা, ঐ উভয়ের অন্তর্থায়ী ঈশর—এই তিনরূপে বিভক্ত দেখিবেন। ভক্তির আতিশয়ে চেতনার উর্ধাতর স্তরে যখন প্রহলাদ নিজেকে ভূলিয়া গেলেন, তখন তিনি জগৎ ও তাহার কারণ কিছুই তো দেখিতে পাইলেন না, সম্দয়ই তাঁহার নিকট নাম-রূপে অবিভক্ত এক অনন্তরূপে প্রতীয়মান হইয়াছিল। কিন্তু যখনই তাঁহার বোধ হইল, তিনি প্রহলাদ, অমনি তাঁহার নিকট জগৎ ও অশেষকল্যাণগুণরাশির আধারস্বরূপ জগদীশ্বর প্রকাশিত হইলেন। মহাভাগা গোপীদিগেরও এই অবস্থা ঘটিয়াছিল। যতক্ষণ তাঁহারা ক্ষেরে প্রতি গভীর অহুরাগে ও প্রেমে অহংজ্ঞানশৃন্ত ছিলেন, ততক্ষণ তাঁহারা সকলেই রুফরূপে পরিণত হইয়াছিলেন। যখন তাঁহারা আবার তাঁহাকে উপাশ্ররূপে পৃথক্ভাবে চিন্তা করিতে লাগিলেন, তখন তাঁহারা আবার গোপীভাব প্রাপ্ত হইলেন। তখনই 'তাঁহাদের সম্মুথে মুখকমলে মৃত্হাশ্রুত্বত, পীতাম্বর্ধারী, মাল্যভ্ষিত ও সাক্ষাৎ মন্মথের মন-মথনকারী রুফ আবিভূতি হইলেন।'

এখন আবার আমরা আমাদের আচার্য শহরের কথায় আদিতেছি। শহর বলেন, বাঁহারা দগুণত্রন্মের উপাদনা করিয়া পরমেশরের দহিত মিলিত হন, অথচ বাহাদের মন অব্যাহত থাকে, তাঁহাদের এশর্য দদীম কি অদীম? এই দংশয় উপস্থিত হইলে মুক্তি দেখানো হয় যে, তাঁহাদের এশর্য অদীম, কারণ শাস্ত্রে পাওয়া যায় 'তিনি স্বারাজ্য লাভ করেন', 'দকল দেবতা তাঁহার পূজা করেন,' 'দমগ্র জগতে তাঁহার কামনার পূর্তি হয়।' ইহার উত্তরে ব্যাদের উক্তি 'জগদ্ব্যাপার ব্যতীত।' ম্ক্তাম্মাগণ জগতের স্কটি, স্থিতি ও প্রলয় ব্যতীত অণিমাদি অস্থান্য শক্তি লাভ করেন। জগতের নিয়স্কৃত্ব কেবল নিত্যদিদ্ধ ঈশরের। কারণ স্কেটিমন্থকে যত শাস্ত্রীয় উক্তি আছে, দবগুলিতে তাঁহারই কথা বলা হইয়াছে। কোন প্রসক্তে দেখানে ম্ক্তাম্মাদের কোন উল্লেখ নাই। সেই প্রমপুক্ষ একাই জগিয়িয়স্কৃত্বে নিয়্কুল। স্প্রাদির

ঠ তাসামাবিরভূচ্ছোরি: শ্রমানম্থাপুজঃ। পীতাশ্বধর: শ্রমী সাক্ষাশ্রমধমন্বথ: ।—শ্রীমন্তাগবত, ১০।৩২।২

বিষয়ে যত শ্রুতি আছে, সবই তাঁহাকে লক্ষ্য করিতেছে। আর তাঁহার প্রসঙ্গে 'নিত্যদিদ্ধ' এই বিশেষণও প্রদত্ত হইয়াছে। শাস্ত্র আরও বলেন, মৃক্তাত্মাদের অণিমাদি-শক্তি ঈশরের উপাসনা ও অন্তেষণ হইতেই লক্ষ হয়। অতএব সেই শক্তিগুলি অসীম নয়—সেগুলির আদি আছে ও সেগুলি সীমাবদ্ধ, স্থতরাং জগতের নিয়ন্ত্ব্ বিষয়ে মৃক্তাত্মাদের কোন স্থান নাই। আবার তাঁহাদের নিজ নিজ মনের অন্তিব্বশতং এক্ষণ সম্ভব যে, পরস্পরের ইচ্ছা ভিন্ন ভিন্ন হইতে পারে; একজন হয়তো স্থেষ্ট ইচ্ছা করিলেন, আর একজন নাশ ইচ্ছা করিলেন। এই বিরোধ এড়াইবার একমাত্র উপায়—সমৃদ্ধ ইচ্ছা এক ইচ্ছার অধীন করা। অতএব সিদ্ধান্ত এই যে, মৃক্ত পুরুষগণের ইচ্ছা সেই 'পরম পুরুষের অধীন।''

অতএব সগুণ ব্রেম্বেই প্রতি ভক্তি প্রয়োগ সন্তব। 'বাহারা অব্যক্ত নিগুণ ব্রেম্বর উপাসক তাহাদের ক্লেশ অধিকতর।' ভক্তি মানবপ্রকৃতির অস্কৃলে সহজভাবে প্রবাহিত। আমরা ব্রেম্বর মানবীয় ভাব ব্যতীত অপর কোন ভাব ধারণা করিতে পারি না—ইহা সত্য কথা। কিন্তু আমাদের জ্ঞাত আর সকল বন্ধর সম্বন্ধেও কি ইহা সমভাবে সত্য নয় ? পৃথিবীর শ্রেষ্ঠ মনোবিজ্ঞানবিং ভগবান্ কিশল বহুষ্গ পূর্বে প্রমাণসহ দেখাইয়াছেন যে, আমাদের বাহ্ন বা আন্তর সর্বপ্রকার বিষয়জ্ঞান বা ধারণার মধ্যে মানবীয় চেতনা বা বৃদ্ধি অন্ততম উপাদান। শরীর হইতে আরম্ভ করিয়া ঈশর পর্যন্ত বিচার করিলে দেখিতে পাইব, আমাদের অমুভ্ত সমৃদ্য় বন্ধই বৃদ্ধি ও তাহার সহিত অপর কোন বন্ধর মিশ্রণ, তা সেটি যাহাই হউক। আর যাহাকে

> বে সন্তণপ্রক্ষোপাসনাৎ সহৈব মনসেবরসাযুক্তাং ব্রজন্তি কিন্তেষাং নিরবগ্রহমৈবর্থং ভবত্যাহোকিৎ সাবগ্রহমিতি সংশয়ঃ। কিন্তাবং প্রাপ্তম্ ? নিরকুশমেবৈবামৈবর্ধং ভবিতুমর্হতি 'আগ্নোতি স্বারাজ্যম্' 'সর্বেহক্ষৈ দেবা বলিমাবহন্তি' 'তেবাং সর্বেব্ লোকেব্ কামচারো ভবতি' ইত্যাদিশ্রুতিভা ইত্যেবং প্রাপ্তে পঠতি—জগদ্যাপারবন্ধ মিতি। জগদ্বৎপত্ত্যাদি ব্যাপারং বল্ধ শ্লিষাহান্তদিবিদ্যালাক্ষকমৈদ্বর্ধং মৃক্তানাং ভবিতৃমর্হতি, জগদ্যাপারন্ত নিতাসিদ্ধন্যৈবেবরক্ষ। কৃতঃ ? তত্ম তত্র প্রকৃতত্বাদসন্তিহিতত্বা-ক্ষেত্রবেষাম্। পর এব হীখরো জগদ্যাপারেহধিকৃতঃ তমেব প্রকৃত্যোৎপত্ত্যাদ্যাপদেশান্নিতাশন্ধ-নিবন্ধনত্বাত। তদ্বেষণবিজ্ঞাসনপূর্বকমিতরেষামাদিমদৈবর্ধং ক্রেরতে। তেনাসন্তিহিতত্তে জগদ্যাপারে। সমনস্কর্থাদেব চৈষামনৈক্মত্যে কন্সচিৎ স্থিতাভিপ্রায়ঃ, কন্সচিৎ সংহারাভিপ্রায় ইত্যেবং নিরোধাহিশি কদাচিৎ স্যাৎ। অথ কন্সচিৎ সঞ্জমন্বক্তস্য সক্ষম ইত্যবিরোধঃ সমর্থ্যেত, ততঃ পরবেদ্বরাকুততন্ত্রত্বমেবেতরেবামিতি ব্যবিভিক্ত ।—শাক্ষরভাষ্য, ব্রহ্মস্থত, ৪।৪।১৭

২ গীতা, ১২।৫

আমরা সচরাচর সভা বস্তু বিশিয়া মনে করি, তাহা এই অনিবার্থ মিপ্রধান বাভবিকই বর্তমানে বা ভবিষ্যতে মানবমনের পক্ষে সভ্যের জ্ঞান ষভদ্র সম্ভব, তাহা ইহার অভিরিক্ত আর কিছু নয়। অভএব ঈশর মানবধর্মী বলিয়া তাঁহাকে অসত্য বলা নিছক বাজে কথা। এ যেন পাশ্চাত্য দর্শনে বিজ্ঞানবাদ (Idealism) ও বাত্তববাদের (Realism) মধ্যে তুচ্ছ বিবাদের মতো। ঐ বিবাদ আপাততঃ ভয়াবহ বোধ হইলেও বাতত্ব (real)-শব্দের অর্থ লইয়া মারপেঁচের উপর হাপিত। 'সত্য' শব্দের হারা যত প্রকার ভাব ফিচ্ছ হইয়াছে, সে-সব ভাবই 'ঈশর'ভাবটির অন্তর্গত। জগতের অন্তান্ত বন্ধ বতদ্র সত্য, ঈশরও ততদ্র সত্য। আর বাত্তব-শব্দটি এখানে যে অর্থে প্রযুক্ত হইল, ঐ শব্দবারা তদপেক্ষা অধিক আর কিছু বুঝার না। ইহাই হিন্দুদর্শনে ঈশরসম্বন্ধীয় ধারণা।

প্রত্যক্ষামুভূতিই ধর্ম

ভক্তের পক্ষে এই-সকল ওচ্চ বিষয় জানার প্রয়োজন—কেবল নিজ ইচ্ছাশক্তিকে দৃঢ় করার জন্ম। এতদ্যতীত উহাদের আর কোন উপযোগিত। নাই, কারণ তিনি এমন এক পথে চলিয়াছেন, যাহা শীঘ্রই তাঁহাকে যুক্তির অস্পষ্ট ও চিত্তচঞ্চলকারী রাজ্যের সীমা ছাড়াইয়া প্রত্যক্ষাহুভূতির বান্ধ্যে লইয়া ষাইবে ; তিনি শীঘ্রই ঈশ্বরক্পায় এমন এক অবস্থায় উপনীত হন, ষেখানে পাণ্ডিত্যাভিমানিগণের শুষ্ক যুক্তি অনেক পশ্চাতে পড়িয়া থাকে, আর বৃদ্ধির সাহায্যে অন্ধকারে র্থান্বেষণের পরিবর্তে প্রত্যক্ষাহুভূতির উজ্জ্বল দিবালোক প্রকাশিত হয়। তিনি তখন বিচার বা বিশাস কিছুই করেন না, তিনি প্রত্যক্ষ অমুভব করেন। তিনি আর তর্ক করেন না, উপলব্ধি করেন। আর এই ভগবান্কে দেখা, তাঁহাকে উপলব্ধি করা ও তাঁহাকে সম্ভোগ করা কি তর্কবিচার হইতে উচ্চতর নয়? শুধু ইহাই নয়, অনেক ভক্ত আছেন, ধাঁহারা ভক্তিকে মুক্তি হইতেও বড় বলিয়া বর্ণনা করিয়াছেন। আর ইহা কি আমাদের জীবনের সর্বোচ্চ প্রয়োজনও নয়? এমন লোক জগতে আছেন, তাঁহাদের সংখ্যাও অনেক, যাঁহারা ছির সিদ্ধান্ত করিয়াছেন, যাহ। কিছু মাহুষকে শারীরিক স্থুখ দিতে পারে—তাহারই বাস্তবিক প্রয়োজন ও উপকারিতা আছে; ধর্ম, ঈশ্বর, পরকাল, আত্মা এবং এইরূপ অক্সান্ত বিষয়গুলি কোন কাজের নয়, কারণ এগুলি দারা টাকাকড়ি বা দৈহিক স্থ পাওয়া যায় না। এক্নপ লোকের মতে যে-সকল পদার্থে ইন্দ্রিয় চরিতার্থ না হয়, সেগুলির কোন প্রয়োজন নাই। যাহার যে বিষয়ে ষেমন অভাববোধ, তাহার প্রয়োজনবোধও সেই বিষয়ে তদমূরপ। স্থতরাং যাহারা পান, ভোজন, অপত্য-উৎপাদন ও তারপর মৃত্যু—ইহার উপর আর উঠিতে পারে না, তাহাদের পক্ষে লাভবোধ কেবল ইন্দ্রিয়ের স্থথে। তাহাদের হৃদয়ে উচ্চতর বিষয়ের জন্ম সামাস্থ্য ব্যাকুলতা জন্মিতেও অনেক জন্ম লাগিবে। কিন্তু যাঁহাদের নিকট আত্মার উন্নতিসাধন ঐহিক জীবনের ক্ষণিক স্থাপেকা গুরুতর বোধ হয়, যাঁহাদের চক্ষে ইন্দ্রিয়-পরিতৃপ্তি কেবল অবোধ শিশুর মতো মনে হয়, তাঁহাদের নিকট ভগবান্ ও ভগবৎ-প্রেমই

মানবজীবনের সর্বোচ্চ ও একমাত্র প্রয়োজন বলিয়া বিবেচিত হয়। ঈশবেচ্ছায় এই ঘোর ভোগলিসাপূর্ণ জগতে এইরূপ মান্ত্র এখনও কয়েকজন জীবিত আছেন।

পূর্বেই বলিয়াছি, ভক্তি পরা ও গৌণী—এই হুই ভাগে বিভক্ত; 'গৌণী' অর্থাৎ সাধনভক্তি, 'পরাভক্তি' উহারই পূর্ণ বা চরম অবস্থা। ক্রমশঃ বুঝিতে পারিব, এই ভক্তিমার্গে অগ্রসর হইতে হইলে সাধনাবস্থায় কতকগুলি বাহ সহায় না नहेल চলে না। বাস্তবিক সকল ধর্মের পৌরাণিক ও রূপক ভাগই প্রথমাবশ্বায় উন্নতিকামী আত্মাকে ভগবানের দিকে অগ্রসর হইতে সাহায্য করে। আর ইহাও একটি বিশেষ লক্ষ্য করিবার বিষয়—ষাহাদের ধর্মপ্রণালী পৌরাণিকভাববহুল ও অন্থঠানপ্রচুর, সেই-সকল সম্প্রদায়েই বড় বড় ধর্মবীর জনিয়াছিলেন। যে-সকল শুষ গোঁড়ামিপূর্ণ ধর্মপ্রণালী—ষাহা কিছু কবিত্বময়, যাহা কিছু স্থন্দর, যাহা কিছু মহান্, যাহা কিছু ভগবৎপথে অলিভচরণে অগ্রসর স্বকুমার মনের দৃঢ় অবলম্বন-স্বরূপ, সেই ভাবগুলিকে একেবারে উৎপাটন করিয়া ফেলিতে চায়; যে-দকল ধর্মপ্রণালী আধ্যাত্মিক হর্ম্যের ছাদের অবলম্বন শুম্বগুলিকে পর্যস্ত ভাঙিয়া ফেলিতে চেষ্টা করে এবং সত্যসম্বন্ধে অজ্ঞান ও ভ্ৰমপূৰ্ণ ধারণা লইয়া ্যাহা কিছু জীবনপ্ৰদ, যাহা কিছু মানবহাদয়ে ক্রমবর্ধমান আধ্যাত্মিক জীবনরূপ চারাগাছটির গঠনোপবোগী উপাদান—সেগুলি পর্যস্ত দূর করিয়া দিতে চায়, দেখিতে পাওয়া যায়, সেই-সকল ধর্ম শীঘ্রই অস্তঃসারশৃষ্য একটি আধার, অনস্ত শব্দরাশি ও তর্কাভাসের স্থূপমাত্র, হয়তো একটু সামাজিক আবর্জনা-দ্রীকরণ বা তথাকথিত সংস্থার প্রিয়তার আভাসযুক্ত হইয়া পড়িয়া রহিয়াছে।

যাহাদের ধর্ম এইরূপ, তাহাদের মধ্যে অনেকেই জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে জড়বাদী; তাহাদের ঐহিক ও পারত্রিক জীবনের লক্ষ্য কেবল ভোগ; উহাই তাহাদের মতে মানবজীবনের সর্বস্থ। মাহুষের ঐহিক স্বাচ্ছন্যের জন্ম অভিপ্রেত রান্তা ঘাট পরিষ্কার রাখা প্রভৃতি কার্যই' ইহাদের মতে মানব-জীবনের সর্বস্থ। এই অজ্ঞান ও গোঁড়ামির অভুত মিশ্রণের অহুগামিগণ যত শীঘ্র তাহাদের স্বরূপ প্রকটিত করিয়া বাহির হয় এবং নান্তিক

১ ইষ্টাপুৰ্ভ

জড়বাদীদের দলে ষোগ দেয়—ইহাই তাহাদের করা উচিত—ততই সংসারের মকল। একবিন্দু ধর্মাস্কান ও অপরোক্ষাস্থভৃতি রাশি রাশি বাক্প্রপঞ্চ ও মুর্থ-স্থলভ ভাবোচ্ছাস অপেকা সহস্রগুণে শ্রেষ্ঠ। অজ্ঞান ও গোঁড়ামির এই শুক্ষ ধূলিময় ক্ষেত্রে একজন—মাত্র একজন অমিততেজা ধর্মবীর জন্মিয়াছেন, দেখাও তো! না পারো, চুপ করিয়া থাকো, হদয়ের দরজা-জানালা খূলিয়া দাও, সত্যের বিমল আলোক প্রবেশ কক্ষক, তত্ত্বদর্শী সেই ভারতীয় সাধুগণের পদতলে বালকের স্থায় বসিয়া শোন, তাঁহারা কি বলিতেছেন।

গুরুর প্রয়োজনীয়তা

জীবাঝামাত্রেই পূর্ণতা লাভ করিবেই করিবে—শেষ পর্যন্ত সকলেই দিদ্ধাবস্থা লাভ করিবে। আমরা এখন যাহা হইরাছি, তাহা আমাদের অতীত কার্য ও চিস্তারাশির ফলস্বরূপ। আর ভবিগ্যতে যাহা হইব, তাহা বর্তমানে যেরূপ চিস্তা ও কার্য করিতেছি, তাহার ফলস্বরূপ হইবে। কিন্তু আমরা নিজেরাই নিজেদের অদৃষ্ট গঠন করিতেছি বলিয়া যে বাহির হইতে আমাদের কোন সহায়তার আবশুক নাই, তাহা নয়। বরং অধিকাংশ ক্ষেত্রে এরূপ সহায়তা একাস্কভাবে প্রয়োজন। যথন এই সহায়তা পাওয়া যায়, তথন আত্মার উচ্চতর শক্তি ও আপাত-অব্যক্ত ভাবগুলি ফুটিয়া উঠে, আধ্যাত্মিক জীবন সতেজ হইয়া উঠে, উহার উন্নতি ত্রায়িত হয়, সাথক অবশেষে শুদ্ধসভাব ও সিদ্ধ হইয়া যায়।

এই সঞ্চীবনী শক্তি গ্রন্থ হইতে পাওয়া যায় না। একটি আ্লা কেবল অপর এক আ্লা হইতে এই শক্তি লাভ করিতে পারে, আর কিছু হইতেই নয়। আমরা সারাজীবন পুন্তক পাঠ করিতে পারি, খুব একজন বৃদ্ধিমান্ হইয়া উঠিতে পারি, কিন্তু শেষে দেখিব—আধ্যাত্মিক উন্নতি কিছুই হয় নাই। বৃদ্ধিবৃত্তির উন্নতি হইলেই যে সঙ্গে সঙ্গে আধ্যাত্মিক উন্নতিও খুব হইবে, তাহার কোন অর্থ নাই। গ্রন্থপাঠ করিতে করিতে অনেক সময় ভ্রমবশতঃ ভাবি, আমাদের আধ্যাত্মিক উপকার হইতেছে। কিন্তু গ্রন্থপাঠ আমাদের কি ফল হইয়াছে, তাহা যদি ধীরভাবে বিশ্লেষণ করি, তবে দেখিব বড় জোর আমাদের বৃদ্ধিবৃত্তির উন্নতি হইয়াছে, অন্তর্রাত্মার কিছুই হয় নাই। আমাদের মধ্যে প্রায় সকলেরই আধ্যাত্মিক বাক্যবিস্থানে অভূত নৈপুণ্য থাকিলেও কার্যকালে—প্রকৃত ধর্মভাবে জীবন-যাপন করিবার সময়—কেন এত ভয়াবহ ক্রটিবিচ্যুতি লক্ষিত হয়, তাহার কারণ—আধ্যাত্মিক জীবনের উন্নতির পক্ষে গ্রন্থানা হইতে শক্তি সঞ্চারিত হওয়া আবশ্রক।

ধে ব্যক্তির আত্মা হইতে অপর আত্মার শক্তি সঞ্চারিত হয়, তাঁহাকে 'গুরু' বলে; এবং ষে ব্যক্তির আত্মায় শক্তি সঞ্চারিত হয়, তাঁহাকে 'শিশ্ব'

বলে। এইরূপ শক্তিসঞ্চার করিতে হইলে প্রথমতঃ যিনি সঞ্চার করিবেন, তাঁহার এই সঞ্চার করিবার শক্তি থাকা আবশ্যক; আর যাঁহাতে সঞ্চারিত হইবে, তাঁহারও গ্রহণ করিবার শক্তি থাকা আবশুক। বীজ সতেজ হওয়া আবশুক, ভূমিও ভালভাবে কৰিত থাকা প্ৰয়োজন। ষেশ্লানে এই ছুইটি বিভামান, সেইখানেই প্রকৃত ধর্মের অপূর্ব বিকাশ দৃষ্ট হয়। 'ধর্মের প্রকৃত বক্তা অবশ্রুই আশ্রুষ পুরুষ হুইবেন, শ্রোতারও স্থনিপুর্ণ হওয়া চাই।'' যথন উভয়েই আশ্চর্য ও অসাধারণ হয়, তখনই আশ্চর্য আধ্যাত্মিক উন্নতি ঘটে, অন্তত্ত্র নয়। এইরূপ ব্যক্তিই প্রকৃত গুরু, এবং এইরূপ ব্যক্তিই প্রকৃত শিশ্ব—মুমুক্ষ্ সাধক। আর সকলে ধর্ম লইয়া ছেলেখেলা করিতেছে মাত্র। তাহাদের কেবল একটু কৌতূহল, একটু জানিবার ইচ্ছামাত্র হইয়াছে, কিন্তু তাহারা এখনও ধর্মচক্রবালের বহির্দেশে রহিয়াছে। অবশ্য ইহারও কিছু মূল্য আছে, কারণ সময়ে ইহা হইতেই প্রকৃত ধর্ম-পিপাদা জাগিতে পারে। আর প্রকৃতির এই বিচিত্র নিয়ম যে, যথনই ক্ষেত্র উপযুক্ত হয়. তথনই বীজ নিশ্চয়ুই আসিবে—আসিয়াও থাকে। যথনই আত্মার ধর্মলাভের আগ্রহ প্রবল হয়, তথনই ধর্মশক্তিদঞ্চারক পুরুষ সেই আত্মার সহায়তার জন্ত অবশুই আসিবেন, আসিয়াও থাকেন। যথন গ্রহীতার ধর্মালোক আকর্ষণ করিবার শক্তি পূর্ণ ও প্রবল হয়, তথন সেই আকর্ষণে আরুষ্ট আলোকশক্তি অবশ্ৰই আসিয়া থাকে।

তবে পথে কতকগুলি মহাবিদ্ধ আছে, যথা—ক্ষণস্থায়ী ভাবোচ্ছাসকে প্রকৃত ধর্ম-পিপাসা বলিয়া ভ্রম হইবার সম্ভাবনা। আমরা নিজেদের জীবনেই ইহা লক্ষ্য করিতে পারি। আমাদের জীবনে অনেক সময়ে এক্সপ দেখা যায়: হয়তো কাহাকেও থুব ভালবাসিতাম, তাহার মৃত্যু হইল, আঘাত পাইলাম। মনে হইল, যাহা ধরিতেছি তাহাই হাত ফসকাইয়া চলিয়া যাইতেছে, আমাদের প্রয়োজন একটি দৃঢ়তর উচ্চতর আশ্রয়—আমাদিগকে অবশ্রই ধার্মিক হইতে হইবে। কয়েক দিনেই ঐ ভাবতরঙ্গ কোথায় চলিয়া গেল! আমরা যেখানে ছিলাম সেখানেই পড়িয়া রহিলাম। আমরা সকলেই এইক্রপ ভাবোচ্ছাসকে প্রকৃত ধর্ম-পিপাসা বলিয়া অনেক সময়েই ভূল করিতেছি।

১ 'আশ্চৰ্যো বক্তা কুশলোহস্ত লবা' ইত্যাদি।—কঠ উপ., ১।৬।৭

কিন্তু যতদিন এই ক্ষণস্থায়ী ভাবোচ্ছাসগুলিকে ভ্রমবশে প্রকৃত ধর্ম-পিপাসা মনে করিব, ততদিন ধর্মের জন্ম যথার্থ স্থায়ী ব্যাকুলতা জ্বনিবে না, আর ততদিন শক্তিসঞ্চারকারী পুরুষেরও সাক্ষাৎ পাইব না। এই কারণে যখনই আমাদের মনে হয়, সত্যলাভের জন্ম আমাদের এদকল চেটা ব্যর্থ হইতেছে, তথনই ক্রমণ মনে করা অপেক্ষা নিজেদের অন্তরের অন্তত্তলে অয়েষণ করিয়া দেখা উচিত, হৃদয়ে প্রকৃত আগ্রহ জ্বিয়াছে কি না। এইরূপ করিলে অধিকাংশ স্থলেই দেখিব, আমরা সত্যগ্রহণের উপযুক্ত নই— আমাদের প্রকৃত ধর্ম-পিপাসা জাগে নাই।

আবার শক্তিস্কারক গুরুসম্বন্ধে আরও অনেক বিদ্ন আছে। অনেকে আছে, যাহারা স্বয়ং অজ্ঞানাচ্ছন্ন হইয়াও অহস্কারে নিজেদের সর্বজ্ঞ মনে করে, শুধু তাই নয়, অপরকেও নিজ স্বন্ধে লইয়া যাইবে বলিয়া ঘোষণা করে। এইরূপে অন্ধ অন্ধকে পথ দেখাইয়া লইয়া যাইতে যাইতে উভয়েই খানায় পড়িয়া যায়। 'অজ্ঞানে আচ্ছন্ন, অতি নির্ন্ধি হইলেও নিজেদের মহাপণ্ডিত মনে করিয়া মূঢ় ব্যক্তিগণ অন্ধের দারা নীয়মান অন্ধের ত্যায় প্রতিপদবিক্ষেপেই খালিতপদ হইয়া পরিভ্রমণ করে।''

এইরূপ মাহুষেই জগৎ পরিপূর্ণ। সকলেই গুরু হইতে চায়। ভিথারীও লক্ষ টাকা দান করিতে চায়। এইরূপ লোক ষেমন সকলের নিকট হাস্তাম্পদ হয়, এই গুরুগণও তেমনি)

অবিভায়ামন্তরে বর্তমানাঃ বয়য় বীয়াঃ পশুত্রক্রমানাঃ।
 জজ্বভামানাঃ পরিবন্তি মৃঢ়া অন্ধেনৈর নীয়মানা বলালাঃ।—সুগুক উপ., ১া২।৮

গুরু ও শিয়ের লক্ষণ

তবে গুরু চিনিব কিরণে? প্র্কিক প্রকাশ ক্ষরিতে মণালের প্রয়োজন হয় না। প্র্কে দেখিবার জ্যু আর বাতি জালিতে হয় না। প্র্ক উঠিলে আমরা স্বভাবতই জানিতে পারি যে প্র্ক উঠিয়াছে; এইরপে আমাদিগকে সাহায্য করিবার জ্যু লোক-গুরুর আবির্ভাব হইলে আত্মা স্বভাবতই জানিতে পারেন যে, তাঁহার উপর সত্যের প্র্বালোক-সম্পাভ আরম্ভ হইয়াছে। সত্য স্বতঃপ্রমাণ, উহা প্রমাণ করিতে অপর কোন সাক্ষ্যের প্রয়োজন নাই—উহা স্প্রকাশ; সত্য আমাদের অল্পন্তলে প্রবেশ করে, উহার সমক্ষে সমগ্র জগৎ দাঁড়াইয়া বলে—'ইহাই সত্য।' যে-সকল আচার্ফের হদয়ে জ্ঞান ও সত্য প্র্বালোকের গ্রায় প্রতিভাত, তাঁহারা জগতের মধ্যে সর্বোচ্চ মহাপুরুষ, আর জগতের অধিকাংশ লোকই তাঁহাদিগকে ঈশর বলিয়া পূজা করে। কিন্তু আমরা অপেক্ষাকৃত স্বর্জ্ঞানীর নিকটও আধ্যাত্মিক সাহায্য লাভ করিতে পারি। তবে আমাদের এরপ অন্তদ্ধি নাই যে, আমরা আমাদের গুরু বা আচার্ফের সহন্ধে ষ্থার্থ বিচার করিতে পারি; এই কারণে গুরুশিয়া উভয়ের সহন্ধেই কতকগুলি পরীক্ষা আবশ্যক।

শিয়ের এই গুণগুলি আবশ্যক—পবিত্রতা, প্রকৃত জ্ঞানপিপাসা ও অধ্যবসায়।
অশুদ্ধাত্মা প্রকৃষ কথনও প্রকৃত ধার্মিক হইতে পারে না। কায়মনোবাক্যে
পবিত্র না হইলে কেহ কথন ধার্মিক হইতে পারে না। আর জ্ঞানতৃষ্ণা
সম্বন্ধে বলা বাইতে পারে বে, আমরা বাহা চাই, তাহাই পাই—ইহা
একটি সনাতন নিয়ম। বে বস্তু আমরা অস্তরের সহিত চাই, তাহা ছাড়া
আমরা অস্তু বস্তু লাভ করিতে পারি না। ধর্মের জন্ত প্রকৃত ব্যাকুলতা
বড় কঠিন জিনিস; আমরা সচরাচর বত সহজ্ঞ মনে করি, উহা তত
সহজ্ঞ নয়। ভুধু ধর্মকথা ভনিলে ও ধর্মপুত্তক পড়িলেই বথেইভাবে প্রমাণিত
হয় না বে, ফ্রন্মের ধর্ম-পিপাসা প্রবল হইয়াছে। বতদিন না প্রাণে ব্যাকুলতা
জাগরিত হয় এবং আমরা প্রবৃত্তির উপর জয়লাভ করিতে না পারি,
ততদিন সদাস্বদা অভ্যাস ও আমাদের পাশব প্রকৃতির সহিত নিরস্কর
সংগ্রাম আবশ্রক। উহা তৃ-এক দিনের কর্ম নয়, কয়েক বংসর বা

ত্-এক জন্মেরও কর্ম নয়; শত শত জন্ম ধরিয়া এই সংগ্রাম চলিতে পান্নে। কাহারও পক্ষে অপ্পকালের মধ্যেই সিদ্ধিলাভ ঘটতে পারে, কিছ যদি অনস্তকালও অপেকা করিতে হয়, ধৈর্বের সহিত ভাহার জন্মও প্রস্তুত থাকা চাই। যে শিশু এইরপ অধ্যবসায়-সহকারে সাধনে প্রবৃত্ত হয়, ভাহার সিদ্ধি অবশ্রন্থারী

ঞ্জিক সম্বন্ধে এইটুকু দেখিতে হইবে, তিনি ষেন শাল্পের মর্মজ্ঞ হন। জগতের সকলেই বেদ বাইবেল বা কোরান পাঠ করিতেছে, কিন্তু এগুলি শুধু শব্দ ও ব্যাকরণ--ধর্মের কয়েকথানা শুক্ষ অন্থিমাত্র। ষে গুরু শব্দ লইয়া বেশী নাড়াচাড়া করেন ও মনকে কেবল শব্দের ব্যাখ্যা দারা চালিত হইতে দেন, তিনি ভাব হারাইয়া ফেলেন। শাল্কের মর্ম বিনি জানেন, তিনিই ষথার্থ ধর্মাচার্য। শাল্তের শব্দজাল যেন এক মহারণ্য, মাহুফ নিজেকে উহার ভিতর হারাইয়া ফেলে, পথ খুঁজিয়া পায় না। 'শক্ষাল মহারণ্যসদৃশ, চিত্তের ভ্রমণের কারণ।'^১ 'শর্কযোজনা, স্থন্দর ভাষায় বক্তৃতা ও শান্ত্রমর্ম ব্যাখ্যা করিবার বিভিন্ন উপায়—পণ্ডিতদিগের বিচার ও আমোদের বিষয়মাত্র, উহা দারা সিদ্ধি বা মৃক্তিলাভের সহায়তা হয় না।' বাহারা ধর্মব্যাখ্যার সময় এইরূপ প্রণালী অবলম্বন করে, তাহারা কেবল নিজেদের পাণ্ডিত্য দেখাইতে ইচ্ছুক, ভাহাদের ইচ্ছা—লোকে ভাহাদিগকে মহাপণ্ডিত বলিয়া সন্মান করুক। জগতের প্রধান ধর্মাচার্যগণ কেহই এইভাবে শাল্লের ব্যাখ্যা করিতে অগ্রসর হন নাই। তাঁহারা শাল্পের শ্লোকের অর্থ বথেচ্ছ ব্যাখ্যা করিতে কখন চেষ্টা করেন নাই, শব্দার্থ ও ধাত্বর্থ লইয়া ক্রমাগত মারপেঁচ করেন নাই। তাঁহারা শুধু জগৎকে শাস্ত্রের মহান্ ভাব শিক্ষা দিয়াছেন। আর যাহাদের শিখাইবার কিছু নাই, তাহারা হয়তো শাস্ত্র হইতে একটি শব্দ লইয়া তাহারই উপর এক তিনখণ্ড পুল্ডক রচনা করে। সেই শব্দের আদি কি, কে ঐ শন্দটি প্রথম ব্যবহার করিয়াছিল, সে কি থাইত, কতক্ষণ ঘুমাইত, এইরূপ বিষয় লইয়াই কেহ হয়তো আলোচনা করিয়া গেলেন।

> नस्कानः महात्रनाः ठिख्यमनकात्रनम्।---वित्वकृष्गमिन, ७०

বাবৈধরী শব্দকরী শাল্লব্যাগ্যানকৌশলন্।
 বৈছবং বিছবাং তৰভুক্তরে ন তু স্করে।——ঐ, ৫৮

ভগবান্ শ্রীরামকৃষ্ণ একটি গল্প বলিতেনঃ এক আম-বাগানে কয়েকজন লোক বেড়াইতে গিয়াছিল; বাগানে ঢুকিয়া তাহারা গনিতে আরম্ভ করিল, কটা আম গাছ, কোন্ গাছে কত আম, এক-একটা ডালে কত পাতা, আমের বর্ণ, আকার, প্রকার ইত্যাদি নানাবিধ পাণ্ডিত্যপূর্ণ বিচার করিতে লাগিল। আর একজন ছিল বিচক্ষণ, সে এসব গ্রাহ্ম না করিয়া আম পাড়িতে লাগিল ও খাইতে লাগিল। বলো দেখি, কে বেশী বৃদ্ধিমান্? আম খাও, পেট ভরিবে, কেবল পাতা গনিয়া—হিসাব করিয়া লাভ কি? এই পাতা-ডালপালা গোন। ও অপরকে উহার সংখ্যা জানাইবার চেষ্টা একেবারে ছাড়িয়া দাও। অবশ্য এরপ কার্যের উপযোগিতা আছে, কিন্তু ধর্মরাজ্যে নয়। ষাহারা এইরূপ পাতা গনিয়া বেড়ায়, তাহাদের ভিতর হইতে কথনও একটিও ধর্মবীর বাহির করিতে পারিবে না। ধর্ম—যাহা মানবজীবনের সর্বোচ্চ লক্ষ্য, মাহুষের শ্রেষ্ঠ গৌরবের জিনিস, তাহাতে পাতা-গোনারূপ অত পরিশ্রমের প্রয়োজন নাই। যদি তুমি ভক্ত হইতে চাও, তাহা হইলে রুফ মথুরায় কি ব্রজে জন্মিয়াছিলেন, তিনি কি করিয়াছিলেন বা ঠিক কোন্ দিনে গীতা বলিয়াছিলেন, তাহা জানিবার কিছু আবশুক নাই। গীতায় যে কর্তব্য ও প্রেমদম্বনীয় স্থন্দর শিক্ষা আছে, আগ্রহের সহিত তাহা অনুসরণ করাই তোমার কাজ। উহার সম্বন্ধে অথবা উহার প্রণেতার সম্বন্ধে অন্তান্য বিশেষ বিবরণ জানা কেবল পণ্ডিভদের আমোদের জন্ম। তাহারা যাহা চায়, তাহা লইয়াই থাকুক। তাহাদের পণ্ডিতী তর্কবিচারে 'শান্তিঃ শান্তিঃ' বিনয়া এস আমরা আম খাইতে থাকি।

ষিতীয়তঃ গুরুর নিম্পাপ হওয়া আবশুক। অনেক সময়ে লোকে বলিয়া থাকে, 'গুরুর চরিত্র, গুরু কি করেন না করেন, দেখিবার প্রয়োজন কি? তিনি যা বলেন, তাহারই বিচার করিতে হইবে। সেইটি লইয়াই কাজ করা প্রয়োজন।' এ কথা ঠিক নয়। গতি-বিজ্ঞান, রসায়ন বা অশু কোন জড়-বিজ্ঞানের শিক্ষক যাহাই হউন না কেন, কিছু আসে যায় না। কারণ উহাতে কেবল বৃদ্ধির্ত্তির প্রয়োজন হয়। কিছু অধ্যাত্মবিজ্ঞানের আচার্য অশুদ্ধচিত্ত হইলে তাঁহাতে আদে ধর্মালোক থাকিতে পারে না। অশুদ্ধচিত্ত ব্যক্তি কী ধর্ম শিথাইবে? নিজে আধ্যাত্মিক সত্যা উপলব্ধি করিবার বা অপরে শক্তি সঞ্চার করিবার একমাত্র উপায়—হ্বদয় ও মনের পবিত্রতা।

যতদিন না চিত্তত্ত্বি হয়, ততদিন ভগবদর্শন বা দেই ক্লতীন্ত্রিয় সন্তার আভাসজ্ঞানও অসম্ভব। স্কলাং ধর্মাচার্বের সম্বন্ধে প্রথম তিনি কি চরিজের লোক, তাহা দেখা আবশুক; তারপর তিনি কি বলেন, তাহাও দেখিতে হইকে। তাঁহার সম্পূর্ণরূপে শুদ্ধচিত্ত হওয়া আবশুক, তবেই তাঁহার কথার প্রকৃত একটা গুরুত্ব থাকে; কারণ তাহাহইলেই তিনি প্রকৃত শক্তি-সঞ্চারকের যোগ্য হইতে পারেন। নিজের মধ্যেই যদি সেই শক্তি না থাকে, তবে তিনি সঞ্চার করিবেন কী? গুরুর মন এরপ প্রবন্ধ আধ্যাত্মিকম্পন্দন-বিশিষ্ট হওয়া চাই যে, তাহা যেন সমবেদনাবশে শিশ্রে সঞ্চারিত হইয়া যায়। গুরুর বাস্তবিক কার্যই এই—কিছু সঞ্চার করা, কেবল শিশ্রের বৃদ্ধিশক্তি বা অন্ত কোন শক্তি উত্তেজিত করিয়া দেওয়া নয়। বেশ স্পষ্ট বৃঝিতে পারা যায়, গুরু হইতে শিয়ে যথার্থ ই একটি শক্তি আসিতেছে। স্করাং গুরুর শুদ্ধচিত্ত হওয়া আবশুক।

তৃতীয়তঃ দেখা আবশ্যক, গুরুর উদ্দেশ্য কি ? গুরু যেন অর্থ, নাম-যশ বা কোন স্বার্থদিদ্ধির জন্ম ধর্মশিক্ষাদানে প্রবৃত্ত না হন—সমগ্র মানবজাতির প্রতি শুদ্ধ প্রেমই যেন তাঁহার কার্যের নিয়ামক হয়। আধ্যাত্মিক শক্তি শুদ্ধ প্রেমের মাধ্যমেই সকারিত করা যাইতে পারে। কোনরূপ স্বার্থপূর্ণ ভাব, লাভ বা যশের ইচ্ছা এক মৃহুর্তে এই সকারের মাধ্যম নষ্ট করিয়া ফেলে। ভগবান্ প্রেমস্বরূপ, আর যিনি ভগবান্কে প্রেমস্বরূপ বলিয়া জানিয়াছেন, তিনিই মাহ্যকে ভগবদভাব শিক্ষা দিতে পারেন।

যদি দেখ গুরুতে এই-সব লক্ষণ বর্তমান, তবে জানিবে তোমার কোন আশন্ধা নাই। নতুবা তাঁহার নিকট শিক্ষায় বিপদ আছে; যেহেতু ভিনি ধদি হদয়ে সদ্ভাব সঞ্চার করিতে না পারেন, তিনি হয়তো অসদ্ভাব সঞ্চার করিবেন। এই বিপদ হইতে নিজেকে সর্বতোভাবে সাবধান রাখিতে হইবে। 'যিনি বিদ্বান্ নিস্পাপ ও কামগন্ধহীন, যিনি জ্রেষ্ঠ ব্রহ্মবিং,'' তিনিই প্রকৃত সদ্গুরু।

ষাহা বলা হইল, তাহা হইতে ইহা সহজেই প্রতীত হইবে যে, ধর্মে অহুরাগী হইবার, ধর্মের মর্মবোধ করিবার এবং উহা জীবনে পরিণত করিবার উপযোগী শিক্ষা যে কোন ব্যক্তির নিকট হইতে পাওয়া যায় না। 'পর্বতমালায়

^{😕 &#}x27;শ্রোত্তিয়োহবুজিনোহকামহতো বো একবিভদঃ।—বিবেকচ্ডামণি, ।

ধর্মোপদেশ-শ্রবণ, কলনাদিনী নদীতে গ্রন্থপাঠ ও সর্বত্র শুভ দর্শন'' আলমারিক বর্ণনাহিসাবে সভ্য বটে, কিন্তু বাহার নিজের মধ্যে সভ্য বিকশিত হয় নাই, সে কথনও এগুলি হইতে এভটুকু জ্ঞানও আহরণ করিতে পারে না। পর্বত, নদী প্রভৃতি কাহাকে শিক্ষা দিতে পারে ?—বাহার পথিত্র হ্রদয়ে ভজিক্ষিল ফুটিয়া উঠিয়াছে, সেই মানবাত্মাকে। আর বে আলোকে এই কমল স্থানা উঠিয়াছে, সেই মানবাত্মাকে। আর বে আলোকে এই কমল স্থানা উঠিয়া উঠে, ভাহা ব্রন্ধবিৎ সদ্গুক্তরই জ্ঞানালোক। যথন এইভাবে হাদয় উন্মৃক্ত হয়, তথন সেই হাদয়—পর্বত, নদী, তারা, স্থা, চক্র অথবা এই বিশ্বে বাহা কিছু আছে, তাহা হইতেই শিক্ষা লাভ করিতে পারে। কিন্তু বাহার হাদয় এখনও উন্মৃক্ত হয় নাই, সে এ-সকলে পর্বতাদি ব্যতীত আর কিছু দেখিতে পাইবে না। চিত্র-শালায় গিয়া অন্ধের কিছুই লাভ নাই। আগে ভাহাকে চক্ষ্ দাও, ভবেই সে সেখানকার বস্তুসমূহ হইতে কি শিক্ষা পাওয়া যায়, বুঝিতে পারিবে।

শুক্রই ধর্মশিক্ষার্থীর চক্ষ্ খুলিয়া দেন। স্থতরাং কোন ব্যক্তির সহিত তাহার বংশধরের যে দলন্ধ, গুরুর সহিত শিল্ডেরও ঠিক সেই সল্বন্ধ। শুরুর প্রতি বিশ্বাস, বিনয়নম্র আচরণ, তাঁহার নিকট শরণগ্রহণ ও তাঁহার প্রতি গভীর প্রদা ব্যতিরেকে আমাদের হৃদয়ে ধর্মের বিকাশ হইতেই পারে না। আর ইহাও বিশেষ লক্ষ্য করিবার বিষয় যে, যে-সব দেশে শুরুশিশ্রের এরুপ সল্বন্ধ আছে, কেবল সেই সব দেশেই অসাধারণ ধর্মবীরসকল জন্মিয়াছেন; আর যে-সব দেশে শুরুশিশ্রের এ সল্বন্ধ রক্ষা করা হয় নাই, সে-সব দেশে ধর্মের শিক্ষক কেবল বক্তামাত্র। নিজের প্রাণ্যের দিকেই তাঁহার দৃষ্টি, আর শিক্ত কেবল শুরুর কথাগুলিতেই মাথা পরিপূর্ণ করেন এবং অবশেষে উভয়েই নিজ নিজ পথ দেখেন,—একে আর অপরের চিস্তা করেন না, এরূপ ক্ষেত্রে ধর্ম প্রায় শ্বজ্ঞাতই থাকিয়া যায়; আধ্যাত্মিক শক্তিসঞ্চার করিবার কেহ নাই, গ্রহণ করিবারও কেহ নাই। এই-সব লোকের কাছে ধর্ম যেন ব্যবসায় হইয়া দাঁড়ায়। তাহারা মনে করে, অর্থ লারা ধর্ম ক্রের করা যায়। ঈশ্বরেচ্ছায় ধর্ম বিদি এত স্থলন্ড হইত। তাহাদের ঘ্র্ভাগ্য এই বে, এরূপ হইবার নয়।

And this our life exempt from public haunt.

Finds tongues in trees, books in the running brooks.

Sermons in stones and good in every thing.

⁻Shakespeare's 'As you Like It,' Act II, Sc. i

ধর্ম—সর্বোচ্চ জ্ঞানম্বরূপ যে ধর্ম, তাহা ধন-বিনিময়ে কিনিবার ক্লিনিস নয়, গ্রন্থ হইতেও তাহা পাওয়া যায় না। জগতের সর্বত্র ঘ্রিয়া আসিতে পারো, হিমালয় আয়স্ ককেসস্ প্রভৃতি অয়েবণ করিতে পারো, সম্ত্রের তলদেশ আলোড়ন করিতে পারো, তিব্বতের চারিকোণে অথবা গোবি-মঙ্কর চতুর্দিকে তয় ভয় করিয়া খ্লিতে পারো, কিন্তু যতদিন না তোমার হৃদয় ধর্ম গ্রহণ করিবার উপযুক্ত হইতেছে এবং যতদিন না তুমি গুরুলাভ করিতেছ, কোণাও ধর্ম খ্লিয়া পাইবে না। বিধাত্নিদিষ্ট এই গুরু যথনই লাভ করিবে, অমনি বালকবং বিশ্বাস ও সরলতা লইয়া তাঁহার সেবা কর, তাঁহার নিকট প্রাণ খ্লিয়া দাও, তাঁহাকে সাক্ষাৎ ঈশ্বররপে দেও। যাহারা এইরূপ প্রেম ও শ্রেমান্সার হইয়া সত্যাহসন্ধান করে, তাহাদের নিকট সত্যের ভগবান্ সত্য শিব ও স্থলরের অতি আশ্চর্য তত্ত্বসমূহ প্রকাশ করেন।

অবতার

ষ্ণোনে লোকে তাঁহার নামকীর্তন করে, সেই স্থান প্লবিত্র; আর ষেব্যক্তি তাঁহার নাম করেন, তিনি আরও কত পবিত্র! আর বাঁহার নিকট
আধ্যাত্মিক আলোক প্রাপ্ত হই, তাঁহার নিকট কতই না ভক্তির সহিত
অগ্রসর হওয়া উচিত! ঐরপ শ্রেষ্ঠ ধর্মাচার্যের সংখ্যা খুব বিরল বটে, কিন্তু
জগং একেবারে এই-সকল আচার্য-বিরহিত হয় না। যে মৃহুর্তে পৃথিবী
একেবারে আচার্যশৃত্য হয়, সেই মৃহুর্তেই উহা এক ভয়ানক নরকরুতে পরিণত
হয় ও বিনাশের দিকে ধাবিত হয়। আচার্যগণই মানবজাতির স্কর্মক্রম
প্রকাশস্বরূপ এবং 'অহেতুকদয়াসিরু'।'

শ্রীকৃষ্ণ ভাগবতে বলিয়াছেন, 'আমাকে আচার্য বলিয়া জানিও।' অর্থাৎ সাধারণ গুরুশ্রেণী অপেক্ষা উন্নততর আর এক শ্রেণীর গুরু আছেন—ঈশ্বরের অবতারগণ। ইহারা স্পর্শ দারা, এমন কি, কেবল মাত্র ইচ্ছা দারাই অপরের ভিতর ভগবদ্রাব দক্ষার করিয়া দিতে পারেন। তাঁহাদের ইচ্ছায় অতি তৃশ্চরিত্র ব্যক্তিও মৃহুর্তের মধ্যে সাধু হইয়া যায়। ইহারা সকল গুরুর গুরু, মাহুষের ভিতর ভগবানের শ্রেষ্ঠ অভিব্যক্তি; আমরা তাঁহাদের ভিতর দিয়া ব্যতীত অগ্র উপায়ে ভগবান্কে দেখিতে পারি না। মাহুষ তাঁহাদিগকে উপাসনা না করিয়া থাকিতে পারে না; আর বাস্তবিক এই আচার্যগণকে উপাসনা করিতে আমরা বাধ্য।

এই-সকল নররূপধারী ঈশ্বর ব্যতীত ভগবান্কে দেখিবার আমাদের আর
অন্ত কোন উপায় নাই। আমরা যদি আর কোনরূপে তাঁহাকে দেখিতে ইচ্ছা
করি, তবে আমরা একটা কিন্তৃতকিমাকার বস্ত গঠন করি এবং উহাকেই প্রকৃত
ঈশ্বর বলিয়া মনে করি। গল্প আছে—এক আনাড়ীকে শিব গড়িতে বলা
হয়; অনেক দিন চেষ্টা করিয়া সে একটি বানর গড়িয়াছিল। সেইরূপ
ভগবান্কে নিশুল পূর্ণস্বরূপে যখনই আমরা ভাবিতে যাই, তখনই আমরা
শোচনীয়ভাবে বিফল হই; কারণ যতদিন আমরা মানুষ, ততদিন তাঁহাকে

১ বিবেকচূড়ামণি, ৩৫

२ व्याहार्यः मार विकानीयार । — श्रीमहानवर्छ, ১১।১१।२७

মামুবভাবে ছাড়া অগুভাবে কখনই ভাবিতে পারিব না। অবশ্য এমন সময় আসিবে, যখন আমরা মহয়প্রকৃতি অতিক্রম করিয়া তাঁহার স্ক্রপবোধে সমর্থ হইব, কিন্তু যতদিন সীমাবন্ধ মাহুষ থাকিব, ততদিন মাহুষের ভিতর ও মাকুষরূপেই তাঁহাকে উপাসনা করিতে হইবে। যাই বল না কেন, ষভই চেষ্টা কর না কেন, ভগবান্কে মানব-ভাবে ছাড়া আর কোন ভাবেই চিন্তা করিতে পার না। ঈশবসহম্বে বা জগতের অক্সান্ত বস্তু সম্বন্ধে খুব যুক্তিতর্ক-সমন্বিত বক্তৃতা দিতে পারো, থ্ব যুক্তিবাদী হইতে পারো, আর ভগবানের এই-সকল মহুষ্য-অবতারের কথা সব ভ্রমাত্মক-এ-কথা নিজের সস্তোবজনক-ভাবে প্রমাণ করিতে পারো, কিন্তু সহজ বৃদ্ধিতে কি বলে তাহা একবার পরীকা করিয়া দেখা যাক্। দেখি, এই প্রকার অসাধারণ বুদ্ধিবৃত্তির পশ্চাতে কি আছে ? কিছুই নাই—শৃশু, কেবল কতকগুলি বাক্যাড়ম্বর মাত্র। তারপর যখন দেখিবে, কোন লোক এইরূপ অবতারপূঞ্জার বিরুদ্ধে মহাযুক্তিতর্কের সহিত বকুতা করিভেছে, তাহাকে ধরিয়া জিজ্ঞাদা কর:—ঈশব সম্বন্ধে তোমার নিজের ধারণা কি ? 'সর্বশক্তিমত্তা', 'সর্বব্যাপিতা' ও এইরূপ শব্দগুলি ছারা কি বোঝ? দেখিবে, ঐগুলির বানান ব্যতীত সে আর অধিক কিছু বোঝে না। এ-সকল শব্দের দ্বারা তাহার মনে কোন অর্থের্ট বোধ হয় না, এমন কোন ভাব ছারা সে ঐগুলি ব্যক্ত করিতে পারে না, যাহা তাহার মানবীয় প্রকৃতি দারা প্রভাবিত হয় নাই। এই বিষয়ে রান্ডার ষে লোকটা একথানা পুঁথিও পড়ে নাই, তাহার সহিত এ ব্যক্তির কিছুমাত্রভেদ নাই। তবে সে লোকটা শান্তপ্রকৃতি, জগতের শান্তিভঙ্গ করে না, আর এই বক্তা সমাজে অশান্তি ও তৃংথ সৃষ্টি করে। বাস্তবিক প্রত্যকামভূতিতেই ধর্ম, হতরাং শৃত্তগর্ভ বক্তৃতা ও প্রত্যক্ষাহভূতির মধ্যে আমাদের বিশেষ প্রভেদ করা আবশ্রক। আত্মার গভীরতম প্রদেশে আমরা যাহা অহভব করি, তাহাকেই প্রত্যক্ষাত্বভূতি বলে। এই বিষয়ে সহজ জ্ঞান যত তুর্লভ, আরু কিছুই তত ত্র্লভ নয়।

আমাদের বর্তমান প্রকৃতি ষেরূপ, তাহাতে আমরা সীমাবদ্ধ, ভগবান্কে আমরা মহয়রূপে দেখিতে বাধ্য। মনে কর, মহিষদের ভগবান্কে প্রা করিবার ইচ্ছা হইল—তাহাদের স্বভাব অহবায়ী তাহারা ভগবান্কে একটি বৃহৎ মহিষরূপে দেখিবে। মংশু যদি ভগবানের আরাধনা করিতে ইচ্ছা করে, তবে তাহাকে ভাবিতে হইবে, ভগবান্ একটি বৃহৎ মংশ্র। মাহ্নবক্ত ভাবিতে হইবে, ভগবান্ মাহ্নব, আর ঐ-সকল সীমাবদ্ধ বিভিন্ন ধারণা বিক্লত কল্পনাসভূত নয়। মাহ্নব, মহিন্ত, মংশ্র—এগুলি বেন ভিন্ন ভিন্ন পাত্রম্বরূপ, সব-গুলি ভগবৎ-সমৃদ্রে নিজ নিজ ধারণ-শক্তি ও আকৃতি অহ্নসাবে পূর্ণ হইয়াছে। মাহ্নবে ঐ জল মাহ্নবের আকার ধারণ করিল, মহিষে মহিষের আকার ও মংশ্রে মংশ্রাকার ধারণ করিল। প্রভ্যেক পাত্রে সেই এক ঈশ্বর-সমৃদ্রের জল রহিয়াছে। নিজ মনের প্রকৃতি ও শক্তি অহ্নযায়ী বদি কেহ ঈশ্বর সম্বদ্ধে কোন ধারণা করে, আমরা তাহাকে দোষ দিতে পারি না। স্নভরাং ঈশ্বকে মাহ্যক্রপেই উপাসনা করা ছাড়া আমাদের আর জন্ম কোন পথ নাই।

ত্ই প্রকার লোক ভগবান্কে মাহ্যরূপে উপাসনা করে না। প্রথম—
নরপশুগণ, যাহাদের কোনরূপ ধর্মজ্ঞান নাই; দ্বিতীয়—পরমহংসগণ, যাহারা
মহয়স্থলত সম্দয় ত্র্বলতা অতিক্রম করিয়া মানবপ্রকৃতির সীমা ছাড়াইয়া
গিয়াছেন। সম্দয় প্রকৃতিই তাঁহাদের আত্মস্বরূপ হইয়া গিয়াছে। তাঁহারাই
কেবল ভগবান্কে তাঁহার স্বরূপে উপাসনা করিতে পারেন। অক্স সব বিষয়ে
বেমন, এখানেও তেমনি তুইটি চরম বিপরীত ভাব একরূপ দেখায়। অতিশয়
অজ্ঞানী ও পরম জ্ঞানী—এ হয়ের কেহই উপাসনা করে না; নরপশুগণ অজ্ঞান
বিলয়া উপাসনা করে না, জীবমুক্ত পুরুষগণ সর্বদা আত্মার মধ্যে পরমাত্মাকে
অহ্নভব করিতেছেন বলিয়া তাঁহাদের আর স্বতন্ত্র উপাসনা প্রয়োজন হয়
না। যে-ব্যক্তি এই তুই চূড়ান্তভাবের মধ্যবর্তী, অথচ বলে, আমি ভগবান্কে
মহা্মরূপে উপাসনা করিতে ইচ্ছা করি না, দেই ব্যক্তিকে বিশেষ ষত্মের
সহিত তত্মাবধান করা আবশুক। কঠোরতর ভাষা প্রয়োগ না করিয়াও
বলিতে হয়, দে প্রলাপ বকিতেছে, দে ভূল করিয়াছে; তাহার ধর্ম বিকৃতমন্তিক্ষ
ও বৃদ্ধিহীন ব্যক্তিগণেরই উপযুক্ত।

ভগবান্ মাহ্ষের ত্র্ণতা বুঝেন, এবং মাহ্যের হিতের জক্তই মাহ্যেরপে অবতীর্ণ হন। 'যথনই ধর্মের গ্লানি ও অধর্মের অভ্যুত্থান হয়, তথনই আমি নিজেকে সঞ্জন করি। সাধুদের রক্ষা, পাপিগণের ত্ত্তুতিনাশ ও ধর্মসংস্থাপনের

জন্ম আমি যুগে যুগে জন্মগ্রহণ করি।'' 'জগতের ঈশ্বর আমি,—আমার প্রকৃত স্বরূপ না জানিয়া অজ্ঞ ব্যক্তিরা মহয়ত্রপধারী আমাকে উপহাদ করে।'

অবতার সম্বন্ধে গীতায় ভগবান্ প্রীকৃষ্ণ এই কথা ঘোষণা করিয়াছেন। ভগবান্ প্রীরামকৃষ্ণদেব বলিতেন, 'যথন প্রবল বক্তা আসে, তখন সব ছোট ছোট নদী ও থানা কানায় কানায় ভরিয়া যায়; সেইরূপ ষথন অবতার আসেন, তখন আধ্যাত্মিক তরঙ্গ জগংকে ভাসাইয়া লইয়া যায়, সাধারণ মানুষও তথন হাওয়াতেই ধর্মভাব অনুভব করে।'

যদা বদা হি ধর্মস্ত গ্লানির্ভবতি ভারত।
অভাপানমধর্মস্ত তদাঝানং ক্রজামাহন্ ঃ
পরিক্রাণায় সাধ্নাং বিনাশায় চ হল্পতান্।
ধর্মসংস্থাপনার্থায় সম্ভবামি বুগে বুগে ঃ—গীতা, ৪।৭-৮

২ অবজানস্তি মাং মৃঢ়া মাসুবীং তমুমাঞ্জিন্। পরং ভাবমজানস্তো মম ভূতমহেখরস্ ।—গীতা, ১।১১

আমরা কিন্তু এখানে মহাপুরুষ বা অবতারগণের কথা বলিতেছি না; এখন আমরা সিদ্ধ গুরুদিগের বিষয় আলোচনা করিব। তাঁহাদিগকে সচরাচর মন্ত্র দারা শিশ্বগণের ভিতর আধ্যাত্মিক জ্ঞানের বীজ্ঞ বপন করিতে হয়। এই মন্ত্রগুলি কি ? ভারতীয় দর্শনের মতে সমুদয় জগৎ নামরূপাত্মক। এই ক্ষুদ্র ব্রহ্মাণ্ডরূপ মহয়্য-চিত্তে এমন একটি তরক থাকিতে পারে না, যাহা নামরপাত্মক নয়। যদি ইহা সত্য হয় যে, প্রকৃতি সর্বত্র এক নিয়মে গঠিত, তাহা হইলে এই নামরপাত্মকতা বিরাট ব্রহ্মাণ্ডেরও নিয়ম বলিতে হইবে। 'ষেমন একটি মৃংপিওকে জানিলে আর সমস্ত মৃত্তিকাকেই জানিতে পার। যায়,'' তেমনি এই ক্ষুদ্র ব্রহ্মাণ্ড বা দেহ-পিণ্ডকে জানিতে পারিলে বিরাট ব্রহ্মাণ্ডকেও জানিতে পারা যায়। রূপ বস্তুর বাহিরের আবরণ বা ত্বক্, আর নাম বা ভাব ষেন উহার অন্তর্নিহিত শস্তা। ক্ষুদ্র ব্লাণ্ডে শরীরই রূপ, আর মন বা অন্তঃকরণই নাম, এবং বাক্শক্তিযুক্ত প্রাণিসমূহে এই নামের সহিত উহাদের বাচকশবগুলি নিত্যযুক্তভাবে বর্তমান। অগ্যভাষায় বলিতে গেলে ব্যক্তি-মামুষের ভিতরেই 'ব্যষ্টিমহৎ' বা চিত্তে এই চিস্তাতরকগুলি উত্থিত হইয়া প্রথমে শব্দ বা ভাবরূপে, পরে বাক্যে ও কর্মে ভদপেক্ষা স্থুলতর আকার ধারণ করে।

বৃহৎ ব্রহ্মাণ্ডেও ব্রহ্মা, হিরণাগর্ভ ব। 'সমষ্টিমহৎ' প্রথমে নিজেকে নামে, পরে রূপাকারে অর্থাৎ পরিদৃশ্যমান জগজপে অভিব্যক্ত করেন। এই ব্যক্ত ইন্দ্রিয়গ্রাহ্ম জগৎই 'রূপ'; ইহার পশ্চাতে অনন্ত অব্যক্ত 'ম্ফোট' রহিয়াছে। ফোট বলিতে সমৃদয় জগতের অভিব্যক্তির কারণ 'শব্দবহ্ম'। সমৃদয় নাম বা ভাবের উপাদান-শ্বরূপ নিত্য ফোটই সেই শক্তি, যাহা দ্বারা উগবান্ এই জগৎ সৃষ্টি করেন; শুধু তাই নয়, ভগবান্ প্রথমে নিজেকে ফোটরূপে পরিণত করিয়া পরে অপেক্ষাকৃত শ্বুল এই পরিদৃশ্যমান জগজপে বিকশিত করেন। এই ফোটের একটিমাত্র বাচক শব্দ আছে—'ওঁ'। আর কোনরূপ

^{&#}x27;বৰণা সৌবৈয়কেন মুৎপিত্তেন সৰ্বং মুনায়ং বিজ্ঞাতং স্থাৎ' ইজ্ঞাদি।—ছান্দোগ্য উপ., ৬।১।৪ 🕆

বিশ্লেষণ-বল্লেই যখন আমরা ভাব হইতে শব্দকে পৃথক্ করিতে পারি না, তখন এই ওঁকার ও নিত্য-স্ফোট অবিভাক্সরূপে বর্তমান। এক্স শ্রুতি বলেন, সমুদন্ন নামরূপের উৎস—ওক্ষাররূপ এই পবিত্রতম শব্দ হইতে এই স্থুল জগৎ স্থষ্ট হইয়াছে। তবে যদি বলো যে, শব্দ ও ভাব নিত্যসম্বন্ধ বটে, কিন্তু একটি ভাবের বাচক বিবিধ শব্দ থাকিতে পারে, স্থতরাং সমৃদয় জগতের অভিব্যক্তির কারণস্বরূপ ভাবের বাচক যে এই একটি বিশেষ শব্দ ওঙ্কার, ভাহা মনে করিবার কোন প্রয়োজন নাই। এই আপত্তির উত্তরে আমরা বলি, ওঙ্কারই এইরূপ সর্বভাব-প্রকাশক বাচক শব্দ, আর কোন শব্দ ইহার তুল্য নয়। ক্ষোটই সমুদয় ভাবের উপাদান, ইহা কোন একটি বিশেষ ভাব নয়; অর্থাৎ বিভিন্ন ভাবগুলির মধ্যে পরস্পর যে বৈশিষ্ট্য আছে, তাহা যদি দূর করিয়া দেওয়া যায়, তাহা হইলে এই ফোটই অবশিষ্ট থাকিবে। প্রত্যেকটি বাচক শব্দ এক একটি ভাব প্রকাশ করে, অতএব উহা স্ফোটের প্রতীক হইতে পারে না। কারণ স্ফোট সর্বভাবের সমষ্টি। আর কোন বাচক শব্দ দ্বারা অব্যক্ত স্ফোটকে প্রকাশ করিতে হইলে উহা তাহাকে এতদুর বিশিষ্ট করিয়া ফেলে যে, তাহাতে আর সমষ্টিভাব থাকে না, উহা একটি বিশেষ ভাবে পরিণত হয়। অতএব স্ফোটকে বুঝাইতে হইলে এমন একটি শব্দ খুঁজিয়া বাহির করিতে হইবে, যাহা দারা ফোট খুব অল্ল পরিমাণে বিশেষভাবাপন হয় এবং দক্ষে উহার বিশ্বব্যাপী প্রকৃতি যথাসম্ভব ভাবে প্রকাশ করে, তাহাই উহার সর্বাপেক্ষা প্রকৃত বাচক।

শ্রুতি বলেন ওঙ্কার, কেবলমাত্র ওঙ্কারই এইরূপ শব্দপ্রতীক। কারণ অ, উ, ম—এই তিনটি অক্ষর একত্রে 'অউম' এইরূপে উচ্চারিত হইলে উহাই সর্বপ্রকার শব্দের সাধারণ বাচক হইতে পারে। সমৃদয় শব্দের মধ্যে 'অ' সর্বাপেক্ষা কম বিশেষভাবাপর। এই কারণেই শ্রীকৃষ্ণ গীতায় বলিয়াছেন, 'অক্ষরের মধ্যে আমি অকার।'' আর সমৃদয় স্পষ্টোচ্চারিত শব্দই ম্থগহ্বেরের মধ্যে জিহ্বামূল হইতে আরম্ভ করিয়া ওঠ পর্যন্ত স্পর্শ করিয়া উচ্চারিত হয়। 'অ' কঠ হইতে উচ্চারিত, 'ম' শেষ ওঠ্য বর্ণ। আর 'উ' জিহ্বামূল হইতে যে শক্তি আরম্ভ হইয়া ওঠে শেষ হয়, সেই শক্তিটি যেন

১ অক্ষরাণামকারোহিন্ম।—গীতা, ১০।৩৩

গড়াইয়া যাইতেছে—এই ভাব প্রকাশ করে। প্রক্লজ্রপে উচ্চারিত হইলে এই ওকার সমৃদয় শন্দাচারণ ব্যাপারটির স্চক; আর কোন শন্দেরই সেই শক্তি নাই; স্থতরাং এই শক্তিই স্ফোটের যোগ্যতম বাচক, আর এই স্ফোটই ওকারের প্রকৃত বাচ্য। এবং বাচ্য হইতে বাচক পৃথক্ করা যাইতে পারে না, স্থতরাং এই 'ওঁ' এবং 'স্ফোট' এক ও অভিয়। এই জন্ম স্ফোটকে বলা হয় 'নাদব্রহ্মা', আর যেহেতু এই স্ফোট ব্যক্ত জগতের স্ক্লেতর দিক বলিয়া ঈশ্বরের নিকটতর এবং ঈশ্বরীয় জ্ঞানের প্রথম প্রকাশ, সেই হেতু ওকারই ঈশ্বরের প্রকৃত বাচক। আর সেই একমাত্র 'অথও সচ্চিদানন্দ' ব্রহ্মকে যেমন অপ্র্ জীবাত্মাগণ বিশেষ বিশেষ ভাবে ও বিশেষ বিশেষ গুণযুক্তরূপে চিন্তা করিতে পারে, সেইরূপ তাঁহার দেহরূপ এই জ্বগংকেও সাধকের মনোভাবঅন্থায়ী ভিন্নরূপে চিন্তা করিতে হইবে।

উপাসকের মনে সন্থ, রজঃ ও তমঃ এই তিনটি গুণের যখন যেটি প্রবল থাকে, তখন তাহার মনে ঈশ্বর সম্বন্ধে তদম্যায়ী ভাবই উদিত হয়। ইহার ফল এই, একই ব্রহ্ম ভিন্ন জিন্ন রূপে ভিন্ন ভিন্ন গুণপ্রাধান্তে দৃষ্ট হইবেন, আর দেই এক জগংই ভিন্ন ভিন্ন রূপে প্রতিভাত হইবে। সর্বাপেক্ষা অল্ল বিশেষভাবাপন্ন সার্বভৌম বাচক ওক্ষারে যেমন বাচ্য ও বাচক ঘনিষ্ঠ সম্বন্ধে সম্বন্ধ, তক্রপ এই বাচ্য-বাচকের অবিচ্ছিন্ন সম্বন্ধ ভগবানের ও জগতের বিশেষ বিশেষ থওভাব সম্বন্ধেও থাটিবে। আর ইহার সবগুলিরই বিশেষ বিশেষ বাচক শব্দ থাকা আবশ্রক। মহাপুরুষদের গভীর আধ্যান্ত্রিক অম্ভূতি হইতে উথিত এই বাচক শব্দসমূহ যথাসম্ভব ভগবান্ ও জগতের এই বিশেষ বিশেষ খণ্ড-ভাব প্রকাশ করে। ওক্ষার যেমন অথও ব্রহ্মবাচক, অন্যান্ত মন্ত্রগুলিও সেইরূপ সেই পর্মপুরুষের থণ্ড-ভাবগুলির বাচক। এ সবগুলিই ঈশ্বধ্যানের ও প্রকৃত জ্ঞানলাভের সহায়।

প্রতীক ও প্রতিমা-উপাসনা

এইবার প্রতীকোপাদনা ও প্রতিমাপ্জার বিষয় আলোচনা করিব।
প্রতীক অর্থে যে-দকল বস্তু ব্রন্ধের পরিবর্তে উপাদনার যোগ্য। প্রতীকে
ভগবত্পাদনার অর্থ কি ? ভগবান্ রামায়জ বলিয়াছেন: 'ব্রন্ধ নয়,
এমন বস্ততে বন্ধবৃদ্ধি করিয়া ব্রন্ধের অয়সন্ধানকে প্রতীকোপাদনা বলে।''
শক্ষরাচার্য বলিয়াছেন: 'মনকে ব্রন্ধরণে উপাদনা করিবে, ইহা আধ্যাত্মিক,
আকাশ বন্ধ ইহা আধিদৈবিক। মন আধ্যাত্মিক ও আকাশ বাহ্য প্রতীক—
এই উভয়কেই ব্রন্ধন্ধরণে উপাদনা করিতে হইবে। এইরূপ আদিত্যই
বন্ধা, ইহাই আদেশ··িঘিনি নামকে ব্রন্ধরণে উপাদনা করেন ইত্যাদি স্থলে
প্রতীকোপাদনা সম্ভে সংশয় হয়।' প্রতীক শব্দের অর্থ—বাহিরের দিকে
যাওয়া, আর প্রতীকোপাদনা-অর্থে ব্রন্ধের পরিবর্তে এমন এক বন্ধর উপাদনা,
যাহা একাংশে অথবা অনেকাংশে ব্রন্ধের খুব দায়িহিত, কিন্তু বন্ধ নয়।
শ্রুতিতে বর্ণিত প্রতীকের স্থায় পুরাণ তন্ত্রেও অনেক প্রতীকোপাদনার অন্তর্ভুক্ত করা
যাইতে পারে।

এখন কথা এই, ঈশরকে—কেবল ঈশরকে উপাসনা করার নামই ভক্তি।
দেব, পিতৃ অথবা অন্ত কোন উপাসনা ভক্তি-শব্দবাচ্য হইতে পারে না।
ভিন্ন ভিন্ন উপাসনা কর্মকাণ্ডের অন্তর্ভুক্ত; উহা উপাসককে কেবল
কোন প্রকার স্বর্গভোগরূপ বিশেষ ফল প্রদান করে, কিন্তু উহাতে ভক্তির
উদয় হয় না—উহা মৃক্তিও দিতে পারে না। স্বতরাং একটি কথা
বিশেষরূপে মনে রাখা আবশ্রক। দার্শনিক দৃষ্টিতে পরব্রদ্ধ হইতে জগৎকারণের উচ্চতম ধারণা আর হইতে পারে না; প্রতীকোপাসক কিন্তু অনেক
ছলে এই প্রতীককে ব্রন্ধের আসনে বসাইয়া উহাকে আপন অন্তরাত্বা বা

অবক্ষণি বক্ষাদৃষ্ট্যাংশুসন্ধানন্।—রামাশুজভায়, বক্ষশুরে, ৪।১।৫

২ মনো রক্ষেত্যুপাসীতেভাধ্যাক্সম্। অধাধিদৈবতমাকাশো রক্ষেতি। তথা আদিভো রক্ষেত্তাদেশঃ। স যো নামরক্ষেত্যুপাত্তে ইভাবমাদিব্ প্রতীকোপাসনের সংশয়ঃ।—লাহরভান্ত, বক্ষপ্ত, ৪।১।৪। সংশয়ের উত্তর পরবর্তী সূত্রের ভাকে প্রমন্ত ইইয়াছে।

অন্তর্গামিরপে চিন্তা করেন, এরপ হলে দেই উপাদক সম্পূর্ণ বিপথে চালিত হন, কারণ প্রকৃত প্রস্তাবে কোন প্রতীকই উপাসকের আত্মা হইতে পারে না। কিন্তু যেথানে ত্রন্ধই উপাশু, আর প্রতীক কেবল উহার প্রতিনিধিম্বরূপ অথব৷ উহার উদ্দীপক কারণমাত্র, অর্থাৎ যেখানে প্রতীকের সহায়তায় সর্বব্যাপী ব্রহ্মের উপাসনা করা হয়, প্রতীককে প্রতীকমাত্র না দেখিয়া জগৎকারণ-রূপে চিস্তা করা হয়, দেখানে এইরূপ উপাসনা বিশেষ উপকারী। শুধু তাই নয়, প্রবর্তকদিগের পক্ষে উহা একেবারে অনিবার্ষরূপে প্রয়োজনীয়। স্থতরাং যখন কোন দেবতা অথবা অন্ত প্রাণীকে ঐ দেবতা অথবা প্রাণিরূপেই উপাসনা করা হয়, তখন এরূপ উপাসনাকে একটি আফুষ্ঠানিক কর্মমাত্র বলা যাইতে পারে। আর উহা একটি 'বিছা' বলিয়া উপাসক ঐ বিশেষ বিত্যার ফল লাভ করিয়া থাকেন। কিন্তু যথন কোন দেবতা অথবা অন্ত কেহ ব্রহ্মরূপে দৃষ্ট ও উপাসিত হন, তথন উহা দর্বনিয়ন্তা ঈশ্বরের উপাসনার সহিত তুল্যফল হইয়া পড়ে। ইহা হইতেই বুঝা যায়, অনেক স্থলে শুন্তি, শ্বতি—সর্বত্রই কোন দেবতা, মহাপুরুষ বা অগ্র কোন অলোকিক পুরুষের ব্যক্তিগত প্রকৃতি ভূলিয়া গিয়া তাঁহাদিগকে ব্রহ্মরূপে উপাসনা করা হয় কেন। ব্যাখ্যাম্বরূপে অদ্বৈতবাদী বলেন, 'নামরূপ বাদ দিলে সকল বস্তুই কি ত্রহ্ম নয়?' বিশিষ্টাদ্বৈতবাদী বলেন, 'সেই প্রভূই কি সকলের অস্তরাত্মা নন ?' শহর তাঁহার ত্রহ্মস্ত্রভাষ্যে বলিয়াছেন, 'আদিত্যাদির উপাসনার ফল ব্রন্ধাই দেন, কারণ তিনিই সকলের অধ্যক্ষ। যেমন প্রতিমাদিতে বিষ্ণু-আদি দৃষ্টি আরোপ করিতে হয়, তেমনি প্রতীকেও ব্রহ্মদৃষ্টি আরোপ করিতে হয়, স্থতরাং এখানে প্রকৃতপক্ষে ব্রন্ধেরই উপাসনা করা হইতেছে বুঝিতে হইবে।''

প্রতীক সম্বন্ধে ষে-সকল কথা বলা হইল, প্রতিমা সম্বন্ধেও সেই-সকল কথা খাটিবে, অর্থাৎ যদি প্রতিমা কোন দেবতা বা সাধুসম্ভেদ্ন স্মৃদক্ত হয়, তাহা হইলে সেইরূপ উপাসনাকে ভক্তি বলা যাইবে না, স্বতরাং উহা হইতে মুক্তিলাভ হইবে না। কিন্তু উহা সেই এক ঈশ্বরের স্চক হইলে উহার উপাসনায় ভক্তি ও মুক্তি—উভয়ই লাভ হয়। জগতের প্রধান প্রধান

> ফলন্ত - ন্যাদিত্যাত্মপাসনেহপি ব্রক্ষৈব দান্ততি সর্বাধ্যক্ষত্বাং। - ন্সদৃশং চাত্র ব্রহ্মণ উপাস্তত্বং বং প্রতীকের্ তদ্দৃষ্ট্যধারোপণং প্রতিমাদির্ ইব বিষ্ণাদীনান্।—শান্ধরভান্ত, ব্রহ্মস্ত্র ৪।১।৫

ধর্মগুলির মধ্যে বেদান্ত, বৌদ্ধধর্ম ও খৃষ্টধর্মের কোন কোন সম্প্রদায় সাধকদের সহায়তার জন্ম অবাধে পূর্বোক্ত ভাবে প্রতিমার সন্থাবহার করিয়া থাকেন; কেবল মুসলমান ও প্রোটেস্ট্যাণ্ট ধর্ম এই সহায়তা অস্বীকার করেন। তাহা হইলেও মুসলমানেরা তাঁহাদের সাধুসস্ত ও শহীদগণের কবর অনেকটা প্রতীক বা প্রতিমারপেই ব্যবহার করিয়া থাকেন। প্রোটেস্ট্যাণ্টরা ধর্মে বাহু সহায়তার আবশ্যকতা উড়াইয়া দিতে গিয়া ক্রমশঃ আধ্যাত্মিক ভাব হইতে বিচ্যুত হইয়া পড়িতেছেন, আর আজকাল থাঁটি প্রোটেস্ট্যান্টের সহিত কেবল নীতিমাত্রবাদী, অগস্ট কম্তের চেলা ও অজ্ঞেয়বাদীদের কোন প্রভেদ নাই। আবার খৃষ্ট বা ইসলাম ধর্মে প্রতিমাপুজার ষেটুকু অবশিষ্ট আছে, দেটুকুতে কেবল প্রতীক বা প্রতিমাই উপাদিত হয়, 'ব্রহ্মদৃষ্টিরুৎকর্যাৎ' অর্থাৎ ব্রহ্মদৃষ্টিদৌকর্যার্থে নয়। স্থতরাং উহা বড় জোর কর্মকাণ্ডের অন্তর্গত মাত্র। অতএব উহা হইতে মৃক্তি বা ভক্তিলাভ হইতে পারে না। এইপ্রকার প্রতিমা-পূজাতে সাধক সর্বনিয়স্তা ঈশ্বর ভিন্ন অন্ত বস্তুতে আত্মসমর্পণ করে, স্থতরাং মৃতি বা কবর, মন্দির বা শ্বতিশুদ্ধের এইরূপ ব্যবহারই প্রকৃত পুতুলপূজা। কিন্তু তাহা হইলেও উহা কোন পাপকর্ম বা অগ্রায় নয়, উহা একটি অহুষ্ঠান--একটি কর্মাত্র; উপাসকেরা অবশ্যই উহার ফল পাইয়া থাকেন।

ইফনিষ্ঠা

এইবার ইটনিষ্ঠা সহস্কে আমাদিগকে আলোচনা কারতে হইবে। বে ভক্ত হইতে চায়, তাহার জানা উচিত, 'যত মত তত পথ'—তাহার জানা উচিত, বিভিন্ন ধর্মসম্প্রদায় সেই একই ভগবানের মহিমার বিভিন্ন বিকাশমাত্র।

'হে ভগবান, লোকে ভোমাকে কত বিভিন্ন নামে ডাকিয়া থাকে—লোকে ভোমাকে বিভিন্ন নামে যেন ভাগ করিয়া ফেলিয়াছে। কিন্তু ঐ প্রত্যেক নামেই যেন ভোমার পূর্ণশক্তি বর্তমান। যে উপাদক যে ভাবে উপাদনা করিতে ভালবাদে, তাহার নিকট তুমি দেই নামের ভিতর দিয়াই প্রকাশিত হও। তোমার প্রতি আত্মার ঐকান্তিক অহুরাগ থাকিলে ভোমাকে ডাকিবারও কোন নির্দিষ্ট কাল নাই। তোমার নিকট এত সহজে যাওয়া যায়, কিন্তু আমার তুর্দৈব—তোমার প্রতি অহুরাগ জ্মিল না।''

শুধু তাই নয়, ভক্ত যেন বিভিন্ন সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা জ্যোতির তনয়গণকে দ্বণা না করেন; এমন কি তাঁহাদের সমালোচনা-বিষয়েও যেন বিশেষ সতর্ক থাকেন; তাঁহাদের নিন্দা শোনাও তাঁহার উচিত নয়। অবশ্য এমন লোক অতি অল্পই আছেন, বাঁহারা উদার, সহায়ভৃতিসম্পন্ন, অপরের গুণগ্রহণে সমর্থ আবার গভীর ভগবং-প্রেমসম্পন্ন। সচরাচর দেখা যায়, উদারভাবাপন্ন সম্প্রদায়গুলি আধ্যাত্মিক গভীরতা হারাইয়া ফেলে। ধর্ম তাহাদের নিক্ট একপ্রকার রাজনীতিক-সামাজিক-ভাবাপন্ন সমিতির কার্যে পরিণত হয়। আবার থ্র সকীর্ণ সাম্প্রদায়িক ব্যক্তিগণের নিজ্ম আদর্শের প্রতি থ্র ভালবাসা আছে বটে, কিন্তু তাহাদের এই ভালবাসার প্রতিটি বিন্দু অপর সকল সম্প্রদায়ের—বেগুলির মতের সহিত তাহাদের এতটুকুও পার্থক্য আছে—সেগুলির উপর দ্বণা হইতে সংগৃহীত হইয়াছে। ঈশ্বনেছায় জগৎ যদি পরম উদার অথচ গভীরপ্রেমসম্পন্ন জনগণে পূর্ণ হইয়া যাইত, বড় ভাল হইত। কিন্তু

নায়ামকারি বহুধা নিজসর্বশক্তি
 ত্র্রোপিতা নিয়মিতঃ স্মরণে ন কালঃ।

 এতাদৃশী তব কুপা ভগবন্ ময়াপি

 ছুর্দেবমীদৃশমিহাজনি নামুরাগঃ ।—শিক্ষাইকম্, জীকুফ্চৈভক্ত

এরপ মহাত্মার সংখ্যা অতি বিরল। তথাপি আমরা জানি, জগতের অনেককে এই আদর্শে শিক্ষিত করা সম্ভব; আর ইহার উপায় এই 'ইটনিষ্ঠা'।

প্রত্যেক ধর্মের প্রতিটি সম্প্রদায় মাত্বকে শুধু নিজের আদর্শটি দেখাইয়া দেয়, কিন্তু সনাতন বৈদান্তিক ধর্ম ভগবানের সেই মন্দিরের অভ্যন্তরে প্রবেশ করিবার অনস্ত দ্বার খুলিয়া দেন, এবং মানবের সমক্ষে একরূপ অগণিত আদর্শরাশি হাপন করেন। সেই আদর্শগুলির প্রত্যেকটিই সেই অনস্তস্থরপের এক-একটি বিকাশমাত্র। অতীত ও বর্তমানের মহামহিমময় ঈশ্বরতনয় বা ঈশ্বরের অবতারগণ মহয়জীবনের বান্তব ঘটনাবলীর কঠিন পর্বত কাটিয়া বে-সকল বিভিন্ন পথ বাহির করিয়াছেন, পরমকরুণাপরবশ হইয়া বেদান্ত উহা ম্মুক্ষ্ নরনারীগণকেও দেখাইয়া দেন, আর বাহু প্রসারিত করিয়া সকলকে— এমন কি ভবিয়ৎ মানবকেও সেই সত্য ও আনন্দের ধামে আহ্বান করেন, যেখানে মানবাত্মা মায়াজাল হইতে মুক্ত হইয়া পূর্ণ স্বাধীনতা ও অনস্ত আনন্দের অবস্থায় উন্ধীত হয়।

ভক্তিষোগ এইরপে ভগবং প্রাপ্তির বিভিন্ন পথগুলির একটিকেও ঘুণা বা অস্বীকার করিতে নিষেধ করেন। তথাপি গাছ যত দিন ছোট থাকে, ততদিন বেড়া দিয়া রাখিতে হয়। অপরিণত অবস্থায় নানাপ্রকার ভাব ও আদর্শ সমূধে রাখিলে ধর্মরপ কোমল লতিকা মরিয়া যাইবে। অনেক লোক উদার ধর্মভাবের নামে অনবরত ভাবাদর্শ পরিবর্তন করিয়া নিজেদের বুণা কৌত্হল মাত্র চরিতার্থ করে। নৃতন নৃতন বিষয় শোনা তাহাদের যেন একরূপ ব্যারাম, একরূপ নেশার ঝোঁকের মতো। তাহারা থানিকটা সাময়িক সায়বীয় উত্তেজনা চায়, সেটি চলিয়া গেলেই তাহারা আর একটির জন্ম প্রত্তেজনা চায়, সেটি চলিয়া গেলেই তাহারা আর একটির জন্ম প্রত্তত হয়। ধর্ম তাহাদের নিকট যেন আফিমের নেশার মতো ইইয়া দাঁড়ায়, আর ঐ পর্যন্তই তাহাদের দৌড়। ভগবান শ্রীরামক্রফ বলিতেন: আর একপ্রকার মাহ্ম আছে, তাহারা ম্কা-ঝিহুকের মতো। ম্কা-ঝিহুক সম্প্রতল ছাড়িয়া স্বাতীনক্ষত্রে পতিত বৃষ্টি-জলের জন্ম উপরে আসে। যতদিন না ঐ জলের একটি বিন্দু পায়, ততদিন মুখ খুলিয়া উপরে ভাসিতে থাকে, তারপর গভীর সম্প্রতলে তুব দেয় এবং যে পর্যন্ত না বৃষ্টিবিন্দু ম্ক্রায় পরিণত হয়, সে পর্যন্ত সেখানে বিশ্রাম লয়।

(এই উদাহরণে ইউনিষ্ঠা-ভাবটি ষেত্রপ হাদয়স্পর্শী কবিত্বের ভাষায় ফুটিয়া

উঠিয়াছে, আর কোথাও সেরপ হয় নাই। ভজিপথে প্রবর্তকের এই একনির্চা একান্ত প্রয়োজন। হ্মুমানের ছায় তাঁহার বলা উচিত, 'যদিও লক্ষীপতি ও সীতাপতি পরমাত্মারূপে অভেদ, তথাপি কমললোচন রামই আমার সর্বস্থ।' অথবা সাধু তুলদীদাস যেমন বলিতেন, 'সকলের সঙ্গে বসো, সকলের সঙ্গে আনন্দ কর, সকলের নাম গ্রহণ কর, যে ষাহাই বলুক না কেন সকলকে হাঁ হাঁ বলো, কিন্তু নিজের ভাব দৃঢ় রাখিও'', তেমনি ভজিযোগীরও সেই আচার অবলম্বন করা উচিত। ভজসাধক যদি অকপট হন, তবে গুরুদ্ভ থে বীজমন্ত্র হইতেই আধ্যাত্মিক ভাবের স্বর্হৎ বটরুক্ষ উৎপন্ন হইয়া শাখার পর শাখা ও মূলের পর মূল বিস্তার করিয়া ধর্মজীবনের সমগ্র ক্ষেত্র ছাইয়া ফেলিবে। পরিশেষে প্রকৃত ভক্ত দেখিবেন—যিনি সারা জীবন তাঁহার নিজের ইইদেবতা, তিনিই বিভিন্ন সম্প্রাক্তিয় নামে বিভিন্ন রূপে উপাসিতীয়

শ্রীনাথে জানকীনাথে অভেদঃ পরমান্ধনি।
 ভণাপি মম সর্বলঃ রামঃ কমললোচনঃ।

সব্দে বসিয়ে সব্দে রসিয়ে সব্কা লীজিয়ে নাম।
 ইা জী হাঁ জী কর্তে রহিয়ে বৈঠিয়ে আপনা ঠাম।—দৌহা, তুলদীদান

ভক্তির সাধন

ভক্তিলাভের উপায় ও সাধনসম্বন্ধে ভগবান্ রামাম্বন্ধ তাঁহার বেদাস্ভভাক্তে লিথিয়াছেন:

'বিবেক, বিমোক, অভ্যাদ, ক্রিয়া, কল্যাণ, অনবদাদ ও অনুদ্ধর্য হইতে ভক্তিলাভ হয়।' ্বিবেক' অর্থে রামান্থজের মতে থাছাথাছবিচার। তাঁহার মতে থাছাদ্রব্যের অগুদ্ধির কারণ তিনটি: (১) জাতিদোষ অর্থাৎ থাছের প্রকৃতিগত দোষ, যথা—রশুন, পেঁয়াজ প্রভৃতি স্বভাবতঃ অশুচি থাছের যে দোষ; (২) আশ্রয়দোষ অর্থাৎ পতিত ও অভিশপ্ত ব্যক্তির হত্তে থাইলে যে দোষ; (৩) নিমিন্তদোষ অর্থাৎ কোন অশুচি বন্ধর, যথা—কেশ, ধূলি আদি সংস্পর্শজনিত দোষ। শ্রুতি বলেন, 'আহার শুদ্ধ করিলে চিত্ত শুদ্ধ হয়, চিত্ত শুদ্ধ হইলে ভগবান্কে সর্ব্বদা শ্ররণ করিতে পারা যায়।'' রামান্তজ ছান্দোগ্য উপনিষদ্ হইতে এই বাক্য উদ্ধৃত করিয়াছেন)

এই খাছাখাছবিচার ভক্তিমার্গাবলদিগর্থের মতে চিরকালই একটি গুরুতর বিষয় বলিয়া পরিগণিত হইয়াছে। অনেক ভক্তমপ্রাদায় এ-বিষয়টিকে অত্যস্ত অস্বাভাবিক করিয়া তুলিয়াছেন বটে, কিন্তু ইহার মধ্যে যে একটি গুরুতর সত্য নিহিত আছে, তাহা অস্বীকার করা যায় না। আমাদের মনে রাখা উচিত, সাংখ্যদর্শনের মতে সন্থ, রজঃ, তমঃ—এই তিন গুণের সাম্যাবস্থা প্রস্তুত্তি, এবং বৈষম্যাবস্থা প্রাপ্ত হইলে উহারাই জগজপে পরিণত হয়; এগুলি প্রকৃতির গুণ ও উপাদান তুই-ই; স্কৃতরাং এ সকল উপাদানেই প্রত্যেকটি মাহ্যুয়ের দেহ নির্মিত। উহাদের মধ্যে সন্ধৃগুণের প্রাধান্তই আধ্যান্মিক উন্নতির পক্ষে অত্যাবশুক। আমারা আহারের ঘারা শরীরের ভিতর যে উপাদান গ্রহণ করি, তাহাতে আমাদের মানসিক গঠনের অনেক সাহায্য হয়, স্কৃতরাং আমাদিগকে খাছাখাগুবিষয়ে বিশেষ দৃষ্টি রাখিতে হইবে। কিন্তু অক্তান্ত বিষয়ের স্থায় এ বিষয়েও শিক্তেরা চিরকাল যে গোঁড়ামি করিয়া থাকে, তাহা যেন আচার্যগণের উপর আরোপিত না হয়।

> আহারগুলো সম্বশুদ্ধি: সম্বশুদ্ধো প্রবা স্থতি:।—হান্দোগ্য উপনিবং, ৭।২৬

বাস্তবিক থাতের শুদ্ধি-অশুদ্ধি-বিচার গৌণমাত্র। পূর্বোদ্ধত ঐ বাক্যটিই শব্দর তাঁহার উপনিষদ্ভায়ে অন্তরূপে ব্যাখ্যা করিয়াছেন। ঐ বাক্যস্থ 'আহার' শব্দটি যাহা সচরাচর থাত অর্থে গৃহীত হইয়া থাকে, তাহা তিনি অন্ত অর্থে ব্যাখ্যা করিয়াছেন। তাঁহার মতে 'যাহা আহ্বত হয়, তাহাই আহার'। শব্দাদি বিষয়ের জ্ঞান ভোক্তার অর্থাৎ আত্মার উপভোগের জ্বন্ত ভিতরে আহত হয়। এই বিষয়াহভূতিরূপ জ্ঞানের শুদ্ধিকেই 'আহারশুদ্ধি' বলে। স্কুরাং আহারশুদ্ধি অর্থে আসক্তি- দ্বেন- বা মোহ-শৃত্য হইয়া বিষয়ের জ্ঞান আহরণ। স্কুরাং এইরূপ জ্ঞান বা 'আহার' শুদ্ধ হইলে এইরূপ ব্যক্তির সন্ত অর্থাৎ অন্তরিদ্ধিয় শুদ্ধ হইয়া যাইবে। সন্তপ্তদ্ধি হইলে অনন্ত পুরুষের যথার্থ স্বরূপজ্ঞান ও অবিচ্ছিন্ন শ্বৃতি আসিবে।''

শকর ও রামান্তজের ব্যাখ্যা ছইটি আপাতবিরোধী বলিয়া বোধ হইলেও উভয়টিই সত্য ও প্রয়োজনীয়। (সক্ষ শরীর বা মনের সংযম স্থুল শরীরের সংযম হইতে উচ্চতর কাজ বটে, কিন্তু সক্ষের সংযম করিতে হইলে অগ্রে স্থুলের সংযম বিশেষ আবশুক। অতএব আহার সম্বন্ধে গুরুপরম্পরা যে-সকল নিয়ম প্রচলিত আছে, প্রবর্তকের পক্ষে সেগুলি পালন করা আবশুক। কিন্তু আজকাল ভারতীয় অনেক সম্প্রদায়ে এই আহারাদি বিচারের এত বাড়াবাড়ি, এত অর্থহীন নিয়মের বাধাবাধি, এত গোড়ামি দেখা যায় যে, মনে হয় ধর্ম যেন রায়াঘরে আশ্রেয় লইয়াছে। কখন যে ধর্মের মহান্ সত্যসমূহ সেখান হইতে বাহিরে আসিয়া আধ্যাত্মিকভার স্থালোকে উন্তাসিত হইবে, তাহার কোন সন্তাবনা নাই। এরুপ ধর্ম এক প্রকার জড়বাদ মাত্র। উহা জ্ঞান নয়, ছক্তি নয়, কর্মও নয়। উহা এক বিশেষ প্রকার পাগলামি মাত্র। যাহারা এই থাজাথাত্যের বিচারকেই জীবনের সার বলিয়া ছির করিয়াছে, তাহাদের গতি বন্ধলোকে না হইয়া সন্তবতঃ বাতুলালয়ের দিকেই হইবে। স্বতরাং ইহা মৃক্তিসিদ্ধ বোধ হইতেছে যে, খাজাখাত্যের বিচার মনের ছিরতারূপ উচ্চাবছালাজের জন্ম কিছুটা আবশ্রুক, অঞ্বণ এই ছিরতা সহজ্বে লাভ করা যায় না।

> আহ্নিয়তে ইত্যাহার: শকানিবিষয়জ্ঞানম্ ভোক্ত ভোঁগান্বাহ্রিয়তে। তক্ত বিষয়োপল্যক্রিলক্ষণক্ত বিজ্ঞানক্ত শুদ্ধিরাহারগুদ্ধি:, রাগবেষমোহদোবৈরসংস্টাং বিষয়বিজ্ঞানমিতার্থ:। তক্তামাহারগুদ্ধে সভাাং ভ্রতোহস্তঃকরণক্ত সন্বস্ত গুদ্ধিনৈর্মলাং ভ্রতি; সম্বশুদ্ধে চ সত্যাং বধাবগতে ভূমান্ত্রনি ধ্রশাবিদ্যান্ত্রিরবিশারণং ভ্রতি।—শাক্ষরভাক্ত, ছান্দোগ্য উপনিষং, ৭।২৬

তারপর 'বিমোক'। বিমোক অর্থে ইন্দ্রিয়গুলির বিষয়াভিম্থী গতি নিবারণ ও উহাদিগকে সংযত করিয়া নিজ ইচ্ছার অধীনে আনয়ন এবং ইহা সকল ধর্মসাধনেরই কেন্দ্রীয় ভাব।

তারপর 'অভ্যাস' অর্থাৎ আত্মসংষম ও আত্মতাগের অভ্যাস। কিন্তু সাধকের প্রাণপণ চেষ্টা ও প্রবল সংযমের অভ্যাস ব্যতীত ঈশ্বর ও আত্মবিষয়ক অমভূতি কথনই সম্ভব নয়। মন যেন সর্বদাই সেই ঈশ্বরের চিস্তায় নিবিষ্ট থাকে। প্রথম প্রথম ইহা অতি কঠিন বোধ হয়, কিন্তু অধ্যবসায়-সহকারে চেষ্টা করিতে করিতে এক্নপ চিন্তা করার শক্তি ক্রমশঃ বর্ধিত হয়। প্রীকৃষ্ণ গীতায় বলিয়াছেন, 'হে কোন্ডেয়, অভ্যাস ও বৈরাগ্যের দ্বারা মন নিগৃহীত হইয়া থাকে।''

ভারপর 'ক্রিয়া' অর্থাৎ যজ্ঞ। পঞ্চ মহাষজ্ঞের নিয়মিতরূপ অহুষ্ঠান করিতে হইবে।

(কল্যাণ' অর্থে পবিত্রতা, আর এই পবিত্রতারূপ একমাত্র ভিত্তির উপর ভক্তিপ্রাসাদ প্রতিষ্ঠিত। বাছলোচ অথবা খাছাখাছ-সহদ্ধে বিচার—এ উভয়ই সহজ, কিন্তু অস্তঃশুদ্ধি ব্যতিরেকে উহাদের কোন মূল্য নাই। রামাহজ অস্তঃশুদ্ধিলাভের উপায়ন্বরূপ নিম্নলিখিত গুণগুলির কথা বর্ণনা করিয়াছেন: সত্য, আর্জব—সরলতা, দয়া—নিঃস্বার্থ পরোপকার, দান, অহিংসা—কায়মনোবাক্যে অপরের হিংসা না করা, অনভিধ্যা—পরদ্রব্যে লোভ, রথা চিন্তা ও পরহৃত অনিষ্ঠাচরণের ক্রমাগত চিন্তা-পরিত্যাপ্রা)। এই তালিকার মধ্যে অহিংসা-গুণটির সম্বন্ধে বিশেষভাবে কিছু বলা আবশ্রক। ভক্তকে সকল প্রাণিসম্বন্ধে এই অহিংসাভাব অবলম্বন করিভেই হইবে। কেহ কেহ মনে করেন, মহুমুজাতির প্রতি অহিংসাভাব পোষণ করিলেই বথেই, অক্সান্থ প্রাণিগণের প্রতি নির্দয় হইলে কোন ক্ষতি নাই; অহিংসা বাস্তবিক তাহা নয়। আবার কেহ কেহ যেমন কুকুর-বিড়ালকে লালন-পালন করেন বা পিশীলিকাকে চিনি খাওয়ান, কিন্তু মাহ্যব-ভাতার গলা কাটিতে ছিধা বোধ করেন না, অহিংসা বলিতে তাহাও ব্রায় না। বিশেষ লক্ষ্য করিবার বিষয় এই ষে, পৃথিবীর প্রায় প্রতিটি মহৎ ভাবই শেষ পর্যন্ত

অভ্যানেন তু কৌৱের বৈরাগ্যেণ চ গৃহতে ৷—গীতা, ৬০০

বিরক্তিকর হইয়া যাইতে পারে, ভাল রীতিনীতিও যদি অন্ধভাবে অনুষ্ঠান করা হয়, তবে শেষ পর্যন্ত সেগুলিও অকল্যাণের কারণ হইয়া দাঁড়ায় এবং হুংখের বিষয়, অহিংসানীতিও এ নিয়মের ব্যতিক্রম নয়। কতকগুলি ধর্মসম্প্রদায়ের অপরিষ্কার সাধকেরা স্নান করে না, পাছে তাহাদের গায়ের পোকা মরিয়া যায়, কিছু সেজ্ফু তাহাদের মহয়-ভাতাগণকে যে যথেষ্ট অস্বন্তি ও অস্থ্য ভোগ করিতে হয়, সে দিকে তাহাদের মোটেই দৃষ্টি নাই। তবে এটুকু আনন্দের বিষয়, ইহারা বৈদিক ধর্মাবলম্বী নয়।

ঈর্ষা নাই দেখিলে বুঝিতে হইবে, সাধক অহিংসাভাবে প্রতিষ্ঠিত হইয়াছেন। সাময়িক উত্তেজনায় অথবা কোনরূপ কুসংস্কার বা পুরোহিত-কুলের প্রেরণায় যে-কোন ব্যক্তি কোন সৎকর্ম করিতে পারে বা কিছু দান করিতে পারে; কিন্তু তিনিই যথার্থ মানবপ্রেমিক, যিনি কাহারও প্রতি ঈর্ষার ভাব পোষণ করেন না। সংসারে দেখা যায়, তথাকথিত বড় বড় লোকেরা সকলেই সামাত্ত নাম-যশ বা তু-এক টুকরা স্বর্ণথণ্ডের জ্ঞত্ত পরস্পরের প্রতি ঈর্ষাধিত। যতদিন অস্তরে এই ঈর্ষাভাব থাকে, ততদিন অহিংসা বহুদ্র; নিরামিধাশী হইলেও ভিনি অহিংসা হইতে বহুদ্র। গ্রু মাংস খায় না—নিরামিষভোজী, মেষও তাই; তবে কি তাহার৷ যোগী বা অহিংসাপরায়ণ ? ষে-কোন মূর্থ ইচ্ছা করিলেই মাংসাহার বর্জন করিতে পারে। শুধু এইজন্তই তাহাকে উদ্ভিদ্ভোজী জন্ত্বগণ অপেক্ষা বিশেষ উন্নত বলা যাইতে পারে না, খাগুবিশেষ ত্যাগ করিলেই কেহ জ্ঞানী হইয়া যায় না। যে ব্যক্তি নির্দয়ভাবে বিধবা ও অনাথ বালকবালিকাকে ঠকাইয়া অর্থ লইতে পারে, অর্থের জন্ত যে-কোনরূপ অন্তায় কার্য করিতে যাহার বিধা নাই, সে যদি কেবল তৃণভোজন করিয়াও জীবনধারণ করে, তথাপি সে পশুরও অধম। যাঁহার হৃদয়ে কখনও অপরের অনিষ্টচিস্তা পর্যন্ত উদিত হয় না, যিনি ভুগু বন্ধুর নয়, পরম শক্রবও সোভাগ্যে আনন্দিত, সারা জীবন প্রতিদিন শ্করমাংস খাইলেও তিমিই প্রকৃত ভক্ত, তিনিই প্রকৃত যোগী, তিনিই সকলের গুরু। স্থতরাং এইটি সর্বদা অরণ রাখা উচিত যে, বাহ্ন রীতিনীতি কেরল অন্তঃভদ্ধির সহায়কমাত্র; যেথানে বাহ্যবিষয়ে অত খুঁটনাটি-বিচার করা অসম্ভব, मिथात क्वन ज्ञाली क्वलिंग्न क्वल জাতিকে ধিক্, যে লোক বা যে জাতি ধর্মের সার ভূলিয়া অভ্যাদৰশে বাহ

অমুষ্ঠানগুলিকে মরণ-কামড়ে ধরিয়া থাকে, কোনমতে ছাড়িতে চায় না।
যদি ঐ অমুষ্ঠানগুলি আধ্যান্মিক জীবনের পরিচায়ক হয়, তবেই উহাদের
উপযোগিতা আছে বলিতে হইবে। প্রাণশৃত্য হইলে উহাদিগকে নির্দয়ভাবে
উৎপাটন করিয়া ফেলা উচিত।)

(অনবসাদ' বা বল ভজিলাভের পরবর্তী সাধন। শ্রুতি বলেন, 'বলহীন ব্যক্তি তাঁহাকে লাভ করিতে পারে না।'' এথানে শারীরিক ও মানসিক উভয় প্রকার দৌর্বল্য লক্ষিত হইয়াছে। 'বলিষ্ঠ, দ্রুড়িই' ব্যক্তিই প্রকৃত শিয়া হওয়ার উপযুক্ত। তুর্বল, শীর্ণকায়, জরাজীর্ণ ব্যক্তি কী সাধন করিবে ? শরীর ও মনের মধ্যে যে অভ্যুত শক্তিসমূহ লুকায়িত আছে. কোনরূপ যোগাভ্যাদের দারা তাহারা কিঞ্চিৎ পরিমাণে জাগ্রত হইলেও তুর্বল ব্যক্তি একেবারে থগু থগু হইয়া ঘাইবে। যুবা, স্কুকায়, সবল ব্যক্তিই দিন্ধ হইতে পারেন। স্কুরাং দিন্দিলাভের জন্ত মানসিক বল যে পরিমাণে প্রয়োজন, শারীরিক বলও সেই পরিমাণে চাই। ইন্দ্রিয়সংযমের প্রতিক্রিয়া খুব সবল দেহই সন্থ করিতে পারে। অতএব ভক্ত হইতে যাহার সাধ, তাঁহাকে সবল ও স্কুকায় হইতে হইবে। যাহারা তুর্বল, তাহারা যদি কোনরূপ যোগাভ্যাসের চেটা করে, তবে হয় তাহারা কোন তুন্দিকিৎশু ব্যাধিগ্রন্ত হইবে, নতুবা মনকে ভয়ানক তুর্বল করিয়া ফেলিবে। ইচ্ছাপুর্বক শরীরকে তুর্বল করা ভক্তিন বা জ্ঞান-লাভের জন্মকূল ব্যবন্থা নয়।

যাহার চিত্ত চুর্বল, দেও আত্মলাভে কৃতকার্য হয় না। যে ভক্ত হইতে ইচ্ছুক, দে সর্বদা প্রফুল থাকিবে। পাশ্চাত্যে অনেকের কাছে ধার্মিকের লক্ষণ—দে কথনও হাদিবে না, তাহার মুখ সর্বদা বিষাদমেঘে আর্ত থাকিবে, তাহার চোয়াল বদা ও মুখ লম্বা হওয়া আবশুক। শুদ্ধশনীর ও লম্বামুখ লোক ডাক্টারের তত্ত্বাবধানের যোগ্য বটে, কিন্তু তাহারা কখনও যোগী হইতে পারে না। প্রফুল্লচিত্ত ব্যক্তিই অধ্যবদায়শীল হইতে পারে। দৃঢ়চেতা ব্যক্তিই সহস্র বাধা-বিদ্ধ অতিক্রম করিয়া যাইতে পারে। মায়াজাল ছিল্ল করিয়া বাহিরে যাওয়া—যোগ সাধন করা মহা কঠিন কার্য, দৃঢ় ইচ্ছাশক্তিসম্পন্ন বীরগণের ছারাই ইহা সম্ভব।

১ নায়মাস্মা বলহীনেন লভাঃ।—মুগুক উপ., ৩।২।৪

२ व्यानिरक्षे अविर्का विनक्षे: ।—देखिः উপ., २।४।১

প্রফলতা প্রয়োজন, তাই বলিয়া অতিরিক্ত আমোদে মাতিলে চলিবে না (অমুদ্ধর্ব)। অতিরিক্ত হাস্তকৌতৃক আমাদিগকে গভীর চিন্তায় অক্ষমকরিয়া ফেলে, উহাতে মানসিক শক্তিসমূহের রুধা ক্ষয় হয়। ইচ্ছাশক্তি যত দৃঢ় হয়, নানাবিধ ভাবের বশে মন তত কম বিচলিত হয়। বিষাদপূর্ণ গন্তীর ভাব যেমন সাধনার প্রতিকৃল, অতিরিক্ত আমোদও সেইরূপ। মন যখন দ্বির শাস্ত সামঞ্জ্যপূর্ণ থাকে, তখনই আধ্যাত্মিক অমুভূতি সম্ভব।

এই-সকল সাধন দারা সাধক শিথিবে, কি ভাবে ভগবান্কে ভালবাসিতে হয়। এতক্ষণ যাহা বলা হইল, তাহা 'গৌণী ভক্তি')

Mate (Se

ভক্তির প্রস্তুতি—ত্যাগ

গোণী ভক্তির কথা সংক্ষেপে শেষ করিয়া আমরা পরাভক্তির আলোচনায় প্রবেশ করিতেছি। এখন এই পরাভক্তি-অভ্যাদের জন্ম প্রস্তুত হুইবার শেষ সাধনটির কথা বিবেচনা করা যাক্। সর্বপ্রকার সাধনের উদ্দেশ্য আত্মভদ্ধি---নামসাধন, প্রতীক ও প্রতিমাদির উপাসনা এবং অক্সান্ত অফুষ্ঠান কেবল আয়-শুদির জন্ম। কিন্তু শুদিকারক সম্দন্ম সাধনের মধ্যে ভ্যাগই সর্বশ্রেষ্ঠ—উহা ব্যতীত কেহ এই পরাভক্তির রাজ্যে প্রবেশই করিতে পারে না। অনেকের পক্ষে এই ত্যাগ অতি ভয়াবহ ব্যাপার বোধ হইতে পারে, কিন্তু ত্যাগ ব্যতীভ কোনৰূপ আধ্যাত্মিক উন্নতিই সম্ভব নম্ন; সকল যোগেই এই ত্যাগ আবিশ্রক। এই ত্যাগই ধর্মের সোপান—সমৃদয় সাধনের অস্তরক সাধন। সংক্ষেপে বলিতে গেলে ত্যাগই প্রকৃত ধর্ম। যথন মানবাত্মা সংসারের সমুদয় বস্তু দূরে ফেলিয়া গভীর তত্ত্সমূহ অহুসন্ধান করে, যথন চৈত্ত্রস্বরূপ মানব ব্ঝিতে পারে, দেহরূপ জড়ে বন্ধ হইয়া জড় হইয়া যাইতেছি এবং ক্রমশঃ বিনাশের পথে অগ্রসর হইতেছি, তথন সে জড়পদার্থ হইতে আপনার দৃষ্টি সরাইয়া লয়, তথনই ত্যাগ আরম্ভ হয়, তথনই প্রকৃত আধ্যাত্মিক উন্নতি আরম্ভ হয়। কর্মধোপী সমুদয় কর্মফল ত্যাপ্ন করেন, তিনি ষে-সকল কর্ম করেন, তাহার ফলে তিনি আসক্ত হন না, তিনি ঐহিক বা পাবত্রিক কোন লাভের জন্ম আগ্রহান্বিত হন না। রাজ্যোগীর মতে সমৃদয় প্রকৃতির লক্ষ্য-পুরুষ বা আত্মাকে বিচিত্র স্থখতু:খ ভোগ করানো। ইহার ফলে আত্মা বুঝিতে পারেন, প্রকৃতি হইতে তিনি নিত্য স্বতম্ভ বা পৃথক্। মানবাত্মাকে জানিতে হইবে, তিনি চিরকাল চৈতক্তবন্ধপই ছিলেন, আর জড়ের সহিত তাঁহার সংযোগ কেবল সাময়িক, ক্ষণিকমাত্র। রাজ্যোগী প্রকৃতির সমৃদয় স্থপত্ঃখ ভোগ করিয়া অভিজ্ঞতার ভিতর দিয়া বৈরাপ্যের শিক্ষা লাভ করেন। জ্ঞানখোগীর বৈরাগ্য সর্বাপেক্ষা কঠোর। কারণ তাঁহাকে প্রথম হইভেই এই বাস্তবরূপে দৃষ্ঠমান প্রকৃতিকে মিথ্যা মায়া বলিয়া জানিতে হয়। তাঁহাকে বুঝিতে হয়, প্রকৃতিতে বত কিছু শক্তির প্রকাশ দেখিডেছি, সবই আত্মার শক্তি, প্রকৃতির নয়। তাঁহাকে

প্রথম হইতেই জানিতে হয়, সর্বপ্রকার জ্ঞান—সর্বপ্রকার অভিজ্ঞতা আত্মাতেই অন্তর্নিহিত রহিয়াছে, প্রকৃতিতে নাই। সুতরাং কেবল বিচার-জনিত ধারণার বলে তাঁহাকে একেবারে সমৃদর প্রাকৃতিক বন্ধন ছিন্ন করিতে হয়। প্রকৃতি ও প্রাকৃতিক সমৃদয় পদার্থ ইক্সজালের ভায় তাঁহার সমৃধ হইতে অন্তর্হিত হয়, ভিনি স্ব-মহিমায় বিরাজ করিতে চেষ্টা করেন।

সকল প্রকার বৈরাগ্য অপেক্ষা ভক্তিযোগীর বৈরাগ্য খুব স্বাভাবিক। ইহাতে কোন কঠোরতা নাই, জোর করিয়া কিছু ছাড়িতে হয় না। ভজের ত্যাগ অতি সহজ্ব—চারিদিকের দুশ্রের মতোই অতি স্বাভাবিক; এই ত্যাগেরই অস্ততঃ বিক্বতরূপ আমাদের চতুর্দিকে প্রতিদিন দেখিতে পাই। কোন পুরুষ কোন নারীকে ভালবাসিতে শুরু করিল; কিছুদিন বাদে সে আর একজনকে ভালবাসিল, প্রথমটিকে ছাড়িয়া দিল। 🎺 প্রথম নারীটির চিস্তা ধীরে ধীরে শান্তভাবে তাহার মন হইতে চলিয়া গেল; সে আর ঐ নারীর অভাববোধ করিল না। এবার মনে কর, কোন নারী কোন পুরুষকে ভালরাসিতেছে। সে আবার যথন অপ্র এক পুরুষকে ভালবাসে, তখন এই প্রথম পুরুষটির কথা যেন তাহার মন হইতে: সহজেই চলিয়া যায় 🗓 কোন লোক হয়তো নিজের শহরকে ভালবাদে। ক্রমশঃ দে নিজের দেশকে ভালবাসিতে আর্ভ করিল। তথন ভাহার নিজের কুত্র শহরের জ্ঞাতে প্রগাঢ় ভালবাসা, তাহা স্বভাবতই চলিয়া গেল। স্থাবার মনে কর, কোন লোক সম্দয় জগথকে ভালবাসিতে শিধিল, তথন তাহার অদেশাসুরাপ, নিজ দেশের জন্ম প্রবল উন্মন্ত ভালবাস। চলিয়া বায়। ভাহাতে ভাহার কিছু কট হয় না। এ-ফ্রবি তাড়াইবার জন্ম তাহাকে কিছু জোর করিতে হয় না। অশিক্ষিত লোক ইক্রিয়হথে উন্মন্ত, শিক্ষিত হইতে থাকিলে সে বুদ্ধি-বৃত্তির চর্চায় অধিকতর অ্থ পাইতে থাকে। তথন ুসে বিষয়ভোগে আর তত হ্থ পার না। কুকুর ও ব্যাদ্র খাত পাইলে যেরপ ফুর্ভির সহিত ভোজন করিতে থাকে, কোন মাসুষের পক্ষে সেরপ**্রসম্ভব**ীনয়। আবার মাসুর বুদ্ধিবলে নানা বিষয় জানিয়াও নানা কার্য:সম্পাদন করিয়া যে হথ অহভর করে, কুকুর কখনও তাহা অহতে করিতে পারে নাম প্রথমে ইন্দ্রিয় হইতে স্থাস্ভূতি হইরা পাকে, কিছু যথনই কোন প্রাণী জীবনের উচ্চত্তরে উন্নীত হয়, তথনই এই নিমন্ধাতীয় হুৰ্থের মূল্য তাহার কাছে কমিয়া যায় 🗵 মহন্তাসময়কে

দেখা যায়, মান্ত্য বতই পশুর তুল্য হয়, সে ততই তীব্রভাবে ইন্দ্রিয়ন্থথ অন্তত্তব্বের। আর বতই তাহার শিক্ষাদির উন্নতি হয়, ততই বৃদ্ধিবৃত্তির পরিচালনা ও এরপ ক্ষা ক্ষা বিষয়ে তাহার স্থান্তভূতি হইতে থাকে। এইরূপে মান্ত্য যথন বৃদ্ধির বা মনোবৃত্তির অতীত ভূমিতে আরোহণ করে, যথন সে আধ্যাত্মিকতা ও দিব্যান্তভূতির ভূমিতে আরোহণ করে, তথন সে এমন এক আনন্দের অবস্থা লাভ করে, যাহার তুলনায় ইন্দ্রিয়বৃত্তি- বা বৃদ্ধিবৃত্তি-পরিচালন-জনিত হথ শৃত্য বলিয়া মনে হয়। এরপ হওয়া খুবই স্বাভাবিক। যথন চন্দ্র উন্দত ইলে চন্দ্রও নিপ্রভ ভাব ধারণ করে। ভক্তির জন্ম যে বৈরাগ্যের প্রয়োজন, তাহা কোন কিছুকে নই করিয়া পাইতে হয় না। বেমন কোন ক্রমবর্ধমান আলোকের নিকট অল্লোজ্জ্বল আলোক স্বভাবতই ক্রমশঃ নিপ্রভ হইতে হইতে শেষে একেবারে অন্তর্হিত হয়, সেইরপ ভগবংপ্রেমোন্যত্তায় ইন্দ্রিয়বৃত্তি- ও বৃদ্ধিবৃত্তি-জনিত স্থেসমূহ স্বভাবতই নিপ্রভ হইয়া যায়।

এই ঈশরপ্রেম ক্রমশ: বর্ধিত হইয়া এমন এক তাব ধারণ করে, যাহাকে 'পরাভক্তি' বলে। যে সাধক ঈশরের প্রতি এরণ প্রেম লাভ করিয়াছেন, তাঁহার পক্ষে অষ্ঠানের আর আবশুকতা থাকে না, শাল্পের কোন প্রয়োজন থাকে না; প্রতিমা, মন্দির, ভজনালয়, বিভিন্ন ধর্মসম্প্রদায়, দেশ, জাতি—এই-সব ক্ষুদ্র সীমাবদ্ধ ভাব ও বন্ধন আপনা হইতেই চলিয়া যায়। কিছুই আর তাঁহাকে বাঁথিতে পারে না, কিছুই তাঁহার স্বাধীনতা নই করিতে পারে না। জাহাজ হঠাৎ চ্মকপ্রস্তরের পাহাড়ের নিকট আদিলে পেরেকগুলি আরুই হইয়া পড়িয়া যায়, আর তজাগুলি জলের উপর ভাসিতে থাকে। ভগবৎরুপা এইরূপে আত্মার বন্ধন অর্থাৎ তাহার স্বরূপ-প্রকাশের বিশ্বসমূহ অপসারিত করিয়া দেয়, ভখন উহা মৃক্ত হইয়া যায়। স্বতরাং ভক্তিলাভের উপায়-ম্বরূপ এই বৈরাগ্য-সাধনে কোন কঠোরতা নাই, কোন কর্কশ বা গুছ ভাব নাই, কোনরূপ সংগ্রাম নাই। ভক্তকে তাঁহার হৃদয়ের কোন ভাবই দমন করিতে হয় না, চাপিয়া রাথিতে হয় না, তাঁহাকে বরং সেই-সকল ভাব প্রবল করিয়া ভগবানের দিকে চালিত করিতে হয়।

ভক্তের বৈরাগ্য প্রেমপ্রসূত

প্রকৃতিতে আমরা সর্বত্রই প্রেমের বিকাশ দেখিতে পাই। সমাজুর মধ্যে বাহা কিছু হন্দর ও মহৎ সবই প্রেমপ্রহত; আবার কুৎসিত এবং গৈশাচিক ব্যাপারগুলিও সেই একই প্রেমপজির বিকার মাত্র। বে চিন্তর্ত্তি হইতে পতিপত্নীর বিশুদ্ধ দাম্পত্যপ্রেম উদ্ভূত, অতি নীচ কামর্ত্তিও সেই একই খনি হইতে সঞ্জাত। ভাব সেই একই, তবে বিভিন্ন ক্ষেত্রে উহার প্রকাশ বিভিন্ন। এই একই প্রেম কাহাকেও ভাল কাজে প্রেরণা দেয় এবং সে দরিত্রকে সর্বত্ব অর্পন করে, আবার কেহ বা ইহারই প্রভাবে নিজ প্রাতার গলা কাটিয়া ভাহার যথাসর্বত্ব অপহরণ করে। শেষাক্র ব্যক্তি নিজেকে বেমন ভালবাসে, প্রথমোক্র ব্যক্তি অপরকে সেইরপ ভালবাসে। তবে শেষোক্র হলে প্রেম লান্ত পথে পরিচালিত; কিন্তু প্রথম ক্ষেত্রে উহা ঠিক পথে প্রযুক্ত। বে অন্নিতে আমাদের খাত্য প্রস্তুত্ত হয়, ভাহাই আবার একটি শিশুকে দগ্ধ করিতে পারে। ইহাতে অগ্নির কিছু দোষ নাই, ব্যবহারে ও ফলে ভারতম্য হয়। অতএব বে প্রেমকে তুই ব্যক্তির প্রবল আসক্ষপৃহা বলা যায়, ভাহাই আবার অবশেষে উচ্চনীচ সর্বপ্রাণীর সেই এক স্বরূপে বিলীন হইবার ইচ্ছা-রূপে সর্বত্র প্রকাশিত।

ভক্তিবোগ প্রেমের এই উচ্চতম বিকাশের বিজ্ঞানস্বরূপ। উহা আমাদিগকে নিয়ন্ত্রিত করিবার, প্রেমকে ষথার্থ পথে পরিচালনা করিবার, উহাকে একটি নৃতন উদ্দেশ্যে ব্যবহার করিবার এবং উহা হইতে শ্রেষ্ঠ ফল—আধ্যাত্মিক শাস্তি ও আনন্দ লাভ করিবার উপায় প্রদর্শন করে। ভক্তিষোগ বলে না—ত্যাগ কর বা ছাড়িয়া দাও; তথু বলে—ভালবাসো, সেই উচ্চতম আদর্শকে ভালবাসো। বাহার প্রেমের আম্পদ ঐরপ, সর্বপ্রকার নীচভাব স্বভাবতই তাহার মন হইতে অস্ত্রহিত হইবে।

'তোমার সহক্ষে আমি আর কিছু বলিতে পারি না, শুধু বলিতে পারি:
তুমি আমার প্রেমাম্পদ। তুমি হন্দর, আহা! অতি হন্দর, তুমি হুরং
সৌন্দর্বস্বরূপ!'—হদরের উচ্ছাদে ভক্তেরা চিরকাল এইরূপ বলেন। ভক্তিবোগে
আমাদের শুধু এইটুকু করিতে হইবে—হন্দরের প্রতি আমাদের বে স্বাভাবিক

আকর্ষণ, তাহা ভগবানের দিকে চালিত করিতে হইবে। প্রাণের সহিত ভালবাদো। মাহুষের মুখে, আকাশে, তারার অথবা চল্লে যে সৌন্দর্যের বিকাশ দেখা যায়, তাহা কোথা হইতে আদিল ? উহা সেই ভগবানের সর্বব্যাপী সৌন্দর্যের আংশিক প্রকাশমাত্র। শ্রুতিতে বলা হইয়াছে, 'তাঁহারই প্রকাশে সকলের প্রকাশ।'' ভক্তির এই উচ্চভূমিতে দণ্ডায়মান হও। উহা একেবারে তোমাদের ক্ত্র আমিত্ব ভুলাইয়া দিবে। (জগতের ক্ত্র আর্থপর আসক্তিসমূহ ভ্যাগ কর। কেবল মাহুষকেই ভোমার সাধারণ বা ভদপেকা উচ্চতর কার্যপ্রবৃত্তির একমাত্র লক্ষ্য মনে করিও না। সাক্ষিরণে অবস্থিত হইয়া প্রকৃতির সমৃদয় ব্যাপার পর্যবেক্ষণ কর। মাহুষের প্রতি আসন্তিশৃন্ত হও। দেখ, জগতে এই প্রবল প্রেমের ভাব কিরূপে কার্য করিতেছে। কখন ়কথন হয়তো একটা ধাকা আদিল। উহাও সেই পরমপ্রেমলাভের চেষ্টার আহ্যক্ষিক ব্যাপার মাত্র। হয়তো কোথাও একটু হন্দ বা সংঘর্ষ ঘটল, হয়তো কাহারও পদখলন হইল, এ-সবই সেই প্রকৃত উচ্চতর প্রেমে আরোহণ করিবার সোপানমাত্র। সাক্ষিম্বরূপ একটু দূরে দাড়াইয়া দেখ, কি ভাবে এই দ্বন্দ্ব ও সংঘর্গ সাঁহুষকে প্রকৃত প্রেমের পথে আগাইয়া দেয়। যথন কেহ এই সংসার-প্রবাহের মধ্যে থাকে, তখনই সে ঐ সংঘর্ষগুলি অহুভব করে। কিন্তু যঁখনই উহার বাহিরে আসিয়া কেবল সাক্ষিরণে পর্যবেক্ষণ করিবে, তখন দেখিবে অনস্ত প্রণালীর মধ্য দিয়া ভগবান্ নিজেকে প্রেমক্সপে প্রকাশিত করিতেছেন 🗓

'ষেধানেই একটু আনন্দ দেখিতে পাওয়া ষায়, সেথানে সেই অন্ত আনন্দস্বরূপ স্বয়ং ভগবানের অংশ রহিয়াছে, বুঝিতে হইবে।' অতি নীচতম আসক্তিতেও ভগবংপ্রেমের বীজ অন্তর্নিহিত আছে। সংস্কৃত ভাষায় ভগবানের একটি নাম 'হরি'। ইহার অর্থ এই—তিনি সকলকেই নিজের কাছে আ-হরণ করিতেছেন বা আকর্ষণ করিতেছেন। বাস্তবিক তিনিই আমাদের ভালবাসার একমাত্র উপযুক্ত পাত্র। এই ষে আমরা নানাদিকে আক্রই হইতেছি, কিন্তু আমাদিগকে টানিতেছে কে? তিনিই আমাদিগকে তাহার দিকে ক্রমাগত টানিতেছেন। প্রাণহীন অভ—সে কি কখন চৈতত্রবান্ আত্মাকে

> তমেৰ ভান্তসুক্তাতি সৰ্বন্। তদ্য ভাদা সৰ্বমিদং বিভাতি ।—কঠ উপ., ২।২।১৫

२ এक्टेंश्रहाममञ्जन्म हेजाकि— बृह, डेन., ४।०।७२

টানিতে পারে? কথনই পারে না, কথন পারিবেও না। একখানি স্থন্দর মুখ দেখিয়া একজন উন্নত্ত হইল। গোটাকতক জড় পরমাণু কি ভাহাকে পাগল করিল? কথনই নয়। ঐ জড়-পরমাণুসমূহের অস্তরালে নিশ্চয়ই ঐশরিক শক্তি ও ঐশরিক প্রেমের লীলা বিশ্বমান। অজ্ঞ লোকে উহা ক্লানে না, তথাপি জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে সে উহা দারাই—কেবল উহা দারাই আরুই হইতেছে। স্বতরাং দেখা গেল, অতি নিম্নতম আদক্তিও ঈশর হইতে শক্তি সংগ্রহ করে।—'হে প্রিয়তমে, পতির জন্ম পতিকে কেহ ভালবাদে না, আত্মার জন্মই লোকে পতিকে ভালবাদে।' প্রেমিকা পত্নীগণ ইহা জানিতে পারে, না জানিতেও পারে, তথাপি তত্ত্বটি সত্যা। 'হে প্রিয়তমে, পত্নীর জন্ম পত্নীকে কেহ ভালবাদে না, আত্মার জন্মই পত্নী প্রিয়া হয়।''

এইরপ কেহই নিজ সম্ভানকে অথবা আর কাহাকেও তাহাদেরই জন্ম ভালবাদে না, আআর জন্মই ভালবাদিয়া থাকে। ভগবান যেন একটি বৃহৎ চুষক-প্রস্তর, আমরা বেন লোহচূর্নের ছায়। আমরা সকলেই সদাস্বদা তাঁহার বারা আরুষ্ট হইতেছি। আমরা সকলেই তাহাকে লাভ করিবার জন্ম চেষ্টা করিতেছি। জগতে এই যে নানাবিধ চেষ্টা—এই-সকলের একমাত্র লক্ষ্য কেবল স্বার্থ হইতে পারে না। অজ্ঞ ব্যক্তিগণ জানে না, তাহারা কি করিতেছে। বাস্তবিক তাহারা জীবনের সকল চেষ্টার মধ্য দিয়া ক্রমাগত সেই পরমাত্মা-রূপ বৃহৎ চুম্বকের নিকটবর্তী হইতেছে। আমাদের এই কঠোর জীবন-সংগ্রামের লক্ষ্য—তাঁহার নিকট যাওয়া এবং শেষপর্যন্ত তাহার সহিত একীভূত হওয়া

ভক্তিযোগীই এই জীবন-সংগ্রামের অর্থ জানেন ও ইহার উদ্দেশ্য ব্রোন, তিনি এই সংগ্রাম অতিক্রম করিয়া আসিয়াছেন; স্থতরাং তিনি জানেন, ইহার দক্ষ্য কি, এই জ্বলা তিনি স্বাস্তঃকরণে এগুলি হইতে মৃক্তি পাইতে ইচ্ছা করেন। এ-সকল এড়াইয়া তিনি সকল আকর্ষণের মূলকারণ হরির নিকট একবারে যাইতে চান। ইহাই ভক্তের ত্যাগ—ভগবানের প্রতি এই প্রবল আকর্ষণ তাঁইর আর সকল আসক্তিকে নাশ করিয়া দেয়া। এই অনস্ত

ন বা অরে পত্যুঃ কামার পতিঃ প্রিয়ো ভবত্যাক্সনস্ত কামার পতিঃ থ্রিয়ো ভবতি।
 ন বা অরে জারায়ে কামায় জারা প্রিয়া ভবত্যাক্সনস্ত কামায় জারা প্রিয়া ভবতি।
 —বৃহু
 উপ., ২।৪।৫

প্রেম তাঁহার হদয়ে প্রবেশ করে, অন্তান্ত আসজির আর সেধানে স্থান
হয় না। ইহা ছাড়া আর কি হইতে পারে? ঈশর-রূপ প্রেমসমৃদ্রের
জলে ভক্তি তখন ভক্তের হদয় পরিপূর্ণ করিয়া দেয়। সেধানে ছোটখাট
ভালবাসার স্থান আর নাই। ইহাই ভক্তের ত্যাগ বা বৈরাগ্য। তাৎপর্য এই:
ভগবান্ ভিন্ন সমৃদয় বিষয়ে ভক্তের বে বৈরাগ্য, তাহা ভগবানের প্রতি পরম
অন্তরাগ হইতে উৎপন্ন।

পরাভক্তি-লাভের জন্ম এইভাবে প্রস্তুত হওয়াই আবশ্বক। এই বৈরাগ্য-লাভ হইলে পরাভক্তির উচ্চতম শিখরে উঠিবার দার যেন খুলিয়া যায়া তখনই আমরা বুঝিতে আরম্ভ করি, পরাভক্তি কি। আর যিনি পরাভক্তির রাজ্যে প্রবেশ করিয়াছেন, একমাত্র তাঁহারই বলিবার অধিকার আছে, ধর্মাহভূতির জন্ম তাঁহার পক্ষে প্রতিমাপুজা বা অহুষ্ঠানাদি নিম্প্রোজন। তিনিই কেবল সেই পরম প্রেমাবস্থা লাভ করিয়াছেন, যেথানে সকল মানবের ভাতৃত্ব অহ্ভব করা সম্ভব। অপবে কেবল ইহা লইয়া বুণা ৰাক্যবায় করে। তিনি তখন আম কোন ভেদ দেখিতে পান না; মহান্ প্রেমসমূল তাঁহার অন্তরে প্রবেশ করিয়াছে; তথন ডিনি আমাদের মতো মানুষ পভ তরু লতা স্থ চন্দ্র তারা দেখেন না, তিনি সর্বত্ত স্ব-কিছুর মধ্যে তাঁহার প্রিয়ন্তমকে দেখিতে পান। বাহার মুখের দিকে তিনি তাকান, তাহারই ভিতর তিনি হরির প্রকাশ দৈখিতে পান। ` ত্র্ব বা চন্দ্রের আলোক তাঁহারই প্রকাশমাত্র। যেখানেই ডিনি কোন সৌন্দর্য বা মহত্ত দেখিতে পান, সেখানেই ডিনি অমুডব করেন—সবই সেই ভগবানের । এরপ ভক্ত জগতে এখনও আছেন, জগৎ কথনই এরূপ ভক্ত-বিরহিত হয় না। এরূপ ভক্ত সর্পদিষ্ট হইলে বলে, আমার প্রিয়তমের নিকট হইতে দৃত আসিয়াছিল। এইব্রপ ব্যক্তিরই কেবল বিশক্ষনীন ভাতৃভাব সম্বন্ধে কিছু বলিবার অধিকার আছে। তাঁহার হৃদয়ে কথন কোধ বা ক্ষোভের সঞ্চার হয় না। বাহ্ন ইক্রিয়প্রাহ্ন জগৎ তাঁহার নিকট হইডে চিরকালের জন্ম অন্তর্হিত ৷ কি করিয়া তিনি ক্রেদ্ধ হইবেন, যথন প্রেমবলৈ অতীক্রিয় সত্যকে তিনি সর্বদ্য দেখিতে পান 🕇

ভক্তিযোগের স্বাভাবিকতা ও উহার রহস্থ

অর্জুন ঐভগবানকে জিজ্ঞাদা করিয়াছিলেন, 'যাহারা দর্বদা অবহিত হইয়া তোমার উপাসনা করেন, আর যাঁহারা অব্যক্ত নিগুণের উপাসক, ইহাদের মধ্যে কাহারা শ্রেষ্ঠ যোগী ?' শ্রীভগবান বলেন, 'যাহারা আমাতে মন সংলগ্ন করিয়া নিত্যযুক্ত হইয়া পরম শ্রহ্মার সহিত আমার উপাসনা করেন, তাহারাই আমার শ্রেষ্ঠ উপাসক, তাঁহারাই শ্রেষ্ঠ যোগী। গাঁহারা নিগুণি, অনির্দেখ, অব্যক্ত, সর্বব্যাপী, অচিস্ত্য, নির্বিকার, অচল নিত্যস্বরূপকে ইন্দ্রিয়সংয়ম ও বিষয়ে সমবুদ্ধি অবলম্বন করিয়া উপাসনা করেন, সেই সর্বভূতহিতে রভ ব্যক্তিগণও আমাকে লাভ করেন। কিন্তু ঘাঁহাদের মন অব্যক্তে আসক্ত, তাঁহাদের অধিকতর কষ্ট হইয়া থাকে; কারণ দেহাভিমানী ব্যক্তি অতি কটে এই নিগুৰ্ ব্ৰেমে নিষ্ঠা লাভ করিতে পারে। কিন্তু মাহারা সমৃদয় কার্য আমাতে সমর্পণ করিয়া মংপরায়ণ হইয়া আমার ধ্যান ও উপাসনা করেন, আমি তাঁহাদিগকে শীঘ্রই পুন: পুন: জন্মমৃত্যুত্রপ মহাসমূত্র হইতে উদ্ধার করি, কারণ তাঁহাদের মন সর্বদাই আমার প্রতি সম্পূর্ণরূপে আসক্ত।'' এখানে জ্ঞানধোগ ভক্তিধোগ উভয়কেই লক্ষ্য করা হইয়াছে। এমন কি, উদ্ধৃতাংশে উভয়েরই লক্ষণ প্রকাশ কর। হইয়াছে, বলা ষাইতে পারে। জ্ঞানযোগ অবশ্র অতি মহান্; উহা তত্ত্বিচারের দারা পরব্রন্ধকে অহুভব করিবার পথ। আর আশ্চর্ষের বিষয় প্রত্যেকেই ভাবে—তত্ত্বিচারের দ্বারা দে দব কিছু করিছে 'পারে। কিন্তু বান্তবিক জ্ঞানধোগ অহুসারে জীবন-যাপন বড় কঠিন ব্যাপার, উহাতে অনেক বিপদাশকা আছে।

অগতে তৃই প্রকার লোক দেখিতে পাওয়া যায়। একদল আহর-প্রকৃতি—তাহারা এই শরীরটাকে স্থেশাচ্ছন্যে রাখাই জীবনের চরম উদ্দেশ্ত মনে করে। আর যাঁহারা দেবপ্রকৃতি, তাঁহারা এই শরীরকে কেবল কোন বিশেষ উদ্দেশ্তসাধনের উপায় মনে করেন। তাঁহারা মনে করেন, উহা যেন আত্মার উন্নতিসাধনের ষদ্রবিশেষ। কথিত আছে, শয়তান নিজ উদ্দেশ্ত-

১ গীতা, ১২৷১ ৭

সিদ্ধির জন্ত শাস্ত্র উদ্ধৃত করিতে পারে, করিয়াও থাকে। স্বতরাং জ্ঞানমার্গ বেমন সাধুব্যক্তির উচ্চতম আদর্শলাভের প্রবল উৎসাহদাতা, সেইরূপ অসাধু ব্যক্তিরও কার্বের সমর্থক বলিয়া মনে হয়। জ্ঞানখোগে ইহাই মহা বিপদাশকা। কিন্তু ভক্তিখোগ অভি স্বাভাবিক ও মধুর। ভক্ত জ্ঞানখোগীর মতো অভ উচ্চ শুরে উঠেন না, স্বতরাং তাঁহার গভীর পভনের আশকাও নাই। এইটুকু বুঝিতে হইবে যে, সাধক যে পথই অবলয়ন কর্মন না কেন, যতদিন না সমৃদ্য বন্ধনমোচন হইতেছে, ততদিন ভিনি কখনই মৃক্ত হইতে পারেন না। প্রশ্ন করা যাইতে পারে, ভক্ত এই সহজ্ব পথ বাছিয়া লইয়া কিভাবে মৃক্তিলাভ করিবেন?

(এই কয়েকটি শ্লোকে দেখা যায়, প্রগাঢ় ভক্তি দারা কিরূপে জনৈক। ভাগ্যবতী গোপীর জীবাত্মার পাপপুণ্যরূপ বন্ধন চূর্ণ হইয়া গিয়াছিল। 'ভগবানের চিস্তাজনিত পরমাহলাদে তাঁহার সমৃদয় পুণ্যকর্মজনিত বন্ধন ক্ষয়প্রাপ্ত হইল, আর ভগবানকে কাছে না পাওয়ার মহাত্থেে তাঁহার সমৃদয় পাপ ধৌত হইয়া গেল। তখন কোন বন্ধন না থাকায় দেই গোপকন্তা মুক্তিলাভ করিলেন।'' এই শাস্ত্রবাক্য হইতে বেশ বুঝা যায়, ভক্তিযোগের গুহু রহস্ত এই যে, মহয়ত্ত্দয়ের যত প্রকার বাসনা বা ভাব আছে, উহার কোনটিই স্বরূপতঃ মন্দ নয়; উহাদিগকে ধীরে ধীরে নিয়ন্ত্রিত করিয়া ক্রমশঃ উচ্চাভিম্থী করিতে হইবে, যতদিন না ঐগুলি চরমোৎকর্ষ লাভ করে। উহাদের সর্বোচ্চ গতি ভগবান, এবং অক্তাশু সকল গভিই নিমাভিমুথী। ফল অন্থসারে আমাদের সমৃদয় মনোভাবকে তুই ভাগে বিভক্ত করা যায়—স্থপ ও তুংপ; শেষোক্ত মনোভাবকে কি করিয়া উচ্চাভিম্থী করা যায়, তাহা ভাবিয়া সাধক দিশেহারা হন। কিন্তু ভক্তিযোগ শিক্ষা দেয়—ইহা সভ্যসভ্যই সম্ভব। তুঃথের প্রয়োজনীয়তা আছে। বিষয় বা ধন লাভ করিতে না পারিয়া যখন কেহ হুঃখ পায়, তখন তুঃখবুত্তিকে ভূল পথে চালিত করা হইতেছে। কেন আমি সেই পরম পুরুষকে লাভ করতে পারিলাম না? কেন আমি ভগবানকে পাইলাম না?'—এই

> ওচিন্তাবিপুলাহলাদকীণপুণাচয়া তথা। তদপ্রাপ্তিমহাতুঃধবিদীনাশেবপাতকা। চিন্তুয়ন্ত্রী জগৎসূতিং পরব্রন্ধবরূপিনম্।

নিক্ত্ৰাষ্ট্ৰা মৃত্তিং গভাক্তা গোপকস্তকা ৷—বিকুপুরাণ, ১০১১-২২

বলিয়া যদি কেই যন্ত্রণায় অন্থির হয়, তবে সেই যন্ত্রণা তাহার মৃক্তির কারণ হইবে। কয়েকটি মুদ্রা পাইলে যথন তোমার আহলাদ হয়, তথন ব্ঝিতে হইবে তুমি তোমার আহলাদ-বৃত্তিকে তুল পথে চালাইতেছ। উহাকে উচ্চতর বিষয়ে প্রেরণ করিতে হইবে, আমাদের সর্বোচ্চ লক্ষ্য ভগবানের চিন্তান্থ আনন্দ বোধ করিতে হইবে। অন্থান্ত ভাব সম্বন্ধেও এই একই কথা। ভক্ত বলেন, উহাদের কোনটিই মন্দ নয়; স্কুতরাং তিনি ঐ ভাবগুলি বশীভূত করিয়া নিশ্চিতভাবে ঈশ্রাভিম্থী করেন।

ভক্তির প্রকাশভেদ

ভগবানে ভক্তি যতভাবে প্রকাশিত হয়, এথানে তাহার করেকটি আলোচিত হইতেছে। প্রথম—'শ্রন্ধা'। লোকে মন্দির ও তীর্থস্থানসমূহের প্রতি এত শ্রন্ধাসম্পন্ন কেন? এই-সকল স্থানে ঈশ্বরের পূজা হয় বলিয়া, এই-সকল স্থানে গেলে ঈশ্বরের ভাবের উদ্দীপনা হয় বলিয়া এই-সকল স্থানের সহিত ঈশবের সন্তা জড়িত। সকল দেশেই লোকে ধর্মাচার্যগণের প্রতি এত শ্রন্ধাসম্পন্ন কেন? তাঁহারা সকলেই সেই এক ভগবানের মহিমাই প্রচার করেন; তাঁহাদের প্রতি শ্রন্ধাসম্পন্ন হওয়াই স্থাভাবিক। এই শ্রন্ধার মূল ভালবাসা। যাহাকে আমরা ভালবাসি না, তাহার প্রতি শ্রন্ধাসম্পন্ন হইতে পারি না।

তারপর 'প্রীতি'—ভগবচিন্তায় হথ বা আনন্দাহভব। বিষয়ে মাহ্য কি তীব্র আনন্দ অহভব করিয়া থাকে! ইন্দ্রিয়হ্থধকর দ্রব্য লাভ করিতে মাহ্য সর্বত্র ছুটিয়া যায়, মহা বিপদেরও সম্থীন হয়। ভক্তের চাই ঠিক এই প্রকার ভালবাসা। ভগবানের দিকে এই ভালবাসার মোড় ফিরাইতে হইবে।

তারপর মধ্রতম যন্ত্রণা 'বিরহ'—প্রেমাম্পদের অভাবজনিত মহাতৃঃখ। এই হৃঃখ জগতে দকল তৃঃখের মধ্যে মধ্র—অতি মধ্র। 'ভগবানকে লাভ করিতে পারিলাম না, জীবনে একমাত্র প্রাপ্তব্য বস্তু পাইলাম না' বলিয়া মামুষ যখন অতিশয় ব্যাকুল হয় এবং দেজতু য়য়ণায় অস্থির ও উয়ত্ত হইয়া উঠে, তখনই ব্ঝিতে হইবে ভজের বিরহ-অবস্থা। মনের এই অবস্থা হইলে প্রেমাম্পদ ব্যতীত আর কিছু ভাল লাগে না (ইতর-বিচিকিৎসা)। পার্থিব প্রেমেও মাঝে মাঝে উয়ত্ত প্রেমিক-প্রেমিকার মধ্যে এই বিরহ দেখা যায়। নরনারীর পরস্পর-মধ্যে প্রগাঢ় প্রণয় হইলে তাহারা যাহাদিগকে ভালবাদেন না, তাহাদের সান্নিধ্যে স্বভাবতই একটু বিরক্তি বোধ করে। (এইরুণে যখন পরাভক্তি হৃদয়ে প্রভাব বিন্তার করিতে থাকে, তখন যে বস্তু, বিষয় বা ব্যক্তি সাধক ভালবাদেন না, দেগুলি সহ্য করিতে পারেন না। তখন ভগবান ব্যতীত অক্য বিষয়ে কথা বলাও ভক্তের পক্ষে বিরক্তিকর হইয়া

> সম্মান-বহুমানপ্রীতিবিরহেতর-বিটিকিংসা-মহিমখ্যাতিতদর্থপ্রাণস্থান-তদীয়ভাসর্বভদ্তাবাপ্রাতিকুল্যাদীনি চ শ্বরণেড্যো বাহুল্যাং ।—শাণ্ডিল্যস্ত্র, (২।১)৪৪

পড়ে। 'তাঁহার বিষয়ে, কেবল তাঁহার বিষয়ে চিন্তা কর, অন্ত সকল কথা ত্যাগ কর।' বাঁহারা ভুধু ঈশ্বর সম্বন্ধে কথা বলেন, ভক্ত তাঁহাদিগকেই বন্ধ্বলিয়া মনে করেন; কিন্তু বাঁহারা অন্ত বিষয়ে কথা বলেন, তাঁহাদিগকে শত্রু বলিয়া মনে হয়।

আরও এক উচ্চ অবস্থা আদে, যথন এই জীবনধারণও শুধু তাঁহার জন্ত।
উহা ব্যতীত এক মুহুর্তের জন্তও জীবনধারণ করা ভক্তের পক্ষে অসম্ভব বােধ
হয়। এই অবস্থার শান্তীয় নাম 'তদর্পপ্রাণস্থান'। আর সেই প্রিয়তমের
চিস্তা হৃদয়ে বর্তমান থাকে বলিয়াই এই জীবনধারণে স্থাবােধ হয়। সংক্ষেপে
—প্রিয়তমের চিস্তা আছে বলিয়াই জীবন তথন মধুব বলিয়া মনে হয়।

তদীয়তা—তাঁহার হইয়া বাওয়া; ভক্তিমতে সাধক যখন সিদ্ধাবন্থা প্রাপ্ত হন, তথন এই 'ভদীয়তা' আসে। যথন তিনি ভগবানের পাদ স্পর্শ করিয়া ধয় হন, তথন তাঁহার প্রকৃতি সম্পূর্ণরূপে পরিবর্ভিত হইয়া যায়, বিশুদ্ধ হইয়া য়ায়; তথন তাঁহার জীবনের উদ্দেশ্য পূর্ণ হইয়া য়ায়। তথাপি জ্ঞানেক ভক্ত কেবল ঈশ্বরের উপাসনার জয়ই জীবনধারণ করেন। এই জীবনে ইহাই তাঁহাদের একমাত্র স্থ্য—এটি তাঁহারা ছাড়িতে চান না। 'হে রাজন, হরির এতাদৃশ মনোহর গুণরাশি যে, যাহার। আত্মায় পরম তৃপ্তি লাভ করিয়াছেন, বাঁহাদের হৃদয়গ্রন্থি ছিয় হইয়াছে, তাঁহাঝাও ভগবানকে নিদ্ধাম ভক্তি করিয়া থাকেন।' 'এই ভগবানকে দেবগণ, মুমুক্ত ও ব্রহ্মবাদীয়াও উপাসনা করিয়া থাকেন।' ব্যথম মাহ্মব নিজেকে একেবারে ভূলিয়া গিয়াছে তথনই এই 'তদীয়তা'-জবলা লাভ হয়। সাধারণ ভালবাসাতেও যেমন প্রেমাম্পদের সকল জিনিলই প্রেমিকের চক্ষে অমূল্য বলিয়া বোধ হয়, ভেমনি ভক্তের নিকট সকলই পবিত্র বলিয়া বোধ হয়, কারণ সবই যে তাঁহার প্রেমাম্পদের। প্রিয়তমের এক টুকরা বন্ধও সে ভালবাসে; এরপে যে ভগবানকে ভালবাসে, সে সমুদয় জগৎকেও ভালবাসে; কারণ সমুদয় জগৎবেও ভালবাসে;

১ তমেবৈকং জানধ আস্থানমন্তা বাচো বিম্ঞধামৃতক্তৈবং সেতু: ।---মুগুক উপ., ২।২।৫

২ আক্সারামান্ট মূনরো নিপ্রস্থি অপুরেক্তমে। কুর্বস্তাহৈতুকীং ভক্তিম্ ইংখড়তগুণো হার: ।—শ্রীমন্তাগরত, ১।৭।১•

७ यः मर्त्व (पवा नमश्चि भूभूक्यता अक्षवाणिनकः।

[—] নৃদিংহপুর্বভাপনী উপ., ২াচ

বিশ্বপ্রেম ও আত্মসমর্পণ

প্রথমে সমষ্টিকে ভালবাসিতে না শিখিলে কিরূপে ব্যষ্টিকে ভালবাসা যায় ? ঈশরই সমষ্টি। সমগ্র জগৎটাকে যদি এক অথওস্বরূপে চিন্তা করা যায়, তাহাই ঈশব ; আর দৃশ্যমান জগৎ যথন পৃথক্ রূপে দেখা ষায়, তথনই উহা ব্যষ্টি। সমষ্টিকে—সেই দৰ্বব্যাপীকে—যে এক অখণ্ড বস্তুর মধ্যে ক্ষুত্রতর অথও বস্তুসমূহ (unities) অবস্থিত, তাঁহাকে ভালবাদিলেই সমগ্র জগৎকে ভালবাসা সম্ভব। ভারতীয় দার্শনিকগণ বিশেষ (particular) লইয়াই ক্ষাস্ত নন, তাঁহারা ব্যষ্টির দিকে ক্ষিপ্রভাবে দৃষ্টিপাত করেন এবং তারপরেই ব্যষ্টি বা বিশেষ ভাবগুলি যে সামান্ত ভাবের অন্তর্গত, তাহার অন্বেষণে প্রবৃত্ত হন। সর্বভূতের মধ্যে এই সামান্ত (universal) ভাবের অন্বেষণই ভারতীয় দর্শন ও ধর্মের লক্ষ্য। জ্ঞানীর লক্ষ্য—যাঁহাকে জানিলে সমুদয় জানা যায়, সেই সমষ্টিভূত, এক, নিরপেক্ষ, সর্বভূতের মধ্যগত সামাগ্রভাবস্বরূপ পুরুষকে জানা। ভক্ত চান, যাঁহাকে ভালবাসিলে এই চরাচর বিশ্বব্দাণ্ডের প্রতি ভালবাসা জন্মে, সেই সর্বগত পুরুষপ্রধানকে শাক্ষাৎ উপলব্ধি করিতে; যোগীর আকাজ্জা সেই সকলের মূলীভূত শক্তিকে জয় করা—যাহাকে জয় করিলে সমৃদয় জগৎকে জয় করা যায়। ভারতবাসীর মনের ইতিহাস পর্যবেক্ষণ করিলে জানা যায়, কি জড়বিজ্ঞান, কি মনোবিজ্ঞান, কি ভক্তিতত্ত্ব, কি দর্শন—সর্ব বিভাগেই উহা চিরকাল এই বহুর মধ্যে এক দর্বগত তত্ত্বের অপূর্ব অন্তুদম্বানে নিয়োজিত।

ভক্ত ক্রমে এই সিদ্ধান্তে উপনীত হন বে, যদি একজনের পর আর একজনকে ভালবাসিতে থাকো, তবে তুমি অনস্তকালের জন্ম উত্তরোজর অধিকসংখ্যক ব্যক্তিকে ভালবাসিয়া যাইতে পারো, কিন্তু সমগ্র জগৎকে মোটেই ভালবাসিতে সমর্থ হইবে না। কিন্তু অবশেষে যখন এই মূল সত্য অবগত হওয়া যায় যে, ঈশর সম্দয় প্রেমের সমষ্টিশ্বরূপ, মুক্ত ম্মূক্ত্ বদ্ধ জগতের সকল জীবাজার সকল আকাজ্জার সমষ্টিই ঈশর, তখনই তাঁহার পক্ষে সর্বজনীন প্রেম সম্ভব হইতে পারে। ভক্ত বলেন: ভগবান্ সমষ্টি এবং সেই পরিদৃশ্যমান জগৎ ভগবানের পরিচ্ছিন্ন ভাব—ভগবানের অভিব্যক্তি

माज। ममष्टिक ভानरामिलार ममूमग्न जग९८करे ভानरामा रहेन। তथनरे জগতের প্রতি ভালবাসা ও জগতের । হতসাধন—সবই সহজ হইবে। (প্রথমে ভগবংপ্রেমের দারা আমাদিগকে এই শক্তিলাভ করিতে হইবে, নতুবা জগতের হিতসাধন সম্ভব হইবে না। ভক্ত বলেন: সবই তাঁহার, তিমি আমার প্রিয়তম, আমি তাঁহাকে ভালবাসি। এইরূপ ভক্তের নিকট ক্রমশ: সবই পবিত্র বলিয়া বোধ হয়, কারণ সবই তাঁহার। সকলেই তাঁহার সন্তান, তাঁহার অঙ্গম্বরূপ, তাঁহারই প্রকাশ। তথন কি ভাবে অপর্কে আঘাত করিতে পারি ? কিরূপেই বা অপরকে ভাল না বাসিয়া থাকিতে পারি ? ভগবংপ্রেম আদিলেই তাহার দক্ষে দক্ষে তাহার নিশ্চিত ফলম্বরূপ সর্বভূতে প্রেম আসিবে। আমরা যতই ভগবানের দিকে অগ্রসর হই, ততই সমুদয় বস্তুকে তাঁহার ভিতর দেখিতে পাই। যথন সাধক এই পরাভক্তিলাভে সমর্থ হন, তথন ঈশ্বরকে সর্বভূতে দর্শন করিতে আরম্ভ করেন, এইরূপে আমাদের হৃদয় প্রেমের এক অনস্ত প্রস্রবণ হইয়া দাঁড়ায়। যখন স্মামরা এই প্রেমের আরও উচ্চন্তরে উপনীত হই, তখন এই জগতের সকল পদার্থের মধ্যে যে পার্থক্য আছে, তাহা একেবারে দূরীভূত হয়। মাহুষকে তথন আর মাহ্র বলিয়া বোধ হয় না, ভগবান্ বলিয়াই বোধ হয়; অপরাপর জীবজন্তও चात्र कीवज्ञ विद्या (वांध हम ना, द्रेयत विद्यादे (वांध हम। धमन कि, ব্যান্তকেও ব্যান্ত বলিয়া বোধ হইবে না, ভগবানেরই এক প্রকাশ বলিয়া বোধ হইবে। 'এইরপে এই প্রগাঢ় ভক্তির অবস্থায় সর্বপ্রাণীই আমাদের উপাস্ত হইয়া পড়ে। সর্বভূতে হরিকে অবস্থিত জানিয়া জ্ঞানী ব্যক্তি সকলকে অবিচলিত ভাবে ভালবাদেন।''

এইরপ প্রগাঢ় দর্বব্যাপক প্রেমের ফল পূর্ণ আত্মনিবেদন ও 'অপ্রাতিকূল্য'; এ অবস্থায় দৃঢ় বিশ্বাদ হয় যে, সংসারে যাহা কিছু ঘটে, তাহার কিছুই আমাদের অনিষ্টকর নয়। তথনই সেই প্রেমিক পুরুষ—হংথ আসিলে বলিতে পারেন, 'স্বাগত হংথ'; কট্ট আসিলে বলিতে পারেন, 'এস কট্ট, তুমিও আমার প্রিয়ত্তমের নিকট হইতে আসিভেছ।' দর্প আসিলে দর্পকেও তিনি স্বাগত সম্ভাষণ করিতে পারেন। মৃত্যু আসিলে এরূপ ভক্ত মৃত্যুকে সহাস্তে অভিনন্দন

এবং সর্বের্ভৃতের্ভক্তিরব্যভিচারিণী।
 কর্তব্যা পণ্ডিতৈক্তাতা সর্বভৃতময়ং হরিম্।

করিতে পারেন। 'ধন্ত জামি, আমার নিকট ইহারা জাসিতেছে, সকলেই স্বাগত। ভগবান্ ও যাহা কিছু তাঁহার—দেই সকলের প্রতি প্রগাঢ় প্রেম হইতে প্রস্ত এই পূর্ণ নির্ভরতার অবস্থায় ভক্তের নিকট স্থ্য ও তৃঃথের বিশেষ প্রভেদ থাকে না। তিনি তথন তৃঃথকষ্টের জন্ত আর অভিযোগ করেন না। আর প্রেমস্বরূপ ভগবানের ইচ্ছার উপর সম্পূর্ণ নির্ভরত। অবশ্রষ্ট মহাবীরত্বপূর্ণ কার্যকলাপজনিত যশোরাশি অপেকা অধিকতর বাঞ্চনীয়)

অধিকাংশ মামুষের কাছে দেহই সর্বস্থ। দেহই তাহাদের চক্ষে সমগ্র বিশ্ব, দেহের স্থই তাহাদের চরম লক্ষ্য। এই দেহ ও আস্থরিক ভাব, দৈহিক ভোগ্য বস্তুকে উপাসনা করা-রূপ আহ্বরিক ভাব আমাদের সকলের ভিতর প্রবেশ করিয়াছে। আমরা থুব লম্বা-চওড়া কথা বলিতে পারি, যুক্তির স্তরে থুব উচ্চে উড়িতে পারি, তথাপি আমরা শকুনির মতো; ষভই উচ্চে উঠিয়াছি মনে করি না কেন, আমাদের মন ভাগাড়ে গলিত শবের মাংসথণ্ডের প্রতি আরুষ্ট। জিজাসা করি, আমাদের শরীরকে ব্যাদ্রের কবল হইতে রক্ষা করিতে হইবে কেন ? ব্যাঘ্রের ক্ষ্ধা নিবারণের জন্ম আমরা এই শরীর তাহাকে দিতে পারি না কেন? উহাতে তো ব্যাদ্রের তৃপ্তি হইবে, এই কার্যের সহিত আত্মোৎদর্গ ও উপাদনার কি খুব বেশী প্রভেদ? অহংকে দম্পূর্ণরূপে নাশ করিতে পার না কি ? প্রেমধর্মের ইহা অতি উচ্চ চূড়া, আর অতি অল্প লোকই এই অবস্থা লাভ করিয়াছে। কিন্তু ষতদিন না মাহুষ সর্বদা এইরূপ আত্মত্যাগের জন্ম দর্বাস্কঃকরণে প্রস্তুত হয়, ততদিন দে পূর্ণ ভক্ত হইতে পারে না। আমরা সকলেই কমবেশী কিছু কালের জন্ম শরীরটাকে বাঁচাইয়া রাখিতে পারি এবং অল্লাধিক স্বাস্থ্যসম্ভোগও করিতে পারি, কিন্তু ভাহাতে কি হইল ? আমরা শরীরের যতই যত্ন লই না কেন, শরীর তো একদিন যাইবেই। ইহার কোন স্থায়িত্ব নাই। ধতা তাহারা, যাহাদের শরীর অপরের দেবায় নই হয়। 'দাধু ব্যক্তি কেবল অপরের সেবার জন্ম ধন, এমন কি প্রাণ পর্যস্ত উৎসর্গ করিতে সদা প্রস্তুত হইয়া থাকেন। এই জগতে মৃত্যুই একমাত্র সত্য--এখানে যদি আমাদের দেহ কোন মন্দ কাজে না গিয়া ভাল কাজে যায়, তবে তাহা পুব ভাল বলিতে হইবে।'^১ আমরা কোনরূপে পঞ্চাশ—জোর

ধনানি জীবিতকৈব পরার্থে প্রাক্ত উৎস্কেৎ।
 সমিবিতে বরং ত্যাগো বিনালে নিয়তে সতি।—হিভোপদেশ

এক-শ বছর বাঁচিতে পারি, কিন্তু তার পর ?—মৃত্যু। ষে-কোন বস্তু মিশ্রণে উৎপন্ন, তাহাই বিশ্লিষ্ট হইয়া বিনষ্ট হইয়া ষায়। এমন সময় আসিবে, যথন উহা বিশ্লিষ্ট হইবেই হইবে। ঈশা, বুদ্ধ, মহম্মদ, জগতের বড় বড় মহাপুরুষ এবং আচার্যেরা সকলেই এই পথে গিয়াছেন।

(ভক্ত বলেন, এই ক্ষণস্থায়ী জগতে, যেথানে সবই ক্রমশ: ক্ষয় পাইতেছে, এখানে আমরা ষভটুকু সময় পাই, সেটুকুরই সদ্যবহার করিতে হইবে। আর বান্তবিক জীবনের শ্রেষ্ঠ ব্যবহার-জীবনকে সর্বভূতের সেবায় নিযুক্ত করা। এই ভয়ানক দেহবৃদ্ধিই জগতে সর্বপ্রকার স্বার্থপরতার মূল। আমাদের মহাভ্রম: এই শরীরটি আমি, যে কোন প্রকারে হউক, উহাকে রক্ষা করিতে হইবে ও উহার স্বচ্ছন্দতা বিধান করিতে হইবে। এই ভাবই আমাদের পরার্থে জীবন উৎসর্গ করিতে দেয় না। যদি নিশ্চিত ভাবে জানো যে, তুমি শরীর হইতে সম্পূর্ণ পৃথক্, তবে এই জগতে এমন কিছুই নাই, যাহার সহিত তোমার বিরোধ উপস্থিত হইবে; তখন তুমি সর্বপ্রকার স্বার্থপরতার অভীত হইয়া গেলে। এই জন্ম ভক্ত বলেন, 'আমাদিগকে জগতের সকল পদার্থ সম্বন্ধে মৃতবং থাকিতে হইবে,' এবং ইহাই বাস্তবিক আত্মসমর্পণ—শরণাগতি। 'তোমার ইচ্ছা পূর্ণ হউক'—এই বাক্যের অর্থই ঐ আত্মসমর্পণ বা শরণাগতি। স্বার্থের জন্ম সংগ্রাম করা এবং সঙ্গে সঙ্গে মনে করা—ভগবানের ইচ্ছাতেই আমাদের তুর্বলতা ও সাংসারিক আকাজ্ঞা জন্মিয়া থাকে, ইহা নির্ভরতা নয়। হইতে পারে, আমাদের স্বার্থপূর্ণ কার্যাদি হইতেও ভবিশ্বতে আমাদের মঙ্গল হয়, কিন্তু দে বিষয় ভগবান দেখিবেন, তাহাতে তোমার আমার কিছু করিবার নাই। প্রকৃত ভক্ত নিজের জন্ম কথন কিছু ইচ্ছা করেন না বা কোন কার্য করেন না। 'প্রভু, লোকে ভোমার নামে বড় বড় মন্দির নির্মাণ করে, ভোমার নামে কত দান করে; আমি দরিদ্র, আমার কিছু নাই, তাই আমার এই দেহ ভোমার পাদপদ্মে সমর্পণ করিলাম। প্রভু, আমায় ত্যাগ করিও না।' ইহাই ভক্তব্দয়ের গভীর প্রদেশ হইতে উথিত প্রার্থনা। যিনি একবার এই অবস্থার আন্বাদ পাইয়াছেন, তাঁহার নিকট এই প্রিয়তম প্রভুর চরণে আন্মসমর্পণ---জগতের সমৃদয় ধন, প্রভূত, এমন কি মাহ্ব ষতদ্র মান যশ ও ভোগহুথের আশা করিতে পারে, তাহা অপেকাও শ্রেষ্ঠ বলিয়া প্রতীত হয়। ভগবানে নির্ভরঞ্জনিত 'এই শাস্তি আমাদের বৃদ্ধির অতীত' ও অমূল্য। আত্মসমর্পণ

হইতে এই অপ্রাতিক্লা-অবস্থা লাভ হইলে সাধকের আর কোনরূপ সার্থ থাকে না; আর স্বার্থই ষধন নাই, তথন আর তাঁহার স্বার্থহানিকর বস্তু জগতে কি থাকিতে পারে? এই পরম নির্ভরের অবস্থায় সর্বপ্রকার আগত্তি সম্পূর্ণরূপে অন্তর্হিত হয়, কেবল দেই সর্বভূতের অন্তরাত্মা ও আধারস্বরূপ ভগবানের প্রতি সর্বাবগাহী ভালবাদা অবশিষ্ট থাকে। ভগবানের প্রতি এই আগত্তি জীবাত্মার বন্ধনের কারণ নয়, বরং উহা নিঃশেষে তাহার সর্ববন্ধন মোচন করে)

পরাবিদ্যা ও পরাভক্তি এক

উপনিষদ্ পরা ও অপরা নামক তৃইটি বিছা পৃথক্ভাবে উল্লেখ কৰিয়াছেন।
আর ভক্তের নিকটে এই পরাবিছা ও পরাভক্তিতে বাস্তবিক কিছু প্রভেদ
নাই। মৃথক উপনিষদে কথিত আছে, 'ব্রদ্ধজানীরা বলেন, জানিবার যোগ্য
তৃই প্রকার বিছা—পরা ও অপরা। উহার মধ্যে অপরা বিছা—ঋথেদ,
যজুর্বেদ, সামবেদ, অথববেদ, শিক্ষা অর্থাৎ উচ্চারণ যতি ইত্যাদির বিছা,
কল্প অর্থাৎ যজ্ঞপদ্ধতি, ব্যাকরণ, নিকক্ত অর্থাৎ বৈদিক শব্দসমূহের বৃৎপত্তি
ও তাহাদের অর্থ যে শাল্পের দারা জানা যায়, এবং ছন্দঃ ও জ্যোতিষ।
আর পরাবিছা তাহাই, যাহা দারা সেই অক্ষরকে জানিতে পারা যায়।''

স্থতরাং স্পষ্ট দেখা গেল যে, এই পরাবিতাই ব্রন্ধজ্ঞান। দেবীভাগবতে পরাভজির এই লক্ষণগুলি পাই: তৈল ষেমন এক পাত্র হইতে পাত্রাস্তরে ঢালিবার সমন্ন অবিচ্ছিন্ন ধারায় পতিত হয়, তেমনি মন যখন অবিচ্ছিন্নভাবে ভগবানকে শ্বরণ করিতে থাকে, তখনই পরাভজির উদয় হইয়াছে, বৃঝিতে হইবে। অবিচ্ছিন্ন অমুরাগের সহিত ভগবানের দিকে হাদয় ও মনের এক্নপ অবিরত ও নিত্য স্থিরতাই মানব-হাদয়ে সর্বোচ্চ ভগবং-প্রেমের প্রকাশ। আর সকল প্রকার ভজি কেবল এই পরাভজির—'রাগাহুগা' ভজির সোপানমাত্র। (যখন সাধকের হাদয়ে পরাহুরাগের উদয় হয়, তখন তাঁহার মন সর্বদাই ভগবানের চিন্তা করিবে, আর কিছুই তাঁহার শ্বতিপথে উদিত হইবে না। তিনি নিজ মনে তখন ভগবানের চিন্তা ছাড়া অন্ত কোন চিন্তাকে হান দিবেন না। তাঁহার আত্মা সম্পূর্ণ পবিত্র হইয়া মনোজগতের ও জড়জগতের স্থল ক্ষেম্ব গর্মার বন্ধন অভিক্রম করিয়া শান্ত ও মৃক্ত ভাব ধারণ করিবে। এক্নপ লোকই কেবল ভগবানকে নিজ হাদয়ে উপাসনা করিতে সক্ষম। তাঁহার নিকট অমুষ্ঠান-পদ্ধতি, প্রতীক ও প্রতিমা, শান্তাদি

> দ্বে বিত্তে বেদিতব্যে ইতি হ শ্ম যদ্ ব্রহ্মবিদো বদস্তি পরা চৈবাপরা চ তত্রাপরা ঋথেদো বজুর্বেলঃ সামবেদোহধর্ববেদঃ শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুত্তং ছন্দো জ্যোতিষমিতি। অথ পরা যয়া তদক্ষরমধিগম্যতে।—মুগুক উপ., ১)১।৪-৫

२ क्छाटमा वर्जनदेश्व देख्नधात्रामभः महा ।—द्विवीखांगवेख, १।७१।১२

ও মতামত স্বই অনাবশ্যক হইয়া পড়ে—উহাদের ছারা তাঁহার আর কোন উপকার হয় না। ভগবান্কে এরপভাবে ভালবাসা বড় সহজ নয়।

নাধারণ মানবীয় ভালবাসা—বেখানে প্রতিদান পায়, দেখানেই বৃদ্ধি পায়; ধেখানে প্রতিদান না পায়, দেখানে উদাসীনতা আসিয়া ভালবাসার স্থান অধিকার করে। নিতান্ত অল্প ক্ষেত্রেই কিন্তু কোনরূপ প্রতিদান না পাইলেও প্রেমের বিকাশ দেখা যায়। একটি দৃষ্টান্ত দিবার জ্বন্ত আমরা অগ্নির প্রতি পতকের ভালবাসার সহিত ইহার তুলনা করিতে পারি। পতক আগুনকে ভালবাসে, আর উহাতে আগ্রসমর্পণ করিয়া প্রাণত্যাগ করে। পতকের স্থাবই এই ভাবে অগ্নিকে ভালবাসা। জগতে যত প্রকার প্রেম দৃষ্ট হয়, তয়ধ্যে কেবল প্রেমের জ্বন্তই যে প্রেম, তাহাই সর্বোচ্চ ও পূর্ণ নিংস্বার্থ প্রেম। এইরূপ প্রেম আধ্যাত্মিকতার ভূমিতে কার্য করিতে আরম্ভ করিলেই পরাভক্তিতে লইয়া যায়।

প্রেম ত্রিকোণাত্মক

প্রেমকে আমরা একটি ত্রিকোণ-রূপে প্রকাশ করিতে পারি, উহার কোণগুলিই যেন উহার তিনটি অবিভাজ্য বৈশিষ্ট্যের প্রকাশক। তিনটি কোণ ব্যতীত একটি ত্রিকোণ বা ত্রিভুজ সম্ভব নয়, আর এই তিনটি লক্ষণ ব্যতীত প্রকৃত প্রেমও সম্ভব নয়। প্রেম-রূপ এই ত্রিকোণের একটি কোণঃ প্রেমে কোন দর-ক্যাক্ষি বা কেনা-বেচার ভাব নাই। যেখানে কোন প্রতিদানের আশা থাকে, সেখানে প্রকৃত প্রেম সম্ভব নয়; সে-ক্ষেত্রে উহা কেবল দোকানদারিতে পরিণত হয়। যতদিন পর্যন্ত আমাদের ভগবানের প্রতি ভয়মিশ্রিত শ্রদ্ধা ও আম্পত্য পালনের জন্ম তাঁহার নিকট কোন না কোন অম্প্রত-প্রাপ্তির ভাব থাকে, ততদিন আমাদের হদয়ে প্রকৃত প্রেম থাকিতে পারে না। ভগবানের নিকট কিছু প্রাপ্তির আশায় যাহায়া উপাসনা করে, তাহায়া ঐ অম্প্রহ-প্রাপ্তির আশা না থাকিলে তাঁহাকে উপাসনা করিবে না। ভক্ত ভগবানকে ভালবাসেন তিনি প্রেমাম্পদ বলিয়া, প্রকৃত ভক্তের এই দিব্য ভাবাবেগের আর কোন হেতু নাই।

কথিত আছে, কোন সময়ে এক বনে এক রাজার সহিত জনৈক সাধুর সাক্ষাৎ হয়। তিনি সাধুর সহিত কিয়ৎক্ষণ আলাপ করিয়াই তাঁহার পবিত্রতা ও জ্ঞানের পরিচয় পাইয়া বড়ই সম্ভুট্ট হইলেন। পরিশেষে তাঁহাকে অমুরোধ করিতে লাগিলেন, 'আমাকে কৃতার্থ করিবার জন্ম আমার নিকট কিছু গ্রহণ করিতে হইবে।' সাধু কিছু গ্রহণ করিতে অম্বীকার করিলেন ও বলিলেন, 'বনের ফল আমার প্রচুর আহার, পর্বত-নি:ম্যত পবিত্র সরিৎ আমার পর্যাপ্ত পানীয়, বৃক্ষত্বক্ আমার পর্যাপ্ত পরিধেয় এবং গিরিগুহা আমার ষথেষ্ট বাসস্থান। কেন আমি তোমার কিংবা অপরের নিকট কোন কিছু লইব ?' রাজা বলিলেন, 'আমাকে অমুগৃহীত করিবার জন্ম আমার সহিত রাজধানীতে রাজপ্রাসাদে চলুন এবং আমার-নিকট হইতে কিছু গ্রহণ কক্ষন।' অনেক অমুনয়ের পর তিনি অবশেষে রাজার সহিত যাইতে স্বীকার করিলেন এবং তাঁহার সহিত প্রাসাদে গেলেন। দান করিবার পূর্বে রাজা পুন: পুন: প্রার্থনা করিতে লাগিলেন: হে ভগবান, আমাকে আরও সন্তান-সম্ভতি দাও, আরও ধন দাও, আরও রাজ্য

দাও, আমার শরীর নীরোগ কর, ইত্যাদি। রাজার প্রার্থনা শেষ হইবার পূর্বেই সাধু নীরবে ঘরের বাহিরে চলিয়া গেলেন। ইহা দেখিয়া রাজা হতর্দ্ধি হইয়া তাহার পশ্চাদ্গমন করিতে করিতে ডাকিয়া বলিতে লাগেলেন, 'প্রভ্, আমার দান গ্রহণ না করিয়াই চলিয়া গেলেন?' সাধু তাঁহার দিকে ফিরিয়া বলিলেন, 'ভিক্ক্কের কাছে আমি ভিক্ষা করি না। তুমি নিজে তো একজন ভিক্ক ; তুমি আবার কিভাবে আমাকে কিছু দিতে পারো? আমি এত মূর্থ নই যে, ভিক্ক্কের নিকট দান গ্রহণ করিব। যাও, আমার অমুসরণ করিও না।'

এই গল্লটিতে ধর্মবাজ্যে ভিক্কুক আর ভগবানের প্রকৃত ভক্তদের ভিতর বেশ প্রভেদ দেখানো ইইয়াছে। (কোন বরলাভের জন্ম, এমন কি মুক্তিলাভের জন্মও ভগবানের উপাদনা করা অধম উপাদনা। প্রেম কোন পুরস্কার চায় না, প্রেম দর্বদা প্রেমেরই জন্ম। ভক্ত ভগবান্কে ভালবাদেন, কারণ তিনি না ভালবাদিয়া থাকিতে পারেন না। দৃষ্টাস্তঃ ভুমি একটি স্থন্দর প্রাক্ততিক দৃশ্ম দোখয়া উহা ভালবাদিয়া ফেলিলে। ভুমি ঐ দৃশ্মের নিকট ইইতে কোন-রূপ অন্তগ্রহ ভিক্ষা কর না, আর দেই দৃশ্মও ভোমার নিকট কিছুই প্রার্থনা করে না। তথাপি উহা দর্শন করিয়া ভোমার মনে আনন্দের উদয় হয়—উহা ভোমার মনের অশান্তি দূর করিয়া দেয়, উহা ভোমাকে শাস্ত করিয়া দেয়, তোমাকে কণকালের জন্ম একরপ মর্ত্য স্থভাবের উর্ধ্বে লইয়া যায় এবং এক স্বর্গীয় আনন্দে মনকে শাস্ত করিয়া দেয়। ইহাই প্রকৃত প্রেমের ভাব, এবং এই বৈশিষ্ট্যই উক্ত ত্রিকোণাত্মক প্রেমের একটি কোণ। অভএব প্রেমের পরিবর্তে কিছু চাহিও না, সর্বদা দাতার আদন গ্রহণ কর। ভগবানকে ভোমার প্রেম নিবেদন কর, পরিবর্তে তাঁহার নিকট কিছু চাহিও না।

বৈশেষপ ত্রিকোণের দ্বিতীয় কোণ: প্রেমে কোনরূপ ভয় নাই। যাহারা ভয়ে ভগবানকে ভালবাদে, তাহারা মহায়াধম; তাহাদের মহায়ভাব এখনও পূর্ণ বিকশিত হয় নাই। তাহারা শান্তির ভয়ে ভগবানকে উপাসনা করে। তাহারা মনে করে, ভগবান্ এক বিরাট পুরুষ, তাঁহার এক হয়ে দণ্ড, এক হয়ে চাবুক; তাঁহার আজ্ঞাপালন না করিলে তাহারা দণ্ডিত হইবে। ভগবান্কে দণ্ডের ভয়ে উপাসনা করা অতি নিয়শ্রেণীর উপাসনা। এইরূপ উপাসনাকে যদি উপাসনাই বলিতে হয়, তবে উহা অতি অপরিণত ভাবেরই উপাসনা। যতদিন হলয়ে কোনরূপ ভয় থাকে, ততদিন সেখানে ভালবাসাও থাকিবে কি করিয়া?

প্রেম স্বভাবতই সমুদয় ভয়কে জয় করিয়া ফেলে। কল্পনা কর, এক তরুণী জননী পথে চলিয়াছেন; একটি কুকুর ভাকিলেই তিনি ভয় পাইয়া তাড়াতাড়ি নিকটতম কোন গৃহে প্রবেশ করেন। কিন্তু যদি তাঁহার শিশু তাঁহার সঙ্গে থাকে এবং যদি একটি সিংহ শিশুটির উপর লাফাইয়া পড়ে, তথন সেই জননী কোথায় থাকিবেন ?—সিংহের মূথে। শিশুটিকে বাঁচাইবার জন্ম অবশুই তিনি আপ্রাণ চেষ্টা করিবেন। ভালবাসা সর্ববিধ ভয়কে জয় করে। আমি জগৎ হইতে পৃথকৃ—এই প্রকার একটি স্বার্থপর ভাব হইতেই ভয় জন্মে। মনকে সঙ্গীর্ণ করিয়া আমি নিজেকে যত স্বার্থপর করিয়া ফেলিব, আমার ভয়ও দেই পরিমাণে বৃদ্ধি পাইবে। যদি কেহ মনে করে, দে কোন কাজের নয়, নিশ্চয়ই সে ভয়ে অভিভূত হইবে। আর নিজেকে যতই তুচ্ছ ও কৃ্দ্র বলিয়া না ভাবিবে, ততই তোমার ভয় কমিয়া ষাইবে। যতদিন তোমার একবিন্দু ভয় আছে, ততদিন তোমার মধ্যে প্রেম থাকিতে পারে না। প্রেম ও ভয় হুইটি একত্র থাকিতে পারে না। যাহারা ভগবান্কে ভালবাদেন, তাঁহারা কখনই তাঁহাকে ভয় করিবেন না। 'ভগবানের নাম রুথা লইও না'— এই আদেশ শুনিয়া প্রকৃত ভগবৎপ্রেমিক হাসিয়া উঠেন। প্রেমের ধর্মে ভগবন্ধিনা কোথায়? যেরূপেই হউক, প্রভুর নাম যত লইতে পারো, ততই মঙ্গল। প্রকৃত ভক্ত তাঁহাকে ভালবাদে, তাই তো তাহার নাম করে)

প্রেমরণ ত্রিকোণের তৃতীয় কোণ: প্রেমে প্রতিঘদীর স্থান নাই।
প্রেমিকের আর বিতীয় ভালবাদার পাত্র থাকিবে না, কারণ প্রেমেই প্রেমিকের
দর্বোচ্চ আদর্শ রপায়িত। যতদিন না ভালবাদার পাত্র আমাদের দর্বোচ্চ
আদর্শ হইয়া দাঁড়ায়, ততদিন প্রকৃত প্রেম সন্তব নয়। হইতে পারে, অনেক
স্থলে মান্থবের ভালবাদা ভূল পথে চালিত হয়, অপাত্রে অর্দিত হয়, কিন্তু
প্রেমিকের পক্ষে তাহার প্রিয় সর্বদা তাহার সর্বোচ্চ আদর্শ। একজন হয়তো
জঘন্ততম ব্যক্তিকে ভালবাদিতেছে, আর একজন—মহত্তম এক ব্যক্তিকে
ভালবাদিতেছে, তা সত্ত্বেও উভয়ত্র নিজ আদর্শকেই ভালবাদা হইতেছে।
প্রত্যেক ব্যক্তির উচ্চতম আদর্শকেই ঈশ্বর বলা হয়। অজ্ঞ বা জ্ঞানী, সাধু বা
পাপী, নর বা নারী, শিক্ষিত বা অশিক্ষিত—সকলেরই উচ্চতম আদর্শ ঈশ্বর।
সম্দয় সৌন্দর্ব, মহত্ব ও শক্তির উচ্চতম আদর্শসমূহ সমন্বিত করিলেই প্রেমময়
ও প্রেমাম্পদ ভগবানের পূর্ণতম ভাব পাওয়া যায়।)

এই আদর্শগুলি প্রত্যেক ব্যক্তির মনে কোন না কোনরূপে স্বভাবতই বর্তমান। উহারা যেন আমাদেরই মনের অঙ্গ বা অংশবিশেষ। মানবপ্রকৃতিতে যে-সকল ক্রিয়ার বিকাশ দেখিতে পাওয়া ষায়, ঐগুলি সবই আদর্শকে ব্যাবহারিক জীবনে পরিণত করিবার চেষ্টা। আমরা আমাদের চতুর্দিকে সমাজে যে নানাবিধ কর্মের প্রকাশ ও আন্দোলন দেখিতে পাই, তাহা ভিন্ন আত্মার বিভিন্ন আদর্শকে কার্যে পরিণত করিবার চেষ্টার ফলমাত্র। ভিতরে যাহা আছে, তাহাই বাহিরে আসিবার চেষ্টা করিতেছে। মানবহাদয়ে আদর্শের এই চিরপ্রবল প্রভাবই একমাত্র প্রেরণাশক্তি, যাহা মানবজাতির মধ্যে সতত ক্রিয়াশীল। হইতে পারে, শত শত জন্মের পর, সহন্র সহন্র বংসর চেষ্টার পর মাম্ম্য বৃঝিতে পারে আমাদের অস্তরের আদর্শ অম্থায়ী বাহিরকে গড়িয়া তুলিবার চেষ্টা বা বাহিরের অবস্থাসমূহের সহিত ভিতরের আদর্শকে সম্পূর্ণ থাপ থাওয়াইবার চেষ্টা বৃথা। এইট বৃঝিতে পারিলে সাধক বহির্জগতে নিজের আদর্শ প্রক্রেপ করিবার চেষ্টা পরিত্যাগ করিয়া সেই উচ্চতম প্রেমের ভূমি হইতে আদর্শকেই আদর্শক্রণে উপাসনা করে। সমৃদয় নিমন্তরের আদর্শগুলি এই পূর্ণ আদর্শের অস্তর্গত ।

সকলেই এ কথার সত্যতা স্বীকার করেন ষে, কুর্নপার মধ্যেও প্রেমিক হেলেনের সৌন্দর্য দেখিয়া থাকেন। বাহিরের লোক বলিতে পারে, প্রেম অপাত্রে প্রদত্ত হইতেছে, কিন্তু প্রেমিক কুরপা দেখেন না, তিনি তাঁহার হেলেনকেই দেখিয়া থাকেন। স্থন্দর বা কুৎসিত ষাহাই হউক, প্রেমের আধার প্রকৃতপক্ষে যেন একটি কেন্দ্র, তাহার চারিদিকে আমাদের আদর্শগুলিরপায়িত হয়। সাধারণতঃ মামুষ কিসের উপাসনা করে ?—অবশু শ্রেষ্ঠ ভক্ত প্রেমিকের সর্বাবগাহী পূর্ণ ভাবাদর্শ নয়। নরনারীগণ সাধারণতঃ নিজ নিজ অন্তরের আদর্শকেই উপাসনা করে। প্রত্যেকেই নিজ নিজ আদর্শকে বাহিরে আনিয়া তাহারই সম্মুথে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করে। তাই তো আমরা দেখিতে পাই, যাহারা নিজেরা নিষ্ঠ্র ও রক্তপিপাস্থ, তাহারা এক রক্তপিপাস্থ ঈশ্বর কল্পনা করে, কারণ তাহারা কেবল নিজ নিজ ভাবের উচ্চতম আদর্শকেই ভালবাদিতে পারে। এই জম্মুই সদ্ভাবাণন্ন ব্যক্তির ঈশ্বরের আদর্শ অতি উচ্চ, তাঁহার আদর্শ অপর ব্যক্তির আদর্শ হইতে অত্যন্ত পৃথক্।

প্রেমের ভগবানের প্রমাণ তিনিই

বৈ প্রেমিক ব্যক্তি স্বার্থপরতা, লাভের আকাজ্জা ও পরিবর্ত-ভাবের উর্দ্ধে উঠিয়াছেন এবং ঈশ্বর সম্বন্ধে যাঁহার কোন ভয় নাই, তাঁহার আদর্শ কি? মহানাহ্মময় ঈশ্বরকেও তিনি বলিবেন—আমি তোমাকে আমার সর্বস্ব দিয়াছি, আমার নিজের বলিতে আর কিছুই নাই, তথাপি তোমার নিকট হইতে আমি কিছুই চাই না। বাস্তবিক এমন কিছুই নাই, যাহা আমি 'আমার' বলিতে পারি। যথন সাধক এই দৃঢ় বিশ্বাস লাভ করেন, তথন তাঁহার আদর্শ প্রেমজনিত পূর্ণ নির্ভীকতার আদর্শে পরিণত হয়। এই প্রকার সাধকের সর্বোচ্চ আদর্শে কোন প্রকার বিশেষত্বরূপ সম্বীর্ণতা থাকে না। উহা সার্বভৌম প্রেম, অনস্ত ও অসীম প্রেম, উহাই প্রেমস্বরূপ। প্রেমের এই মহান্ আদর্শকে তথন সেই সাধক কোনরূপ প্রতীক বা প্রতিমার সহায়তা না লইয়াই উপাসনা করেন। এই স্ব্রাব্যাহী প্রেমকে 'ইষ্ট' বলিয়া উপাসনা করাই পরাভক্তি। অহা সকলপ্রকার ভক্তি কেবল উহা লাভের সোপানমাত্র।

এই প্রেমধর্ম অন্সরণ করিতে করিতে আমরা যে সফলতা বা বিফলতার সম্মুখীন হই, সে-সব এই আদর্শলান্ডের পথেই ঘটে। অন্তরে একটির পর একটি বস্তু গৃহীত হয় এবং আমাদের আদর্শ উহার উপর একে একে প্রক্রিপ্ত হইতে থাকে। ক্রমশঃ এই সমৃদ্য় বাহ্বস্তই ক্রমবিস্তারশীল সেই আভ্যন্তরীণ আদর্শকে প্রকাশ করিতে অক্ষম হয়, এবং ভক্ত স্বভাবতই একটির পর একটি আদর্শ পরিত্যুগ করেন। অবশেষে সাধক বৃঝিতে থাকেন, বাহ্বস্ততে আদর্শ উপলব্ধি করিবার চেষ্টা বৃথা, আদর্শের সহিত তুলনায় সকল বাহ্বস্তই অভি তুচ্ছ। কালক্রমে তিনি সেই সর্বোচ্চ ও সম্পূর্ণ প্রেম লাভ করেন। উহা তাহার অন্তরে জীবস্ত ও সত্যস্বরূপে অন্তভ্ হয়। বধন ভক্ত এই অবস্থায় উপনীত হন, তথন 'ভগবান্কে প্রমাণ করা যায় কি না? ভগবান্ সর্বজ্ঞ ও সর্বশক্তিমান্ কি না?'—এই সকল প্রশ্ন জিজ্ঞাসা করিতে তাহার আর ইচ্ছাই হয় না। তাঁহার নিকট ভগবান্ প্রেমময়, প্রেমের সর্বোচ্চ আদর্শ এবং এই ভাবই তাহার পক্ষে যথেষ্ট। প্রেমরূপ বলিয়া ঈশ্বর স্বতঃসিদ্ধ, অন্তর্প্রমাণ-নিরপেক। প্রেমিকের নিকট প্রেমময়ের অন্তিত্ব-প্রমাণের কিছুমাত্র আবশ্যক্ত।

নাই। অন্যান্ত ধর্মের শাসক ঈশবের অন্তিত্ব প্রমাণ করিতে অনেক যুক্তি আবশুক হয় বটে, কিন্তু এ অবস্থায় ভক্ত এরূপ ঈশব ধারণা করিতে পারেন না। তাঁহার নিকট এখন ভগবান্ কেবল প্রেমশ্বরূপে বর্তমান। সকলের অন্তর্থামিরূপে তাঁহাকে অন্তব করিয়া ভক্ত আনন্দে বলিয়া উঠেন, 'কেহই পতির জন্ত পতিকে ভালবাদে না, পতির অন্তর্থামী আত্মার জন্তই পতিকে ভালবাদে। কেহই পত্নীর জন্ত পত্নীকে ভালবাদে না, পত্নীর অন্তর্থামী আত্মার জন্তই পত্নীকে ভালবাদে।'

কেহ কেহ বলেন, স্বার্থপরতাই মাহুষের সর্বপ্রকার কর্মের মূল। উহাও প্রেম, তবে (কোন বস্তু বা ব্যক্তিতে দীমাবদ্ধ হইয়া) 'বিশেষ'-ভাবাপর হওয়ায় উহা নিমন্তরে নামিয়া গিয়াছে মাত্র। যথন আমি নিজেকে জগতের সকল বস্তুতে অবস্থিত ভাবি, তথন আমার প্রেম বিশ্বব্যাপী হয় এবং আমাতে স্বার্থপরতা থাকিতে পারে না। কিন্তু যথন আমি ভ্রমবশতঃ নিজেকে বিশ্ব হইতে বিচ্ছিন্ন ক্রুত্র প্রাণী মনে করি, তথন আমার প্রেম দন্ধীর্ণ ও বিশেষ ভাব ধারণ করে। প্রেমের বিষয়কে সন্ধীর্ণ ও দীমাবদ্ধ করায় আমাদের ভ্রম দৃঢ় হইয়া যায়। এই জগতের সকল বস্তুই ভগবং-প্রস্ত, স্বতরাং ভালবাসার যোগ্য। কিন্তু ইহা সর্বদা স্মরণ রাথা উচিত যে, সমষ্টিকে ভালবাসিলে অংশগুলিকেও ভালবাসা হইল। এই সমষ্টিই প্রেমের সর্বোচ্চ ন্তরে উপনীত ভক্তগণের ভগবান। ঈশ্বর-বিষয়ক অন্তান্থ ভাব যথা—স্বর্গন্থ পিতা, শাস্তা, শ্রষ্টা—নানাবিধ মতামত, শাস্ত্র প্রভৃতি এরূপ ভক্তের নিকট নির্থক, তাঁহাদের নিকট এ-সবের কোন প্রয়োজনীয়তা নাই; কারণ পরাভক্তির প্রভাবে তাঁহারা একেবারে এই সকলের উর্ধে উঠিয়া গিয়াছেন।

্ষথন অন্তর শুদ্ধ, পবিত্র এবং এশবিক প্রেমায়তে পরিপূর্ণ হয়, তখন 'ঈশব প্রেম্বর্রপ'—এই ভাব ব্যতীত ঈশবের অন্ত সর্বপ্রকার ধারণা বালকোচিত ও অসম্পূর্ণ বা অমুপযুক্ত বলিয়া পরিত্যক্ত হয়। বাস্তবিক পরাভক্তির প্রভাবই এইরপ। তখন সেই সিদ্ধ ভক্ত তাঁহার ভগবানকে মন্দিরাদিতে বা গির্জায় দর্শন করিতে যান না; তিনি এমন স্থানই দেখিতে পান না—ষেখানে ভগবান নাই। তিনি তাঁহাকে মন্দিরের ভিতরে দেখিতে পান, বাহিরেও দেখিতে পান, সাধ্র সাধৃতায় দেখিতে পান, পাপীর পাপেও দেখিতে পান, কারণ তিনি যে পূর্বেই তাঁহাকে নিত্যদীপ্রিমান্ ও নিত্যবর্তমান এক সর্বশক্তিমান্ অনির্বাণ প্রেমজ্যোতিরূপে নিজ স্থান্য প্রতিষ্ঠিত করিয়াছেন।

মানবীয় ভাষায় ভগবৎ-প্রেমের বর্ণনা

মানবীয় ভাষায় প্রেমের এই সর্বোচ্চ আদর্শ প্রকাশ করা অসম্ভব। উচ্চতম মানবকল্পনাও উহার অনম্ভ পূর্ণতা ও দৌন্দর্য অম্ভব করিতে অক্ষম। তথাপি সর্বদেশের নিম্ন ও উচ্চ ভাবের প্রেমধর্মের সাধকগণকে তাঁহাদের প্রেমের আদর্শ বুঝিতে ও বুঝাইতে চিরকালই এই অম্প্রোগী মানবীয় ভাষা ব্যবহার করিতে হইয়াছে। শুধু উহাই নয়, বিভিন্ন প্রকারের মানবীয় প্রেমই এই অব্যক্ত ভগবৎ-প্রেমের প্রতীকরূপে গৃহীত হইয়াছে। মানব এশ্বরিক বিষয়-সমূহ নিজের মানবীয় ভাবেই চিস্তা করিতে পারে, এবং সেই পূর্ণ কেবল আমাদের আপেক্ষিক ভাষাতেই আমাদের নিকট প্রকাশিত হইতে পারে। সমৃদয় জগৎ আমাদের নিকট যেন সীমার ভাষায় লেখা অসীমের কথা। এই কারণেই ভক্তেরা ভগবান্ ও তাঁহার উপাসনা-বিষয়ে লোকিক প্রেমের লোকিক ভাষা ও শন্তমমূহ ব্যবহার করিয়া থাকেন।

পরাভিজির কয়েকজন শ্রেষ্ঠ ব্যাখ্যাতা এই দিব্য প্রেম বিভিন্ন উপায়ে ব্রিতে ও ব্রাইতে চেটা করিয়াছেন। ইহার মধ্যে সর্বনিম্ন অবস্থাকে 'শাস্ত ভক্তি' বলে। যথন মাছষের হৃদয়ে প্রেমায়ি প্রজ্ঞালত হয় নাই, বাছ ক্রিয়াকলাপও ভক্তি অপেক্ষা একটু উন্নততর সাধারণ ভালবাসার উদয় হইয়াছে মাত্র, উহাতে তীত্রবেগসম্পন্ন প্রেমের উন্নততা মোটেই নাই, এভাবে ভগবানের উপাসনাকে 'শাস্ত ভক্তি' বা 'শাস্ত প্রেম' বলে। দেখিতে পাই, জগতে কতক লোক আছেন, তাঁহারা ধীরে ধীরে সাধনপথে অগ্রসর হইতে ভালবাসেন, আর কিছু লোক আছেন, তাঁহারা বিছের মতো বেগে চলিয়া যান। শাস্ত-ভক্ত ধীর শাস্ত নম্র। তদপেক্ষা একটু উদ্ভতর ভাব—দাস্ত। এ অবস্থায় মাহ্র্য নিজেকে ঈশ্বরের দাস ভাবে। বিশ্বাসী ভৃত্যের প্রভুভক্তিই তাঁহার আদর্শ।

তার পর 'দখ্য-প্রেম'—এই সখ্য-প্রেমের সাধক ভগবানকে সম্বোধন করিয়। থাকেন, 'তুমি আমার প্রিয় বন্ধু।'' এরূপ ভক্ত ভগবানের কাছে স্থদয় উন্মুক্ত

অমেব বন্ধুশ্চ সংগ অমেব !
 —পাওবগীতা

করে, বেমন মাহুষ বন্ধুর নিকট নিজের হৃদয় খোলে, এবং জানে বন্ধু তাহার দোষের জন্ম তাহাকে কখনই তিরস্কার করিবে না, বরং দর্বদাই দাহায্য করিতে চেষ্টা করিবে। বন্ধুদ্বয়ের মধ্যে যেমন একটা সমান সমান ভাব থাকে, সেইরূপ স্থ্যপ্রেমের সাধক ও তাঁহার স্থারূপ ভগবানের মধ্যে একটা সমভাবের আদানপ্রদান চলিতে থাকে। স্থতরাং ভগবান আমাদের হৃদয়ের অতি সন্নিহিত বন্ধু হইলেন—দেই বন্ধুর নিকট আমরা আমাদের জীবনের দব কথা থুলিয়া বলিতে পারি, আমাদের অস্তরের গভীরতম প্রদেশের গুপ্তভাবগুলি তাহার নিকট জানাইতে পারি। সম্পূর্ণ ভরদা আছে যে, তিনি যাহাতে আমাদের মঙ্গল হয়, তাহাই করিবেন। এই ভাবিয়া আমরা একেবারে নিশ্চিম্ত হইতে পারি। এ অবস্থায় ভক্ত ভগবানকে তাঁহার সমান মনে করেন। ভগবান যেন আমাদের খেলার সাথী, আমরা সকলে যেন এই জগতে খেলা করিতেছি। যেমন ছেলেরা থেলা করে, যেমন মহামহিমাণ্ডিত রাজা-মহারাজগণও নিজ নিজ খেলা খেলিয়া যান, সেইরূপ প্রেমময় ভগবান্ও নিজে জগতের সহিত থেলা করিতেছেন। তিনি পূর্ণ, তাঁহার কিছুরই অভাব নাই। তাঁহার স্বষ্ট করিবার প্রয়োজন কি ? আমরা কার্য করি, তাহার উদেশ কোন অভাবপ্রণ, আর অভাব বলিতেই অসম্পূর্ণতা ব্ঝায়। ভগবান্ পূর্ব, তাঁহার কোন অভাব নাই। কেন তিনি এই নিয়ত কর্মময় স্ষষ্ট লইয়া ব্যস্ত থাকেন ? তাঁহার উদ্দেশ্য কি ? ভগবানের স্বষ্টির উদ্দেশ্য-বিষয়ে আমরা যে-সকল উপত্থাস কল্পনা করি, সে-গুলি গল্পছিসাবে স্থন্দর হইতে পারে, কিন্তু উহাদের অগু কোন মূল্য নাই। বাস্তবিক সবই তাঁহার লীলা বা খেলা। এই জগৎ তাঁহার থেলা—ক্রমাগত এই থেলা চলিতেছে। তাঁহার পক্ষে সমৃদয় জগং নিশ্চয়ই শেষ পর্যস্ত একটি মজার খেলামাত্র। যদি তুমি দরিদ্র হও, তবে ঐ অবস্থাকেই একটি কৌতুক বলিয়া উপভোগ কর—যদি ধনী হও তো ঐ অবস্থাও আর একটি তামাদারূপে সম্ভোগ কর। বিপদ আদে তো বেশ মজা, আবার হুখ পাইলে মনে করিতে হইবে, এ আরও ভাল মজা। সংসার একটি ক্রীড়াক্ষেত্র—আমরা এথানে বেশ নানারূপ কৌতুক উপভোগ করিতেছি—যেন থেলা হইতেছে, আর ভগবান আমাদের সহিত সর্বদাই থেলা করিতেছেন, আমরাও তাঁহার সহিত খেলিতেছি। ভগবান্ আমাদের অনস্তকালের খেলার সাথী, কেমন স্থনর খেলা খেলিতেছেন! খেলা সাক

হইল—এক যুগ শেষ হইল। তারপর অল্লাধিক সময়ের জন্ম বিশ্রাম—তার পর আবার থেলা আরম্ভ—আবার জগতের স্ষ্টি কেবল যথন ভূলিয়া যাও সবই থেলা, আর তুমিও এ থেলার সহায়ক, তথনই—কেবল তথনই তৃঃখকষ্ট আসিয়া উপস্থিত হয়; তথনই হৃদয় ভারাক্রান্ত হয়, আর সংগাঁর তোমার উপর প্রচণ্ড শক্তিতে চাপিয়া বসে। কিন্তু যথনই তুমি এই তৃ-দও জীবনের পরিবর্তনশীল ঘটনাবলীতে সত্যবৃদ্ধি ত্যাগ কর, আর যথন সংসারকে লীলাভূমি ও নিজদিগকে তাঁহার লীলাসহায়ক বলিয়া মনে কর, তথনই তোমার তৃঃখ চলিয়া যাইবে। প্রতি অণুতে তিনি খেলা করিতেছেন। তিনি খেলা করিতে করিতে পৃথিবী, স্র্য, চন্দ্র প্রভৃতি নির্মাণ করিতেছেন। তিনি মহয়-হৃদয়, প্রাণী ও উদ্ভিদ্সমূহের সহিত খেলা করিতেছেন। আমরা যেন তাঁহার হাতে দাবাবোড়ের ঘুঁটি, একটি ছকে বসাইয়া তিনি যেন সেগুলি চালিতেছেন। তিনি আমাদিগকে প্রথমে একদিকে, পরে অপর দিকে সাজাইতেছেন—আমরাও জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে তাঁহারই খেলার সহায়ক। কি আনন্দ! আমরা তাঁহার খেলার সহায়ক।

প্রবর্তী ভাবকে 'বাৎসলা' বলে। উহাতে ভগবানকে পিতা না ভাবিয়া সম্ভান ভাবিতে হয়। এটি কিছু নৃতন রকমের বোধ হইতে পারে, কিন্তু উহার উদ্দেশ্য ঈশর সম্বন্ধে আমাদের ধারণা হইতে ঐশর্যের ভাবগুলি দূর করা। ঐশর্য-ভাবের সঙ্গে সঙ্গেই ভয় আসে। ভালবাসায় কিন্তু ভয় থাকা ঠিক নয়। চরিত্র-গঠনের জন্য ভক্তি ও আজ্ঞাবহতা অভ্যাস করা আবশ্যক বটে, কিন্তু একবার চরিত্র গঠিত হইয়া গেলে প্রেমিক ম্থন শাস্ত-প্রেমের একটু আশ্বাদ পান, আবার প্রেমের তীত্র উন্মন্ততাও কিছু আশ্বাদ করেন, তথন তাহার আর নীতিশাল্প, বিধিনিয়ম প্রভৃতির কিছুমাত্র প্রয়োজন থাকে না। ভক্ত বলেন, আমি ভগবানকে মহামহিম, ঐশ্বর্যালী, জগদীশ্বর দেবদেবরূপে ভাবিতে চাই না। ভগবানের ধারণা হইতে এই ভয়োৎপাদক ঐশ্বর্ছতাব দূর করিবার জন্য তিনি ভগবানকে নিজ্ব শিশুসন্তানরূপে ভালবাসেন। মাতাপিতা সন্তানকে ভয় করেন না, তাহার প্রতি তাঁহাদের ভক্তিও হয় না। সন্তানের কাছে তাঁহাদের প্রার্থনা করিবারও কিছু থাকে না। সন্তানের কাছে তাঁহাদের প্রতি ভালবাসার জন্য মাতাপিতা শত শতবার শরীরত্যাগ করিতে প্রস্তুত। তাঁহাদের প্রকৃতি সন্তানের জন্য তাঁহারা সহস্র জীবন উৎসূর্গ

করিতে প্রস্থত। এই ভাব হইতে ভগবান্কে বাৎসল্যভাবে ভালবাসা হয়। যে-সকল ধর্মসম্প্রদায় বিশ্বাস করেন, ভগবান্ অবভীর্ণ হন, তাঁহাদের মধ্যেই এই বাৎসল্যভাবে উপাসনা স্বাভাবিক। মুসলমানদের পক্ষে ভগবান্কে বাৎসল্যভাবে উপাসনা করা অসম্ভব, তাঁহারা ভয়ে এ-ভাব হইতে দ্রে সরিয়া বাইবেন। কিন্তু প্রীষ্টান ও হিন্দু সহজেই ইহা ব্বিতে পারেন, কারণ তাঁহাদের মাতৃক্রোড়ে যীও ও ক্ষেত্রে শিশুমূর্তি বহিয়াছে। ভারতীয় নারীগণ অনেক সময় নিজ্ঞদিগকে প্রীক্তকের মাতা বলিয়া চিন্তা করেন; প্রীষ্টান জননীগণও নিজ্ঞদিগকে প্রীক্তেরে মাতা বলিয়া চিন্তা করিতে পারেন। ইহা হইতে পাশ্চাত্য দেশে ঈশবের মাতৃভাবের জ্ঞান আসিবে; আর ইহা তাঁহাদের বিশেষ প্রয়োজন। ভগবানের প্রতি ভয়ন্তক্তিরপ কুসংস্থার আমাদের অন্তরের অন্তরেল দূচমূল হইয়া আছে। এই ভয়মিপ্রিত ভক্তি ও প্রশ্বমহিমার ভাব প্রেমে একেবারে নিমক্ষিত করিয়া দিতে অনেক দিন লাগে।)

মানবীয় ভাবের আর একটি রূপে ভগবং-প্রেমের আদর্শ প্রকাশিত ইইয়াছে। উহার নাম 'মধুর'-ভাব, সর্বপ্রকার ভাবের মধ্যে উহাই শ্রেষ্ঠ। এ সংসারে প্রকাশিত সর্বোচ্চ প্রেমের উপর উহার ভিত্তি—আর মানবীয় অভিজ্ঞতায় যতপ্রকার প্রেম আছে, তাহার মধ্যে উহাই উচ্চতম ও প্রবলতম। স্ত্রী-প্রক্ষের প্রেম যেরূপ মাহ্যুয়ের সমৃদয় প্রকৃতিকে ওলট-পালট করিয়া দেয়, আর কোন্প্রেম সেরূপ করিতে পারে ? কোন্ প্রেম মাহ্যুয়ের প্রতিটি পরমাণ্র মধ্য দিয়া সঞ্চারিত ইইয়া তাহাকে পাগল করিয়া তুলে ?—তাহার নিজের প্রকৃতি ভূলাইয়া দেয় ? মাহ্যুয়কে হয় দেবতা, নয় পশু করিয়া ফেলে ? দিব্যু প্রেমের এই মধুর-ভাবে ভগবান্ আমাদের পতি। আমরা সকলে স্ত্রী, জগতে পুরুষ আর কেহ নাই। একমাত্র পুরুষ আছেন—তিনিই, আমাদের সেই প্রেমাম্পদই একমাত্র পুরুষ স্ত্রীকে এবং স্ত্রী পুরুষকে যে ভালবাসা দিয়া থাকে, সেই ভালবাসা ভগবান্কে অর্পণ করিতে হইবে)

আমরা জগতে যত প্রকার প্রেম দেখিতে পাই, যাহা লইয়া আমরা অল্লাধিক পরিমাণে থেলাই করিতেছি, ভগবান্ই দেগুলির একমাত্র লক্ষ্য। তবে হৃঃখের বিষয়, যে অনম্ভ সমৃদ্রে প্রেমের প্রবল স্রোভয়তী অবিরতভাবে প্রবাহিত হইতেছে, মানব তাহা জানে না; স্বতরাং নির্বোধের স্থায় সে মাহয়রপ ক্র ক্রে প্তৃলের প্রতি উহা প্রয়োগ করিতে চেষ্টা করে। মানবপ্রকৃতিতে

সম্ভানের প্রতি যে প্রবল প্রেহ দেখা যায়, তাহা কেবল একটি সম্ভানরূপ ক্ষ্তু পুত্লের জন্ম ; যদি তুমি অন্ধভাবে ঐ একটিমাত্র সস্তানের উপরই উহা প্রয়োগ কর, তবে সেজন্ত তোমাকে বিশেষ কট পাইতে হইবে। কিন্তু ঐ কষ্টভোগ হইতেই তোমার এই বোধ আসিবে, তোমার ভিতরে বৈ-প্রেম আছে, তাহা যদি কোন মহুয়ে প্রয়োগ কর, তবে শীঘ্রই হউক বা বিলম্বেই হউক, মনে তৃ:থ ও বেদনা পাইবে। অতএব আমাদের প্রেম সেই পুরুষোত্তমকেই দিতে হইবে—যাঁহার বিনাশ নাই, যাঁহার কখন কোন পরিবর্তন নাই, যাঁহার প্রেমসমূদ্রে জোয়ার-ভাঁটা নাই। প্রেম যেন তাহার প্রক্বত লক্ষ্যে উপনীত হয়, যেন উহা ভগবানের নিকট পৌছায়—িযিনি প্রকৃতপক্ষে প্রেমের অনস্ত সমুদ্রস্বরূপ, প্রেম যেন তাঁহারই নিকট পোঁছায়। मकन नमीहे मम्दा निया পড़ে, একটি জनবিন্দুও পর্বতগাত হইতে পতিত ্হইয়া নদীতে থামিতে পারে না, ঐ নদী যত বড়ই হউক না কেন! অবশেষে দেই জলবিন্দু কোন না কোনরূপে সমুদ্রে যাইবার পথ করিয়া লয়। ভগবান্ই আমাদের সর্বপ্রকার ভাবাবেগের একমাত্র লক্ষ্য । যদি রাগ করিতে চাও, ভগবানের উপর রাগ কর। তোমার প্রেমাম্পদকে ডিবস্কার কর, বন্ধুকে ভংগনা কর; আর কাহাকে তুমি নির্ভয়ে তিরস্কার করিতে পারো? মর্ত্য-জীব তোমার রাগ সহু করিবে না; প্রতিক্রিয়া আদিবেই। যদি তুমি আমার উপর কুদ্ধ হও, আমিও অবশুই দলে দলে তোমার উপর কুদ্ধ হইয়া উঠিব, কারণ আমি তোমার ক্রোধ সহু করিতে পারিব না। তোমার প্রেমাম্পদকে বলো, 'তুমি আমার কাছে কেন আদিতেছ না? কেন তুমি আমাকে এভাবে একা ফেলিয়া রাধিয়াছ ?' ভগবান্ ছাড়া আর কিসে আনন্দ আছে ? ছোট ছোট মাটির টিপিতে আর কি স্থ ? অনস্ত আনন্দের ঘনীভূত ভাবকেই অৱেষণ করিতে হইবে—ভগবান্ই এই **আনন্দের ঘনীভূত ভাব।** আমাদের সকল ভাবাবেগ যেন তাঁহারই সমীপে উন্নীত হয়। ঐগুলি তাঁহারই জন্ম অভিপ্রেত; नकालहे हहेल अञ्चल नौहलात भिन्न हम ; माका नकाम्रल वर्षाः ঈশবের নিকট পৌছিলে অতি নিয়তম বৃত্তি পর্যন্ত রূপান্তরিত হয়। মাহুষের শরীর ও মনের সমৃদয় শক্তি যে ভাবেই প্রকাশিত হউক না কেন, ভগবান্ই উহাদের একমাত্র লক্ষ্য—'একায়ন'। মহয়ছদয়ের সব ভালবাসা—সব প্রবৃত্তি যেন ভগবানের দিকেই যায়; তিনিই একমাত্র প্রেমাম্পদ। এই হাদয় আর

কাহাকে ভালবাসিবে? তিনিই পরম স্থলর, পরম মহং, সৌন্দর্যস্বরূপ,
মহত্বস্বরূপ। তাঁহা অপেক্ষা স্থলর জগতে আর কে আছে? তিনি ব্যতীত
যামী হইবার উপযুক্ত জগতে আর কে আছে? জগতে ভালবাসার উপযুক্ত
পাত্র আর কে আছে? অতএব তিনিই যেন আমাদের স্বামী হন, তিনিই
যেন আমাদের প্রেমাম্পদ হন।

অনেক সময় দেখা যায়, দিব্যপ্রেমে মাতোয়ারা ভক্তগণ এই ভগবংপ্রেম বর্ণনা করিতে গিয়া সর্বপ্রকার মানবীয় প্রেমের ভাষাই ব্যবহার করিয়া থাকেন, উহাকেই যথেষ্ট উপযোগী মনে করেন। মূর্থেরা ইহা বুঝে না—তাহারা কথন ইহা বুঝিবে না। তাহারা উহা কেবল জড়দৃষ্টিতে দেখিয়া থাকে। তাহারা এই আধ্যাত্মিক প্রেমোয়ত্তা বুঝিতে পারে না। কেমন করিয়া বুঝিবে? 'হে প্রিয়তম, তোমার অধরের একটিমাত্র চুম্বন! যাহাকে তুমি একবার চুম্বন করিয়াছ, তোমার জন্ম তাহার পিপাসা বর্ধিত হইয়া থাকে। তাহার সকল তৃঃথ চলিয়া যায়। সে তোমা ব্যতীত আর সব ভূলিয়া যায়।' প্রিয়তমের সেই চুম্বন—তাহার অধরের সহিত সেই স্পর্শের জন্ম ব্যাক্ল হও—যাহা ভক্তকে পাগল করিয়া দেয়, যাহা মাম্মকে দেবতা করিয়া তুলে। ভগবান্ বাহাকে একবার তাহার অধরামৃত দিয়া কৃতার্থ করিয়াছেন, তাহার সমৃদ্য প্রকৃতিই পরিবর্তিত হইয়া যায়। তাহার পক্ষে জগং অন্তর্হিত হয়—তাহার পক্ষে স্থান্তর্বিত হইয়া যায়। তাহার পক্ষে জগং অন্তর্হিত হয়—তাহার পক্ষে স্থান্তর্বিত হইয়া যায়। ইহাই প্রেমোয়ন্ততার চরম অবস্থা।

প্রকৃত ভগবংপ্রেমিক আবার ইহাতেও সম্ভষ্ট নন। স্থামি-স্থীর প্রেমও তাঁহার নিকট তত উন্মাদক নয়। ভক্তেরা অবৈধ (পরকীয়) প্রেমের ভাব গ্রহণ করিয়া থাকেন, কারণ উহা অভিশয় প্রবল। উহার অবৈধতা তাঁহাদের লক্ষ্য নয়। এই প্রেমের প্রকৃতি এই যে, ষতই উহা বাধা পায়, ততই উগ্রভাব ধারণ করে। স্থামি-স্থীর ভালবাদা সহজ্ঞ স্বচ্ছন্দ—উহাতে কোন বাধাবিদ্ন নাই। সেই জন্ম ভক্তেরা কল্পনা করেন, যেন কোন নারী তাঁহার

শ্বরতবর্ধনং শোকনাশনং বরিতবেণ্না হুষ্ট্ চুখিতন্।
 ইতররাগবিদ্যারণং নৃণাং বিভন্ন বীর নজেহধরামৃত্য্ ।—— শ্রীমন্তাগবত, ১০।৩১।১৪

প্রিয়তম পুক্ষে আসক্ত, এবং তাঁহার পিতা, মাতা বা স্বামী ঐ প্রেমের বিরোধী।
যতই ঐ প্রেম বাধাপ্রাপ্ত হয়, ততই উহা প্রবল ভাব ধারণ করিতে থাকে।
শ্রীকৃষ্ণ বুন্দাবনে কিরপ লীলা করিতেন, কিরপে সকলে উন্মন্ত হইয়া তাঁহাকে
ভালবাসিত, কিরপে তাঁহার কণ্ঠস্বর শুনিবামাত্র গোপীরা—দেই ভাগ্যবতী
গোপীরা সবকিছু ভূলিয়া—জগং ভূলিয়া, জগতের সকল বন্ধন, সাংসারিক
কর্তব্য, সংসারের স্বথত্থ ভূলিয়া—তাঁহার সহিত সাক্ষাং করিতে আসিত,
মানবীয় ভাষা ভাহা প্রকাশ করিতে অক্ষম। মাহ্যয—মাহ্যয়, তুমি ভগবংপ্রেমের কথা বলো, আবার জগতের সব অসার বিষয়ে নিযুক্ত থাকিতেও
পারো; ভোমার কি মন মৃথ এক? 'যেখানে রাম আছেন, সেথানে কাম
থাকিতে পারে না। যেখানে কাম, সেখানে রাম থাকিতে পারেন না; এই
ছুইটি কখন একত্র থাকে না। আলো এবং অন্ধকার (রবি ও রজনী) কখন
একসক্ষে থাকে না।

> कहा ताम उदाः काम नहीं, सहा काम उदा नहीं ताम।

[😳] হ'হ মিলত নহাঁ রব রজনী নহাঁ মিলত একঠাম।—দৌহা, ভুলসীদাস

উপসংহার

যথন প্রেমের এই উচ্চতম আদর্শে উপনীত হওয়া যায়, তথন দর্শনশাল্প ফেলিয়া দিতে হয়, কে আর তথন ঐগুলির জয় বান্ত হইবে ? মৃক্তি, উদ্ধার, নির্বাণ—এ-সবই তথন কোথায় চলিয়া যায় ! এই ঈশর-প্রেম সন্তোগ করিতে পাইলে কে মৃক্ত হইতে চায় ? 'ভগবন্, আমি ধন জন সৌন্দর্য বিল্লা—এমন কি মৃক্তি পর্যন্ত চাই না । জন্মে জন্মে তোমাতে যেন আমার অহৈতৃকী ভক্তি থাকে ।') ভক্ত বলেন, 'চিনি হওয়া ভাল নয়, চিনি থেতে ভালবাসি ।' তথন কে মৃক্ত হইবার ইচ্ছা করিবে ? কে ভগবানের সহিত এক হইয়া বাইবার আকাজ্জা করিবে ? ভক্ত বলেন, 'আমি জানি—তিনি ও আমি এক, তথাপি আমি তাঁহা হইতে নিজেকে পৃথক্ রাথিয়া প্রিয়তমকে সন্তোগ করিব।'

প্রেমের জন্ম প্রেম—ইহাই ভক্তের সর্বোচ্চ স্থা। প্রিয়ভমকে সন্তোগ করিবার জন্ম কে না সহস্রবার বদ্ধ হইবে? কোন ভক্তই প্রেম ব্যতীত অন্ম কিছু কামনা করেন না; তিনি স্বয়ং ভালবাসিতে চান, আর চান ভগবান যেন তাঁহাকে ভালবাসেন। তাঁহার নিক্ষাম প্রেম—যেন উদ্ধান বাহিয়া যাওয়া। প্রেমিক যেন নদীর উৎপত্তিস্থানের দিকে—স্রোতের বিপরীত দিকে ধান। জগৎ তাঁহাকে পাগল বলে। আমি একজনকে জানি, লোকে তাঁহাকে পাগল বলিত। তিনি উত্তর দিতেন, 'বন্ধুগণ, সম্দয় জগৎ তো একটা বাতুলালয়। কেছ সাংসারিক প্রেম লইয়া উমন্ত, কেহ নামের জন্ম, কেহ যশের জন্ম, কৈহ অর্থের জন্ম, আবার কেহ বা স্বর্গলাভের জন্ম পাগল। এই বিরাট বাতুলালয়ে, আমিও পাগল, আমি ভগবানের জন্ম পাগল। তুমি টাকার জন্ম পাগল, আমিও পাগল, আমি ভগবানের জন্ম পাগল, আমিও পাগল। আমার বোধ হয়, শেষ পর্যন্ত আমার পাগলামিই সব চেয়ে ভাল।' প্রকৃত ভক্তের প্রেম এই প্রকার ভীত্র উমন্তেতা, উহার কাছে আর সব আকর্ষণই অন্তর্হিত হয়়। সম্দয় জগং তাঁহার নিকট কেবল প্রেমে পূর্ণ—প্রেমিকের চক্ষে এইরপই বোধ হয়।

ন ধনং ন জনং ন স্থলরীং কবিতাম্ বা জগদীশ কাময়ে।
 মম জগ্মনি জন্মনীয়রে ভবতাভজিরহৈতৃকী ছয়ি।—শিক্ষাইকয়, শ্রীকৃফটেতজ্ঞ

মানুষের হৃদয়ে যখন এই প্রেম আবিভূতি হয়, তখন তিনি অনস্তকালের জ্ঞা স্থী, চিরকালের জ্ঞা মুক্ত হইয়া যান। ভগবৎ-প্রেমের এই পবিত্র উন্মন্ততাই কেবল আমাদের সংসার-ব্যাধি চিরকালের জ্ঞা আরোগ্য করিতে পারে।

দৈতভাব লইয়াই আমাদিগকে প্রেমের ধর্ম আরম্ভ করিতে হয়। আমাদের মনে হয়, ভগবান্ আমাদের হইতে পৃথক, আর আমরাও নিজদিগকে তাঁহা হইতে ভিন্ন বোধ করি। উভয়ের মধ্যে প্রেম আসিয়া মিলন সম্পাদন করে। তথন মাতুষ ভগবানের দিকে অগ্রসর হইতে থাকে, **আ**র ভগবান্ও ক্রমশঃ মানুষের নিকটতর হইতে থাকেন। মানুষ সংসারের সব সম্বন্ধ — যেমন পিতা, মাতা, পুত্র, স্থা, প্রভু, প্রণয়ী প্রভৃতির ভাব লইয়া তাহার প্রেমের আদর্শ ভগবানের প্রতি আরোপ করিতে থাকে। তাহার নিকট ভগবানই সর্বব্নপে বিরাজিত। আর তথনই সাধক উন্নতির চরম দীমায় উপনীত হন, যথন তিনি নিজ উপাশ্য দেবতায় সম্পূর্ণরূপে মগ্ন হইয়া যান। ্প্রথম অবস্থায় আমরা সকলেই নিজেদের ভালবাসি। এই ক্ষুদ্র অহং-এর অসঙ্গত দাবি ভালবাসাকেও স্বার্থপর করিয়া তুলে। অবশেষে কিন্তু পূর্ণ জ্ঞানজ্যোতির বিকাশ হয়, তথন দেখা যায়—এই ক্ষুদ্র 'অহং' সেই অনস্তের সহিত একীভূত হইয়া গিয়াছে, মাহুষ স্বয়ং এই প্রেমজ্যোতির সম্মুথে সম্পূর্ণরূপে পরিবর্তিত হইয়া যায়। পূর্বে অল্লাধিক পরিমাণে তাঁহার যে-সকল মলিনতা ও বাসনা ছিল, তখন তাহা দব চলিয়া যায়। অবশেষে তিনি এই স্থলর প্রাণস্পর্শী **সত্য অ**হুভব করেন, প্রেম প্রেমিক ও প্রেমাম্পদ একই)

ভক্তি-রহস্থ

উদ্বোধন হইতে প্রকাশিত 'Religion of Love' পুস্তকের (ইংরেজী) চতুর্থ সংস্করণের ভূমিকা হইতে

সামী বিবেকানন্দ Religion of Love' বা 'ভক্তি-রহস্তা' সম্বন্ধে
—কিছু ইংলণ্ডে এবং কিছু যুক্তরাষ্ট্র আমেরিকায়—যে-সকল
বক্তৃতা দিয়াছিলেন, সেগুলিরই কয়েকটি এই বক্তৃতা-সংগ্রহে নিবদ্ধ
হইয়াছে।…

এই বক্তৃতা-সংগ্রহ স্বামীজীর 'ভক্তিযোগ' সম্বন্ধে বক্তৃতামালা হইতে স্বতম্ব ধরনের—বিষয়বস্তু উভয়ত্র এক হইলেও এখানে আলোচনা ও বিশ্লেষণ গভীর অথচ অধিকতর সহজবোধ্য হইয়াছে। সেপ্টেম্বর, ১৯২২ প্রকাশক

১ ইংরেজী Complete Works-এ এগুলি 'Addresses on Bhakti Yoga' নামে প্রকাশিত।



চিকাগোতে यागीकी, ১৮२०

ভক্তির সাধন

যা প্রীতিরবিবেকানাং বিষয়েম্বনপায়িনী। ত্বামসুস্মরতঃ সা মে হৃদয়ান্মাপসর্পতু॥

—বিবেকহীন ব্যক্তিগণের ইন্দ্রিয়ভোগ্য বিষয়সমূহের প্রতি ষেরপ প্রগাঢ় প্রীতি, তোমার জন্য ব্যাকুল আমার এই হৃদয় হইতে সেইরূপ প্রীতি যেন কথনও দূর না হয়।

প্রহলাদের এই উক্তিটিই ভক্তির সর্বোৎকৃষ্ট সংজ্ঞা বলিয়া মনে হয়

আমরা দেখিতে পাই, যাহারা উচ্চতর কিছু জানে না, ইন্দ্রিয়ভোগ্য বিষয়ে—টাকাকড়ি, বেশভ্যা, স্বীপুত্র, বন্ধুবান্ধব ও সম্পত্তিতে—ভাহাদের কি দারুণ প্রীতি, কি প্রচণ্ড আদক্তি! তাই ভক্তরাজ প্রহলাদ পূর্বোক্ত শ্লোকে বলিতেছেন, 'আমি কেবল তোমার প্রতি এরপ প্রবলভাবে অন্থরক্ত হইব, কেবল তোমাকে এরপ প্রাণের সহিত ভালবাদিব, আর কাহাকেও নয়।' এই প্রীতি, এই আদক্তি ঈশরে প্রযুক্ত হইলেই তাহা 'ভক্তি' আখ্যা লাভ করে। ভক্তিতে কিছুই ধ্বংস করিতে হয় না। ভক্তিযোগে বলা হয়, আমাদের কোন প্রবৃত্তিই বৃথা নয়, বরং ঐগুলির সাহায্যেই আমরা স্বাভাবিক উপায়ে মৃক্তিলাভ করিয়া থাকি। ভক্তি কোন প্রবৃত্তিকে জোর করিয়া নষ্ট করে না, —ভক্তি প্রকৃতির বিরোধী হয় না, শুধু মোড় ফিরাইয়া উহাকে উচ্চতর পথে বেগে চালিত করিয়া দেয়।

আমরা কত স্বাভাবিকভাবে ইন্দ্রিয়ভোগ্য বিষয়গুলি ভালবাদি, ঐগুলিকে না ভালবাদিয়া আমরা থাকিতে পারি না, কারণ ঐগুলি আমাদের নিকট পরম সত্য বলিয়া প্রতীত হয়। আমরা সাধারণতঃ ইন্দ্রিয়গ্রাহ্ম বিষয় অপেকা উচ্চতর বস্তুর সত্যতা বৃঝিতে পারি না। যথন মাহ্ম ইন্দ্রিয়াতীত—পঞ্চেন্দ্রিয়গ্রাহ্ম জগতের বাহিরে অবস্থিত—কোন সত্য অহ্মতব করে, তথনও তাহার আসক্তি থাকিতে পারে, তবে উহাকে বিষয়ে আবদ্ধ না রাথিয়া সেই ইন্দ্রিয়াতীত বস্তু—ঈশরের প্রতি প্রয়োগ করিতে হইবে। আর পূর্বে

ইন্দ্রিয়ভোগ্য বিষয়ে যে প্রীতি বা অমুরাগ ছিল, তাহা যথন ঈশরের প্রতি প্রযুক্ত হয়, তথন তাহাকেই 'ভক্তি' বলে। রামামুজাচার্যের মতে এই প্রবল অমুরাগ বা ভক্তিলাভের জন্ম নিম্নলিথিত সাধন-প্রণালী অর্থাৎ উপায়গুলি অমুষ্ঠান করিতে হয়।

্প্রথমতঃ 'বিবেক'। এই বিবেক-সাধনটি বিশেষতঃ পাশ্চাত্যবাসীদের নিকট একটি অডুত জিনিদ। রামাহজের মতে ইহার অর্থ 'ধাভাখাতের বিচার।' বে-সকল উপাদানে দেহ ও মনের বিভিন্ন শক্তি গঠিত হয়, খাছের মধ্যে সেইগুলি বর্তমান; আমি এখন যেরূপ শক্তি প্রকাশ করিতেছি, তাহার সবই আমার ভুক্ত থাতের মধ্যে ছিল; আমার দেহমনের ভিতর উহা পরিবর্তিত, সঞ্চিত ও নৃতনদিকে চালিত হইয়াছে মাত্র, কিন্তু ভূক্ত খাগ্যস্রব্যের সহিত আমার দেহমনের স্বরূপতঃ কোন প্রভেদ নাই। বহির্জগতের জড়বস্থ ও শক্তি আমাদের ভিতর দেহ ও মনের আকার ধারণ করে, দেহ মন এবং খাতের মধ্যে প্রভেদ কেবল প্রকাশের তারতম্যে। তাই যদি হইল, অর্থাৎ যদি আমাদের খান্তের জড়কণাগুলি হইতে আমরা চিস্তাশব্জির ষন্ত্র প্রস্তুত করি, আর ঐ কণাগুলির মধ্যবর্তী সৃন্ধতর শক্তিসমূহ হইতে আমরা চিস্তাও উৎপন্ন করি, তবে ইহাও সহজেই প্রমাণিত হইবে যে, এই চিস্তাশক্তি ও তাহার যন্ত্র উভয়ই আমাদের ভুক্ত খাগুদ্রব্যের দারা প্রভাবিত হইবে, বিশেষ প্রকার খাম্ম মনে বিশেষ প্রকার পরিবর্তন উৎপাদন করিবে; প্রতিদিনই আমরা ইহা দেখিয়া থাকি। আরও কত প্রকার খাত আছে, দেগুলি শরীরে স্বিবর্তন সাধন করে, পরিণামে মনকেও প্রবলভাবে প্রভাবিত করে। ইহা একটি বিশেষ শিক্ষণীয় তত্ত্ব ; আমরা ষত তৃঃখভোগ করিয়া ধাকি, তাহার অধিকাংশই আমাদের আহার হইতে জাত। আপনারা দেখিয়াছেন, অতিরিক্ত ও গুরুপাক ভোজনের পর মনকে সংষত করা বড়ই কঠিন, তখন মন অবিরত ছুটিতে থাকে! কতকগুলি খাগ্য উত্তেজক—দেইগুলি খাইলে দেখিবেন, মনকে সংযত করিতে পারিতেছেন না। অধিক পরিয়াণে স্থরা বা অভাভ মাদক্রব্য পান করিলে মাহুষ ব্ঝিডে পারে, মনকে আর সংযত রাধা যাইবে না। মন তাহার আয়ত্তের বাহিরে চলিয়া যায়।

রামান্মজাচার্যের মতে খাত্যসম্বন্ধীয় তিবিধ দোষ পরিহার করা কর্তব্য। প্রথমত: জাতিদোষ। জাতিদোষ অর্থে দেই খাত্যবিশেষের প্রকৃতিগত দোষ

বুঝায়। সর্বপ্রকার উত্তেজক খাত পরিত্যাগ করিতে হইবে— যথা, মাংস। মাংসাহার ত্যাগ করিতে হইবে, কারণ উহা স্বভাবতই অপবিত্র। অন্যের প্রাণনাশ করিয়া তবে মাংস পাইতে পারি। মাংস খাইয়া আমরা ক্ষণিক হুথ পাই, আর আমাদের সেইটুকু হুখের জন্ম একটি প্রাণীকে ভাহার প্রাণ দিতে হয়। শুধু তাই নয়, এজন্ত আমরা মামুষেরও অবনতির কারণ হইয়া থাকি। মাংসাশী প্রত্যেক ব্যক্তি যদি নিচ্ছে সেই প্রাণীট হত্যা করিত, তাহা হইলে বরং ভাল হইত। তাহা না করিয়া সমাজ একদল লোক সৃষ্টি করিয়া তাহাদের দারা এই কাজ করাইয়া লয়, আবার সেই হত্যাকার্যের জন্ম সমাজ তাহাদিগকে ঘুণা করে। এখানকার আইন জানি না, কিন্তু ইংলণ্ডে কসাই কখনও জুরির আদন গ্রহণ করিতে পারে না—ভাবটা এই যে, কদাই স্বভাবতঃ নিষ্ঠুর। তাহাকে নিষ্ঠুর করিয়াছে কে ?—সমাজ। আমরা যদি মাংস ভক্ষণ না করিতাম, তবে কেহ কথনই কদাই হইত না। মাংসভক্ষণ কেবল তাহারাই করিতে পারে, যাহাদের হাড়ভাঙা পরিশ্রম করিতে হয়, এবং যাহারা ভক্তিযোগ-সাধনে প্রবৃত্ত হইতেছে না। কিন্তু ভক্ত হইতে গেলে মাংসভোজন পরিত্যাগ করিতে হইবে। এতদ্যতীত অন্তান্ত উত্তেজক থাগ ষথা—পৌয়াজ, রহুন, সাওয়ারক্রট (Sauerkraut) প্রভৃতি তুর্গন্ধ খান্ত ত্যাগ করিতে হইবে । আরও পৃতি, পর্যুষিত এবং যাহার স্বাভাবিক রস প্রায় শুকাইয়া গিয়াছে, এরূপ খাছও বর্জন করিতে হইবে।^২

খাত সহয়ে বিতীয় দোষের নাম 'আশ্রাদোষ'। পাশ্চাত্যগণের পক্ষে এটি
ব্ঝা আরও কঠিন। 'আশ্রাদোষ' অর্থে ব্ঝিতে হইবে, যে ব্যক্তির নিকট হইতে গাত আসিতেছে, তাহার সংস্পর্শে থাতে যে দোষ জন্মে। এটি হিন্দুদের একটি রহস্তপূর্ণ মতবাদ। ইহার তাৎপর্য এই যে, প্রত্যেক ব্যক্তির দেহের চতুর্দিকে এক প্রকার জ্যোতি রহিয়াছে। ঐ ব্যক্তি যাহা কিছু স্পর্শ করে, তাহাতেই যেন তাহার প্রভাব, তাহার মনের—তাহার চরিত্রের বা ভাবের কিছু অংশ লাগিয়া থাকে। প্রত্যেক ব্যক্তির দেহ হইতে তাহার শক্তির মতো চরিত্র-বৈশিষ্ট্যও যেন বহির্গত হইতেছে, আর ঐ ব্যক্তি যাহা কিছু স্পর্শ করে, তাহাই

> ইহা এক প্রকার জার্মানদেশীর চাটনি—লবণজন সহযোগে বাঁধাকপি হইতে প্রস্তুত।

২ গীতা, ১৭৷১০

তাহা দারা প্রভাবিত হয়। অতএব রন্ধনের সময় কে আমাদের থাত স্পর্ল করিল, সে-দিকে বিশেষ দৃষ্টি রাখিতে হইবে। কোন ঘ্রুচরিত্র বা মন্দ ব্যক্তি যেন উহা স্পর্শ না করে। যিনি ভক্ত হইতে চান, তিনি যুাহাদিগকে অসচ্চরিত্র বলিয়া জানেন, তাহাদের সহিত একসঙ্গে থাইতে বসিবেন না, কারণ থাতার মধ্য দিয়া তাঁহার ভিতর অসম্ভাব সংক্রমিত হইবে)

্তৃতীয় 'নিমিন্তদোষ'। এটি বুঝা খুব সহজ। থাতে ধূলি প্রভৃতির সংস্পর্ণ থেন কথনও না হয়। বাজার হইতে রাজ্যের ধূলিযুক্ত থাবার আনিয়া, উত্তমরূপে পরিষ্কার না করিয়া টেবিলের উপর রাথা ঠিক নয়। থুতু, লালা প্রভৃতি হইতেও সাবধান হইতে হইবে। ঈশ্বর আমাদিগকে সব জিনিস ধূইবার জন্ম যথেষ্ট জল দিয়াছেন! অতএব ঠোটে আঙ্ল ঠেকাইয়া লালা ঘারা সব জিনিস স্পর্শ করার মতো কদর্য অভ্যাস আর কিছু নাই। গ্লৈমিক বিল্লী (mucous membrane) শরীরের মধ্যে অতি কোমলাংশ, এগুলি হইতে নিংস্ত লালা ঘারা অতি সহজে সমৃদয় ভাব সংক্রমিত হয়। কোন প্রব্যে লালার স্পর্শ—শুধু দোধাবহ নয়, বিপজ্জনক। তারপর একজন যে জিনিসের আধ্যানা কামড়াইয়া থাইয়াছে, তাহা থাওয়া উচিত নয়; যথা, একজন একটা আপেল এক কামড় খাইয়া বাকিটা খাইতে দেয়, এরূপ করা উচিত নয়। থাত সম্বন্ধ পূর্বোক্ত দোষগুলি বর্জন করিলে থাত শুদ্ধ হয়। আহারশুদ্ধি হইলে মনও শুদ্ধ হয়, মন শুদ্ধ হইলে সেই শুদ্ধ মনে সর্বদা ঈশ্বরের শ্বতি অব্যাহত থাকে।—'আহারশুদ্ধে সবশুদ্ধ: সবশুদ্ধা প্রবাহ্ণ গ্রাহত থাকে।—'আহারশুদ্ধে সবশুদ্ধ: সবশুদ্ধা প্রবাহ্ণ গ্রাহত থাকে।—'আহারশুদ্ধে সবশুদ্ধ: সবশুদ্ধা প্রবাহ্ণ গ্রাহত থাকে।—'আহারশুদ্ধে সবশুদ্ধ: সবশুদ্ধ প্রবাহ্ণ গ্রাহত থাকে।—'আহারশুদ্ধে সবশুদ্ধ: সবশুদ্ধ হাম শুদ্ধি: শুদ্ধি

রামাত্মজাচার্য উপনিষদের ঐ শ্লোকের এইরূপ ব্যাখ্যা করিয়াছেন। আর একজন ভাল্পকার শিকরাচার্য ঐ বাক্যের অন্ত প্রকার অর্থ করিয়াছেন। 'আহ্রিয়তে ইতি আহার:'—যাহা কিছু গ্রহণ করা হয়, তাহাই আহার, স্তরাং তাঁহার মতে ইন্দ্রিয়গ্রাহ্ম বিষয়সমূহই আহার। তিনি কিভাবে ব্যাখ্যা করিয়াছেন? 'আহারভদ্ধি'র প্রকৃত অর্থ—ইন্দ্রিয়-বিষয়ে আসক্ত না হওয়ার জন্ত আমাদের এই দোষগুলি বর্জন করিতে হইবে: প্রথমতঃ আসক্তিরূপ দোষ ত্যাগ করিতে হইবে; ঈশর ব্যতীত আর কোন বিষয়ে প্রবল আসক্তি থাকিবে না। সব দেখুন, সব কিছু করুন, সব স্পর্শ করুন, কিন্তু আসক্ত

হইবেন না। ষথনই মান্তবের কোন বিষয়ে তীত্র আসক্তি হয়, তথনই সে নিজেকে হারাইয়া ফেলে, নিজের উপর তাহার কোন প্রভূত থাকে না, সে দাস হইয়া যায়। যদি কোন নামী কোন পুরুষের প্রতি প্রবলভাবে আসক্ত হয়, তবে সে এ পুরুষের দাসী হইয়া পড়ে; পুরুষও তেমনি নারীর প্রতি আসক্ত হইলে তাহার দাসবৎ হইয়া যায়। কিন্তু দাস হইবার তো কোন প্রয়োজন নাই। একজনের দাস হওয়া অপেকা এই জগতে অনেক বড় বড় কাজ করিবার আছে। সকলকেই ভালবাস্থন, সকলেরই কল্যাণ সাধন করুন, কিন্তু কাহারও দাদ হইবেন না। প্রথমতঃ উহা তো আমাদিগকে অধঃপতিত করিয়া দেয়; দ্বিতীয়ত: উহাতে অপরের প্রতি ব্যবহারে আমাদিগকে ঘোর স্বার্থপর করিয়া তুলে। এই তুর্বলভার দক্ষন আমরা যাহাদিগকে ভালবাসি, তাহাদের ভাল করিবার জন্ম অপরের অনিষ্ট সাধন করিতে চাই। জগতে যত কিছু অন্তায় কার্য অমুষ্ঠিত হয়, তাহার অধিকাংশ প্রত্নতপক্ষে ব্যক্তিবিশেষের প্রতি আসক্তিবশতঃ ঘটিয়া থাকে। অতএব এইরূপ সমৃদয় আসক্তি ত্যাগ করিতে হইবে, কেবল সৎকর্মে আসজ্জি রাখিতে হইবে, এবং সকলকেই ভালবাসিতে হইবে। দ্বিতীয়ত: কোন ইন্দ্রিয়-বিষয় লইয়া ষেন আমাদের দ্বেষ উৎপন্ন না হয়। ঈর্ধা বা ধেষ সমৃদয় অনিষ্টের মূল, আর উহাকে জয় করা বড়ই কঠিন। তৃতীয়তঃ মোহ। আমরা সর্বদাই এক বস্তুকে অক্স বস্তু বলিয়া ভ্রম করিতেছি ও তদম্পারে কার্য করিতেছি, আর তাহার ফল এই হইতেছে ষে, আমরা নিজেদের তুঃথকণ্ট নিজেরাই সৃষ্টি করিতেছি। আমরা মন্দকে ভাল বলিয়া গ্রহণ করিতেছি। যাহা কিছু ক্ষণকালের জন্ম আমাদের সায়ুমণ্ডলীকে উত্তেজিত করে, তাহাকেই সর্বোত্তম বস্তু মনে করিয়া তৎক্ষণাৎ তাহা লইয়া মাভিয়া ষাইতেছি; কিছু পরেই দেখিলাম, ভাহা হইতে একটা খ্ব আঘাত পাইয়াছি, কিন্তু তখন আৰু ফিরিবার পথ নাই। প্রতিদিনই আমরা এই ভ্রমে পড়িতেছি, এবং **অনেক সম**য় সারা জীবনটাই আমরা ঐ ভুল লইয়া থাকি। শঙ্করাচার্ষের মতে এই পূর্বোক্ত রাগদেষমোহরূপ ত্রিবিধদোষ-বর্জিত হইয়া ইন্সিয়-বিষয়সমূহ গ্রহণ করাকেই 'আহারশুদি' বলে। এই আহারশুদি হইলেই সত্তি হিন্ন, অর্থাৎ তথন মন ইঞ্রিয়বিষয়সমূহ গ্রহণ করিয়া রাগছেষমোহ-বর্জিত হইয়া চিন্তা করিতে পারে। এইরপে সবশুদ্ধি হইলে সেই শুদ্ধ মনে সর্বদা ने बदा व व्यवन-भनन हिन्द के बादक

স্বভাবতই আপনার। সকলে বলিবেন যে, শঙ্করাচার্বক্বত এই ব্যাখ্যাই উৎকৃষ্ট। তাহা হইলেও বলিতেছি, রামামুজকৃত ব্যাখ্যাটিকে অবহেলা করিলে চলিবে না। স্থুল খাদ্য শুদ্ধ হইলে বাকীগুলিও শুদ্ধ হইবে। ইংৰু অভি সভ্য कथा (य, मनटे नकरनत मृन, किन्छ आभारित मर्था भूव अन्न लाकटे आर्छन, থাহার। ইন্দ্রিয়ের দ্বারা বন্ধ নন। জড়পদার্থের শক্তি দ্বারা আমরা সকলেই চালিত হই, এবং যতদিন আমরা এইভাবে চালিত হইব, ততদিন আমাদিগকে জড়ের সাহায্য লইতেই হইবে ; তারপর যথন আমরা যথেষ্ট শক্তি অর্জন করিব, তথন যাহা খুনী পানাহার করিতে পারি। আমাদিগকে রামাহজের মত অহসরণ করিয়া পানাহার সম্বন্ধে সাবধান হইতে হইবে, আবার সঙ্গে সঙ্গে 'মানসিক আহার'-এর দিকেও দৃষ্টি রাখিতে হইবে। শরীরের স্থুলখান্ত সম্বন্ধে সাবধান হওয়া তো অতি সহজ, কিন্তু সঙ্গে সঙ্গে মানসিক ব্যাপারের দিকেও দৃষ্টি রাখিতে হইবে; তাহা হইলে আমাদের আত্মচেতনা ক্রমশং সবলতর হইতে থাকিবে, এবং শরীরচেতনার দাবি ক্রমশঃ কমিয়া বাইবে। তথন আর কোন খাতাই আমাদের কিছু অনিষ্ট করিতে পারিবে মা। সকলেই এক লাফে উচ্চতম আদর্শ ধরিতে চায়, কিন্তু লাফাইয়া ঝাঁপাইয়া তো কিছু হইবে না! ভাহাতে পড়িয়া গিয়া শেব পর্যন্ত পা থোঁড়া হইয়া বাইবে। আমরা এখানে বন্ধ অবস্থায় রহিয়াছি, আমাদিগকে ধীরে ধীরে শিকল ভাঙিতে হইবে। রামাহজের মতে এই 'বিবেক' অর্থাৎ খাছাখাছা-বিচারই ভক্তির প্রথম সাধন।

ভিজির বিতীয় সাধনের নাম 'বিমোক'। বিমোক-শব্দের অর্থ বাসনায় দাসত্ব-মোচন। যিনি ভগবংপ্রেম লাভ করিতে চান, তাঁহাকে সর্বপ্রকার প্রবল বাসনা ত্যাগ করিতে হইবে কিশ্বর ব্যতীত আর কিছুই কামনা করিও না। এই জগৎ আমাদিগকে সেই উচ্চতর জীবনে লইয়া ঘাইবার জন্তু সভট্কু সাহায্য করে, ততটুকুই ভাল। ইজ্রিয়-বিষয়সকল উচ্চতর উদ্বেশ্বলাতে ঘতটুকু সাহায্য করে, ততটুকুই ভাল। আমরা সর্বদাই ভূলিয়া বাই বে, এই জগৎ আমাদের উদ্বেশ্ব নয়, একটি উদ্বেশ্ব-লাভের উপার মাজ। বলি এই জগৎ আমাদের চরম লক্ষ্য হইত, তবে আমরা এই স্থুবনেহেই অমর্থনাত করিতাম, আমরা কথনই মরিভায় না। কিন্ত নেনিভেছি, প্রতি মূহুর্তে আমাদের চতুর্দিকে লোক মরিতেছে, তথাপি মূর্জারশতঃ ভাবিভেছি,

আমরা কখনও মরিব না।' ঐ ধারণা হইতেই আমরা ভাবিয়া থাকি, এই জীবন আমাদের চরম লক্ষ্য—আমাদের মধ্যে শতকরা নিরানকাই জনের এই অবস্থা। এই ভাব এখনই পরিত্যাগ করিতে হইবে। এই জগৎ যতক্ষণ আমাদের পূর্ণতা লাভের উপায়স্বরূপ হয়, ততক্ষণই ভাল; আর যখন ইহা ঘারা সেই উদ্দেশ্য সিদ্ধ হয় না, তখন ইহা মন্দ—মন্দ বই আর কিছুই নয়। এইরূপে স্বামী-স্ত্রী, পুত্র-কন্তা, টাকা-কড়ি বা বিত্যা আমাদের ভগবৎপথে উন্নতির সহায়ক হইলে ভাল, কিন্তু যখনই তাহা না হয়, তখন সেওলি মন্দ বই আর কিছুই নয়। স্ত্রী যদি ঈশ্বরলাভে সহায়তা করে, তবেই তাহাকে সাধ্বী স্ত্রী বলা যায়,—এইরূপ পতিপুত্রাদি সম্বন্ধেও। অর্থ যদি মানুষকে অপরের কল্যাণ-সাধনে সহায়তা করে, তবেই তাহার মূল্য আছে বলিয়া স্বীকার করা যায়। নতুব। উহা কেবল অনিষ্টের মূল, আর যত শীঘ্র আমরা অর্থের সংস্রব হইতে নিস্কৃতি পাই, ততই মঙ্গল।

পরবর্তী দাধন 'অভ্যাদ'। আমাদের কর্তব্য — মন যেন দর্বদাই ঈশরাভিন্থে গমন করে, অন্থ কোন বস্তুর আমাদের মনকে বাধা দিবার কোন অধিকার নাই। মন যেন দর্বদা অবিচ্ছিন্ন তৈলধারার প্রায় ঈশরচিন্তা করে। ইহা বড় কঠিন কাজ, কিন্তু বারংবার অভ্যাদের ঘারা ইহা দন্তব। আমরা এখন যাহা হইয়াছি, তাহা অভীত অভ্যাদের ফলস্বরূপ। আবার এখন থেরপ অভ্যাদ করিব, ভবিয়তে দেইরূপ হইব। অতএব আপনাদের যেরূপ অভ্যাদ হইয়া গিয়াছে, তাহার বিপরীত অভ্যাদ করন। একদিকে মোড় কিরিয়া আমাদের অবস্থা এই দাড়াইয়াছে, অক্সদিকে ফিরুন এবং বত শীঘ্র পারেন, ইহার বাহিরে চলিয়া যান। ইন্দ্রিরবিষয়ের চিন্তা করিতে করিতে আমরা এমন এক অবস্থায় আদিয়া পড়িয়াছি যে, আমরা এই মূহুর্তে হাসিতেছি, পরক্ষণেই কাদিতেছি, দামান্ত বায়্প্রবাহেই আমরা বিচলিত ইইডেছি—সামান্ত একটা বাকের দাস, দামান্ত এক টুকরা থাতের দাস হইয়াছি। ইহা অভি লজ্জার বিষয়—ইহার উপর আমরা আবার নিজদিগকে আত্মা বলিয়া পরিচয় দিয়া থাকি এবং অনেক বড় বড় বাজে কথা বলিয়া গাকি। আমরা সংসারেয় দাস—ইক্রয়াভিম্বে ধাবিত হইয়া নিজেদের এই

১ 'শেষাঃ স্থিরত্বসিক্ষন্তি'---মহাভারত, বনপর্ব

অবস্থায় আনিয়াছি। এখন বিপরীত দিকে চল, ঈশ্বেরে চিন্তা কর—মন কোন শারীরিক বা মানসিক ভোগের চিন্তা না করিয়া যেন শুধু ঈশবের চিন্তা করে। যখন মন অন্ত কোন বিষয়ের চিন্তা করিতে উত্তত হইবে, তখন উহাকে এমন ধাকা দাও, যেন উহা ফিরিয়া আসিয়া ঈশবের চিন্তায় প্রার্ত্ত হয়। 'ষেমন তৈল এক পাত্র হইতে অপর পাত্রে অবিচ্ছিন্ন ধারায় পড়িতে থাকে, যেমন দ্রে ঘণ্টাধ্বনি হইলে উহার শব্দ কর্ণে এক অবিচ্ছিন্ন ধারায় আদিতে থাকে, সেইরূপ এই মনও এক অবিচ্ছিন্ন ধারায় যেন ঈশবের দিকে ধাবিত হয়।' এই অভ্যাস আবার শুধু মনের ঘারা করিলেই হইবে না, ইন্দ্রিয়গুলিকেও এই অভ্যাস আবার শুধু মনের ঘারা করিলেই হইবে না, ইন্দ্রেয়গুলিকেও এই অভ্যাস করিতে হইবে। বাজে কথা না শুনিয়া আমাদিগকে ঈশবের কথা শুনিতে হইবে; বাজে কথা না বলিয়া ঈশববিষয়ক কথা বলিতে হইবে; বাজে পুন্তক না পড়িয়া ঈশববিষয়ক সদ্গ্রন্থ পড়িতে হইবে।

ঈশ্বরকে শ্বতিপথে রাধিবার এই 'অভ্যাদে'র সর্বোৎকৃষ্ট সহায়ক সম্ভবতঃ
—সঙ্গীত। ভক্তির শ্রেষ্ঠ আচার্য নারদকে ভগবান্ বলিতেছেনঃ

নাহং তিষ্ঠামি বৈকুঠে যোগিনাং হৃদয়ে ন চ। মন্তক্তা যত্ত্ৰ গায়স্তি তত্ৰ তিষ্ঠামি নারদ॥

—হে নারদ, আমি বৈকুঠে বাস করি না, যোগীদিগের হৃদয়েও বাস করি না, ধেখানে আমার ভক্তগণ ভজন গান করে, আমি সেখানেই অবস্থান করি।

মহয়মনের উপর সঙ্গীতের প্রচণ্ড প্রভাব—উহা মৃহুর্তে মনকে একাগ্র করিয়া দেয়। দেখিবেন, অতিশয় তামসিক জড়প্রকৃতি ব্যক্তিগণ—যাহারা এক মৃহুর্তও মন হির করিতে পারে না, তাহারাও উত্তম সঙ্গীত প্রবণ করিয়া মৃশ্ব হইয়া যায়, একাগ্র হইয়া যায়। এমন কি কুকুর, বিড়াল, সর্প, সিংহ প্রভৃতি জন্তুগণও সঙ্গীত-প্রবণে মোহিত হইয়া থাকে মু

পরবর্তী সাধন 'ক্রিয়া'—পরের হিতসাধন। স্বার্থপর ব্যক্তির হৃদয়ে ঈশরচিন্তা আসিবে না। যতই আমরা পরের কল্যাণ সাধনে চেন্তা করিব, তত্তই
আমাদের হৃদয় শুদ্ধ হৃইবে, এবং সেই হৃদয়ে ঈশর বাস করিবেন। আমাদের
শাস্ত্রমতে ক্রিয়া পঞ্চবিধ—উহাদিগকে 'পঞ্চ-মহাযক্ত' বলে। প্রথম: ব্রদ্ধয়ক্ত
অর্থাৎ স্বাধ্যায়—প্রত্যহ শুক্ত ও পবিত্র ভাবোদীপক কিছু কিছু পাঠ করিতে
হইবে। বিতীয়: দেবযক্ত—ঈশর, দেবতা বা সাধুগণের পূজা বা উপাসনা।
ভৃতীয়: পিতৃষক্ত—আমাদের পূর্বপূক্ষবগণ সম্বন্ধ আমাদের কর্তব্য।

চতুর্থ: নৃষক্ত-মহয়জাতির প্রতি আমাদের কর্তব্য। মাহুষ যদি দরিত্র বা অভাবগ্রন্তদের জন্ম গৃহ নির্মাণ না করে, তবে তাহার নিজের গৃহে বাদ করিবার অধিকার নাই। যে কেহ দরিত্র ও তু:খী, তাহারই জক্ত যেন গৃহীর গৃহ উন্মুক্ত থাকে, তরেই সে যথার্থ গৃহী। যদি কেহ কেবল নিজের ও নিজের স্ত্রীর ভোগের জন্ম গৃহ নির্মাণ করে, তবে উহা অতি ঘোর স্বার্থপর কাজ। এরপ ব্যক্তি কথনও ভগবদ্ভক্ত হইতে পারিবে না। কোন ব্যক্তির নিজের জগ্য কিছু রন্ধন করিবার অধিকার নাই, পরের জগুই তাহাকে রন্ধন করিতে হইবে—পরের দেবার পর যাহা অবশিষ্ট থাকিবে, তাহাতেই তাহার অধিকার। ভারতে সাধারণতঃ এইরূপই ঘটিয়া থাকে যে, যথন বাজারে নৃতন নৃতন জিনিদ, ষ্ণা—আম, কুল প্রভৃতি উঠে, তখন কোন ব্যক্তি কিছু কিনিয়া উহা গরীবদের মধ্যে বিলাইয়া দেন। তারপর তিনি নিজে খাইয়া থাকেন। আর এদেশে (আমেরিকায়) অহুসরণ করিবার পক্ষে এটি একটি খুবই ভাল দৃষ্টান্ত। এইরূপ ভাবে জীবন নিয়ন্ত্রিত করিতে থাকিলে মামুষ ক্রমশঃ নিঃস্বার্থ হইবে, স্থাবার স্ত্রীপুত্রাদিও ইহা হইতে শিক্ষা লাভ করিবে। প্রাচীনকালে হিব্রুরা প্রথমজাত ফল ভগবানকে নিবেদন করিত, কিন্তু আজকাল আর বোধ হয় তাহা করে না। সকল বস্তুর অগ্রভাগ দরিদ্রগণের প্রাপ্য— অবশিষ্ট অংশে আমাদের অধিকার। দরিত্রগণ ঈশ্বরের প্রতিনিধি---যাহারাই কোনরপ ত্র:খকষ্ট পাইতেছে, তাহারাই ঈশবের প্রতিনিধি। পরকে না দিয়া যে ব্যক্তি নিজ রদনার তৃপ্তিসাধন করে, সে পাপ ভোজন করে।^২

পঞ্ম: ভূত্যজ্ঞ অর্থাৎ নিম্নতর প্রাণীদের প্রতি আমাদের কর্ত্য। এইসকল প্রাণীকে মাহ্য মারিয়া ফেলিবে, তাহাদিগকে লইয়া যাহা খুনী করিবে,
এই জন্মই তাহাদের স্বষ্ট হইয়াছে—এ-কথা বলা মহাপাপ। যে শাস্ত্রে এই
কথা বলে, তাহা শয়তানের শাস্ত্র, ঈশরের নয়। শরীরের কোন অংশে
সায়্বিশেষ নড়িতেছে কিনা দেখিবার জন্ম একটি প্রাণীকে কাটিয়া দেখা— কি
বীভংস ব্যাপার ভাবুন দেখি! এমন সময় আসিবে, যখন সকল দেশেই— যে
ব্যক্তি এরপ করিবে, সে দগুনীয় হইবে। আমাদের দেশে বৈদেশিক সরকার

১ গীতা, ৩।১৩

^{2 3, 3}

এরপ কার্যে যতই উৎসাহ দিক না কেন, হিন্দুরা যে এ-বিষয়ে সহায়ভূতি করেন না, তাহাতে আমি খুশী। যাহা হউক, গৃহে রান্না-করা আহারের একভাগ পশুগণেরও প্রাপ্য। তাহাদিগকে প্রত্যহ খাত্ত দিতে হইবে। এদেশের প্রত্যেক শহরে অন্ধ খন্ধ বা আত্র ঘোড়া, গরু, কুকুর, বিড়ালের জন্তও হাসপাতাল থাকা প্রয়োজন—তাহাদিগকে খাওয়াইতে হইবে এবং যত্ন করিতে হইবে।

তারপর 'কল্যাণ' অর্থাৎ পবিত্রতা। নিম্নলিখিত গুণগুলি কল্যাণ-শব্দবাচ্য: ১ম, সত্য; যিনি সত্যনিষ্ঠ, তাঁহার নিকট মত্যের ঈশ্বর প্রকাশিত হন —কায়মনোবাক্যে সম্পূর্ণরূপে সত্যসাধন করিতে হইবে। ২য়, আর্জব— অকপটভাব, সরলতা—হাদয়ের মধ্যে কোনরূপ কুটিলতা থাকিবে না, মন মৃথ এক করিতে হইবে ; যদিও একটু কর্কশ ব্যবহার করিতে হয়, তথাপি কুটিলতা ছাড়িয়া সরল সহজ পথে চলা উচিত। ৩য়, দয়া। ৪র্থ, অহিংসা অর্থাৎ কায়মনোবাক্যে কোন প্রাণীর অনিষ্ঠাচরণ না করা। ৫ম, দান। দান অপেকা শ্রেষ্টধর্ম আর নাই। সে-ই হীনতম ব্যক্তি, যে নিজের দিকে হাত ফিরাইয়া আছে; দে প্রতিগ্রহ করিতে—পরের নিকট দান লইতে ব্যস্ত। আর সে-ই শ্রেষ্ঠ ব্যক্তি, যাহার হাত পরের দিকে ফিরানো রহিয়াছে—যে পরকে দিতেই ব্যাপৃত। হস্ত নির্মিত হইয়াছে—কেবল দিবার জন্ম। উপ-বাসে মরিতে হয় তাহাও শ্রেয়ং, রুটির শেষ টুকরাটি পর্যন্ত দান করুন; পরকে থাতা দিতে গিয়া যদি আপনার অনাহারে মৃত্যু হয়, ভবে আপনি এক মুহুর্তেই মুক্ত হইয়া ষাইবেন, তৎক্ষণাৎ আপনি পূর্ণ হইয়া যাইবেন, তৎক্ষণাৎ আপনি ঈশ্বর হইয়া যাইবেন। যাহাদের সম্ভান-সম্ভতি আছে, তাহার। তেঃ পূর্ব হইতেই বন্ধ। তাহারা সব দান করিয়া দিতে পারে না। তাহারা সস্তানগুলিকে উপভোগ করিতে চায়, তাহাদিগকে সেই ভোগের মূল্য দিতে হইবে। জগতে কি যথেষ্ট ছেলেমেয়ে নাই ? স্বার্থপরতাবশেই লোকে বলিয়া থাকে, আমার নিজের একটি সন্তান চাই। 🤇 ৬ঠ, অনভিধ্যা—পরের দ্রব্যে লোভ পরিত্যাগ বা নিফল চিন্তা পরিত্যাগ বা শরকৃত অপরাধ সম্বন্ধে চিন্তা পরিত্যাগ ।

পূরবর্তী সাধন 'অনবসাদ', ইহার ঠিক অর্থ—চূপ করিয়া বদিয়া না থাকা, নৈরাশুগ্রন্ত না হওয়া, অর্থাৎ প্রজন্মতা ; নৈরাশ্র আর ষাহাই হউক, ধর্ম নয়।

সর্বদা হাসিম্থে প্রফুল থাকিলে কোন স্তবস্থতি বা প্রার্থনা অপেকা শীঘ্র ঈশবের নিকট যাওয়া যায়। যাহাদের মন সর্বদা বিষণ্ণ ও তমোভাবে আচ্ছন, তাহারা আবার ভালবাদিবে কি করিয়া? তাহারা যদি ভালবাদার কথা বলে, তবে জানিবেন, উহা মিথ্যা; তাহারা প্রকৃতপক্ষে অপরকে আঘাত করিতে চায়।) গোড়াদের বিষয় ভাবিয়া দেখুন, ভাহাদের মুখ সর্বদা ভার হইয়াই আছে—তাহাদের সমৃদয় ধর্মটাই যেন ৰাক্যে ও কার্যে পরের বিরোধিতা করা। অতীতে তাহারা কি করিয়াছে, তাহা ভাবিয়া দেখুন এবং অবাধে কিছু করিবার স্থােগ পাইলে এখনও কী করিতে পারে, তাহাও ভাবুন। ক্ষমতা করায়ত্ত হইবে জানিলে তাহার। আগামী কালই সমগ্র জগংকে রক্তশ্রোতে প্রাবিত করিতে পারে, কারণ বিষণ্ণভাবই তাহাদের ঈশর। ক্ষমতাপন্ন এক ভয়কর ঈশ্বরকে উপাদনা করিয়া, দর্বদা বিষণ্ণ থাকিয়া তাহাদের হৃদয়ে আর ভালবাদার লেশমাত্র থাকে না, কাহারও প্রতি তাহাদের এক বিন্দু দয়া থাকে না। অতএব ষে ব্যক্তি সর্বদাই নিজেকে হু:থিত বোধ করে, দে কখনও ঈশ্বরকে লাভ করিতে পারে না। 'আমি বড় তু:খী !'--এরপ বলা ধার্মিকের লক্ষণ নয়, ইহা শয়তানি। প্রত্যেককেই নিজ নিজ হু:খের বোঝা বহন করিতে হয়। বাস্তবিকই যদি আপনার হু:খ থাকে, স্থী হইবার চেটা করুন, তুঃথকে জয় করিবার চেটা করুন। তুর্বল ব্যক্তি কথনই ভগবান্কে লাভ করিতে পারে না।—অতএব তুর্বল হইবেন না। আপনাকে শক্ত সবল হইতে হইবে—অনন্ত শক্তি আপনার ভিতরে। নতুবা কোন কিছু জয় করিবেন কিরুপে ? ঈশ্বলাভ করিবেন কিরুপে ?

নিকে সঙ্গে আবার 'অফ্দর্য' সাধন করিতে হইবে। উদ্ধ্-শব্দের অর্থ অতিরিক্ত আমোদ-প্রমোদ, উহা পরিত্যাগ করিতে হইবে। কারণ ঐ অবস্থায় মন কখনই শাস্ত হয় না, চঞ্চল হইয়া থাকে, আর পরিণামে সর্বদা ছংখই আসিয়া থাকে। কথায় বলে, 'ষত হাসি, তত কারা'। মাহ্ম একবার একদিকে ঝুঁকিয়া আবার ভাহার চূড়ান্ত বিপরীত দিকে গিয়া থাকে। মনকে প্রফল অথচ শাস্ত রাখিতে হইবে। মন যেন কখন কোন কিছুর বাড়াবাড়ি না করে, কারণ বাড়াবাড়ি করিলেই পরিণামে ভাহার প্রতিক্রিয়া হইবে)

রামাহজের মতে এইগুলিই ভক্তির সাধন।

ভক্তির প্রথম সোপান—তীব্র ব্যাকুলতা

ভক্তিযোগের আচার্যগণ নির্ণয় করিয়াছেন—ভক্তি ঈশ্বরে পরম অফুরক্তি।
কিন্তু 'মাহ্য ঈশ্বরকে ভালবাদিবে কেন ?'—এই প্রশ্নের উত্তর দিতে হইবে
এবং যতক্ষণ পর্যন্ত না আমরা ইহা ব্ঝিভেছি, ততক্ষণ ভক্তিতত্ত্বর কিছুই
ধারণা করিতে পারিব না। জীবনের সম্পূর্ণ পৃথক্ হুই প্রকার আদর্শ দেখা
যায়। যে-কোন দেশের মাহ্য, যে কিছুটা ধর্ম মানে, সেই বোধ করিয়া
থাকে—মাহ্য দেহ ও আত্মা হুই-ই। কিন্তু মানবজীবনের উদ্দেশ্য সম্বন্ধে
অনেক মতভেদ দেখা যায়।

পাশ্চাত্য দেশে মাত্র্য সাধারণতঃ দেহের দিকেই বেশী ঝোঁক দেয়---ভারতীয় ভক্তিতত্ত্বের আচার্যগণ কিন্তু মামুষের আধ্যাত্মিক দিক্টার উপর অধিক জোর দিয়া থাকেন, আর ইহাই প্রাচ্য ও পাশ্চাত্য জাতিগুলির মধ্যে সর্বপ্রকার ভেদের মূল বলিয়া বোধ হয়। এমন কি, সাধারণের ব্যবহৃত ভাষায় পর্যস্ত এই ভেদ স্পষ্ট লক্ষিত হয়। ইংলণ্ডে লোকে মৃত্যু সম্বন্ধে বলিভে গিয়া বলে, 'অমুক তাহার আত্মা পরিত্যাগ করিল' (gave up the ghost); ভারতে মৃত্যুর কথা বলিতে গেলে লোকে বলিয়া থাকে, 'অমুক দেহ-ত্যাগ করিল'; পাশ্চাত্যদের ভাব—মাহুষ একটা দেহ, তাহার আত্মা আছে; প্রাচ্যভাব—মান্থ্য আত্মাস্বরূপ, তাহার দেহ আছে। এই পার্থক্য হইতে অনেক জটিল সমস্তা আসিয়া পড়ে। ইহা সহজেই বুঝা যায়, যে-আদর্শ অহুসারে মাহ্র্য দেহ এবং তাহার একটি আত্মা আছে, সেই আদর্শে দেহের উপরে সম্পূর্ণ ঝোঁকটা পড়িয়াছে। যদি জিজ্ঞাসা কর-মানুষ কি জন্ম জীবনধারণ করে, ঐ আদর্শের অহুগামী বলিবে ইন্দ্রিয়স্থভোগের জন্ত ; দেখিব, শুনিব, বুঝিব, ভোজনপান করিব, অনেক বিষয়—ধন-দৌলতের অধিকারী হইব; বাপ-মা আত্মীয়ম্বজন সব থাকিবে, তাঁহাদের সহিত আনন্দ করিব—ইহাই মানবজীবনের উদ্দেশ্য। ইহার অধিক আর সে যাইতে পারে না ; ইন্দ্রিয়াতীত বস্থর কথা বলিলেও সে উহা কল্পনা করিতে পারে না। তাহার পরলোকের ধারণা এই যে, এখন যে-সকল ইক্রিয়স্থভোগ হইভেছে, সেইগুলিই চলিতে থাকিবে। ইহলোকে সে চিরকাল এই স্থভোগ করিতে পারিবে না---

একল্প সে বড়ই ছংখিত, তাহাকে এখান হইতে চলিয়া যাইতে হইবে। সে মনে করে, যে-কোন ভাবে হউক সে এমন এক স্থানে যাইবে, যেখানে এ-সবই নৃতনভাবে চলিতে থাকিবে। তাহার এইসব ইন্দ্রিয়ই থাকিবে, এইসব স্থাভোগই থাকিবে—কেবল স্থাখর তীব্রতা ও মাত্রা বাড়িবে। সে যে ঈশরের উপাসনা করিতে চায়, তাহার কারণ—ঈশর তাহার এই উদ্দেশ্যলাভের উপায়। তাহার জীবনের লক্ষ্য—বিষয়সজ্যোগ। সে কাহারও নিকট হইতে জানিয়াছে, একজন পুরুষ আছেন—যিনি তাহাকে দীর্ঘকাল ধরিয়া এইসব স্থা দিতে পারেন, তাই সে ঈশরের উপাসনা করে।

পক্ষাস্তরে ভারতীয় ভাব এই যে, ঈশ্বরই আমাদের জীবনের লক্ষ্য। ঈশবের উর্ধের আর কিছু নাই, এইদর ইন্দ্রিয়স্থগভোগের ভিতর দিয়া আমরা উচ্চতর বস্তু লাভের জন্ম অগ্রদর হইতেছি মাত্র। শুধু তাই নয়; যদি ইক্রিয়ত্ব ছাড়া আর কিছু না থাকিত, তবে ভয়ানক ব্যাপার হইত। আমরা আমাদের দৈনন্দিন জীবনে দেখিতে পাই, যে ব্যক্তির ইক্রিয়ন্থখভোগ যত অল্প, তাহার জীবন তত উন্নত। কুকুরটা যথন খায়, তাহার দিকে চাহিয়া দেখ, কোন মাহ্র্য অত তৃপ্তির সহিত থাইতে পারে না। শৃকর-শাবকটার ব্যবহার লক্ষ্য করিও—দে খাইতে খাইতে কি আনন্দস্চক ধানি করে! সে ষেন স্বর্গ-স্থু পাইতেছে, যদি কোন শ্রেষ্ঠ দেবতা আদিয়া তাহার দিকে তাকান, দে তাঁহাকে লক্ষ্যই করিবে না; ভোজনেই তাহার সমগ্র জীবন। এমন কোন মাহুষ জন্মায় নাই, যে ঐভাবে খাইতে পারে। ভাবিয়া দেখ, নিমুতর প্রাণীদের দৃষ্টিশক্তি, শ্রবণশক্তি প্রভৃতি কত তীক্স—তাহাদের ইন্দ্রিয়গুলি অত্যস্ত উৎকর্ষ লাভ করিয়াছে। মাহুষের ইব্রিয়শক্তি কথন ঐরূপ হইতে পারে না। ইন্দ্রিয়ন্থথেই পশুগণের চরম আনন্দ—ভাহারা ঐ আনন্দে একেবারে উন্মত্ত হইয়া উঠে। আর যে যত অহনত, ইন্দ্রিয়স্থপে সে তত অধিক আনন্দ পাইয়া থাকে। যতই উচ্চতর অবস্থায় উঠিতে থাকিবেন, ততই যুক্তিবিচার ও প্রেম আপনাদের লক্ষ্য হইবে। দেখিবেন, আপনাদের বিচারশক্তি ও প্রেমের যতই বিকাশ হইবে, ততই আপনাদের ইন্দ্রিয়-স্থভোগের শক্তি কমিয়া যাইবে।

বিষয়টি আমি দৃষ্টান্ত ধারা বুঝাইতেছি। যদি আমরা স্বীকার করি যে, প্রত্যেক মান্ত্রকে একটা নির্দিষ্ট পরিমাণ শক্তি দেওয়া আছে, দেই শক্তিটা হয়

দেহের উপর, নয় মনের উপর, নয় আত্মার উপর প্রয়োগ করা যাইতে পারে, ভবে ষদি উহাদের একটির উপর সমৃদয় শক্তি প্রয়োগ কর। যায়, ভবে অগুগুলির উপর প্রয়োগ করিবার শক্তি ততটুকু কম পড়িয়া যাইবে। সভ্য জাতিদিগের অপেক্ষা অজ্ঞ বা অসভ্য জাতিদের ইন্দ্রিয়শক্তি ভীক্ষতঁর। আর বান্তবিকপক্ষে ইতিহাদ হইতে আমরা এই একটি শিক্ষা পাইতে পারি যে, কোন জাতি যতই সভ্য হয়, ততই তাহার সায়ু স্ক্ষতর হইতে থাকে এবং শরীর তুর্বলতর হইয়া যায়। কোন অসভ্য জাতিকে সভ্য করুন—দেখিবেন, ঠিক এই ব্যাপারটি ঘটিতেছে। তথন অগ্য কোন অসভ্য জাতি আসিয়া আবার তাহাকে জয় করিবে। দেখা যায়, বর্বর জাতিই প্রায় সর্বদা জয়লাভ করে। অতএব আমরা দেখিতেছি, যদি আমাদের সর্বদা শুধু ইন্দ্রিয়স্থ ভোগ করিবার বাদনা হয়, তবে বুঝিতে হইবে, আমরা অসম্ভব কিছু চাহিতেছি—কারণ তাহ। হইলে আমরা পশু হইয়া যাইব। মাহুষ যখন বলে, সে এমন এক স্থানে যাইবে, যেথানে তাহার ইন্দ্রিয়স্থভোগ ভীব্রতর্হইবে, তথন দে জানে না, সে কি চাহিতেছে; মহয়জনা ঘুচিয়া প্রভজন ইইলে তবেই তাহার পক্ষে এরপ স্থভোগ সম্ভব। শৃকর কথন মনে করে না, সে অশুচি বস্ত ভোজন করিতেছে। উহাই তাহার স্বর্গ, শ্রেষ্ঠ দেবতাগণ তাহার নিকট আদিয়া উপস্থিত হইলেও দে তাঁহাদের দিকে ফিরিয়া চাহিবে না; ভোজনেই তাহার সমগ্র সত্তা নিয়োজিত।

মানুষের সহস্কেও তেমনি। তাহারা শৃকর-শাবকের মতো ইন্দ্রিয়-বিষয়রপ পদ্ধে গড়াগড়ি দিতেছে—উহার বাহিরে কি আছে, তাহা দেখিতে পায় না। তাহারা ইন্দ্রিয়স্থভোগই চায়, আর উহা না পাইলে তাহারা যেন স্বর্গ হইতে চ্যুত হয়। 'ভক্ত'-শন্দটির শ্রেষ্ঠ অর্থ ধরিলে এইরূপ ব্যক্তিগণ কথনও 'ভক্ত' হইতে পারে না—তাহারা কথন প্রকৃত ভগবং-প্রেমিক হইতে পারে না। আবার ইহাও ঠিক যে, এই নিয়তর আদর্শ অহুসরণ করিলে কালে এই ভাব পরিবর্তিত হইবে। প্রত্যেক ব্যক্তিই বৃঝিরে, ইহা অপেক্ষা উচ্চতর এমন কিছু আছে, যাহার সম্বন্ধ জানিতাম না; জানিলে জীবনের উপর এবং ইন্দ্রিয়-বিষয়ের উপর প্রবল আসক্তি ধীরে ধীরে চলিয়া যাইবে। ছেলেবেলা যথন স্থলে পড়িতাম, তথন এক সহপাঠীর সন্ধে কি একটা খাবার লইয়া কাড়াকাড়ি ইইয়াছিল; তাহার গায়ে আমার চেয়ে বেশী কোর

ছিল, কাজেকাজেই দে ঐ খাবারটা আমার হাত হইতে ছিনাইয়া লইল। তথন আমার যে ভাব হইয়াছিল, ভাহা এখনও মনে আছে। আমার মনে হইল, তাহার মতো হুট ছেলে জগতে আর জনায় নাই, আমি যথন বড় হইব, আমার গায়ে জোর হইবে, তথন ভাহাকে জব্দ করিব। মনে হইভে লাগিল--সে এত ত্ট যে, কোন শান্তিই তাহার পক্ষে যথেট হইবে না, তাহাকে ফাঁদি দেওয়া উচিত, তাহাকে খণ্ড খণ্ড করিয়া ফেলা উচিত। এখন আমরা উভয়েই বড় হইয়াছি, উভয়ের মধ্যে এখন নিবিড় বন্ধুত। এইরূপে এই সমগ্র জগং শিশুতুল্য জনগণে পূর্ণ—থাওয়া এবং উপাদেয় থাবারই ভাহাদের সর্বন্ধ, যদি এভটুকু এদিক্ ওদিক্ হয়, তবেই সর্বনাশ! তাহারা কেবন ভাল ভাল থাবারের স্বপ্ন দেখিতেছে, আর তাহাদের ভবিষ্যুৎ জীবন সম্বন্ধে ধারণা--- সর্বদা সর্বত্র প্রচুর থাবার আছে। আমেরিকান ইণ্ডিয়ানগণের ধারণা---স্বর্গ একটি বেশ ভাল মৃগয়ার স্থান। আমাদের সকলেরই স্বর্গের ধারণা—নিজ নিজ বাসনার অহুরূপ; কিন্তু কালে আমাদের বয়স যতই বাড়িতে থাকে এবং যতই উচ্চতর বস্তু দেখিতে পাই, ততই আমরা সময়ে সময়ে এই সকলের অতীত উচ্চতর বস্তর চকিত আভাস পাইতে থাকি। আধুনিক কালে দাধারণত: যেমন সকল বিষয়ে অবিশাস করিয়া (ভবিয়াৎ জীবন সমস্কে) এইসব ধারণা অতিক্রম করা হয়, আমরা যেন সেভাবে এই-সকল ধারণা পরিত্যাগ না করি, তাহাতে উড়াইয়া দেওয়া হইল—ভাবগুলি নষ্ট করিয়া ফেলা হহল; যে নান্তিক এইরূপে সব উড়াইয়া দেয়, দে ভ্রাস্ত; কিন্তু যিনি ভক্ত, তিনি উহা অপেকা উচ্চতর তত্ত দর্শন করিয়া থাকেন। নান্তিক স্বর্গে যাইতে চায় না, কারণ তাহার মতে স্বর্গ ই নাই; আর ভগবদ্ধক্ত স্বর্গে যাইতে চান না, কারণ তিনি উহাকে ছেলেখেলা বলিয়া মনে করেন। তিনি চান (कर्न द्रेश्वरकः)

দিশর ব্যতীত জীবনের শ্রেষ্ঠতর লক্ষ্য আর কি হইতে পারে? দিশর স্বয়ংই মাহ্যবের সর্বোচ্চ লক্ষ্য—তাঁহাকে দর্শন কর, তাঁহাকে সজোগ কর। দিশর অপেক্ষা উচ্চতর বস্থ আমরা ধারণাই করিতে পারি না, কারণ দশর প্রিরুপ। প্রেম হইতে কোন উচ্চতর হথ আমরা ধারণা করিতে পারি না, কিন্ত এই শক্ষি বিভিন্ন অর্থে ব্যবহৃত হইন্না থাকে। প্রেম-শব্দ দারা সংসারের সাধারণ স্বার্থপর ভালবাসা বুঝায় না—উহাকে 'প্রেম' নামে অভিহিত করা

ঈশ্বনিন্দার সমান। আমাদের পুত্রকলত্তাদির প্রতি ভালবাসা জীবজন্তর ভাল-বাসার মতো। যে ভালবাসা সম্পূর্ণ নিঃস্বার্থ, তাহাই একমাত্র 'প্রেম'-শব্দবাচ্য এবং তাহা কেবল ঈশবের সম্বন্ধেই সম্ভব। এই প্রেম লাভ করা বড় কঠিন ব্যাপার। আমরা পিতামাতা, পুত্রকক্তা ও অন্তাক্ত দকলকে ভালবাদিতেছি—এই-সকল বিভিন্ন প্রকার ভালবাসা বা আসক্তির ভিতর দিয়া চলিতেছি। আমরা ধীরে ধীরে প্রীতিবৃত্তির অহুশীলন করিতেছি, কিন্তু অধিকাংশ ক্ষেত্রে আমরা ঐ বৃত্তির পরিচালনা হইতে কিছুই শিখিতে পারি না—একটি দোপানে আরোহণ করিয়া উহাতেই আমরা আবদ্ধ হইয়া যাই, আমরা একটি ব্যক্তিতে আসক্ত হইয়া পড়ি। কখন কখন মান্ত্র এই বন্ধন অতিক্রম করিয়া বাহিরে আদিয়া থাকে। মাহুষ এই জগতে চিরকাল জ্বী-পুত্র ধন-মান এইসবের দিকে ছুটিতেছে—সময়ে সময়ে তাহারা বিশেষ ধাকা খাইয়া সংসারের ষথার্থ রূপ বৃঝিতে পারে। এই জগতে কেহই ঈশ্বর ব্যতীত প্রক্রতপক্ষে আর কাহাকেও ভালবাদিতে পারে না। মাহ্র দেঝিতে পায়, মাহুষের ভালবাদা দব শৃত্য। মান্থৰ ভালবাদিতেই পারে না—ভগু কথা বলে। 'আহা! প্রাণনাথ, আমি তোমায় বড় ভালবাদি' বলিয়া পত্নী পতিকে চুম্বন করিয়া অবিরলধারে অঞ বিসর্জন করিয়া পতিপ্রেমের পরাকাষ্ঠা প্রদর্শন করিয়া থাকে, কিন্তু স্বামীর যেই মৃত্যু হয়, অমনি দে সন্ধান করে, ব্যাঙ্কে তাঁহার কত টাকা আছে; আর কাল তাহার কি গতি হইবে, এই ভাবিয়া আকুল হয়। স্বামীও স্বীকে থুব ভালবাদিয়া থাকেন, কিন্তু স্বী অহুত্ব হইলে, রূপ-থোবন হারাইয়া কুৎসিত হইলে, অথবা সামাশ্য দোষ করিলে ভাহার দিকে আর চাহিয়াও দেখেন না। জগতের সব ভালবাসা অন্তঃসারশৃক্ত ও কপটতাপূর্ণ।

সান্ত জীব কথন ভালবাদিতে পারে না, অথবা দান্ত জীব ভালবাদার ষোগ্যও হইতে পারে না। প্রতি মৃহুর্তেই যথন ভালবাদার পাত্রের দেহের এবং দক্ষে মনেরও পরিবর্তন হইতেছে, তথন এই জগতে অনস্ত প্রেমের কি আর আশা করা যাইতে পারে? ঈশর ব্যতীত অন্ত কাহারও প্রতি প্রকৃত প্রেম সম্ভব নয়। তবে এ-সব ভালবাদাবাদি কেন? এগুলি কেবল ভ্রমাত্র—প্রেমের বিভিন্ন অবহামাত্র। মহাশক্তি আমাদের পিছন হইতে আমাদিগকে ভালবাদিবার জন্ত প্রেরণা দিতেছেন—আমরা জানি না কোথায় সেই প্রেমাস্পদক্ষে খুঁজিব, কিন্তু এই প্রেমই আমাদিগকে উহার অনুসন্ধানে

সমুখে অগ্রসর করিয়া দিতেছে। বারংবার আমাদের ভ্রম ধরা পড়িতেছে। আমরা একটা জিনিদ ধরিলাম—উহা আমাদের হাত ফসকাইয়া গেল, তথন আমরা আর কিছুর জন্ম হাত বাড়াইলাম। এইভাবে আমর। আগাইয়া চলি, শেষ পর্যন্ত আলোক আদিয়া থাকে, তথন আমরা ঈশ্বরের নিকট উপস্থিত হই-একমাত্র তিনিই আমাদিগকে যথার্থ ভালবাসিয়া থাকেন। তাঁহার ভালবাদার কোন পরিবর্তন নাই, তিনি দর্বদাই আমাদিগকে গ্রহণ করিতে প্রস্তত। আমি অনিষ্ট করিতে থাকিলে আপনাদের মধ্যে কেই বা কভক্ষণ আমার অভ্যাচার সহ্য করিবেন? যাহার মনে ক্রোধ ঘুণা বা ঈর্ধা নাই, যাহার সাম্যভাব কথন নই হয় না, যাহার জন্ম নাই, মৃত্যু নাই, তিনি ঈশ্বর ব্যতীত আর কি হইতে পারেন ? তবে ঈশ্বরকে লাভ করা বড় কঠিন এবং তাঁহার নিকট যাইতে হইলে বহু দীর্ঘ পথ অতিক্রম করিতে হয়—অতি অল্প লোকই তাঁহাকে লাভ করিয়া থাকে। আমরা শিশুর মতো হাত-পা ছুঁড়িতেছি মাত্র। লক্ষ লক্ষ লোক ধর্মের দোকানদারি করে, সকলেই ধর্মের কথা বলে, খুব কম লোকই প্রকৃত ধর্ম লাভ করিয়া থাকে। এক শতাকীর মধ্যে অতি অল্প লোকই সেই ঈশ্বরপ্রেম লাভ করিয়া থাকে, কিন্তু যেমন এক স্র্বের উদয়ে সমগ্র অন্ধকার তিরোহিত হয়, তেমনি এই অল্লদংখ্যক ষ্থার্থ ধার্মিক ও ভগবদ্ভক্ত পুরুষের অভ্যুদয়ে সমগ্র দেশ ধন্ম ও পবিত্র হইয়া যায়। এরপ ঈশ্ব-পুত্রের আবির্ভাবে সমগ্র দেশ ধন্ত হইয়া যায়। এক শভান্দীর মধ্যে সমগ্র জগতে এরূপ মহাপুরুষ খুব কমই জন্মগ্রহণ করেন; কিন্তু আমাদের সকলেরই এক্সপ হইবার চেষ্টা করিতে হইবে, আপনি বা আমিই যে সেই অল্প কয়েকজনের মধ্যে হইব না, তাহা কে বলিল ? অতএব আমাদিগকে ভক্তি-লাভের জন্ম চেটা করিতে হইবে। আমরা বলিয়া থাকি, স্ত্রী তাহার স্বামীকে ভালবাদে; স্ত্রীও ভাবে—আমি স্বামিগতপ্রাণা। কিন্তু যেই একটি সস্তান হইল, অমনি অর্ধেক বা তাহারও অধিক ভালবাসা সম্ভানের প্রতি গেল। সে নিজেই টের পাইবে যে, স্বামীর প্রতি তাহার আর পূর্বের **মতো** ভালবাদা নাই। আমরা সর্বদাই দেখিতে পাই, অধিকতর ভালবাদার পাত্র আমাদের নিকট উপস্থিত হইলে পূর্বের ভালবাসা ধীরে ধীরে অন্তর্হিত হয়। যথন আপনারা স্থলে পড়িতেন, তথন কয়েকজন সহপাঠীকেই আপনারা জীবনের প্রিয়তম বন্ধু মনে করিতেন অথবা মাতাপিতাকে এক্কপ ভালবাদিতেন,

তারপর বিষাহ হইল, তথন স্বামী ও স্ত্রীই পরস্পর প্রীতির আস্পদ হইল—
পূর্বের ভাব চলিয়া গেল—ন্তন প্রেম প্রবলতম হইয়া উঠিল। আকাশে
একটি তারা উঠিয়াছে, তারপর তদপেক্ষা একটি বৃহত্তর নক্ষত্র উঠিল—তথন
তদপেক্ষা আর একটি বৃহত্তর নক্ষত্রের উদয় হইল, অবশেষে স্থ্ উঠিল—তথন
স্বর্বের প্রকাশে ক্ষ্পতর জ্যোতিগুলি মান হইয়া গেল। স্থই দেই ঈশর।
এই তারাগুলি আমাদের ক্ষ্প ক্ষ্প সাংসারিক ভালবাসা। আর যথন ঐ
স্বর্বের উদয় হয়, তথন মায়্র্য উন্মাদ হইয়া যায়—এক্রপ ব্যক্তিকে এমার্সন
'ভগবংপ্রেমান্মন্ত মান্ব' (a God-intoxicated man) বলিয়াছেন;
তথন তাহার নিকট মায়্র্য জীবজন্ত সব রূপান্তরিত হইয়া গিয়া ঈশরক্রপে
পরিণত হয়—সবই দেই এক প্রেমসমূদ্রে ভ্বিয়া যায়। সাধারণ প্রেম কেবল
কৈব আকর্ষণমাত্র। তাহা না হইলে প্রেমে স্ত্রী-পুক্ষ-ভেদের কি প্রয়োজন?
কোন মৃত্রির সম্ব্র্থনভজান্থ হইয়া প্রার্থনা করিলে তাহা ভয়ানক পৌত্তলিকতা,
কিন্তু স্বামীর বা স্ত্রীর সামনে এক্রপে নতজান্থ হওয়া যাইতে পারে—তাহাতে
কোন দোষ নাই টি

এইদবের ভিতর দিয়া আমাদিগকে যাইতে হইবে। সংসারে আমরা ভালবাদার বহু ন্তরের সমূখীন হই। প্রথমে আমাদের জমি পরিকার করিতে হইবে। জীবনটাকে আমরা যে দৃষ্টিতে দেখি, ভালবাদার সমগ্র তব তাহারই উপর নির্ভর করিবে। এই সংসারই জীবনের চরম লক্ষ্য—এইরূপ মনে করা পশুজনোচিত ও মাহুষের ঘোর অবনতির কারণ। যে এই ধারণা লইয়া জীবন-সংগ্রামে অগ্রসর হয়, দে-ই ক্রমে হীন হইয়া যায়; দে আর কখনও উচ্চতর ন্তরে উঠিতে পারিবে না,—জগতের অন্তরালে অবস্থিত তত্ত্বের চকিত আভাদও কখন পাইবে না, দে সর্বদাই ইক্রিয়ের দাস হইয়া থাকিবে। দে কেবল টাকার চেটা করিবে—যাহাতে ভাল ভাল থাবার থাইতে পায়। এরূপ জীবন অপেক্ষা মৃত্যুই শ্রেয়ঃ। সংসারের দাস, ইন্রিয়ের দাস মাহুয়, নিজেকে জাগাও, উচ্চতর তত্ত্ব আরও কিছু, আছে। আপনারা কি মনে করেন, চক্ষ্ কর্ণ আবোদির দাস হইয়া থাকিবার জন্মই এই মাহুষের—এই অনম্ভ আত্মার—দেহধারণ প আমাদের পিছনে অনম্ভ সর্বজ্ঞ আত্মা বহিয়াছেন, তিনি সব করিতে পারেন, সব বন্ধন ছেদন করিতে পারেন। প্রস্কতপক্ষে আপনিই দেই আত্মা, আর প্রেমবলেই আপনার ঐ

শক্তির উদয় হইতে পারে। আপনাদের স্মরণ রাখা উচিত—ইহাই আমাদের আদর্শ। একদিনেই এই অবস্থা লাভ করা যায় না। আমবা কল্পনা করিতে পারি, আমরা ঐ অবস্থা লাভ করিয়াছি, কিন্তু শেষ পর্যন্ত উহা কল্পনা ছাড়া আর কিছুই নয়—এ অবস্থা এখনও বহু বহু দূরে। যে যে-অবস্থায় রহিয়াছে, যদি সম্ভব হয়, সেই অবস্থা হইতে উচ্চতর অবস্থায় উপনীত হইবার জ্ঞ তাহাকে সাহায্য করিতে হইবে। মামুষ জড়বাদের উপরই দণ্ডায়মান। তুমি আমি সকলেই জড়বাদী। ঈশব সম্বন্ধে—আত্মতত্ত্ব সম্বন্ধে আমরা যা-কিছু বলিয়া থাকি, তা বেশ ভাল, কিন্তু বুঝিতে হইবে, সেগুলি আমাদের সমাজে প্রচলিত কতকগুলি কথা মাত্র; আমরা তোতাপাথির মতো সেগুলি শিথিয়াছি এবং মাঝে মাঝে আওড়াইয়া থাকি। অতএব আমরা যে-অবস্থায় আছি অর্থাৎ আমরা এখন যে জড়বাদী —সেই অবস্থা হইতে আরম্ভ করিতে হইবে; এবং আমাদিগকে জড়ের সাহায্য অবশ্রই লইতে হইবে। এইক্সপে ধীরে ধীরে অগ্রসর হইয়া আমরা প্রকৃত আত্মবাদী বা চৈতগ্রবাদী হইব—নিজদিগকে আত্মা বলিয়া বুঝিব, আত্মা বা চৈতন্ত যে কি বস্তু, তাহা বুঝিব; তথন দেখিব—এই যে-জগৎকে আমরা অনস্ত বলিয়া থাকি, তাহা অস্তরালে অবস্থিত স্ক্র জগতের একটি সুল বাহুরপ মাত্র)।

ইহা ছাড়া আমাদের আরও কিছু প্রয়োজন আছে। আপনারা বাইবেলে যীগুঞ্জীষ্টের 'শৈলোপদেশে' (Sermon on the Mount) পাঠ করিয়াছেন: 'চাও, তবেই ভোমাদিগকে দেওয়া হইবে; আঘাত কর, তবেই ঘার খুলিয়া যাইবে; থোঁজ, তবেই পাইবে। মৃশকিল এই যে—চার কে, থোঁজে কে? আমরা সকলেই বলি, আমরা ঈশরকে জানি। ঈশরের নান্তিত্ব প্রতিপাদনের জন্ম কেহ এক বৃহৎ পৃত্তক লিখিলেন, আর একজন তাঁহার অন্তিত্ব প্রমাণের জন্ম আরও বড় একথানি বই লিখিলেন। একজন গাঁহার অন্তিত্ব প্রমাণের অন্তিত্ব প্রতিপন্ন করাই নিজের কর্তব্য মনে করিলেন, আর একজন তাঁহার অন্তিত্ব প্রতিপন্ন করাই নিজের কর্তব্য মনে করিলেন, আর একজন তাঁহার অন্তিত্ব প্রতিপন্ন করাই নিজের কর্তব্য মনে করিলেন, আর একজন তাঁহার অন্তিত্ব প্রতিপন্ন করাই নিজের কর্তব্য মনে করিলেন, আর একজন তাঁহার অন্তিত্ব প্রতিপন্ন করাই নিজ কর্তব্য মনে করেলেন, ও প্রচার করিয়া বেড়ান—ঈশর বলিয়া কেহ নাই। ঈশরের অন্তিত্ব প্রমাণ বা অপ্রমাণ করিবার জন্ম গ্রেছ বিশিবার কি প্রয়োজন ? ঈশর থাকুন বা না ই থাকুন, অনেকের পক্ষেই ভাহাতে কি আদে বায়? এই শহরে অধিকাংশ ব্যক্তি প্রাতঃকালে উঠিয়াই প্রাতরাশ

সম্পন্ন করে—ঈথর আসিয়া তাহার পোশাক পরিবার বা আহারের ব্যাপারে কোন সাহায্য করেন না। তারপর তাহারা কাজে যায় ও সারাদিন কাজ করিয়া টাকা রোজগার করে। ঐ টাকা ব্যাঙ্কে রাথিয়া তাহারা বাড়ি আনে, তারপর উত্তমরূপে ভোজন করিয়া শয়ন করে—এ-দব কাজই তীহারা ষন্ত্রবৎ ক্রিয়া থাকে, ঈশবের চিন্তা মোটেই করে না, ঈশবের কোন প্রয়োজনই বোধ করে না। মাহুষের চারিটি নিভ্যকর্তব্য আছে—আহার, পান, নিদ্রা ও বংশবৃদ্ধি। তারপর একদিন মৃত্যু আসিয়া বলে, 'সময় হইয়াছে—চল।' তখন মাহ্য বলিয়া থাকে—'মুহুর্তকাল অপেক্ষা করুন, আমি আর একটু সময় চাই, আমার ছেলেটি একটু বড় হোক।' কিন্তু মৃত্যু বলে—'এখনই চল, তোমার্কে বন্দী করিয়া লইয়া যাইতে আসিয়াছি।' **জগ**ং এই**রূপেই** চলিয়াছে। এইরপেই সাধারণ মাহুষের জীবন কাটিয়া যায়। সে বেচারাকে আমরা আর কি বলিব? সে ঈশবকে সর্বোচ্চ তত্ত্ব বলিয়া ব্ঝিবার কোন স্থােগই পায় নাই। হয়ভাে পূর্বজন্মে দে একটি শুকরছানা ছিল—মাহ্য হইয়া তদপেকা সে অনেক ভাল হইয়াছে। কিন্তু সমগ্র জগৎ তো আর এরপ নয়—কতক লোক আছেন, যাহাদের কিছুটা চৈতক্ত হইয়াছে। হয়তো কিছু ত্থেকট আদিল—যাহাকে আমরা খুব ভালবাদি, দে মরিয়া গেল। ষাহার উপর মনপ্রাণ সমর্পণ করিয়াছিলাম—যাহার জ্বন্ত সমুদয় জগৎকে, -এমন কি নিজ ভাইকে পর্যন্ত ঠকাইতে পশ্চাৎপদ হই নাই, যাহার জন্ত সর্বপ্রকার ভয়ানক কার্য করিয়াছি, সে মরিয়া গেল, তথন হাদয়ে একটা আঘাত লাগিল, হয়তো অন্তরাত্মার বাণী শোনা গেল—'তারপর কি ?' যে ছেলের জন্ত মাত্র্য সকলকে প্রতারণা করিল, নিজেও কখন ভাল করিয়া খাইল না, দে হয়তো মারা গেল,—দেই আঘাতে মাহুষ জাগিয়া উঠে। -ষে-জ্রীকে লাভ করিবার জন্ম মান্ত্র্য উক্সত্ত বুষের মড়ো সকলের সহিত লড়াই করিয়াছিল, যাহার নৃতন নৃতন বস্ত্র ও অলহারের জ্ঞা সে টাকা জ্যাইডেছিল, নেই স্ত্রী একদিন হঠাৎ মরিয়া গেল, তারপর? কোন কোন কোন কোনে অবখ মৃত্যুতে কোন আঘাত বোধ হয় না ; কিন্তু খুব অল্প কেত্ৰেই এক্স ঘটিয়া থাকে। (স্পামাদের অধিকাংশের পক্ষেই যথন কোন জিনিস হাত ফ্রকাইয়া ছলিয়া यात्र, ज्यन जामता विनिधा शांकि-- এর পর कि ? ইঞ্জিয়ের প্রতি জামাদের এমনই দারণ আসন্তি ! ইহারই জন্ত আমরা কট পাই। আপনারা ভরিষাছেন-

জনৈক ব্যক্তি জলে ড্বিডেছিল, সমুখে আর কিছু না পাইয়া সে একটা খড়ের কুটা ধরিয়াছিল। সাধারণ মাহ্যও প্রথমে এরপ সামনে যাহা পায় ভাহাই ধরিয়া থাকে; আর যথন ব্যর্থ হয়, তথনই বলিয়া থাকে—কে আছ, আমায় রক্ষা কর, সাহায্য কর। তথাপি উচ্চত্র অবস্থা লাভ করিবার পূর্বে মাহ্যকে অনেক তুঃখ ভোগ করিতে হয়

্কিন্ত এই ভক্তিযোগ একটি ধর্ম-সাধনা। আর ইহা বছর জন্ম নয়; তাহা হওয়াই অসম্ভব। নতজাম্ব হওয়া, ওঠ-বদ-করা—এ-সব কসরৎ সর্বসাধারণের জন্ম হইতে পারে, কিন্তু ধর্ম অতি অল্প লোকের জন্ম। সকল দেশেই হয়তো মাত্র কয়েক শত লোক যথার্থ ধার্মিক হইতে পারে বা হইবে। অপরে ধর্ম করিতে পারে না, কারণ তাহারা জাগরিত হইবে না—তাহারা ধর্ম চায়ই না। প্রধান কথা হইতেছে—ভগবান্কে চাওয়া। আমরা ভগবান্ ছাড়া আর সব কিছুই চাই; কারণ আমাদের সাধারণ অভাবগুলি বাহ্য জগৎ হইতেই পূর্ণ হইয়া যায়। কেবল যথন বাহু জগৎ দ্বারা আমাদের অভাব কোনমতে পূর্ণ হয় না, তখনই আমরা অন্তর্জগৎ হইতে—ঈশ্বর হইতে আমাদের অভাব পূরণ করিতে চাই। যতদিন আমাদের প্রয়োজন এই জড় জগতের সমীর্ণ গণ্ডির ভিতর সীমাবদ্ধ থাকে, ততদিন ঈশবের কোন প্রয়োজন আমাদের থাকিতে পারে না। কেবল যখনই আমরা এখানকার বিষয়সমূহ ভোগ করিয়া পরিতৃপ্ত, এবং এতদতিরিক্ত কিছু চাই, তথনই আমরা ঐ অভাবপ্রণের জন্ম ইন্দ্রিয়-জগতের বাহিরে দৃষ্টি নিক্ষেপ করি। যথনই আমাদের প্রয়োজন হয়, কেবল তথনই ইহা মিটাইবার তাগিদ হয়। যত শীঘ্র পারো, এই সংসারের ছেলে-খেলা শেষ করিয়া ফেলো,—তখনই এই জগদতীত কিছুর প্রয়োজন বোধ করিবে, তথনই ধর্মের প্রথম সোপান আরম্ভ হইবে 🕦

এক-রকম ধর্ম আছে—উহা ফ্যাশান বলিয়াই প্রচলিত। আমার বন্ধ্র বৈঠকখানায় হয়তো যথেষ্ট আসবাব আছে; এখনকার ফ্যাশান—একটি জাপানী পাত্র (vase) রাখা, অতএব হাজার টাকা দাম হইলেও একটি অবশুই চাই। এইরপ অয়য়য় ধর্মও চাই—একটা সম্প্রদায়েও যোগ দেওয়া চাই। ভক্তি এরপ লোকের জ্ঞা নয়। ইহাকে প্রকৃত 'ব্যাকুলতা' বলে না। ভাহাকেই বলে ব্যাকুলতা, যাহা ব্যতীত মাহুষ বাঁচিতেই পারে না। বায়্ চাই, খায়্ম চাই, কাপড় চাই; এগুলি ব্যতীত আমরা জীবন্ধারণ করিতে

পারি না। মাহুষ যথন কোন নারীকে ভালবাদে, তথন সময় সময় দে এক্লপ বোধ করে যে, তাহাকে ছাড়িয়। সে বাঁচিতে পারে না, যদিও ইহা তাহার ভ্রম। স্বামী মরিয়া গেলে কিছুক্ষণের জগু স্ত্রী মনে করে—স্বামীকে ছাড়িয়া সে বাঁচিতে পারিবে না, কিন্তু দেখা যায়—দে তো ঠিক বাঁচিয়াই থাকে। আত্মীয়গণের মৃত্যু হইলে অনেক সময় আমিও ভাবিয়াছি, আর বাঁচিব না, কিন্তু তবু তো ঠিক বাঁচিয়া আছি; প্রকৃত প্রয়োজনের ইহাই রহস্ত—যাহা ব্যতীত আমরা বাঁচিতে পারি না, তাহাকেই আমাদের যথার্থ প্রয়োজন বা অভাব বলা যায়; হয় আমাদের উহ। পাইতে হইবে, নতুবা মরিব। যখন এমন সময় আসিবে যে, আমরা ভগৰানেরও এরপ প্রয়োজন বা অভাব বোধ করিব, অন্ত কথায় যখন আমরা এই জগতের --- সমুদয় জড়শক্তির অতীত কিছুর অভাব বোধ করিব, তথন আমরা ভক্ত হইতে পারিব। যথন আমাদের হাদয়াকাশ হইতে ক্ষণকালের জন্ম অজ্ঞানমেঘ সরিয়। যায়, আমরা সেই সর্বাতীত সত্তার একবার মাত্র চকিত দর্শন লাভ করি, সেই মুহুর্তের জন্ম সকল নীচ বাসনা যেন সিম্ধুতে বিন্দুর স্থায় বোধ হয়, তথন আমাদের কৃত্র জীবনের মূল্য কতটুকু? তথনই আত্মার বিকাশ - হয়, ভগবানের অভাব অহভূত হয় ; তখন এমন বোধ হয় যে, তাঁহাকে পাইতেই হইবে

হতরাং ভক্ত হইবার প্রথম দোপান এই জিজ্ঞাসা—আমরা কি চাই ? প্রত্যহ নিজ মনকে প্রশ্ন করিতে হইবে—আমরা কি ঈশরকে চাই ? আপনারা জগতের সব গ্রন্থ পড়িতে পারেন, কিন্তু বক্তৃতাশক্তি, উচ্চত্য মেধা বা নানাবিধ বিজ্ঞান অধ্যয়নের দারা এই প্রেম লাভ করা যায় না। তিনি যাহাকে ইচ্ছা করেন, সেই তাঁহাকে লাভ করে। তাহার নিকটই ভগবান আত্মপ্রকাশ করেন। ভালবাসা সর্বদাই পারস্পরিক, প্রতিবিধের মতো; আপনি আমাকে দ্বা করিতে পারেন এবং আমি আপনাকে ভালবাসিতে গেলে আপনি আমাকে দ্রে সরাইয়া দিতে পারেন, কিন্তু তব্ যদি আমি আপনাকে ভালবাসিতে যাই, তবে এক মাসে হউক, এক বংসরে হউক, আপনি আমাকে ভালবাসিতে বাধ্য হইবেন। মনোজগতে ইহা

[া] কঠ উপ., ১৷২৷২৩

একটি দর্বজনবিদিত ঘটনা। ভগবান্ যাহাকে ভালবাদেন, দেও ভগবান্কে ভালবাদে, দে দর্বাস্তঃকরণে তাঁহাকে আঁকড়াইয়া ধরে। প্রেমিকা স্ত্রী যেভাবে তাহার মৃত পতিকে চিস্তা করে, পুত্রগণকে আমরা যেভাবে ভালবাদিয়া থাকি, ঠিক দেইভাবে আমাদিগকে ভগবানের জন্ত ব্যাকুল হইতে হইবে। তবেই আমরা ভগবান্কে লাভ করিব। এই-দব বই, এই-দব বিজ্ঞান—আমাদিগকে কিছুই শিথাইতে পারিবে না। বই পড়িয়া আমরা ভোতাপাথি হই, বই পড়িয়া কেহ পণ্ডিত হয় না। যে ব্যক্তি প্রেমের একটি অক্ষর পাঠ করিয়াছে, দে-ই প্রকৃত পণ্ডিত। অতএব প্রথমেই আমাদের চাই দেই আকাজ্ঞা বা ব্যাকুলতা

প্রত্যহ নিজের মনকে প্রশ্ন করিতে হইবে—আমরা কি ভগবান্কে চাই ? যথন আমরা ধর্মের সম্বন্ধে কথা বলিতে আরম্ভ করি, বিশেষতঃ যথন আমরা উচ্চাসনে বসিয়া অপরকে উপদেশ দিতে আরম্ভ করি, তথন নিজ নিজ মনকে এই প্রশ্ন জিজ্ঞাস। করিতে হইবে। আমি অনেক সময় দেখিতে পাই, আমি ভগবান্কে চাই না, বরং তদপেকা খাগদ্রবাই ভালবাসি। এক টুকরা ফটি না পাইলে আমি পাগল হইয়া ষাইতে পারি; অনেক সম্ভ্রাস্ত মহিলা একটা হীরার পিন না পাইলে পাগল হইয়া যাইবেন! ভগবানের জন্ম তাঁহাদের সে ব্যাকুলতা নাই। এই বিশ্বজগতে যিনি একমাত্র সত্য বস্তু, তাঁহাকে তাঁহার। জানেন না। আমাদের দেশে চলিত কথায় বলে—'মারি তো গণ্ডার, লুটি তো ভাণ্ডার।' গরীবের ঘর লুট করিয়া অথবা পিঁপড়ে মারিয়া কি হইবে? অতএব যদি ভালবাসিতে চান, ভগবানকে ভালবাস্থন। সংসারের এ-সব জিনিস ভালবাসিয়া কি হইবে? আমি স্পষ্টবাদী মাহ্ন্য—তবে আমার উদ্দেশ্য ভাল, আমি সত্য কথা বলিতে চাই, আমি আপনাদের তোধামোদ করিতে চাই না, ঐরপ করা আমার কাজ নয়। ঐরপ করা যদি আমার উদ্দেশ্য হইত, তবে আমি শহরের ভাল জায়গায় শৌখিন লোকের উপযোগী একটা চার্চ খুলিয়া বসিতাম। তোমরা আমার সম্ভানের মতো—আমি তোমাদিগকে সভ্য কথা বলিতে চাই: এই জগৎ সম্পূর্ণ মিথ্যা, জগতের শ্রেষ্ঠ আচার্যগণ সকলেই তাহা বুঝিয়া গিয়াছেন। ঈশ্বর ব্যতীত এই সংসারের বাহিরে যাওয়ার আর উপায় নাই। তিনি আমাদের জীবনের চরম লক্ষ্য। এই জগৎই জীবনের চরম লক্ষ্য—এরূপ ধারণাও অত্যম্ভ ক্ষতিকর। এই জগতের

—এই দেহের নিজন্ব মূল্য একটা আছে, এবং উহা গৌণ। এগুলি উদ্দেশ্যের উপায়স্বরূপ হইতে পারে, কিন্তু এই জগৎ যেন আমাদের চরম লক্ষ্য না হয়। ত্:খের বিষয়, আমরা অনেক সময় এই জগৎকেই উদ্দেশ্য করিয়া ঈশ্বরকে সংসার-স্থলাভের উপায়স্বরূপ করিয়া থাকি। আমরা দেখিতে পাই, লোকে উপাদনা-স্থলে গিয়া প্রার্থনা করিতেছে—ভগবান্, আমার রোগ সারাইয়া দাও; ভগবান্, আমায় ইহা দাও, উহা দাও। তাহারা হন্দর হুত্ত দেহ চায়, এবং ষেহেতু তাহারা শুনিয়াছে যে, একজন কেহ কোন স্থানে বদিয়। আছেন, তিনি ইচ্ছা করিলেই তাহাদের ঐ কামনা পূর্ণ করিয়া দিতে পারেন, সেই হেতু তাহার। তাঁহার নিকট প্রার্থনা করিয়া থাকে। ধর্মের এইরূপ ধারণা অপেক্ষা নান্তিক হওয়া ভাল। আমি তো পূর্বেই বলিয়াছি, এই ভক্তিই সর্বোচ্চ আদর্শ। দক্ষ লক্ষ বংসর সাধনা করিয়াও আমরা এই আদর্শে উপনীত হইতে পারিব কি না জানি না, কিন্তু ইহাকেই দর্বোচ্চ আদর্শ করিছে হইবে— আমাদের ইন্দ্রিয়গুলিকেও উচ্চতম বস্থ লাভের চিষ্টায় নিযুক্ত করিতে হইবে। যদি একেবারে শেষ প্রান্তে পৌছানো না যায়, অস্ততঃ কিছুদূর পর্যস্ত তো যাওয়া যাইবে। ঈশ্বরের নিকট পৌছিবার জন্ম আমাদিগকে ধীরে ধীরে এই জ্বগং ও ইন্দ্রিয়গুলির মধ্য দিয়াই কাজ করিতে হইবে।

ভক্তির আচার্য—সিদ্ধগুরু ও অবতারগণ

সকল আত্মাই বিধাতার নিয়মে পূর্ণন্ব প্রাপ্ত হইবে—চরমে সকল প্রাণীই সেই পূর্ণবিস্থা লাভ করিবে। অতীতে আমরা বেভাবে জীবন যাপন করিয়াছি অথবা যেরূপ চিস্তা করিয়াছি, আমাদের বর্তমান অবস্থা তাহারই ফলস্বরূপ, আর এখন যেরূপ কার্ব বা চিস্তা করিতেছি, তদমুসারে আমাদের ভবিষ্তুৎ জীবন গঠিত হইবে। এই কঠোর কর্মবাদ সত্য হইলেও ইহার মর্ম এই নয় বে, আত্মোয়তি-সাধনে অপর কাহারও সাহায্য লইতে হইবে না। আত্মার মধ্যে যে শক্তির ক্যুবণের সম্ভাবনা রহিয়াছে, সকল সময়েই অপর আত্মা হইতে শক্তিসঞ্চার ন্বারাই তাহা জাগ্রত হইয়া থাকে। অধিকাংশ ক্ষেত্রে এরূপ বাহিরের সহায়তা একাস্কই প্রয়োজন। বাহির হইতে প্রেরণাশক্তি আদিয়া যখন আমাদের অন্তর্নিহিত শক্তির উপর কার্য করিতে থাকে, তখনই আত্মোয়তির স্তর্পাত হয়, মামুষের ধর্মজীবন আরম্ভ হয়, চরমে মামুষ পরমশুদ্ধ ও পূর্ণ হইয়া যায়।

বাহির হইতে যে শক্তি আদার কথা বলা হইল, উহা গ্রন্থ হইতে পাওয়া যায় না। এক আত্মা অপর আত্মা হইতেই শক্তি লাভ করিতে পারে, অক্স কিছু হইতে নয়। আমরা সারা জীবন বই পড়িতে পারি, খুব বৃদ্ধিমান্ হইয়া উঠিতে পারি, কিন্তু পরিণামে দেখিব—আমাদের আধ্যাত্মিক উন্নতি কিছুমাত্র হয় নাই। বৃদ্ধি খুব উন্নত ও বিকশিত হইলেই যে সঙ্গে তদম্যায়ী আধ্যাত্মিক উন্নতিও হইবে, তাহার কোন যুক্তি নাই; বরং আমরা প্রায় প্রত্যহই দেখিতে পাই, বৃদ্ধির যতটা উন্নতি হইয়াছে, আত্মার দেই পরিমাণে অবনতি ঘটিয়াছে।

বৃদ্ধিবৃত্তির বিকাশে গ্রন্থ হইতে অনেক সাহায্য পাওয়া যায় বটে, কিছ আধ্যাত্মিক উন্নতি লাভ করিতে গেলে গ্রন্থ হইতে কোন সাহায্যই পাওয়া যায় না বলিলেই হয়। গ্রন্থ পাঠ করিতে করিতে কখন কখন ভ্রমবশতঃ আমরা মনে করি, উহা হইতে আধ্যাত্মিক সহায়তা পাইতেছি, কিছ যদি অস্তর্ম বিশ্লেষণ করিয়া দেখি, তবে বৃথিব—উহাতে আমাদের বৃদ্ধিই কিছুটা সহায়তা পাইয়াছে মাত্র, আআার কিছুই হয় নাই। এই জন্মই আমরা প্রায় সকলেই

ধর্মসহন্ধে হৃন্দর হৃদ্দর বক্তা দিতে পারি, অথচ ধর্মাহ্রখায়ী জীবনযাপনের সময় অহতের করি—আমাদের শোচনীয় অক্ষমতা। ইহার কারণ—আধ্যাত্মিক উদ্দীপনার জন্ম বাহির হইতে যে শক্তি প্রয়োজন, পুত্তক হইতে তাহা পাওয়া যায় না। আত্মাকে জাগ্রত করিতে হইলে অপর্ব এক আত্মা হইতেই শক্তি সঞ্চারিত হওয়া একাস্ত আবশ্যক।

যে আত্মা হইতে শক্তি সঞ্চারিত হয়, তাঁহাকে 'গুরু' বলে, এবং যাহাতে সঞ্চারিত হয়, তাহাকে 'শিয়া' বলে। (এই শক্তিসঞ্চার করিতে হইলে প্রথমতঃ ঘাঁহার নিকট হইতে শক্তি আসিবে, তাঁহার সঞ্চার করিবার মতো শক্তি থাকা আবশুক; দ্বিতীয়তঃ যাহাতে সঞ্চারিত হইবে, তাহারও উহা গ্রহণ করিবার. শক্তি থাকা আবশ্যক। বীজ সজীব হওয়া আবশ্যক, ক্ষেত্ৰও স্থারুষ্ট হওয়া চাই, এবং যেখানে এই তুইটি শর্ত পূর্ণ হইয়াছে, দেখানেই ধর্মের অপূর্ব বিকাশ হইয়া থাকে। 'আশ্চর্যো বক্তা কুশলোহশ্য লক্কা'--ধর্মের বক্তাও অলোকিক গুণ-সম্পন্ন, আর শ্রোতাও তদ্রপ। আর যথন প্রকৃতপক্ষে উভয়েই অলৌকিক-গুণসম্পন্ন অসাধারণ-প্রকৃতির হন, তথনই চমৎকার আধ্যাত্মিক বিকাশ দেখা যায়, নতুবা নয়। এইরূপ ব্যক্তিই যথার্থ গুরু এবং ঐরূপ ব্যক্তিই যথার্থ শিষ্ত —অপরে ধর্ম লইয়া ছেলেখেলা করিতেছে মাত্র। তাহাদের ধর্মসম্বন্ধে একটু জানিবার চেষ্টা--একটু সামান্ত কৌতূহল হইয়াছে মাত্র; কিন্তু তাহারা এখনও ধর্মের বহিঃদীমায় দাঁড়াইয়া আছে। অবশ্য ইহারও কিছু মূল্য আছে। সময়ে সবই হইয়া থাকে। কালে এই-সকল ব্যক্তির হৃদয়ে যথার্থ ধর্মপিপাসা জাগ্রত হইতে পারে। আর প্রকৃতির ইহা অতি রহস্তময় নিয়ম যে, ক্ষেত্র প্রস্তুত হইলে বীজ আসিবেই আসিবে, জীবাত্মার ষথনই ধর্মের প্রয়োজন হইবে, তথনই ধর্মশক্তিসঞ্চারক গুরুও অবশুই আসিবেন। কথায় বলে—'যে পাপী পরিত্রাতাকে খুঁজিতেছে, পরিত্রাতাও খুঁজিয়া গিয়া সেই পাপীকে উদ্ধার করেন।' গ্রহীতা আত্মার আকর্ষণীশক্তি যথন পূর্ণ ও পরিপক হয়, তথন উহা ষে শক্তিকে খুঁজ়িতেছে, তাহা অবশ্ৰ আসিবে 🥦

তবে পথে বড় বড় বিপদ আছে। গ্রহীতার সাময়িক ভাবোচ্ছাসকে ষথার্থ ধর্মপিপাসা বলিয়া ভ্রম হইবার যথেষ্ট আশকা আছে। আমরা অনেক

> कर्र छेत्र, भाराव

সময় আমাদের জীবনে ইহা দেখিতে পাই। আমরা কোন ব্যক্তিকে ভালবাসি; সে মরিয়া গেল, মৃহুর্তের জন্ম আঘাত পাইলাম। বোধ হইল—সমৃদয় জগৎটা জলের মতো আঙ্ল দিয়া গলিয়া যাইতেছে। তথন আমরা ভাবি, এই অনিত্য সংসার হইতে উচ্চতর বস্তুর সন্ধান করিতে হইবে, আর মনে করি—আমরা ধার্মিক হইতেছি। কিছুদিনের মধ্যেই আমাদের মন হইতে সেই ভাবতরক চলিয়া গেল; আমরা যেখানে ছিলাম, সেইখানেই পড়িয়া রহিলাম। আমরা জনেক সময় এইরূপ সাময়িক ভাবোচ্ছাসকে যথার্থ ধর্মপিপাসা বলিয়া ভুল করি। কিন্তু যতদিন আমরা এইরূপ ভুল করিব, ততদিন সেই অহরহব্যাপী, প্রকৃত আধ্যাত্মিক প্রয়োজনবাধ আসিবে না এবং আমরা শক্তিসঞ্চারকের সাক্ষাৎ লাভও করিতে পারিব না।

অতএব যখন আমরা বিরক্তি প্রকাশ করিয়া বলি যে, আমরা সত্যলাভের জন্য এত ব্যাকুল অথচ উহা লাভ হইতেছে না, তখন এরপ বিরক্তিপ্রকাশের পরিবর্তে আমাদের প্রথম কর্তব্য—নিজ নিজ অন্তরাত্মায় অন্ত্র্যন্ধান করিয়া দেখা, আমরা যথার্থই সত্যবস্ত চাই কি না। তাহা হইলে অধিকাংশ ক্ষেত্রেই দেখিব—আমরাই ধর্মলাভের উপযুক্ত নই, আমরা উহা চাই না; অধ্যাত্মতত্ত্ব-লাভের জন্য এখনও আমাদের পিপাসা জাগে নাই। শক্তি-সঞ্চারকের সম্বন্ধে আরও অনেক বাধাবিয়।

্রমন অনেক লোক আছে, তাহারা যদিও স্বয়ং অজ্ঞানান্ধকারে নিমগ্ন, তথাপি অহন্ধারবশতঃ নিজেদের সবজান্তা মনে করে, আর শুধু ইহাতেই কান্ত হয় না, তাহারা অপরকে ঘাড়ে করিয়া লইয়া যাইতে চায়। এইরূপে 'অন্ধের বারা নীয়মান অন্ধের ন্তায় উভয়েই থানায় গিয়া পড়ে'।' পৃথিবী এইরূপ নাহুষেই পূর্ণ; সকলেই শুরু হইতে চায়। এ যেন ভিখারীর লক্ষমুদ্রা-দানের প্রভাবের ন্তায়। এই ভিক্ষক যেমন হাস্তাম্পদ হয়, এ গুরুরাও তেমনি।

তবে গুরুকে চিনিব কিরূপে ? প্রথমতঃ স্থাকে দেখিবার জন্য মশালের প্রয়োজন হয় না—বাতি জালিতে হয় না। স্থ উঠিলে আমরা স্বভাবতই জানিতে পারি যে, সূর্য উঠিয়াছে, আমাদের কল্যাণার্থে যথন কোন লোকগুরুর

> कर्ठ, डेल., अश्र

আবির্ভাব হয়, তথন আত্মা শ্বভাবতই জানিতে পারে, সত্যবম্বর সাকাৎ পাইয়াছি। সত্য শ্বতঃসিদ্ধ—উহার সত্যতা দিদ্ধ করিবার জন্ম অন্ধ কোন প্রমাণের আবশুক হয় না—উহা শ্বপ্রকাশ, উহা আমাদের প্রকৃতির শ্বস্তবতম দেশে পর্যস্ত প্রবেশ করে এবং সমগ্র প্রাকৃতিক জ্বগৎ উহার সন্মুখে দাড়াইয়া উহাকে সত্য বলিয়া শ্বীকার করিয়া থাকে।

অবশ্য এ কথাগুলি অতি শ্রেষ্ঠ আচার্যগণের সম্বন্ধেই প্রযোজ্য, কিন্তু আমরা অপেকারত নিম ভারের আচার্যগণের নিকটও সাহায্য পাইতে পারি। আর ষেহেতু আমরাও সকলে এতটা অন্তদ্ ষ্টিসম্পন্ন নই যে, আমরা ফাঁহার নিকট শক্তিলাভের জন্ম যাইতেছি, তাঁহার সম্বন্ধে ঠিক ঠিক বিচার করিতে পারিব—সেইজন্ম কতকগুলি পরীক্ষা প্রয়োজন। শিশ্বের কতকগুলি গুণ থাকা চাই, তেমনি গুরুরও লক্ষণ আছে।

শিয়ের থাকা চাই—পবিত্রতা, ষথার্থ জ্ঞানপিপাদা ও অধ্যবসায়।
অপবিত্র ব্যক্তি কথনও ধার্মিক হইতে পারে না। পবিত্রতাই শিয়ের একটি
প্রধান প্রয়োজনীয় গুণ। সর্বপ্রকারে পবিত্রতা একান্ত আবশ্রক। বিতীয়
প্রয়োজন—বথার্থ জ্ঞানপিপাদা। ধর্ম চায় কে ? এই তো প্রশ্ন। সনাতন
বিধানই এই, আমরা বাহা চাহিব তাহাই পাইব। যে চায়—সে পায়।
ধর্মের জন্ম যথার্থ ব্যাকুলতা বড় কঠিন জিনিদ; আমরা সাধারণতঃ উহাকে
বত সহজ্ব মনে করি, উহা তত সহজ্ব নয়। তারপর আমরা তো সর্বদাই
ভূলিয়া বাই যে, ধর্মের কথা শুনিলেই বা ধর্মগ্রন্থ পড়িলেই ধর্ম হয় না;
বতদিন না সম্পূর্ণ জয়লাভ হইতেছে, ততদিন অবিশ্রান্ত চেষ্টা—নিজ প্রকৃতির
সহিত অবিরাম সংগ্রামই ধর্ম। এ ত্-এক দিনের বা কয়েক বৎসর বা
কয়েক জারেরও কথা নয়, হয়তো প্রকৃত ধর্মলাভ করিতে শত শত
জন্ম লাগিবে। ইহার জন্ম প্রস্তুত থাকিতে হইবে। এই মৃহুর্তেই আমাদের
প্রকৃত ধর্ম লাভ হইতে পারে, অথবা শত শত জারেও লাভ না হইতে
পারে, তথাপি আমাদিগকে উহার জন্ম প্রস্তুত থাকিতে হইবে। যে শিয়
এইরূপ হদয়ের ভাব লইয়া ধর্মদাধনে অগ্রসর হয়, সে-ই কৃতকার্য হয়।

গুরুর সম্বন্ধে আমাদিগকে প্রথমে দেখিতে হইবে, তিনি যেন শান্ত্রের মর্মক্ত হন। সমগ্র জগৎ বেদ, বাইবেল, কোরান ও অক্সাক্ত শান্ত্রাদি পাঠ করিয়া থাকে—কিন্ত ওগুলি তো কেবল শব্দরাশি, বাহু পদ্ধতি, ব্যাকরণ,

শব্দত্ত, ভাষাত্ত্ব, ধর্মের শুক্ষ কাঠামো মাত্র। ধর্মাচার্য হয়তো গ্রন্থবিশেষের রচনাকাল নিরূপণ করিতে পারেন, কিন্তু শব্দ তো ভাবের বাহু আঞ্বতি বই আর কিছুই নয়। যাহারা শব্দ লইয়া বেশী নাড়াচাড়া করে এবং মনকে দর্বদা শব্দের শক্তি অমুখায়ী পরিচালিত হইতে দেয়, তাহারা ভাব হারাইয়া ফেলে। অতএব গুরুর পক্ষে শাস্ত্রের মর্মজ্ঞান থাকা বিশেষ প্রয়োজন। শবজাল মহা অরণ্যম্বরূপ—চিত্তভ্রমণের কারণ, মন ঐ শবজালের মধ্যে দিগ্রাস্ত হইয়া বাহিরে যাইবার পথ দেখিতে পায় না।' বিভিন্ন প্রকারে শব্দেষাজনার কৌশল, স্থন্দর ভাষা, কথা বলিবার বিভিন্ন উপায়, শাস্ত্রের ব্যাখ্যা করিবার নানা উপায়, এ শুধু পণ্ডিতদের ভোগের জন্ম, তাহাতে কখনও মৃক্তিলাভ হয় না। তাহারা কেবল নিজেদের পাণ্ডিভ্য দেখাইবার জন্ম উৎস্থক—ষাহাতে সকলে তাহাদিগকে খুব পণ্ডিত বলিয়া প্রশংসা করে। আপনারা দেখিবেন, জগতের কোন শ্রেষ্ঠ আচার্যই এইরূপ শাস্ত্রের শ্লোকের বিবিধ ব্যাখ্যার চেষ্টা করেন নাই, তাঁহারা শাল্পের বিক্লত অর্থ করিবার চেষ্টা করেন নাই, তাঁহারা বঙ্গেন নাই, এই শব্দের এই অর্থ আর এই শব্দ ও ঐ শব্দের এইরূপ সম্বন্ধ ইত্যাদি। আপনারা জগতের শ্রেষ্ঠ আচার্যগণের জীবন ও বাণী পাঠ কক্ষন, দেখিবেন—তাঁহাদের মধ্যে কেহই এরূপ করেন নাই। তথাপি তাঁহারাই ষণার্থ শিক্ষা দিয়াছেন। আর বাঁহাদের কিছুই শিখাইবার নাই, তাঁহারা একটি শব্দ লইয়া সেই শব্দের কোথা হইতে উৎপত্তি, কোন্ ব্যক্তি উহা প্রথম ব্যবহার করিয়াছিল, সে কি খাইত, কিরূপে ঘুমাইত, এই সম্বন্ধে তিন্থও এক গ্রন্থ লিখিলেন।

আমার গুরুদেব একটি গল্প বলিতেনঃ কয়েকজন লোক এক আমবাগানে গিয়াছিল; তাদের মধ্যে বেশীর ভাগই গনিতে লাগিল কটা আমগাছ, কোন্ গাছে কত আম, এক একটা ডালে কত পাতা, পাতার কি রঙ, ডালগুলি কত বড়, কত শাখা-প্রশাখা ইত্যাদি। এ-সব লিখিয়া লইয়া নানারকম আশ্বর্য আলোচনা করিতে লাগিল। আর একজন—সেই বেশী বৃদ্ধিমান্—বাগানের মালিকের সঙ্গে আলাপ করিয়া আম পাড়িয়া খাইতে লাগিল।

১ শব্দজালং মহারণাং চিত্তভ্রমণকারণং।—বিবেকচূড়ামণি, ৬২

বাথৈখরী শন্ধবরী শান্তব্যাখ্যানকৌশলস্।
 বৈছয়ং বিছয়াং তদ্বভুক্তয়ে ন তু মৃক্তয়ে।—ঐ, ৬০

অতএব এই ডালপালা ও পাতা গোনা ছাড়িয়া দাও। অবশ্ব ক্ষেত্রবিশেষে এ-সব কর্মের উপযোগিতা আছে, কিন্তু এখানে—এই আধ্যাত্মিক রাজ্যে নয়। এই সব পাতাগোনা' দলের ভিতর কি আপনারা কখন একজনও ধর্মবীরকে দেখিয়াছেন ? ধর্মই মানবজীবনের সর্বোচ্চ লক্ষ্য, উহাই মানব-জীবনের সর্বোচ্চ গোরব ; উহা আবার সর্বাপেক্ষা সহজ—উহাতে পাতাগোনা বা হিসাব করার মতো ঝামেলার কোন প্রয়োজন হয় না। যদি আপনি এটান হইতে চান, তবে কোথায় এটের জন্ম হয়—বেথলিহেমে বা জেরুজালেমে, তিনি করিতেন, অথবা ঠিক কোন্ তারিথে 'শৈলোপদেশ' (Sermon on the Mount) দিয়াছিলেন, তাহা জানিবার কোন প্রয়োজন নাই। আপনি যদি কেবল ঐ উপদেশগুলি প্রাণে প্রাণে অন্থত্ব করেন, তবেই যথেই। কখন ঐ উপদেশ দেওয়া হইয়াছিল, সে সম্বন্ধে তুই হাজার শব্দের একটি প্রবন্ধ পড়িবার কিছুমাত্র প্রয়োজন নাই। এ-সব পণ্ডিতদের আমাদের জন্য—তাঁহারা উহা লইয়া আনন্দ করুন। তাঁহাদের কথায় 'শান্ধিঃ শান্ধিঃ' বিলয়া আস্থন—আমরা 'আম থাই'।

দিতীয়তঃ গুরুর সম্পূর্ণ নিম্পাপ হওয়া আবশ্যক। ইংলণ্ডে জনৈক বর্ষ্ একবার আমাকে জিজ্ঞাদা করেন, 'গুরুর ব্যক্তিগত চরিত্র—তিনি কি করেন না করেন, দেখিবার প্রয়োজন কি ? তিনি ষাহা বলেন, তাহা লইয়া কাজ করিলেই হইল।' এ-কথা ঠিক নয়। যদি কোন ব্যক্তি আমাকে গতিবিজ্ঞান, রসায়ন বা অহ্য কোন জড়বিজ্ঞান সম্বন্ধে কিছু শিথাইতে ইচ্ছা করে, সে যে চরিত্রের লোক হউক, তাহাতে ক্ষতি নাই; সে অনায়াসে উহা শিক্ষা দিতে পারে। ইহা সম্পূর্ণ সত্য—কারণ জড়বিজ্ঞান শিথাইতে যে জ্ঞানের প্রয়োজন, তাহা কেবল বৃদ্ধিবিষয়ক বলিয়া বৃদ্ধিজাত শক্তির উপর নির্ভর করে; এরূপ ক্ষেত্রে আয়ার কিছুমাত্র বিকাশ না থাকিলেও একজনের দারুণ বৃদ্ধিশক্তি থাকিতে পারে। কিছু অধ্যাজ্মবিজ্ঞানে যে ব্যক্তি অশুদ্ধচিত্ত, তাঁহার হৃদয়ে কোনপ্রকার আধ্যাত্মিক আলোক প্রতিভাত হওয়া অসম্ভব। তিনি কি শিক্ষা দিবেন ? তিনি তো নিজেই কিছু জানেন না। চিত্তের শুদ্ধিই আধ্যাত্মিক সত্য। 'পবিত্রাত্মারা ধন্ত, কারণ তাঁহারা ইশ্বরকে দর্শন করিবেন।' এই একটি বাক্যের মধ্যেই ধর্মের সমৃদয় সারতত্ব নিহিত।

যদি আপুনি এই একটি কথা শিখিয়া থাকেন, তবে অতীতকালে ধর্মসমন্ধ যাহা কিছু উক্ত হইয়াছে এবং ভবিষ্যতে যাহা কিছু কথিত হইবার সম্ভাবনা আছে, তাহা আপনি জানিয়াছেন। আপনার আর কিছু জানিবার প্রয়োজন নাই, কারণ আপনার যাহা কিছু প্রয়োজন, তাহা ঐ একটি বাক্যের মধ্যেই নিহিত রহিয়াছে। সমুদয় শাস্ত্র নষ্ট হইয়া গেলেও ঐ একটিমাত্র বাক্যই সমগ্র জগৎকে উদ্ধার করিতে সমর্থ। ষতক্ষণ না জীবাত্মা শুদ্ধসভাব হইতেছে, ততক্ষণ ঈশ্বদর্শন বা দেই সর্বাতীত তত্ত্বের চকিত দর্শন অসম্ভব। অতএব গুরুর পবিত্রতারূপ এই একটি গুণ থাকিবেই, প্রথমে দেখিতে হইবে—তিনি কি প্রকারের মাত্রষ; তারপর শুনিতে হইবে তিনি কি বলেন। লৌকিক বিতার শিক্ষকগণের সম্বন্ধে অবশ্য এ-কথা থাটে না। তাঁহারা কি চরিত্রের লোক, ইহা জানা অপেক্ষা তাঁহারা কি বলেন, এইটি জানা আমাদের বেশী প্রয়োজন। ধর্মাচার্য সম্বন্ধে আমাদিগকে সর্বপ্রথমেই দেখিতে হইবে, তিনি কিরূপ চরিত্রের মান্থ, তবেই তাহার কথার একটা মূল্য হইবে; তিনি যে শক্তি-সঞ্চারক। যদি তাঁহার মধ্যে আধ্যাত্মিক শক্তি না থাকে, তবে তিনি কী সঞ্চার করিবেন ? গুরুর মনে এক প্রকার স্পন্দন রহিয়াছে, শিশ্তের মনে তিনি উহা সঞ্চার করিয়া দেন। একটি উপমা দেওয়া যাক। যদি এই আধারে অগ্নি থাকে, তবেই উহা তাপ সঞ্চার করিতে পারে, নতুবা পারে না। ইহা একজন হইতে আর একজনের মধ্যে সঞ্চারের কথা—কেবল আমাদের বৃদ্ধিবৃত্তিকে উত্তেব্দিত করা নয়। গুরুর নিকট হইতে একটা প্রত্যক্ষ কিছু শিষ্মের মধ্যে প্রবেশ করে—উহা প্রথমে বীজরূপে আসিয়া বৃহৎ বৃক্ষাকারে ক্রমশঃ বর্ধিত হইতে থাকে। অতএব গুরুর নিষ্পাণ ও অকপট হওয়া আবশ্যক।

তৃতীয়তঃ দেখিতে হইবে—গুরুর উদ্দেশ্য কি। দেখিতে হইবে—তিনি যেন নাম যশ বা অন্ত কোন উদ্দেশ্য লইয়া শিক্ষা দিতে প্রবৃত্ত না হন; কেবল ভালবাসা—শিশ্যের প্রতি অকপট ভালবাসার জন্মই যেন তিনি শিশ্যকে শিক্ষা দেন। গুরু হইতে শিশ্যে যে আধ্যাত্মিক শক্তি সঞ্চারিত হয়, তাহা কেবল ভালবাসার মাধ্যমেই সঞ্চারিত হইতে পারে। অপর কোন মাধ্যমের দারা উহা সঞ্চার করা যাইতে পারে না। কোন প্রকার লাভ বা নাম্বশের আকাজ্ঞারূপ অন্ত কোন উদ্দেশ্য থাকিলে তৎক্ষণাৎ ঐ শক্তিসঞ্চারক মাধ্যম

নষ্ট হইয়া যাইবে। অতএব ভালবাসার মধ্য দিয়াই সব কিছু করিতে হইবে। যিনি ঈশ্বরকে জানিয়াছেন, তিনিই গুরু হইতে পারেন।

ষ্থন দেখিবে—গুরুর এই গুণগুলি আছে, তথন আর কোন চিস্তা নাই। কিন্তু এগুলি না থাকিলে তাঁহার নিকট শিক্ষা গ্রহণ করায় বিপদ আছে। ষদি তিনি সম্ভাব সঞ্চার করিতে না পারেন, তবে সময় সময় কুভাব সঞ্চারিত হওয়ার আশকা আছে। ইহা হইতে সাবধান হইতে হইবে। অতএব স্বভাবতই বোধ হইতেছে, ষে-কোন ব্যক্তির নিকট হইতে শিক্ষালাভ করিতে পার না। নদী ও প্রস্তরাদি হইতে উপদেশ শ্রবণ অলকার-হিসাবে স্থলর কথা হইতে পারে; কিন্তু নিজের ভিতরে সত্য না থাকিলে কেহ সত্যের এক কণাও প্রচার করিতে পারে না। নদীর উপদেশ শুনিতে পায় কে ?—প্রকৃত শুরুর জ্ঞানালোকে যাহার জীবন পূর্বেই বিকশিত হইয়াছে; হৃৎপদ্ম একবার প্রস্কৃটিত হইলে নদী-প্রস্তর চক্র-তারকা প্রভৃতি হইতে শিক্ষা গ্রহণ করা যাইতে পারে —ইহাদের সকলের নিকট হইতেই কিছু না কিছু আধ্যাত্মিক শিক্ষা পাওয়া ষাইতে পারে। কিন্তু যাহার হৎপদ্ম এখনও প্রক্টিত হয় নাই, সে শুধু নদী ও প্রস্তরই দেখিবে। একজন অন্ধ চিত্রশালায় যাইতে পারে, কিন্তু তাহার ষাওয়া বৃথা ; আগে তাহাকে দৃষ্টি দিতে হইবে, তবেই সে ঐ স্থান হইতে কিছু শিক্ষা পাইবে। গুরুই আধ্যাত্মিক জীবনের নয়ন-উন্মীলনকারী। অতএব পূর্বপুরুষ ও বংশধরগণের মধ্যে যে সম্বন্ধ, গুরুর সহিত আমাদের সেই সম্বন্ধ। গুরুই আধ্যাত্মিক জীবনের পূর্বপুরুষ এবং শিশ্ব তাঁহার আধ্যাত্মিক সম্ভান বা উত্তরাধিকারী। স্বাধীনতা, স্বাতন্ত্র্য ও এরপ কথা বলা বেশ ভাল বটে, কিন্তু নম্ৰতা বিনয় আজাবহতা শ্ৰদ্ধা ও বিশ্বাস ব্যতীত কোন প্ৰকার ধর্ম হইতে পারে না। ইহা বিশেষ তাৎপর্যপূর্ণ যে, দেখানে গুরুশিয়োর মধ্যে এরপ সম্বন্ধ এখনও বর্তমান, কেবল দেখানেই বড় বড় ধর্মবীরের জীবন বিকশিত হয়, কিন্তু যে সমাজে এইরূপ সম্বন্ধ বিসর্জিত হইয়াছে, দেখানে ধর্ম চিত্ত-বিনোদনের একটি উপায়ে পরিণত হইয়াছে। যে-দকল জাতি ও ধর্ম-সম্প্রদায়ের ভিতর, গুরুশিয়ের মধ্যে এরূপ সম্বন্ধ রক্ষিত হয় না, ধর্ম সেখানে অজ্ঞাত বলিলেই হয়। গুরুশিয়ের ভিতর ঐক্বপ ভাব ব্যতীত ধর্ম আসিতেই

^{&#}x27;Books in running brooks, sermons in stones': Shakespeare

পারে না। প্রথমতঃ শক্তি সঞ্চার করিবার কেহ নাই; দ্বিতীয়তঃ বাহার ভিতর সঞ্চারিত হইবে এমনও কেহ নাই—কারণ সকলেই বে স্বাধীন! কাহার নিকট হইতে তাহারা শিথিবে? আর কেহ শিথিতে আসিলেও সেজ্ঞান ক্রেয় করিতে আসে। আমাকে এক টাকার ধর্ম দাও। আমরা কি আর এজন্য এক টাকা ধরচ করিতে পারি না? এভাবে ধর্মলাভ করা যায় না।

জ্ঞান অপেক্ষা উচ্চতর ও পবিত্রতর স্থার কিছু নাই'; গুরুর মাধ্যমে উহা মানবাত্মায় আবিভূতি হইয়া থাকে। দিদ্ধ যোগী হইলে ঐ জ্ঞান আপনা আপনি আসিয়া থাকে, গ্রন্থ হইতে উহা লাভ করা যায় না ৷ যতদিন না গুরুলাভ করিতেছ, ততদিন পৃথিবীর চার কোণে মাথা খুঁড়িয়া আসিতে পারো, অথবা হিমালয়, আল্পস্ বা ককেদস্ পর্বত অথবা গোবি বা দাহারা মরুভূমিতে বা সাগন্ধের তলদেশেও যাইতে পারো, কিছুতেই এই জ্ঞান আসিবে না। গুরুল্মভ কর; সম্ভান যেমন পিতার সেবা করে, সেইভাবে তাঁহার সেবা কর, তাঁহার নিকট হাদয় উন্মুক্ত কর, তাঁহার মধ্যে ঈশবের আবির্ভাব প্রত্যক্ষ কর। ্গুরু আমাদের পক্ষে ঈখরের সর্বশ্রেষ্ঠ অভিব্যক্তি—এই বলিয়া প্রথম তাঁহার প্রতি চিত্ত সংলগ্ন করিতে হইবে, তারপর ধ্যান যতই প্রগাঢ় হয়, ততই গুরুর ছবি মিলাইয়া যায়, তাঁহার বাহ্যরূপ আর দেখা যায় না, তখন সেখানে কেবল যথার্থ ঈশ্বরই বিরাজমান। যাঁহারা এইরূপ শ্রদ্ধা ও ভালবাসার ভাব লইয়া সত্যাহুসন্ধানে অগ্রসর হন, সত্যের ভগবান্ তাঁহাদের নিকট অতি অভুত তত্ত্বসমূহ প্রকাশ করেন। পা হইতে 'জুতা খুলিয়া ফেল, কারণ ষেথানে তুমি দাঁড়াইয়া আছ, তাহা পবিত্র ভূমি।' বেখানেই তাঁহার নাম উচ্চারিত হয়, সেই স্থানই পবিতা! যিনি তাঁহার নাম উচ্চারণ করেন, তিনি কতদ্র পবিত্র! আর যাঁহার নিকট হইতে আধ্যাত্মিক সত্যসমূহ লাভ হয়, কত গভীর শ্রন্ধার সহিত তাঁহার সমীপে যাওয়া উচিত। এই ভাব লইয়া আমাদিগকে গুরুর নিকট হইতে উপদেশ গ্রহণ করিতে হইবে। এই জগতে এরপ শুরু যে সংখ্যায় অতি অল্ল, ভাহাতে কোন সংশয় নাই, কিন্তু পৃথিবীতে এরণ শুক্র একটিও থাকেন না-এমন কখনও হয় না। যে মুহুর্তে পৃথিবী

১ নহি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিহাতে। গীতা, ৪।৩৮

Take thy shoes from off thy feet, for the place whereon thou standest is holy ground'. Bible

সম্পূর্ণরূপে এইরপ গুরু-বিরহিত হইবে, সেই মৃহুর্তেই ইহা ভয়ানক নরকরুত্তে পরিণত হইবে, ধ্বংস হইয়া যাইবে। এই গুরুগণই মানবজ্ঞীবনের স্থানরতম বিকাশ—তাঁহারা আছেন বলিয়াই জগৎ চলিতেছে। তাঁহাদের শক্তিতেই সমাজ্ঞ-বন্ধন অব্যাহত রহিয়াছে।

ইংরা ব্যতীত আর এক শ্রেণীর গুরু আছেন—এই পৃথিবীর খ্রীষ্টতুল্য ব্যক্তিগণ। তাঁহারা গুরুরও গুরু—ম্বরং ঈশ্বর মানবরূপে অবতীর্ণ। তাঁহারা পূর্বোক্ত গুরুগণ অপেক্ষা অনেক উচ্চে। তাঁহারা স্পর্শ বারা, এমন কি শুধু ইচ্ছামাত্র অপরের ভিতর ধর্মশক্তি সঞ্চারিত করিতে পারেন। তাঁহাদের শক্তিতে হীনতম অধম ব্যক্তিগণও মুহুর্তের মধ্যে সাধুতে পরিণত হয়। তাঁহারা কিরূপে ইহা করিতেন, তাহা কি তোমরা পড় নাই ? আমি যে-সকল গুরুর কথা বলিতেছিলাম, এই গুরুগণ তাঁহাদের মতো নন, ইহারা এ-সকল গুরুর কথা বলিতেছিলাম, এই গুরুগণ তাঁহাদের মতো নন, ইহারা এ-সকল গুরুরও গুরু—মাহুষের নিকট ঈশ্বরের শ্রেষ্ঠ প্রকাশ। তাঁহাদের মধ্য দিয়া ব্যতীত অন্ত কোনরূপে আমরা ঈশ্বরের দেখা পাইতে পারি না। তাঁহাদিগকে পূজা না করিয়া আমরা থাকিতে পারি না, একমাত্র তাঁহাদিগকেই আমরা পূজা করিতে বাধ্য।

অবতারের মধ্যে ঈশ্বর যেভাবে প্রকাশিত, সেভাবে ব্যতীত অন্তরূপে তাঁহাকে কেছ দেখে নাই। আমরা ঈশ্বের দর্শন লাভ করিতে পারি না। যদি আমরা তাঁহাকে দেখিতে চেষ্টা করি, তবে তাঁহার এক ভয়ানক বিরুত রূপই গড়িয়া থাকি। ভারতে চলিত কথায় বলে, এক মূর্থ শিব গড়িতে গিয়া অনেক চেষ্টায় একটি বানর গড়িয়াছিল। যথনই ঈশবের মূর্তি গড়িবার চেষ্টা করি, তথনই আমরা তাঁহাকে বিরুত করিয়া তুলি, কারণ যতক্ষণ আমরা মানব, ততক্ষণ আমরা তাঁহাকে মানব অপেক্ষা উচ্চতর আর কিছুই ভাবিতে পারি না। অবশু এমন সময় আদিবে, যথন আমরা মানবপ্রকৃতি অভিক্রম করিব এবং তাঁহার যথার্থ স্বরূপ অবগত হইব। কিছু যতদিন আমরা মান্ত্রম, ততদিন তাঁহাকে মহয়রূপেই উপাসনা করিতে হইবে। যাহাই বলো না কেন, যতই চেষ্টা কর না কেন, ঈশ্বরকে মানব ব্যতীত অন্তরূপে দেখিতে পাইবে না। আমরা খুব পাণ্ডিত্যপূর্ণ বক্তৃতা দিতে পারি, খুব যুক্তিবাদী হইতে পারি, প্রমাণ করিতে পারি যে, ঈশ্বর-সহক্ষে এই-সকল পৌরাণিক গল্প একেবারে অর্থহীন, কিছু একবার সহজবৃদ্ধি দিয়া বিচার করিয়া দেখা যাক—এ অনাধারণ

বৃদ্ধির পশ্চাতে কি আছে? উহা শৃন্ত, খানিকটা বৃদ্ধুদ মাত্র। অভঃপর থিখনই দেখিবে, কোন ব্যক্তি এইরপে ঈশ্বর-পূজার বিরুদ্ধে থ্ব জোর পাণ্ডিত্য-পূর্ণ বক্তৃতা দিতেছে, তথন সেই বক্তাকে ধরিয়া জিজ্ঞাসা করঃ ঈশ্বর-সম্বদ্ধে আপনার কী অহুভূতি? 'সর্বশক্তিমতা', 'সর্বব্যাপিতা', 'সর্বব্যাপী প্রেম' ইত্যাদি শব্দ্ধারা ঐগুলির বানান ছাড়া আর বেশী কি বোঝেন? সে কিছুই বোঝে না, সে ঐ শব্দগুলির ঘারা নির্দিষ্ট কোন ভাবই বোঝে না। রাস্তায় যে লোকটি একথানি বইও পড়ে নাই, তাহা অপেক্ষা সে কোন অংশে উন্নত নয়। তবে রাস্তার লোকটি নিরীহ ও শাস্তপ্রকৃতি—সে সংসাবের শান্তিভঙ্গ করে না, কিন্তু অপর ব্যক্তির তর্কের জালায় সকলে ব্যতিব্যস্ত। তাহার কোনরূপ প্রত্যক্ষ ধর্মাহুভূতি নাই, উভয়ে এক ভূমিতেই অবস্থিত।

প্রত্যক্ষামুভূতিই ধর্ম; শুধু কথা ও প্রত্যক্ষামুভূতির মধ্যে বিশেষ প্রভেদ করিতে হইবে। আত্মাতে যাহা অমুভূত হয়, তাহাই প্রত্যক্ষামুভূতি। দর্বব্যাপী পুরুষ বলিতে কি বোঝায়? মান্নুষের তো নিরাকার আত্মা সম্বন্ধে কোন ধারণা নাই—তাহার সন্মুথে যে-সব আক্ষতিমান্ বস্তু সে দেখে, সেইগুলি দিয়াই তাহাকে আত্মা সম্বন্ধে চিন্তা করিতে হয়। তাহাকে নীল আকাশ বা বিস্তীর্ণ প্রান্তর, সমুদ্র বা একটা বিরাট কিছুর চিন্তা করিতে হয়। তা-ছাড়া সে আর কিরুপে ঈশ্বরচিন্তা করিবে ? তুমিই বা কি করিতেছ ? তুমি দর্বব্যাপিতার কথা বলিতেছ, অথচ সমুদ্রের বিষয় ভাবিতেছ। ঈশ্বর কি সমুদ্র ? অতএব সংসারের এই-সব র্থা তর্ক্যুক্তি কিছুক্ষণের জন্ম শাস্ত হউক—আমরা সহজ সাধারণ জ্ঞান চাই। আর এই সাধারণ জ্ঞানের মতো হুর্ল্ভ বস্তু জগতে আর কিছুই নাই। এ পৃথিবীতে বড় বেশী কথা ও আলোচনা

আমাদের বর্তমান গঠন ও প্রকৃতি অনুসারে আমরা দীমাবদ্ধ, আমরা ভগবানকে মানবভাবে দেখিতে বাধ্য। মহিষেরা ষদি ঈশ্বরের উপাসনা করিতে ইচ্ছা করে, তবে তাহারা ঈশ্বরকে এক বৃহদাকার মহিষরূপে দেখিবে। মংশ্র ষদি ভগবানের উপাসনা করিতে ইচ্ছা করে, তবে তাহাকে এক বৃহৎ মংশ্রেরপেই ভগবানের ধারণা করিতে হইবে, মানুষ ষদি ভগবানকে উপাসনা করিতে চায়, তবে তাহাকে মানুষরূপেই তাহার চিন্তা করিতে হইবে, আর এগুলি শৃশ্র কল্পনা নয়। তৃমি, আমি, মহিষ, মংশ্র—ইহাদের প্রত্যেকে যেন

এক একটি ভিন্ন ভিন্ন পাতা। এগুলি নিজ নিজ আকৃতির পরিমাণে জলে পূর্ণ হইবার জন্ম সমৃদ্রে গেল; মানবরূপ পাত্রে ঐ জল মানবাকার, মহিষপাত্রে মহিষাকার ও মংশ্রপাত্রে মংশ্রাকার ধারণ করিল। প্রত্যেকটি পাত্রে জল ছাড়া আর কিছুই নাই। যে ঈশ্বর সকলের মধ্যে আছেন, তাঁহার সম্বন্ধেও ঐ কথা। ঈশ্বরকে মাহুষ মাহুষরূপেই দর্শন করে, পশুগণ পশুরূপেই দেখে। যে যার নিজ আদর্শ অহুষায়ী তাঁহাকে দেখিয়া থাকে। কেবল এইভাবেই তাঁহাকে দর্শন করা যাইতে পারে। আপনাকে মাহুষরূপী ঈশ্বরের উপাসনাই করিতে হইবে, কারণ ইহা ছাড়া আর পথ নাই।

তুই প্রকার ব্যক্তি ভগবান্কে মাহুষভাবে উপাসনা করে না, পশুপ্রকৃতির মানব, যাহার কোন ধর্মই নাই, আর পরমহংস-সর্বশ্রেষ্ঠ যোগী, যিনি মানবভাবের উর্ধের উঠিয়া গিয়াছেন, দেহ-মনের বোধ দূরে ফেলিয়া দিয়াছেন, প্রকৃতির দীমার বাহিরে গিয়াছেন। সমগ্র প্রকৃতিই তাঁহার আত্মন্বরূপ হইয়া গিয়াছে। তাঁহার মনও নাই, শরীরবোধও নাই—তিনিই যীভ ও বুদ্ধের মতো ঈশরকে ঈশরব্ধপেই উপাদনা করিতে সমর্থ, তাঁহারা ঈশরকে মানবভাবে উপাদনা করেন না। আর এক প্রান্তে পশুভাবাপন্ন মানব। আপনারা জানেন, তুই বিপরীত প্রাপ্ত চরমে কেমন একরূপ দেখায়। চূড়াস্ত অজ্ঞান ও চূড়াস্ত জ্ঞানের সম্বন্ধেও সেইরূপ। এই হুই অবস্থায় কেহ কাহারও উপাদনা করে না। চূড়াস্ত অজ্ঞানীরা ঈশ্বরের উপাদনা করে না, মন বৃদ্ধি ষ্ডটা বিকশিত হইলে উপাসনা করিবার প্রয়োজন অহভূত হয়, ততটা তাহাদের হয় নাই; জ্ঞানীরা প্রকৃতপক্ষে ঈশ্বর-সাক্ষাৎকার করিয়া ঈশ্বরের সহিত এক হইয়া গিয়াছেন; তাঁহারাও উপাসনা করেন না। তাহারা আর কাহার উপাসনা করিবেন? ঈশ্বর কধনও ঈশ্বরের উপাদনা করেন না। এই ছই প্রান্তীয় অবস্থার মধ্যে থাকিয়া যদি কেহ বলে, সে মহয়ক্রণে ভগবানের উপাসনা করিবে না, তাহা হইলে তাহার সম্বন্ধে সাবধান থাকিবেন। সে যে কি বলিতেছে, তাহার মর্ম দে নিজেই জানে না; দে ভান্ত, তাহার ধর্ম অদার চিস্তা, শুধু রূপা বুদ্ধির কারসাজি।

অতএব ঈশরকে মানবরূপে উপাদনা করা একান্ত আবশ্রক। আর যে-সকল জাতির উপাশ্র এইরূপ মানবরূপধারী ঈশ্বর, তাঁহারা ধয়া। এটান-দের পক্ষে এটি এইরূপ মানবদেহধারী ঈশ্বর। অতএব তাঁহারা এটিকে

দৃঢ়ভাবে ধরিয়া থাকুন—তাঁংারা যেন কখনই খ্রীষ্টকে না ছাড়েন। ভগবদর্শনের স্বাভাবিক উপায়—মাহুষে ঈশ্বরদর্শন। আমাদের ঈশ্বর-সম্বন্ধীয় সমৃদয় ধারণাই এরূপ দেব-মানবে বর্তমান। খ্রীষ্টানদের এটি বিশেষ ক্রাট যে, তাঁহারা খ্রীষ্ট ব্যতীত ভগবানের অক্সান্ত অবতার মানেন না। খ্রীষ্ট ভগবানের বিকাশ ছিলেন, বৃদ্ধও তাই ছিলেন, এরূপ আরও শত শত হইবেন। ঈশ্বরের কোথাও 'ইডি' করিবেন না, ঈশ্বরকে যে ভক্তি নিবেদন করা উচিত মনে করেন, খ্রীষ্টকেই তাহা নিবেদন করুন। তাঁহাদের পক্ষে এইরূপ উপাসনাই একমাত্র সম্ভব। ঈশ্বরকে সাক্ষাৎভাবে উপাসনা করা যাইতে পারে না, তিনি সর্বব্যাপী হইয়া সমগ্র জগতে বিরাজিত আছেন। মানবরূপে প্রকাশিত তাঁহার অবতারের নিকটই আমরা প্রার্থনা করিতে পারি। এই। নরা যে প্রার্থনা করিবার সময় 'এটের নামে' বলিয়া প্রার্থনা আরম্ভ করেন, ইহা থুব ভাল; ঈশবের নিকট প্রার্থনা না করিয়া কেবল খ্রীষ্টের নিকট প্রার্থনা করার প্রথা প্রচলিত হইলে আরও ভাল। ঈশ্বর মানবের তুর্বলতা বুঝেন এবং মানবের কল্যাণের জন্ম মানবরূপ ধারণ করেন। 'ষ্থনই ধর্মের গ্লানি ও অধর্মের অভ্যুত্থান হয়, তথনই আমি মাহুষ্কে সাহাষ্য করিবার জন্ম পরিগ্র**হ ক**রিয়া থাকি।''

'জগতের সর্বশক্তিমান্ ও সর্বব্যাপী ঈশ্বর আমি যে মানবাকার ধারণ করিয়াছি, তাহা না জানিয়া মৃঢ় ব্যক্তিগণ আমাকে অবজ্ঞা করে ও মনে করে, ভগবান্ আবার কিরপে মানব-রূপ ধরিবেন।'' তাহাদের মন আফ্রিক, অজ্ঞানমেঘে আবৃত বলিয়া তাহারা তাঁহাকে জগতের ঈশ্বর বলিয়া জানিতে পারে না। এই মহান্ ঈশ্বরাবতারগণকে উপাসনা করিতে হইবে। শুধু তাই নয়, তাঁহারাই একমাত্র উপাসনার যোগ্য এবং তাঁহাদের আবির্ভাব বা তিরোভাবের দিনে তাঁহাদের প্রতি বিশেষ শ্রন্থা-ভক্তি প্রদর্শন করা উচিত। খ্রীষ্টের উপাসনা করিতে ইছলা করিয়াছিলেন, আমি তাঁহাকে সেইভাবে উপাসনা করিব। তাঁহার জমদিনে আমি ভোজের আনন্দ না করিয়া বরং উপবাস ও প্রার্থনা করিয়া কাটাইব। যথন আমরা এই মহাত্মাগণের চিন্তা করি, তথন তাঁহারা আমাদের আত্মার

১ গীতা, ৪৷৭

মধ্যে প্রকাশিত হন এবং আমাদিগকে তাঁহাদের সদৃশ করিয়া লন। আমাদের সমগ্র প্রকৃতি পরিবৃতিত হয়, তাঁহাদের মতো হইয়া যায়।

কিন্তু আপনারা যেন এটি বা বুদ্ধকে শৃত্যে বিচরণকারী ভূত-প্রেতাদির সহিত এক করিয়া ফেলিবেন না। কি অন্তায়! এটি ভূত-প্রেত-নামানোর দলে আসিয়া নাচিতেছেন! আমি এই দেশে (আমেরিকায়) এ-সব বুজকৃকি দেখিয়াছি। ভগবানের অবভাবগণ এইভাবে আসেন না, তাঁহাদের ম্পর্শের ফল মান্ত্ষের মধ্যে অক্সভাবে প্রকটিত হইবে। খ্রীষ্টের ম্পর্শে মাহুষের সমগ্র আবাই পরিবর্তিত হইয়া যাইবে, সেই ব্যক্তি এটিভাবেই রূপান্তরিত হইয়া যাইবে। তাহার সমগ্র জীবন আধ্যাত্মিকতায় পূর্ণ হইয়া যাইবে—ভাহার শরীরের প্রত্যেক লোমকৃপ দিয়া আধ্যাত্মিক শক্তি বাহির হইবে। রোগ-আরোগ্যকরণে বা অগ্যান্ত অলৌকিক কার্যে খ্রীষ্টের কতটুকু শক্তি প্রকাশ পাইয়াছে? তিনি নিমাধিকারী জনগণের মধ্যে ছিলেন বলিয়া ঐ ছোটখাট বিশ্বয়ের কার্যগুলি না করিয়া থাকিতে পারিতেন না। এ-সকল অভূত কার্য কোথায় অহুষ্ঠিত হয় ?—ইহুদীদের মধ্যে; আর তাহারা তাঁহাকে গ্রহণ করিল না। আর কোথায় ঐগুলি অমুষ্ঠিত হয় নাই ?—ইওরোপে! ঐসব অদ্ভুত কার্য ইহুদীদের ভিতর অহুষ্ঠিত হইল—আর তাহারা খ্রীষ্টকে ত্যাগ করিল। এবং তাঁহার 'শৈলোপদেশ' (Sermon on the Mount) ইওরোপে প্রচারিত হইল, দেখানে উহা গৃহীত হইল। মানুষ চিস্তাশীল— যাহা সত্য তাহা গ্রহণ করিল এবং যাহা মিখ্যা তাহা ত্যাগ করিল। রোগ আরোগ্য বা অক্তান্ত অভুত কার্যে থীষ্টের মহত্ত নয়—একটা মহা মুর্যও তাহা করিতে পারে। তাহারাও অপরকে আরোগ্য করিতে পিশাচপ্রকৃতি ব্যক্তিগণও অপরের রোগ সারাইতে পারে। আমি দেখিয়াছি—অতি ভয়ানক অহ্বরপ্রকৃতি ব্যক্তিগণও অদ্ভূত অদ্ভূত অলৌকিক কার্য করিয়াছে, তাহারা মাটি হইতে ফল করিয়া দিবে। আমি দেখিয়াছি, অনেক মূর্য ও পিশাচপ্রকৃতি ব্যক্তি ভূত ভবিষ্যৎ বর্তমান ঠিক ঠিক বলিয়া দিতে পারে। আমি দেখিয়াছি, অনেক মূর্য একবার মাত্র দৃষ্টিপাত করিয়া অতি ভয়ানক রোগ সারাইয়া দিয়াছে। অবশ্য এগুলি শক্তি বটে, কিন্তু অনেক সময়েই এগুলি পৈশাচিক শক্তি। খ্রীষ্টের শক্তি কিন্তু আধ্যাত্মিক; তাঁহার সর্বশক্তিমান্ বিরাট প্রেম ও তৎপ্রচারিত সত্যসমূহ চিরকাল রহিয়াছে,

চিরকাল থাকিবে। লোকের দিকে চাহিয়াই তিনি তাহাদিগকে নীরোগ করিতেন—এ-কথা লোকে ভূলিয়া ষাইতে পারে; কিন্তু তিনি যে বলিয়াছিলেন, 'পবিত্রাত্মারা ধন্য—' এ-কথা মাহ্ম ভূলিতে পারে না, এ কথা আজও জীবন্ত রহিয়াছে। যতদিন মাহ্মের মন থাকিবে, ততদিন ঐ বাক্যগুলি অফুরস্ত মহাশক্তির ভাগার হইয়া থাকিবে। যতদিন মাহ্ম ঈশরের নাম না ভূলিয়া যায়, ততদিন ঐ বাক্যগুলি থাকিবে—ঐগুলির শক্তিতর্ক প্রবাহিত হইয়া চলিবে, কখনই থামিবে না। যীশু এই শক্তিলাভেরই উপদেশ দিয়াছিলেন, এই শক্তি তাঁহার ছিল—ইহা পবিত্রতার শক্তি—আর বান্তবিকই ইহা যথার্থ শক্তি। অভএব এটিকে উপাসনা করিবার সময়, তাঁহার নিকট প্রার্থনা করিবার সময় সর্বদা শ্বরণ রাখিতে হইবে, আমরা কি চাহিতেছি। অজ্ঞানজনোচিত অলৌকিক শক্তির বিকাশ নয়, আত্মার অভ্ত শক্তি আমাদের চাহিতে হইবে—যাহা মাহ্মকে মৃক্ত করিয়া দেয়, সমগ্র প্রকৃতির উপর তাহার কমতা বিন্তার করে, তাহার দাস্থতিলক দ্র করে এবং তাহাকে ঈশ্বর দর্শন করায়।

প্রতীকের ও বৈধী ভক্তির প্রয়োজনীয়তা

ভক্তি তুই প্রকার-প্রথমটি বৈধী বা আহুষ্ঠানিক ভক্তি, অপ্রটে মুখীঁ৷ বা পরা ভক্তি। 'ভক্তি' শব্দে অতি নিয়তম হইতে উচ্চতম উপাসনা পর্যন্ত বুঝায়। পৃথিবীতে ষে-কোন দেশে বা ষে-কোন ধর্মে যত প্রকার উপাদনা দেখিতে পাওয়া যায়, সকলের মূলে ভালবাসা। অবশু ধর্মের ভিতর অনেকটাই কেবল অমুষ্ঠান; আবার অনেক কিছু আছে, সেগুলি অমুষ্ঠানও নয়, ভালবাসাও নয়— তদপেক্ষা নিম্নতর অবস্থা। যাহা হউক, ঐ অমুষ্ঠানগুলির আবশ্যকতা আছে। আত্মার উন্নতিপথে সাহাষ্য করিবার জন্য এই বৈধী বা বাহু ভক্তি একাস্ত আবশুক। মাহুষ এই একটা মন্ত ভুগ করিয়া থাকে—মনে করে, একেবারে লাফাইয়া দে উচ্চতম অবস্থায় পৌছিতে পারে। শিশু যদি মনে করে, সে একদিনেই বড় হইয়া যাইবে, তবে দে ভ্রাস্ত। আমি আশা করি, আপনারা সর্বদাই এইটি মনে রাখিবেন যে, বই পড়িলেই ধর্ম হয় না, তর্কবিচার করিতে পারিলেই ধর্ম হয় না, অথবা কতকগুলি মতবাদে সম্মতি প্রকাশ করিলেই ধর্ম হয় না। তর্কযুক্তি, মতামত, শাস্তাদি বা অফুষ্ঠান—এগুলি সবই ধর্মলাভের সহায় মাত্র, ধর্ম কিন্তু অপরোক্ষাহভূতি। আমরা সকলেই বলি, একজন ঈশ্বর আছেন। জিজ্ঞাসা করি, আপনি কি ঈশরকে দেখিয়াছেন ? কেহ বা বলিয়া থাকে, ঈশ্বর স্বর্গে আছেন। তাহাকে জিজ্ঞাদা করুন, দে ঈশ্বর দেখিয়াছে কি না? যদি সে বলে 'দেখিয়াছি'—আপনারা হাসিয়া উঠিবেন ও তাহাকে পাগল বলিবেন। অনেকের কাছেই ধর্ম একটা বুদ্ধিগত বিশ্বাস মাত্র-শুধু কতকগুলি মত মানিয়া লওয়া। ইহার বেশী আর তাহারা উঠিতে পারে না। আমি আমার জীবনে কথনও এরপ ধর্ম প্রচার করি নাই, এবং উহাকে আমি ধর্ম নামই দিতে পারি না। ঐ প্রকার ধর্ম স্বীকার করা অপেক্ষা বরং নান্তিক হওয়া ভাল। কোনরূপ মতামতে বিশ্বাস করা না করার উপর ধর্ম নির্ভর করে না। আপনারা বলিয়া থাকেন, আত্মা আছেন। আত্মাকে কখন দেখিয়াছেন কি? আমাদের সকলেরই আত্মা আছে, অথচ আমরা তাহাকে দেখিতে পাই না—ইহা কেমন কথা ? আপনাদিগকে এই প্রশ্নের উত্তর দিতে হুইবে এবং আত্মদর্শনের কোন উপায় বাছির করিতে হুইবে। নতুবা ধর্ম-

সাকে কথা বলা ব্থা। যদি কোন ধর্ম সত্য হয়, তবে উহা অবশ্রই আমাদিগকে নিজ নিজ হদরে আত্মা, দিবর ও সত্য দর্শন করাইতে সমর্থ করিবে। এই-সব মতামত বা বিশ্বাসের কোন একটি লইয়া যদি আপনি ও আমি অনস্তকাল তর্ক করি, তথাপি আমরা কোন সিদ্ধান্তে উপনীত হইতে পারিব না। মাহ্মষ তো যুগ্যুগান্ত ধরিয়া এরূপ তর্ক-যুদ্ধ করিতেছে, কিন্তু তাহার ফল কি হইয়াছে? বৃদ্ধি তো দেখানে মোটেই পৌছিতে পারে না। আমাদিগকে বৃদ্ধির পারে যাইতে হইবে। অপরোক্ষাহ্মভৃতিই ধর্মের প্রমাণ। এই দেয়ালটা যে আছে, তাহার প্রমাণ এই যে, আমরা উহা দেখিতেছি। যদি এক জায়গায় বিসাম শত শত যুগ ধরিয়া ঐ দেয়ালের অন্তিত্ব-নান্তিত্ব সম্বন্ধে বিচার করিতে থাকেন, তথাপি কোন কালে উহার মীমাংসা করিতে পারিবেন না। কিন্তু যথনই দেয়ালটি দেখিবেন, অমনি সব বিবাদ মিটিয়া যাইবে। তথন যদি পৃথিবীর সব লোক আপনাকে বলে, ঐ দেয়াল নাই, আপনি তাহাদিগের কথা কথনই বিশ্বাস করিবেন না; কারণ আপনি জানেন যে, আপনার নিজের চক্ষ্র সাক্ষ্য জগতের সম্দ্র মতামত ও গ্রন্থরালি অপেক্ষা বেশী।

আপনারা সকলেই সম্ভবতঃ বিজ্ঞানবাদ (Idealism) সম্বন্ধে অনেক গ্রন্থ পড়িয়াছেন। এই মতবাদ অনুসারে এই জগতের অন্তিত্ব নাই, আপনাদেরও অন্তিত্ব নাই। এরূপ কথা যাহারা বলে, আপনারা তাহাদের কথা বিশাস করেন না, কারণ তাহার। নিজেরাই নিজেদের কথা বিশাস করে না। তাহারা জানে যে, ইন্দ্রিয়গণের সাক্ষ্য এইরূপ সহস্র সহল রূথা বাগাড়ম্বর হইতে বলবান্। ধার্মিক হইতে গেলে আপনাদিগকে প্রথমেই গ্রন্থাদি ফেলিয়া দিতে হইবে। বই যত কম পড়েন, ততই ভাল।

এক একবারে একটা করিয়া কাজ করুন। বর্তমান কালে পাশ্চাত্যে অনেকের একটা ঝোঁক দেখা যায়—তাহারা মাথার ভিতর নানাপ্রকার ভাব লইয়া থিচুড়ি পাকাইতেছে, সর্বপ্রকার ভাবের বদ্হজ্বম মাথার ভিতর তাল পাকাইয়া একটা এলোমেলো অসম্বন্ধ গোলমাল স্বষ্ট করে; সেগুলি যে হির হইয়া একটা হুনির্দিষ্ট আকার ধারণ করিবে, তাহারও স্থযোগ পায় না। অনেক ক্ষেত্রে এইরপ নানাবিধ ভাবগ্রহণ একপ্রকার রোগ হইয়া দাঁড়ায়—কিন্তু ইহাকে আদৌ ধর্ম বলিতে পারা যায় না।

কেহ কেহ চায় থানিকটা সায়বীয় উত্তেজনা। তাহাদিগকে ভূতের কথা বলুন, কিয়া উত্তরমেক বা অক্স কোন দ্রদেশনিবাসী পক্ষয়যুক্ত বা অক্স কোন অভূত আকারধারী মাহ্যের কথা বলুন, যাহারা অদুশুভাবে বর্তমান থাকিয়া তাহাদের গতিবিধি পর্যবেক্ষণ করিতেছে, আর যাহাদের কথা মুনে হইলেই তাহাদের গা ছমছম করিয়া উঠে। এই-সব বলিলেই তাহারা খুশী হইয়া বাড়ি যাইবে, কিন্তু চক্ষিশ ঘণ্টা পার হইতে না হইতেই তাহারা আবার নৃতন উত্তেজনা খুজিবে। কেহ কেহ ইহাকেই ধর্ম বলিয়া থাকে। কিন্তু প্রকৃতপক্ষেইহা বাতুলালয় গমনের পথ—ধর্মলাভের নয়। এক শতান্ধী ধরিয়া এইরূপ ভাবের প্রোত্ত চলিতে থাকিলে এই দেশ একটা বিরাট বাতুলালয়ে পরিণত হইবে। ত্র্বল ব্যক্তি কথন ভগবান্কে লাভ করিতে পারে না, আর এইসব রোমাঞ্চকর ব্যাপার মাহ্যকে ত্র্বল করিয়া দেয়। অতএব ও-সব দিকেই যাইবেন না। ওগুলি কেবল মাহ্যুক্তে ত্র্বল করিয়া দেয়, মনিকে ত্র্বল করিয়া দেয়, মনিকে ত্র্বল করিয়া অন্তর্মান্ত নীতিত্রই করে; ফলে মাহ্যুব্ একেবারে হত্রুদ্ধি হইয়া যায়।

আপনারা মনে রাখিবেন, শুধু কথা বলায় ধর্ম নাই, ধর্ম মতামতে নাই বা গ্রন্থের মধ্যেও নাই—ধর্ম অপরোক্ষাহ্মভূতি। ধর্ম কোনরূপ বিল্লা অর্জন নয়, ধর্ম আদর্শস্বরূপ হইয়া যাওয়া। 'চুরি করিও না'—এই উপদেশ সকলেই জ্বানে। কিন্তু তাহাতে কি হইল ? যে ব্যক্তি চুরি করে না, সেই ইহার তত্ত্ব জানিয়াছে। 'অপরকে হিংসা করিও না'—এই উপদেশ সকলেই জানে। কিন্তু তাহার মূল্য কি ? যাহারা হিংসা করে না, তাহারাই অহিংসাতত্ত্ব জানিয়াছে, এবং এ আদর্শের উপর নিজেদের চরিত্র গঠিত করিয়াছে।

অতএব আমাদিগকে ধর্ম উপলব্ধি করিতে হইবে, আর এই ধর্ম উপলব্ধি করা একটি স্থণীর্ঘ সাধনার ব্যাপার। জগতের প্রত্যেক পুরুষই মনে করে— তাহার মতো স্থলর, তাহার মতো বিঘান, তাহার মতো শক্তিমান, তাহার মতো অভূত আর কেহ নাই। প্রত্যেক নারীও তেমনি নিজেকে জগতের মধ্যে পরমা স্থলরী ও বৃদ্ধিমতী জ্ঞান করে। আমি তো এমন একটি শিশুও দেখি নাই যে অসাধারণ নয়। সকল জননীই আমাকে বলিয়া থাকেন, 'আমার ছেলেটি কি অসাধারণ!' মাহুষের প্রকৃতিই এইরূপ। মাহুষ যথন কোন অতি উচ্চ অমুভূতি বা অভূত বিষয়ের কথা শোনে, তথন মনে করে, অনায়াসেই উহা লাভ করিবে, কিন্তু মূহুর্তের জন্মও ছির হইয়া ভাবে না যে, অনেক কঠোর চেষ্টা করিয়া উহা লাভ করিতে হইবে। সকলে এক লাফে সেখানে উঠিতে চায়। উহা সর্বাপেক্ষা ভাল, অভএব উহা আমাদের চাই-ই। আমরা কখন ছির হইয়া চিন্তা করি না যে, উহা লাভ করিবার শক্তি আমাদের আছে কি না, ফলে আমরা কিছুই করিয়া উঠিতে পারি না। আপনারা কোন ব্যক্তিকে বাঁশ দিয়া ঠেলিয়া উপরে উঠাইতে পারেন না—আমাদের সকলকেই ধীরে ধীরে উপরে উঠিতে হয়। অভএব ধর্মের প্রথম সোপান এই বৈধী ভক্তি বা নিম্নন্তরের উপাসনা।

নিমন্তবের উপাদনা কি কি? এই উপাদনা কি ও কতপ্রকার তাহা ব্ঝাইবার পূর্বে আমি আপনাদিগকে একটি প্রশ্ন করিতে চাই। আপনারা সকলেই বলিয়া থাকেন, একজন ঈশ্বর আছেন, আর তিনি সর্বব্যাপী। কিন্তু 'দর্বব্যাপী' বলিতে কি বোঝেন ? একবার চোধ বুজিয়া ভাব্ন— সর্বব্যাপিতা কি প্রকার! চোখ বুজিয়া আপনি কি দেখেন? হয় সমুদ্রের কথা, না হয় আকাশের কথা, অথবা একটি বিস্তৃত প্রাস্তরের কথা বা নিজেদের জীবনে অন্ত ষে-সব জিনিস দেখিয়াছেন, সেগুলির কথাই আপনি চিন্তা করেন। যদি তাই হয়, তবে 'সর্বব্যাপী ভগবান্' এই কথা বলিয়া আপনি কোন ভাবই ব্যক্ত করেন না। আপনার নিকট ঐ বাক্যের কোন অর্থই নাই। ভগবানের অক্তান্ত গুণাবলী সম্বন্ধেও এইরূপ। সর্বশক্তিমত্তা, সর্বজ্ঞতা প্রভৃতি সম্বন্ধেই বা আমাদের কি ধারণা ?—কিছুই নয়। ধর্ম অর্থে উপদক্ষি বা অপরোক্ষাহভূতি; আর যথন আপনি ভগৰভাব উপলব্ধি করিতে পারিবেন, তথনই আপনাকে ঈখরের উপাদক বলিয়া স্বীকার করিব। ভার পূর্বে ঐ শব্দের বানানটুকুই আপনি জানেন, আর কিছুই জানেন না। অত এব শিশুরা ষেমন প্রথমে স্থুল কিছু অবলম্বন করিয়া শেখে, পরে ধীরে ধীরে তাহাদের সক্ষের ধারণা হয়, সেইরূপ উচ্চতম অহভৃতির অবস্থা লাভ করিতে হইলেও আমাদিগকে প্রথমে স্থল অবসম্বনে অগ্রসর হইতে হইবে। 'পাঁচ ত্গুণে দশ' বলিলে একটি ছোট ছেলে কিছু বুঝিবে না, কিন্তু যদি পাঁচটি করিয়া জিনিদ তুইবার লইয়া দেখানো যায়—মোট দশটি জিনিদ হইয়াছে, তাহা হইলে সে বুঝিবে। এই স্বন্ধের ধারণা অভি ধীরে ধীরে দীর্ঘকালে লাভ হইয়া থাকে। এখানে আমরা সকলেই শিশুতুল্য;

বয়দে বড় হইতে পারি এবং জগতের সব বই পড়িয়া ফেলিতে পারি, কিন্তু ধর্মরাজ্যে আমরা শিশুমাত্র। এই প্রত্যক্ষাস্থভূতির শক্তিই ধর্ম। বিভিন্ন মতামত, দর্শন বা নৈতিক মতবাদ লইয়া মন্তিক যতই পূর্ণ কর না কেন, তাহাতে ধর্মজীবনে বড় কিছু আসে যায় না; নিজে কি হইলে, প্রত্যক্ষ উপলব্ধি কতটা হইল, এইটির উপরেই ধর্মজীবন নির্ভর করে। আমরা মতামত ও শাস্তাদি শিথিয়াছি বটে, কিন্তু জীবনে কিছুই উপলব্ধি করি নাই। আমাদিগকে এখন নৃতন করিয়া আবার স্থূল বস্তুর মাধ্যমে সাধন আরম্ভ করিতে হইবে—আমাদিগকে মন্ত্র, স্তবস্তুতি, অমুষ্ঠানাদির সহায়তা লইতে হইবে; এবং এইরূপ বাহ্ ক্রিয়াকলাপ সহস্র প্রকারের হইতে পারে।

সকলের পক্ষে এক প্রকার উপাসনা-প্রণালীর কোন প্রয়োজন নাই। কতক লোক মৃর্তিপূজায় উপকৃত হইতে পারে, কতক লোক না-ও হইতে পারে। কতক লোকের পক্ষে মৃতির বাহ্যপূজার প্রয়োজন হইতে পারে, কাহারও বা শুধু মনের মধ্যেই ঐব্ধপ মৃতির চিন্তার প্রয়োজন। কিন্তু যে ব্যক্তি নিজ মনের ভিতর মৃতির উপাদনা করে, দে বলে: 'আমি মৃতিপৃজক অপেক্ষা উন্নত; মৃর্তিচিন্তা যথন অন্তরে করা হয়, তথনই ঠিক ঠিক উপাদনা হয়। বাহিরে মৃতিপূজা করাই পৌত্তলিকতা, এরূপ ধর্মের বিরোধিতা করিব।' যখন কেহ মন্দির বা গির্জারূপ একট। সাকার বস্তু খাড়া করে, সে উহাকে পবিত্র মনে করে, কিন্তু মূর্তিটি মহয়াক্বতি হইলেই সে উহা অতি ভয়াবহ মনে করে। অতএব স্থুলের মধ্য দিয়া অগ্রসর হইবার নানাবিধ সাধনপ্রণালী আছে, এইগুলির মধ্য দিয়া ধীরে ধীরে অগ্রসর হইয়া আমরা শেষে স্কামভূতি লাভ করিব। আবার একইপ্রকার সাধনপ্রণালী সকলের একপ্রকার সাধনপ্রণালী হয়তো আপনার পক্ষে উপযোগী, অশ্র আর একজনের পক্ষে হয়তো অন্তপ্রকার সাধনপ্রণালী প্রয়োজন। প্রত্যেকটি সাধনপ্রণালী যদিও চরমে একই লক্ষ্যে কইয়া যায়, তথাপি সবগুলি সকলের উপযোগী নয়। আমরা সাধারণতঃ এই আর একটি ভুল করিয়া থাকি। আমার আদর্শ আপনার উপযোগী নয়, তবে আমি কেন জোর করিয়া উহা আপনার উপর চাপাইয়া দিবার চেটা করিব ? আমার মন্দির-নির্মাণ-প্রণালী বা তব পাঠ করার রীতি আপনার ঠিক ভাল লাগে না, তবে আমি কেন জোর করিয়া উহা আপনার উপর চাপাইতে যাইব? পৃথিবী

ঘুরিয়া আহ্বন, দেখিবেন—বহু নির্বোধ ব্যক্তিই আপনাকে বলিবে, ভাহার সাধনপ্রণালীই একমাত্র সভ্য আর অন্তান্ধ প্রণালীগুলি শরতানি, এবং জগতের মধ্যে ভগবানের মনোনীভ পূরুষ একমাত্র তিনিই জনিয়াছেন। প্রকৃতপক্ষে এই-সকল সাধনপ্রণালীর সবস্তুলিই ভাল এবং ধর্মলাভে আমাদিগকে সাহায্য করে; আর মহয়প্রকৃতি যখন নানাবিধ, তখন ধর্মপাধনের বিভিন্নপ্রকার প্রণালীও প্রয়োজন। এইরপ বিভিন্ন সাধনপ্রণালী যত প্রচলিত হয়, ততই জগতের পক্ষে মলল। পৃথিবীতে যদি কুড়িটি ধর্মপ্রণালী থাকে, তবে খ্ব ভাল; যদি চার শত ধর্মপ্রণালী থাকে, তবে আরও ভাল; কারণ তাহা হইলে অনেকগুলির ভিতর ধেটি ইচ্ছা বাছিয়া লইতে পারা যাইবে। অতএব যখন ধর্ম ও ধর্মভাবসমূহের সংখ্যা বৃদ্ধি পায়, তখন আমাদের বরং আনন্দ প্রকাশ করা উচিত, কারণ তাহা হইলে প্রত্যেকটি মাহ্মষ ধর্মজীবনের অস্তর্ভুক্ত হইবে, ক্রমশং অধিকসংখ্যক মাহ্মষ ধর্মপথে সাহায্য লাভ করিবে। আমি ঈশরের নিকট প্রার্থনা করি, ধর্মের সংখ্যা ক্রমশং বৃদ্ধি পাক—যতদিন না প্রত্যেকটি মাহ্মষ অপর সকল ব্যক্তি হইতে পৃথক্ নিজম্ব একটি ধর্ম লাভ করে। ভক্তিযোগের ইহাই ভাব।

এ বিষয়ের সিদ্ধান্ত এই যে, আমার ধর্ম আপনার বা আপনার ধর্ম আমার হইতে পারে না। যদিও সকলের লক্ষ্য ও উদ্দেশ্য এক, তথাপি মনের ক্ষচি অনুসারে প্রত্যেককেই ভিন্ন পথ দিয়া যাইতে হয়, আর যদিও পথ অনেক, তথাপি সব পথই সত্য; কারণ পথগুলি একই চরম লক্ষ্যে লইয়া যায়। একটি সত্য, অগ্রগুলি মিথ্যা—তাহা হইতে পারে না। এই নিজ নির্বাচিত পথকে ভক্তিযোগীর ভাষায় 'ইষ্ট' বলে।

অতঃপর শব্দ- বা মন্ত্র-শক্তির কথা উল্লেখ করা উচিত। আপনারা সকলেই শব্দক্তির কথা শুনিয়াছেন। এই শব্দগুলি কি অভুত! প্রত্যেক ধর্মগ্রন্থে—বেদ, বাইবেল, কোরানে—শব্দক্তির পরিচয় পাওয়া ধায়। কতকগুলি শব্দ আছে—মানবজাতির উপর এগুলির আশ্চর্য প্রভাব!

় তারপর আবার ভক্তিলাভের বাহ্নসহায়রূপ প্রতীক বন্ধ আছে। এইগুলিরও মানবমনের উপর প্রবল প্রভাব। ধর্মের প্রধান প্রতীক বন্ধগুলি কিন্তু ইচ্ছামত বা খেয়ালমত রচিত হয় নাই। সেগুলি ভাবের স্বাভাবিক প্রকাশ মাত্র। আমরা সর্বদাই ক্লপক-সহায়ে চিস্কা করিয়া থাকি; আমাদের সকল শব্দ বস্তুতঃ চিস্তার দ্ধপক মাত্র, বিভিন্ন জাতি প্রকৃত কারণ না জানিয়াও বিভিন্ন প্রতীক ব্যবহার করিতে আরম্ভ করিয়াছে। ঐ কারণ মনের অস্তরালে, ঐ প্রতীকগুলি চিস্তার সহিত জড়িত; যেমন চিস্তা বা ভাব হইতে প্রতীক বস্তু বাহিরে দ্বপগ্রহণ করে, তেমনি ঐ প্রতীক আবার ভিতরে ভাবের উদ্রেক করিতে পারে। এইজ্ল ভিত্তিযোগের এই অংশে এই-সব ভাবোদ্দীপক প্রতীক বস্তু, শব্দ বা মন্ত্রশক্তি, প্রার্থনা বা স্তবস্তুতির কথা আছে।

সকল ধর্মেই প্রার্থনা আছে, তবে এইটুকু আপনাদিগকে স্মরণ রাখিতে হইবে যে, ধনসম্পদ বা স্বাস্থ্যলাভের জক্ত প্রার্থনাকে ভক্তি বলা যায় না, এগুলি পুণ্যকর্ম। স্বর্গাদি গমনের বা কোন প্রকার বাহ্ বস্ত লাভের জন্ম প্রার্থনা কর্মাত্র। যিনি ভগবান্কে ভালবাসিতে চান, যিনি ভক্ত হইতে চান, তাঁহাকে ঐ-সকল প্রার্থনা ত্যাগ করিতে হইবে। যিনি আলোর রাজ্যে প্রবেশ করিতে চান, তাঁহাকে কেনা-বেচার দোকানদারী ধর্মভাব পুঁটুলি বাধিয়া বাহিরে ফেলিয়া আদিতে হইবে, তবেই তিনি ভক্তিরাজ্যে প্রবেশের অধিকার পাইবেন। আমি এ-কথা বলিতেছি না ষে, ষাহা প্রার্থনা করা যায়, তাহা পাওয়া যায় না; যাহা চাওয়া যায়, সবই পাওয়া যায়। তবে উহা অতি হীনবৃদ্ধির, নিমাধিকারীর—ভিখারীর ধর্ম। — মূর্থ সে, যে গঙ্গাতীরে বাদ করিয়া জলের জন্ম কুপ খনন করে ! সেই মূর্থ— বে হীরকথনিতে আসিয়া কাচখণ্ড অন্তেষণ করে! ভগবান্ হীরকখনি-ষরপ, তাঁহার কাছে কাচথণ্ডবৎ স্বাস্থ্য থাছা বস্ত্র ভিক্ষা করিতে হইবে !—কি ত্রভাগা! এই দেহ এক দিন মরিবেই; তবে আর বার বার দেহের স্বাস্থ্যের জন্ম প্রার্থনা করা কেন? স্বাস্থ্য ও এমর্থে কি আছে? শ্রেষ্ঠ ধনী ব্যক্তিও নিজ ধনের অতি অল্প অংশই নিজে ব্যবহার করিতে পারেন। তিনি তো দিনে চার-পাঁচ বার ভোজ খাইতে পারেন না, অধিক বল্পও ব্যবহার করিতে পারেন না, একজন লোক যতটা বায়ু শাসধোগে গ্রহণ করিতে পারে, তাহার অধিক লইতে পারেন না, তাঁহার নিঞ্চের দেহের জন্ত যতটা জারগা. প্রয়োজন, তাহা অপেক্ষা অধিক স্থানে তিনি শুইতে পারেন না। আমরা

> উবিদা জাগুৰীতীরে কৃপং থনতি হুর্মতি:।

এই জগতের দকল বস্তু কথনই একা পাইতে পারি না। যদি না পাই, তাহাতেই বা ক্ষতি কি? এই দেহ একদিন যাইবে—এ-সব কে গ্রাহ্য করে? যদি ভাল ভাল জিনিস আসে, আহক; যদি দেগুলি চলিয়া যায়—যাক্, তাহাও ভাল। আসিলেও ভাল, না আসিলেও ভাল। আমরা ভগবান্কে লাভ করিতে চলিয়াছি। ভগবানের নিকট গিয়া এ-জিনিস ও-জিনিস চাওয়া ভক্তি নয়। এগুলি ধর্মের নিয়তম সোপান, অতি নিয়াক্ষের কর্মমাত্র। আমরা সেই রাজরাজেশবের সামীপালাভের চেটা করিতেছি। আমরা সেখানে ভিক্ত্কের বেশে যাইতে পারি না। যদি ঐ বেশে আমরা কোন সমাটের সমীপে উপস্থিত হইতে চাই, আমাদিগকে কি সেখানে যাইতে দেওয়া হইবে? কথনই নয়। আমাদিগকে তাড়াইয়া দিবে। ভগবান্ রাজার রাজা, সমাটের সমাট; তাঁহার নিকট আমরা জীর্ণবস্ত্র পরিধান করিয়া যাইতে পারি না; দোকানদারের সেখানে প্রবেশাধিকার নাই। কেনাবেচা সেখানে একেবারেই চলিবে না। আপনারা বাইবেলে যেমন পড়িয়াছেন যে, যীশু যিহোবার মন্দির-প্রান্ধণ হইতে ক্রেতা-বিক্রেতাগণকে তাড়াইয়া দিয়াছিলেন।

তথাপি কেহ কেহ প্রার্থনা করে, 'হে প্রভ্, আমি তোমাকে আমার এই ক্ষুত্র প্রার্থনা উপহার দিতেছি, তুমি আমাকে একটি নৃতন পোশাক দাও। হে ভগবান, আজ আমার মাথাধরা সারাইয়া দাও, আমি কাল আরও হ-ঘণ্টা বেশী প্রার্থনা করিব।' এইরূপ প্রার্থনাকারী অপেক্ষা আপনারা নিজেদের একটু উচ্চতর মনোভাবাপন্ন মনে করিবেন। মনে করিবেন, আপনি এইরূপ ছোটখাট জিনিসের জন্ম প্রার্থনা করার উর্ধেন। মাহুষ যদি নিজের সমৃদয় মনংশক্তি শরীর-স্থাধর জন্ম ঐভাবে প্রার্থনা করিয়া ব্যয় করে, তবে মাহুষ ও পশুর মধ্যে প্রভেদ কি ?

অতএব ইহা বলা বাহুল্য ষে, ভক্ত হইতে গেলে প্রথমেই এই প্রকার সব বাসনা—এমন কি স্বর্গ-গমনের বাসনাও পরিত্যাগ করিতে হইবে। স্বর্গও এই-সব স্থানেরই মতো, তবে এখানকার অপেকা কিছু ভাল হইতে পারে। এখানে আমাদের কিছু তৃঃধ, কিছু স্থথ ভোগ করিতে হয়। স্বর্গে না হয় তৃঃধ কিছু কম হইবে, স্থথ কিছু বেশী হইবে। জ্ঞানের আলো সেধানে এতটুকু বাড়িবে না, স্বর্গে শুধু আমাদের পুণ্যকর্মের ফলভোগ হইবে। খ্রীষ্টানদের স্বর্গের ধারণা এই যে, উহা এমন এক স্থান, ষেখানে ভোগস্থ তীব্রভাবে বর্ধিত হইবে। এইরূপ স্বর্গ কিরুপে আমাদের চরম লক্ষ্য হইতে পারে? সম্ভবতঃ আপনারা এরূপ স্থানে শত শত বার গিয়াছেন, আবার দেখান হইতে শত শত বার ফিরিয়া আসিয়াছেন।

এখন প্রশ্ন এই — কিরুপে এই-সকল বাসনা অভিক্রম করা যায়? কিসে মাহ্র্যকে হংখী ও হুর্দশাগ্রন্ত করিয়া থাকে ? (মাহ্র্য প্রাকৃতিক নিয়মে বন্ধ ক্রীতদাসের মতো, প্রকৃতির হাতে পুতুলের মতো; প্রকৃতি খেলনার মতো তাহাদিগকে কথন এদিকে, কখন ওদিকে নাড়িতেছে। অতি দামান্ত আঘাতে যে দেহ চুর্ণবিচূর্ণ হইয়া যায়, আমরা সর্বদা সেই দেহের যত্ন করিতেছি, এবং সেই জ্বন্তুই সর্বদা ভয়ব্যাকুলচিত্তে জীবন যাপন করিতেছি। সেদিন পড়িতেছিলাম—হরিণকে নাকি প্রাণের ভয়ে প্রত্যহ প্রায় ৬০।৭০ মাইল ছুটিতে হয়। হরিণ অনেক মাইল দৌড়াইয়া গেল, তারপর কিছু খাইল। আমাদের জানা উচিত—আমরা হরিণ অপেক্ষা অধিকতর হুর্দশাগ্রস্ত। হরিণ তবু খানিকক্ষণ বিশ্রাম করিতে পায়, আমরা তাহাও পাই না। হরিণ যথেষ্ট পরিমাণে ঘাস পাইলেই তৃপ্ত হয়, আমরা কিন্তু ক্রমাগত আমাদের অভাব বাড়াইতেছি। ক্রমাগত আমাদের অভাব বাড়ানো আমাদের রোগবিশেষ হইয়া দাঁড়াইয়াছে। আমরা এমন বিপর্যন্ত ও অপ্রকৃতিম্ব হইয়া পড়িয়াছি যে, কোন স্বাভাবিক বস্তুই আর আমাদের তৃপ্ত করিতে পারে না। সেইজ্ঞ আমরা সর্বদাই বিক্বত বস্তু খুঁজিতেছি--অস্বাভাবিক উত্তেজনা, অস্বাভাবিক খান্তপানীয়, অস্বাভাবিক সঙ্গ ও তদমূরণ জীবন খুঁজিতেছি। বায়ুকে বিধাক্ত করিয়া তবে আমরা খাসপ্রখাস গ্রহণ করিতে পারি! ভয় সম্বন্ধে বক্তব্য এই-সামাদের সমগ্র জীবনটাই কতকগুলি ভয়ের সমষ্টি ছাড়া আর কি? হরিণের ভয় করিবার এক প্রকার জিনিসই আছে, অর্থাৎ ব্যাল্রাদি; আর মাহুষের ভয় সমগ্র জগৎ হইতে।

এখন প্রশ্ন এই—আমর। কিরপে এই ভয় হইতে মুক্ত হইব? হিতবাদিগণ (Utilitarians) বলেন, 'ঈশর ও পরলোক সম্বন্ধে কোন কথা বলিও না। আমরা ও-সবের কিছু জানি না। এই জগতেই প্রথে বাস করা যাক।' যদি সম্ভব হইত, তবে আমিই প্রথমে এরপ করিতাম, কিছু জ্বগৎ আমাদিগকে তো তাহা করিতে দিবে না। আপনারা বতদিন প্রকৃতির

দাস হইয়া রহিয়াছেন, ভভদিন স্থভোগ করিবেন কিরূপে ? যভই ছঃখ এড়াইবার চেষ্টা করিবেন, ততই আরও হঃখ দ্বারা পরিবেষ্টত হইবেন। জানি না, কত বর্ধ ধরিয়া স্থী হইবার জন্ম কত পরিকল্পনা করিতেছেন, কিন্তু প্রতিটি পরিকল্পনার শেষে অবস্থা ক্রমশঃ মন্দ হইতে মন্দতর হইয়া থাকে। ছই শত বৰ্ষ পূৰ্বে 'পুৱাতন' পৃথিবীতে (Old World) লোকের - অভাব অতি অল্লই ছিল, কিন্তু যেমন তাহাদের জ্ঞান বাড়িতে লাগিল, অভাবও শতগুণ বাড়িয়া চলিল) আমরা ভাবি, অস্ততঃ যথন আমরা স্বর্গে গিয়া পরিত্রাণ পাইব, তথন আমাদের সব বাসনা পূর্ণ হইবে—তাই তো আমরা স্বৰ্গে ষাইতে চাই। দেই অনস্ত অদম্য পিপাসা! সৰ্বদাই একটা কিছু চাওয়া! ভিক্ক অবস্থায় মাহ্র চায় টাকা। টাকা হইলে আবার অগ্রাক্ত জিনিস চায়, সমাজের সঙ্গে মিশিতে চায়, তারপর আবার অস্ত কিছু চায়। এতটুকু বিশ্রাম নাই। কিভাবে আমাদের এই ভৃষ্ণা মিটিবে? যদি আমরা স্বর্গে ষাই, তাহাতে বাসনা আরও বাড়িয়া যাইবে। যদি দরিদ্র ব্যক্তি ধনী হয়, ভাহাতে তাহার বাসনার নিবৃত্তি হয় না, বরং অগ্নিতে মৃত নিক্ষেপ করিলে অগ্নির তেজ ধেমন আরও বাড়িতে থাকে, তেমনি তাহার বাদনাও বাড়িয়া ষায়। স্বর্গে যাওয়ার অর্থ খুব ধনী হওয়া, এবং তাহা হইলে বাদনাও আরও বাড়িতে থাকিবে। পৃথিবীর বিভিন্ন পুরাণশাল্তে পড়া যায়, স্বর্গেও দেবতারা মাহুষের মতো অনেক আমোদপ্রমোদ ও ছলনা করিয়া থাকে, তাহারা সবাই যে খুব ভাল, তাহা নয়; তারপর এই স্বর্গে যাইবার ইচ্ছা কেবল একটা ভোগবাসনা মাত্র। এটি ত্যাগ করিতে হইবে। স্বর্গে যাওয়া তো অতি ছোট কথা, এরপ চিস্তা করা অতি অমাজিত মনোভাবের লক্ষণ। আমি লক্ষপতি হইব এবং লোকের উপর প্রভুত্ব করিব—এ ভাব যেমন, স্বর্গে ষাইবার ইচ্ছাও তেমনি। এইরূপ স্বর্গ অনেক আছে, কিন্তু এগুলির মধ্য দিয়া গেলে ধর্ম ও ভক্তির দ্বারদেশে প্রবেশেরও অধিকার পাইবেন না।

প্রতীকের কয়েকটি দৃষ্টান্ত

'প্রতীক' ও 'প্রতিমা'—ছ্ইটি সংস্কৃত শব্দ। আমরা এখনে এই 'প্রতীক' সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করিব। 'প্রতীক' শব্দের অর্থ—অভিমূখী হওয়া, मगीभवर्जी इश्वया। मकल प्रत्य मकल धर्मा प्रविद्य भारेत्वन, छेभामनाव-নানাবিধ স্তর রহিয়াছে। দৃষ্টাস্তম্বরূপ দেখুন, এই দেশে অনেক লোক আছেন, যাঁহারা সাধুগণের প্রতিমৃতি পূজা করেন; এমন অনেক লোক আছেন, যাঁহারা কতকগুলি রূপ ও প্রতীকের উপাসনা করেন। আবার কেহ কেহ আছেন, যাহারা মাত্র্য অপেক্ষা উচ্চতর কোন সন্তার উপাসনা করেন, এবং তাঁহাদের সংখ্যা দিন দিন ক্রতবেগে বাড়িয়া যাইতেছে। আমি প্রেত-উপাসকদের কথা বলিতেছি। পুস্তকাদিতে পড়িয়াছি, এখানে প্রায় আশী লক্ষ ক্রেতোপাসক আছেন। তারপর আবার কতক ব্যক্তি আছেন, যাঁহারা আরও উচ্চতর সত্তা অর্থাৎ দেবাদির উপাসনা করেন। ভক্তিযোগ এই-সকল বিভিন্ন সোপানের কোনটিকেই নিন্দা করে না, কিন্তু এই-সকল উপাসনাকেই এক প্রতীকোপাসনার অন্তর্ভুক্ত করা যায়। এই উপাসকগণ প্রকৃতপক্ষে ঈশবের উপাদনা করিতেছেন না, কিন্তু প্রতীক অর্থাৎ ঈশবের দরিহিত কোন বস্তুর উপাসনা করিতেছেন, এই-সকল বিভিন্ন বস্তুর সহায়ে তাঁহারা ঈশ্বরের নিকট পৌছিবার চেষ্টা করিতেছেন। এই প্রতীকোপাসনায় আমাদের মুক্তিলাভ হয় না; আমরা যে যে বিশেষ বস্তুর কামনায় উহাদের উপাদনা করি, উহাদ্বারা সেই সেই বিশেষ বস্তুই লাভ হইতে পারে। দুটাস্তম্বরূপ দেখুন, যদি কোন ব্যক্তি তাঁহার পরলোকগত পূর্বপুরুষ বা বন্ধুবান্ধবের উপাদনা করেন, সম্ভবতঃ তিনি তাঁহাদের নিকট হইতে কতকগুলি শক্তি বা বিশেষ বিশেষ সংবাদ লাভ করিতে পারেন। এই-সকল উপাশ্ত হইতে যে বিশেষ বস্থ লাভ হয়, তাহাকে 'বিভা' অর্থাৎ 'বিশেষ জ্ঞান' বলে, কিন্তু আমাদের চরম লক্য মুক্তি সাক্ষাং ঈশ্বরের উপাসনা দ্বারাই লব্ধ হইয়া থাকে। বেদ ব্যাখ্যা করিতে গিয়া কোন কোন প্রাচ্যতত্ত্বিৎ পাশ্চাত্য পণ্ডিত এইরূপ মত প্রকাশ করিয়াছেন যে, স্বয়ং সগুণ ঈশ্বরও প্রতীক। সগুণ ঈশ্বরকে প্রতীকরূপে গ্রহণ করা যাইতে পারে, কিন্তু প্রতীক সগুণ বা নিগুণ কোন প্রকার ঈশ্বর নয়।

প্রস্তালকে ঈশ্বরপ্রশে উপাসনা করা যায় না। অতএব কেহ কেহ যদি মনে করে—দেখতা, পূর্বপুরুষ, মহাত্মা, সাধু বা প্রেতরপে বিভিন্ন প্রতীকের উপাসনা ঘারা তাহারা কথনও মুক্তিলাভ করিবে, তবে তাহাদের মহাভূল। বড়জোর উহা ঘারা তাহারা কতকগুলি শক্তিলাভ করিতে পারে, কিন্তু কেবল ঈশবই আমাদিগকে মুক্ত করিতে পারেন। কিন্তু তাই বলিয়া এ-সকল উপাসনার উপর দোঘারোপ করিবার প্রয়োজন নাই, উহাদের প্রত্যেকটি হইতেই কিছু কিছু ফল লাভ হইয়া থাকে, এবং যে ব্যক্তি আর উচ্চতর কিছু বুঝে না, সে এই-সকল প্রতীকোপাসনা হইতে কিছু কিছু শক্তি ও স্থসন্তোগ লাভ করিবে। তারপর দীর্ঘকাল ভোগ ও অভিজ্ঞতা-সঞ্গয়ের পর যথন সে মুক্তিলাভের জন্ম প্রস্তুত হইবে, তথন সে নিজেই এই-সব প্রতীকোপাসনা ত্যাগ করিবে।

এই-সকল বিভিন্ন প্রতীকোপাসনার মধ্যে পরলোকগত বন্ধুবাদ্ধব আত্মীয়গণের উপাসনাই সমাজে সর্বাপেক্ষা অধিক প্রচলিত। ব্যক্তিগত ভালবাসা, প্রিয়ন্ধনের দেহের প্রতি ভালবাসা—এই মানবপ্রকৃতি আমাদের মধ্যে এতদ্র প্রবল যে, তাহাদের মৃত্যু হইলেও আমরা দর্বদাই তাঁহাদিগের দেহ আবার দেখিতে চাই। আমরা তাঁহাদের দেহের প্রতিই আসক্ত! আমরা ভূলিয়া ষাই যে, যথন তাঁহারা জীবিত ছিলেন, তথনই তাঁহাদের দেহ ক্রমাগত পরিবর্তিত হইতেছিল এবং মৃত্যু হইলেই আমরা ভাবি, তাঁহাদের দেহ অপরিবর্তনীয় হইয়া গিয়াছে, স্থতরাং আমরা তাঁহাদিগকে পূর্বের মতোই দেখিব। 📆 তাই নয়, আমাদের কোন বন্ধু বা পুত্র জীবদশায় অতিশয় হুটস্বভাব থাকিলেও মৃত্যু হইবামাত্র আমরা মনে করিতে থাকি, তাহার মতো সাধু প্রকৃতির লোক আর জগতে কেহই নাই —সে আমাদের কাছে ঈশ্বরতুল্য হইয়া যায়। ভারতে এমন অনেক লোক আছে, যাহারা কোন শিশুর মৃত্যু হইলে তাহাকে দাহ করে না, মৃত্তিকার নিম্নে সমাধিস্থ করে ও তাহার সমাধিস্থানের উপর মন্দির নির্মাণ করে, এবং সেই শিশুটিই ঐ মন্দিরের দেবতা হইয়া যায়। সকল দেশেই এই প্রকারের ধর্ম খুব প্রচলিত, এবং এমন দার্শনিকেরও অভাব নাই, শাহাদের মতে ইহাই সকল ধর্মের মূল। অবশ্য তাঁহারা ইহা প্রমাণ করিতে পারেন না।

যাহা হউক শারণ রাখিতে হইবে ষে, এই প্রতীক-পূজা আমাদিগকে কখনই মুক্তি দিতে পারে না; দ্বিতীয়তঃ ইহাতে বিশেষ বিপদাশকা আছে। বিপদ্ এই যে, প্রতীক বা সমীপকারী সোপান-পরষ্পরা যতক্ষণ পর্যস্ত আর একটি অগ্রবর্তী দোপানে পৌছিবার সহায়তা করে, ততক্ষণ উহারা নোষাবহ নয় বরং উপকারী, কিন্তু আমাদের মধ্যে শতকরা নিরানকাই জন সারা জীবন প্রতীকোপাসনাতেই লাগিয়া থাকে। সম্প্রদায়-বিশেষের ভিতর জন্মানো ভাল, কিন্তু উহাতে নিবদ্ধ থাকিয়া মরা ভাল নয়। স্পষ্টতর করিয়া বলিতে গেলে বলিতে হয়, কোন সম্প্রদায়ে প্রবেশ করিয়া তাহার মধ্যে প্রচলিত সাধনপ্রণালী অবলম্বন করা ভাল, ইহাঘারা আমাদের উচ্চতর ভাবসমূহ জাগরিত হয়; কিন্তু অধিকাংশ ক্ষেত্রে আমরা সেই ক্ষুদ্র সম্প্রদায়ের সঙ্কীর্ণভাব অবলম্বন করিয়াই জীবনের শেষ দিন পর্যস্ত কাটাই, আমরা উহার বাহিরে আসিতে পারি না। নিজ ভাবের বিকাশসাধন করিতে পারি না। এই-সকল প্রতীকোপাদনার ইহাই বড় বিপদ। লোকে মুখে বলিবে যে, এগুলি সোপান মাত্র—এই-সকল সোপানের মধ্য দিয়া তাহারা অগ্রসর হইতেছে, কিন্তু বৃদ্ধ হইলেও দেখা যায়—তাহারা দেই-সকল সোপান অবলম্বন করিয়াই রহিয়াছে। यनि কোন যুবক চার্চে না যায়, তবে সে নিনার্হ, কিন্তু যদি বৃদ্ধ বয়সেও কেহ চার্চে যায়, সেও তেমনি নিন্দার্হ; তাহার আর এই ছেলেখেলায় কোন প্রয়োজন নাই, চার্চের সাহায্যে ভাহার ইহা অপেকা উচ্চতর অবস্থায় উপনীত হওয়া উচিত ছিল। এই বৃদ্ধ বয়দে তাহার আর এইদব প্রতীক, পদ্ধতি ও প্রাথমিক অহুষ্ঠানের কি প্রয়োজন ?

প্রতীকোপাসনার আর একটি প্রবল, প্রবলতম ভাব—গ্রন্থ বা শান্তের উপাসনা। সকল দেশেই দেখিবেন, গ্রন্থ ঈশরের স্থান অধিকার করিয়া বসে। আমার দেশে এমন অনেক সম্প্রদায় আছে, যাহারা বিশাস করিয়া থাকে, ভগবান্ অবতীর্ণ হইরা মানবন্ধপ পরিগ্রহ করেন; কিন্তু তাহাদের মতে মানবন্ধপে অবতীর্ণ হইলে ঈশরকেও বেদাহ্যায়ী চলিতে হইবে এবং যদি তাহার উপদেশ বেদাহ্যায়ী না হয়, তবে তাহারা সেই উপদেশ গ্রহণ করিবে না। আমাদের দেশে সকল সম্প্রদায়ের লোকই বৃদ্ধকে পূজা করে, কিন্তু যদি তাহাদিগকে জিজ্ঞাসা করেন, 'তোমরা বৃদ্ধের পূজা কর, কিন্তু তাহার উপদেশ অহসরণ কর না কেন?' তাহারা বলিবে, 'যেহেতু বৃদ্ধের উপদেশে বেদ

অস্বীকৃত হইয়া থাকে।' গ্রন্থোপাসনা বা শাস্ত্রোপাসনার তাৎপর্য এইরূপ। একথানি শান্তের দোহাই দিয়া যত খুশী মিখ্যা বলো না কেন, তাহাতে দোষ নাই। ভারতে যদি আমি কোন নৃতন বিষয় শিক্ষা দিতে ইচ্ছা করি এবং যদি অপর কোন গ্রন্থ বা ব্যক্তির দোহাই না দিয়া আমি ষেরূপ ব্ঝিয়াছি, সেইভাবে ঐ সত্য প্রচার করিতে যাই, তাহা হইলে কেহই আমার কথা শুনিতে আসিবে না; কিন্তু আমি যদি বেদ হইতে কয়েকটি বাক্য উদ্ধৃত করিয়া কারদান্তি করিয়া উহার ভিতর হইতে থুব অসম্ভব অর্থ বাহির করিতে পারি, উহার যুক্তিদদত অর্থ বিনষ্ট করিয়া আমার নিজের কতকগুলি ধারণাকে বেদের অভিপ্রেত তত্ত্ব বলিয়া ব্যাখ্যা করি, তাহা হইলে মূর্থেরা দলে দলে আদিয়া আমার অহুদরণ করিবে। ভারপর আবার কিছু লোক আছে, তাহারা এক অডুত রকমের খ্রীষ্টধর্ম প্রচার করিয়া থাকে; তাহাদের মত ভনিয়া সাধারণ এটানগণ হতবৃদ্ধি হইয়া ভয় পাইবে, কিন্তু ঐ প্রচারকেরা বলে, আমরা যাহা বলিতেছি, যীশুএীষ্টের মতও এইরূপই ছিল। যত সব আহামকেরা তাহাদের দলে ভিড়িয়া যায়। যাহা বেদে বা বাইবেলে পাওয়া যায় না, তেমন সব নৃতন জিনিস মাহ্য লইতেই চায় না। স্বায়্দমূহ ষেভাবে অভ্যন্ত হইয়াছে, সেই দিকেই যাইতে চায়। যথন আপনারা কোন নৃতন বিষয় শোনেন বা দেখেন, অমনি চমকিয়া উঠেন—ইহা মাছষের প্রকৃতিগত। অক্সাক্ত বিষয় সহক্ষে যদি ইহা সত্য হয়, চিন্তা ও ভাব সহম্বে এ-কথা আরও বিশেষভাবে সত্য। মন প্রচলিত ভাবে চিস্তা করিতে অভ্যন্ত হইয়াছে, স্তরাং কোন নৃতন ভাব গ্রহণ করা তাহার পক্ষে অতি কঠিন; স্তরাং সেই ভাবটিকে প্রচলিত ভাবের খুব কাছাকাছি রাখিতে হয়, তবেই আমরা ধীরে ধীরে উহা গ্রহণ করিতে পারি। কৌশল হিসাবে এটি ভাল বটে, কিন্তু নীতি হিসাবে মন্দ। এই সংস্থারকগণ এবং যাঁহাদিগকে আপনারা উদার-মতাবলম্বী প্রচারক বলেন, তাঁহারা আঞ্চকাল রাশি রাশি অসামঞ্চসূর্ণ কথা বলিভেছেন, তাহা ভাবিয়া দেখুন। তাঁহারা জানেন যে, তাঁহারা শাল্বের যেরূপ ব্যাখ্যা করিতেছেন, সেরপ অর্থ হয় না; কিন্তু তাঁহারা যদি ঐভাবে প্রচার না করেন, কেহই তাঁহাদের কথা শুনিতে আসিবে না। ক্রিশ্চিয়ান সায়াণ্টিস্টদের (Christian Scientists) মতে যীশু একজন মন্ত রোগ-নিরাময়কারী, প্রেততত্ত্বাদীদের (Spiritualists) মতে একজন মন্ত ভৌতিক (psychic)

এবং থিওজফিস্টদের মতে একজন 'মহাত্মা' ছিলেন। ধর্মগ্রন্থের একই বাক্য হইতে এই-সব বিভিন্ন অর্থ বাহির করিতে হইবে।

ছান্দোগ্য উপনিষদের 'সদেব সোম্যেদমগ্র আদীদেকমেবাধিতীয়ম্'—এই বাক্যের অন্তর্গত 'সং' শব্দের অর্থ বিভিন্ন মতবাদিগণ বিভিন্ন ভাবে করিয়াছেন। পরমাণুবাদিগণ বলেন, সং-শব্দের অর্থ পরমাণু, আর ঐ পরমাণু হইতেই জ্বগৎ উৎপন্ন হইয়াছে। প্রকৃতিবাদিগণ বলেন, উহার অর্থ প্রকৃতি, আর প্রকৃতি হইতেই সমৃদ্য় উৎপন্ন হইয়াছে। শৃত্যবাদীরা বলেন, সং-শব্দের অর্থ শৃত্য, আর এই শৃত্য হইতেই সমৃদ্য় উৎপন্ন হইয়াছে। ঈশ্বরবাদিগণ বলেন, উহার অর্থ ঈশ্বর। অছৈতবাদীরা বলেন, উহার অর্থ সেই পূর্ণ নিরপেক্ষ সত্তা। সকলেই ঐ এক শাস্ত্রীয় বাক্যকেই প্রমাণরূপে উদ্ধৃত করিতেছেন।

গ্রন্থোপাসনায় এই-সব দোষ আছে, তবে উহার একটি বড় গুণও আছে। উহা একটা শক্তি। যে-দকল ধর্মদম্প্রদায়ের এক একথানি গ্রন্থ আছে, সেইগুলি ব্যতীত জগতের অন্তান্ত সকল ধর্মসম্প্রদায়ই লোপ পাইয়াছে। আপনাদের মধ্যে কেহ কেহ পারদীকদের কথা শুনিয়াছেন। ইহারা প্রাচীন পারশ্রবাসী-এক সময় ইহাদের সংখ্যা প্রায় দশ কোটি ছিল। আরবীয়েরা ইহাদিগের অধিকাংশকে পরাজিত করিয়া মুসলমান করিল। অল্প কয়েকজন তাহাদের ধর্মগ্রন্থ লইয়া পলায়ন করিল এবং সেই ধর্মগ্রন্থের বলেই তাহারা এখনও টিকিয়া আছে। ইহুদীদের কথা ভাবিয়া দেখুন। যদি তাহাদের একটি ধর্মগ্রন্থ না থাকিত, তাহারা জগতে কোথায় মিলাইয়া যাইত। কিন্তু ঐ গ্রন্থই তাহাদের জীবনীশক্তি রক্ষা করিয়াছে। অতি ভয়ানক অত্যাচার সত্ত্বেও তাহাদের ধর্মগ্রন্থ তালমুড (Talmud) তাহাদিগকে রক্ষা করিয়াছে। গ্রন্থের একটি বিশেষ স্থবিধা এই যে, উহা সমৃদয় ভাবগুলি পরিষ্কারভাবে হৃদয়গ্রাহী করিয়া লোকের সমক্ষে উপস্থিত করে, এবং উহা উপাস্ত বস্তু। বেদীর উপর একথানি গ্রন্থ রাথুন—সকলেই উহা দেখিবে, একথানি ভাল গ্রন্থ হইলে সকলেই তাহা পড়িবে। কেহ কেহ বোধ হয় আমাকে পক্ষপাতী বলিয়া মনে করিতে পারেন, কিন্তু আমার মতে গ্রন্থ হারা হুগতে ভাল অপেকা মন্দ অধিক হইয়াছে। এই যে নানা ক্ষতিকর মতবাদ দেখা যায়, সেগুলির

১ পারদীকদের ধর্মগ্রন্থ—জেন্দ আবেস্তা

জন্ম এই-সকল গ্রন্থই দায়ী। মতামতগুলি সব গ্রন্থ ইইতেই আসিয়াছে, আর গ্রন্থতি জগতে যত প্রকার অত্যাচার ও গোড়ামির জন্ম দায়ী। বর্তমানকালে গ্রন্থসমূহই সর্বত্র মিথ্যাবাদী স্বষ্টি করিতেছে। সকল দেশেই মিথ্যাবাদীর সংখ্যা বাড়িতেছে দেখিয়া আমি আশ্র্য হই।

তারপর প্রতিমা বা মূর্তি ও তাহার উপযোগিতা সম্বন্ধে আলোচনা করিতে হইবে। সমগ্র জগতে আপনারা কোন না কোন আকারে প্রতিমার ব্যবহার দেখিতে পাইবেন। কেহ কেহ মানবাকার প্রতিমা অর্চনা করিয়া থাকে, আর আমি মনে করি, উহাই সর্বোৎকৃষ্ট প্রতিমা। আমার যদি প্রতিমা-পূজার প্রয়োজন হয়, তবে আমি পশু, গৃহ বা অন্ত কোন মূর্তি অপেক্ষা বরং মানবাক্বতি প্রতিমার উপাসনা করিব। এক সম্প্রদায় মনে করে, এই প্রতিমাটিই ঠিক ; অপরে মনে করে, উহা ঠিক নয়। খ্রীষ্টানরা মনে করেন: ঈশর যে ঘুঘুর রূপ ধারণ করিয়া আসিয়াছিলেন, উহাই ঠিক, কিন্ত হিন্দুদের মতাহসারে তিনি যে গো-রূপ ধারণ করিয়াছিলেন, উহা সম্পূর্ণ ভ্রম ও কুশংস্বারাত্মক। ইছদীরা মনে করেন, তুই দিকে তুই দেবদূত বসানো সিন্দুকের আকৃতি একটি মৃতি নিৰ্মাণ করিলে তাহাতে কোন দোষ নাই, কিন্তু নর বা নারীর আকারে যদি কোন মূর্তি গঠিত হয়, তবে উহা ঘোরতর ভয়াবহ। মুসলমানেরা মনে করেন, প্রার্থনার সময় যদি পশ্চিমদিকে মুখ করিয়া 'কাবা' নামক ক্লফপ্রস্তরযুক্ত মন্দিরটির আকৃতি চিস্তা করিতে চেষ্ট। করা যায়, তাহাতে কোন দোষ নাই, কিন্তু চার্চের আকৃতি ভাবিলেই উহা পৌত্তলিকতা। প্রতিমাপুজার ইহাই অপুর্ণতা বা দোষ, তথাপি এগুলি সবই প্রয়োজনীয় সোপান বলিয়া বোধ হয়। কিন্তু শুধু একথানি গ্রন্থের দোহাই দিলেই চলিবে না। গ্রন্থ সম্বন্ধে বলিতে পারি, গ্রন্থের উপর অন্ধবিশাস যত কম হয়, ততই আমাদের মঙ্গল ৷ আপনি নিজে প্রত্যক্ষ কি অহুভব করিয়াছেন, তাহাই প্রশ্ন। ঈশা, মুশা, বুদ্ধ কি করিয়াছেন, বলিলে কি হইবে—ভাহাতে আমাদের কিছুই হইবে না, ষতদিন না আমরা নিজেরাও সেগুলি জীবনে পরিণত করিতেছি। আপনি যদি একটা ঘরের দরজা বন্ধ করিয়া চিন্তা করেন, মুশা এই এই খাইয়াছিলেন, তাহাতে তো আপনার ক্ষা মিটবে না, সেইরূপ মুশার এই প্রকার মত ছিল-জানিলেই আপনার উদ্ধার হইবে না। এ-সকল বিষয়ে আমার মত সম্পূর্ণ স্বতন্ত। কখন কখন মনে হয়, এই-সব

প্রাচীন আচার্যগণের সহিত যথন আমার মত মিলিতেছে, তথন আমার মত অবস্থাই সত্য; আবার কথন কথন ভাবি, আমার দক্ষে যথন তাঁহাদের মত মিলিতেছে, তথন তাঁহাদের মত ঠিক। আমি স্বাধীন চিন্তা করায় বিশাণ করি। এই-সব পবিত্রস্থভাব আচার্যগণের প্রভাব হইতেও একেবারে মৃক্ষ থাকিতে হইবে। তাঁহাদিগকে পরিপূর্ণভাবে ভক্তি শ্রমা করুন, কিন্তু ধর্মকে একটা স্বাধীন গবেষণার বস্তু রূপে গ্রহণ করুন। তাঁহারা যেভাবে জ্ঞানালোক পাইয়াছিলেন, আমাদিগকেও তেমনি নিজের চেটায় জ্ঞানালোক লাভ করিতে হইবে। তাঁহারা জ্ঞানালোক পাইয়াছিলেন বলিয়া আমাদের তৃপ্তি হইবে না। আপনাদিগকে বাইবেল হইতে হইবে, অমুসরণ করিতে হইবে না। বাইবেলকে শুধু পথের আলোক-রূপে, পথপ্রদর্শক শুদ্ধ বা নিদর্শনরূপে শ্রম্ধা করিতে হইবে।

গ্রন্থের মূল্য ঐ পর্যস্ত ; কিন্তু প্রতিমা প্রভৃতি একান্ত আবশুক। আপনারা মনকে স্থির করিবার সময় বা কোনরূপ চিস্তা করিবার সময় দেখিবেন, আপনারা স্বভাবতই মনে মনে মৃতি গড়িবার প্রয়োজন অহভেব করেন, এইরূপ কল্পনা না করিয়া থাকিতে পারেন না। তৃই প্রকার মাহুষের রূপকল্পনার বা মৃতির প্রয়োজন হয় না—নরপশুর, যে ধর্মের কোন ধার ধারে না; আর সিদ্ধপুরুষের, যিনি এই-দকল অবস্থার মধ্য দিয়া গিয়াছেন। আমরা এই ছই অবস্থার মধ্যে রহিয়াছি। ভিতরে ও বাহিরে আমাদের কোন না কোনরূপ আদর্শ বা মূর্তির প্রয়োজন। উহা কোন পরলোকগত মাহুষের হইতে পারে অথবা কোন জীবিত নর বা নারীর হইতে পারে। ইহা ব্যক্তিত্বের উপাসনা—শরীর-কেক্রিক, তবে ইহা খুব স্বাভাবিক। স্ক্লকে স্থূলে পরিণত করার দিকে আমাদের ঝোঁক। সৃষ্ণ হইতে যদি আমরা স্থুল না হইয়া থাকি, তবে কিভাবে এথানে আদিলাম ? আমরা স্থূলভাবপ্রাপ্ত আত্মা, এইভাবেই আমরা এই পৃথিবীতে আসিয়াছি। হুডরাং মৃতিভাব যেমন আমাদিগকে এখানে আনিয়াছে, তেমনি মৃতির সাহায্যেই আমরা ইহার বাহিরে যাইব। ইহা হোমিওপ্যাথিক চিকিৎসার সদৃশ্বিধানের মতো—'বিষক্ত বিষমৌষধম্'। ইন্দ্রিয়গ্রাহ্থ বিষয়সমূহের পিছনে ছুটিয়াই আমর। মাহ্যভাবাপন্ন হইয়া পড়িয়াছি, আমরা সাকার ব্যক্তিভাবের উপাসনা করিতে বাধ্য; ইহার বিরুদ্ধে যাহাই বলি না কেন, ব্যক্তিরপের বা সাকারের

Similia similibus curantur

উপর আসক্ত হইও না, ইহা বলা খুব সহজ বটে, কিন্তু যে এ-কথা বলে, সেই ব্যক্তিভাবের উপর অতিশয় আসক্ত, বিশেষ বিশেষ নরনারীর উপর ভাহার তীব্র আদক্তি—মরিয়া গেলেও তাহাদের প্রতি তাহার আদক্তি যায় না, স্তরাং মৃত্যুর পরেও সে তাহাদের অহসরণ করিতে চায়। ইহাই পুতুলপূজা। ইহাই পুতুলপূজার বীজ, মূল কারণ; আর কারণই যদি থাকে, তবে কোন না কোন আকারে পৌত্তলিকতা আবার প্রকাশিত হইয়া পড়িবে। কোন সাধারণ নর বা নারীর উপর আদক্তি অপেক্ষা এটি বা বৃদ্ধের প্রতিমৃতির উপর আসক্তি বা আকর্ষণ থাকা কি ভাল নয়? পাশ্চাভ্যের লোকেরা বলিয়া থাকে, মৃতির সমুথে হাঁটু গাড়িয়া বসা বড়ই থারাপ, কিন্তু আহারা একটি নারীর সমুথে হাঁটু গাড়িয়া বসিয়া তাহাকে অনায়াসে বলিতে পারে, 'তুমি আমার প্রাণ, তুমি আমার জীবনের আলো। তুমি আমার নয়নের মণি, তুমি আমার আত্মা'—এই-সব। তাহাদের যদি চারটি পা থাকিত, তবে তাহারা চার পায়েই হাঁটু গাড়িয়া বসিত! ইহা নিক্নষ্টতর পৌত্তলিকতা বা পৌত্তলিকতা অপেক্ষা নিরুষ্ট। পশুরা ঐরূপে হাঁটু গাড়িয়া বসিবে। একটি নারীকে 'আমার প্রাণ, আমার আত্মা' বলার অর্থ কি ? এ ভাব তো পাঁচ দিনের মধ্যেই উবিয়া যায়, এ কেবল ইক্রিয়গত আসক্তি মাত্র। তাই **যদি** না হইবে, তবে পুরুষ পুরুষের নিকট একপে হাঁটু গাড়িয়া বদে না কেন ? এই ভালবাসা স্বার্থপূর্ণ কামনা অথবা তাহা অপেক্ষা নিরুষ্ট,—কেবল একরাশ ফুলচাপা দেওয়া মাত্র। কবিরা উহার একটি স্থন্দর নামকরণ করিয়া উহার উপর **আতর গোলাপজল ছড়াইয়া দেন। তাহা হইলেও উহা স্বার্থপ**র কামনা ছাড়া আর কিছুই নয়। বৃদ্ধ বা জিনের মৃতির সমকে হাঁটু গাড়িয়া বসিয়া 'তুমিই আমার জীবনশ্বরূপ' বলা কি উহা অপেক্ষা ভাল নয়? আমি বরং শত শত বার এইরূপই করিব।

আর এক প্রকার প্রতীক আছে—পাশ্চাত্য দেশে এরপ প্রতীকোপাসনার বীকৃতি নাই, কিন্তু আমাদের শাস্ত্রে মনকে ঈশ্বররূপে উপাসনা করিতে বলা ইয়াছে, যে-কোন বস্তুকে ঈশ্বররূপে উপাসনা করা হয়, তাহাই ভগবং-প্রাপ্তির এক একটি সোপানস্বরূপ—প্রত্যেকটি আমাদিগকে ঈশ্বরের নিকটতর করিয়া দেয়। অরুদ্ধতী একটি অতি ক্ষুদ্র নক্ষত্র। যদি কেহ এ নক্ষত্র দেখিতে চায়, প্রথমে তাহাকে উহার নিকটবর্তী একটি বড় নক্ষত্র দেখাইতে হয়।

তাহাতে লক্ষ্য স্থির হইলে তাহার নিকটম্থ একটি ক্ষুত্রতর নক্ষত্র—ভারপর তদপেকা ক্ততর নক্ষত্রে লক্ষ্য স্থির হইলে অতি ক্ততর অকন্ধতী নক্ষত্র দৃষ্টিগোচর হইয়া থাকে। এইরূপে এই-সকল বিভিন্ন প্রতীক ও প্রতিমা মাহুষকে ক্রমে সেই স্ক্র ঈশ্বরের নিকট লইয়া যায়। বৃদ্ধ ও এটির উপাসনা— এ-সবই প্রতীকোপাসনা। ইহা মানবকে প্রকৃত ঈশ্বরোপাসনার সমীপে পৌছাইয়া দেয় মাত্র, কিন্তু বৃদ্ধ ও খ্রীষ্টের উপাদনা কাহাকেও মৃক্তি দিতে পারে না, এই ভাবও অতিক্রম করিয়া ঈশ্বরের নিকট যাইতে হইবে। বৃদ্ধ ও এীষ্টের ভিতর ঈশ্বরই প্রকাশিত হইয়াছিলেন, কেবল ঈশ্বরই আমাদিগকে মুক্তি দিতে পারেন। অবশ্য কিছু দার্শনিক আছেন, যাঁহারা বলেন, ইহারা প্রতীক নন, ইহাদিগকেই ঈশ্বর বলিয়া স্বীকার করা কর্তব্য। যাহা হউক, আমরা এই-দকল প্রতীক বা সোপান অবলম্বন করিতে পারি, তাহাতে আমাদের কোন ক্ষতি হইবে না। কিন্তু যদি এই-সব প্রতীকোপাসনার সময় আমরা মনে করি, আমরা ঈশ্বরোপাসনা করিতেছি, তাহা হইলে আমরা ভ্রমে পড়িব। যদি কোন ব্যক্তি যীশুগ্রীষ্টের উপাসনা করে ও মনে করে, দে উহা দ্বারাই মৃক্ত হইবে, দে সম্পূর্ণ ভ্রাস্ত। স্বদি কেহ মনে করে যে, ভূত-প্রেতের উপাদনা করিয়া বা কোন মৃতি পূজা করিয়া ভাহার মৃক্তি হইবে, তবে সে সম্পূর্ণ ভ্রান্ত। ধে-কোন বম্বর ভিতর ঈশ্বর দর্শন করিয়া তাঁহাকে উপাসনা করিতে পারেন। মূর্তি ভূলিয়া দেখানে ঈশবকে দেখুন। ঈশবে অভ কিছু আরোপ করিবেন না, কিন্তু যে-কোন বস্তুতে ইচ্ছা ঈশ্বরভাব প্রবেশ করান। যে সাকার মূর্তি উপাদনা করেন, তাহার মধ্যে ঈশ্বরকে সীমাবদ্ধ করিবেন না। বরং যাহা কিছু উপাসনা করেন, সে সব কিছু ঈশবভাবে পূর্ণ করিয়া দিন। এভাবে একটা বিড়ালের মধ্যেও আপনি ঈশবের উপাদনা করিতে পারেন। বিড়ালকে ভূলিয়া সেথানে ঈশরকে প্রতিষ্ঠিত কঙ্গন, ভাষা হইলেই সব ঠিক হইয়া ষাইবে, কারণ তাঁহা হইতেই সব কিছু আসিয়াছে। তিনিই দব কিছুতে। একখানি চিত্রকে ঈশবররূপে উপাদনা করা যায়, কিভ ঈশ্বরকে চিত্ররূপে উপাসনা করা ভূল। চিত্রে ঈশ্বরচিস্তা করা খুবই ঠিক, কিন্তু চিত্রকেই ঈশর মনে করা ভূল। বিড়ালের মধ্যে ঈশর দর্শন করা তো খুব ভাল কথা—তাহাতে কোন বিপদাশঙ্কা নাই। ঈশবের প্রতিমা প্রতী^ক মাত্র। ইহাই ভগবানের ষথার্থ উপাদনা।

অতঃপর ভক্তিযোগে প্রধান আলোচ্য বিষয়—শবশক্তি বা নামশক্তি। সমগ্র জগৎ নামরপাত্মক। হয় জগং নাম ও রপের সমষ্টি অথবা ভধু নাম, এবং উহার রূপ কেবল একটি মনোময় মূর্ভি। স্বতরাং ফলে এই দাঁড়াইতেছে যে, এমন কিছুই নাই, ষাহা নামরূপাত্মক নয়। আমরা সকলেই বিখাদ করি, ঈশ্বর নিরাকার; কিন্তু যখনই আমরা তাঁহার চিন্তা করিতে যাই, তখনই তাঁহাকে নামরূপযুক্ত ভাবিতে হয়। চিত্ত যেন একটি স্থির হ্রদের তুল্য, চিস্তাদমূহ যেন ঐ চিত্তহ্রদের তরঙ্গ আর এই-দকল তরঙ্গের স্বাভাবিক আবির্ভাব-প্রণালীকেই 'নামরূপ' বলে। 'নামরূপ' ব্যতীত কোন তর্ত্বই উঠিতে পারে না। যাহা কিছু একরূপমাত্র, তাহা চিস্তা করিতে পারা যায় না। উহা অবশুই চিস্তার অতীত, কিন্তু ষ্থনই উহা চিস্তা ও জড়পদার্থে পরিণত হয়, তখনই উহার নামরূপ চাই-ই চাই। আমরা উহাদিগকে পূথক্ করিতে পারি না। অনেক গ্রন্থে দেখিতে পাওয়া যায়, 'শব্দ' হইতে ঈশ্বর এই জ্বগৎ স্ষ্টি করিয়াছেন। খ্রীষ্টানগণের একটা মত আছে—শব্দ হইতে জগৎ স্ষষ্টি হইয়াছে। সংস্কৃত ভাষায় উহারই নাম 'শব্দবন্ধবাদ'। উহা একটি প্রাচীন ভারতীয় মত; ভারতীয় ধর্মপ্রচারকগণ কর্তৃক ঐ মত আলেকজান্দ্রিয়ায় নীত হয় এবং সেথানে ঐ ভাব রোপণ করা হয়। এইরূপে সেথানে শব্দবন্ধবাদ ও অবতারবাদ প্রতিষ্ঠিত হইয়াছে। শব্দ হইতে ঈশ্বর সমৃদয় সৃষ্টি করিয়াছিলেন —এ-কথার গভীর **অর্থ** আছে। ঈশ্বর যখন স্বয়ং নিরাকার, তখন স্বষ্টি ব্যাখ্যা করিবার ইহাই শ্রেষ্ঠ উপায়। স্বষ্ট শব্দের অর্থ—বাহিরে প্রক্ষেপ করা, বিস্তার করা। স্থতরাং ঈশ্বর শৃত্ত হইতে জগং নির্মাণ করিলেন, এই প্রলাপের অর্থ কি ? ঈশর হইতে জগৎ প্রক্রিপ্ত হইয়াছে। তিনিই জগদ্রপে পরিণত হন, আর সবই তাঁহাতে ফিরিয়া আসে, আবার বাহির হয়, আবার ফিরিয়া আসে। অনস্ত কাল ধরিয়া এইরূপ চলিবে। আমরা দেখিয়াছি, আমাদের মন হইতে যে-কোন ভাবের স্বষ্ট হয়, তাহা নামরূপ ব্যতীত হইতে পারে না। মনে করুন, আপনাদের মন সম্পূর্ণ স্থির রহিয়াছে, উহা একেবারে চিস্তাহীন হইয়াছে। যথনই চিস্তার আরম্ভ হইবে, উহা অমনি নাম ও রূপকে আশ্রম্ম করিতে থাকিবে। প্রত্যেক চিস্তা বা ভাবেরই একটি নির্দিষ্ট নাম ও একটি নির্দিষ্ট রূপ আছে। স্থতরাং সৃষ্টি বা বিকাশের ব্যাপারটাই অনস্তকাল ধরিয়া নামরূপের সহিত জড়িত। অতএব আমরা দেখিতে পাই, মাহুষের যত

প্রকার ভাব আছে অথবা থাকিতে পারে, তাহার প্রতিরূপ একটি নাম বা শব্দ অবশ্রুই থাকিবে। তাই ষদি হইল, তবে যেমন আপনার দেহ আপনার মনের বহিমুখি বা সুল বিকাশ, তেমনি এই জগৎও মনেরই বিকাশ, ইহা সহজেই মনে করা ৰাইতে পারে। আর ইহা যদি সত্য হয় যে, সমগ্র জগৎ একই নিয়মে গঠিত, তাহা হইলে একটি পরমাণুর গঠনপ্রণালী জানিতে পারিলে আপনি সমগ্র জগতের গঠনপ্রণালীই জানিতে পারিবেন। আপনাদের শরীরের স্থূল ভাগ এই স্থূল দেহ, আর চিস্তা বা ভাব উহারই অভ্যস্তরে স্ক্রভর ভাগ। এ-ছটি চিরদিন অবিচ্ছেন্ত। ইহা আপনারা প্রতিদিনই দেখিতে **পান। কোন** ব্যক্তির মন্তিকে যথন বিশৃঙ্খলা উপস্থিত হয়, তাহার চিস্তা বা ভাবসমূহও অমনি বিশৃঙ্খল হইতে থাকে। কারণ ঐ তুইটি একই বস্তু—একই বস্তুর স্থুল ও স্ক্ষভাগ মাত্র। মন ও জড়বস্তু বলিয়া হুইটি পৃথক্ পদার্থ নাই। একটি উচ্চ বায়ুস্তস্তে যেমন একই বায়ুর ঘন ও পাতলা শুর পর পর পাওয়া যায়— এবং বায়ুমণ্ডলের ষতই উর্ধে যাওয়া যায়, তত্ই উহা স্ক্ষতর হইতে থাকে— এই দেহ সম্বন্ধেও সেইরূপ। বরাবর ইহা একই বম্ব-স্থুল হইতে স্ক্র-স্থান-স্থারে স্তরে গ্রথিত রহিয়াছে। দেহটা যেন নথের মতো, নথ কাটিয়া ফেলুন, আবার নথ হইবে। বস্তু ষতই স্ক্ষতর হয়, তাহা ততই অধিক স্থায়ী হয়, সর্বকালেই ইহার সভ্যতা দেখা যায়; আবার যতই স্থুলতর হয়, উতই অস্থায়ী হইয়া থাকে। অতএব আমরা দেখিতেছি—রূপ স্থুলতর, নাম সৃক্ষতর। ভাব, নাম ও রূপ—এই ভিনটি কিন্তু একই বস্তু ; একে ভিন, ভিনে এক ; একই বম্বর ত্রিবিধ অবস্থা—স্ক্ষতর, কিঞ্চিং ঘনীভূত ও সম্পূর্ণ ঘনীভূত। একটি থাকিলে অপরগুলিও থাকিবেই। যেখানে নাম, সেথানেই রূপ ও ভাব বর্তমান। স্বতরাং দহজেই ইহা প্রতীত হইতেছে বে, এই দেহ যে নিয়মে িনিৰ্মিত, এই ব্ৰহ্মাণ্ড যদি সেই একই নিয়মে নিৰ্মিত হয়, তবে ইহাতেও নাম রূপ ও ভাব—এই তিনটি জিনিস অবশ্য থাকিবে। চিস্তা বা ভাবই ব্রহ্মাণ্ডের স্ক্রতম অংশ, উহাই জগতের প্রকৃত প্রেরণাশক্তি এবং উহাকেই ঈশ্বর বলে। আমাদের দেহের অন্তর্যামী ভাবকে 'আত্মা' এবং জগতের অন্তর্যামী ভাবকে 'ঈশ্বর' বলে। তারপর 'নাম', এবং সর্বশেষে 'রূপ'—যাহা আমরা দর্শন-স্পর্দন করিয়া থাকি। ষেমন আপনি একজন নির্দিষ্ট ব্যক্তি, এই ব্রহ্মাণ্ডের মধ্যে একটি কুত্র ব্রহ্মাণ্ড, আপনার দেহের একটি নির্দিষ্ট রূপ আছে, আবার

ভাহার শ্রীঅমৃক বা শ্রীমভীঅমৃক প্রভৃতি বিভিন্ন নাম আছে, ভাহার পশ্চাভে আবার ভাব—অর্থাৎ যে চিন্তা বা ভাবসমষ্টির প্রকাশে এই দেহ নির্মিত— তাহা রহিয়াছে; দেইরূপ এই অনস্ত ত্রন্ধাণ্ডের অস্তরালে নাম রাহয়াছে, আর সেই নাম হইতেই এই বহিৰ্জ্ঞগৎ স্বষ্ট বা বহিৰ্গত হইয়াছে। সকল ধৰ্ম এই নামকৈ শব্দবন্ধ বিশ্বা থাকে। বাইবেলে লিখিত আছে—'আদিতে শব্দ ছিল, সেই শব্দ ঈশবের সহিত যুক্ত ছিল, সে শব্দই ঈশব ।' সেই নাম হইতে রূপের প্রকাশ হইয়াছে এবং দেই নামের পশ্চাতে ঈশ্বর আছেন। এই সর্বব্যাপী ভাব বা চেতনাকে সাংখ্যেরা 'মহৎ' আখ্যা প্রদান করেন। এই নাম কি ? আমরা দেখিতে পাইতেছি, ভাবের দঙ্গে নাম অবখই থাকিবে। সমগ্র জগৎ সমপ্রকৃতিক, আর আধুনিক বিজ্ঞান নি:সংশয়ে প্রমাণ করিয়াছে যে, সমগ্র জগৎ যে উপাদানে নির্মিত, প্রত্যেকটি পরমাণুও সেই উপাদানে নির্মিত। আপনারা যদি এক তাল মৃত্তিকাকে জানিতে পারেন, তবে সমগ্র বন্ধাণ্ডকেই জানিতে পারিবেন। ' সমগ্র জগৎকে জানিতে হইলে কেবল একটু মাটি লইয়া উহাকে বিশ্লেষণ করিয়া দেখিলেই হইবে। যদি আপনারা একটি টেবিলকে সম্পূর্ণরূপে—সব দিক দিয়া উহাকে জানিতে পারেন, তাহা হইলে আপনারা সমগ্র জগৎকে জানিতে পারিবেন। সমগ্র ব্রহ্মাণ্ডের মধ্যে মাতুষ স্ঠির শ্রেষ্ঠ প্রতিনিধি-মাহ্র্যই স্বয়ং ক্রুব্রন্ধাওস্বরূপ। স্ক্রাং মাহ্র্যের মধ্যে আমরা রূপ দেখিতে পাই, তাহার পশ্চাতে নাম, তৎপশ্চাতে ভাব---অর্থাৎ মননকারী পুরুষ রহিয়াছেন। অতএব এই বৃহৎ ব্রহ্মাণ্ডও অবশ্রই সেই একই নিয়মে নির্মিত। প্রশ্ন এই—নাম কি? হিন্দুদের মতে এই নাম বা শব্দ—ওঁ। প্রাচীন মিশরবাদিগণও তাহাই বিশ্বাস করিত।

যাঁহাকে লাভ করিবার ইচ্ছা করিয়া সাধক ব্রহ্মচর্য পালন করেন, আমি সংক্ষেপে তাহাই বলিব—তাহা ওঁ।

ইনিই অক্ষর অপরএক্ষ, ইনিই অক্ষর পরএক্ষ। এই অক্ষরের—ওকারের রহস্ত জানিয়া যিনি যাহা ইচ্ছা করেন, তিনি তাহাই লাভ করিয়া থাকেন।

১ ছান্দোগ্য উপ., ৬1১:৪

যদিদ্দক্তো ব্রহ্মচর্যং চরস্তি
 তত্তে পদং সংগ্রহেশ ব্রবীম্যোমিত্যেতং ।—কঠ উপ..

৩ এতজ্যেবাক্ষরং ব্রহ্ম এতজ্যেবাক্ষরং পরম্। এতজ্যেবাক্ষরং জ্ঞান্তা যো যদিছাতি তত্ত তং।—কঠ উপ..

ওয়ার সমগ্র ব্রহ্মাণ্ডের প্রতীক, ঈশরেরও প্রতীক! ইহা বহির্জ্মণ ও ঈশরের মধ্যবর্তী, উভয়েরই প্রতিভূ! এখন আমরা জগতের বিভিন্ন খণ্ড খণ্ড ভাবগুলি সম্বন্ধে আলোচনা করিব। এই সমগ্র জগণকৈ সমষ্টিভাবে না ধরিয়াও আমরা জগণটাকে বিভিন্ন ইন্দ্রিয়—যথা স্পর্শ, রূপ, রূপ ইত্যাদিণ অমুসারে এবং অক্যান্ত নানা প্রকারে খণ্ড খণ্ড ভাবে গ্রহণ করিতে পারি। প্রত্যেক স্থলেই এই জগণকেই বিভিন্ন দৃষ্টি হইতে লক্ষ লক্ষ জগৎ-রূপে দেখা যাইতে পারে, আর এইরূপ বিভিন্ন ভাবে দৃষ্ট জগতের প্রত্যেকটিই স্বয়ং এক একটি সম্পূর্ণ জগৎ হইবে এবং প্রত্যেকটিরই বিভিন্ন নামরূপ ও তাহাদের পশ্চাতে একটি ভাব থাকিবে। এই ভাবগুলিই প্রতীক। আর প্রত্যেক প্রতীকের এক একটি নাম আছে। এইরূপ পবিত্র নাম বা শব্দ অনেক আছে; ভক্তিযোগীরা বিভিন্ন নামের সাধন উপদেশ দিয়া থাকেন।

এই তো নামের দার্শনিক তথ বিবৃত হইল—এখন উহার সাধনে কি ফল হয়, তাহাই বিচার্য। এই-সব নামের প্রায়্ম অনস্ক শক্তি আছে। কেবল ঐ শব্দ বা মন্ত্রগুলি জপ করিয়াই আমরা সমৃদয় বাঞ্চিত বল্ধ লাভ করিতে পারি, সিদ্ধ হইতে পারি। কিন্তু তাহা হইলেও ছইটি জিনিসের প্রয়োজন। 'আশ্চর্মো বক্তা কুশলোহস্ত লকা।'' গুরু অলোকিক শক্তিসম্পন্ন হইবেন এবং শিশ্বও সেইরূপ হইবে। এই নাম এমন ব্যক্তির নিকট হইতে পাওয়া চাই, যিনি উত্তরাধিকারস্ত্রে উহা পাইয়াছেন। অতি প্রাচীনকাল হইতে গুরু হইতে শিশ্বে আধ্যাত্মিক শক্তিপ্রবাহ আসিতেছে, এবং গুরুপরম্পরাক্রমে আসিলেই নাম শক্তিসম্পন্ন হইয়া থাকে, এবং পুনঃ পুনঃ জপ করিলে নাম অনস্কশক্তিসম্পন্ন হয়। যে ব্যক্তির নিকট হইতে এরূপ শব্দ বা নাম পাওয়া যায় তাঁহাকে গুরু বলে, আর যিনি পান তাঁহাকে শিশ্ব বলে। যদি বিধিপূর্বক এইরূপ মন্ত্র গ্রহণ করিয়া উহা পুনঃ পুনঃ অভ্যাস করা হয়, তবে সাধক ভক্তিযোগের পথে অনেকধানি অপ্রসর হইয়া রহিল। কেবল ঐ মন্ত্রের বার বার উচ্চারণে ভক্তির উচ্চতর অবস্থা আসিবে।

^{ं &}gt; कर्ठ डेभ,, अराव

'হে ভগবন্, আপনার কত নাম রহিয়াছে! আপনি জানেন, উহাদের প্রত্যেকের কি তাৎপর্য! সব নামগুলিই আপনার। প্রত্যেক নামেই আপনার অনস্তশক্তি রহিয়াছে। এই-সকল নাম উচ্চারণের কোন নির্দিষ্ট দেশকালও নাই, কারণ সব কালই শুদ্ধ ও সব' স্থানই শুদ্ধ। আপনি এত সহজ্বলভ্য, আপনি এত দয়াময়! আমি অভি তুর্ভাগা যে, আপনার প্রতি আমার অন্তরাগ জন্মিল না।''

নায়ামকারি বছধা নিজসর্বশক্তি ত্রুরার্পিতা নিয়মিতঃ ত্মরণে ন কালঃ।
 এতাদৃশী তব কুপা ভগবন্ মমাপি
 ত্রিদ্বমীদশমিহাজনি নামুরাগঃ।
 — শ্রীকৃষ্ণচৈতক্ত

ইষ্ট সম্বন্ধে পূর্ব বক্তৃতায় কিঞ্চিং আভাস দিয়াছি—আশা করি, ঐ বিষয়টি আপনারা বিশেষ মনোষোগ সহকারে আলোচন। করিবেন; কারণ ইউনিষ্ঠা সম্বন্ধে ঠিক ঠিক ধারণা হইলে আমরা জগতের ভিন্ন ভিন্ন ধর্মের ষথার্থ তাৎপর্য বুঝিতে পারিব। ('ইষ্ট' শব্দটি ইষ্-ধাতু হইতে সিদ্ধ হইয়াছে; উহার অর্থ—ইচ্ছা করা, মনোনীত করা। সুকল ধর্মের, সকল সম্প্রদায়ের, সকল মাহুষের চরম লক্ষ্য এক—মুক্তিলাভ ও সর্বত্ঃখনিবৃত্তি। ষেথানেই কোন প্রকার ধর্ম বিভ্যমান, দেখানেই এই ছুইটির একটি না একটি আদর্শ কাব্দ করিতেছে। অবশ্য ধর্মের নিম্নন্তরে ঐ ভাবগুলি তত স্পষ্টরূপে দেখা ষায় না বটে, কিন্তু স্থুম্পষ্ট হউক, আর অম্পষ্টই হউক—আমরা সকলেই ঐ চরম লক্ষ্যের দিকে অগ্রসর হইতেছি। আমরা সকলেই তুঃখ এড়াইতে চাই— প্রতিদিন আমরা যে তৃঃখ ভোগ করিতেছি, তাহা হইতে মুক্তি চাই; আমরা সকলেই মৃক্তিলাভের—দৈহিক, মানসিক ও আধ্যাত্মিক স্বাধীনতালাভের চেষ্টা করিতেছি। জগতের সকল কার্যের মৃলেই ঐ তুঃখনিবৃত্তি ও মৃজিলাভের চেষ্টা। সকলের লক্ষ্য এক, তথাপি দেখানে পৌছিবার উপায় ভিন্ন ভিন্ন এবং আমাদের প্রকৃতির বিভিন্নতা ও বৈশিষ্ট্য অহুষায়ী এই-সকল বিভিন্ন পথ বা উপায় নিরূপিত হইয়াছে। কাহারও প্রকৃতি ভাবপ্রধান, কাহারও জ্ঞানপ্রধান, কাহারও কর্মপ্রধান, কাহারও বা অম্বরূপ। একপ্রকার প্রকৃতির ভিতরেও আবার অবাস্তর ভেদ থাকিতে পারে। এখন আমরা ষে-বিষয় বিশেষভাবে আলোচনা করিতেছি, সেই ভক্তি বা ভালবাসার কথাই ধরুন। একজনের প্রকৃতিতে সন্তানবাৎসল্য প্রবল, কাহারও বা দ্বীর প্রতি ভালবাসা সমধিক, কাহারও মাতার প্রতি, কাহারও পিতার প্রতি, কাহারও বা বন্ধুর প্রতি অধিক ভালবাসা, কাহারও স্বদেশপ্রীতি অতিশয় প্রবল—আবার কিছু লোক জাতিধৰ্মদেশ-নিৰ্বিশেষে সমগ্ৰ মানবজাতিকে ভালবাদিয়া থাকেন 🕥

অবশ্য তাঁহাদের সংখ্যা অতি অল্প। আর বদিও আমরা প্রত্যেকেই এমন ভাবে কথা বলি যেন মানবন্ধাতির প্রতি নিঃস্বার্থ প্রেমই আমাদের প্রেরণাশক্তি, উহা দারাই আমাদের জীবন চালিত হইতেছে, কিন্তু বর্তমান কালে সমগ্র জগতের মধ্যে এরপ ব্যক্তি একশতের বেশী আছেন বলিয়া বোধ হয় না।
আর ক্য়েকজন মাত্র জানীই এই মানবপ্রেম প্রাণে প্রাণে অফুভব করিয়াছেন।
মানবজাতির মধ্যে অরসংখ্যক মহাজ্মাই সর্বজনীন প্রেম প্রাণে প্রাণে অফুভব
করিয়া থাকেন, এবং আমার মতো লোক তাঁহাদের সেই ভাব লইয়া প্রচার
করিয়া থাকে। জগতের সম্দয় মহৎ ভাবেরই পরিণাম এই। তবে আমর।
আশা করি, জগৎ ধেন কখন একেবারে এরপ মহাপুরুষশৃষ্য না হয়।

যাহা হউক, পূর্ব প্রান্তর অহুবৃত্তি করা যাক। আমরা দেখিতে পাই, একটি নির্দিষ্ট ভাবের চরমাবস্থায় যাইবার নানাবিধ উপায় আছে। সকল খ্রীষ্টানই খ্রীষ্টে বিশাসী, কিন্তু বিভিন্ন সম্প্রদায় তাঁহার সম্বন্ধে বিভিন্ন ব্যাখ্যা করিয়া থাকে। প্রত্যেক চার্চ তাঁহাকে বিভিন্ন আলোকে বিভিন্ন দৃষ্টিতে দেখিয়া থাকে। প্রেসবিটেরিয়ানের দৃষ্টি খ্রীষ্টের জীবনের সেই অংশে নিবদ্ধ, বেখানে তিনি পোদারদের মূলা লেনদেন করিতে দেখিয়া 'তোমরা ভগবানের মন্দির কেন অপবিত্র করিতেছ ?' বলিয়া তাহাদিগকে তাড়াইয়া দিয়াছিলেন। খ্রীষ্টকে তাঁহারা অন্তায়ের বিহুদ্ধে তীত্র আক্রমণকারিরূপে দেখিয়া থাকেন। কোয়েকারকে ক্রিজানা করিলে তিনি হয়তো বলিবেন, 'খ্রীষ্ট শক্রকে ক্রমা করিয়াছিলেন।' কোয়েকার খ্রীষ্টের ঐ ভাবটি গ্রহণ করিয়া থাকেন। আবার যদি রোম্যান ক্যাথলিককে জ্ঞাসা করেন, তাঁহার খ্রীষ্ট-জীবনের কোন্ অংশ খ্ব ভাল লাগে, তিনি হয়তো বলিবেন, 'খখন খ্রীষ্ট পিটরকে ফর্গরাজ্যের চাবি দিয়াছিলেন।' প্রত্যেক সম্প্রদায়ই খ্রীষ্টকে নিক্রের ভাবে দেখিতে বাধ্য। অতএব দেখা যাইতেছে, একই বিষয়ে কত প্রকার বিভাগ ও অবান্তর বিভাগ আছে।

অক্ত ব্যক্তিগণ এই-সব অবাস্তর বিভাগের একটিকে অবলম্বন করে এবং অপর সকল ব্যক্তির নিজ নিজ ধারণামুসারে জগং-সমস্থা ব্যাখ্যা করিবার অধিকার তাহারা শুধু যে অমীকার করে, তাহা নয়, আর সকলে একেবারে ভ্রান্ত এবং কেবল তাহারাই অভ্রান্ত, এই কথা বলিতেও তাহারা সাহসকরে। যদি কেহ তাহাদের কথার প্রতিবাদ করে, অমনি তাহারা লড়াই করিতে অগ্রসর হয়। তাহারা বলে, যে কেহ আমাদের মত বিশাস করিবেনা, তাহাকেই মারিয়া ফেলিব। ইহারাই আবার মনে করে, আমরা অকপট, আর সকলেই ভ্রান্ত ও কপট।

কিন্তু আমরা এই ভক্তিযোগে কিরুপ দৃষ্টিভন্নী অবলম্বন করিব ? অপরে ল্রান্ত নয়, শুধু এইটুকু বলিয়াই আমরা কান্ত হইতে চাই না, আমরা সকলকেই বলিতে চাই, নিজ নিজ মনোমত পথে বাহারা চলিতেছে, তাহারা সকলেই ঠিক পথে চলিতেছে। নিজ প্রকৃতির একান্ত প্রয়োজনে আপনি বে পদ্বা অবলম্বন করিতে বাধ্য হইয়াছেন, আপনার পক্ষে সেই পদ্বাই ঠিক। আমাদের মধ্যে প্রত্যেকেই আমাদের অতীত অভিজ্ঞতার ফলম্বরূপ বিশেষ বিশেষ প্রকৃতি লইয়া জন্মগ্রহণ করিয়াছি। হয় বল্ন, উহা আমাদের প্রক্রের কর্মফল, নয় বল্ন পুরুষাছ্ক্রমে আমরা ঐ প্রকৃতি পাইয়াছি। যে ভাবেই আপনারা উহা নির্দেশ কর্মন না কেন, এই অতীতের প্রভাব আমাদের মধ্যে বেরূপেই আসিয়া থাকুক না কেন, ইহা সম্পূর্ণ নিশ্চিত বে, আমরা আমাদের অতীত অবস্থার ফলম্বরূপ। এই কারণেই আমাদের প্রত্যেকের মধ্যে বিভিন্ন ভাব, প্রত্যেকের দেহমনের বিভিন্ন গতি দেখিতে পাওয়া বায়। স্বতরাং প্রত্যেককেই নিজ নিজ পথ বাছিয়া লইতে হইবে।

আমাদের প্রত্যেকেই যে বিশেষ পথের, যে বিশেষ সাধনপ্রণালীর উপবােগী, তাহাকেই 'ইট' বলে। ইহাই ইটবিষয়ক মতবাদ, এবং আমাদের নিজস্ব সাধনপ্রণালীকে আমরা 'ইট' বলিয়া থাকি। দৃটাস্কস্বরূপ, কোন ব্যক্তির ঈশরসন্বন্ধীয় ধারণা—তিনি বিশ্বক্রাণ্ডের সর্বশক্তিমান্ শাসনকর্তা। যাহার ঐরপ ধারণা, তাহার স্বভাবই হয়তো ঐরপ। হয়তো সে এক মহা অহনারী ব্যক্তি—সকলের উপর প্রভূত করিতে চায়। সে যে ঈশরকে একজন সর্বশক্তিমান্ শাসনকর্তা ভাবিবে, তাহাতে আর আশ্চর্য কি? আর একজন হয়তো বিভালয়ের শিক্ষক—কঠোরপ্রকৃতি; সে ভগবান্কে আয়পরায়ণ, শান্তি-বিধাতা প্রভৃতি গুণান্বিত হাড়া আর কিছু ভাবিতে পারে না। প্রত্যেকেই ঈশরকে নিজ প্রকৃতি অহ্নযায়ী কয়না করে, এবং আমাদের প্রকৃতি অহ্নযায়ী আমরা ঈশরকে যেরপ দেখিয়া থাকি, তাহাকেই আমাদের 'ইট' বলি। আমরা নিজদিগকে এমন এক অবস্থায় আনিয়া ফেলিয়াছি, বেখানে ঈশ্বরকে ঐরপেই, কেবল ঐরপেই দেখিতে পারি, অন্ত কোনরূপে দেখিতে পারি না। আপনি যাহার নিকট শিক্ষা লাভ করেন, তাঁহার উপদেশকেই সর্বোৎকৃট ও উপযোগী বলিয়া মনে করিয়া থাকেন। কিছ

আপনি হয়তো আপনার এক বন্ধকে তাঁহার উপদেশ শুনিতে বলিবেন—দে শুনিয়া আসিয়া বলিল, উহা অপেকা নিকৃষ্ট উপদেশ দে আর কখন শুনে নাই। সে মিখ্যা বলে নাই, তাহার সহিত বিবাদ বুখা। উপদেশ নিভূল ছিল, কিন্তু উহা সেই ব্যক্তির উপযোগী হয় নাই।

এই বিষয়টিই আর একটু বিস্তার করিয়া বলিলে বুঝা ষাইবে—বিভিন্ন দৃষ্টিভদি হইতে কোন তত্ত্ব সত্য হইতে পারে, আবার একই কালে সত্য না হইতেও পারে। আপাততঃ এই কথা স্ববিরোধী বলিয়া মনে হইতে পারে, কিন্তু আমাদিগকে শ্বরণ রাখিতে হইবে, শুধু নিরপেক্ষ সত্যই এক, কিন্তু আপেক্ষিক সত্য অবশুই নানাবিধ। দুষ্টাস্তম্বরূপ এই জগতের কথাই ধরুন। এই জগদ্রস্বাণ্ড অথণ্ড নিরপেক্ষ সত্তা হিসাবে অপরিবর্তনীয়, অপরিবর্তিত, সর্বত্র সমভাবাপন্ন, কিন্তু আপনি, আমি—প্রত্যেকেই নিজ নিজ পৃথক্ জগং দেখি, শুনি ও অহভব করি। অথবা সুর্যের কথা ধরুন। সুর্য এক, কিন্তু আপনি, আমি এবং অক্তান্ত শত শত ব্যক্তি উহাকে বিভিন্ন স্থানে দাঁড়াইয়া বিভিন্ন অবস্থায় দেখি। একটু স্থানপরিবর্তন করিলে একই ব্যক্তি পূর্বে স্থাকে ষেরপ দেখিয়াছিল, পরে আর এক রূপে দেখিবে। বায়্মগুলে দামান্ত পরিবর্তন হইলে স্থকে আর এক রূপে দেখা ষাইবে। স্তরাং বুঝা গেল, আপেকিক সত্য সর্বদাই বিবিধরণে প্রতীত হয়। নিরপেক্ষ সত্য কিন্তু এক ও অদিতীয়। এইজ্বন্ত ষ্থন দেখিবেন, ধর্মদম্বন্ধে কোন ব্যক্তি যাহা বলিতেছে, তাহার সহিত আপনার মত ঠিক মিলিতেছে না, তখন তাহার সহিত বিবাদ করিবার প্রয়োজন নাই। শ্বরণ রাখিতে হইবে, আপাতবিরোধী বলিয়া মনে হইলেও উভয়ের মতই সত্য হইতে পারে। লক্ষ লক্ষ ব্যাসার্ধ এক স্থর্যের কেন্দ্রাভিম্থে গিয়াছে। তৃইটি ব্যাদার্ধ কেন্দ্র হইতে যত দূরে, তাহাদের দূরত্ব তত অধিক; কেন্দ্রের যত নিকটবর্তী হয়, তাহাদের দূরত্ব ততই কমিয়া যায়, সকল ব্যাসার্ধ ই কেন্দ্রে মিলিত হয়, তথন দূরত্ব একেবারে তিরোহিত হয়। এইরূপ একটি কেন্দ্রই মানবজাতির চরম লক্ষ্য। ঈশ্বরই ঐ কেন্দ্র এবং আমরা ব্যাসার্ধ। আমাদের প্রকৃতিগত বাধার মধ্য দিয়াই আমরা ভগবানের দর্শন পাইতে পারি। এই স্তরে দণ্ডায়মান হইয়া আমরা নিরণেক্ষ সভ্যকে বিভিন্নভাবে দেখিতে বাধ্য। এই কারণে আমাদের সকলের দৃষ্টিভকিই সত্যা, স্তরাং কাহারও সহিত বিবাদের প্রয়োজন নাই।

বিভিন্নতারূপ সমস্তা সমাধানের একমাত্র উপায়—সেই কেন্দ্রের দিকে অগ্রসর হওয়া। আমাদের প্রত্যেকের মত বিভিন্ন। আমরা ধদি তর্কযুক্তিবা বিবাদের ধারা আমাদের মতবিরোধের মীমাংসা করিতে চেটা করি, তাহা হইলে শত শত বর্ষেও আমরা কোনরূপ সিদ্ধান্তে উপনীত হুইব না। ইতিহাসেই ইহা প্রমাণিত হইশ্বাছে। ইহার একমাত্র সমাধান অগ্রসর হওয়া—আগাইয়া যত শীঘ্র উহা করিতে পারা যায়, তত শীঘ্র আমাদের বিরোধ বা বিভিন্নতা অস্তহিত হইবে।

অতএব ইউনিষ্ঠার অর্থ প্রত্যেক ব্যক্তিকে নিজ নিজ ধর্ম নির্বাচন করিতে অধিকার দেওয়া। কেইই অপরকে তাহার নিজের উপাশ পূজা করিতে বাধ্য করিবে না। আমি ঘাঁহার উপাসনা করি, আপনি তাঁহার উপাসনা করিতে পারেন না; অথবা আপনি ঘাঁহার উপাসনা করেন, আমি তাঁহার উপাসনা করিতে পারি না। ইহা অসম্ভব। সৈক্ত, বলপ্রয়োগ বা যুক্তি ছারা মাহ্যকে দলবদ্ধ করিবার, বিশৃষ্খলভাবে একই খোঁয়াড়ে পুরিবার এবং একই ভাবে ঈশরের উপাসনা করিতে বাধ্য করার সকল চেষ্টা চিরকাল বিফল হইয়াছে ও হইবে। কারণ ইহা প্রকৃতির বিরুদ্ধে অসম্ভব চেষ্টা। শুধু তাই নয়, ইহাতে মাহ্যবের আধ্যাত্মিক উন্ধতি ব্যাহত হইবার আশহা আছে। এমন নরনারী একটিও দেখিতে পাইবেন না, যে কোন এক প্রকার ধর্মের জন্ম চেষ্টা না করিতেছে; কিস্ত কয়জন লোক তৃপ্ত হইয়াছে! অথবা খুব কম লোকই বাস্তবিক ধর্ম বিন্মা কিছু লাভ করিয়াছে! কেন?—কারণ অধিকাংশ লোক অসম্ভবকে সম্ভব করিবার চেষ্টা করিতেছে। অপরের হুকুমে জ্বোর করিয়া তাহাকে একটা ধর্মপদ্ধতি অবলম্বন করানো হইয়াছে।

দৃষ্টাস্তস্বরূপ: আমি যথন ছোট ছিলাম, আমার বাবা তথন একখানি ছোট বই আমার হাতে দিয়া বলিলেন—ঈশ্বর এই রকম, এই জিনিস এই রকম। আমার মনে ঐসব ভাব চুকাইয়া দিবার তাঁহার কি প্রয়োজন ছিল? আমি কি ভাবে উন্নতি লাভ করিব, তাহা তিনি কিরূপে জানিলেন? আমার প্রকৃতি অহুসারে আমি কিরূপে উন্নতি লাভ করিব; তাহার কিছু না জানিয়াই তিনি আমার মাথায় তাঁহার ভাবগুলি জোর করিয়া চুকাইয়া দিবার চেষ্টা করেন; আর তাহার ফল এই হয় যে, আমার উন্নতি বাধা প্রাপ্ত হয়। আপনায়া একটি গাছকে উহার পক্ষে অহুপধোগী মৃত্তিকার উপর বসাইয়া কথন বড় করিছে

পারেন না। যে দিন আপনারা শৃষ্টের উপর বা প্রতিকৃল মৃত্তিকায় গাছ জন্মাইতে সক্ষম হইবেন, সেই দিন আপনারা একটি ছেলের প্রকৃতির দিকে লক্ষ্য না রাখিয়া জোর করিয়া ভাহাকে আপনাদের ভাব শিখাইতে পারিবেন।

(শিশু নিজে নিজেই শিথিয়া থাকে। তবে তাহাকে তাহার নিজের ভাবে উন্নতি করিতে আপনারা সাহাষ্য করিতে পারেন। সাক্ষাৎভাবে কিছু দিয়া আপনারা তাহাকে সাহাষ্য করিতে পারেন না, তাহার উন্নতির বিদ্বগুলি দ্র করিয়া পরোক্ষ ভাবে সাহায্য করিতে পারেন। নিজ্ঞ নিয়মাত্মসারেই জ্ঞান তাহার মধ্যে প্রকাশিত হইয়া থাকে। মাটিটা একটু খুঁড়িয়া দিন, যাহাতে অঙ্কুর সহজে বাহির হইতে পারে; চারিদিকে বেড়া দিয়া দিতে পারেন, যেন কোন জীব জন্ত চারাটি না খাইয়া ফেলে; এইটুকু দেখিতে পারেন যে, অতিরিক্ত হিমে বা বর্ধায় যেন উহা একেবারে নষ্ট হইয়া না ষায়—ব্যস্, আপনার কাজ এখানেই শেষ। উহার বেশী আপনি আর কিছু করিতে পারেন না। বাকীটুকু অন্তর্নিহিত প্রকৃতির বহির্বিকাশ। শিশুর শিক্ষা সম্বন্ধেও এইরপ। শিশু নিজে নিজেই শিক্ষা পায়। আপনারা আমার বকৃতা শুনিতে আসিয়াছেন ; যাহা শিখিলেন, তাহা বাড়ি গিয়া নিজ মনের চিম্ভা ও ভাবগুলির সহিত মিলাইয়া দেখুন; দেখিবেন, আপনারাও ঠিক সেই ভাবে চিন্তা করিয়াছেন, আমি সেইগুলি স্পষ্টভাবে ব্যক্ত করিয়াছি মাত্র। আমি কোন কালে আপনাদিগকে কিছু শিখাইতে পারি না। আপনারা নিজেরাই নিজেদের শিখাইবেন—হয়তো আমি সেই চিন্তা, সেই ভাব স্পষ্টরূপে ব্যক্ত করিয়া আপনাদিগকে একুটু সাহাষ্য করিতে পারি। ধর্ম-রাজ্যে এ-কথা আরও সত্য। নিজে নিজেই ধর্ম শিখিতে হইবে)

আমার মাথায় কতকগুলি বাজে ভাব ঢুকাইয়া দিবার কি অধিকার আমার পিতার আছে? শিক্ষকেরই বা এই-সব ভাব আমার মাথায় ঢুকাইয়া দিবার কি অধিকার আছে? এ-সব জিনিস আমার মাথায় ঢুকাইয়া দিবার কি অধিকার সমাজের আছে? হয়তো ওগুলি ভাল ভাব, কিন্তু ওগুলি আমার পথ না হইতে পারে। লক্ষ লক্ষ নিরীহ শিশুকে ভূলপথে শিক্ষা দিয়া নই করা হইতেছে—জগতে আজ কি ভয়াবহ অমঙ্গল রাজত্ব করিহতছে, ভাব্ন দেখি! কত কত স্থন্দর ভাব, বেগুলি অভূত আধ্যাত্মিক সত্য হইয়া দাড়াইত—সেগুলি বংশগত ধর্ম, সামাজিক ধর্ম, জাতীয় ধর্ম প্রভৃতি ভয়ানক

ধারণাগুলি ছারা অভ্রেই নষ্ট হইয়া গিয়াছে! ভাবুন দেখি, এখনও আপনাদের মস্তিক্ষে আপনাদের শৈশবের ধর্ম, আপনাদের দেশের ধর্ম সম্বন্ধে কি রাশীকৃত কুসংস্কার রহিয়াছে! ভাবন দেখি, ঐ-সকল কুসংস্কার আপনাদের কত অনিষ্ট করিয়াছে! আপনারা আবার সেইগুলি দিয়া আপনাদের ছেলেমেয়েকে নষ্ট করিতে উন্তত রহিয়াছেন। মাহুৰ অপরের কতটা অনিষ্ট করিয়া থাকে ও করিতে পারে, তাহা দে জানে না। জানে না—তা একরূপ ভালই বলিতে হইবে; কারণ একবার ধদি সে তাহা বুঝিত, তবে তথনই আত্মহত্যা করিত। প্রত্যেক চিম্বা ও প্রত্যেক কাজের পিছনে কি প্রবল শক্তি রহিয়াছে, মাহুষ তাহা জানে না। এ কথা অতি সভ্য ষে, 'দেবভারা ষেখানে ষাইতে সাহস করেন না, নির্বোধেরা সেদিকে বেগে আগাইয়া যায়।' গোড়া হইতেই এ-বিষয়ে সাবধান হইতে হইবে। কিরূপে ?--এই 'ইউনিষ্ঠা' বারা। নানাপ্রকার আদর্শ রহিয়াছে। আপনার কি আদর্শ হওয়া উচিত, এ সম্বন্ধে কিছু বলিবার কোন অধিকার আমার নাই—জোর করিয়া কোন আদর্শ আপনার উপর চাপাইয়া দিবার অধিকার আমার নাই। আমার কর্তব্য---আপনার সমূধে এই-সব আদর্শ তুলিয়া ধরা—যাহাতে আপনি ব্ঝিতে পারেন, কোন্টা আপনার ভাল লাগে, কোন্টা আপনার পক্ষে সম্পূর্ণ উপযোগী, এবং কোন্টা আপনার প্রকৃতিসঙ্গত। যেটি আপনার পক্ষে সর্বাপেক্ষা উপযোগী, সেটি গ্রহণ করুন, এবং সেই আদর্শ লইয়া ধৈর্যের সহিত সাধন করুন। এটিই আপনার ইষ্ট, আপনার বিশেষ আদর্শ 🖟

অতএব আমরা দেখিতেছি, দল বাঁধিয়া কখন ধর্ম হইতে পারে না ধর্মের প্রকৃত দাধনা প্রত্যেকের নিজের নিজের কাজ। আমার নিজের একটা ভাব আছে—পরম পবিত্র জ্ঞানে উহা আমাকে গোপন রাখিতে হইবে; কারণ আমি জানি, ওটি আপনার ভাব না হইতে পারে। দ্বিতীয়তঃ সকলকে আমার ভাব বলিয়া বেড়াইয়া তাহাদের অশাস্তি উৎপাদন করিব কেন? তাহারা আসিয়া আমার সহিত বিবাদে প্রবৃত্ত হইবে। আমার ভাব তাহাদের নিকট প্রকাশ না করিলে তাহারা আমার সহিত বিবাদ করিতে পারিবে না, কিন্তু বদি আমার ভাব এইরূপে বলিয়া বেড়াই, তবে তাহারা সকলেই আমার বিরুদ্ধে দাঁড়াইবে। অতএব বলিয়া বেড়াইয়া ফল কি ? এই ইট্ট প্রত্যেকেরই

গোপন রাখা উচিত; উহা আপনি জানিবেন, এবং আপনার ভগবান্ জানিবেন। ধর্মের ভাত্তিক ভাব বা সভবাদগুলি সর্বদাধারণের নিকট প্রচার করা ঘাইতে পারে, সমবেত মগুলীর নিকট প্রকাশ করা ঘাইতে পারে, কিন্তু উচ্চতর ধর্ম অর্থাৎ সাধন-রহস্ত সর্বসাধারণের নিকট প্রচার করা ঘাইতে পারে না; কেহ বলা মাত্র পাঁচ মিনিটের মধ্যে আমি আমার ধর্মভাবগুলি জাগাইয়া তুলিতে পারি না)।

সমবেতভাবে উপাদনারূপ এই হাস্তকর অষ্ঠানের ফলে হইতেছে কি?
ইহা ধর্ম লইয়া উপহাদ করা—ঘোরতম ঈশ্বনিন্দা। আধুনিক গির্জাগুলিতে
ইহার ফল প্রত্যক্ষ। মানবপ্রকৃতি কভ আর এই নিয়মের ওঠ-বদ দফ্
করিবে? এখনকার গির্জার ধর্ম দেনানিবাদে দৈক্তগণের কদরতের মতো হইয়া
দাড়াইয়াছে। বন্দুক কাঁধে তেলি, হাঁটু গাড়ো, বই হাতে কর—সব ধরাবাধা।

ছ-মিনিট ভাব-ভক্তি, ছ-মিনিট জ্ঞান-বিচার, ছ-মিনিট প্রার্থনা—দব পূর্ব
হইতেই ঠিক করা। এ অতি ভয়াবহ ব্যাপার—গোড়া হইতেই এ-বিষয়ে
দাবধান হইতে হইবে। এই-সব ধর্মের বিক্বত অফ্করণ ও হাস্তকর অফ্রান
এখন আদল ধর্মকে বিভাড়িত করিয়া বিদয়া আছে; আর বিদ কয়েক
শতালী ধরিয়া এইরূপ চলে, তবে ধর্ম একেবারে লোপ পাইবে। গির্জাগুলি
মত খুশি মভামত, দার্শনিক তত্ত্ব প্রচার করুক, কিন্তু উপাদনার—আদল
দাধনার সময় আদিলে বীশু যেমন বলিয়াছেন, দেরূপ করিতে হইবে। প্রার্থনার
দময় তোমার নিভৃত কক্ষে প্রবেশ করিয়া ঘার ক্ষদ্ধ কর, এবং গোপনে
বিরাজমান তোমার স্বর্গীয় পিতার নিকট প্রার্থনা কর।

ইহাই ইইনিষ্ঠা। প্রত্যেকিকে যদি নিজের প্রকৃতি অথুষায়ী ধর্ম সাধন করিতে হয়, যদি অপরের সহিত বিবাদ এড়াইতে হয় এবং যদি আধ্যাত্মিক জীবনে যথার্থ উন্নতিলাভ করিতে হয়, তবে এই ইইনিষ্ঠাই তাহার একমাত্র উপায়। কিন্তু আমি আপনাদের সাবধান করিয়া দিতেছি, আপনারা যেন আমার কথার এরপ ভূল অর্থ ব্যিবেন না যে, আমি গুপুসমিতি-গঠন সমর্থন করিতেছি। যদি শয়ভান কোথাও থাকে, ভবে গুপুসমিতিগুলির ভিতরেই তাহাকে খুঁজিব। গুপুসমিতিগুলি পৈশাচিক পরিকল্পনা।

ইট পবিত্র ভাব, ইহা কিছু গুপ্ত ব্যাপার নয়; কিন্তু কি অর্থে ? অগ্রের নিকট মিল্ল ইটের কথা কেন বলিধ না ? কারণ নিজের প্রাণের বন্ধ বলিয়া উহা পরম পবিত্র। উহার দারা অপরের সাহায্য হইতে পারে, কিন্তু উহা দারা যে অপরের অনিষ্ট হইবে না, তাহা জানিবে কি করিয়া? কোন ব্যক্তির প্রকৃতি এইরূপ হইতে পারে দে, সে ব্যক্তিভাবাপর বা সগুণ ঈশরের উপাসনা করিতে পারে না, সে কেবল নিগুণ ঈশরের—নিজ উচ্চতম স্বরূপের উপাসনা করিতে পারে। মনে করুন, আমি তাহাকে আপনাদের মধ্যে ছাড়িরা দিলাম, এবং দে বলিতে লাগিল—একজন ব্যক্তিভাবাপর বা সগুণ ঈশর বলিয়া কিছু নাই, কিন্তু তুমি বা আমি সকলের মধ্যেই আত্মস্বরূপ একমাত্র ঈশর আছেন। আপনারা ইহাতে প্রাণে আঘাত পাইবেন—চমকিয়া উঠিবেন। তাহার ঐ ভাব পরম পবিত্র বটে, কিন্তু উহা গোপন রহিল না।

কোন বড ধর্ম বা শ্রেষ্ঠ আচার্য ঈশ্বরের সত্য প্রচারের জন্য কখনও গুপ্তদমিতি প্রতিষ্ঠা করেন নাই। ভারতে এরপ কোন গুপ্তদমিতি নাই, এগুলি পাশ্চাত্য ভাব—এথন ঐগুলি ভারতের উপর চাপাইবার চেষ্টা হইতেছে! আমরা এ-সব গুপ্তসমিতি সম্বন্ধে কোন কালে কিছু জানিতাম না, আর ভারতে এই গুপ্তদমিতি থাকিবার প্রয়োজনই বা কি ? ইওরোপে কাহাকেও চার্চের মতের বিরোধী ধর্ম সম্বন্ধে একটি কথা বলিতে দেওয়া হইত না। সেই কারণে গরীব বেচারারা নিজেদের মনোমত উপাসনার জন্ম পাহাড়ে জন্মলে লুকাইয়া ্গুপ্তসমিতি গঠন করিতে বাধ্য হইয়াছিল। ভারতে কিন্তু ধর্মবিষয়ে ভিন্ন মত অবলম্বন করার দক্ষন কখনও কাহার উপর অত্যাচার করা হয় নাই। কখনও গুপ্ত ধর্মসমিতি ছিল না, স্থতরাং ঐরপ কোন ধারণা আপনারা একেবারেই ছাড়িয়া দিবেন। ঐ-সব সমিতির ভিতর গলদ ঢুকিয়া অতি ভয়াবহ ব্যাপারে পরিণত হয়। (এ পৃথিবীর [®]ষতটুকু আমি দেখিয়াছি, তাহাতে ৰথেই অভিজ্ঞতা আছে, তাহাতেই আমি জানি, এই-সব গুপ্তসমিতি কত অনিষ্টের মূল। কত সহজে এগুলি বাধাহীন প্রেমসমিতি ও ভুতুড়ে-সমিতি হইয়া দাঁড়ায়। অপর নরনারীর হাতের পুতৃত হইয়া নিজেদের জীবনটা এবং ভবিশ্বতে তাহাদের মানসিক উন্নতির সম্ভাবনা একেবারে নষ্ট করিয়া ফেলে। এই-সব বলিতেছি বলিয়া, আপনাদের মধ্যে কেহ কেহ আমার উপর অসম্ভষ্ট হইতে পারেন, কিন্তু আমাকে সত্য বলিতে হইবে। আমার সারা জীবনে হয়তো পাঁচ-সাভ জন নরনারী আসার কথা শুনিয়া চল্কিবে— কিন্তু এই কয় জন বেন পবিত্ৰ, অকপট ও খাটি হয়, আমি লোকেন্দ্ৰ ক্লিড় চাই

না। কভঁকগুলি লোক জড়ো হইয়া কি করিবে ? মৃষ্টিমেয় কয়েকজন লোকের বারাই জগতের ইতিহাদ রচিত হইয়াছে—অবশিষ্টগুলি তো উচ্চুখাল জনতা। এই-সমস্ত গুপুসমিতি ও বৃঙ্গুককি নরনারীকে অপবিত্র, হুর্বল ও সঙ্কীর্ণ করিয়া ফেলে; এবং হুর্বল ব্যক্তিদের ইচ্ছাশক্তি নাই, স্থতরাং তাহারা কখন কোন কাজ করিতে পারে না। অভএব গুপুসমিতিগুলির সংশ্রবে থাকিবেন না। মনে এ-সব প্রাপ্ত রহস্থপ্রিয়তা উদিত হইবামাত্র একেবারে নষ্ট করিয়া ফেলিতে হইবে। বে এতটুকু অপবিত্র, সে কখনও ধার্মিক হইতে পারে না। একরাশ ফুল দিয়া পচা ঘাকে ঢাকিয়া রাখিতে চেটা করিবেন না। আসনারা কি মনে করেন—ভগবান্কে ঠকাইতে পারিবেন ? কেহই পারে না। আমি অকপট নরনারী চাই, ঈশর আমাকে এই-সব ভূত, উভ্স্ত দেবদ্ত ও শয়তান হইতে রক্ষা করুন। সাদাদিদে সাধারণ মান্থ্য হউন।

অন্তান্ত প্রাণীর মতো আমাদের ভিতরেও সহজাত সংস্কারগুলি—দেহের যে-সকল ক্রিয়া আমাদের অজ্ঞাতসারে আপনা-আপনি হইয়া যার, সেইগুলি ইহার উদাহরণ। ইহা অপেক্ষা আরও এক উচ্চতর বৃত্তি আমাদের আছে—তাহাকে যুক্তি বা বিচারবৃদ্ধি বলা যার, এই বৃদ্ধি নানা বিষয় গ্রহণ করিয়া সেইগুলি হইতেই একটি সাধারণ সিদ্ধান্তে উপনীত হয়। ইহা অপেক্ষা জ্ঞানের আর এক উচ্চতর অবস্থা আছে—তাহাকে প্রাতিভ-জ্ঞান বলে। উহাতে আর যুক্তিবিচারের প্রয়োজন হয় না, কিন্তু সহসা হৃদয়ে জ্ঞানের বিকাশ হইরা থাকে। ইহাই জ্ঞানের উচ্চতম অবস্থা। কিন্তু সহদাত সংস্কার হইতে ইহার প্রভেদ কিরপে বৃদ্ধিতে পারা যায় ? ইহাই মুশকিল। আজকাল প্রত্যেকেই আপনার নিকট আদিয়া বলিবে, আমি প্রাতিভ বা দিব্যক্ষান লাভ করিয়াছি, এবং অভিলৌকিক দাবি উপস্থিত করে। তাহারা বলে, 'আমি দিব্যপ্রেরণা লাভ করিয়াছি—আমার জন্ত একটা বেদী নির্মাণ করিয়া দাও, আমার কাছে আদিয়া সব জড়ো হও, আমার পূজা কর।'

দিব্যপ্রেরণা ও প্রভারণার মধ্যে পার্থক্য কিরূপে বুঝা ষাইবে? প্রথমতঃ
দিব্যক্ষান কথনও যুক্তিবিরোধী হইবে না। বৃদ্ধাবদা শৈশবের বিরোধী নয়,
উহার বিকাশমাত্র। এইরূপে আমরা যাহাকে প্রাভিত বা দিব্যক্ষান বলি,
তাহা যুক্তিবিচারজনিত জ্ঞানের বিকাশমাত্র। যুক্তিবিচারের ভিতর দিয়াই
দিব্যক্ষানে পৌছিতে হয়। দিব্যক্ষান কথনই যুক্তির বিরোধী হইবে না।

যদি হয়, তবে উহাকে টানিয়া দূরে ফেলিয়া দিন। আপনার অঞ্জাতে দেহের খাভাবিক সহজাত গতিগুলি তো যুক্তির বিরোধিতা করে না। রান্তা শার হুইবার সময় যাহাতে গাড়ি চাপা না পড়িতে হয়, সেজগু অজ্ঞাতসারে আপনার দেহের গতি কিরুপ হইয়া থাকে ? আপনার মন কি বলৈ, দেহকে এক্লপে রক্ষা করা নির্বোধের কাজ হইয়াছে? কথনই বলে না। প্রকৃত প্রেরণা কখনও যুক্তির বিরোধী হয় না। যদি হয়, তবে উহা প্রেরণা নয়, বুজুরুকি। দ্বিতীয়তঃ এই দিব্যপ্রেরণা সকলের কল্যাণকর হওয়া চাই। নাম ৰশ বা ব্যক্তিগত লাভ ধেন উহার উদ্দেশ্য না হয়। উহা ঘারা সর্বদাই জগতের—সমগ্র মানবের কল্যাণই হইবে। দিব্যপ্রেরণা সম্পূর্ণ নিঃস্বার্থ হইবে। যদি এই লক্ষণগুলি মিলে, তবে অনায়াদে উহাকে প্রেরণা বা প্রাতিভ-জ্ঞান বলিয়া গ্রহণ করিতে পারেন। সর্বদা স্মরণ রাখিতে হইবে, জগতের বর্তমান অবস্থায় দশ লক্ষের মধ্যে একজনেরও এই দিব্যজ্ঞান লাভ হয় কি না সন্দেহ। আমি আশা করি, এইরূপ লোকের সংখ্যা বর্ধিত হইবে, এবং আপনার। প্রত্যেকেই এইরূপ দিব্যপ্রেরণাসম্পন্ন হইবেন। এখন তো জামরা ধর্ম লইয়া ছেলেখেলা করিভেছি মাত্র, এই দিব্যপ্রেরণা হইলেই आभाष्मित यथार्थ धर्म आत्रस ट्हेर्त। स्मण्डे भन स्यमन विद्याहित्नन, 'এখন আমরা অস্বচ্ছ কাচের ভিত্তর দিয়া অস্পষ্টভাবে দেখিতেছি, কিন্তু তখন সামনা-সামনি দেখিব।' জগতের বর্তমান অবস্থায় এরূপ লোকের সংখ্যা অভি वित्रम ।)

কিন্ত এখন ষেরপ জগতে 'আমি দিব্যপ্রেরণা লাভ করিয়াছি' বলিয়া মিথা দাবি শুনা যায়, এরপ আর কখনই শুনা যার নাই, এবং লোকে বলিয়া থাকে, মেয়েদের দিব্যপ্রেরণাশক্তি আছে এবং পুরুষেরা যুক্তিবিচারের মধ্য দিয়া ধীরে ধীরে উন্নত হয়। এ-সব বাজে কথায় বিশাস করিবেন না। দিব্যপ্রেরণাসম্পন্না নারী যত আছে, এরপ পুরুষও তত আছে। যদিও মেয়েদের এইটুকু বিশেষত্ব যে, তাঁহাদের মধ্যে বিশেষ প্রকার মূর্ছা ও সায়ুরোগ বেশী। জুয়াচোর ও ঠকের কাছে প্রভারিত হওরা অপেকা অবিশামী থাকিয়া মরাও ভাল ব্যবহার করিবার জন্ম আপনাকে বিচারশক্তি দেওয়া হইয়াছে—দেখান, আপনি উহার যথার্থ ব্যবহার করিয়াছেন। এরশ করিলে শর উহা অপেকা উচ্চতর বিষয়ে হাত দিতে পারিবেন।

উহা সমগ্র জাতিকে হীনবীর্ণ করে, সায়ু ও মন্তিদকে তুর্বল করে, সর্বদা একটা ভূত বা অভূত ব্যাপার দেখিবার পিপাসা বাড়াইয়া দেয়। এই-সব আজগুরি গল্প সায়ুমণ্ডলীকে অন্বাভাবিকভাবে বিক্বত করে। ইহাতে সমগ্র জাতি ধীরে অথচ নিশ্চিতক্সপে হীনবীর্ণ হইয়া যায়।

আমাদিগকে সর্বদা স্মরণ রাখিতে হইবে যে, ঈশ্বর প্রেমস্বর্রণ—তিনি এ-লব
অন্তুত ব্যাপারের ভিতর নাই। 'উষিত্বা জাহ্নবীতীরে কৃপং খনতি হুর্মতিঃ।'
—দে মূর্থ, ষে গঙ্গাতীরে বাদ করিয়া জলের জন্ত একটা কৃপ খুঁড়িতে যায়।
দে মূর্থ, যে হীরার খনির নিকট পাকিয়া কাচখণ্ডের অন্বেষণে জীবন
অতিবাহিত করে। ঈশ্বই দেই হীরক-খনি। আমরা ভূতের অথবা এইরূপ
সম্দয় উড়স্ত পরীর গল্পের প্রতি বৃথা আদক্ত হইয়া ভগবান্কে ত্যাগ
করিতেছি—ইহা বাস্তবিক আমাদের মূর্থতা।

ক্ষির, পবিত্রতা, আধ্যাত্মিকতা প্রভৃতি ছাড়িয়া এই-সৰ বৃথা বিষয়ের দিকে ধাবমান হওয়া অবনতির লক্ষণ! পরের মনের ভাব জানা! পাঁচ মিনিট করিয়া ধদি আমাকে প্রত্যেকের মনের ভাব জানিতে হয়, তাহা হইলে তোঁ আমি পাগল হইয়া ধাইব। তেজ্বনী হও, নিজের পায়ের উপর দাঁড়াইয়া প্রেমের ভগবান্কে অথেষণ কর। ইহাই শ্রেষ্ঠ শক্তি। পবিত্রতার শক্তি অপেক্ষা আর কোন্ শক্তি বড়? প্রেম ও পবিত্রতাই জগৎ শাসন করিতেছে। হুর্বল ব্যক্তি কথনও এই ভগবংপ্রেম লাভ করিতে পারে না; অতএব শারীরিক, মানসিক, নৈতিক বা আধ্যাত্মিক—কোন দিক দিয়া হুর্বল হইবেন না। ঐসব ভুতুড়ে কাণ্ড কেবল আপনাকে হুর্বল করিয়া ফেলে; অতএব ঐগুলি পরিত্যাগ করিতে হইবে। ঈশরই একমাত্র সত্যা, আর সব অসত্যা, অনিত্য। ঈশরলাভের জন্য সমৃদ্য় মিথ্যা ত্যাগ করিতে হইবে। 'অসার, অসার—সকলই অসার—শুর্ব ইশ্বকে ভালবাসা ও তাঁহার দেবা করা ছাড়া আর সবই বৃথা।')

Imitation of Christ, Ch I,

গোণী ও পরা ভক্তি*

তুই-একটি ছাড়া প্রায় সকল ধর্মেই ব্যক্তিভাবাপন্ন বা সগুণ ঈশ্বরে বিশাস দেখিতে পাওয়া যায়। বৌদ্ধ ও জৈন ধর্ম ব্যতীত বোধ হয় জগতের সকল ধর্মেই সগুণ ঈশবের ধারণা আছে এবং সগুণ ঈশব মানিলেই সঙ্গে সঙ্গে ভস্কি ও উপাসনার ভাব আসিয়া থাকে। বৌদ্ধ ও জৈনের। যদিও সগুণ ঈশবের উপাসনা করে না, কিন্তু অক্যান্ত ধর্মাবলমীরা ষেভাবে সগুণ ঈশবের উপাসনা করে, বৌদ্ধ ও জৈনেরাও ঠিক সেই ভাবে নিজ নিজ ধর্মের প্রতিষ্ঠাতাগণের পূজা করিয়া থাকে। কোন উচ্চতর পুরুষকে ভালবাসিতে হয়, যিনি আবার মাহুষকে ভালবাদিতে পারেন ; ভক্তি ও উপাদনা করিবার এই ভাব সর্বস্থনীন। নানাবিধ ধর্মের বিভিন্ন স্তরে এই ভক্তি ও উপাসনার ভাব বিভিন্ন পরিমাণে বিকশিত দেখিতে পাওয়া যায়। সাধনের নিয়তম শুর বাহ্য অফুষ্ঠান-বহুল—ঐ অবস্থায় স্ক্ষ ধারণা একরূপ অসম্ভব, স্থতরাং মাহুষ স্ক্ষ ভাবগুলিকে নিয়তম স্তরে টানিয়া আনিয়া সুল আকারে পরিণত করিতে চায়। ঐ অবস্থাতেই নানাবিধ অহুষ্ঠান, ক্রিয়াপদ্ধতি এবং দঙ্গে দঙ্গে নানাবিধ প্রতীকও আসিয়া থাকে। জগতের ইতিহাস আলোচনা করিলে সর্বত্রই দেখিতে পাওয়া যায় ষে, মাহুষ প্রতীক বা বিভিন্ন ভাবপ্রকাশক রূপের মাধ্যমে স্ক্রুকে ধরিবার চেষ্টা করিতেছে। ধর্মের বাহা অঙ্গ ঘণ্টা, সঙ্গীত, শাস্ত্র, প্রতিমা, অহুষ্ঠান প্রভৃতি ঐ পর্যায়ভূক। যাহা কিছু ইন্দ্রিয়গুলির প্রীতিপ্রদ, যাহা কিছু অমূর্ত-ভাবকে মূর্ত করিবার সহায়তা করে, তাহাই মাহুষ উপাসনার উদ্দেশ্তে কাজে नागाय।

সময়ে সময়ে সকল ধর্মেই সংস্থারকগণ আবিভূতি হইয়া সর্বপ্রকার অমুষ্ঠান ও প্রতীকের বিরুদ্ধে দণ্ডায়মান হইয়াছেন, কিন্তু তাঁহাদের চেষ্টা ব্যর্থ হইয়াছে; কারণ মাহ্য যতদিন বর্তমান অবস্থায় থাকিবে, ততদিন অধিকাংশ মানবই এমন কিছু সুল মূর্ত বস্তু ধরিয়া থাকিতে চাহিবে, যাহা তাহাদের ভাবরাশির আধার হইতে পারে—এমন কিছু চাহিবে, যাহা তাহাদের অস্তরের

^{*} নিউ ইয়র্কের ম্যাডিসন স্কয়ার কনসার্ট হলে ১৮৯৬ খঃ ১ই ফেব্রুজারি প্রাণত বক্তৃতা— Preparatory and Supreme Bhakti-র অমুবাদ।

ভাবময়ী মৃতিগুলির কেন্দ্র হইবে। মুসলমান ও প্রোটেন্টান্টরা সর্বপ্রকার অহুষ্ঠানপন্ধতি উঠাইয়া দিবার উদ্দেশ্রেই তাঁহাদের প্রভৃত চেষ্টা নিরোঞ্জিত করিয়াছেন; কিন্তু আমরা দেখিতে পাই, তাঁহাদের ভিতরেও অহুগ্রানপদ্ধতি थीरत थीरत श्रारम कतियारह। এগুनित श्रारम निरांत्रण कता यात्र ना। অহুষ্ঠানপদ্ধতির বিরুদ্ধে দীর্ঘ সংগ্রাম করিয়া জনসাধারণ একটি প্রতীকের পরিবর্তে অপর একটি গ্রহণ করে মাতা। একজন মুদলমান অ-মুদলমানের ব্যবহৃত প্রতিটি অমুষ্ঠান, ক্রিয়াকলাপ ও মৃতিকে পাপ বলিয়া মনে করে, কিন্তু তাহার নিজের কাবা-মন্দির সম্বন্ধে সে আর এ-কথা মনে করে না। প্রত্যেক ধার্মিক মুসলমানকে নমাজের সময় ভাবিতে হয় যে, সে কাবা-মন্দিরে রহিয়াছে; এবং দেখানে ভীর্থ করিতে গেলে ভাহাকে ঐ মন্দিরের দেয়ালে অবস্থিত 'ক্লফপ্রন্তর'টিকে চুম্বন করিতে হয়। তাহার বিশাস—ঐ ক্লফপ্রন্তরে মুক্তিত লক্ষ লক্ষ তীর্থযাত্রীর চুম্বনচিহ্নগুলি বিশ্বাসিগণের কল্যাণের জন্ম শেষ বিচারের দিনে সাক্ষ্য দিবে। তারপর আবার 'জিমজিম' কৃপ রহিয়াছে। মুদলমানেরা বিশ্বাস করেন, ঐ কৃপ হইতে যে-কেহ একটু জ্বল তুলিকে, তাহারই পাপ ক্ষমা করা হইবে এবং সে পুনক্ষখানের পর নৃতন দেহ পাইয়া অমর হইয়া থাকিবে।

অস্থান্য ধর্মে দেখিতে পাই, প্রতীক একটি গৃহের রূপ ধরিয়া প্রবেশ করিতেছে। প্রোটেস্টাণ্টদের মতে অন্থান্য স্থান অপেকা গির্জা অধিকতর পবিত্র। তাহাদের পক্ষে এই গির্জা একটি প্রতীকমাত্র। তারপর আছে শাস্ত্রগ্রহ। অনেকের ধারণা অস্থান্য প্রতীক অপেক্ষা শাস্ত্র পবিত্রতর প্রতীক। ক্যাথলিকগণ বেমন সাধুগণের মৃতি পূজা করে, প্রোটেস্টাণ্টরা তেমনি ক্রুশকে ভক্তি করে। প্রতীকোপাসনার বিরুদ্ধে প্রচার করা বৃথা, এবং কেনই বা আমরা উহার বিরুদ্ধে প্রচার করিব ? মাহ্ম্য এই-সকল প্রতীকের উপাসনা করিতে পাইবে না, ইহার তো কোন যুক্তি নাই। প্রতীকের পিছনে উদ্দিষ্ট বস্থর প্রতিনিধিরপেই মাহ্ম্য ঐগুলি ব্যবহার করিয়া থাকে। এই বিশ্বই একটি প্রতীক—উহার মধ্য দিয়া, উহার সহায়তায় আমরা উহার অতীতে অবহিত—উহার ঘারা লক্ষ্যিত বস্তুকে ধরিবার চেষ্টা করিতেছি। মাহ্ম্যের নিয়তর প্রকৃতিই এই—সে একেবারে স্থাৎকে অতিক্রম করিতে পারে না, হুতরাং তাহাকে বাধ্য হইয়া প্রতীক অবলম্বনের মাধ্যমে অগদতীত বস্তুকে ধরিতে হয়। সঙ্গে সঙ্গে ইহাও সত্য ধ্য,

জামরা প্রতীকের লক্ষ্য বস্তুকে—জড়জগৎ অতিক্রম করিয়া দেই আধ্যাত্মিক তত্তকে ধরিবার জন্তই সর্বদা চেষ্টা করিতেছি। আমাদের চরম লক্ষ্য চৈতত্ত—জড় নয়। ঘন্টা, প্রদীপ, মৃর্ভি, শাস্ত্র, গির্জা, মন্দির, অষ্ট্রান এবং অন্তান্ত পবিত্র প্রতীক খুব ভাল বটে, ধর্মরপ চারাগাছের বৃদ্ধির পক্ষে খুব সহায়ক বটে, কিন্তু পর্যন্ত ; উহার বেশী আর কোন উপবোগিতা নাই। অধিকাংশ ক্ষেত্রেই আমরা দেখি, চারাগাছটি আর বড় হয় না! কোন একটি ধর্মসম্প্রদারের ভিতর জন্মানো ভাল, কিন্তু উহাতে সীমাবন্ধ থাকিয়া মরা ভাল নয়। এমন সমাজে বা সম্প্রদারে জন্মানো ভাল, যাহার মধ্যে কতকগুলি নির্দিষ্ট সাধনপ্রণালী প্রচলিত ; এগুলি ধর্মরূপ চারাগাছটিকে বড় হইতে সাহায্য করিবে। কিন্তু বদি কোন ব্যক্তি ঐ-সকল অষ্ট্রানের মধ্যে নিবন্ধ থাকিয়াই মরিয়া যায়, তবে নিশ্চয়ই প্রমাণিত হয় যে, তাহার উন্নতি হয় নাই, তাহার আত্মার বিকাশ হয় নাই।

় অতএব যদি কেহ বলে, এই-সকল প্রতীক ও অহুষ্ঠান-পদ্ধতি চিরকালের জন্ম রাখিতে হইবে, তবে নে ভ্রাস্ত ; কিন্তু যদি দে বলে, ঐগুলি সাধকের নিমতর অবস্থায় আত্মার উন্নতির সহায়ক, তবে দে ঠিক বলিতেছে। এখানে আমি আর একটি কথা বলিতে চাই যে, আত্মার উন্নতি বলিতে আপনারা যেন বৃদ্ধিবৃত্তির বিকাশ বৃঝিবেন না। কোন ব্যক্তির প্রভৃত বৃদ্ধি থাকিতে পারে, কিন্তু আধ্যান্মিক বিষয়ে সে হয়তো শিশুমাত্র বা তদপেকা নিক্ট। আপনারা এখনই ইহা পরীকা করিয়া দেখিতে পারেন। বুদ্ধির দিক দিয়া আপনারা সকলেই সর্বব্যাপী ঈশবে বিশাস করিতে শিক্ষা পাইয়াছেন, কিন্তু 'পর্বব্যাপী' বলিতে কি বুঝায়, আপনাদের মধ্যে কয়জন ইহার সামান্ত ধারণা করিতে পারেন ? ষদি থুব চেষ্টা করেন, তবে হয়তো আকাশ বা একটা বিরাট সব্জ প্রান্তর অথবা সমূদ্র বা মরুভূমির ভাব মনে আনিতে পারেন, র্অবশ্য ষদি শেষের ছুইটি আপনি দেখিয়া থাকেন। এগুলি সবই জড় প্রতিমৃতি, এবং ষত দিন না আপনারা স্ক্রকে স্ক্ররণে, আদর্শকে আদর্শরূপে ভাবিতে পারেন, ততদিন এই-সকল জড়বম্বর প্রতিমৃতির সাহাষ্য আপনাদিগকে লইতেই रहेरत । अ क्र पृष्ठिश्वनि व्याभारमत्र भारतत्र जिल्ट दि था क्र व्यथवा वाहिरतहे পাকুক, তাহাতে কিছু আদে যায় না। আপনারা সকলেই জন্মগতভাবে শৌত্তলিক; এবং পৌত্তলিকতা ভাল, কারণ উহা মাহুষের প্রকৃতিগত। কে ্ইহা অতিক্রম করিতে পারে? কেবল সিদ্ধ ও দেব-মানবেরাই পারেন।

বাকী সকলেই পৌন্তলিক। বতদিন আপনার। এই বিভিন্ন রূপ ও আকারবিশিষ্ট জ্বগৎপ্রপঞ্চ দেখিতেছেন, ততদিন আপনারা পৌন্তলিক। আপনারা
কি জ্বগৎরূপ এই প্রকাণ্ড পুত্লের পূজা করিতেছেন না? যে বলে, আমি
শরীর, সে তো জন্মগতভাবে পৌন্তলিক। আপনারা সকলেই আত্মা—
নিরাকার আত্মস্বরূপ—অনস্ত হৈতস্তস্বরূপ; আপনারা কথনই জড় নন।
অতএব যে-ব্যক্তি স্ক্মধারণায় অসমর্থ, নিজেকে জড়বল্ব ও দেহ বলিয়া ভাবে,
এবং সেরূপ না ভাবিয়া থাকিতে পারে না, যে নিজ স্বরূপচিন্তায় অসমর্থ, সেই
পৌত্তলিক। তথাপি দেখুন, কেমন মাহ্ম্ব পরস্পর বিবাদ করে, একজন আর
একজনকে পৌত্তলিক বলিয়া গালি দেয়। অর্থাৎ প্রত্যেকে নিজ নিজ উপাস্ত
পুত্লকে ঠিক মনে করে এবং অপরের উপাস্ত পুত্লকে ভাস্তমনে করে।

অতএব আমাদিগকে এই-সকল শিশুজনোচিত ধারণা হইতে নিজেদের মুক্ত করিতে হইবে, আমাদিগকে অজ্ঞজনোচিত রুপা বাদাহ্যবাদের উচ্চে উঠিতে হইবে। ইহাদের মতে ধর্ম কতকগুলি অগার কথার সমষ্টি মাত্র—কতকগুলি প্রণালীবদ্ধ মতবাদ, ইহাদের মতে ধর্ম কেবল কতকগুলি বিষয়ে বিচারবৃদ্ধির সমতি বা অসমতি-প্রকাশ মাত্র, ইহাদের মতে ধর্ম প্রোহিতগণের কতকগুলি বাক্যে বিখাস মাত্র, ইহাদের মতে ধর্ম প্রপুরুষগণের কয়েকটি বিখাস-সমষ্টি, ইহাদের মতে ধর্ম কতকগুলি ধারণা ও কুদংস্কারের সমষ্টি—জাতীয় ও ধর্মীয় উত্তরাধিকার বলিয়াই তাহারা সেগুলি ধরিয়া আছে। আমাদিগকে এই-সব ভাবের উর্ধে উঠিতে হইবে, দেখিতে হইবে—সমগ্র মানবজাতি যেন একটা প্রকাণ্ড প্রাণী, ধীরে ধীরে আলোকের অভিমুখে আবর্তিত হইতেছে; উহা যেন এক আশ্রুর্ব কুদশিশু, ধীরে ধীরে অভিব্যক্ত হইয়া এক অমূর্ত সত্যের দিকে অগ্রসর হইতেছে, যে সভ্যের নাম 'ঈশ্বর'। এবং উহার ঐ সত্যাভিমুখে প্রথম গতি—প্রথম ঘূর্ণন সর্বদা জড়ের মধ্য দিয়া, অফুষ্ঠানের মধ্য দিয়াই হইয়া থাকে। ইহা এড়াইবার উপায় নাই।

এই-সকল অন্তানের হাদয়স্থরপ এবং অক্সান্ত বাহ্ ক্রিয়াকলাপের মধ্যে শ্রেষ্ঠ—নামোপাসনা। আপনাদের মধ্যে যাহারা প্রাচীন খ্রীষ্টধর্ম ও পৃথিবীর অন্তান্ত ধর্ম আলোচনা করিয়াছেন, উহারে হ্রতো লক্ষ্য করিয়া থাকিবেন যে, উহাদের ভিতর নামোপাসনা বলিয়া একটি অপূর্ব ভাব প্রচলিত। নাম অভিশয় পবিত্র বলিয়া পরিগণিত। বাইবেলে পড়িয়াছি—হিক্রদের নিকট

ভগবানের নাম এত পবিত্র মনে করা হইত ষে, ষে-কেহ উহা উচ্চারণ করিতে পারিত না বা ধে-কোন সময়ে উহা উচ্চারণ করা চলিত না, কিছুর সহিত উহার তুলনা হইতে পারে না। ভগবানের নাম প্বিত্ততম এবং ভাহাদের এই বিশাস ছিল যে, ঐ নামই ঈশ্বর। ইহাও সভ্য। বিশ্বস্থাৎ নামরূপ বই আর কি ? আপনারা কি শব্দ ব্যতীত চিন্তা করিতে পারেন ? শব্দ ও ভাবকে পৃথক্ করা ষাইতে পারে না, উহারা অভিন্ন। চেষ্টা করুন, ষদি কেহ এ-ছটিকে পৃথক্ করিতে পারেন! যখনই আপনারা চিস্তা করেন, তথনই শব্দ অবলম্বনে চিন্তা করেন। শব্দগুলি সৃদ্ধ ভিতরের অংশ এবং ভাব বাহ্ অংশ; এ-তুটি সর্বদা একসঙ্গে আসিবে, ইহাদের পৃথক্ করা যায় না। একটি আর একটিকে লইয়া আদে। ভাব থাকিলেই শব্দ আসিবে, আৰার শব্দ থাকিলেই ভাব আসিবে। স্থতরাং সমগ্র ব্রহ্মাণ্ড যেন ভগবানের বাহ্য প্রতীক-স্বরূপ, উহার পিছনে ভগবানের পুণ্য নাম রহিয়াছে। প্রত্যেক ব্যষ্টিদেহই রূপ এবং ঐ দেহবিশেষের পশ্চাতে উহার নাম রহিয়াছে। যথনই আপনি আপনার বন্ধু-বিশেষের বিষয় চিস্তা করেন, তথনই তাঁহার শরীরের কথা, এবং দক্ষে বাহার নামও আপনার মনে উদিত হয়। ইহা মাহুষের প্রকৃতিগত ধর্ম। তাৎপর্য এই যে, মনোবিজ্ঞানের দৃষ্টিতে দেখিলে বুঝা যায়, মাহুষের চিত্তের মধ্যে রূপ-জ্ঞান ব্যতীত নাম-জ্ঞান আসিতে পারে না, এবং নাম-জ্ঞান ব্যতীত রূপ-জ্ঞান আসিতে পারে না। উহারা অচ্ছেগ্য সম্বন্ধে সম্বন্ধ। উহারা একই তরঙ্গের বাহিরের ও ভিতরের দিক্। এই কারণে সমগ্র জগতে নামের মহিমা ঘোষিত ও নামোপাসনা প্রচলিত দেখা যায়। জ্ঞাতসারে বা অজ্ঞাতদারে মামুষ নামমাহাত্ম্য জানিতে পারিয়াছিল।

আবার আমরা দেখিতে পাই, অনেক ধর্মে সাধু-দস্ত মহাপুরুষগণের পূজা করা হয়। লোকে ক্বফ বৃদ্ধ যীও প্রভৃতির পূজা করিয়া থাকে। আবার সাধুগণের পূজাও প্রচলিত আছে। সমগ্র জগতে শত শত সাধু-সন্তের পূজা হইয়া থাকে। না হইবেই বা কেন? আলোকের স্পন্দন সর্বত্র রহিয়াছে। পেচক অন্ধকারে দেখিতে পায়; তাহাতেই প্রমাণ হইতেছে, অন্ধকারেও আলো আছে, কিন্তু মাহ্ম্ম তাহাতে আলো দেখিতে পায় না। ঐ আলোকের স্পন্দন একটা বিশেষ অবস্থা প্রাপ্ত হইলে—ষথা প্রদীপ, সূর্য ও চন্দ্র প্রভৃতিতে, মাহ্ম্মের চক্ষ্মায়ুতে আলোক অন্থভৃত হয়। ঈশ্বর সর্বব্যাপী, তিনি নিজেকে সকল

প্রাণীর ভিতর অভিব্যক্ত করিতেছেন, কিন্তু মাহ্য তাঁহাকে মাহ্যের মধ্যে চিনিতে পারে। যখন তাঁহার আলোক, তাঁহার সন্তা, তাঁহার চৈতন্ত মাহ্যের দিব্য মুখমণ্ডলে প্রকাশিত হয়, তথন—কেবল তখনই মাহ্য তাঁহাকে বৃথিতে পারে। এইরূপে মাহ্য চিরকালই মাহ্যের মধ্য দিয়া ভগবানের উপাসনা করিতেছে, এবং যতদিন সে মাহ্য থাকিবে, ততদিন এইরূপই করিবে। মাহ্যেই হার বিক্লছে চীৎকার করিতে পারে, ইহার বিক্লছে দংগ্রাম করিতে পারে, কিন্তু যখনই দে ভগবান্কে উপলব্ধি করিতে চেঠা করে, দে বৃথিতে পারিবে ভগবান্কে মাহ্যেররে প্রকৃতিগত।

অতএব আমরা প্রায় সকল ধর্মেই ঈশবোপাসনার ভিনটি সোপান দেখিতে পাই—প্রতীক বা মূর্তি, নাম ও দেবমানব। সকল ধর্মেই এগুলি কোন না কোন আকারে আছে; তথাপি দেখিতে পাইবেন, মানুষ পরস্পর বিরোধ করিতে চায়। কেহ বলে, আমি যে-নাম সাধনা করিতেছি, তাহাই ঠিক নাম; আমি যে-রূপের উপাদক, তাহাই ভগবানের যথার্থ রূপ; আমি যে-সব দেব-মানব মানি, তাহারাই ঠিক; তোমার গুলি পৌরাণিক গলমাত্র। বর্তমান কালের খ্রীষ্টীয় ধর্মধাজকগণ পূর্বাপেক্ষা একটু সদয় হইয়াছেন, কারণ তাঁহারা বলেন, প্রাচীন ধর্মগুলি খ্রীষ্টধর্মেরই পূর্বাভাস মাত্র। অবশ্য তাঁহাদের খ্রীষ্টধর্মই একমাত্র সত্য ধর্ম। প্রাচীনকালে বিভিন্ন ধর্ম স্বষ্ট করিয়া ঈশ্বর নিজের শক্তি পরীক্ষা করিতেছিলেন—শেষে খ্রীষ্টধর্মে সম্পূর্ণ আত্মপ্রকাশ করিতে সমর্থ হন। এ ভাব অস্ততঃ পূর্বের গৌড়ামি অপেক্ষা অনেকটা ভাল। পঞ্চাশ বৎদর পূর্বে তাঁহারা এরপ কথাও বলিভেন না, তাঁহাদের নিজ ধর্ম ছাড়া আর সব কিছু তাঁহারা তুচ্ছ জ্ঞান করিতেন। এ ভাব ধর্ম জাতি বা শ্রেণীবিশেষে দীমাবদ্ধ নয়। লোকে সর্বদাই ভাবে, তাহারা নিজেরা যাহা করিতেছে, অপরকেও তাহাই করিতে হইবে; এবং এখানেই বিভিন্ন ধর্মের আলোচনায় আমাদের উপকার হইয়া থাকে। ইহাতে স্পষ্টই ব্ঝিতে পারা যায়, যে-ভাবগুলিকে আমরা আমাদের নিজম্ব, সম্পূর্ণ নিজম্ব বলিয়া মনে করিতেছিলাম, দেগুলি শত শত বর্ষ পূর্বে অন্তের ভিতর বর্তমান ছিল, সময়ে সময়ে বরং আমরা যেভাবে ঐগুলি ব্যক্ত করি, তাহা অপেক্ষা পরিক্টভাবে ব্যক্ত ছিল।

ভক্তির এই-সকল বাহ্য অমুষ্ঠানের মধ্য দিয়া মামুষকে অগ্রসর হইতে হয়; কিন্তু যদি শে অকপট হয়, যদি সে প্রকৃতপক্ষেই সত্যে পৌছিতে চায়, তবে দে ইহা অংশকা উচ্চতর এক ভূমিতে উপনীত হয়, যেখানে বাহ্ অমুষ্ঠানপদ্ধতির আর মূল্য থাকে না। মন্দির ও গির্জা, শাল্প ও অমুষ্ঠান—এগুলি
কেবল ধর্মের শিশুশিক্ষা মাত্র, ষাহাতে প্রবর্তক—প্রাথমিক লাধক শব্দ সবল
হইয়া ধর্মের উচ্চতর দোপান অবলয়ন করিতে পারে। আর যদি কেহ ধর্ম
চার, তবে এই প্রাথমিক দোপানগুলি একান্ত প্রয়োজন। ভগবানের জন্ত
আকাজ্জা ও ব্যাকুলতা হইতেই যথার্থ ভক্তির উদয় হয়। কে তাঁহাকে চায় ?
ইহাই প্রশ্ন। ধর্ম—মতমতান্তরে নাই, তর্কযুক্তিতে নাই; ধর্ম—হওয়া; ধর্ম
অপরোক্ষামূভ্তি। আমরা দেখিতে পাই, সকলেই ঈশ্বর জীবাত্মা ও
জগতের সর্বপ্রকার রহস্ত সম্বন্ধে নানাপ্রকার কথা বলে, কিন্তু যদি তাহাদের
প্রত্যেককে পৃথক্ভাবে জিজ্ঞানা করেন—'তুমি কি ঈশ্বনকে উপলব্ধি করিয়াছ ?
তুমি কি আত্মাকে দর্শন করিয়াছ ?' কয়জন লোক সাহদের সহিত বলিতে
পারে, 'করিয়াছি' ? তথাপি তাহারা পরম্পর লড়াই করিতেছে !

একবার ভারতের ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের প্রতিনিধিরা সমবেত হইয়া বিচারে প্রবৃত্ত হইল। একজন বলিল, শিবই একমাত্র দেবতা; আর একজন বলিল, বিষ্ণুই একমাত্র দেবতা। পরস্পরের এইব্লপ তর্কবিচার চলিতে লাগিল, কিছুতেই আর তর্কের বিরাম হয় না। সেই স্থান দিয়া এক মুনি যাইতেছিলেন, তাহারা তাঁহাকে ঐ প্রশ্নের মীমাংসা করিয়া দিতে আহ্বান করিল। তিনি প্রথমে শৈবকে জিজ্ঞাসা করিলেন, 'তুমি কি শিবকে দেখিয়াছ? তোমার সঙ্গে কি তাঁহার পরিচয় আছে ? যদি না থাকে, তবে কিরূপে জানিলে, তিনি সর্বশ্রেষ্ঠ দেবতা ?' তারপর তিনি বৈষ্ণবকেও ঐ প্রশ্ন করিলেন, 'তুমি কি বিষ্ক্ দেখিয়াছ ?' দকলকে ঐ প্রশ্ন করিয়া জানা গেল, ঈশ্বর দম্বন্ধে কেহই কিছু জানে না, এবং দেইজক্তই তাহারা অত বিবাদ করিতেছিল; যদি তাহারা সত্য সত্য ঈশ্বরকে জানিত, তবে আর ভাহারা তর্ক করিত না। শৃশ্র কলসী জলে ডুবাইলে শব্দ হইতে থাকে, কিন্তু পূর্ণ হইয়া গেলে আর কোন শব্দ হয় না। অতএব বিভিন্ন সম্প্রদায়ের ভিতর বিবাদ-বিসংবাদ দ্বারা প্রমাণিত হইতেছে যে, তাহারা ধর্মের কিছুই জানে না; ধর্ম তাহাদের নিকট পুস্তকে লিপিবদ্ধ করার জন্ত কতকগুলি বাজে কথামাত্র। সকলেই তাড়াতাড়ি এক একখানা বড় পুস্তক লিখিতে ব্যস্ত—উহার কলেবর যতদুর সম্ভব বড় করিতে হইবে, সেজ্জা যেখান হইতে পারে চুরি করিয়া পুশুকের কলেবর বাড়াইতে

থাকে, অথচ কাহারও নিকট ধাণ স্বীকার করে না। তারপর তাহার। উহা প্রকাশ করিয়া পৃথিবীতে যে গগুলোল পূর্ব হইতেই রহিয়াছে, তাহা আরও বাড়াইয়া তুলে।

সংসারের অধিকাংশ লোকই নান্তিক। বর্তমান কালে পাশ্চাত্য জগতে আর এক প্রকার নান্তিকের—জড়বাদীদের অভ্যুদয়ে আমি আনন্দিত। ইহারা অকণট নান্তিক। ইহারা কণট ধর্মবাদী নান্তিক অপেকা ভাল। ধর্মবাদী নাস্তিকেরা ধর্মের কথা বলে, ধর্ম লইয়া বিবাদ করে, কিন্তু কথন ধর্ম চায় না---ধর্ম বুঝিবার বা সাক্ষাৎ করিবার চেষ্টা করে না। ষীশুখীষ্টের সেই বাক্যগুলি শ্বরণ করুন, 'চাহিলেই তোমাকে:দেওয়া হইবে, অমুদন্ধান করিলেই পাইবে, করাঘাত করিলেই দার খুলিয়া ষাইবে।' এই কথাগুলি উপস্থাস রূপক বা কল্পনা নয়, এগুলি বর্ণে বর্ণে সভ্য। জগতে ষে-দকল ঈশবাবভাব মহাপুরুষ আদিয়াছেন, তাঁহাদেরই হৃদয় হইতে উৎদারিত ঐ কথাগুলি কোন গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া বলা নয়। ঐগুলি প্রত্যক্ষামুভূতির ফল—ঐগুলি এমন একজনের ক্থা, ষিনি ভগবান্কে প্রত্যক্ষ অহুভব করিয়াছিলেন—ভগবানের সহিত আলাপ করিয়াছিলেন, ভগবানের সহিত একত বাস করিয়াছিলেন; আপনি আমি এই বাড়িটাকে ষেরপ প্রত্যক্ষ দেখিতেছি, তাহা অপেক্ষা শতগুণ স্পষ্টভাবে তিনি ভগবানকে দর্শন করিয়াছিলেন। ভগবান্কে চায় কে ?—ইহাই প্রশ্ন। আপনার। কি মনে করেন, ত্নিয়াস্থদ্ধ লোক ভগবান্কে চাহিয়াও পাইতেছে না ? তাহা কখনই হইতে পারে না। মাহুষের এমন কি অভাব আছে, যাহা পুরণ করিবার উপযোগী বস্তু বাহিরে নাই। মাহুষ নিংখাস নিতে চায় —তাহার জন্ম বায়ু আছে। মাহুষ খাইতে চায়—সেজন্ম খান্ত বহিয়াছে। কোণা হইতে এই-সব বাসনার উৎপত্তি ? বাহ্যবম্বর অন্তিত্ব হইতে। আলোকই চক্ষ্ উৎপন্ন করিয়াছে, শব্দ হইতেই কর্ণ হইয়াছে। এইরূপ মাহুষের মধ্যে যে-কোন বাদনা আছে, তাহাই পূৰ্ব হইতে অবহিত কোন বাহ্বত ইইতে স্ষ্ট হইয়াছে; পূর্ণঅলাভের, সেই চরম লক্ষ্যে পৌছিবার, প্রকৃতির পারে याहेवात हेळा काथा इहेटल जामिन, यिन ना क्ह छेहा जामानित छिखत প্রবেশ করাইয়া দিয়া থাকে ? অতএব যাহার ভিতর এই আকাজ্ঞা জাগিয়াছে, তিনিই দেই চরম লক্ষ্যে পৌছিবেন। কিন্তু কাহার এই আকাজ্জা জাগিয়াছে ? আমরা ভগবান্ ছাড়া আর স্ব কিছুই চাই। আপনারা সমাজে

ষাহা দেখিতে পান, উহাকে ধর্ম বলা যায় না। 'আমাদের গৃহিণীর সমগ্র পৃথিবী হইতে সংগৃহীত নানাবিধ আসবাব আছে, কিন্তু এখন ফ্যাশন জাপানী কোন জিনিস ঘরে রাখা, তাই তিনি একটা জাপানী ফুলদানি কিনিয়া ঘরে রাথিলেন'—অধিকাংশ লোকের পক্ষে ধর্মও এইরূপ। ভোগের জ্ঞাঁ ভাহাদের সর্বপ্রকার বন্ধ রহিয়াছে, কিন্তু ধর্মের একটু চাটনি তার সঙ্গে না থাকায় জীবনটা যেন ঠিকভাবে চলিতেছে না। সমাজে সমালোচনা হইবে, সেই জ্যাই একটু-আধটু ধর্ম চাই। আজকাল পৃথিবীতে ধর্মের এই অবস্থা।

এক শিশ্ব তাহার গুরুর নিকটে গিয়া বলিল, 'গুরুদেব, আমি ধর্মলাভ করিতে চাই।' গুরু তাহার মুখের দিকে চাহিয়া দেখিলেন, কোন কথা না বলিয়া শুধু একটু হাসিলেন। শিশু প্রত্যহ আদিয়া তাঁহাকে পীড়াপীড়ি করিয়া বলিত, 'আমাকে ধর্মলাভের উপায় করিয়া দিন।' গুরু অবখ্য এ বিষয়ে শিশ্ব অপেক্ষা যথেষ্ট ভাল বুঝিতেন। একদিন খুব গরমের সময় তিনি দেই যুবককে দক্ষে লইয়া নদীতে স্নান করিতে গেলেন। যুবকটি জলে ডুব দিবামাত্র গুরু তাহার পিছনে পিছনে ষাইয়া তাহাকে জলের নীচে জোর করিয়া চাপিয়া ধরিলেন। যুবক জল হইতে উঠিবার জন্ম অনেকক্ষণ ধস্তাধন্তি করিলে গুরু তাহাকে ছাড়িয়া দিয়া জিজ্ঞাসা করিলেন, 'ষধন জলের ভিতর ছিলে, তথন তোমার সর্বাপেকা কিসের অভাব বোধ হইতেছিল ?' শিশু উত্তর করিল, 'নি:খাসের জন্ম বায়ুর অভাবে প্রাণ যায় যায় হইয়াছিল।' তথন গুরু বলিলেন, 'ভগবানের জ্ঞা কি তোমার এরপ অভাব বোধ হইয়াছে ? যদি হইয়া থাকে, তবে এক মূহুর্তেই তুমি তাঁহাকে পাইবে।' যতদিন না ধর্মের জন্ম আপনাদের এব্ধণ ব্যাকুলতা ও তীব্র আকাজ্ঞা জাগিতেছে, ততদিন ষতই তর্ক বিচার করুন, ষতই পড়ুন, ষতই বাহু অহুষ্ঠান করুন. কিছুতেই কিছু হইবে না। ষতদিন না হৃদয়ে এই ধর্মপিপাদা জাগিতেছে, ততদিন নান্তিক অপেকা আপনি কিছুমাত্র উন্নত নন। নান্তিক বরং অকপট, আপনি তা নন।

একজন মহাপুরুষ বলিতেন, 'মনে কর, এ ঘরে একটা চোর রহিয়াছে; সে কোনরূপে জানিতে পারিয়াছে যে, পাশের ঘরে একতাল সোনা আছে, এবং ঐ তুইটি ঘরের মধ্যে আছে একটি খুব পাতলা দেওয়াল। এরূপ অবস্থার ঐ চোরের কিরূপ অবস্থা হইবে ? তাহার ঘুম হইবে না, সে ধাইতে পারিবে

না, সে কিছুই করিছে পারিবে না—কেবল কিরুপে ঐ সোনার ভাল সংগ্রহ করিবে, সৈইদিকে ভাহার মন পড়িয়া থাকিবে। সে কেবল ভাবিবে, কিরুপে ঐ দেয়াল ছিত্র করিয়া সোনার তালটা লইবে। তোমরা কি বলিতে চাও. যদি মাহ্য যথার্থ বিশ্বাস করিড যে, হুখ আনন্দ ও মহিমার খনি স্বয়ং ভগবান এখানে বহিয়াছেন, ভাহা হইলে ভাহারা তাঁহাকে লাভ করিবার চেষ্টা না করিয়া সাধারণভাবে সাংসারিক কাজ করিতে সমর্থ হইত ?' যখনই মামুষ বিখাস করে যে, ভগবান্ বলিয়া একজন কেহ আছেন, তখনই সে তাঁহাকে পাইবার প্রবল আকাজ্জায় পাগল হইয়া উঠে। অপরে নিজ নিজ ভাবে জীবন-যাপন করিতে পারে, কিন্তু যখনই কেহ নিশ্চিতরূপে জানিতে পারে যে, সে ষেভাবে জীবনযাপন করিতেছে, তাহা অপেক্ষা অনেক উচ্চতর এক জীবন আছে; ষথনই সে নিশ্চিতরূপে জানিতে পারে যে, ইন্দ্রিয়গুলিই মানুষের সর্বস্থ নয়; যখনই সে বুঝিতে পারে যে, আত্মার অবিনাশী নিত্য অক্ষয় আনন্দের তুলনায় এই দীমাবদ্ধ জড়দেহ কিছুই নয়, তথনই দে নিজে দেই আনন্দ লাভ না করা পর্যস্ত পাগলের মতো উহারই অহুসন্ধান করে। এই উন্মন্ততা, এই তৃষ্ণা এই ঝোঁককে ধর্মজীবনের 'জাগরণ' বলে; ষ্থনই মানুষের এই অবস্থা হয়, তথনই তাহার আধ্যাত্মিক জীবন ভক হইয়াছে।

কিছ এরপ হইতে অনেক দিন লাগে। এই-সব অম্চান-পদ্ধতি, প্রার্থনা, তীর্থপর্যটন, শাস্তাদি, কাঁসর-ঘটা, প্রদীপ-পুরোহিত ঐ অবস্থার জন্ম প্রস্তুতি। ঐগুলি ঘারা চিত্তছিছি হয়। আর যথনই চিত্ত শুল হইয়া যায়, তথনই উহা স্ভাবতই উহার মূলকারণ, সমৃদ্য় বিশুদ্ধির আকর স্বয়ং ঈশরকে লাভ করিতে চায়। শত শত যুগের ধূলি-আচ্ছাদিত লৌহথগু চুম্বকের নিকট পড়িয়া থাকিলেও তাহা ঘারা আরুষ্ট হয় না, কিন্তু কোন উপায়ে ঐ ধূলি অপদারিত হইলে আবার উহার ঘারা আরুষ্ট হইয়া থাকে। এইরূপে জীবাআও শত শত যুগের অপবিত্রতা, তুর্ভতা ও পাপের ধূলিজালে আরুত রহিয়াছে। এই-সব ক্রিয়াকলাপ অমুষ্ঠান করিয়া, পরের কল্যাণসাধন করিয়া, পরকে ভাল্যাসিয়া অনেক জন্মের পরে যথন সে যথেই পবিত্র হয়, তথন তাহার স্বাভাবিক আধ্যান্মিকতা প্রকাশিত হইয়া পড়ে। সেতথন জাগরিত ইহয়া ভগ্বান্কে লাভ করিবার জন্ম প্রাণপণ চেষ্টা করিতে থাকে।

কিন্তু এই-দকল অহুষ্ঠান, প্রতীকোপাদনা প্রভৃতি ধর্মের আরম্ভ মাত্র, এগুলিকে ষ্থার্থ ঈশ্বপ্রেম বলা ষাইতে পারে না। প্রেমের কথা আমরা সর্বত্র শুনিয়া থাকি। সকলেই বলে, ভগবান্কে ভালবাসো, কিন্তু ভালবাসা কাহাকে বলে, ভাহা কেহ জানে না। যদি জানিত, তবে মধন তখন হালকাভাবে ভালবাসার কথা বলিত না। প্রত্যেকে বলে, সে ভালবাসিতে পারে, কিন্তু পাঁচ মিনিটেই বৃঝিতে পারে, তাহার প্রকৃতিতে ভালবাসা নাই। প্রত্যেকটি নারীই বলিয়া থাকেন, তিনি ভালবাসিতে পারেন; কিন্ত তিন মিনিটেই বুঝিতে পারেন যে, তিনি ভালবাসিতে পারেন না। এই ্দংসার ভালবাসার কথায় পূর্ণ, কিন্তু ভালবাসা বড় কঠিন। কোথায় ভালবাদা ? ভালবাদা যে আছে, তাহা জানিবে কিরপে ? ভালবাদার প্রথম লক্ষণ এই ষে, উহাতে আদানপ্রদান বা লাভক্ষতির প্রশ্ন নাই। কিছু পাইবার জন্ম যখন একজন অপরকে ভালবাদে, জানিবেন ইহা ভালবাদা নয়, দোকানদারি মাত্র। বেখানে কেনাবেচার কথা, সেখানে আর ভালবাসা নাই। অতএব যখন কেহ 'ইহা দাও, উহা দাও' বলিয়া ভগবানের নিকট প্রার্থনা করে, জানিবেন—তাহা ভালবাদা নয়। কি করিয়া হইবে ? আমি ভোমাকে আমার প্রার্থনা ন্তবস্তুতি উপহার দিলাম, তুমি ভাহার পরিবর্তে আমাকে কিছু দাও—ইহা তে। দোকানদারি মাত্র।

এক রাজা বনে শিকার করিতে গিয়াছিলেন, দেখানে জনৈক সাধুর সহিত সাক্ষাং হইল। সাধুর সহিত কিছুক্দণ আলাপ করিয়া রাজা এত খুনী হইলেন বে, তিনি সাধুকে তাঁহার নিকট হইতে কিছু উপহার গ্রহণ করিবার জক্ত অহুরোধ করিলেন। সাধু বলিলেন, 'না, আমি নিজের অবহায় খুব সম্ভষ্ট আছি। এই-সব বৃক্ষ হইতে থাইবার জক্ত যথেষ্ট ফল পাই, এই-সব স্থন্দর পবিত্র নদী হইতে প্রয়োজনমত জল পাই, এই-সব গুহায় নিজা যাই। যদিও তুমি রাজা, তথাপি তোমার প্রদন্ত উপহার আমি গ্রাহ্ম করি না।' রাজাবলিলেন, 'শুধু আমাকে পবিত্র করিবার জক্ত, আমাকে সম্ভষ্ট করিবার জক্ত আমার নিকট হইতে কিছু গ্রহণ কক্ষন এবং অহুগ্রহপূর্বক একবার আমার রাজধানীতে আহ্বন!' অনেক পীড়াপীড়ির পর অবশেষে সাধু রাজার সহিত যাইতে স্বীকৃত হইলেন। সাধুকে প্রাসাদে লইয়া যাওয়া হইল, দেখানে চতুর্দিকে সোনা, হীরা, মণিমাণিক্য, জহরত এবং আরও অনেক অভুত বস্ত

हिन। চারিদিকে এখর্থ-বৈভবের চিহ্ন। রাজা বলিলেন, 'আপনি কিছুক্ষণ অপেকা ককন, আমি প্রার্থনা শেষ করিয়া আসিতেছি। এই বলিয়া তিনি গৃহের এক কোণে গিয়া প্রার্থনা করিতে লাগিলেন, 'প্রভো, আমাকে আরও অধিক এখৰ্ম দাও, আরও সন্তানসন্ততি দাও, রাজ্য দাও।' ইতিমধ্যে সাধু উঠিয়া চলিয়া ষাইতে লাগিলেন। তাঁহাকে চলিয়া যাইতে দেখিয়া রাজা তাঁহার পশ্চাৎ পশ্চাৎ যাইয়া বলিলেন, 'দাঁড়ান, আমার উপহার গ্রহণ না कतियारे চलिया याहेरछरह्न ?' उथन माधू छाँहात मिरक फितिया विलालने, 'ভিক্ক, আমি ভিক্কের নিকট ভিকা করি না। তুমি আর কি দিতে পারো? তুমি নিজেই সর্বদা ভিক্ষা করিতেছ!' ঐরপ প্রার্থনা প্রেমের ভাষা নয়। ষদি ভগবানের নিকট ইহা উহা প্রার্থনা কর, তবে প্রেমে ও দোকানদারিতে প্রভেদ কি ? স্থতরাং প্রেমের প্রথম লক্ষণ এই—উহাতে কোনরূপ আদান-প্রদান নাই, প্রেম সর্বদা দিয়াই যায়। প্রেম চিরকালই দাতা—গ্রহীতা নয়। ভগৰানের প্রকৃত সন্তান বলেন, 'ভগবান্ যদি চান, তবে আমি তাঁহাকে আমার সর্বস্ব দিতে পারি, কিন্তু তাঁহার নিকট হইতে আমি কিছুই চাই না, এই জগতের কোন জিনিসই আমি চাই না। তাঁহাকে ভালবাসিতে চাই বলিয়াই আমি তাঁহাকে ভালবাসি, পরিবর্ডে তাঁহার নিকট কোন অহগ্রহ ভিক্ষা করি না। কে জানিতে চায়—ঈশর সর্বশক্তিমান্ কি না ? আমি তাঁহার নিকট হইতে কোন শক্তিও চাই না এবং তাঁহার শক্তির কোন প্রকাশও দেখিতে চাই না। তিনি প্রেমের ভগবান্—এটুকু জানিলেই আমার পক্ষে ষথেষ্ট। আমি আর কিছু জানিতে চাই না।'

প্রেমের বিতীয় লক্ষণ প্রেমে কোনরপ ভয় নাই। প্রেমে কি কোন ভয় থাকিতে পারে? মেষশিশু কি কথন সিংহকে ভালবাসে? না—মৃষিক বিড়ালকে? না—দাস প্রভুকে ভালবাসে? ক্রীভদাসগণ সময়ে সময়ে ভালবাসার ভান করিয়া থাকে বটে, কিন্তু বাস্তবিক উহা কি ভালবাসা? ভয়ের মধ্যে ভালবাসা কোথায় দেখিয়াছেন ? উহা ভান মাত্র ব্রিতে হইবে। যতদিন মাহ্যে ভগবান্কে মেঘের উপর আসীন, এক হাতে প্রস্কার ও অপর হাতে দণ্ড দিতেছেন বলিয়া চিস্তা করে, ততদিন কোন ভালবাসা সম্ভব নয়। ভালবাসার সহিত কথনও ভয়ের ভাব থাকিবে না। ভাবিয়া দেখন—একজন ভরণী জননী রাভায় দাড়াইয়া রহিয়াছেন এবং একটা কুকুর তাঁহাকে লক্ষ্য করিয়া চীৎকার

করিতেছে—অমনি ভিনি দামনের বাড়িতে আশ্রয় লইলেন। মনে করুন, পরদিনও তিনি রান্তায় দাঁড়াইয়া রহিয়াছেন—সঙ্গে তাঁহার শিশুসন্তান। মনে করুন, একটা সিংহ আসিয়া শিশুটিকে আক্রমণ করিল; তথন তিনি কোথায় থাকিবেন, বলুন দেখি ? তখন তাঁহার শিশুকে রক্ষা করিবার জ্ঞা তিনি সিংছের মুখেই ষাইবেন। এখানে প্রেম ভয়কে জয় করিয়াছে। ভগবৎপ্রেম সম্বন্ধেও এইরপ। ভগবান্ পুরস্কারদাতা না দওদাতা—ইহা লইয়া কে মাথা ঘামায় ? প্রকৃত প্রেমিক কখনও এভাবে চিন্তা করে না। একজন বিচারপতির কথা ধরুন—তিনি যথন গৃহে ফিরিয়া আসেন, তথন তাঁহার পত্নী তাঁহাকে কিভাবে দেখেন ? পত্নী তাঁহাকে বিচারপতি বা পুরস্কারদাতা বা শান্তিদাতারূপে দেখেন না—তাঁহাকে স্বামী বলিয়া, প্রেমাম্পদ বলিয়াই দেখেন। তাঁহার মেয়ে তাঁহাকে কি ভাবে দেখে? স্বেহময় পিতা বলিয়াই দেখে, পুরস্কারদাতা বা শান্তিদাতা বলিয়া দেখে না। এইরূপে ভগবানের সম্ভানরাও কখন ভগবান্কে পুরস্কারদাতা বা দশুবিধাতা বলিয়া দেখেন না। বাহিরের লোক—যাহারা তাঁহার প্রেমের আম্বাদ কথনও পায় নাই, তাহারাই তাঁহাকে ভয় করে এবং তাঁহার ভয়ে সর্বদা কাঁপিতে থাকে। এ-সব ভয়ের ভাব পরিত্যাগ করুন। ভগবান পুরস্কারদাতা বা দণ্ডদাতা, এ-সব ভাব ভয়াবহ; যাহারা বর্বর-প্রকৃতি, তাহাদের পক্ষে হয়তো এগুলির কিছু উপযোগিতা থাকিতে পারে। অনেক লোক—থুব বুদ্ধিমান লোকও ধর্মজগতে বর্বরতুল্য, স্থতরাং এ ভাবগুলিতে তাহাদিগের উপকার হইতে পারে। কিন্তু যে-সকল ব্যক্তি আধ্যাত্মিক রাজ্যে অগ্রদর, যাঁহাদের যথার্থ ধর্মভাব জাগরিত হইয়াছে, যাঁহাদের আধ্যাত্মিক অন্তর্গু পুলিয়া গিয়াছে, তাঁহাদের পক্ষে ও-সব ভাব শুধু ছেলেমাছ্যি, বোকামি। এইরূপ ব্যক্তিগণ সর্বপ্রকার ভয়ের ভাব পরিত্যাগ করেন।

প্রেমের তৃতীয় লক্ষণ আরও উচ্চতর। প্রেম সর্বদাই উচ্চতম আদর্শ।

যখন মাহ্য এই ছই সোপান অতিক্রম করে, যখন সে দোকানদারি ও ভয়ের
ভাব ছাড়িয়া দেয়, তখন সে উপলব্ধি করিতে থাকে যে, প্রেমই সর্বদা আমাদের
উচ্চতম আদর্শ ছিল। আমরা এই জগতে কতই তো দেখিতে পাই, পরমা
হন্দরী অতি কুৎসিত পুরুষকে ভালবাসিতেছে! আবার অনেক সময় দেখিতে
পাওয়া যায়, হ্রন্দর পুরুষ এক অতি কুৎসিতা নারীকে ভালবাসিতেছে! সেখানে
কিসের আকর্ষণ প্রাহিরের লোক তাহাদের মধ্যে কুৎসিত নারী বা পুরুষকেই

দেখিতে পায়—প্রেমিককে দেখিতে পায় না, কখন তাহা দেখিবে না। প্রেমিকের চক্ষে প্রেমাস্পদের তুলা পরম হৃদর আর কেহ নাই। কিরপে ইহা হয় ? (যে নারী কুংসিত পুরুষকে ভালবাসে, সে তাহার নিজ মনের মধ্যে সৌন্দর্যের যে আদর্শ আছে, তাহাই লইয়া যেন ঐ কুংসিত পুরুষের উপর প্রক্ষেপ করে, সে ধে ঐ কুংসিত পুরুষকে পূজা করিতেছে ও ভালবাসিতেছে তাহা নয়, সে তাহার নিজ আদর্শেরই পূজা করিতেছে। সেই পুরুষটি যেন উপলক্ষ্যমাত্র, এবং সেই উপলক্ষ্যের উপর সে তাহার নিজ আদর্শ প্রক্ষেপ করিয়া তাহাকে আরত করিয়া ফেলিয়াছে এবং উহাই তাহার উপাস্থ বস্ত হইয়া দাঁড়াইয়াছে। যেথানেই ভালবাসা, সেথানেই এ-কথা থাটে। ভাবিয়া দেখুন, আমাদের অনেকেরই ভাই-ভগিনী দেখিতে খুবই সাধারণ, কিন্তু আমাদের ভাই-ভগিনী বলিয়াই তাহারা আমাদের নিকট পরম হৃদর)

এই-সব ব্যাপারের দার্শনিক ব্যাখ্যা এই যে, প্রত্যেকেই নিজ আদর্শ বাহিরে প্রক্ষেপ করিয়া তাহারই উপাসনা করে। এই বহির্জগৎ উপলক্ষ্য মাত্র। আমরা যাহা কিছু দেখি, তাহা আমাদেরই মন হইতে বাহিরে প্রক্ষেপ করি মাত্র। একটা শুক্তির খোলার ভিতর একটু বালুকণা প্রবেশ করিয়া তাহার ভিতর একটা উত্তেজনা স্বষ্ট করে। তাহার ফলে শুক্তি হইতে রস নির্গত হইয়। তৎক্ষণাৎ বালুকণাকে আবৃত করে। এইরূপে স্থন্দর মৃক্তা উৎপন্ন হয়। আমরাও ঠিক তাই করিভেছি। বহির্জগতের বস্তুদকল বালুকণার মতো আমাদের চিন্তার উপলক্ষ্য মাত্র—ঐগুলির উপর আমরা আমাদের নিজেদের ভাব আরোপ করিয়া বাহ্যবস্তগুলি সৃষ্টি করিতেছি। মন্দ লোকেরা এই জগংটাকে ঘোর নরকরপে দেখে, ভাল লোকেরা ইহাকেই পরম স্বর্গ মনে করে। এই জগৎকে প্রেমিকেরা প্রেমপূর্ণ এবং দ্বেষপরায়ণ ব্যক্তিগণ দ্বেষপূর্ণ বলিয়া মনে করে। বিবাদপরায়ণ ব্যক্তিগণ জগতে বিবাদ-বিরোধ ছাড়া আর কিছু দেখিতে পায় না, এবং শান্তিপ্রিয় ব্যক্তিগণ শান্তি ছাড়া আর কিছু দেখিতে পান না। ষিনি পূর্ণৰ প্রাপ্ত হইয়াছেন, তিনি ইহাতে ঈশ্বর ব্যতীত আর কিছুই দর্শন করেন না। স্থতরাং আমরা সর্বদাই আমাদের উচ্চতম আদর্শের উপাদনা করিয়া থাকি, এবং ষ্থন আমরা এমন এক অবস্থায় উপনীত হই, যে অবস্থায় আদর্শকে আদর্শরূপেই উপাসনা করিতে পারি, তথন আমাদের তর্কঘৃক্তি ও সন্দেহ সব চলিয়া যায়। ঈশবের অন্তিত্ব প্রমাণ

করা ষাইতে পারে কি না, এ-কথা লইয়া কে মাথা ঘামায়? আদর্শ তো কখন নই হইতে পারে না, কারণ উহা আমার প্রকৃতির অংশছরপ। যখন আমি নিজের অন্তিত্ব সহজে সন্দেহ করি, শুধু তথনই ঐ আদর্শ সহজে সন্দেহ করি, এবং ষেহেতু আমি আমার অন্তিত্ব সন্দেহ করিতে পারি না, অতএব ঈশ্বরের অন্তিত্ব-বিষয়ে প্রশ্ন করিতে পারি না। আমার বাহিরে কোন হানে অবস্থিত, থেয়াল অনুষায়ী জগংশাসনকারী, কয়েকদিন স্বষ্টি করার পর অবশিষ্ট কাল নিজাগত এক ঈশ্বরের অন্তিত্ব বিজ্ঞানপ্রমাণ করিতে পারুক বা না পারুক, ইহা লইয়া কে মাথা ঘামায়? ঈশ্বর একাধারে সর্বশক্তিমান্ ও পূর্ণ-দয়াময় হইতে পারেন কি না, ইহা লইয়া কে মাথা ঘামায়? ভগবান্ মানুষের প্রস্কারদাতা কি না, এবং তিনি আমাদিগকে স্বেচ্ছাচারীর চোথে অথবা দয়াশীল সমাটের দৃষ্টিতে দেখেন, তাহা লইয়া কে মাথা ঘামায়? প্রেমিক এই ভাব অতিক্রম করিয়াছেন, তিনি এই-সব শান্তির, ভয়্ম-সন্দেহের এবং বৈজ্ঞানিক বা অন্ত কোন প্রমাণের বাহিরে গিয়াছেন। তাঁহার পক্ষে প্রেমের আদর্শই স্বেট, এবং এই জগৎ যে এই প্রেমেরই প্রকাশন্বরূপ—ইহা কি স্বতঃসিদ্ধ নয়?

(কোন্ শক্তিবলে অণু অণুর সহিত, পরমাণু পরমাণুর সহিত মিলিত হইতেছে, গ্রহ উপগ্রহ পরস্পরের দিকে আবর্তিত হইতেছে। কোন্ শক্তি নরকে নারীর প্রতি, নারীকে নরের প্রতি, মাহুধকে মাহুধের প্রতি, জীবজন্ধদের পরস্পরের প্রতি আকৃষ্ট করিতেছে—ধেন সমৃদয় জগৎকে এক কেন্দ্রাভিম্থে আকর্ষণ করিতেছে? ইহাকেই প্রেম বলে। ক্ষুত্তম পরমাণু হইতে উচ্চতম প্রাণী পর্যন্ত আব্রহ্মন্ত এই প্রেমের প্রকাশ—এই প্রেম সর্বরাপী ও সর্বশক্তিমান্। চেতন-অচেতন, ব্যক্তি-সমন্তি—সকলের মধ্যেই এই ভগবৎপ্রেম আকর্ষণী শক্তিরূপে বিরাজ করিতেছে। জগতের মধ্যে প্রেমই একমাত্র প্রেরণা-শক্তি। এই প্রেমের প্রেরণাতেই খ্রীষ্ট সমগ্র মানবজাতির জক্ত প্রাণ দিয়াছিলেন, বৃদ্ধ একটি ছাগশিশুর জন্তও প্রাণ দিতে উন্তত হইয়া-ছিলেন; ইহার প্রেরণাতেই মাতা সন্তানের জন্ত এবং পতি পত্নীর জন্ত প্রাণ বিদর্জন করিতে পারে। এই প্রেমের প্রেরণাতেই মাহুর স্থদেশের জন্ত প্রাণ দিতে প্রস্তত হয়; আর আশ্চর্যের কথা, সেই একই প্রেমের প্রেরণায় চোর চুরি করে, হত্যাকারী হত্যা করে; কারণ এই-সবের ম্লেণ্ড ঐ প্রেম, যদিও তাহার প্রকাশ ভিন্ন ভিন্ন। ইহাই জগতে একমাত্র প্রেরণা-শক্তি। চোরের

প্রেম টাকার উপর—প্রেম তাহার ভিতর রহিয়াছে, কিন্তু উহা বিপথে চালিত হইয়াছে। এইরূপে সর্বপ্রকার পাপকর্ম ও সম্দয় পুণ্য—সব কিছুর পশ্চাডেই সেই অনস্ত শাশ্বত প্রেম বিঅমান। মনে করুন, একজন একই ঘরে বিসয়া নিউ ইয়র্কের গরীবদের জন্ম হাজার ডলারের একথানি চেক লিখিয়া দিলেন, এবং ঠিক সেই সময়েই আর একজন তাহার বয়ুর নাম জাল করিল। এক আলোতেই ছই জন লিখিতেছে, কিন্তু যে যেভাবে আলো ব্যবহার করিতেছে, সে সেইজন্ম দায়ী হইবে—আলোর কোন দোষ-গুণ নাই। এই প্রেম সর্ববস্তুতে প্রকাশিত অথচ নির্লিপ্ত, ইহাই সমগ্র জগতের প্রেরণা-শক্তি—ইহার অভাবে জগৎ মূহুর্তমধ্যে নই হইয়া ঘাইবে, এবং এই প্রেমই ঈয়র।)

কৈহই পতির জন্ম পতিকে ভালবাসে না, পতির মধ্যে যে আত্মা আছেন, তাঁহার জন্মই পতিকে ভালবাসে; কেহই পত্নীর জন্ম পত্নীকে ভালবাসে না, পত্নীর মধ্যে যে আত্মা আছেন, তাঁহার জন্মই পত্নীকে ভালবাসে; কেহই কোন বস্তুর জন্ম সেই বস্তুকে ভালবাসে না, আত্মার জন্মই সেই বস্তুকে ভালবাসে।' এমন কি, অতি নিন্দিত এই স্বার্থপরতা, তাহাও সেই প্রেমেরই প্রকাশ। এই খেলা হইতে সরিয়া দাঁড়ান, ইহাতে মিশিয়া যাইবেন না, শুধু এই অভূত দৃশ্যাবলী—দৃশ্যের পর দৃশ্য অভিনীত এই বিচিত্র নাটক দেবিয়া যান, এবং এই অপূর্ব একতান শ্রবণ করুন—সবই সেই এক প্রেমের বিভিন্ন প্রকাশ মাত্র—ঘোর স্বার্থপরতার মধ্যেও আত্মা বা 'অহং' ভাব ক্রমশঃ বাড়িতে থাকে। সেই এক 'অহং'—একটি মাহুষ বিবাহিত হইলে ছইটি হইবে, সন্তানাদি হইলে কয়েকটি হইবে; এইরূপে তাহার 'অহং'-এর বিস্তৃতি হইতে থাকে; গ্রাম, নগর অবশেষে সমগ্র জগং তাহার আত্মস্বরূপ হইয়া যায়। শেষ পর্যন্ত সেই আত্মা সকল নরনারী, সকল শিশু, সকল জীবজন্ত, সমগ্র বিশ্বকে নিজের মধ্যে মিলিত করে, উহা ক্রমশঃ বর্ধিত হইয়া এক সর্বজনীন প্রেমে—অনস্ত প্রেমে পরিণত হইবে, এবং এই প্রেমই ঈশ্বর)

এইরপে আমরা পরা ভক্তিতে উপনীত হই—এই অবস্থায় অমুষ্ঠান ও প্রতীকাদির আর কোন প্রশ্নোজন থাকে না। যিনি ঐ অবস্থায় পৌছিয়াছেন, তিনি আর কোন সম্প্রদায়ভুক্ত হইতে পারেন না, কারণ সকল সম্প্রদায়ই

১ বুহ. উপ., ২।৪।৫

তাঁহার মধ্যে রহিয়াছে। তিনি আর কোন্ সম্প্রদায়ভুক্ত হইবেন? সকল গির্জা-মন্দিরাদি তো তাহার ভিতরেই রহিয়াছে। এত বড় গির্জা কোথায়, যাহা তাঁহার পক্ষে পর্যাপ্ত হইতে পারে? এরপ ব্যক্তি নিজেকে কৃতকগুলি নির্দিষ্ট অমুষ্ঠানের মধ্যে আবদ্ধ করিয়া রাখিতে পারেন না। যে অসীম প্রেমের সহিত তিনি এক হইয়া গিয়াছেন, তাহার কি আর সীমা আছে? যে-সকল ধর্ম এই প্রেমের আদর্শ গ্রহণ করিয়াছে, সেই-সব ধর্মে প্রেমকে বিভিন্ন ভাবে ব্যক্ত করিবার চেষ্টা দেখা যায়। যদিও আমরা জানি এই প্রেম বলিতে কি ব্যায়, যদিও আমরা জানি—এই বিভিন্ন আদক্তি- ও আকর্ষণ-পূর্ণ জগতে সবই সেই অনস্ত প্রেমের আংশিক বা অক্যপ্রকার প্রকাশ মাত্র, তথাপি আমরা স্বর্দা উহা কথায় প্রকাশ করিতে পারি না। বিভিন্ন দেশের সাধুমহাপুরুষগণ উহা ব্যক্ত করিবার চেষ্টা করিয়াছেন। আমরা দেখিতে পাই, তাঁহার। ঐ প্রেমের তাৎপর্য এতটুকু প্রকাশ করিবার জন্মও ভাষার ভাতার তর ভন্ন করিয়া সন্ধান করিয়াছেন—এমন কি অতিশয় ইন্দ্রিয়গত শব্দগুলি পর্যন্ত দিব্যভাবে রূপান্তরিত করিয়া তাহার। ব্যবহার করিয়াছেন।

হিক্র রাজর্ষি থবং ভারতীয় মহাপুরুষণণও এইভাবে ঐ প্রেমের বর্ণনা করিয়া গিয়াছেন : 'হে প্রিয়তম, তুমি যাহাকে একবার চুম্বন করিয়াছ, তোমার দারা একবার চুম্বিত হইলে তোমার জন্ম তাহার পিপাদা ক্রমাগত বাড়িতে থাকে। তথন সকল তৃঃথ দূর হয় এবং দে ভূত, ভবিশ্বং, বর্তমান সব ভূলিয়া কেবল তোমারই চিস্তা করিতে থাকে।' ইহাই প্রেমিকের উন্মন্ত অবস্থা— এই অবস্থায় সব বাসনা লুপ্ত হইয়া যায়। প্রেমিক বলেন—মৃক্তি কে চায় ? কে মৃক্ত হইতে চায় ? এমন কি, কে পূর্ণত্ব বা নির্বাণপদের অভিলাষ করে ?

'আমি ধন চাই না, আমি স্বাস্থ্যও প্রার্থনা করি না, আমি রূপযৌবনও চাই
না, আমি তীক্ষবৃদ্ধিও কামনা করি না—এই সংসারে সমৃদয় অশুভের মধ্যেও
আমার পুনঃ পুনঃ জন্ম হউক—আমি তাহাতে কিছুমাত্র বিরক্তি প্রকাশ করিব
না, কিন্তু তোমার প্রতি আমার যেন অহৈতৃক প্রেম থাকে।' এই প্রেমের
উন্মত্তাই পূর্বোক্ত সঙ্গীতগুলিতে ব্যক্ত হইয়াছে। মানবীয় প্রেমের মধ্যে স্ত্রী-

১ জন্তব্য: সলোমনের গীত (The Song of Solomon—Old Test.)

২ শ্রীমদ্ভাগবত, ১০০১।১৪, ৩ শিক্ষাষ্টকম্, শ্রীকৃষ্টেচতক্ত

পুরুষের প্রেমই সর্বোচ্চ, স্পট্টভাবে ব্যক্ত, প্রবলতম ও অতিশয় মনোহর। এই কারণে ভগবংপ্রেমের বর্ণনায় সাধকেরা এই প্রেমের ভাষাই ব্যবহার করিয়াছেন। এই মানবীয় প্রেমের মন্ততা সাধুমহাপুরুষগণের উন্মন্ত ঈশ্বরপ্রেমের ক্ষীণতম প্রতিথ্বনি মাত্র। ষথার্থ ভগবংপ্রেমিকগণ ঈশ্বরের প্রেমমিদিরা পান করিয়া উন্মন্ত হইতে চান—তাঁহারা 'ভগবংপ্রেমে উন্মন্ত' হইতে চান। সকল ধর্মের সাধুমহাপুরুষগণ যে প্রেমমিদিরা প্রস্তুত করিয়াছেন, যাহাতে তাঁহারা নিজেদের হদয়-শোণিত মিশ্রিত করিয়াছেন, যাহার উপর নিদ্ধাম ভক্তগণের সমগ্র মনপ্রাণ নিবদ্ধ, তাঁহারা সেই প্রেমের পেয়ালা পান করিতে চান। তাঁহারা এই প্রেম ছাড়া আর কিছুই চান না—প্রেমই প্রেমের একমাত্র পুরস্কার, এবং কি অপ্র্র এই পুরস্কার! ইহাই একমাত্র বস্তু, যাহা ঘারা সকল হৃংখ দ্রীভৃত হয়; ইহাই একমাত্র পানপাত্র, যাহা পান করিলে ভবব্যাধি অন্তর্হিত হয়, তথন মাত্র্য ঈশ্বপ্রেমে উন্মন্ত হইয়া যায় এবং ভ্লিয়া যায় যে, সে মাত্র্য।

শেষে আমরা দেখিতে পাই—বিভিন্ন সাধনপ্রণালী পরিণামে পূর্ণ একত্বরূপ এক কেন্দ্রের অভিমুখী। আমরা চিরকালই দ্বৈতবাদিরূপে সাধন আরম্ভ করি— ঈশ্বর ও আমি সম্পূর্ণ পৃথক্ বস্তু। ছইয়ের মধ্যে প্রেম আসিয়া উপস্থিত হয়, তথন মামুষ ভগবানের দিকে অগ্রসর হইতে থাকে, ভগবান্ও ষেন মামুষের দিকে আসিতে থাকেন। পিতা, মাতা, সথা, প্রেমিক প্রভৃতির ভাব মাহুষ ভগবানের উপর আরোপ করে এবং ষখনই সে তাহার উপাশু বস্তুর সহিত অভিন্ন হইয়া যায়, তথনই চরমাবস্থা লাভ করে। তথন আমিই তুমি ও তুমিই আমি হইয়া ধায়! দেখা ধায়, ভোমাকে উপাসনা করিলে আমারই উপাদনা করা হয়, আর আমাকে উপাদনা করিলে তোমারই উপাসনা করি। সেই অবস্থায় পৌছিলেই মাহ্ন্য—্যে-অবস্থা হইতে তাহার জীবন বা উন্নতি আরম্ভ করিয়াছিল, তাহারই সর্বোচ্চ পরিণতি দেখিতে পায়। মাহুষ ষেথান হইতে আরম্ভ করে, শেষও সেইখানেই করিয়া থাকে। প্রথমে ছিল আত্মপ্রেম, কিন্তু আত্মাকে ক্ষ্ত্র 'অহং' বলিয়া ভ্রম হওয়াতে ভালবাসাও স্বার্থপর ছিল। পরিণামে ষ্থন আত্মা অনস্তম্বরূপ হইয়া গেল, তথনই পূর্ণ আলোক প্রকাশ পাইল। যে ঈশব্বকে প্রথমে কোন এক স্থানে অবস্থিত পুরুষবিশেষ মনে হইত, তিনিই তখন যেন অনস্বপ্রেমে পরিণত

হইলেন। সাধক নিজেই তথন সম্পূর্ণ পরিবর্তিত হইয়া যান, ঈশর-সামীপ্য লাভ করিতে থাকেন, পূর্বে তাঁহার যে-সব র্থা বাসনা ছিল, তথন তিনি সেগুলি পরিত্যাগ করিতে থাকেন। বাসনা দ্র হইলেই স্বার্থপরতা দ্র হয়, এবং প্রেমের চরমশিখরে আরোহণ করিয়া সাধক দেখিতে পান— প্রেম, প্রেমিক ও প্রেমাস্পদ—এক ও অভিন।

দেববাণী

নিবেদন

১৮৯৫ খ্রীষ্টাব্দে স্বামী বিবেকানন্দ আমেরিকায় ক্রমাগত বক্তার পর বক্তা-দানে ক্লান্ত হইয়া কয়েক সপ্তাহের জন্ম নিউ ইয়র্ক হইতে কিয়দূরবর্তী সহস্রদীপোলান (Thousand Island Park) নামক স্থানে নির্জনবাস করেন। কয়েকজন আমেরিকাবাসী তাঁহার উপদেশে এতদ্র আক্রষ্ট হইয়াছিলেন যে, তাঁহারা ঐ স্থােগে সদাসর্বদা তাঁহার নিকট বাস করিয়া বিশেষভাবে সাধনভজন শিক্ষা কারতে আরম্ভ করেন। স্বামীজী তথায় প্রতিদিন প্রাতে যেসকল উপদেশ দিতেন, তাহার কিছু কিছু তাঁহার জনৈক শিক্ষা লিপিবদ্ধ করিয়া রাথিয়াছিলেন। সেইগুলি একত্র সংগৃহীত হইয়া ১৯০৮ খ্রীষ্টাব্দে মাদ্রাজ রামকৃষ্ণ মঠ হইতে 'Inspired Talks' নামে প্রকাশিত হয়। বর্তমান পুত্তকথানি উহারই বলায়্বাদ।

ইতি অমুবাদকস্থ

ইংরেজী প্রথম সংস্করণের ভূমিকা হইতে

খামী বিবেকানন্দের সাক্ষাৎ সংস্পর্লে আসিবার সোভাগাঁ বাঁহাদের হইয়াছিল, তাঁহারা সকলেই একবাক্যে খীকার করিবেন যে, শুধু বক্তামঞ্চে বক্তারূপে খামীজীকে জানিয়া তাঁহার যথার্থ শক্তি ও মহন্তের অতি সামাগ্র পরিচয়ই তাঁহারা পাইয়াছেন। অস্তরঙ্গ বন্ধু ও শিগুদের সঙ্গে ঘনিষ্ঠ কথাবার্তাতেই তাঁহার জ্ঞানালাকের অপূর্ব ক্রুব, বাগ্মিতার শ্রেষ্ঠ বিকাশ এবং গভীরতম প্রজ্ঞার অভিব্যক্তি হইত। ঘর্তাগ্যক্তমে অভাবধি মৃদ্রিত খামীজীর গ্রন্থাবলীতে তিনি আমাদের নিকট শুধু বক্তারূপেই ধরা দিয়াছেন। যে অল্ল কয়েকজন ভাগ্যবান্ ব্যক্তি বিবেকানন্দের চরণে বদিয়া শিক্ষালাভ করিবার স্থযোগ পাইয়াছিলেন, শুধু তাঁহারাই তাঁহাকে বন্ধু, আচার্য ও স্লেহময় শুরুব্ধপে জানিতে পারিয়াছেন। ইহা সত্য যে, তাঁহার প্রকাশিত পত্রাবলীতে আধ্যান্থিক মহাশক্তির এই দিকটার আভাস পাওয়া যায়; কিন্তু অস্তরঙ্গ অন্থরাগী ও শিগ্যদের সান্নিধ্যে (দিব্যভাবে) তিনি যে-সকল কথা বলিয়াছিলেন, দে-গুলি এই প্রথম বর্তমান গ্রন্থে প্রকাশিত হইল।

স্বামীজ্ঞীর এই কথাগুলি নিউ ইয়র্কের মিদ এদ. ই. ওয়াল্ডো লিখিয়া রাখেন। মিদ ওয়াল্ডো স্বামীজীর আমেরিকায় বক্তৃতা-দদরের প্রথম দিক হইতেই তাঁহাকে অফুরস্ত ভক্তির দহিত দেবা করিয়াছেন।…মিদ ওয়াল্ডো নিজেই বলিয়াছেন, স্বামী বিবেকানন্দের চিস্তারাশি যেন তাঁহার মধ্য দিয়া প্রবাহিত হইয়া লিপিবদ্ধ হইত।…একদিন মিদ ওয়াল্ডো থাউজ্যাও আইল্যাও পার্কে কয়েকজন নবাগতের নিকট স্বামীজীর বক্তৃতার কিছু নোট পড়িয়া শুনাইতেছিলেন, স্বামীজী ঘরের মধ্যে পায়চারি করিতে করিতে উহা শুনিতে পাইলেন, কিন্তু ব্যাপারটা ব্রিতে পারিলেন না। নবাগত ব্যক্তিগণ চলিয়। গেলে ওয়াল্ডোকে বলিয়াছিলেন, 'তুমি কির্মণে আমার চিস্তা ও কথাগুলি এমন নিখুঁতভাবে ধরিতে পারিলে? মনে হইতেছিল, আমি নিজের কথাই নিজে শুনিতেছিলাম।'

ইংরেজী দ্বিতীয় সংস্করণের ভূমিকা হইতে

ানিকালে সারা পৃথিবীতে স্বামীন্ধী সর্বাণেক্ষা শক্তিমান্ ও শ্রেষ্ঠ বেদান্ত-ব্যাখ্যাতা বলিয়া পরিচিত। ভারতে ও বিদেশে অনেকেই তাঁহার বাগিতার ত্র্বার মনোহারিত্ব অঞ্ভব করিয়াছেন। বর্তমান গ্রন্থে স্বামীন্ধী ঝঞ্চার মতো বাগিতার সহিত তাঁহার অকাট্য যুক্তি, মনোম্প্রকর ব্যক্তিত, অভিশয় নিগৃঢ় তত্তসমূহ প্রাঞ্জলভাবে ব্যাখ্যা করিবার ত্র্গভ শক্তি ঘারা বিশাল শ্রোত্রন্দের হৃদয় জয় করিবার জ্ঞা কোন বক্তৃতামঞ্চে দণ্ডায়মান হন নাই; তিনি বিসিয়াছিলেন কয়েকজন বাছা-বাছা ভক্ত-শিয়ের সম্মুখে, বাহারা তাঁহাকে অজ্ঞান ও তৃঃখের পারে লইয়া যাইবার একমাত্র পথপ্রদর্শকরণে দেখিতে শুক্ষ করিয়াছেন। সেখানে স্বামীজী বসিয়াছিলেন স্বকীয় দেদীপ্যমান উপলব্ধির মহিমায়, মধুর ও স্থকণ্ঠ স্বরে নিজের অন্তর্জ্যোতির শাস্ত কিরণরাশি ভক্ত-অন্তর্গাদের মধ্যে বিকিরণ করিয়া এবং তাঁহাদের হৃদয়-পদ্ম ধীরে ধীরে প্রকৃতিত করিয়া। তাঁহার চারিদিকে বিরাজ্ব করিত শান্তি। যে-কয়েকজন ভাগ্যবান্ শিশ্ব এরূপ মহান্ ঋষি ও গুক্ষর পাদমূলে বসিবার ত্র্গভ অধিকার পাইয়াছিলেন, তাঁহারা বান্তবিকই ধন্তা।

বাগী বিবেকানন্দ সেথানে ঝঞ্চার মতো আলোড়ন সৃষ্টি করিয়া সকলের হৃদয় জয় করেন নাই। প্রশান্ত ঋষির মতো কয়েকজন ষথার্থ অহ্বরাগী জক্তের নিকট তিনি শান্তি ও আনন্দের বাণী বিতরণ করিতেছেন। তাঁহার শ্রীম্থের মধ্র বাণীগুলি কী আলোকপ্রদ ও সান্তনাদায়ক! মনে হয়—বেন হাত্রময়ী ও মৃত্মন্দ সমীরণ-সঞ্চারিণী উষা রক্তিম পূর্বাকাশের ক্রোড় হইতে আবিভূতি হইয়া অন্ধকার দ্র করিতেছে। স্বামীজীর বাণীগুলিতে যদি কয়েকজনের প্রাণে সান্তনা দিবার শক্তি নিহিত থাকে, তবে ঐগুলি সকলের হৃদয়েই শান্তি দিবে। সেই প্রিয় শিয়ার মাতৃ-হৃদয় ধয় হউক, যিনি স্বামীজীর ত্রাণকারিণী বাণীগুলি কালগর্ভে বিল্প্তির হাত হইতে সমত্রে রক্ষা করিয়াছেন। বর্তমান গ্রন্থে লিপিবদ্ধ স্বামীজীর (Inspired Talks) 'দেববাণী'র জয় মাতা হরিদাসীর (মিস এস. এলেন ওয়াল্ডো) নিকট সমগ্র জগ্রৎ ঋণী। এই বাণীগুলি অপেক্ষা আর কিছুই মানবজাতির নিকট অধিক

হিতকর বন্ধ ও মহন্তর পথপ্রদর্শক হইতে পারে না। যে-কেহ বাণীগুলিতে নিহিত অমৃত পান করিবে, সে-ই নিশ্চয় জানিবে যে, সে অমর। যে-কেহ জ্ঞানালোক, শাস্তি ও আনন্দ পাইতে চায়, সে-ই বাণীগুলিতে তাহা পাইবে এবং চিরদিনের জন্ম তাহার হৃংথের অবসান হইবে।

মাক্রাজ মই ডিসেম্বর, ১৯১০

রামকৃষ্ণানন্দ

পটভূমিকা

ইংরেজী Inspired Talks গ্রন্থারন্তের পূর্বে মিদ ওয়াল্ডো-লিখিত মূল্যবান্ ভূমিকাটির ইংরেজী দিরোনামা 'Introductory Narrative'—ইহার বাংলা অনুবাদ 'আমেরিকায় স্বামীলী', এই প্রবন্ধের প্রথমাংশে স্বামীলীর আমেরিকায় পদার্পণ কাল হইতে চিকাগো ধর্ম-মহাদভা, এবং তারপর পূর্ব উপকূলে বিভিন্ন স্থানে প্রচারকার্যের কথা সংক্ষেপে লিপিবদ্ধ। শেষাংশ 'দেববাণী'র পটভূমিকা-ক্সপে প্রদত্ত হইল]

অবশেষে স্বামীজী অহভেব করিলেন, স্বীয় আচার্য শ্রীরামকৃষ্ণদেবের সকল ধর্মের সত্যতা ও মৌলিক একত্ব-প্রতিপাদক উপদেশবাণী পাশ্চাত্য জগতের নিকট প্রচার করা-রূপ নিজ্ব অভীপ্সিত মহাকার্যে তিনি বেশ কিছুটা অগ্রসর হইয়াছেন। ক্লাগটি এত শীঘ্র বাড়িয়া উঠিল যে, আর উপরের ছোট ঘরটিতে স্থান হয় না, স্থতরাং নীচেকার বড় বৈঠকখানাছটি ভাড়া লওয়া হইল। এইখানেই স্বামীজী দেই ঋতৃটির শেষ পর্যন্ত শিক্ষা দিতে লাগিলেন। এই শিক্ষা সম্পূর্ণরূপে বিনা বেতনে প্রদত্ত হইত; প্রয়োজনীয় ব্যয়, স্বেচ্ছায় যিনি ষাহা দান করিতেন, তাহাতেই চালাইবার চেষ্টা করা হইত। কিন্তু সংগৃহীত অর্থ--- ঘরভাড়া ও স্বামীজীর আহারাদি-ব্যয়ের পক্ষে যথেষ্ট না হওয়ায় অর্থাভাবে ক্লাসটি উঠিয়া যাইবার উপক্রম হইল। অমনি স্বামীজী ঘোষণা করিলেন যে, ঐহিক বিষয়ে তিনি সাধারণের সমক্ষে কতকগুলি নিয়মিত বক্তৃতা দিবেন। দেগুলির জন্ত পারিশ্রমিক লইতে তাঁহার বাধা ছিল না, সেই অর্থে তিনি ধর্মসম্বনীয় ক্লাসটি চালাইতে লাগিলেন। তিনি ব্ঝাইয়া দিলেন ষে, হিন্দের চক্ষে শুধু বিনামূল্যে শিক্ষা দিলেই ধর্মব্যাখ্যার কর্তব্য শেষ হইল না, সম্ভবপর হইলে তাঁহাকে এই কার্যের ব্যয়ভারও বহন করিতে হইবে। পূর্বকালে ভারতে এমনও নিয়ম ছিল যে, উপদেটা শিশুগণের আহার ও বাসস্থানের वावश कतिरवन।

ইতিমধ্যে কতিপয় ছাত্র স্বামীজীর উপদেশে এতদ্র মৃথ হইয়া পড়িয়া-ছিলেন যে, ষাহাতে তাঁহারা পরবর্তী গ্রীম ঋতুতেও ঐ শিক্ষালাভ করিতে পারেন, সেজ্য সমৃৎস্থক হইলেন। কিন্তু তিনি একটি ঋতুর কঠোর পরিশ্রমে ক্লাস্ত হইয়া পড়িয়াছিলেন এবং পুনরাম গ্রীমের সময় এরণ পরিশ্রম করা সময়ে প্রথমে আপত্তি করিয়াছিলেন। তারপর অনেক ছাত্র বংসরের ঐ সময়ে শহরে থাকিবেন না। কিন্তু প্রশ্নটির আপনা-আপনি মীমাংসা হইয়া গেল। আমাদের মধ্যে একজনের সেণ্টলরেন্স নদীবক্ষর বৃহত্তম দ্বীপ 'সহস্রন্থীপোভানে' (Thousand Island Park) একখানি ছোট, বাড়ি ছিল; তিনি উহা স্বামীন্দ্রীর এবং আমাদের মধ্যে যত জনের উহাতে স্থান হয়, তত জনের ব্যবহারের জন্ম ছাড়িয়া দিবার প্রস্তাব করিলেন। এই ব্যবহা স্বামীন্দ্রীর মনঃপৃত হইল; তিনি তাঁহার জনৈক বন্ধুর 'মেইন ক্যাম্প' (Maine Camp) নামক ভবন হইতে প্রত্যাগত হইয়াই আমাদের নিকট সেধানে আসিবেন বিলয়া স্বীকৃত হইলেন।

যে ছাত্রীটি বাড়িখানির অধিকারিণী ছিলেন, তাঁহার নাম ছিল মিস ডাচার। তিনি ব্ঝিলেন ষে, এই উপলক্ষ্যে একটি পৃথক্ কক্ষ নির্মাণ করা আবশুক—যেখানে কেবল পৰিত্র ভাবই বিরাজ করিবে, এবং তাঁহার গুরুর প্রতি প্রকৃত ভক্তি-অর্ঘ্য-হিদাবে আসল বাড়িখানি যত বড়, প্রায় তত বড়ই একটি নৃতন পার্য সংযোজন করিয়া দিলেন। বাড়িটি এক উচ্চভূমির উপর অতি স্থন্দর স্থানে অবস্থিত ছিল; স্থরম্য নদীটি অনেকথানি এবং উহার বহুদ্রবিস্থৃত সহস্রধীপের অনেকগুলি তথা হইতে দৃষ্টিগোচর হইত। দুরে ক্লেটন অল্ল অল্ল দেখা যাইড, আর অপেক্ষাকৃত নিকটবর্তী বিস্তৃত ক্যানাডা উপকৃল উত্তরে দৃষ্টি অবরোধ করিত। বাড়িখানি একটি পাহাড়ের গায়ে অবস্থিত ছিল; পাহাড়টির উত্তর ও পশ্চিম দিক হঠাৎ ঢালু হইয়া নদীতীর ও উহারই যে কৃত্র অংশট ভিতরের দিকে ঢুকিয়া আসিয়াছে, তাহার তীর পর্যন্ত গিয়াছে; শেষোক্ত জলভাগটি একটি কৃত্র হ্রদের স্থায় বাড়িথানির পশ্চাতে রহিয়াছে। বাড়িখানি সত্য সত্যই (বাইবেলের ভাষায়) 'একটি পাহাড়ের উপর নির্মিত,' আর প্রকাণ্ড প্রকাণ্ড পাথর উহার চারিদিকে পড়িয়াছিল। নবনির্মিত সংযোজনটি পাহাড়ের খুব ঢালু অংশে দণ্ডায়মান থাকায় ষেন একটি বিরাট আলোকস্তম্ভের মতো দেখাইত। বাড়িটির তিন দিকে জানালা ছিল এবং উহা পিছনের দিকে ত্রিভল ও সামনের দিকে বিতল ছিল। নীচের ঘরটিতে ছাত্রগণের মধ্যে একস্কন পাকিতেন; ভাহার উপরকার ঘরটিতে বাড়িথানির প্রধান অংশ হইতে অনেকগুলি ছার দিয়া যাওয়া যাইত, এবং প্রশস্ত ও স্থবিধান্তনক হওয়ায় উহাতেই আমাদের ক্লাদের অধিবেশন

হইত, এবং সেখানেই স্বামীজী অনেক ঘণ্টা ধরিয়া আমাদিগের স্থপরিচিত বন্ধুর মতো উপদেশ দিতেন। এই ঘরের উপরের ঘরটি শুধু স্বামীজীরই ব্যবহারের জন্ম নির্দিষ্ট ছিল। যাহাতে উহা সম্পূর্ণরূপে নিরুপত্রব হইতে পারে, সেজন্ম মিস ডাচার বাহিরের দিকে একটি পৃথক্ সিঁড়ি করাইয়া দিয়াছিলেন। অবশ্য উহাতে দোতলার বারান্দায় আসিবার একটি দরজাও ছিল।

এই উপরতলায় বারান্দাটি আমাদের জীবনের সহিত অতি ঘনিষ্ঠভাবে সংশ্লিপ্ট ছিল; কারণ স্বামীজীর সকল সাদ্ধা কথোপকথন এই স্থানেই হইত। বারান্দাটি প্রশস্ত থাকায় উহাতে কতকটা জায়গা ছিল। উহার উপরে ছাদ দেওয়া ছিল, এবং উহা বাড়িখানির দক্ষিণ ও পশ্চিমাংশে বিস্তৃত ছিল। মিস ডাচার উহার পশ্চিমাংশটি একটি পর্দা দিয়া সম্বত্নে পৃথক্ করিয়া দিয়াছিলেন, স্ক্রাং যে-সকল অপরিচিত ব্যক্তি এই বারান্দা হইতে তত্ত্বত্য অপূর্ব দৃশ্রটি দেখিবার জন্ম সেখানে প্রায়ই আগমন করিতেন, তাহারা আমাদের নিস্তন্ধতা ভক্ষ করিতে পারিতেন না।

এইখানেই আমাদের অবস্থান-কালের প্রতি দন্ধ্যায় আচার্যদেব তাঁহার দারের সমীপে বিদিয়া আমাদের সহিত কথাবার্তা বলিতেন। আমরাপ্র দন্ধ্যার স্থিমিত আলোকে নির্বাক হইয়া বিদিয়া তাঁহার অপূর্ব জ্ঞানগর্ভ বচনামৃত সাগ্রহে পান করিতাম। স্থানটি যেন সত্য সত্যই একটি পুণ্যনিকেতন ছিল। পাদনিমে হরিৎপত্রবিশিষ্ট রক্ষণীর্যগুলি হরিৎসমুদ্রের মতো আন্দোলিত হইত, কারণ সমগ্র স্থানটি ঘন অরণ্যে পরিবৃত ছিল। স্বৃহৎ গ্রামটির একখানি বাড়িও সেখান হইতে দৃষ্টিগোচর হইত না, আমরা যেন লোকালয় হইতে বহু যোজন দ্বে কোন নিবিড় অরণ্যানী-মধ্যে বাস করিতাম। বৃক্ষ-শ্রেণী হইতে দ্বে বিস্তৃত সেণ্ট লরেন্স নদী; উহার বক্ষে মাঝে মাঝে দ্বীপসমূহ; উহাদের মধ্যে কতকগুলি আবার হোটেল ও ভোজনালয়ের উজ্জল আলোকে ঝিকমিক করিত। এগুলি এত দ্রে ছিল যে, উহারা সত্য অপেক্ষা চিত্রিত দৃশ্য বলিয়াই মনে হইত। আমাদের এই নির্জন স্থানে জনকোলাহলও কিছুমাত্র প্রবেশ করিত না। আমরা শুধু কীটপতঙ্গাদির অক্ট্ রব, পক্ষিগণের মধ্র কাকলি, অথবা পাতার মধ্য দিয়া সঞ্চরমাণ বায়ুর মৃত্ মর্মর-ধ্বনি শুনিতে পাইতাম। দৃশ্যটির কিয়দংশ স্থিম চক্রকিরণে উদ্ভাসিত থাকিত,

এবং নিমের স্থির জলরাশিবক্ষে দর্পণের ন্থায় চন্দ্রের মুখছেবি প্রতিবিধিত হইত। এই অপূর্ব মায়া-বাজ্যে আমরা আচার্যদেবের সহিত সাতটি সপ্তাহ দিব্যানন্দে তাঁহার অতীক্রিয়রাজ্যের বার্তাসমন্থিত অপূর্ব বচনাবলী প্রবণ করিতে করিছে অতিবাহিত করিয়াছিলাম—তথন আমরা জগ্যুকে ভূলিয়া গিয়াছিলাম, জগৎও আমাদিগকে ভূলিয়া গিয়াছিল। এই সময়ে প্রতিদিন সান্ধ্য-ভোজন-সমাপনাপ্তে আমরা সকলে উপরকার বারান্দায় গিয়া আচার্য-দেবের আগমন প্রতীক্ষা করিতাম। অধিকক্ষণ অপেক্ষা করিতে হইত না, কারণ আমরা সমবেত হইতে না হইতেই তাহার গৃহদার উন্মুক্ত হইত এবং তিনি ধীরে ধীরে বাহিরে আসিয়া তাহার অভ্যন্ত আসন গ্রহণ করিতেন। তিনি আমাদিগের সহিত প্রভাহ ছই ঘটা এবং অনেক সময়েই তদ্ধিক কাল যাপন করিতেন। এক অপূর্বসৌন্দর্যমন্ত্রী রজনীতে (সে দিন নিশানাথ প্রায় পূর্ণাবয়র ছিলেন) কথা কহিতে কহিতে চন্দ্র অন্ত গেল; আমরাও যেমন কালক্ষেপের বিষয়ই কিছুই জানিতে পারি নাই, স্বামীজীও মনে হয় ঠিক তেমনি কিছুই জানিতে পারেন নাই।

এই-সকল কথোপকথন লিপিবদ্ধ করিয়া লওয়া সম্ভব হয় নাই; ঐশুলি শুধু শ্রোতৃর্নের হৃদয়েই প্রথিত হইয়া আছে। এই দিব্য অবসরে আমরা যে উচ্চাঙ্গের গভীর ধর্মান্তভূতি লাভ করিতাম, তাহা আমাদের কেহই ভূলিতে পারিবে না। স্বামীন্ধী ঐ সময়ে তাহার হৃদয়ের ছ্য়ার খুলিয়া দিতেন। ধর্মলাভ করিবার জন্ম তাহাকে যে-সকল বাধা-বিল্ল অতিক্রম করিয়া যাইতে হইয়াছিল, সেগুলি যেন পুনরায় আমাদের দৃষ্টগোচর হইত। তাহার গুরুদেবই যেন স্ক্রণরীরে তাহার ম্থাবলম্বনে আমাদের নিকট কথা কহিতেন, আমাদের সকল সন্দেহ মিটাইয়া দিতেন, সকল প্রশ্রের উত্তর দিতেন এবং সম্দয় ভয় দ্র করিতেন। অনেক সময়ে স্বামীন্ধী যেন আমাদের উপস্থিতিই ভূলিয়া যাইতেন,—তথন আমরা পাছে তাহার চিন্তাপ্রবাহে বাধা দিয়া ফেলি এই ভয়ে থেন স্বাদ কদ্ধ করিয়া থাকিতাম। তিনি আসন হইতে উঠিয়া বারান্দাটির সন্ধীন সীমার মধ্যে পায়চারি করিয়া বেড়াইতে বেড়াইতে অনর্গল কথা বলিয়৷ যাইতেন। এই সময়ে তিনি যেরূপ কোমলপ্রকৃতি ছিলেন এবং সকলের ভালবাদা আকর্ষণ করিতেন, তেমন আর কথনও দেখা যায় নাই; তাহার গুরুদেব যেরূপে তাঁহার শিশুবর্গকে শিক্ষা দিতেন, ইহা হয়তো অনেকটা

সেইরূপ ব্যাপার—তিনি নিজেই নিজ আত্মার সহিত ভাৰম্থে কথা কহিয়া যাইতেন, আর শিয়গণ শুধু শুনিয়া যাইতেন।

স্বামী বিকোনন্দের ত্যায় একজন লোকের সহিত বাস করাই অবিশ্রান্ত উচ্চ উচ্চ অহুভৃতি লাভ করা। প্রাতঃকাল হইতে রাত্রি পর্যন্ত দেই একই ভাব—আমরা এক ঘনীভূত ধর্মভাবের রাজ্যে বাদ করিতাম। স্বামীজী মধ্যে মধ্যে বালকের তায়ে ক্রীড়াশীল ও কৌতুকপ্রিয় হইলেও এবং সোল্লাসে পরিহাস করিতে ও কথার ক্ষিপ্র ও সরস প্রত্যুত্তর দিতে অভ্যন্ত থাকিলেও কখন মৃহুর্তের জন্ম জীবনের মৃলস্থর হইতে বেশীদূরে যাইতেন না। প্রতি জিনিদটি হইতেই তিনি কিছু না কিছু বলিবার অথবা উদাহরণ দিবার বিষয় পাইতেন, এবং এক মুহুর্তে তিনি আমাদিগকে কৌতুকজনক হিন্দু পৌরাণিক গল্প হইতে একেবারে গভীর দর্শনের মধ্যে লইয়া যাইতেন। স্বামীজী পৌরাণিক গল্পদমৃহের অফুরস্ত ভাগুার ছিলেন, আর প্রকৃতপক্ষে এই প্রাচীন আর্যগণের মতো আর কোন জাতির মধ্যেই এত অধিক পরিমাণে পৌরাণিক গল্পের প্রচলন নাই। তিনি আমাদিগকে ঐ-সকল গল্প শুনাইয়া প্রীতি অনুভব করিতেন এবং আমরাও ঐগুলি শুনিতে ভালবাসিতাম, কারণ তিনি কখনও এই-সকল গল্পের অস্তরালে যে সত্য নিহিত আছে, তাহা দেখাইয়া দিতে এবং উহা হইতে মূল্যবান্ ধর্মবিষয়ক উপদেশ আবিষ্কার করিয়া দিতে বিশ্বত হইতেন না। আর কোন ভাগ্যবান্ ছাত্রমণ্ডলী এরপ প্রতিভাবান্ আচার্য-লাভে নিজদিগকে ধন্ত জ্ঞান করিবার এমন স্থযোগ পাইয়াছেন কি না भत्मर ।

আশ্চর্য, ঠিক ঘাদশ জন ছাত্রী ও ছাত্র 'সহস্র-ঘীপোছানে' সামীজীর অন্থগমন করিয়াছিলেন এবং তিনি বলিরাছিলেন যে, তিনি আমাদিগকে প্রকৃত শিশুরূপে গ্রহণ করিয়াছেন; এবং সেজগুই তিনি আমাদিগকে এরপ দিবারাত্র প্রাণ খুলিয়া তাঁহার নিকট যাহা কিছু শ্রেষ্ঠ বস্তু ছিল, তাহাই শিক্ষা দিতেন। এই বারো জনের সকলেই এক সময়ে একত্র হন নাই, উর্ধ্বসংখ্যায় দশ জনের অধিক কোন সময়ে উপস্থিত ছিলেন না। আমাদের মধ্যে তৃইজন পরে 'সহস্রদ্বীপোছানে'ই সন্যাসদীক্ষা গ্রহণ করিয়া সন্যাসী হইয়াছলেন। দ্বিতীয় ব্যক্তির সন্যাসের সময় স্বামীজী আমাদের পাঁচজনকে ব্রন্ধচর্যতে দীক্ষিত করিয়াছিলেন এবং অবশিষ্ট কয়জন পরে

নিউ ইয়র্ক নগরে ধামীজীর তত্ততা অপর কয়েকজন শিষ্যের সহিত একসঙ্গে দীক্ষা গ্রহণ করিয়াছিলেন।

'সহস্রবীপোভানে' গমনকালে দ্বিনীকৃত হইয়াছিল যে, আমরা পরস্পর মিলিয়া মিলিয়া একযোগে বাস করিব; প্রত্যেকেই গৃহকর্মের নিজ নিজ অংশ সম্পন্ন করিবেন, তাহাতে কোন বাজে লোকের সংস্পর্শে আমাদের গৃহের শাস্তিভঙ্গ হইতে পারিবে না। স্বামীজী স্বয়ং একজন পাকা রাঁধুনী ছিলেন, এবং আমাদের জন্ম প্রায়ই উপাদেয় ব্যশ্বনাদি প্রস্তুত করিতেন। তাঁহার গুরুদেবের দেহান্তের পরে যথন তিনি তাঁহার গুরুলাতৃগণের সেবা করিতেন, সেই সময়েই তিনি রন্ধনকার্য শিথিয়াছিলেন। এই যুবকগণকে সংঘবদ্ধ করিয়া যাহাতে তাঁহারা শ্রীরামকৃষ্ণ-প্রচারিত সত্যসমূহ সমগ্র জগতে ছড়াইয়া দিবার উপযুক্ত অধিকারী হইতে পারেন, সেই উদ্দেশ্যে তাঁহার গুরুদেব কত্ ক আরক্ষ শিক্ষা সম্পূর্ণ করিবার ভার তাঁহারই উপর পড়িয়াছিল।

প্রতিদিন প্রাতঃকালে আমাদের প্রত্যেকের নির্দিষ্ট কার্যগুলি শেষ হইবানাত্র (অনেক সময়ে তাহার পূর্বেই) স্বামীজী আমাদিগকে—যে বৃহৎ বৈঠক-ধানাটিতে আমাদের ক্লাদের অধিবেশন হইত, দেখানে সমবেত করিয়া শিক্ষাদান আরম্ভ করিতেন। প্রতিদিন তিনি কোন একটি বিশেষ বিষয় নির্বাচন করিয়া লইয়া তৎসম্বন্ধে উপদেশ দিতেন, অথবা শ্রীমন্তগবদগীতা, উপনিষৎ বা ব্যাসকৃত বেদাস্তস্ত্র প্রভৃতি কোন ধর্মগ্রন্থ লইয়া তাহার ব্যাখ্যা করিতেন। বেদাস্তপত্রে বেদাস্তের অন্তর্গত মহাসত্যগুলি ষতদ্র সম্ভব স্থলাক্ষরে নিবন্ধ আছে।
তাহাদের কর্তা ক্রিয়া কিছুই নাই এবং স্ত্রকারগণ প্রত্যেক অনাবশ্রক পদ পরিহার করিতে এত আগ্রহান্থিত থাকিতেন যে, হিন্দুগণের মধ্যে একটি প্রবাদ আছে,—স্ত্রকার বরং তাঁহার একটি প্রকে পরিত্যাগ করিতে প্রস্তুত, কিন্তু তাঁহার স্ত্রে একটি অতিরিক্ত অক্ষরও বসাইতে প্রস্তুত নন।

অত্যন্ত স্থলাক্ষর—প্রায় হেঁয়ালির মতো বলিয়া বেদাস্তস্ত্তগুলিতে ভাষ্য-কারগণের মাথা থাটাইবার যথেই অবকাশ আছে, এবং শঙ্কর, রামাহুজ ও মধ্ব, এই তিনজন হিন্দু মহাদার্শনিক উহাদের উপর বিস্তৃত ভাষ্য লিখিয়াছেন। প্রাতঃকালের কথোপকথনগুলিতে স্বামীজী প্রথমে এই ভাষ্যগুলির কোন একটি লইয়া, তারপরে আর একটি ভাষ্য এইরূপ করিয়া ব্যাখ্যা করিতেন এবং দেখাইতেন কিরূপে প্রত্যেক ভাষ্যকার তাঁহার নিজ মতাহুষারী স্ত্তগুলির

কদর্থ করার অপরাধে অপরাধী, এবং যাহা তাঁহার নিজ ব্যাখ্যাকে সমর্থন করিবে, নিঃসঙ্কোচে সেইরূপ অর্থই সেই স্তত্তের মধ্যে চুকাইয়া দিয়াছেন! জোর করিয়া মূলের বিক্বতার্থ করা-রূপ কদভ্যাস কত পুরাতন, তাহা স্বামীজী আমাদিগকে প্রায়ই দেখাইয়া দিতেন।

কাজেই এই কথোপকথনগুলিতে কোনদিন বা মধ্ববর্ণিত শুদ্ধবৈতবাদ, আবার কোন দিন বা রামাত্মজ-প্রচারিত বিশিষ্টাবৈতবাদ ব্যাখ্যাত হইত। কিন্তু শঙ্করের অবৈতম্লক ব্যাখ্যাই সর্বাপেক্ষা অধিক ব্যাখ্যাত হইত। তবে শঙ্করের ব্যাখ্যায় অত্যন্ত চুলচেরা বিচার আছে বলিয়া উহা সহজবোধ্য ছিল না, স্বতরাং শেষ পর্যন্ত রামাত্মজই ছাত্রগণের মনের মতো ব্যাখ্যাকার রহিয়া যাইতেন।

কখনও কখনও স্বামীজী 'নারদীয় ভক্তিস্ত্র' লইয়া ব্যাখ্যা করিতেন। এই স্ত্রগুলিতে ঈশ্বরভক্তির সংক্ষিপ্ত আলোচনা আছে, এবং উহা পাঠ করিলে কথকিং ধারণা হয়—হিন্দুদের প্রকৃত সর্বগ্রামী আদর্শ ঈশ্বরপ্রেম কিরূপ—সেপ্রেম নত্যসত্যই সাধকের মন হইতে অপর সমৃদ্য় চিস্তা দূর করিয়া তাহাকে ভূতে-পাওয়ার মতো পাইয়া বসে! হিন্দুগণের মতে ভক্তি ঈশবের সহিত তাদাত্মভাব লাভ করিবার একটি প্রকৃষ্ট উপায়, এ উপায় ভক্তগণের স্বভাবতই ভাল লাগে। ঈশ্বরকে—কেবল তাঁহাকেই ভালবাসার নাম ভক্তি।

এই কথোপকথনগুলিতেই স্বামীন্ধী সর্বপ্রথম আমাদিগের নিকট তাঁহার মহান্ আচার্য প্রীরামক্ষণদেবের কথা সবিস্তারে বর্ণনা করেন—কিরূপে স্বামীন্ধী দিনের পর দিন তাঁহার সহিত কাল কাটাইতেন এবং কিরূপে তাঁহাকে নিজ নান্তিক মতের দিকে ঝোঁক দমন করিবার জন্ম কঠোর চেটা করিতে হইত এবং উহা যে সময়ে সময়ে তাঁহার গুরুদেবকে সম্বাপিত করিয়া তাঁহাকে কাঁদাইয়াও ফেলিত—এই-সকল কথা বলিতেন। প্রীরামক্তম্বের অপর শিষ্যাণ প্রায়ই উল্লেখ করিয়াছেন যে, প্রীরামক্বম্ব তাঁহাদিগকে বলিতেন, স্বামীন্ধী একজন মৃক্ত মহাপুরুষ, বিশেষভাবে তাঁহার কাজে সাহায্য করিবার জন্মই আগমন করিয়াছেন এবং তিনি কে, তাহা জানিবামাত্র শরীর ছাড়িয়া দিবেন। কিন্তু প্রীরামক্বম্ব আরও বলিতেন যে, উক্ত 'সময় উপন্থিত হইবার পূর্বে স্বামীন্ধীকৈ শুধু ভারতেরই কল্যাণের জন্ম নয়, কিন্তু অপর দেশসমূহের জন্মও কোন একটি বিশেষ কার্য করিতে হইবে। তিনি প্রায়ই বলিতেন,


'বহুদূরে আমার আরও সব শিশ্য আছে; তাহারা এমন সব ভাষায় কথা বলে, যাহা আমি জানি না।'

'সহস্রদ্বীপোডানে' সাত সপ্তাহকাল অতিবাহিত করিয়া স্বামীজী নিউ ইয়র্কে প্রত্যাবর্তন করিলেন এবং পরে অম্বত্ত ভ্রমণে বাহির হইলেন। নভেম্বরের শেষ পর্যস্ত তিনি ইংল্ডে বক্তৃতা দিতে এবং ছাত্রগণকে লইয়া ক্লাস করিতে লাগিলেন। তারপর নিউ ইয়র্কে প্রত্যাবর্তন করিয়া সেখানে পুনরায় ক্লাদ আরম্ভ করিলেন। এই সময়ে তাঁহার ছাত্রগণ জনৈক উপযুক্ত সাঙ্কেতিক-লিখনবিংকে (stenographer) সংগ্রহ করিয়াছিলেন এবং এইরূপে স্বামীজীর উক্তিগুলি লিপিবদ্ধ করাইয়া রাখিয়াছিলেন। এই ক্লাসের বকৃতাগুলি কিছুদিন পরেই পুস্তকাকারে প্রকাশিত হইয়াছিল। এই পুস্তকগুলি ও পুন্তিকাকারে নিবদ্ধ তাঁহার সাধারণসমক্ষে বক্তৃতাগুলিই আজ স্বামী বিবেকানন্দের আমেরিকায় প্রচারকার্যের স্থায়ী শ্বতিচিহ্নরূপে বর্তমান রহিয়াছে। আমাদের মধ্যে যাঁহার। এই বক্তৃতাগুলিতে উপস্থিত থাকিবার সৌভাগ্য লাভ করিয়াছিলেন, তাঁহাদের নিকট মুদ্রিত পৃষ্ঠাগুলিতে স্বামীজীকে যেন আবার জীবস্ত বোধ হয় এবং তিনি যেন তাঁহাদের সহিত কথা কহিতেছেন, এইরূপ মনে হয়। তাঁহার বক্তৃতাগুলি যে এরূপ যথাযথভাবে লিপিবদ্ধ হইয়াছিল, দেজন্ম ক্লতিত্ব একজনের—িধিনি পরে স্বামীজীর একজন মহা অহুরাগী ভক্ত হইয়াছিলেন। গুরু ও শিশু উভয়েরই কার্য নিষ্কামপ্রেম-প্রস্ত ছিল, স্কুতরাং ঐ কার্যের উপর ঈশবের আশীর্বাদ বর্ষিত হইয়াছিল।


এস. ই. ওয়াল্ডো

নিউ ইয়র্ক, ১৯০৮

(S. E. Waldo)



কাশীপুর উভানবাটীতে ব্যানস স্বামী জী ১৮০০



'Thousand Island Park'-এ স্মান্ডীর বাব্জত নাটা।

(এখনে ফ্রীজী-প্রস্তু উপ্রেশবেলী 'Inspired Talks' নামে জুপবিচিত্

দেববাণী

বুধবার, ১৯শে জুন, ১৮৯৫

সহস্রদীপোভানে এই দিন হইতে স্বামীজী নিয়মিত শিক্ষাদান আরম্ভ করেন। আমাদের সকলে তথনও সমবেত হয় নাই, কিন্তু আচার্যের হাদয় কাজ করিতে শুক্ত করিয়াছে; যে তিন-চারজন উপস্থিত ছিলাম, তাহাদিগকে লইয়াই তিনি শিক্ষা দিতে আরম্ভ করিলেন।

স্বামীজী একথানি বাইবেল হাতে করিয়া ছাত্রগণের নিকট উপস্থিত হইলেন এবং উহা হইতে জনের গ্রন্থানি খুলিয়া বলিলেন, তোমরা যথন সকলেই খ্রীষ্টান, তথন খ্রীষ্টীয় শাস্ত্র দিয়া আরম্ভ করাই ভাল।

জনের গ্রন্থ-প্রারম্ভেই আছে:

'আদিতে শব্দমাত্র ছিল, সেই শব্দ ব্রন্ধের সহিতই ছিল, আর সেই শব্দই বন্ধ।'

হিন্দুরা এই 'শব্দ'কে বলে থাকেন মায়া বা ব্রন্ধের ব্যক্তভাব, কারণ এটি ব্রন্ধেরই শক্তি। যথন সেই নিরপেক্ষ ব্রহ্মসন্তাকে আমরা বিশ্বজ্ঞগতে প্রতিফলিত দেখি, তখন তাকে 'প্রকৃতি' বলে থাকি। 'শব্দের ছটি বিকাশ, একটি এই 'প্রকৃতি'—এইটিই সাধারণ বিকাশ; আর এর বিশেষ বিকাশ হচ্ছে কৃষ্ণ, বৃদ্ধ, ঈশা, রামকৃষ্ণ প্রভৃতি অবতার-পুরুষগণ। সেই নিগুণ ব্রন্ধের বিশেষ বিকাশ যে খ্রীই, তাঁকে আমরা জেনে থাকি, তিনি আমাদের জ্রেয়। কিন্তু নিগুণ ব্রহ্মবস্তুকে আমরা জানতে পারি না। আমরা পর্ম পিতাকে' জানতে পারি না, কিন্তু তাঁর তনয়কে' জানতে পারি। নিগুণ ব্রহ্মকে আমরা শুরু মানবত্রন্ধ রঙের মধ্য দিয়ে দেখতে পারি, খ্রীটের মধ্য দিয়ে দেখতে পারি।

জন-লিখিত গ্রন্থের প্রথম পাঁচ শ্লোকেই খ্রীষ্টধর্ম্মের সারতত্ত্ব নিহিত। এর প্রত্যেক শ্লোকটি গভীরতম দার্শনিক তত্ত্বে পূর্ণ।

- Gospel according to St. John, New Testament
- Reacher Reacher Room God the Son

পূর্ণস্বরূপ যিনি, তিনি কখনও অপূর্ণ হন না। তিনি অন্ধকারের মধ্যেও আছেন বটে, কিন্তু ঐ অন্ধকার তাঁকে স্পর্শ করতে পারে না। ঈশরের দয়া সকলেরই উপর রয়েছে, কিন্তু তাদের পাপ তাঁকে স্পর্শ করতে পারে না। আমরা নেত্ররোগাকান্ত হয়ে স্থাকে অক্তরূপ দেখতে পারি, কিন্তু তাতে স্থা বেমন তেমনই থাকে, তার কিছু এসে যায় না। জনের উনিত্রিংশ ক্লোকে যে লেখা আছে, 'তিনি জগতের পাপ দূর করেন'—তার মানে এই যে, এটি আমাদিগকে পূর্ণতা লাভ করবার পথ দেখিয়ে দেবেন। ঈশর এটি হয়ে জন্মালেন—মাম্বকে তার প্রকৃত স্বরূপ দেখিয়ে দেবার জন্ত, আমরাও যে প্রকৃতপক্ষে ব্রহ্মস্বরূপ, এইটি জানিয়ে দেবার জন্ত। আমরা হচ্ছি দেবতের উপর ময়্মাত্রের আবরণ, কিন্তু দেবভাবাপন্ন মান্ত্র্য-হিদাবে এটিও আমাদের মধ্যে স্বরূপতঃ কোন পার্থক্য নেই।

ত্রিষবাদীদের ' যে খ্রীষ্ট, তিনি আমাদের মতো সাধারণ মহয় থেকে অনেক উচে অবস্থিত। একজবাদীদের (Unitarian) খ্রীষ্ট ঈশ্বর নন, শুধু একজন নৈতিক সাধুপুরুষ। এ চুইয়ের কেউই আমাদের সাহায্য করতে পারেন না। কিন্তু যে খ্রীষ্ট ঈশ্বরাবতার, তিনি নিজ ঈশ্বরত্ব বিশ্বত হননি, সেই খ্রীষ্টই আমাদের সাহায্য করতে পারেন, তাঁতে কোনরূপ অপূর্ণতা নেই। এই-সকল অবতারদের রাতদিন মনে থাকে যে তাঁরা ঈশ্বর—তাঁরা আজন্ম এটি জানেন। তাঁরা যেন সেই-সব অভিনেতাদের মতো, যাদের নিজ নিজ অংশের অভিনয় শেষ হয়ে গেছে — নিজেদের আর কোন প্রয়োজন নেই, তবু বাঁরা কেবল অপরকে আনন্দ দেবার জন্মই রক্তমণ্ডে ফিরে আসেন। এই মহাপুরুষপাণকে সংসারের কোন মলিনতা স্পর্শ করতে পারে না। তাঁরা কেবল আমাদের শিক্ষা দেবার জন্ম কিছুকাল আমাদের মতো মানুষ হয়ে আসেন, আমাদেরই মতো বদ্ধ ব'লে ভান করেন, কিন্তু প্রকৃতপক্ষে তাঁরা কথনই বদ্ধ নন, সদাই মুক্তশ্বভাব।

মঙ্গল বা কল্যাণভাব সত্যের সমীপবর্তী বটে, কিন্তু তবু পূর্ণ সত্য নয়। অমঙ্গল যেন আমাদের বিচলিত করতে না পারে, এটি শেথবার পর আমাদের

> Trinitarian—ই্ইছাদের মতে ঈশ্বর পিতা, পুত্র ও পবিত্রাক্সাভেদে একেই তিন।

শিখতে হবে, মঙ্গলও ধেন আমাদের স্থী করতে না পারে। আমাদের জানতে হবে যে, আমরা মঙ্গল-অমঙ্গল ত্ইয়েরই বাইরে। ওদের উভয়েরই যে যথাযোগ্য স্থান আছে, সেটি আমাদের লক্ষ্য করতে হবে ও বুঝতে হবে যে, একটা থাকলেই অপরটাও থাকবেই থাকবে।

বৈতবাদের ভাবটি প্রাচীন পারসীকদের' কাছ থেকে এসেছে।
প্রক্রতপক্ষে ভাল-মন্দ ত্ই-ই এক জিনিস এবং উভয়ই আমাদের মনে। মন
যথন স্থির ও শাস্ত হয়, তথন ভাল-মন্দ কিছুই তাকে স্পর্শ করতে পারে না।
ভভাভভ ত্ইয়েরই বন্ধন কাটিয়ে একেবারে মুক্ত হও, তথন এদের কেউ আর
তোমায় স্পর্শ করতে পারবে না, তুমি মুক্ত হয়ে পরমানন্দ ভোগ করবে।
অভভ বেন লোহার শিকল, আর শুভ সোনার শিকল; কিন্তু ত্ই-ই শিকল।
মুক্ত হও এবং জন্মের মতো জেনে রাথো, কোন শিকলই তোমায় বাঁধতে পারে
না। সোনার শিকলটির সাহাযো লোহার শিকলটি আলগা ক'রে নাও, তার
পর ত্টোই ফেলে দাও। অভভর্মপ কাটা আমাদের শরীরে রয়েছে; ঐ
ঝাড়েরই আর একটি (শুভর্মপ) কাটা নিয়ে পূর্বের কাটাটি তুলে ফেলে শেষে
ত্টোকেই ফেলে দাও, এবং মুক্ত হও।

জগতে সর্বদাই দাতার আসন গ্রহণ করো। সর্বস্থ দিয়ে দাও, আর ফরে কিছু চেও না। ভালবাসা দাও, সাহাষ্য দাও, সেবা দাও, ষতটুকু ষা তোমার দেবার আছে দিয়ে যাও; কিন্তু সাবধান, বিনিময়ে কিছু চেও না। কোন শর্ত ক'রো না, তা হলেই তোমার ঘাড়েও কোন শর্ত চাপবে না। আমরা যেন আমাদের নিজেদের বদাগ্যতা থেকেই দিয়ে ষাই—ঠিক যেমন দশর আমাদের দিয়ে থাকেন।

ঈশ্বর একমাত্র দেনেওয়ালা, জগতের সকলেই তো দোকানদার মাত্র।...
তাঁর সই-করা চেক যোগাড় কর, সর্বত্রই তার থাতির হবে।

ঈশ্বর অনির্বচনীয় প্রেমশ্বরূপ—তিনি উপলব্ধির বস্তু; কিন্তু তাঁকে কথনও 'ইতি ইতি' ক'রে নির্দেশ করা যায় না।

১ জরপ্ট্রের অমুগামী প্রাচীন পারস্তবাসিগণ বিখাস করিতেন, অহরমজ্দ ও অহিমান (শুভাশুভের অধিষ্ঠাতা দেবতা)—এই চুই মুলতত্ত্ব হইতে সমগ্র জগৎ স্প্ত হইয়াছে।

আমরা যখন তৃঃখকষ্ট ও সংঘর্ষের মধ্যে পড়ি, তখন জগংটা আমাদের কাছে একটা অতি ভয়ানক স্থান ব'লে মনে হয়। কিন্তু যেমন আমরা হটো কুকুর-বাচ্চাকে পরস্পার থেলা করতে বা কামড়াকামড়ি করতে দেখে সে দিকে আদৌ মনোযোগ দিই না, জানি যে হটোতে মজা করছে, এমন কি, মাঝে মাঝে জোরে এক-আধটা কামড় লাগালেও জানি যে, তাতে বিশেষ কিছু অনিষ্ট হবে না, তেমনি আমাদেরও মারামারি ইত্যাদি যা কিছু সব ঈশরের চক্ষে খেলা বই আর কিছু নয়। এই জগংটা সবই কেবল খেলার জন্য—ভগবানের এতে শুধু মজাই হয়। জগতে যাই হোক না কেন, কিছুতেই তাঁর কোপ উৎপন্ন করতে পারে না।

পিড়িয়ে ভবসাগরে ডুবে মা তন্তর তরী।
মায়া-ঝড় মোহ-তুফান ক্রমে বাডে গো শঙ্করী।
একে মন-মাঝি আনাড়ী, বিপু ছন্তন ক্রন দাড়ী,
কুবাতাসে দিয়ে পাড়ি, হাবুড়ুর্ থেয়ে মরি;
ভেঙে গেছে ভক্তির হাল, উড়ে গেল শ্রদ্ধার পাল,

তরী হ'ল বানচাল, উপায় কি করি ?

উপায় না দেখে আর,

নীলকমল ভেবেছে সার.

তরঙ্গে দিয়ে সাঁতার তুর্গানামের ভেলা ধরি।')

মা, তোমার প্রকাশ যে শুধু সাধুতেই আছে আর পাপীতে নেই, তা নয়; এ প্রকাশ প্রেমিকের ভিতরেও যেমন, হত্যাকারীর ভিতরেও তেমনি রয়েছে। মা সকলের মধ্য দিয়েই আপনাকে অভিব্যক্ত করছেন। অশুচি বস্তুর উপর পড়লেও আলোক অশুচি হয় না, আবার শুচি বস্তুর উপর পড়লেও তার শুণ বাড়ে না। আলোক নিত্যশুদ্ধ, সদা অপরিণামী। সকল প্রাণীর পেছনেই সেই 'সৌম্যাং সৌম্যুতরা,' নিত্যশুদ্ধস্বভাবা, সদা অপরিণামিনী সা রয়েছেন।

> 'ষা দেবী সর্বভূতেয়ু চেতনেত্যভিধীয়তে। নমস্তব্যৈ নমস্তব্যৈ নমস্তব্যৈ নমো নমঃ॥''

তিনি হংথকটে, ক্ষাতৃষ্ণার মধ্যেও রয়েছেন, আবার স্থথের ভিতর, মহান্ ভাবের ভিতরও রয়েছেন। যথন ভ্রমর মধুপান করে, তথন প্রভূই ভ্রমররূপে

> दिवीमाश्या, ठखी वारेन

মধুপান করেন। ঈশরই সর্বত্র রয়েছেন জ্বেনে জ্বানী ব্যক্তিরা নিলাম্বতি চুই-ই ছেড়ে দেন। জ্বেনে রাথো যে, কিছুতেই তোমার কোন অনিষ্ট করতে পারে না। কি ক'রে করবে ? তুমি কি মুক্ত নও ? তুমি কি আত্মা নও ? তিনি আমাদের প্রাণের প্রাণ, চক্কুর চক্ষু, শ্রোত্রের শ্রোত্রস্কুপ।

আমরা সংসারের মধ্য দিয়ে চলেছি, ষেন পাহারাওয়ালা আমাদের ধরবার জন্ম পিছু পিছু ছুটছে—তাই আমরা জগতের যা সৌন্দর্য, তার শুধু ঈষং আভাসমাত্রই দেখে থাকি। এই যে আমাদের এত ভয়, ওটা জড়কে সত্য ব'লে বিশ্বাস করা থেকে এসেছে। পেছনে মন রয়েছে বলেই জড়তার সতালাভ ক'রে আমরা জগৎ ব'লে যা দেখছি, তা প্রকৃতির মধ্য দিয়ে প্রকাশিত ঈশরই।

রবিবার, ২৩শে জুন

সিহিনী ও অকপট হও—তারপর তুমি যে পথে ইচ্ছা ভক্তিবিশ্বাসের দহিত চল, অবশুই সেই পূর্ণ বস্তুকে লাভ করবে। একবার শিকলের একটা কড়া কোনমতে যদি ধরে ফেল, সমগ্র শিকলটা ক্রমে ক্রমে টেনে আনতে পারবে! গাছের মূলে যদি জল দাও, সমগ্র গাছটাই জল পাবে। ভগবান্কে যদি আমরা লাভ করতে পারি, তবে সবই পাওয়া গেল।

একঘেরে ভাবই জগতে মহা অনিষ্টকর। তোমরা নিজেদের ভিতর যত ভিন্ন ভাবের বিকাশ করতে পারবে, ততই জগৎকে বিভিন্নভাবে—কখনও জানীর দৃষ্টিতে, কখনও বা ভক্তের দৃষ্টিতে সম্ভোগ করতে পারবে। নিজের প্রকৃতিটা আগে ঠিক কর, তারপর সেই প্রকৃতি-অহুযায়ী পথ অবলম্বন ক'রে তাতে নিষ্ঠাপূর্বক থাকো। প্রবর্তকের পক্ষে নিষ্ঠাই (একটা ভাবে দৃঢ় হওয়া) একমাত্র উপায়; কিন্তু যদি যথার্থ ভক্তিবিশ্বাস থাকে এবং যদি 'ভাবের ঘরে চুরি' না থাকে, তবে ঐ নিষ্ঠাই ভোমায় এক ভাব থেকে সব ভাবে নিয়ে যাবে। গির্জা, মন্দির, মত-মতান্তর, নানাবিধ অহুষ্ঠান, এগুলি যেন চারাগাছকে বক্ষা করবার জন্ম তার চারিদিকে বেড়া দেওয়া। কিন্তু যদি গাছটাকে বাড়াতে চাও, তা হ'লে শেষে সেগুলিকে ভেঙে দিতে হবে। এইরূপ

১ শ্রোক্রস্ত শ্রোক্তং দ উ প্রাণস্ত প্রাণন্ডকুষশ্চকুং।—কেনোপনিবং, ১।২

বিভিন্ন ধর্ম, বেদ, বাইবেল, মত-মতাস্তর—এ সবও যেন চারাগাছের টবের মতো, কিন্তু টব থেকে ওকে একদিন না একদিন বেক্ষতে হবে। নিষ্ঠা যেন চারা-গাছটিকে টবে বসিয়ে রাথা—সাধককে তার নির্বাচিত পথে আগলে রাথা

(সমগ্র সমুদ্রের দিকে চেয়ে দেখ, এক একটি তরঙ্গের দিকে দেখো না; একটা পিণড়ে ও একজন দেবতার ভিতর কোন প্রভেদ দেখো না। প্রত্যেকটি কীট প্রভু ঈশার ভাই। একটাকে বড়, অপরটাকে ছোট বলো কি ক'রে? নিজের নিজের স্থানে সকলেই যে বড়। আমরা যেমন এখানে রয়েছি, তেমনি স্র্য, চন্দ্র, তারাতেও আছি। আত্মা দেশকালের অতীত ও সর্বব্যাপী। যে-কোন মুখে সেই প্রভুর গুণগান উচ্চারিত হচ্ছে, তাই আমার মুখ; যে-কোন চক্ষু কোন বস্তু দেখছে, তাই আমার চক্ষু। আমরা কোন নির্দিষ্ট স্থানে সীমাবদ্ধ নই; আমরা দেহ নই, সমগ্র ব্রহ্মাণ্ডই আমাদের দেহ। আমরা যেন ঐক্রজালিকের মতো মায়ায়ষ্টি ঘোরাচ্ছি, আর ইচ্ছামত আমাদের সমুথে নানা দৃশ্য সৃষ্টি করছি। আমরা যেন মাকড়দার মতো আমাদেরই নির্মিত বৃহৎ জালের মধ্যে—মাকড়দা যথনই ইচ্ছা করে, তথনই তার জালের স্থতোগুলোর ষে-কোনটাতে ষেতে পারে। বর্তমানে সে যেখানে রয়েছে, সেইটাই জানতে পারছে, কিন্তু কালে সমস্ত জালটাকে জানতে পারবে। আমরাও এখন যেখানে আমাদের দেহটা রয়েছে, সেখানেই নিজ সত্তা অন্থভব করছি, এখন একটি মন্তিষ্কমাত্র ব্যবহার করতে পারি, কিন্তু যখন পূর্ণজ্ঞান বা জ্ঞানাতীত অবস্থায় উপনীত হই, তখন আমরা সব জানতে পারি, সব মস্তিষ্ক ব্যবহার করতে পারি। এখনই আমরা আমাদের বর্তমান জ্ঞানকে ধাকা দিয়ে এমন ঠেলে দিতে পারি যে, সে তার সীমা ছাড়িয়ে চলে গিয়ে জ্ঞানাতীত বা পূর্ণজ্ঞানভূমিতে কান্ধ করতে থাকবে।

আমরা চেটা করছি, কেবল অন্তি-মাত্র, সংস্করণ হ'তে—তাতে 'আমি' পর্যন্ত থাকবে না—কেবল শুদ্ধ ফটিকের মতো হবে; তাতে সমগ্র জগতের প্রতিবিশ্ব পড়বে, কিন্তু তা থেমন তেমনই থাকবে। এই অবস্থা লাভ হ'লে আর ক্রিয়া কিছু থাকে না, শরীরটা কেবল যন্ত্রের মতো হয়ে যায়; সে সদা শুদ্ধভাবাপরই থাকে, তার শুদ্ধির জন্ম আর চেটা করতে হয় না; সে অপবিত্র হতেই পারে না।

নিজেকে সেই অনস্তস্তরপ ব'লে জানো, তা হ'লে ভয় একদম চলে যাবে। সর্বদাই বলো ('আমি ও আমার পিতা (ঈশর) এক।'')

আঙুরগাছে ষেমন থোলো থোলো আঙুর ফলে, ভবিশ্বতে তেমনই থোলো থোলো খ্রীষ্টের অভ্যুদয় হবে। তথন সংসার-থেলা শেষ হয়ে ষাবে। সকলেই সংসারচক্র থেকে বেরিয়ে মৃক্ত হয়ে যাবে। ষেমন একটা কেটলিতে জল চড়ানো হয়েছে; জল ফুটতে আরম্ভ করলে প্রথমে একটার পর একটা ক'রে ব্ছুদ উঠতে থাকে, ক্রমে এই ব্ছুদগুলোর সংখ্যা বেশী হ'তে থাকে, শেষে সমস্ত জলটা টগবগ ক'রে ফুটতে থাকে ও বাষ্প হয়ে বেরিয়ে যায়। বৃদ্ধ ও খ্রীষ্ট এই পৃথিবীর মধ্যে স্বাপেক্ষা বড় ছটি বৃদ্দ। মৃশা ছিলেন একটি ছোট বৃদ্দ, তারপর ক্রমশং বড় বড় আরপ্ত সব বৃদ্দ উঠেছে। কোন সময়ে কিন্তু জগংক্ষে এইরপ বৃদ্দ হয়ে বাষ্পাকারে বেরিয়ে যাবে। কিন্তু স্থাই তো অবিরাম প্রবাহে চলছেই, আবার নৃতন জলের স্থাই হয়ে ঐ পূর্ব প্রক্রিয়ার মধ্য দিয়ে চলতে থাকবে।

সোমবার, ২৪শে জুন

অন্ত স্বামীজী 'নারদীয় ভক্তিস্ত্র' হইতে স্থানে স্থান পাঠ করিয়া ব্যাখ্যা করিতে লাগিলেন:

'ভক্তি ঈশরে পরমপ্রেমশ্বরপ এবং অমৃতশ্বরপ—ষা লাভ ক'রে মান্ত্র সিদ্ধ হয়, অমৃতত্বলাভ করে ও তৃপ্ত হয়—যা পেলে আর কিছুই আকাজ্ঞা করে না, কোন কিছুর জন্ম শোক করে না, কারও প্রতি দ্বেষ করে না, অপর কোন বিষয়ে আনন্দ অন্তব করে না এবং সাংসারিক কোন বিষয়েই উৎসাহ বোধ করে না—যা জেনে মানব মত্ত হয়, শুরু হয় ও আত্মারাম হয়।'

গুরুদের বলতেন, এই জগংটা একটা মন্ত পাগলা-গারদ। এথানে স্বাই পাগল, কেউ টাকার জন্ম পাগল, কেউ মেয়েমান্ন্যের জন্ম পাগল, কেউ নামষ্ণের জন্ম পাগল, আর জনকতক ঈশ্বরের জন্ম পাগল। অন্যান্ম জিনিসের

s I and my Father are one.—বাইবেল

২ নারদভক্তিস্ত্র, ১৷২৷৬

জন্ত পাগল না হয়ে ঈশবের জন্ত পাগল হওয়াই ভাল নয় কি ? ঈশব হচ্ছেন পরশমণি। তাঁর স্পর্শে মাহুষ এক মৃহুর্তে সোনা হয়ে যায়; আকারটা ষেমন তেমনি থাকে বটে, কিন্তু প্রকৃতি বদলে যায়—মাহুষের আকার থাকে, কিন্তু ভার দারা কারও অনিষ্ট করা যেতে পারে না, কিংবা কোন অন্তায় কর্ম হ'তে পারে না।'

'ঈশরের চিন্তা করতে করতে কেউ কাদে, কেউ হাদে, কেউ গায়, কেউ নাচে, কেউ কেউ অদ্তুত বিষয় সব বলে। কিন্তু সকলেই সেই এক ঈশরেরই কথা কয়।''

মহাপুরুষেরা ধর্মপ্রচার ক'রে যান, কিন্তু যীশু, বৃদ্ধ, রামকৃষ্ণ প্রভৃতির ন্থায় অবতারেরা ধর্ম দিতে পারেন। তারা কটাক্ষে বা স্পর্শনাত্রে অপরের মধ্যে ধর্মশক্তি সঞ্চারিত করতে পারেন। খ্রীষ্টধর্মে একেই পবিত্রাত্মার (Holy Ghost) শক্তি বলেছে—এই ব্যাপারকে লক্ষ্য করেই 'হস্ত-স্পর্শে'র (The laying-on of hands) কথা বাইবেলে কথিত হয়েছে। আচার্য (খ্রীষ্ট) প্রকৃতপক্ষেই শিশ্বগণের ভিতর শক্তিসঞ্চার করেছিলেন। একেই 'গুরু-পরশাত শক্তি' বলে। এই যথার্থ ব্যাপটিজ্বম্ই (Baptism—দীক্ষা) অনাদিকাল থেকে জগতে চলে আগছে।

'ভক্তিকে কোন বাসনাপ্রণের সহায়রূপে গ্রহণ করতে পারা যায় না, কারণ ভক্তিই সমৃদয় বাসনা-নিরোধের কারণস্বরূপ।' নারদ ভক্তির এই লক্ষণগুলি দিয়েছেন, 'যুখন সমৃদয় চিস্তা, সমৃদয় বাক্য ও সমৃদয় ক্রিয়া তার প্রতি অপিত হয় এবং ক্ষণকালের নিমিত্ত তাঁকে বিশ্বত হ'লে হৃদয়ে পরম ব্যাকুলতা উপস্থিত হয়, তখনই যথার্থ ভক্তির উদয় হয়েছে, বুঝতে হবে।'

'পূর্বোক্ত ভক্তিই প্রেমের সর্বোচ্চ অবস্থা। কারণ অন্যান্য সাধারণ প্রেমে প্রেমিক প্রেমাম্পদের কাছ থেকে প্রতিদান চায়, কিন্তু ভক্ত এই প্রেমে কেবল তার স্থাব স্থা হয়ে থাকে।'

- > তুলনীয় : কচিদ্রদন্তাচ্যতচিন্তয়া কচিদ্ধদন্তি নন্দন্তি বদন্তালিকা:। নৃত্যন্তি গায়ন্তাপুশীলয়ন্তাজং ভবন্তি তুফীং পরমেত্য নির্বৃতা:।
 - ---শ্ৰীমন্তাগ্ৰত, ১১৷৩৷৩২
- ২ 🤞 সা ন কাময়মানা নিরোধরূপাং।—নারদভঞ্জিপুত্র, ১, ৭
- ৩ ও নারদপ্ত তদর্শিতাথিলাচারতা তদ্বিমারণে পরমব্যাকুলতেতি।—ঐ, ৩, ১৯
- ৪ ও নাস্ভোব তিন্মিন্ তংহ্রথহ্নথিত্বম্।—ঐ, ৩, ২৪

প্রেক্কত ভক্তিলাভ হ'লে যে সবকিছু ত্যাগ হয়—বলা হয়েছে, তার তাৎপর্য—ভক্তের সমৃদয় লৌকিক ও বৈদিক কর্ম ত্যাগ হয়ে যায়।'

'যথন অন্ত সব ত্যাগ ক'রে চিত্ত ঈশ্বরের দিকে <u>যায়, তাঁর শ্রণাগৃত</u> হয়, তাঁর বিরোধী সম্দয় বিষয়ে উদাসীন হয়, তখনই বুঝতে হবে, যথার্থ ভক্তিলাভ হ'তে চলেছে।''

'ষতদিন না ভব্তিতে দৃঢ়প্রতিষ্ঠিত হচ্ছ, ততদিন শাস্ত্রবিধি মেনে চলতে হবে।'^২

যতদিন না তোমার চিত্তের এতদ্র দৃঢ়তা হচ্ছে ষে, শাস্ত্রবিধি প্রতিপালন না করলেও তোমার হৃদয়ের যথার্থ ভক্তিভাব নষ্ট হয় না, ততদিন ঐগুলি মেনে চল, কিন্তু তারপর তুমি শাস্ত্রের পারে চলে ষাও। শাস্ত্রের বিধিনিষেধ মেনে চলাই জীবনের চরম উদ্দেশ্য নয়। আধ্যাত্মিক সত্যের একমাত্র প্রমাণ প্রতাক্ষ করা। প্রত্যেককে নিজে নিজে পরীক্ষা ক'রে দেখতে হবে। যদি কোন ধর্মাচার্য বলেন, আমি এই সত্য দর্শন করেছি, কিন্তু তোমরা কোনকালে পারবে না, তাঁর কথায় বিশাস ক'রো না; কিন্তু ষিনি বলেন, তোমরাও চেন্তা করলে দর্শন করতে পারো, কেবল তাঁর কথায় বিশাস করবে। জগতের সকল মুগের সকল দেশের সকল শাস্ত্র সকল সত্যই বেদ। কারণ এই-সব সত্য প্রত্যেক্ষ করতে হয়, আর যে-কোন মাত্রুই এ-সব সত্য আবিদ্ধার করতে পারে।

যথন ভক্তিস্থের কিরণে দিগন্ত প্রথম উদ্ভাদিত হয়ে ওঠে, তথন আমরা সকল কর্ম ঈশ্বরে সমর্পণ করতে চাই এবং এক মুহুর্ত তাঁকে বিশ্বত হ'লে অত্যন্ত তঃথ অমুভব করি।

ঈশ্বর ও তাঁর প্রতি তোমার ভক্তি—এ হুয়ের মাঝধানে যেন আর কিছু না বাধা হয়ে দাঁড়ায়। তাঁকে ভক্তি কর, তাঁর প্রতি অমুরাগী হও, তাঁকে ভালোবাসো, জগতের লোক যে যা বলে বল্ক, গ্রাহ্ম ক'রো না। প্রেমভক্তি তিন প্রকারণ—প্রথম প্রকারে দাবির ভাব, নিজে কিছু দেয় না; দিতীয়

ও নিরোধন্ত লোকবেনব্যাপারসন্মাদ:।
 ও তিম্মন্ অনম্ভতা তদ্বিরোধিণু উদাসীনতা।—ঐ, ২, ৮-৯

২ ও ভবত নিশ্চয়দার্চাদ্ধবং শাস্তরক্ষণম্ ।-- ঐ ২, ১২

৩ সাধারণী, সমপ্রসা ও সমর্থা

প্রকারে বিনিময়ের ভাব থাকে; তৃতীয় প্রকারে প্রতিদানের কোন চিস্তা নেই। যেন আলোর প্রতি পতক্ষের ভালবাসা—পুড়ে মরবে, তবু ভালবাসতে ছাড়বে না।

'এই ভক্তি—কৰ্ম, জ্ঞান ও যোগ অপেক্ষাও শ্ৰেষ্ঠ।''

কর্মের হারা কর্মকর্তার নিজেরই চিত্তশুদ্ধি হয়, তার হারা অপরের কোন উপকার হয় না। কর্ম হারা আমাদের নিজেদের সমস্থা সমাধান করতে হবে, মহাপুরুষেরা কেবল আমাদের পথ দেখিয়ে দেন মাত্র। যা চিন্তা কর, তাই হয়ে হাও—'হাদৃশী ভাবনা হস্ত সিদ্ধিভ্বতি তাদৃশী।' যীশুর উপর হিদ তুমি তোমার ভার দাও, তা হ'লে তোমায় সদা সর্বদা তাঁকে চিন্তা করতে হবে, এই চিন্তার ফলে তুমি তন্তাবাপর হয়ে যাবে, তুমি তাঁকে ভালবাসবে। এইরূপ সদা সর্বদা ভাবনার নামই ভক্তি বা প্রেম।

'পরা ভক্তি ও পরা বিচ্চা এক জিনিস।'

তবে ঈশর-সম্বন্ধে কেবল নানা মত-মতাস্তরের আলোচনা করলে চলবে না। তাঁকে ভালবাসতে হবে এবং সাধন করতে হবে। সংসার ও সাংসারিক বিষয় সব ত্যাগ কর, বিশেষতঃ যতদিন 'চারাগাছ'—মন শক্ত না হয়। দিবারাত্র ঈশরচিস্তা কর এবং যতদ্র সম্ভব অন্ত বিষয়ের চিস্তা ছেড়ে দাও। দৈনন্দিন প্রয়োজনীয় চিস্তাগুলি সবই ঈশর-ভাবিত হয়ে করা যেতে পারে।

'শয়নে প্রণামজ্ঞান, নিদ্রায় কর মাকে ধ্যান,

আহার কর মনে কর, আহুতি দিই খ্রামা মারে।'

সকল কার্যে, সকল বস্তুতে তাঁকে দর্শন কর। অপরের সঙ্গে ঈশ্বরবিষয়ে আলাপ কর। এতে আমাদের সাধনপথে খুব সাহায্য হয়ে থাকে 🗘

ভগবানের অথবা তাঁর যোগ্যতম সস্তান যে-সব মহাপুরুষ—তাঁদের রূপালাভ কর। ওই ছটিই হচ্ছে ভগবান্লাভের প্রধান উপায়।

এই-সকল মহাপুরুষের সঙ্গলাভ হওয়া বড়ই কঠিন, পাঁচ মিনিট কাল তাঁদের সঙ্গলাভ করলে সারাটা জীবন বদলে যায়। আর যদি সত্যসত্য

- ১ ওঁ সা তু কর্মজানবোগেভ্যোহপ্যধিকতরা।—নারদভক্তিস্ত্র, ৪, ২৫
- ২ ও মুখ্যতম্ভ মহৎকৃপয়েব ভগবৎকৃপালেশাদা।—ঐ, ১, ৩৮
- ৩ ও মহৎসঙ্গন্ত তুর্লভোহগম্যোহমোঘশ্চ।—এ, ৫, ৬৯

প্রাণে প্রাণে এই মহাপুরুষ-শঙ্ক চাও, তবে তোমার কোন-না-কোন মহাপুরুষের সঙ্গাভ হবেই হবে।

এই ভক্তেরা ষেধানে থাকেন, সেই স্থান তীর্থস্বরূপ হয়ে যায়; তাঁরা যা বলেন, তাই শাস্ত্রস্বরূপ; তাঁরা যে কোন কার্য করেন, তাই সংকর্ম; এমনি তাঁদের মাহাত্মা। তাঁরা যে স্থানে বাদ করেছেন, সেই স্থান তাঁদের দেহনি:স্ত পবিত্র শক্তি-স্পাননে পূর্ণ হয়ে যায়; যারা দেখানে যায়, তারাই এই স্পানন অস্তব করে; তাতে তাদেরও ভিতরে পবিত্রভাবের সঞ্চার হ'তে থাকে।

'এইরূপ ভক্তগণের ভিতর জাতি, বিহাা, রূপ, কুল, ধন প্রভৃতির ভেদ নাই। যেহেতু তারা তাঁর।'²

। ব্যাপ্ত প্রক্রবারে ছেড়ে দাও, বিশেষতঃ প্রথমাবস্থায়। বিষয়ী লোকদের সৃদ্ধ ত্যাগ কর, তাতে চিত্তচাঞ্চল্য উপস্থিত হয়ে থাকে। 'আমি, আমার' এই ভাব সম্পূর্ণরূপে ত্যাগ কর। জগতে থার 'আমার' বলতে কিছুই নেই, ভগবান তাঁরই কাছে আদেন। সব্ রক্ম মায়িক প্রীতির বন্ধন কেটে ফেল আলক্ষ ত্যাগ কর। 'আমার কি হবে ?'—এরপ ভাবনা একেবারে ভেবো না। তৃমি বে-সব কাজ করেছ, তার ফলাফল দেখবার জন্ম ফিরেও চেও না। ভগবানে সব সমর্পণ ক'রে কর্ম ক'রে যাও, কিন্তু ফলাফলের চিন্তা একেবারে ক'রো না। ত্যথন সব মনপ্রাণ এক অবিচ্ছিন্ন ধারায় ভগবানের দিকে যায়, যখন টাকাকড়ি বা নাময়ণ খুঁজে বেড়াবার সময় থাকে না, ভগবান্ ছাড়া অন্ম কিছু চিন্তা করবার অবসর থাকে না, তখনই হৃদ্যে সেই অপার অপূর্ব প্রেমানন্দের উদ্য হবে। বাসনাগুলো ভো শুরু কাচের পূর্ণতির মতো অদার জিনিস।

প্রিক্বত প্রেম বা ভক্তি অহৈতৃকী, 'এতে কোন কামনা নেই, এটি নিভ্য ন্তন ও প্রতিক্ষণ বাড়তে থাকে', এটি স্ক্ল অহুভবস্বরূপ। অহুভবের ঘারাই একে ব্যুতে হয়, ব্যাখ্যা ক'রে বোঝানো যায় না।⁸)

ওঁ তীর্থীকুর্বস্তি তীর্থানি, স্কর্মীকুর্বস্তি কর্মাণি, সচ্ছান্ত্রীকুর্বস্তি শান্তাণি।
 ওঁ তদ্ময়া: ।---এ, ১।৬৯-१•

ওঁ নাস্তি তেব্ জাতিবিভারপক্লধনক্রিয়াদিভেদঃ।
 ওঁ যতন্তদীয়াঃ।—ঐ, ৯।৭২-৭৩

৩ নারদভক্তিস্ত্র, ৬।৪৩-৪৯

[🛾] ওঁ গুণরহিতং কামনারহিতং প্রতিক্ষণবর্ধমানমবিচ্ছিন্নং স্কল্লতরমমুভবরূপম্।—এ, १।८৪

'ভক্তিই সব চেয়ে সহজ সাধন। ভক্তি স্বাভাবিক, এতে কোন যুক্তিতর্কের অপেক্ষা নেই; ভক্তি স্বতঃপ্রমাণ, এতে আর অন্ত কোন প্রমাণের অপেক্ষা নেই।'' কোন বিষয়কে আমাদের মনের দারা সীমাবদ্ধ করাকে যুক্তি বলে। আমরা ধেন (মনদ্ধপ) জাল ফেলে কোন বস্তুকে ধরে বলিং এই বিষয়টা প্রমাণ করেছি। কিন্তু ঈশ্বরকে আমরা কথনও জাল দিয়ে ধরতে পারব না—কোন কালেও নয়।

ভক্তি নিরপেক্ষ হওয়া চাই। এমন কি, আমরা যথন প্রেমের অযোগ্য কোন বম্ব বা ব্যক্তিকে ভালবাদি, তখনও তা প্রকৃত প্রেম, প্রকৃত আনন্দের থেলা। প্রেমকে যেরপেই ব্যবহার করি না কেন, শক্তি দেই একই। 'প্রেমের প্রকৃত ভাব শাস্তি ও আনন্দ।'

হত্যাকারী যথন নিজ শিশুকে চুম্বন করে, তথন সে ভালবাসা ছাড়া আর সব ভূলে যায়। (অহংটাকে একেবারে নাশ ক'রে ফেলো। কাম ক্রোধ ত্যাগ কর—ঈশ্বরকে সর্বস্থ সমর্পণ কর। 'নাহং নাহং, তুঁছ তুঁছ'—পুরাতন মাহ্যটা একেবারে চলে গেছে, কেবল একমাত্র তুমিই আছ। 'আমি—তুমি'। কারও নিন্দা ক'রো না। যদি ছংখ বিপদ আদে, জেনো—ঈশ্বর তোমার সঙ্গে থেলা করছেন, আর এইটি জেনে পরম আনন্দিত হত্ত্বী

ভক্তি বা প্রেম দেশকালের অতীত, উহা পূর্ণস্বরূপ, নির্পেক্ষ।

মঙ্গলবার, ২৫শে জুন

বিখনই কোন স্থাভোগ করবে, তারপর ত্থে আসবেই আসবে—এই ত্থে তথন তথনই আসতে পারে, অথবা খুব বিলম্বেও আসতে পারে। যে আত্মা যত উন্নত, তার স্থাবের পর ত্থে তত শীঘ্র আসবে। আমরা যা চাই, তা স্থাও নয়, ত্থেও নয়। এ উভয়ই আমাদের প্রকৃত স্বরূপ ভূলিয়ে দেয়। উভয়ই শিকল—একটা লোহার শিকল, অপরটা সোনার শিকল। এ উভয়েই শিকল—একটা লোহার শিকল, অপরটা সোনার শিকল। এ উভয়েই পশ্চাতেই আ্মা রয়েছেন—তাঁতে স্থাও নেই, ত্থেও নেই। স্থাত্থে উভয়ই অবস্থাবিশেষ, আর অবস্থামাত্রেই সদা পরিবর্তনশীল। কিন্তু

১ ও অক্সমাৎ দৌৰভাং ভক্তো।

ওঁ প্রমাণাস্তরস্তানপেক্ষত্বাৎ শ্বয়ং প্রমাণত্বাৎ।-- ঐ, ৮।৫৮-৫৯

২ ওঁ শান্তিরূপাৎ পরমানন্দরূপাচ্চ !--এ, ৮৷৬•

আত্মা আনন্দররপ, অপরিণামী, শাস্তিম্বরপ। আমাদের আত্মাকে যে লাভ করতে হবে তা নয়; আমরা আত্মাকে পেয়েই আছি, কেবল তাঁর উপর যে ময়লা পড়েছে, সেটি ধুয়ে ফেলে তাঁকে দর্শন কর।

এই আত্মত্বরূপে প্রতিষ্ঠিত হও, তা হলেই আমরা জগৎকে ঠিক ঠিক ভালবাসতে পারব। খুব উচ্চভাবে প্রতিষ্ঠিত হও; আমি যে সেই অনম্ভ আত্মত্বরূপ—এই জেনে আমাদের জগৎ-প্রপঞ্চের দিকে সম্পূর্ণ শাস্তভাবে দৃষ্টিপাত করতে হবে। এই জগংটা একটি ছোট শিশুর খেলার মত্যে; আমরা যথন তা জানি, তখন জগতে যাই হোক না কেন, কিছুতেই আমাদের চঞ্চল করতে পারবে না। যদি প্রশংসা পেলে মন উৎফুল্ল হয়, ভবে নিন্দায় নিশ্চয় বিষল্ল হবে। ইন্দ্রিয়ের, এমন কি মনেরও সমৃদ্য় হথ অনিত্য; কিছু আমাদের ভিতরেই সেই নিরপেক্ষ হথ রয়েছে, যে হথ কোন কিছুর উপর নির্ভর করে না। ঐ হথ সম্পূর্ণ স্বায়ত্ত হথ, ঐ হথ আনন্দস্বরূপ। হথের জন্ম বাইরের বস্তর উপর নির্ভর না ক'রে যত ভিতরের উপর নির্ভর ক'রব—যতই আমরা 'অস্তঃহ্ব্য, অস্তরারাম' হবো, আমরা ততই আধ্যাত্মিক হবো। এই আত্মানন্দকেই ধর্ম বলা হয়।)

অন্তর্জগৎ, যা বাস্তবিক সত্যা, তা বহির্জগতের চেয়ে অনস্তগুণে বড়। বহির্জগৎটা সেই সত্য অন্তর্জগতের ছায়াময় প্রকেপমাত্র। এই জুগৎটা সত্যও নয়, মিথ্যাও নয়, এটা সত্যের ছায়ামাত্র। কবি বলেছেন, 'কল্পনা সত্যের সোনালী ছায়া।'

আমরা যথন স্টের মধ্যে প্রবেশ করি, তথনই তা আমাদের পক্ষে সজীব হয়ে ওঠে। আমাদের বাদ দিলে জগৎটা অচেতন, মৃত, জড়পদার্থ মাত্র। আমরাই জগতের পদার্থসমূহকে জীবন দান করছি, কিন্তু আবার মূর্থের মতো ঐ কথা ভূলে গিয়ে কখনও তা থেকে ভয় পাচ্ছি, কখনও আবার তাই ভোগ করতে যাচ্ছি।

সেই মেছুনীদের মতো হ'য়ো না। কয়েকজন মেছুনী আঁষচুবজ়ি মাধায়
ক'বে বাজার থেকে বাজ়ি ফিরছিল—এমন সময় খুব ঝড়বৃষ্টি এলো। তারা
বাজ়ি যেতে না পেরে পথে তাদের এক আলাপী মালিনীর বাগানবাজ়িতে
আশ্রয় নিলে। মালিনী রাত্রে তাদের যে ঘরে শুতে দিলে, তার ঠিক পাশেই
ফুলের বাগান। হাওয়াতে বাগানের ফুলের ফুলের গ্রম তাদের নাকে

আসতে লাগলো—সেই গন্ধ তাদের এত অসহ বোধ হ'তে লাগলো বে, তারা কোনমতে ঘুমাতে পারে না। শেষে তাদের মধ্যে একজন বললে, 'দেখ, আমাদের আঁষচুবড়িগুলোতে জল ছড়িয়ে দিয়ে মাথার কাছে রেখে দেওয়া যাক।' তাই করাতে যুখন নাকের কাছে সেই আঁষচুবড়ির পদ্ধ আসতে লাগলো, তখন তারা আরামে নাক ডাকিয়ে ঘুমোতে লাগলো।

এই সংসারটা আঁষচুবড়ির মতো—আমরা যেন স্থভোগের জন্ম ওর উপর
নির্ভর না করি; যারা করে, তারা তামসপ্রকৃতি বা বদ্ধজীব। তারপর
আবার রাজসপ্রকৃতির লোক আছে, তাদের অহংটা খুব প্রবল, তারা সদাই
আমি, আমি' ব'লে থাকে। তারা কথন কখন সংকার্য ক'রে থাকে, চেষ্টা
করলে তারা ধার্মিক হ'তে পারে। কিন্তু সাত্তিক প্রকৃতিই সর্বশ্রেষ্ঠ—তারা
সদাই অন্তর্ম্ব —তারা সদাই আত্মনিষ্ঠ। প্রত্যেক ব্যক্তিতেই এই সত্ব, রজঃ
ও তমোগুণ আছে; এক এক সময় মানুষে এক এক গুণের প্রাধান্য হয় মাত্র।

স্টি মানে একটা কিছু নির্মাণ বা তৈরি করা নয়, স্টি মানে—বে সাম্যভাব নট হয়ে গেছে, সেইটাকে আবার ফিরে পাবার চেটা, যেমন একটা শোলার ছিপি (cork) যদি টুকরো টুকরো ক'রে জলের নীচে ফেলে দেওয়া যায়, তা হ'লে সেগুলো যেমন আলাদা আলাদা বা একসঙ্গে কতকগুলো মিলে জলের উপরে ভেসে ওঠবার চেটা করে, সেই স্বকম। যেখানে জীবন, যেখানে জগং, সেখানে কিছু না কিছু মন্দ, কিছু না কিছু অশুভ থাকবেই থাকবে। একটুথানি অশুভ থেকেই জগতের স্টে হয়েছে। জগতে যে কিছু কিছু মন্দ রয়েছে, এ খ্ব ভাল; কারণ সাম্যভাব এলে এই জগংই নট্ট হয়ে যাবে। সাম্য ও বিনাশ যে এক কথা। যতদিন এই জগং চলছে, ততদিন সঙ্গে ভাল-মন্দও চলবে; কিছু যথন আমরা জগংকে অভিক্রম করি, তথন ভাল-মন্দ ত্রেরই পারে চলে যাই—পরমানন্দ লাভ করি।

জগতে তৃ:খবিরহিত স্থপ, অন্তভবিরহিত শুভ—কথন পাবার সন্তাবনা নেই;
কারণ জীবনের অর্থই হচ্ছে বিনষ্ট সাম্যভাব। আমাদের চাই মৃক্তি; জীবন
স্থথ বা শুভ—এ সবের কোনটাই নয়। স্বষ্টপ্রবাহ অনস্তকাল ধরে চলেছে—
তার আদিও নেই, অস্তও নেই, যেন একটা অগাধ হদের উপরকার সদাগতিশীল তরদ। ঐ হদের এমন সব গভীর স্থান আছে, যেথানে আমরা
এখনও পৌছতে পারিনি এবং আর কতকগুলি জায়গা আছে, ষেথানে সাম্য-

ভাব প্ন: ছাপিত হয়েছে—কিন্তু উপরের তরঙ্গ সর্বদাই চলেছে, সেধানে অনস্থকাল ধরে ঐ সামাবিদ্যালাভের চেষ্টা চলেছে। জীবন ও মৃত্যু একটা ব্যাপারেরই বিভিন্ন নামমাত্র, এক্ই মুদ্রার এপিঠ ওপিঠ। উভয়ই মায়া— এ অবস্থাটা পরিষ্কার ক'রে বোঝাবার জ্যো নেই—এক সময়ে বাঁচবার চেষ্টা হচ্ছে, আবার পরমূহর্তে বিনাশ বা মৃত্যুর চেষ্টা। আমাদের ষথার্থ স্বরূপ আত্মা—এ হয়েরই পারে। আমরা ষথন ঈশবের অন্তিত্ব স্বীকার করি, তা আর কিছু নয়, তা প্রকৃতপক্ষে সেই আত্মাই—যা থেকে আমরা নিজেদের পৃথক্ ক'রে ফেলেছি, আর আমাদের থেকে পৃথক্ ব'লে উপাসনা করছি! কিছ্ব সেই উপাশ্র চিরকালই আমাদের প্রকৃত আত্মা, এক্ত এক্মাত্র ঈশ্বর, যিনি পরমাত্মা।

দেই নট সাম্যাবহা ফিরে পেতে গেলে আমাদের প্রথমে তমংকে ব্যর্থ করতে হবে রক্ক: ঘারা, পরে রক্জংকে জয় করতে হবে সন্ত ঘারা। সন্ত অর্থে সেই শির প্রশাস্ত অবহা, যা ধীরে ধীরে বাড়তে থাকে, শেষে অক্সান্থ ভাব একেবারে চলে যাবে। বন্ধন ছিঁড়ে ফেলে দাও, মুক্ত হও, যথার্থ দিশরতনয়' হও, তবেই যীশুর মতো পিতাকে দেখতে পাবে। ধর্ম ও দিশর ব্লতে অনস্ত শক্তি, অনস্ত বীর্য ব্রায়। তুর্বলতা—দাসত্ব ত্যাগ কর। যদি তুমি মুক্তবভাব হও, তবেই তুমি কেবল আত্মা মাত্র; যদি মুক্তবভাব হও, তবেই অমৃতত্ব তোমার করতলগত; যদি তিনি মুক্তবভাব হন, তবেই ব'লব —ঈশ্বর যথার্থ আছেন।

জগংটা আমার জন্ম, আমি কখন জগতের জন্ম নই। ভাল-মন্দ আমাদের দাসবরূপ, আমরা কখনও তাদের দাস নই। পশুর স্বভাব উন্নতি করা নয়, বরং যে অবস্থায় আছে, সেই অবস্থায় পড়ে থাকা; মাহুষের স্বভাব মন্দ ত্যাগ ক'রে ভালটা পাবার চেষ্টা করা। আর দেবতার স্বভাব—ভালমন্দ কিছুর জন্ম চেষ্টা থাকবে না—সর্বদা সর্বাবস্থায় আনন্দময় হয়ে থাকা। আমাদের দেবতা হ'তে হবে। হৃদ্যুটাকে সমুদ্রের মতো মুহানু ক'রে ফেলো; সাংসারিক তুছ্তুতার পারে চলে যাও; এমন কি অশুভ এলেও আনন্দে উন্মন্ত হয়ে যাও; জগৎটাকে একটা ছবির মতো দেখ; এইটি জেনে রাথো যে, জগতে কোন কিছুই ভোমায় বিচলিত করতে পারে না; আর এইটি জেনে জগতের সোন্দর্থ

উপভোগ কর। জুগতের <u>স্থা কি রকম জানো ?</u>— যে<u>মন ছোট ছোট ছেলের।</u> থেলা করতে করতে কাদার মধ্য থেকে কাচের প্রতি কুড়িয়ে পেয়েছে। জগতের স্থাত্থের উপর শাস্তভাবে দৃষ্টিপাত কর, ভাল-মন্দ উভয়কেই সমান ব'লে দেখ—উভয়ই ভগবানের খেলা; স্থতরাং ভালমন্দ, স্থাত্থেশ—সবেতেই আনন্দ কর।

(আমার গুরুদেব বলতেন, 'সবই নারায়ণ বটে, কিন্তু বাঘ-নারায়ণের কাছ থেকে সরে থাকতে হয়। সব জ্বলই নারায়ণ বটে, তবে ময়লা জ্বল থাওয়া যায় না।'

'গগনময় থালে রবিচন্দ্র-দীপক জলে'—অন্ত মন্দিরের আর কি দরকার ? 'সব চক্ষু তোমার চক্ষু, অথচ তোমার চক্ষু নেই; সব হস্ত তোমার হস্ত, অথচ তোমার হস্ত নেই।'

কিছু পাবার চেটা ক'রো না, কিছু এড়াবার চেটাও ক'রো না—যা কিছু
আসে গ্রহণ কর, যদৃচ্ছালাভসম্ভট হও। কোন কিছুতে বিচলিত না
হওয়াই মুক্তি বা স্বাধীনতা। কেবল সহ্য ক'রে গেলে হবে না, একেবারে
অনাসক্ত হওঁ। সেই বাঁড়ের গল্পটি মনে রেখো।

একটা মশা অনেকক্ষণ ধরে একটা ঘাঁড়ের শিঙে বদেছিল—অনেকক্ষণ বদবার পর তার বিবেকবৃদ্ধি জেগে উঠল; হয়তো ঘাঁড়ের শিঙে বদে থাকার দক্ষন তার বড় কট হচ্ছে—এই মনে ক'রে দে ঘাঁড়কে সম্বোধন ক'রে বলতে লাগল, 'ভাই ঘাঁড়, আমি অনেকক্ষণ তোমার শিঙের উপর বদে আছি, বোধ হয় তোমার অস্থবিধে হচ্ছে, আমায় মাপ কর, এই আমি উড়ে যাচছি।' ঘাঁড় বললে, 'না, না, তুমি সপরিবারে এদে আমার শিঙে বাস কর না—তাতে আমার কি এদে যায়?'

বুধবার, ২৬শে জুন

্যথন আমাদের অহংজ্ঞান থাকে না, তথনই আমরা সবচেয়ে ভাল কাজ করতে পারি, অপরকে আমাদের ভাবে সবচেয়ে বেশী অভিভূত করতে পারি) বড় বড় প্রতিভাশালী লোকেরা সকলেই এ-কথা জানেন। ঈশ্বরই একমাত্র যথার্থ কর্ডা—তাঁর কাছে হৃদয় খুলে দাও, নিজে নিজে কিছু করতে যেও না। শ্রীরুষ্ণ গীতায় বলছেন, 'ন মে পার্থান্তি কর্তব্যং ত্রিয়ু লোকেয়ু কিঞ্চন।'—হে অন্ত্র্ন, ত্রিলোকে আমার কর্তব্য ব'লে কিছুই নেই। তাঁর উপর সম্পূর্ণ নির্ভর কর, সম্পূর্ণভাবে অনাসক্ত হও, তা হলেই তোমার ধারা কিছু কাজ হবে। (যে-সব শক্তিতে কাজ হয়, সেগুলি তো আর আমরা দেখতে পাই না, আমরা কেবল তাদের ফলটা দেখতে পাই মাত্র। অহংকে সরিয়ে দাও, নাশ ক'রে ফেলো, ভূলে যাও; তোমার ভিতর দিয়ে ঈশ্বর কাজ কর্মন— এ তো তাঁরই কাজ। আমাদের আর কিছু করতে হবে না—কেবল সরে দাড়াতে হবে, তাঁকে কাজ করতে দিতে হবে। আমরা যত সরে যাব, ততই ঈশ্বর আমাদের ভিতর আসবেন। 'কাঁচা আমি'টাকে দ্র ক'রে দাও। কেবল 'পাকা আমি'টাই থাক।

(আমরা এখন যা হয়েছি, তা আমাদের চিন্তারই ফলম্বরূপ। স্থতরাং তোমরা কি চিন্তা কর, সে বিষয়ে বিশেষ লক্ষ্য রেখো। বাক্য তো গোণ জিনিস। চিন্তাগুলিই বহুকালম্বায়ী, আর তাদের গভিও বহুদ্রব্যাপী। আমরা যে কোন চিন্তা করি, তাতে আমাদের চরিত্রের ছাপ লেগে যায়; এইজন্ম সাধুপুরুষদের ঠাটায় বা গালাগালিতে পর্যন্ত তাঁদের হৃদয়ের ভালবাসা ও পবিত্রতার একটুখানি রয়ে যায় এবং তা আমাদের কল্যাণসাধনই করে।

কিছুই কামনা ক'রো না। ঈশ্বের চিন্তা কর, কিন্তু কোন ফল-কামনা ক'রো না। যাঁরা কামনাশৃত্য, তাঁদেরই কাজ ফলপ্রস্থ। ভিক্লাজীবী সন্ন্যাসীরা লোকের ঘারে ঘারে ধর্ম বহন ক'রে নিয়ে যান, কিন্তু তাঁরা মনে করেন, আমরা কিছুই করছি না। তাঁরা কোনরূপ দাবিদাওয়া করেন না, তাঁদের কাজ অজ্ঞাতদারেই হয়ে থাকে। যদি তাঁরা (ঐহিক) জ্ঞান-রক্ষের ফল' থান, তা হ'লে তো তাদের অহন্ধার এদে যাবে, আর যা কিছু লোককল্যাণ তাঁরা করবেন—সব লোপ পেয়ে যাবে। যথনই আমরা 'আমি' এই কথা বলি, তখনই আমরা আহাম্মক ব'নে যাই আর বলি, আমরা 'জ্ঞান'লাভ করেছি, কিন্তু প্রকৃত্পকে 'চোথঢাকা বলদের মতো' আমরা ঘানিতেই ক্রমাগত ঘুরছি। ভিগ্রান্ বেশ ভালভাবে আপনাকে শ্কিয়ে

^{&#}x27;Tree of Knowledge'-Bible, O.T., Genesis

রেখেছেন, তাই তাঁর কাজও খুব ভাল। এইরপ যিনি আপনাকে সম্পূর্ণ লুকিয়ে রাখতে পারেন, তিনি সবচেয়ে বেশী কাজ করতে পারেন। নিজেকে জ্বয় কর, তা হলেই সমৃদয় জগৎ তোমার পদতলে আসবে

সত্তথে অবস্থিত হ'লে আমরা সকল বস্তুর আসল স্বরূপ পেখতে পাই, তখন আমরা পঞ্চেদ্রিয় এবং বৃদ্ধির অতীত দেশে চলে যাই। অহংই সেই বজ্রদৃঢ় প্রাচীর, ষা আমাদের বদ্ধ ক'রে রেখেছে—সত্যের মুক্ত বাভাদে ষেভে দিচ্ছে না—সকল বিষয়েই, সকল কাজেই 'আমি, আমার' এই ভাব মনে এনে দেয়—আমরা ভাবি, আমি অমুক কাজ করেছি, তমুক কাজ করেছি, ইত্যাদি। এই ক্ষুদ্র আমিষ্টাকে দূর ক'রে দাও, আমাদের মধ্যে এই যে অহংরূপ শয়তানি ভাব রয়েছে, তাকে একেবারে মেরে ফেলো। 'নাহং নাহং, তুঁত্ তুঁত্' এই মন্ত্র উচ্চারণ কর, প্রাণে প্রাণে এটা অহুভব কর, জীবনে ঐ ভাবটাকে নিম্নে এস। যতদিন না এই অহংভাবগঠিত জগৎটাকে ত্যাগ করতে পারছি, ততদিন আমরা কথনই স্বর্গরাজ্যে প্রবেশ করতে পারব না, কেউ কখনও পারেনি, আর পারবেও না। <u>স্ংসারত্যা</u>গ করা মানে—এই 'অহং'টাকে একেবারে ভূলে যাওয়া, অহংটার দিকে একেবারে থেয়াল না রাখা; দেহে বাস করা যেতে পারে, কিন্তু আমরা যেন দেহের না হয়ে যাই। এই হুষ্ট 'আমিটা'কে একেবারে নষ্ট ক'রে ফেলতে হবে। লোকে যখন তোমায় মন্দ বলবে, তুমি তাদের আশীর্বাদ ক'রো; ভেবে দেখো, তারা তোমার কত ্উপকার করছে; অনিষ্ট যদি কারও হয়, তো কেবল তাদের নিজেদের হচ্ছে। এমন জায়গায় যাও, যেখানে লোকে তোমাকে দ্বণা করে; তারা তোমার অূহংটাকে মেরে মেরে ভোমার ভেতর থেকে বার ক'রে দিক্—তুমি ভা <u>ছ'লে ভগবানের খ্ব কাছে অগ্রসর হবে।</u> বানরী যেমন তার বাচ্চাকে আঁকড়ে ধরে থাকে, কিন্তু পরিশেষে বাধ্য হ'লে তাকে ছুড়ে ফেলে দিয়ে তাকে পদদলিত করতেও পশ্চাৎপদ হয় না, সেইরূপ আমরাও সংসারটাকে यछिन পারি আঁকড়ে ধরে থাকি, কিন্তু অবশেষে যথন তাকে পদদলিত করতে বাধ্য হই, তথনই আমরা ঈশবের কাছে ধাবার অধিকারী হই। তায়ধর্মের জন্ত যদি অপরের অত্যাচার সহু করতে হয় তো আমরা ধন্ত; ষদি আমরা লিখতে পড়তে না জানি তো আমরা ধক্ত; আমাদের ঈশ্বরের কাছ থেকে ভফাভ করবার জিনিস অনেক কমে গেল।

ভোগ হচ্ছে লক্ষণা সাপ—তাকে আমাদের পদদলিত করতে হবে।
আমরা এই ভোগ ত্যাগ ক'রে অগ্রসর হ'তে থাকি; কিছুই না পেয়ে হয়তো
আমারা নৈরাশ্রে অবসর হই। কিন্তু লেগে থাকো, লেগে থাকো—কখনই
ছেড়ো না। এই সংসারটা একটা অহ্বরের মতো। এ সংসার যেন একটা
রাজ্য—আমাদের ক্লে 'অহং' যেন তার রাজা। তাকে সরিয়ে দিয়ে দৃঢ়
হয়ে দাঁড়াও। কামকাঞ্চন, নাময়শ ত্যাগ ক'রে দৃঢ়ভাবে ঈশরকে ধরে
থাকো, অবশেষে আমরা হথে হৃংথে সম্পূর্ণ উদাসীনতা লাভ ক'রব। ইন্দিয়চরিতার্থতাই হথ—এ ধারণা একেবারে জড়বাদী। ওতে এক কণাও যথার্থ
হথ নেই; যা কিছু হথ, তা সেই প্রকৃত আনন্দের প্রতিবিশ্বমাত্র।

ধারা ঈশবে আত্মসমর্পণ করেছেন, তাঁরা তথাকথিত কর্মীদের চেয়ে জগতের জন্ম অনেক বেশী কাজ করেন। আপনাকে সম্পূর্ণ শুদ্ধ করেছে, এমন একজন লোক হাজার ধর্মপ্রচারকের চেয়ে বেশী কাজ করে। চিত্তশুদ্ধি ও মৌন থেকেই কথার ভিতর জোর আদে।

পদ্মের মতো হও। পদ্ম এক জায়গাতেই থাকে, কিন্তু ষ্থন ফুটে ওঠে, তথন চারদিক থেকে মৌমাছি আপনি এসে জোটে।

শ্রীয়ক্ত কেশবচন্দ্র সেন ও শ্রীরামক্তফের মধ্যে একটি বিশেষ পার্থক্য ছিল।
শ্রীরামক্তফেরে জগতের ভিতর পাপ বা অভু দেখতে পেতেন না—তিনি
জগতে কিছু মন্দ দেখতে পেতেন না, কাজেই সেই মন্দ দূর করবার জক্স চেষ্টা
করারও কোন প্রয়োজন রোধ করতেন না। আর কেশবচন্দ্র একজন মন্ত
নৈতিক সংস্কারক, নেতা এবং ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজের প্রতিষ্ঠাতা ছিলেন।
আদশবর্ষ পরে এই শাস্তপ্রকৃতি দক্ষিণেশবের মহাপুরুষ শুধু ভারতে নয়, সমগ্র
জগতের ভাবরাজ্যে এক বিরাট পরিবর্তন এনে দিয়ে গেছেন। এই-সকল নীরব
মহাপুরুষ বাস্তবিক মহাশক্তির আধার—তারা প্রেমে তন্ময় হয়ে জীবন-যাপন
ক'রে ভব-রঙ্গমঞ্চ হ'তে সরে যান। তারা কখন 'আমি, আমার' বলেন না।
তারা নিজেদের ঈশবের যদ্রস্করণ জ্ঞান করেই ধন্ত মনে করেন। এরূপ
ব্যক্তিগণই খ্রীষ্ট ও বৃদ্ধসকলের নির্মাতা। তারা সদাই ঈশবের সঙ্গে
সম্পূর্ণভাবে তাদাস্মা লাভ করেন, এই বাস্তব জগৎ থেকে বছদ্রে এক
ভাবজগতে বাস করেন। তারা কিছুই চান না এবং জ্ঞাতসারে কিছু করেনও
না। তারাই প্রকৃতপক্ষে জগতের সর্বপ্রকার উচ্চভাবের প্রেরকস্করণ—তারা

জীবমৃক্ত, একেবারে অহংশৃষ্ণ। তাঁদের কুত্র অহংজ্ঞান একেবারে উড়ে গেছে, কোন আকাজ্জা একেবারেই নেই। তাঁদের ব্যক্তিত্ব লুপ্ত হয়ে গেছে, তাঁরা শুধুই তত্ত্বস্তরণ।

বৃহস্পতিবার, ২৭শে জুন

(স্বামীজী অত বাইবেলের নিউ টেস্টামেণ্ট লইয়া আসিলেন এবং পুনর্বার জনের গ্রন্থ পড়িয়া ব্যাখ্যা করিতে লাগিলেন।)

ষীশুগ্রীষ্ট যে শান্তিদাতা পাঠিয়ে দেবেন বলেছিলেন, মহমদ আপনাকে সেই 'শান্তিদাতা' বলে দাবি করতেন। তাঁর মতে—যীশুগ্রীষ্টের অলৌকিক ভাবে জন্ম হয়েছিল, এ-কথা স্বীকার করবার কিছুমাত্র প্রয়োজন নেই। সকল যুগে, সকল দেশেই এইরূপ দাবি দেখতে পাওয়া যায়। সকল মহামানব দাবি করেছেন, দেবতা থেকেই তাঁদের জন্ম।

জ্ঞান আপেক্ষিক মাত্র। আমরা ঈশ্বর হ'তে পারি, কিন্তু তাঁকে কথন জ্ঞানতে পারি না। জ্ঞান একটা নিম্নতর অবস্থামাত্র। তোমাদের বাইবেলেও আছে, আদম যথন 'জ্ঞানলাভ' করলেন, তথনই তাঁর পতন হ'ল। তার পূর্বে তিনি স্বয়ং সত্যস্বরূপ, পবিত্রতা-স্বরূপ, ঈশ্বরস্বরূপ ছিলেন। আমাদের মৃথ আমাদের থেকে কিছু পৃথক্ পদার্থ নয়, কিন্তু আমরা কথন আদল মৃথটা দেখতে পাই না, শুধু প্রতিবিশ্বটাই দেখতে পাই। আমরা নিজেরাই প্রেমশ্বরূপ, কিন্তু যথন ঐ প্রেমদ্বন্ধে চিন্তা করতে যাই, তথনই দেখি—আমাদের একটা কল্পনার আশ্বয় গ্রহণ করতে হয়। তাতেই প্রমাণ হয় যে, জ্ঞাবস্তু চিন্তারই বহিঃপ্রকাশ।

নিবৃত্তি-অর্থে সংসার থেকে সরে আসা। হিন্দুদের পুরাণে আছে, প্রথম স্ট চারিজন ঋষিকে হংসরূপী ভগবান্ শিক্ষা দিয়েছিলেন—স্টিপ্রপঞ্চ গোণমাত্র; স্থভরাং তাঁরা আর প্রজাস্টি করলেন না। এর তাৎপর্য এই থে, অভিব্যক্তির অর্থই অবনতি; কারণ আত্মাকে অভিব্যক্ত করতে গেলে শব্দ দ্বারা ঐ অভিব্যক্তি সাধিত হয়, আর 'শব্দ ভাবকে নই ক'রে ফেলে'।'

১ সনক, সনাতন, সনন্দন ও সনংকুমার

२ 'The letter killeth'-Bible, N. T., 2 Corinthians, III, 6.

তা হলেও তত্ত জড়াবরণে আবৃত না হয়ে থাকতে পারে না, যদিও আমরা জানি যে অবশেষে এইরূপ আবরণের দিকে লক্ষ্য রাখতে রাখতে আমরা আদলটাকেই হারিয়ে ফেলি। সকল বড় বড় আচার্যই এ-কথা বোঝেন, আর সেইজগুই অবতারেরা পুন: পুন: এসে আমাদের মূল তত্তটি ব্ঝিয়ে দিয়ে যান, আর সেইকালের উপযোগী তার একটি নৃতন আকার দিয়ে যান। আমার শুরুদেব বলতেন:ধর্ম এক; সকল অবতারকল্প পুরুষ একপ্রকার শিক্ষাই দিয়ে যান, তবে সকলকেই সেই তত্ত্তি প্রকাশ করতে কোন-না-কোন আকার দিতে হয়। সেইজ্ঞা তাঁরা তাকে তার পুরাতন আকার থেকে তুলে নিয়ে একটি নৃতন আকারে আমাদের সামনে ধরেন। যখন আমরা নামরূপ থেকে—বিশেষতঃ দেহ থেকে মৃক্ত হই, যথন আমাদের ভালমন্দ কোন দেহের প্রয়োজন থাকে না, তথনই কেবল আমরা বন্ধন অতিক্রম করতে পারি। অনস্ত উন্নতি মানে অনস্তকালের জন্ম বন্ধন; তার চেয়ে সকল রকম আকারের ধ্বংসই বাঞ্নীয়। সব রকম দেহ, এমন কি দেবদেহ থেকেও আমাদের মৃক্তিলাভ করতে হবে। ঈশ্বরই একমাত্র সত্যবস্তু, সত্যবস্তু কখনও ঘুটি থাকতে পারে না। একমাত্র আত্মাই আছেন, এবং 'আমিই সেই'।

মৃক্তিলাভের সহায়ক বলেই শুভকর্মের যা মূল্য; তার দারা—যে কাজ করে তারই কল্যাণ হয়, অপর কারও কিছু হয় না।

•

জ্ঞান মানে—শ্রেণীবদ্ধ করা, কতকগুলি জিনিদকে এক শ্রেণীর ভিতর ফেলা। আমরা একই প্রকারের অনেকগুলি জিনিদ দেখলাম—দেখে দেই সবগুলির একটা কোন নাম দিলাম, তাতেই আমাদের মন শান্ত হ'ল। আমরা কেবল কতকগুলি 'ঘটনা' বা 'তথ্য' আবিষ্কার ক'রে থাকি, কিন্তু কেন সেগুলি ঘটছে, তা জানতে পারি না। অজ্ঞানের অন্ধকারেই আরও থানিকটা বেশী জায়গা এক পাক ঘুরে এসে আমরা মনে করি, কিছু জ্ঞানলাভ করলাম। এই জগতে 'কেন'র কোন উত্তর পাওয়া যেতে পারে না; 'কেন'র উত্তর পেতে হ'লে আমাদের ভগবানের কাছে যেতে হবে। 'জ্ঞাতা'কে কথন প্রকাশ করা যায় না। এ যেন এক টুকরো হনের সমুদ্রে পড়ে যাওয়া—বেই প'ড়ল, অমনি গলে সমুদ্রে মিশে গেল।

বৈষমাই স্প্রির মূল—এক-রসতা বা সমতাই ঈশ্ব। এই বৈষম্ভাবের পারে চলে যাও; তা হলেই জীবন ও মৃত্যু তই-ই জয় করবে, এবং অনস্ক সমত্বে পৌছবে—তথনই ব্রহ্মে প্রতিষ্ঠিত হবে, ব্রহ্মশ্বরূপ হবে। মৃক্তিলাভ কর, সে চেষ্টায় প্রাণ যায়, তাও শ্বীকার। একথানা বইরের সজে তার পাতাগুলির যে সম্বন্ধ, আমাদের সঙ্গে জনাস্তরের জীবনগুলিরও সেই সম্বন্ধ; আমরা কিন্তু অপরিণামী, সাক্ষিশ্বরূপ, আঅ্থ্রন্ধপ; আর তাঁরই উপর জনাস্করের ছায়া পড়ছে; যেমন একটা মশাল খ্ব জোরে জোরে ঘোরাতে থাকলে চোথে একটা রুত্তের প্রতীতি হয়। আ্রাতেই সমন্ত ব্যক্তিত্বের সক্ষতি; আর যেহেতু আ্রা অনস্ক, অপরিণামী ও অচঞ্চল, সেহেতু আ্রা ব্যক্ষশ্বরূপ—পরমাত্রা। আ্রাকে জীবন বলতে পারা যায় না, কিন্তু তাই থেকে সমৃদয় জীবন গঠিত হয়। একে স্থ্য বলা যায় না, কিন্তু এই থেকেই স্থের উৎপত্তি হয়।

* *

আজকাল জগতের লোক ভগবান্কে পরিত্যাগ করছে, কারণ তাদের ধারণা—জগতের যতদ্র স্থেষাচ্ছন্দ্য বিধান করা উচিত, তা তিনি করছেন না; তাই লোকে বলে থাকে, 'তাঁকে নিয়ে আমাদের লাভ কি ?' ঈশ্বকে একজন মিউনিসিপ্যালিটির কর্তা ব'লে ভাবতে হবে নাকি ?

আমরা এইটুকু করতে পারি যে, আমাদের সব বাসনা, ঈর্বা, ঘুণা, ভেদবৃদ্ধি—এইগুলিকে দ্র ক'রে দিতে পারি। 'কাঁচা আমি'কে নষ্ট ক'রে ফেলতে হবে, মনকে মেরে ফেলতে হবে—এক-রকম মনে মনে আত্মহত্যা করা আর কি! শরীর ও মনকে পবিত্র ও স্ব্রু রাখো—কিন্তু কেবল ঈশ্বরলাভ করবার ষন্ত্রহ্রপে; এটুকুই এদের একমাত্র ষথার্থ প্রয়োজন। কেবল সত্যের জন্তুই সত্যের অন্ত্রসন্ধান কর; তার ঘারা আনন্দলাভ হবে, এ-কথা ভেবোনা। আনন্দ আপনা হ'তে আসতে পারে, কিন্তু তার জন্তুই বেন সত্যলাভ উৎসাহিত হ'য়ো না। ঈশ্বরলাভ ব্যতীত অন্ত কোন উদ্দেশ্য রেখো না। সত্যলাভ করবার জন্তু যদি নরকের ভিতর দিয়ে যেতে হয়, তাত্তেও পেছ-পাহ'য়ো না।

শুক্রবার, ২৮শে জুন

(অত সকলেই স্বামীজীর সহিত বনভোজনে যাত্রা করিয়াছিলেন। যদিও স্বামীজী বেখানেই থাকিতেন, সেখানেই অবিরাম শিক্ষা দিতেন, অত্যকার উপদেশের কোন প্রকার 'নোট' রাখা হয় নাই; তাই তিনি যাহা বলিয়াছিলেন, তাহার কিছুই লিপিবদ্ধভাবে নাই। তবে বাহির হইবার পূর্বে প্রাতরাশের সময় তিনি এই কয়েকটি কথা বলিয়াছিলেন:)

সর্বপ্রকার অন্নের জন্ম ভগবানের প্রতি ক্বতজ্ঞ হও—অন্নই ব্রহ্মস্বরূপ। তাঁর সর্বব্যাপিনী শক্তিই আমাদের ব্যষ্টিশক্তিতে পরিণত হয়ে আমাদের সর্বপ্রকার কার্য করতে সাহায্য ক'রে থাকে।

শনিবার, ২৯শে জুন

(অত্য স্বামীজী গীতা হাতে করিয়া উপস্থিত হইলেন।)

গীতায় 'হ্যীকেশ' অর্থাৎ ইন্দ্রিয় বা (ইন্দ্রিয়যুক্ত) জ্বীবাত্মাগণের ঈশর কৃষ্ণ—'গুড়াকেশ'কে অর্থাৎ নিদ্রার অধীশ্বর (অর্থাৎ নিদ্রাজ্বরী) অর্জুনকে উপদেশ দিচ্ছেন। এই সংসারই 'ধর্মক্ষেত্র' কুরুক্ষেত্র। পঞ্চপাণ্ডব (অর্থাৎ ধর্ম) শত কৌরবের (আমরা যে-সকল বিষয়ে আসক্ত এবং যাদের সঙ্গে আমাদের সতত বিরোধ তাদের) সঙ্গে যৃদ্ধ করছেন! পঞ্চপাণ্ডবের মধ্যে শ্রেষ্ঠ বীর অর্জুন (অর্থাৎ প্রবৃদ্ধ জীবাত্মা) সেনাপৃতি। আমাদের সবচেয়ে আসক্তির বস্তু—সমৃদয় ইন্দ্রিয়হ্বথের সঙ্গে যৃদ্ধ করতে হবে, তাদের মেরে ফেলতে হবে। আমাদের নি:সঙ্গ হয়ে দাঁড়িয়ে থাকতে হবে। আমরা ব্রহ্মস্বর্ধপ, আমাদের আর সমস্ত ভাবকে এই ভাবে ডুবিয়ে দিতে হবে।

্ শ্রীকৃষ্ণ সব কাজই করেছিলেন, কিন্তু আসজিবর্জিত হয়ে। তিনি সংসারে ছিলেন বটে, কিন্তু কখন সংসারের হয়ে যাননি। সকল কাজ কর, কিন্তু অনাসক্ত হয়ে কর; কাজের জন্মই কাজ কর, কখনও নিজের জন্ম ক'রো না

নামরূপাত্মক কোন কিছু কখন মৃক্তম্বভাব হ'তে পারে না। মৃত্তিকা-রূপ আত্মা থেকে ঘটাদির মতো আমরা হয়েছি। এ অবস্থায় আত্মা সীমাবদ, আর মৃক্ত নন; আপেক্ষিক সন্তাকে কখনও মৃক্ত বলা যেতে পারে না। ঘট যভক্ষণ ঘট থাকে, ততক্ষণ সে কখনই বলতে পারে না, 'আমি মৃক্ত'; যখনই সে নামরূপ ভূলে যায়, তথনই মৃক্ত হয়। সমৃদয় জগৎটাই আত্মস্বরূপ—
বহুভাবে অভিব্যক্ত, যেন এক স্থরের মধ্যেই নানা রঙপরং তোলা হয়েছে—
তা না হ'লে একঘেয়ে হয়ে পড়ত। সময়ে সময়ে বেস্থরো বাজে বটে, তাতে
বরং পরবর্তী স্থরের একতান আরও মিট লাগে। মহান্ বিশ্বস্পীতে তিনটি
ভাবের বিশেষ প্রকাশ দেখা যায়—সাম্য, শক্তি ও মৃক্তি।

যদি তোমার স্বাধীনতা অপরকে ক্ষ্ম করে, তা হ'লে ব্ঝতে হবে—তুমি স্বাধীন নও। অপরের কোন প্রকার ক্ষতি কখন ক'রো না।

মিণ্টন বলেছেন, 'হুর্বলতাই হু:খ।' কর্ম ও ফলভোগ—এই হুটির অবিচ্ছিন্ন সম্বন্ধ। অনেক সময়েই দেখা যায়, যে বেশী হাদে, তাকে কাদতেও হয় বেশী—যত হাসি তত কানা। 'কর্মণ্যেবাধিকারত্তে মা ফলেষু কদাচন'—কর্মেই তোমার অধিকার, ফলে নয়।

জড়বাদের দৃষ্টিতে দেখলে কুচিস্তাগুলিকে রোগবীজাণু বলা যেতে পারে।
আমাদের দেহ যেন লোহপিণ্ডের মতো আর আমাদের প্রত্যেক চিস্তা যেন
তার উপর আন্তে আন্তে হাতুড়ির ঘা মারা—তাই দিয়ে আমরা দেহটাকে
যেভাবে ইচ্ছা গঠন করি।

আমরা জগতের সমৃদয় শুভচিস্তারাশির উত্তরাধিকারী, অবশু যদি সেগুলিকে আমাদের মধ্যে অবাধে আসতে দিই।

শাস্ত্র তো সব আমাদের মধ্যেই রয়েছে। মূর্থ, শুনতে পাচ্ছ না কি, তোমার নিজ হৃদয়ে দিবারাত্র সেই অনস্ত সঙ্গীত ধ্বনিত হচ্ছে—'সচিদানন্দঃ সচিদানন্দঃ, সোহহং সোহহম্।'

আমাদের প্রত্যেকের ভিতর—কি ক্ষুদ্র পিপীলিকা, কি স্বর্গের দেবতা— সকলেরই ভিতর অনস্ত জ্ঞানের প্রস্রবণ রয়েছে। প্রকৃত ধর্ম একটিই। আমরা তার বিভিন্ন রূপ নিয়ে, তার বিভিন্ন প্রতীক নিয়ে, তার বিভিন্ন প্রকাশ নিয়ে ঝগড়া ক'রে মরি। যারা খুঁজতে জানে, তাদের কাছে সত্যযুগ তো এখনই রয়েছে। আমরা নিজেরাই নষ্ট হয়েছি, আর মনে করছি, জগৎ সংসার গোল্লায় গেছে।

এ জগতে পূর্ণাক্তির কোন কার্য থাকে না। তাকে কেবল 'অন্তি' বা 'সং' মাত্র বলা যায়, তার ঘারা কোন কাজ হয় না। যথার্থ সিদ্ধিলাভ এক বটে, ভবে আপেকিক সিদ্ধি নানাবিধ হ'তে

রবিবার, ৩০শে জুন

একটা কিছু কল্পনা আশ্রম না ক'রে চিস্তা করবার চেটা আর অসম্ভবকে সম্ভব করবার চেটা—এক কথা। আমরা কোন একটি বিশেষ জীবকে অবলম্বন না ক'রে স্তন্তপায়ী কোন জীবের ধারণা করতে পারি না। ঈশ্বরের ধারণাসম্বন্ধেও ঐ কথা।

জগতে যতপ্রকার ভাব বা ধারণা আছে, তার যে স্ক্র সারনিষ্ক, তাকেই আমরা 'ঈশ্বর' বলি।

প্রত্যেক চিস্তার হুটি ভাগ আছে—একটি হচ্ছে ভাব, আর দ্বিতীয়টি ঐ ভাবত্যোতক 'শক'—আমাদের ঐ হুটিকেই নিতে হবে। কি বিজ্ঞানবাদী (Idealist), কি জড়বাদী (Materialist), কারও মত খাঁটি সত্য নয়। ভাব ও তার প্রকাশ হুই-ই আমাদের নিতে হবে।

আমরা আরশিতেই আমাদের মৃথ দেখতে পাই—সমৃদয় জ্ঞানও সেইরকম প্রতিবিম্বিত বস্তুরই জ্ঞান। কেউ কথন তার নিজের আত্মা বা ঈশ্বরকে জানতে পারবে না, কিন্তু আমরা স্বয়ংই সেই আত্মা, আমরাই ঈশ্বর বা পরমাত্মা।

তথনই তোমার নির্বাণ-অবস্থা লাভ হবে, যথন তোমার 'তুমিত্ব' থাকবে না।
বৃদ্ধ বলেছিলেন: যথন 'তুমি' থাকবে না, তথনই তোমার যথার্থ অবস্থা—
তথনই তোমার সর্বোচ্চ অবস্থা অর্থাৎ যথন ক্ষুদ্র বা কাঁচা আমিটা চলে যাবে।

অধিকাংশ ব্যক্তির মধ্যে দেই আভ্যন্তরীণ দিব্য জ্যোতিঃ আর্ত ও অস্পষ্ট হয়ে রয়েছে; যেন একটা লোহার পিপের ভিতর একটা আলো রয়েছে, ঐ আলোর একটি রশ্মিও বাইরে আসতে পারছে না। একটু একটু ক'রে পবিত্রতাও নিঃস্বার্থতা অভ্যাস করতে করতে আমরা ঐ মাঝের আড়ালটাকে ক্রমশঃ পাতলা ক'রে ফেলতে পারি। অবশেষে সেটা কাচের মতো স্বচ্ছ হয়ে য়ায়। শ্রীরামক্রফে যেন ঐ লোহার পিপে কাচে পরিণত হয়েছে। তার মধ্য দিয়ে সেই আভ্যন্তরীণ জ্যোতিঃ ষথার্থরূপে দেখা যাচ্ছে। আমরা সকলেই এইরূপ কাচের পিপে হবার পথে চলেছি—এমন কি, এর চেয়েও উচ্চতর বিকাশের

আধার হবো। কিন্তু যতদিন পর্যন্ত আদৌ কোন পিপে রয়েছে, ততদিন আমাদের জড় উপায়ের সাহায্যেই চিন্তা করতে হবে। অসহিষ্ণু ব্যক্তি কোন কালে সিদ্ধ হ'তে পারে না।

বড় বড় সাধুপুরুষেরা আদর্শ তত্ত্বের (Principle) দৃষ্টান্তম্বরূপ; কিন্তু
শিক্ষেরা ব্যক্তিকেই আদর্শ বা তত্ত্ব ক'রে তোলে, আর ব্যক্তিকে নাড়াচাড়া
করতে করতে তত্ত্বী ভূলে যায়।

বৃদ্ধ কর্ত্ক সন্তণ ঈশ্বর-ভাবকে ক্রমাগত আক্রমণের ফলেই ভারতে প্রতিমাপ্রার স্ত্রপাত হ'ল! বৈদিক যুগে প্রতিমার অন্তিঘই ছিল না, তথন লোকে সর্বত্র ঈশ্বরদর্শন ক'রত। কিন্তু বৃদ্ধের প্রচারের ফলে আমরা জগৎশ্রষ্টা ও 'আমাদের স্থা' ঈশ্বরকে হারালাম, আর তার প্রতিক্রিয়াশ্বরূপ প্রতিমাপ্রার উৎপত্তি হ'ল। লোকে বৃদ্ধের মূর্তি গড়ে পূজা করতে আরম্ভ করলে। যীশুঞ্জীই-সম্বন্ধেও তাই হয়েছে। কাঠ-পাথরের পূজা থেকে যীশু-বৃদ্ধের পূজা পর্যন্ত—সবই প্রতিমা-পূজা, কিন্তু কোন না কোনরূপ মূর্তি ব্যতীত আমাদের চলতে পারে না।

জোর ক'রে সংস্থারের চেষ্টার ফল এই যে, তাতে সংস্থার বা উন্নতির গতিরোধ হয়। কাউকে ব'লো না—'তুমি মন্দ', বরং তাকে বলো—'তুমি ভালই আছ, আরও ভাল হও।'

পুরুতরা সব দেশেই অনিষ্ট ক'রে থাকে; কারণ তারা লোককে গাল দেয় ও তাদের সমালোচনা করে। তারা একটা দড়ি ধরে টান দেয়, মনে করে সেটাকে ঠিক করবে, কিন্তু তার ফলে আর ছ-তিনটা দড়ি স্থানভ্রষ্ট হয়ে পড়ে। প্রেমে কখন কেউ গাল-মন্দ করে না, শুধু প্রতিষ্ঠার আকাজ্ঞাতেই মামুষ ঐ রকম ক'রে থাকে। 'ফ্রায়সঙ্গত রাগ' ব'লে কোন জিনিস নেই।

ষদি তুমি কাউকে সিংহ হ'তে না দাও, তা হ'লে সে ধৃর্ত শৃগাল হয়ে দাঁড়াবে। স্ত্রীজাতি শক্তিম্বরূপিনী, কিন্তু এখন ঐ শক্তি কেবল মন্দ বিষয়ে প্রযুক্ত হচ্ছে। তার কারণ, পুরুষ তার উপর অত্যাচার করছে। এখন সে শৃগালীর মতো; কিন্তু যখন তার উপর আর অত্যাচার হবে না, তখন সে সিংহী হয়ে দাঁড়াবে।

সাধারণত: ধর্মভাবকে বিচার-বৃদ্ধি থারা নিয়মিত করা উচিত। তা না হ'লে ঐ ভাবের অবনতি হয়ে ওটা ভাবুকতামাত্রে পরিণত হ'তে পারে।

আন্তিকমাত্রেই স্বীকার করেন যে, এই পরিণামী জগতের পশ্চাতে একটা অপরিণামী বস্তু আছে,—যদিও সেই চরম পদার্থের ধারণা-সম্বন্ধে তাঁদের মধ্যে মতভেদ আছে। বৃদ্ধ এটা সম্পূর্ণ অস্বীকার করেছিলেন। তিনি বলতেন, 'ব্রহ্ম বা আত্মা ব'লে কিছু নেই।'

চরিত্র-হিসাবে জগতের মধ্যে বৃদ্ধ সকলের চেয়ে বড়; তারপর প্রীষ্ট। কিন্তু গীতায় শ্রীকৃষ্ণ যা ব'লে গেছেন, তার মতো মহান্ উপদেশ জগতে আর নেই। যিনি সেই অভুত কাব্য রচনা করেছিলেন, তিনি সেই-সকল বিরল মহাত্মাদের মধ্যে একজন, যাদের জীবন দারা সমগ্র জগতে এক এক নবজীবনের শ্রোত বয়ে যায়। যিনি গীতা লিখেছেন, তাঁর মতো আশ্চর্য মাথা মহাত্রাতি আর কখনও দেখতে পাবে না!

জগতে একটামাত্র শক্তিই রয়েছে—সেইটেই কখন মন্দ, কখন বা ভালভাবে অভিব্যক্ত হচ্ছে। ঈশ্বর আর শয়তান একই নদী—কেবল স্রোতটা পরস্পরের বিপরীত-গামী।

সোমবার, ১লা জুলাই

(প্রীরামক্বফদেব)

শ্রীরামক্ষের পিতা একজন খ্ব নিষ্ঠাবান্ ব্রাহ্মণ ছিলেন—এমন কি, তিনি সকল প্রকার ব্রাহ্মণের দানও গ্রহণ করতেন না। জীবিকার জ্ঞাতার সাধারণের মতো কোন কাজ করবার জো ছিল না। পুঁথি বিজ্ঞী করবার বা কারও চাকরি করবার জো তো ছিলই না, এমন কি, তাঁর কোন দেবমন্দিরে পৌরোহিত্য করবারও উপায় ছিল না। তিনি একরূপ আকাশবৃত্তি-অবলম্বন ক'রে ছিলেন, যা অ্যাচিতভাবে উপস্থিত হ'ত, তাতেই তাঁর খাওয়া পরা চ'লত; কিছ তাও কোন পতিত ব্রাহ্মণের কাছ থেকে তিনি গ্রহণ করতেন না। হিন্ধর্মে দেবমন্দিরের তেমন প্রাধান্ত

নেই। যদি সব মন্দির ধ্বংস হয়ে যায়, ভাতেও ধর্মের বিন্দুমাত্র ক্ষতি হবে
না। হিন্দুদের মতে নিজের জ্ঞা বাড়ি তৈরি করা স্বার্থপরতার কাজ;
কেবল দেবতা ও অতিথিদের জ্ঞা বাড়ি তৈরি করা যেতে পারে। সেই
জ্ঞা লোকে ভগবানের নিবাস-রূপে মন্দিরাদি নির্মাণ ক'রে থাকে ১

জতিশয় পারিবারিক অসচ্ছলতা হেতু শ্রীরামকৃষ্ণ অতি অল্লবয়দে এক মিলিরে পূজারী হ'তে বাধ্য হয়েছিলেন। (মিলিরে জ্গজ্জননীর মূর্তি প্রতিষ্ঠিত ছিল—তাঁকে প্রকৃতি বা কালীও ব'লে থাকে। একটি নারীমূর্তি একটি পুরুষমূর্তির উপর দাঁড়িয়ে আছেন—তাতে এই প্রকাশ হচ্ছে যে, মায়াবয়ণ উল্লোচিত না হ'লে আমরা জ্ঞানলাভ করতে পারি না। ব্রহ্ম স্বয়ং স্ত্রী বা পুরুষ কিছুই নন—তিনি অজ্ঞাত ও অজ্ঞেয়। তিনি যথন নিজেকে অভিব্যক্ত করেন, তখন তিনি নিজেকে মায়ার আবয়ণে আয়ত ক'রে জগজ্জননীয়প ধারণ করেন ও স্বষ্টিপ্রপঞ্চের বিন্তার করেন। যে পুরুষমূর্তিটি শয়ানভাবে রয়েছেন, তিনি শিব বা ব্রহ্ম, তিনি মায়াবৃত হ'য়ে শব হয়েছেন। অহৈতবাদী বা জ্ঞানী বলেন, 'আমি জোর ক'রে মায়া কাটিয়ে ব্রহ্মকে প্রকাশ ক'রব।' কিছু বৈতবাদী বা ভক্ত বলেন, 'আমুরা সেই জগজ্জননীয় কাছে প্রার্থনা করলে তিনি ঘার ছেডে দেবেন, আর তখনই ব্রহ্ম প্রকাশিত হরেন, তারই হাতে চাবি রয়েছে।')

প্রতিদিন মা কালীর সেবা-পূজা করতে করতে এই তরুণ পুরোহিতের হৃদয়ে ক্রমে এমন তীব্র ব্যাকুলতা ও ভক্তির উদ্রেক হ'ল যে, তিনি আর নিয়মিতভাবে মন্দিরে পূজার কাজ চালাতে পারলেন না। স্থতরাং তিনি তা পরিত্যাগ ক'রে মন্দিরের এলাকার ভিতরেই যেখানে এক পাশে ছোট-খাট জক্ল ছিল, সেইখানে গিয়ে দিবারাত্র ধ্যানধারণা করতে লাগলেন। গেটি ঠিক গলার উপরেই ছিল; একদিন গলার প্রবল স্রোতে ঠিক একখানি কুটির-নির্মাণের উপবোই ছিল; একদিন গলার প্রবল স্রোতে ঠিক একখানি কুটির-নির্মাণের উপবোগী লব জিনিসপত্র তাঁর কাছে ভেলে এল। সেই কুটিরে থেকে তিনি ক্রমাগত প্রার্থনা ক'রতে লাগলেন ও কাঁদতে লাগলেন—জগজ্জননী ছাড়া আর কোন বিষয়ের চিস্তা, নিজের দেহরক্ষার চিস্তা পর্যস্থ তাঁর রইল না। তাঁর এক আত্মীয় এই সময়ে তাঁকে দিনের মধ্যে একবার ক'রে খাইয়ে বেতেন, আর তাঁর তত্বাবধান করতেন। কিছুদিন পর এক সম্যাসিনী এসে তাঁকে তাঁর 'মা'কে পাবার সহায়তা করতে লাগলেন।

তাঁর বে-কোন প্রকার গুরুর প্রয়োজন হ'ত, তাঁরা নিজে থেকেই তাঁর কাছে এনে উপস্থিত হতেন। সকল সম্প্রদায়ের কোন না কোন সাধু এনে তাঁকে উপদেশ দিয়েছিলেন, আর তিনি আগ্রহ ক'রে সকলেরই উপদেশ শুনতেন। তবে তিনি কেবল দেই জগন্মাভারই উপাসনা করতেন—তাঁর কাছে সবই 'মা' ব'লে মনে হ'ত।

শ্রীরামকৃষ্ণ কারও বিক্লকে কখনও কড়া কথা বলেননি। তাঁর হাদ্য এত উদার ছিল যে, সকল সম্প্রদায়ই ভাবত—তিনি তাদেরই লোক। তিনি সকলকেই ভালবাসতেন। তাঁর দৃষ্টিতে সকল ধর্মই সত্য, তাঁর কাছে সকলেরই হান ছিল। তিনি মৃক্তস্থভাব ছিলেন, কিন্তু সকলের প্রতি সমান প্রেমেই তাঁর মৃক্তস্থভাবের পরিচয় পাওয়া যেত, বক্রবৎ কঠোরতায় নয়। এই-রূপ কোমল থাকের লোকেরাই নৃতন ভাব স্থাই করেন, আর 'হাক-ডেকে' থাকের লোক ঐ ভাব চারিদিকে ছড়িয়ে দেন। দেট পল এই শেষ থাকের ছিলেন। তাই তিনি সত্যের আলোক চতুর্দিকে বিস্তার করেছিলেন।

দেও পলের যুগ কিন্ত এখন আর নেই। আমাদেরই এ যুগের ন্তন আলোক হ'তে হবে। আমাদের যুগের এখন বিশেষ প্রয়োজন—এমন একটি সভ্য, যা আপনা হতেই নিজেকে দেশকালের উপযোগী ক'রে নেবে। যথন তা হবে, তথন সেইটিই হবে জগতের শেষ ধর্ম। সংসারচক্র চলবে— আমাদের তাকে সাহায্য করতে হবে, তাকে বাধা দিলে চলবে না। নানাবিধ ধর্মভাবরূপ তরঙ্গ উঠছে পড়ছে, আর সেই-সকল তরঙ্গের শীর্ষদেশে ্সইযুগের অবতার বিরাজ করছেন। রামক্লফ বর্তমান যুগের উপযোগী ধর্মশিকা দিতে এদেছিলেন, তার ধর্ম গঠনমূলক, এতে ধ্বংসমূলক কিছু নেই। তাঁকে নৃতন ক'রে প্রকৃতির কাছে গিয়ে সত্য জানবার চেষ্টা করতে হয়েছিল, ফলে তিনি বৈজ্ঞানিক ধর্ম লাভ করেছিলেন। সে ধর্ম কাউকে কিছু মেনে নিতে বলে না, নিজে পর্ধ ক'রে নিতে বলে; বলে, 'আমি সভ্য দর্শন করেছি তুমিও ইচ্ছা করলে দেখতে পারো। আমি যে সাধন অবলম্বন করেছি, তুমিও দেই সাধন কর, তা হ'লে তুমিও আমার মতো সভ্য দর্শন করবে।' ঈশব সকলের কাছেই আসবেন—সেই সামঞ্জ সকলেরই আয়ত্তের ভিতর রয়েছে। শ্রীরামক্লফ যা উপদেশ দিয়ে গেছেন, সেগুলি হিন্দুধর্মের শারশ্বরূপ, তাঁর নিজের হাই কোন ন্তন বস্তু নয়। আর তিনি দেওলি

তাঁর নিজ্ঞ ব'লে কখন দাবিও করেননি; তিনি নাম্যশের কিছুমাত্র আকাজ্রা করতেন না। তাঁর বয়স যখন প্রায় চল্লিশ, সেই সময় তিনি প্রচার করতে আরম্ভ করেন। কিন্তু তিনি ঐ প্রচারের জ্ঞা কখন বাইরে কোথাও যাননি। যারা তাঁর কাছে এসে উপদেশ গ্রহণ করেবে, তাদের জ্ঞাতিনি অপেক্ষা করেছিলেন।

হিন্দ্যমাজের প্রথায়্বায়ী তাঁর পিতামাতা তাঁর যৌবনের প্রারম্ভে পাঁচ বছরের একটি ছোট মেয়ের সঙ্গে তাঁর বিয়ে দিয়েছিলেন। বালিকা এক স্থান পলীতে তাঁর নিজ পরিজনের মধ্যেই বাস করতে থাকেন—তাঁর যুবাপতি যে কি কঠোর সাধনার ভিতর দিয়ে ঈশবের পথে অগ্রসর হচ্ছিলেন, তার বিষয় তিনি কিছু জানতেন না। যথন তিনি বড় হলেন, তথন তাঁর সামী ভগবংপ্রমে তয়য় হয়ে গিয়েছেন। তিনি হেঁটে দেশ থেকে দক্ষিণেশর কালীবাড়িতে তাঁর কাছে উপস্থিত হলেন। স্বামীকে দেখেই তিনি ব্রতে পারলেন, তাঁর কি অবস্থা; কারণ তিনি স্থাং মহা পবিত্রা বিশুদ্ধা ও উন্নতম্বভাবা ছিলেন। তিনি তাঁর কাজে কেবল সাহায্য করবার ইচ্ছাই করেছিলেন; তাঁর কথনও এ ইচ্ছা হয়নি যে, তাঁকে গৃহত্বের পর্যায়ে টেনে নামিয়ে আনেন।

শ্রীরামক্বঞ্চ ভারতে মহান্ অবতারপুক্ষগণের মধ্যে একজন ব'লে প্জিত হয়ে থাকেন। তাঁর জন্মদিন সেখানে ধর্মোৎসবরূপে পরিগণিত হয়ে থাকে।

একটি বিশিষ্টলক্ষণযুক্ত গোলাকার শিলা বিষ্ণু অর্থাং সর্বব্যাপী ভগবানের প্রতীকরূপে ব্যবহৃত হয়ে থাকে। প্রাতঃকালে পুরোহিত এসে সেই শালগ্রাম-শিলাকে পুপাচন্দন নৈবেভাদি দারা পূজা করেন, ধৃপকর্প্রাদির দারা আরতি করেন, তারপর তাঁর শয়ন দিয়ে এভাবে পূজা করার জন্ম তাঁর কাছে ক্ষা প্রার্থনা করেন। ঈশ্বর স্বরূপতঃ রূপবিবর্জিত হলেও তিনি এরপ প্রতীক বা কোনরূপ জড়বন্ধর সাহায্য ব্যতীত তাঁর উপাসনা করতে পারছেন না, এই দোষ বা ত্র্বলতার জন্ম তিনি তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করেন। তিনি শিলাটিকে স্থান করান, কাপড় পরান এবং নিজের চৈতন্তশক্তি দারা তাঁর প্রাণ-প্রতিষ্ঠা করেন।

পুলা করা চ্বলতামাত্র, আমাদের অশিবরণকেও ভালবাসতে হবে, পূজা করা চ্বলতামাত্র, আমাদের অশিবরণকেও ভালবাসতে হবে, পূজা করতে হবে। এই সম্প্রদায় তিব্বত-দেশের সর্বত্র বিগ্রমান, আর তাদের ভিতর বিবাহ-পদ্ধতি নেই। এই সম্প্রদায়ের ভারতে প্রকাশভাবে থাকবার জ্যো নেই, স্বতরাং তারা গোপনে গোপনে সম্প্রদায় ক'রে থাকে। কোন ভদ্রলোক গুপ্তভাবে ভিন্ন এই-সকল সম্প্রদায়ে যোগ দিতে পারেন না। তিব্বত-দেশে তিনবার সমাধিকারবাদ কার্যে পরিণত করবার চেটা হয়েছিল, কিন্তু প্রতিবারই দে চেটা বিফল হয়। তারা থ্ব তপস্থা করে, আর শক্তি (বিভৃতি)-লাভের দিক দিয়ে খ্ব সাফল্যও লাভ ক'রে থাকে।

(তপদ্' শদের ধাত্বর্থ তাপ দেওয়া বা উত্তপ্ত করা। এটা আমাদের উচ্চ প্রকৃতিকে 'তপ্ত' বা উত্তেজিত করবার দাধনা বা প্রক্রিয়াবিশেষ। যেমন, হয়তো উদয়ান্ত জপ করা—স্বর্ধাদয় হ'তে স্থান্ত পর্যন্ত ক্রমানত ওয়ারজপ। এই-সকল ক্রিয়া ঘারা এমন একটা শক্তি জন্মায়, যাকে আধ্যাত্মিক বা ভৌতিক যে-কোনমপে ইচ্ছা—পরিণত করা যেতে পারে। এই তপভার ভাব সমগ্র হিন্দুর্বর্ম ওতপ্রোত রায়েছে। এমন কি হিন্দুরা বলেন যে, ঈশ্বকেও জগংস্টি করবার জন্ম তপভা করতে হয়েছিল। এটা যেন মানসিক যন্ত্রবিশেষ—এ দিয়ে সব করা যেতে পারে। শাম্মে আছে—'ত্রিভূবনে এমন কিছু নেই, যা তপভা ঘারা পাওয়া যায় না।')

যে-সব লোক এমন সব সম্প্রদায়ের মতামত বা কার্যকলাপ বর্ণনা করে, থেগুলির সঙ্গে তাদের সহামুভূতি নেই, তার। জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে মিধ্যাবাদী। যারা সম্প্রদায়বিশেষে দৃঢ়বিশ্বাদী, তারা অপর সম্প্রদায়ে যে সত্য আছে, তা বড় একটা দেখতে পায় না।

ভক্ত শ্রেষ্ঠ হয়মানকে একবার জিজাসা কর। হয়েছিল—আজ মাসের কোন্ তারিথ? তিনি তাতে উত্তর দিয়েছিলেন, 'রামই আমার চিরদিনের সন তারিথ সব। আমি আর কোন তারিথ গ্রাহ্ম করি না।'

> Communism—কাহারও ব্যক্তিগত সম্পত্তি থাকা উচিত নয়, সকলের সাধারণ সম্পত্তি থাকিবে—এই মত।

মঙ্গলবার, ২রা জুলাই

(खशब्जनमी)

শাক্তেরা জগতের সেই সর্ব্যাপিনী শক্তিকে মা ব'লে পূজা ক'রে থাকেন
—কারণ মা-নামের চেয়ে মিট্ট নাম আর কিছু নেই। ভারতে মাতাই
নারী-চরিত্রের সর্বোচ্চ আদর্শ। ভগবান্কে মাতৃরূপে, প্রেমের উচ্চতম
বিকাশরূপে পূজা করাকে হিন্দুরা 'দক্ষিণাচার' বা 'দক্ষিণমার্গ' বলেন, ঐ
উপাসনায় আমাদের আধ্যাত্মিক উন্নতি হয়, মৃক্তি হয়—এর ঘারা কথন
ঐহিক উন্নতি হয় না। আর তাঁর ভীষণ রূপের—ক্রন্তম্ভির উপাসনাকে
'বামাচার' বা 'বামমার্গ' বলে; সাধারণতঃ এতে সাংসারিক উন্নতি থুব
হয়ে থাকে, কিন্তু আধ্যাত্মিক উন্নতি বড় একটা হয় না। কালে ঐ থেকে
অবনতি এসে থাকে, আর যারা ঐ সাধন করে, সেই জাতির একেবারে ধ্বংস
হয়ে যায়।

জননীই শক্তির প্রথম বিকাশ-স্বরূপ, আর জনকের ধারণা থেকে জননীর ধারণা ভারতে উচ্চতর বিবেচিত হয়ে থাকে। মা-নাম করলেই শক্তির ভাব, সর্বশক্তিমত্তা—ঐশবিক শক্তির ভাব এসে থাকে, শিশু যেমন নিজের মাকে সর্বশক্তিমতী মনে ক'রে ভাবে—মা সব করতে পারে। সেই জগজ্জননী ভগবতীই আমাদের অভ্যন্তরে নিদ্রিতা কুওলিনী—তাঁকে উপাসনা না ক'রে আমরা কথন নিজেদের জানতে পারি না।

সর্বশক্তিমন্তা, সর্ব্যাপিতা ও অনস্ত দয়।—দেই জগজ্জননী ভগবতীর গুণ।
জগতে যত শক্তি আছে, তিনিই তার সমষ্টিরূপিণী। জগতে যত শক্তির
বিকাশ দেখা যায়, সবই সেই মা। তিনিই প্রাণরূপিণী, তিনিই বৃদ্ধিরূপিণী,
তিনি প্রেমরূপিণী। তিনি সমগ্র জগতের ভিতর রয়েছেন, আবার জগৎ থেকে
সম্পূর্ণ পৃথক্। তিনি একজন বাক্তি—তাঁকে জানা যেতে পারে এবং দেখা
যেতে পারে (যেমন রামকৃষ্ণ তাঁকে জেনেছিলেন ও দেখেছিলেন)। সেই
জগন্মাতার ভাবে প্রতিষ্ঠিত হয়ে আমরা যা খুশি তাই করতে পারি। তিনি
অতি সত্ব আমাদের প্রার্থনার উত্তর দিয়ে থাকেন।

তিনি যথন ইচ্ছা—যে কোনরূপে আমাদের দেখা দিতে পারেন। সেই জগজ্জননীর নাম রূপ—হই-ই থাকতে পারে, অথবা রূপ না থেকে ভুগু নাম থাকতে পারে। তাঁকে এই-সকল বিভিন্ন ভাবে উপাসনা করতে করতে আমরা এমন এক অবস্থায় উপনীত হই, যেখানে নামরূপ কিছুই নেই, কেবল শুদ্ধসন্তামাত্র বিরাজিত।

(ষেমন কোন শরীরবিশেষের সমৃদয় কোষগুলি (cells) মিলে একটি মামুষ হয়, সেইরূপ প্রত্যেক জীবান্ধা যেন এক একটি কোষস্বরূপ, এবং তাদের সমষ্টি দিশর—আর সেই অনস্ত পূর্ণ তত্ত্ব (ব্রহ্ম) তারও অতীত। সমৃত্র যথন ছির থাকে, তথন তাকে বলা যায় ব্রহ্ম, আর সেই সমৃত্রে যথন তরক্ব ওঠে, তথন তাকেই আমরা শক্তি বা 'মা' বলি। সেই শক্তি বা মহামায়াই দেশকালনিমিত্ত-স্বরূপ। সেই ব্রহ্মই মা। তাঁর তৃই রূপ—একটি সবিশেষ বা সন্তুণ, এবং অপরটি নির্ক্রিশেষ বা নিগুণ। প্রথমোক্ত রূপে তিনি ঈশ্বর, জীব ও জগং, ছিতীয় রূপে তিনি অজ্ঞাত ও অজ্ঞেয়। সেই নির্দ্রপাধিক সত্তা থেকেই ঈশ্বর, জীব ও জগং এই ত্রিত্বভাব এসেছে। সমন্ত সত্তা—যা কিছু আমরা জানতে পারি, সবই এই ত্রিকোণাত্মক অস্তিত্ব; এটই বিশিষ্টাহৈত ভাব।

সেই জগদখার এক কণা—এক বিন্দু হচ্ছেন রুফ, আর এক কণা বৃদ্ধ, আর এক কণা এই। আমাদের পার্থিব জননীতে সেই জগন্মাতার যে এক কণা প্রকাশ রয়েছে, তারই উপাসনাতে মহত্ত লাভ হয়। যদি পরম জ্ঞান ও আনন্দ চাও, তবে সেই জগজ্জননীর উপাসনা কর।

বুধবার, ৩রা জুলাই

সাধারণভাবে বলতে গেলে বলা যায়, ভয়েতেই মাহুষের ধর্মের আরম্ভ। কিন্তু পরে তা থেকে এই উচ্চতর ভাব আনে যে, 'পূর্ণ প্রেমের উদয়ে ভয় দ্রে যায়।' যতক্ষণ পর্যন্ত না আমরা জ্ঞানলাভ করিছি, যতক্ষণ পর্যন্ত না আমরা জ্ঞানতে পারিছি ঈশ্বর কি বস্তু, ততক্ষণ পর্যন্ত কিছু না কিছু ভয় থাকবেই। যীশুণ্ট মাহুষ ছিলেন, স্নতরাং তিনি জগতে অপবিত্রতা দেখতে পেতেন—আর তার খুব নিন্দাও ক'রে গেছেন। কিন্তু ঈশ্বর অনন্তগুণে শ্রেষ্ঠ, তিনি জগতে কিছু অক্সায় দেখতে পান না, স্নতরাং তার ক্রোধেরও কোন কারণ নেই। অক্সায়ের প্রতিবাদ বা নিন্দাবাদ ক্ষনও সর্বোচ্ছ ভাব হ'তে গারে না। ডেভিডের হন্ত শোণিতে কল্বিত ছিল, সেই জ্ব্যু তিনি মন্দির নির্মাণ করতে পারেননি।'

> Bible, O.T., Samuel, XVII

আমাদের হৃদয়ে প্রেম, ধর্ম ও পবিত্রতার ভাব ষতই বাড়তে থাকে, ততই আমরা বাইরে প্রেম, ধর্ম ও পবিত্রতা দেখতে পাই। আমরা অপরের কার্যের যে নিলাবাদ করি, তা প্রকৃতপক্ষে আমাদের নিজেদেরই নিলা। তুমি তোমার ক্ষুদ্র ব্রহ্মাণ্ডটাকে ঠিক কর—যা তোমার হাতের ভিত্তর রয়েছে—তা হ'লে বৃহৎ ব্রহ্মাণ্ডও তোমার পক্ষে আপনা-আপনি ঠিক হয়ে যাবে। এ যেন জলম্বিতিবিজ্ঞানের (Hydrostatics) সমস্তার মতো—একবিন্দু জলের শক্তিতে সমগ্র জগংকে সাম্যাবস্থায় রাখা যেতে পারে। আমাদের ভিতরে যা নেই, বাইরেও তা দেখতে পারি না। বৃহৎ ইঞ্জিনের পক্ষেত্রের যা নেই, বাইরেও তা দেখতে পারি না। বৃহৎ ইঞ্জিনের পক্ষেত্রেস্বৃদ্ অতি ক্ষুদ্র ইঞ্জিন যেরূপ, সমগ্র জগতের তুলনায় আমরাও দেইরূপ। ক্ষুদ্র ইঞ্জিনটির ভিতর কোন গোলমাল দেখে আমরা বৃহৎ ইঞ্জিনটাতেও কোন গোল হয়েছে, এরূপ কল্পনা ক'রে থাকি।

জগতে যথার্থ যা কিছু উন্নতি হয়েছে, তা প্রেমের শক্তিতেই হয়েছে। দোষ দেখিয়ে দেখিয়ে কোন কালে ভাল কাজ করা যায় না। হাজার হাজার বছর ধরে সেটা পরীক্ষা ক'রে দেখা গেছে। নিন্দাবাদে কোনই ফল হয় না।

ষথার্থ বৈদান্তিককে সকলের সহিত সহাহ্নভৃতি করতে হবে, কারণ অবৈতবাদ বা সম্পূর্ণ একঅভাবই বেদান্তের সারমর্ম। দৈতবাদীরা সাধারণতঃ গোড়া হয়ে থাকে—তারা মনে করে, তাদের পথই একমাত্র পথ। ভারতে বৈশ্বব সম্প্রদায় হৈতবাদী, আর তারা অত্যস্ত গোড়া। শৈবেরা আর একটি দৈতবাদী সম্প্রদায়; তাদের মধ্যে ঘণ্টাকর্ণ নামক এক ভক্তের গল্প প্রচলিত আছে। সে শিবের এমন গোড়া ভক্ত ছিল যে, অপর কোন দেবতার নাম কানে শুনবে না। পাছে অপর দেবতার নাম শুনতে হয়, দেই ভয়ে সেকনে ছি ঘণ্টা বেঁধে রাথত। শিব তার প্রগাঢ় ভক্তিতে সম্ভট্ট হয়ে ভাবলেন, শিব ও বিশ্বতে যে কোন প্রভেদ নেই, তা একে ব্রীয়ে দেব। দেই জন্ত তিনি তার কাছে অর্ধশিব অর্ধবিষ্ণু অর্থাৎ হরিহরম্র্তিতে আবিভৃতি হলেন। সেই সময় ঘণ্টাকর্ণ তাঁকে আরতি করছিল। কিন্তু তার এমন গোড়ামি যে, যখন সে দেখলে ধৃপধুনার গন্ধ বিষ্ণুর নাকে যাচ্ছে, তখন বিষ্ণু যাতে সেই স্থগন্ধ উপভোগ করতে না পান, সেজন্ত তাঁর নাক চেপে ধরলে!

মাংসাশী প্রাণী—বেষন দিংহ—এক আঘাত করেই ক্লান্ত হয়ে পড়ে, কিন্তু সহিফু রলদ সারাদিন চলেছে, চলতে চলতেই সে থেয়ে ও ঘুমিয়ে নিছে। চঞ্চল, সদাক্রিয়াশীল 'ইয়াকি' (মার্কিন) ভাতথেকো চীনা কুলির সঙ্গে পেরে ওঠে না। যতদিন ক্ষাত্রশক্তির প্রাধান্ত থাকবে, ততদিন মাংসভোজন প্রচলিত থাকবে। কিন্তু বিজ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে যুদ্ধবিগ্রহ কমে যাবে, তথন নিরামিষাশীর দল প্রবল হবে।

যথন আমরা ভগবান্কে ভালবাদি, তথন যেন আমরা নিজেকে ত্ভাগ ক'রে ফেলি—আমিই আমার অন্তরাত্মাকে ভালবাদি। ঈশর আমাকে স্বষ্ট করেছেন, আবার আমিও ঈশরকে স্বষ্ট করেছি। আমরা ঈশরকে আমাদের অন্তরূপ ক'রে হৃষ্টি ক'রে থাকি। আমরাই ঈশরকে আমাদের প্রভূ হ্বার জন্ম স্বৃত্তি ক'রে থাকি, ঈশর আমাদের তাঁর দাস করেন নি। যথন আমরা জানতে পারি, আমরা ঈশরের সঙ্গে এক, ঈশর আমাদের স্থা, তথনই প্রকৃত সাম্যাবন্ধা লাভ হয়, তথনই আমাদের মৃক্তি হয়। সেই অনস্ত পুরুষ থেকে যতদিন তুমি আপনাকে এক চুলও তফাত করবে, ততদিন ভয় কথন দূর হ'তে পারে না।

ভগবৎ-সাধনা ক'রে—ভগবান্কে ভালবেসে জগতের কি কল্যাণ হবে?

—বোকার মতো এই প্রশ্ন কথন ক'রো না। চুলোয় যাক জগং, ভগবান্কে ভালবাসো—আর কিছু চেও না। ভালবাসো এবং অপর কিছু প্রত্যাশা ক'রো না। ভালবাসো—আর সব মত-মতান্তর ভূলে যাও। প্রেমের পেয়ালা পান ক'রে পাগল হয়ে যাও। বল, 'হে পাভূ, আমি ভোমারই—চিরকালের জন্ম ভোমারই' এবং আর সব ভূলে গিয়ে ঝাঁপ দাও। 'ঈশ্বর' বলতে যে 'প্রেম' ছাড়া আর কিছুই ব্ঝায় না। একটা বিড়াল তার বাচ্চাদের ভালবেসে আদর করছে দেখে সেইখানে দাঁড়িয়ে যাও, আর ভগবানের উপাসনা কর। সেই স্থানে ভগবানের আবিভাব হয়েছে। এটা অক্ষরে অক্ষরে সত্যা, একণা বিশ্বাস কর। সর্বদা বলো, 'আমি তোমার, আমি তোমার'; কারণ আমরা সর্বত্র ভগবান্কে দর্শন করতে পারি। তাঁকে কোণাও খুঁজে বেড়িও না—তিনি তো প্রত্যক্ষ রয়েছেন, তাঁকে তথু দেখে যাও। 'সেই বিশাআ, জগজ্যোতিঃ প্রভূ সর্বদা ভোমাদের রক্ষা কক্ষন।'

নিগুণ পরব্রহ্ণকে উপাদনা করা বেতে পারে না, স্বভরাং আমাদিগকে আমাদেরই মতো প্রকৃতিদম্পন্ন তাঁর প্রকাশ-বিশেষকে উপাদনা করতেই হবে। বীশু আমাদের মতো মহয়প্রকৃতিদম্পন্ন ছিলেন—তিনি প্রীষ্ট হয়েছিলেন। আমরাও তাঁর মতো খ্রীষ্ট হ'তে পারি, আর আমাদের তা, হতেই হবে। খ্রীষ্ট ও বৃদ্ধ অবহা-বিশেষের নাম— বা আমাদের লাভ করতে হবে। খ্রীষ্ট ও বৃদ্ধ অবহা-বিশেষের নাম— বা আমাদের লাভ করতে হবে। খ্রীশুও গ্রহ্মের প্রথম ও সর্বশ্রেষ্ঠ প্রকাশ পেয়েছিল। জগন্মাতা বা আত্যাশক্তিই ব্রহ্মের প্রথম ও সর্বশ্রেষ্ঠ প্রকাশ—তারপর খ্রীষ্ট ও বৃদ্ধগণ তাঁর থেকে প্রকাশ হয়েছেন। আমরাই আমাদের পারিপার্শিক অবহা গঠন ক'রে নিজেদের বন্ধ করি, আবার আমরাই ঐ শিকল ছিঁড়ে মৃক্ত হই। আত্মা অভয়স্বরূপ। আমরা বথন আমাদের আত্মার বাইরে অবস্থিত ঈশরের উপাদনা করি, তথন ভালই ক'রে থাকি, তবে আমরা যে কি করছি, তা জানি না। আমরা যথন আত্মার স্বরূপ জানতে পারি, তথনই ঐ বহস্ত বৃঝি। একত্বই প্রেমের সর্বশ্রেষ্ঠ অভিব্যক্তি।

পারদীক স্থফীদিগের কবিতায় আছে:

'একদিন এমন ছিল, যথন আমি নারী ও তিনি পুরুষ ছিলেন। উভয়ের মধ্যে ভালবাদা বাড়তে লাগল—শেষে তিনি বা আমি কেউই রইলাম না। এখন এইটুকু মাত্র অস্পষ্টভাবে স্মরণ হয় যে, এক সময়ে ত্জন পৃথক্ লোক ছিল; শেষে প্রেম এদে উভয়কে এক ক'রে দিলে।''

জ্ঞান অনাদি অনস্ককাল বর্তমান—ঈশ্বর ষতদিন আছেন, জ্ঞানও ততদিন আছে। যে ব্যক্তি কোন আধ্যাত্মিক নিয়ম আবিষ্কার করেন, তাঁকেই 'inspired' বা প্রত্যাদিষ্ট প্রক্ষ বা শ্বিষ বলে; তিনি যা প্রকাশ করেন, তাকে 'revelation' বা অপৌরুষেয় বাণী বলে। কিন্তু এরূপ অপৌরুষেয় বাণীও অনস্ত—এমন নয় যে এ-পর্যস্ত যা হয়েছে, তাতেই তা শেষ হয়ে গেছে, এবং এখন অন্ধভাবে তার অনুসরণ করতে হবে। হিন্দুদের বিজেতারা এতদিন ধরে তাদের সমালোচনা ক'রে এসেছে যে, এখন তারা নিজেরাই নিজেদের ধর্ম সমালোচনা করতে সাহস করে, আর এর ফলে তারা

তুলনীয়—শ্রীচৈতক্তের সহিত রায় রামানন্দের কথোপকথন :

 না সো রমণ না হাম রমণী।
 ছ হু মন মনোভব পোশল জানি।—শ্রীচৈতক্তচরিতামৃত

স্বাধীনচেতা হয়ে গিয়েছে। তাদের বৈদেশিক শাসনকর্তারা অক্সাতসারে হিন্দুদের পায়ের বেড়ি ভেঙে দিয়েছে। হিন্দুরা জগতের মধ্যে সব চেয়ে ধার্মিক জাতি হয়েও বাস্তবিকই ভগবনিন্দা বা ধর্মনিন্দা কাকে বলে, তা জানে না। তাদের মতে ভগবান্ বা ধর্মসম্বন্ধে যে-কোন ভাবে আলোচনা করা হোক না, তাতেই পবিত্রতা ও কল্যাণলাভ হয়ে থাকে। আর তারা অবতার বা শাস্ত্র বা ধর্মধ্যজ্ঞিতার প্রতি কোন প্রকার কৃত্রিম শ্রন্ধা বা ভক্তি দেখায় না।

প্রীষ্টীয় ধর্মসম্প্রদায় প্রীষ্টকে তাদের নিজের মতাহুষায়ী ক'রে গড়ে তোলবার চেষ্টা করছে, কিন্তু প্রীষ্টীয় জীবনাদর্শে নিজেদের গড়বার চেষ্টা করেনি। এজগুই প্রীষ্ট-সম্বন্ধে যে-সকল গ্রন্থ উক্ত সম্প্রদায়ের সাময়িক উদ্দেশ্য দিদ্ধ করবার সহায় হয়েছিল, কেবল সেগুলিকেই রাথা হয়েছিল। স্কৃতরাং দেই গ্রন্থগুলির উপর কথনই নির্ভর করা যেতে পারে না। আর এইরূপ গ্রন্থ বা শাজোপাসনা সর্বাপেকা নিরুষ্ট পৌজলিকতা—ওটা আমাদের হাত-পা একেবারে বেঁধে রেখে দেয়। এদের মতে কি বিজ্ঞান, কি ধর্ম, কি দর্শন—সবকিছুই ঐ শাজের মতাহুষায়ী হ'তে হবে। প্রটেস্টান্টদের এই বাইবেলের অত্যাচার সর্বাপেকা ভয়ানক অত্যাচার। প্রীষ্টান দেশসমূহে প্রত্যেকের মাথার উপর একটা প্রকাণ্ড গির্জা চাপানো রয়েছে, আর তার উপরে একথানা ধর্মগ্রন্থ, কিন্তু তব্ও মাহুষ বেঁচে রয়েছে, আর তার উন্নতিও হচ্ছে। এতেই কি প্রমাণিত হচ্ছে না যে, মাহুষ ঈশ্বন্ধরূপ ?

জীবের মধ্যে মান্থই সর্বোচ্চ জীব, আর পৃথিবীই সর্বোচ্চ লোক।
আমরা ঈশ্বরকে মান্থবের চেয়ে বড় ব'লে ধারণা করতে পারি না;
স্থতরাং আমাদের ঈশ্বর মান্থয—আবার মান্থযও ঈশ্বর। যথন আমরা
মহয়ভাবের উপরে উঠে তার অতীত উচ্চতর কোন কিছু সাক্ষাং করি,
তথন আমাদের এ জগং ছেড়ে, দেহ-মন-কল্পনা—এ সবেরই বাইরে লাফ
দিতে হয়। আমরা যথন উচ্চাবহা লাভ ক'রে সেই অনন্তম্বরূপ হই, তথন
আর আমরা এ জগতে থাকি না। আমাদের এই জগং ছাড়া অত্য কোন
জগং জানবার সম্ভাবনা নেই, আর মান্থই এই জগতের সর্বোচ্চ সীমা।
পশুদের সম্বন্ধ আমরা যা জানতে পারি, তা কেবল সাদৃশ্রমূলক জান।
আমরা নিজেরা যা কিছু ক'রে থাকি অথবা অন্থত্ব করি, ডাই দিয়ে আমরা
ভাদের বিচার ক'রে থাকি।

সমূদয় জ্ঞানের সমষ্টি সর্বদাই সমান—কেবল দেটা কখন বেশী, কখন কম অভিব্যক্ত হয়, এই মাত্র। ঐ জ্ঞানের একমাত্র উৎস আমাদের ভিতরে এবং কেবল সেইখানেই ঐ জ্ঞানলাভ করা যায়।

সম্দর কাব্য, চিত্রবিদ্যা ও সঙ্গীত কেবল ভাষা, বর্ণ ও ধ্বনির মধ্য দিয়ে ভাবের অভিব্যক্তি ছাড়া আর কিছুই নয়।

ধন্য তারা, যারা শীদ্র শীদ্র পাপের ফলভোগ করে—তাদের হিদাব শীদ্র শীদ্র শীদ্র শিটে গেল। যাদের পাপের প্রতিফল বিলম্বে আসে, তাদের মহা তুর্দিব—তাদের বেশী বেশী ভূগতে হবে।

যাঁরা সমত্তাব লাভ করেছেন, তাঁরাই ব্রেক্ষে অবস্থিত ব'লে কথিত হন।
সকল রকম ঘুণার অর্থ—যেন আত্মার ঘারা আত্মার হনন। স্থতরাং প্রেমই
জীবনের যথার্থ নিয়ামক। প্রেমের অবস্থা লাভ করাই দিদ্ধাবস্থা; কিন্তু
আমরা যতই দিদ্ধির দিকে অগ্রসর হই, ততই আমরা কম কাজ (তথাকথিত
কাজ) করতে পারি। সাত্তিক ব্যক্তিরা জানে ও দেখে যে, সবই ছেলেখেলামাত্র, স্তরাং তারা কোন কিছু নিয়ে মাথা ঘামায় না।

এক ঘা দিয়ে দেওয়া সোজা, কিন্তু হাত গুটয়ে স্থির হয়ে থেকে 'হে প্রভ্, আমি তোমারই শরণাগত হলাম' বলা এবং তিনি ষা হয় করুন ব'লে অপেক্ষা ক'রে থাকা খুবই কঠিন।

শুক্রবার, ৫ই জুলাই

যতক্ষণ তৃমি সত্যের অমুরোধে যে-কোন মুহুর্তে বদলাতে প্রস্তুত না হচ্ছ, ততক্ষণ তৃমি কখনই সত্যলাভ করতে পারবে না; অবশ্য তোমাকে দৃঢ়ভাবে সত্যের অমুসন্ধানে লেগে থাকতে হবে।

চার্বাকেরা ভারতের একটি অতি প্রাচীন সম্প্রদায়—তারা সম্পূর্ণ জড়বাদী ছিল। এখন সে সম্প্রদার লুপ্ত হয়ে গেছে, আর তাদের অবিকাংশ গ্রন্থও লোপ পেয়ে গেছে। তাদের মতে আত্মা—দেহ ও ভৌতিক শক্তি থেকে উংপর ব'লে দেহের নাশে আত্মারও নাশ, এবং দেহনাশের পরও বে আত্মার অন্তিত্ব থাকে, তার কোনও প্রমাণ নেই। তারা কেবল ইন্দ্রিয়জন্ত প্রত্যক্ষ জ্ঞান স্বীকার ক'রত—অনুমান দারাও বে জ্ঞানলাভ হ'তে পারে, তা স্বীকার ক'রত না।

সমাধি-অর্থে জীবাত্মা ও পরমাত্মার অভেদভাব, অথবা সমত্বভাব লাভ করা।

জিড়বাদী বলেন, আমি মুক্ত ব'লে আমাদের যে জ্ঞান হয়, দেটা ভ্রমাত্র। বিজ্ঞানবাদী বলেন, আমি বন্ধ ব'লে যে জ্ঞান হয়, দেটাই ভ্রম। বেদাস্তবাদী বলেন, তুমি মুক্ত ও বন্ধ তৃই-ই। ব্যাবহারিক ভূমিতে তুমি কখনই মুক্ত নও, কিন্তু পারমার্থিক বা আধ্যাত্মিক ভূমিতে তুমি নিত্যমুক্ত।

মৃক্তি ও বন্ধন উভয়েরই পারে চলে যাও।

আমরাই শিবস্থরূপ, অতীন্দ্রিয়, অবিনাশী জ্ঞানস্বরূপ। প্রত্যেক ব্যক্তির পশ্চাতে অনস্ত শক্তি রয়েছে; জগদম্বার কাছে প্রার্থনা করলেই ঐ শক্তি তোমাতে আসবে।

'হে মাতঃ বাগীখরি, তুমি স্বয়স্থ্, তুমি আমার জিহ্বায় বাক্-রূপে আবিভূ তা হও!

'হে মাতঃ, বজ্র তোমার বাণীস্বরূপ—তুমি আমার ভিতর আবিভূতা হও! হে কালি, তুমি অনস্ত কালরূপিণী, তুমিই অমোঘ শক্তিস্বরূপিণী।'

শনিবার, ৬ই জুলাই

(অত সামীজী ব্যাদক্ত বেদাস্তস্ত্রের শাহ্বরভান্ত অবলম্বন করিয়া উপদেশ দিতে লাগিলেন।)

ওঁ তং সং!

শহরের মতে জগৎকে ছ-ভাগে ভাগ করা যেতে পারে—অস্মৃদ্ (আমি)
ও যুম্মৃদ্ (তুমি)। আর আলো ও অন্ধকার ষেমন সম্পূর্ণ বিশ্বন্ধ বস্তু, ঐ
ছটিও সেরূপ; স্তরাং বলা বাহুল্য, এ ছ্য়ের কোনটি থেকে অপরটি উৎপদ্ধ
হ'তে পারে না। এই আমি বা বিষয়ীর (subject) উপর তুমি বা বিষয়ের
(object) অধ্যাদ হয়েছে। বিষয়ীই একমাত্র সভ্য বস্তু, অপরটি অর্থাৎ

বিষয় আপাতপ্রতীয়্মান সন্তামাত্র। ইহার বিকল্প মত, অর্থাৎ বিষয় সভ্য ও বিষয়ী মিথ্যা—এ মত কথন প্রমাণ করা যেতে পারে না। অভূপদার্থ ও বহির্জগৎ শুধু আত্মারই অবস্থাবিশেষ। প্রকৃতপক্ষে একটি সন্তাই রয়েছে।

আমাদের অয়ভ্ত এই জগৎ সত্য ও মিথাার মিশ্রণে উৎপন্ন। ষেমন বলসামান্তরিকে হুই বিভিন্নম্থী বলপ্রয়োগের ফলে একটি বস্তুতে কর্ণাভিম্থী
গতির উৎপত্তি হয়, সেরপ এই সংসারও আমাদের উপর প্রযুক্ত বিভিন্ন বিরুদ্ধ
শক্তিসমূহের ফলস্বরূপ। এই জগৎ ব্রহ্মস্বরূপ ও সত্য; কিন্তু আমরা জগৎকে
সে ভাবে দেখছি না; ষেমন শুক্তিতে রজত-ভ্রম হয়, তেমনি আমাদেরও ব্রহ্মে
জগদ্ভম হয়েছে। একেই বলে 'অধ্যাস'। ষে সন্তা একটা সত্য বস্তুর অভিত্বের
উপর নির্ভর করে, তাকেই অধ্যন্ত সন্তা বলে। ষেমন পূর্বে যে দৃশ্র দেখেছি,
এখন তার স্মরণ হ'ল। সেই সময়ের জন্ম সেটা সন্ত্য ব'লে বােধ হয় বটে,
কিন্তু প্রকৃতপক্ষে তা সত্য নয়। অথবা অধ্যাদের দৃষ্টান্ত অপরে এইরূপ
দেন—উষ্ণতা জলের ধর্ম বা গুণ নয়, অথচ ষেমন আমরা জলে উষ্ণতা কয়না
ক'রে থাকি। স্নতরাং অধ্যাস মানে 'অ-তন্মিন্ তদ্বৃদ্ধিঃ'—যে বস্তু যা নয়,
তাতে সেই বৃদ্ধি করা। অতএব বােঝা যাচ্ছে যে, আমরা যথন জগৎ দেখছি,
তথন আমরা সত্যকেই দর্শন করছি, কিন্তু যে মাধ্যমের ভেতর দিয়ে দেথছি—
তার দারা সত্য বিকৃতভাবাপন্ন হয়ে দেখা যাচ্ছে।

তুমি নিজেকে বাইরে বিষয়রূপে প্রক্ষেপ না ক'রে কখনও নিজেকে জানতে পার না। ভ্রান্তির অবস্থায় আমাদের সামনের বস্তওলোকেই আমরা সত্য ব'লে মনে করি, অদৃষ্ট বস্তকে কখন সত্য ব'লে আমাদের বোধ হয় না। এইরূপে আমরা বিষয়কে (object) বিষয়ী (subject) ব'লে ভূল ক'রে থাকি। আত্মা কিন্তু কখন বিষয় (object) হন না। মনে হচ্ছে অন্তঃকরণ বা অন্তরিন্দ্রিয়, আর বহিরিন্দ্রিয়গুলি তারই ষম্বস্করপ। বিষয়ীতে কিঞ্চিৎ পরিমাণে বহিঃপ্রক্ষেপশক্তি (objectifying power) আছে—তার ছারাই তিনি জানতে পারেন, 'আমি আছি'। কিন্তু সেই আত্মা বা বিষয়ী নিজেরই বিষয়, মন বা ইক্রিয়ের বিষয় নন। তবে আমরা একটা ভাবকে (idea)

> Parallelogram of forces: একটি সামান্তরিক ক্ষেত্রের সংলগ্ন বাহদয় বদি ছুইটি বলের তীব্রতা ও গতিরেথার স্চনা করে. তাহা হইলে উহার কর্ণ দ্বারা ঐ ছুইটি বলের সমবায়জনিত ফলের তীব্রতা ও গতিরেথা নিরূপিত হইবে।

আর একটা ভাবের উপর অধ্যাস করতে পারি—বেমন আমরা ধখন বলি, 'আকাশ নীল'—আকাশটা একটা ভাবমাত্র, আর নীলত্বও একটা ভাব— আমরা নীলত ভাবটা আকাশের উপর আরোপ বা অধ্যাস ক'রে থাকি।

বিতা ও অবিতা বা জ্ঞান ও অজ্ঞান—এই ছুই নিয়ে জগৎ, কিন্তু আত্মা কোন কালে অবিতায় আচ্ছন্ন হন না। আপেক্ষিক জ্ঞানও ভাল, কারণ দেটা সেই চরম জ্ঞানে আরোহণ করিবার সোপান। কিন্তু ইন্দ্রিয়জ জ্ঞান বা মানসিক জ্ঞান, এমন কি বেদপ্রমাণজন্ত জ্ঞানও কথন পরমার্থ সত্য হ'তে পারে না; কারণ ঐগুলি সবই আপেক্ষিক জ্ঞানের সীমার ভিতর। প্রথমে 'আমি দেহ' এই ভ্রম দূর ক'রে দাও, তবেই ষথার্থ জ্ঞানের আকাজ্ঞা হবে। মানবীয় জ্ঞান পশুজ্ঞানেরই উচ্চতর অবস্থামাত্র।

বেদের এক অংশে কর্মকাণ্ড—নানাবিধ অন্তর্গানপদ্ধতি, যাগ-ষজ্ঞ প্রভৃতির উপদেশ আছে। অপরাংশে ব্রহ্মজ্ঞান ও ষথার্থ আধ্যাত্মিকতা ও ধর্মের বিষয় বর্ণিত আছে। বেদের এই ভাগ আত্মতন্ত্র-দম্বন্ধে উপদেশ দেন, আর সেইজ্মন্ট বেদের ঐ ভাগের জ্ঞান যথার্থ পারমার্থিক জ্ঞানের অভি সমীপবর্তী। সেই অনস্ত পূর্ণ পরব্রহ্মের জ্ঞান কোন শাত্মের উপর বা অপর কিছুর উপর নির্ভর করে না; এই জ্ঞান স্বয়ংপূর্ণস্বরূপ। বহুশান্ত্রপাঠেও এই জ্ঞান লাভ হয় না; এ কোন মতবিশেষ নয়, এ জ্ঞান অপরোক্ষান্তভৃতি। আরশির উপর যে ময়লা রয়েছে, তা পরিষ্কার ক'রে ফেলো। নিজ্বের মনটা পবিত্র

কর, তা হলেই দপ্ ক'রে তোমার এই জ্ঞানের উদয় হবে যে, তুমি ব্রহ্ম।

শুধু ব্রহ্মই আছেন—জন্ম নেই, মৃত্যু নেই, ছংখ নেই, কট নেই, নরহত্যা নেই, কোনরূপ পরিণাম নেই, ভালও নেই, মন্দও নেই, সবই আমরা 'রজ্জ্বে সর্প' মনে করছি—ভ্রম আমাদেরই। আমরা তথনই কেবল জগতের কল্যাণ করতে পারি, যখন আমরা ভগবান্কে ভালবাসি, এবং তিনিও আমাদের ভালবাসেন। হত্যাকারী ব্যক্তিও ব্রহ্মস্বর্গ—ভার উপর হত্যাকারি-রূপ যে আবরণ রয়েছে, সেটা ভাতে অধ্যন্ত বা আরোপিত হয়েছে মাত্র। আত্তে আত্তে হাত ধ'রে ভাকে এই সভ্য জানিয়ে দাও।

আত্মাতে কোন জাতিভেদ নেই; আছে—ভাৰাটাই ভ্ৰম। সেই রক্ষ আত্মার জীবন বা মরণ বা কোন প্রকার গতি বা শুণ আছে—এরপ ভাৰাও ভ্রম। আত্মার কখনও পরিণাম হয় না, আত্মা কোথাও বানও না, আদেনও না। তিনি তাঁর নিজের সমৃদয় প্রকাশগুলির অনস্ত সাক্ষিম্বরূপ, কিন্তু আমরা তাঁকে ঐ ঐ প্রকাশ ব'লে মনে করছি। এ এক অনাদি অনস্ত ভ্রম চিরকাল ধরে চলেছে। তবে বেদকে আমাদের ভূমিতে নেমে, এসে উপদেশ দিতে হচ্ছে, কারণ বেদ যদি উচ্চতম সত্যকে উচ্চতম ভাবে বা ভাষায় আমাদের কাছে বলতেন, তা হ'লে আমরা বুঝতেই পারতাম না।

স্বর্গ আমাদের বাসনাস্ট কুসংস্থার-মাত্র, আর বাসনা চিরকালই বন্ধন—
অবনতির বারস্বরূপ। ত্রন্ধদৃষ্টি ছাড়া আর কোন ভাবে কোন বস্তুকে দেখে।
না। তা যদি কর, তা হ'লে অগ্রায় বা মন্দ দেখবে; কারণ আমরা যে
বস্তু দেখতে পাই, তার উপর একটা ভ্রমাত্মক আবরণ প্রক্ষেপ করি, তাই
মন্দ দেখতে পাই। এই-সব ভ্রম থেকে মুক্ত হও এবং পরমানন্দ উপভোগ
কর। সব রকম ভ্রম থেকে মুক্ত হওয়াই মুক্তি।

এক হিদাবে সকল মান্ত্ৰই ব্ৰহ্মকে জানে; কারণ সে জানে, 'আমি আছি'; কিন্তু মান্ত্ৰ নিজের ষণার্থ স্বরূপ জানে না। আমরা সকলেই জানি বে, আমরা আছি, কিন্তু কি ক'রে আছি, তা জানি না। অন্বৈতবাদ ছাড়া জগতের অন্তান্ত নিয়তর ব্যাখ্যা আংশিক সত্যমাত্র। কিন্তু বেদের ভব এই বে, আমাদের প্রত্যেকের ভিতর যে আত্মা রয়েছে, তা ব্রহ্মস্বরূপ। জগৎপ্রপঞ্চের মধ্যে যা কিছু সব—জন্ম, মৃত্যু, বৃদ্ধি, উৎপত্তি, হিতি ও প্রলম্ম দারা সীমাবদ্ধ। আমাদের অপরোক্ষান্তভূতি বেদেরও অতীত; কারণ বেদেরও প্রামাণ্য ঐ অপরোক্ষান্তভূতির উপর নির্ভর করে। সর্বোচ্চ বেদান্ত হচ্ছে—প্রপঞ্চাতীত সন্তার তত্ত্তান।

'স্ষ্টির আদি আছে' বললে সর্বপ্রকার দার্শনিক বিচারের মূলে কুঠারাঘাত করা হয়।

জগৎপ্রপঞ্চের অন্তর্গত অব্যক্ত ও ব্যক্ত শক্তিকে 'মায়া' বলে। যতক্ষণ সেই মাতৃরপিণী মহামায়া আমাদের ছেড়ে না দিচ্ছেন, ততক্ষণ আমরা মুক্ত হ'তে পারি না।

ভিগংটা আমাদের উপভোগের জন্ম পড়ে রয়েছে; কিন্তু কথনও অভাববোধ ক'রে কিছু চেও না। অভাববোধ করাটা ত্র্বলতা, অভাববোধই আমাদের ভিক্ক ক'রে ফেলে। আমরা ভিক্ক নয়, আমরা রাজপুত্র !) রবিবার, ৭ই জুলাই, প্রাতঃকাল

অনম্ভ জগৎপ্রপঞ্চকে ষতই ভাগ করা যাক না কেন, তা অনম্ভই থাকে, আর তার প্রত্যেক ভাগটাও অনম্ভ।

পরিণামী ও অপরিণামী, ব্যক্ত ও অব্যক্ত—উভয় অবস্থাতেই ব্রহ্ম এক।
জ্ঞাতা ও জ্ঞেয়কে এক ব'লে জেনো। জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয়—এই ত্তিপুটী
জ্বগংপ্রপঞ্চরপে প্রকাশ পাচ্ছে। যোগী ধ্যানে যে ঈশ্বর দর্শন করেন,
তা তিনি নিজ আত্মার শক্তিতেই দেখে থাকেন।

(আমরা যাকে স্বভাব বা অদৃষ্ট বলি, তা কেবল ঈশ্বরেচ্ছা মাত্র। যতদিন ভোগস্থ থোঁজা যায়, ততদিন বন্ধন থেকে যায়। যতক্ষণ অপূর্ণ থাকা যায়, ততক্ষণই ভোগ সম্ভব; কারণ ভোগের অর্থ অপূর্ণ বাসনার পরিপূর্তি। জীবাত্মা প্রকৃতিকে সম্ভোগ ক'রে থাকে। প্রকৃতি, জীবাত্মা ও ঈশ্বর— এদের অন্তর্নিহিত সত্য হচ্ছেন বন্ধ। কিন্তু যতদিন আমরা তাঁকে বাইরে প্রকাশ না করছি, ততদিন তাঁকে আমরা দেখতে পাই না। ধেমন ঘর্ষণের দারা অগ্নি উৎপাদন করতে পারা যায়, তেমনি ত্রন্ধকেও মন্থনের দারা প্রকাশ করতে পারা যায়। দেহটাকে নিম্ন অরণি, প্রণব বা ওন্ধারকে উত্তরারণি ব'লে কল্পনা কর, আর ধ্যান যেন মন্থনস্বরূপ।' তা হ'লে আত্মার মধ্যে যে ব্ৰহ্মজ্ঞানরপ অগ্নি আছে, তা প্রকাশ হয়ে পড়বে। তপস্তা দারা এইটে করতে চেষ্টা কর। দেহকে সরলভাবে রেখে ইন্দ্রিয়গুলিকে মনে আছতি দাও। ইন্দ্রিয়কেন্দ্রগুলি সব ভিতরে, তাদের যন্ত্র বা গোলকগুলি কেবল বাইরে। স্থতবাং তাদের জোর ক'রে মনে প্রবেশ করিয়ে দাও। তারপর ধারণার সহায়ে মনকে ধ্যানে স্থির কর। ষেমন হুধের ভিতর সর্বত্র ঘূ রয়েছে, ব্রহ্মও সেইরূপ জগতের সর্বত্র রয়েছেন। কিন্তু মন্থন ছারা তিনি এক বিশেষ স্থানে প্রকাশ পান। বেমন মন্থন করলে ছ্ধের মাখন উঠে পড়ে, তেমনি ধ্যানের দারা আত্মার মধ্যে ব্রহ্মশাক্ষাৎকার হয়। 🤄

আত্মানমরণিং কৃত্বা প্রণবং চোভ্রুরারণিম্।
 ধাাননির্মধনাভ্যাসান্দেবং পশুেরিগৃঢ়বং ।—ব্রুক্রোপনিবং

মৃত্তির পয়সি নিগৃঢ়ং ভূতে ভূতে বসতি চ বিজ্ঞানন্
সততং ময়্বরিত্রাং মনসা য়য়্বানভূতেন ।—য়য়বিন্দু উপ., ২•

সমৃদয় হিন্দুদর্শন বলেন, আমাদের পাঁচটি ইন্দ্রিয় ছাড়া একটি ষষ্ঠ ইন্দ্রিয় আছে। তাই দিয়েই অতীন্দ্রিয় জ্ঞানলাভ হয়ে থাকে।

জগৎটা একটা অবিরাম গভিম্বরূপ; আর ঘর্ষণ (friction) হতেই কালে সমৃদয়ের নাশ হবে; তারপর দিন কতক বিশ্রাম হয়ে আবার সব আরম্ভ হবে।

যতদিন এই 'হগম্বর' মাহ্ন্যকে বেষ্টন ক'রে থাকে, অর্থাৎ যতদিন সে নিজেকে দেহের সঙ্গে অভিন্ন ভাবছে, ততদিন সে দিশ্বকে দেখতে পায় না।

রবিবার, অপরাহু

ভারতে ছটি দর্শনকে 'আন্তিক দর্শন' বলে; কারণ তারা বেদে বিশ্বাসী।

ব্যাদের দর্শন বিশেষভাবে উপনিষদের উপর প্রতিষ্ঠিত। তিনি স্কাকারে অর্থাৎ ধেমন বীজগণিতশাল্পে থব সংক্ষেপে কয়েকটা অক্ষরের সাহায্যে ভাব-প্রকাশ করা হয়, তেমনি ভাবে এটা লিখেছিলেন—এতে কর্তা ক্রিয়া বড় একটা নেই। ব্যাসস্ত্র এইরপ সংক্ষেপে রচিত হওয়ায় শেষে তার অর্থ ব্যতে এত গোল হ'ল যে, ঐ এক স্ত্র থেকেই বৈতবাদ, বিশিষ্টাবৈতবাদ এবং অবৈতবাদের উৎপত্তি হ'ল। এই অবৈতবাদই 'বেদাস্ত-কেশরী'। আর এই-সব বিভিন্ন মতের বড় বড় ভায়্যকারেরা বেদের অক্ষর-রাশিকে তাঁদের দর্শনের সঙ্গে খাপ খাওয়াবার জন্ত সময়ে সময়ে 'জেনে শুনে মিথ্যাবাদী' হয়েছেন।

উপনিষদে কোন ব্যক্তিবিশেষের কার্যকলাপের ইতিহাস অতি অল্পই পাওয়া যায়; কিন্তু অক্তান্ত প্রায় সকল ধর্মগ্রন্থই প্রধানতঃ কোন ব্যক্তিবিশেষের ইতিহাস।

বেদে প্রায় শুধু দার্শনিক তত্ত্বেরই আলোচনা আছে। দর্শনবর্জিত ধর্ম কুসংস্কারে গিয়ে দাঁড়ায়, আবার ধর্মবর্জিত দর্শন শুধু নান্তিকতায় পরিণত হয়।

বিশিষ্টাবৈতবাদ মানে অবৈতবাদ, কিন্তু বিশেষযুক্ত। তার ব্যাখ্যাতা রামাত্মন্ত তিনি বলেন, 'বেদরূপ ক্ষীরসমূদ্র মন্থন ক'রে ব্যাস মানবজাতির কল্যাণের জন্ত এই বেদান্তদর্শনরূপ মাধন তুলেছেন।' তিনি আরও বলেছেন, 'জগংগ্রভু ব্রহ্ম অশেষকল্যাণগুণ-সমন্থিত পুরুষোত্তম।' মধ্ব পুরোদন্তর বৈতবাদী। তিনি বলেন, স্ত্রীলোকের পর্যন্ত বেদপাঠে অধিকার আছে।

তিনি প্রধানত: প্রাণ থেকে তাঁর মত-স্থাপনের জন্ত স্লোক উদ্ধৃত করেছেন। তিনি বলেন, ব্রহ্ম ম'নে বিষ্ণু—শিব নন; কারণ বিষ্ণু ভিন্ন মৃক্তিদাতা আর কেউ নেই।

দোমবার, ৮ই জুলাই

মধ্বাচার্যের ব্যাখ্যার ভিতর বিচারের স্থান নেই—তিনি শাল্পপ্রমাণেই স্ব গ্রহণ করেছেন।

রামান্তজ বলেন, বেদই সর্বাপেক্ষা পবিত্র পঠনীয় গ্রন্থ। ত্রৈবাণিক অর্থাৎ বান্ধান, ক্ষত্রিয় ও বৈশ্য—এই তিন উচ্চ বর্ণের সম্ভানদের যজ্ঞোপবীত-গ্রহণের পর অষ্টম, দশম বা একাদশ বর্ধ বয়সে বেদাধ্যয়ন আরম্ভ করা উচিত। বৈদাধ্যয়নের অর্থ গুরুগৃহে গিয়ে নিয়মিত স্বর ও উচ্চারণের সহিত বেদের শক্রাণি আতম্ভ কণ্ঠস্থ করা।

জপের অর্থ ভগবানের পবিত্র নাম পুনঃ পুনঃ উচ্চারণ; এই জপ করতে করতে সাধক ক্রমে ক্রমে সেই অনস্তরূপে উপনীত হন। যাগযজ্ঞাদি ষেন ভঙ্গুর নৌকা। ব্রহ্মকে জানতে হ'লে ঐ যাগযজ্ঞাদি ছাড়া আরও কিছু চাই। আর ব্রহ্মজ্ঞানই মৃক্তি। মৃক্তি আর কিছু নয়—অজ্ঞানের বিনাশ; ব্রহ্মজ্ঞানেই এই অজ্ঞানের বিনাশ হয়। (বেদান্তের তাৎপর্য জানতে গেলে যে এই-সব যাগয়জ্ঞ করতেই হবে, তার কোন মানে নেই; কেবল ওক্কার জপ

ভেদ-দর্শনই সমৃদয় তৃ:থের কারণ, আর অজ্ঞানই এই ভেদ-দর্শনের কারণ। এইজগ্যই যাগযজ্ঞাদি অষ্ঠ্ঞানের কোন প্রয়োজন নেই; কারণ তাতে ভেদজ্ঞান আরও বাড়িয়ে দেয়। এ-সকল যাগযজ্ঞাদির উদ্দেশ্য কিছু (ভোগস্থুখ) লাভ করা—অথবা কোন কিছু (তৃ:খ) থেকে নিস্তার পাওয়া।

ব্রন্ধ নিজিয়, আত্মাই ব্রন্ধ, এবং আমরাই সেই আত্মন্তর্প — এই প্রকার জানের দ্বারাই সকল প্রান্তি দূর হয়। এই তত্ত্ব প্রথম শুনতে হবে, পরে মনন অর্থাৎ বিচার দ্বারা ধারণা করতে হবে, অবশেষে প্রত্যক্ষ উপলব্ধি করতে হবে। মনন অর্থে বিচার করা—বিচার দ্বারা, যুক্তিতর্কের দ্বারা ঐ জ্ঞান নিজের ভিতর প্রতিষ্ঠিত করা। প্রত্যক্ষাহভূতি ও সাক্ষাৎকার অর্থে পর্বণা চিস্তা বা ধ্যানের দ্বারা তাঁকে আমাদের। জীবনের অনীভূত ক'রে ফেলা।

এই অবিরাম চিস্তা বা ধ্যান ষেন একপাত্র থেকে অপর পাত্রে ঢালা অবিচ্ছিন্ন তৈলধারার মতো। ধ্যান দিবারাত্র মনকে ঐ ভাবের মধ্যে রেখে দেয় এবং তাইতে আমাদের মৃক্তিলাভ করতে সাহায্য করে। সর্বদা 'সোহহম্, সোহহম্' চিস্তা কর—অহরহ এইরপ চিস্তা মৃক্তির প্রায় কাছাকাছি। দিবারাত্র বলো—'সোহহম্, সোহহম্'। সর্বদা এইরূপ চিস্তার ফলে অপরোক্ষাহ্মভৃতি লাভ হবে। ভগবান্কে এইরূপ তন্ময়ভাবে সদাসর্বদা শারণের নামই ভক্তি।

সব বকম শুভকর্ম এই ভজিলাভ করতে গৌণভাবে সাহায্য ক'রে থাকে।
শুভ চিন্তা ও শুভ কার্য অশুভ চিন্তা ও অশুভ কর্ম অপেক্ষা কম ভেদজান
উৎপন্ন করে, স্থতরাং গৌণভাবে এরা মৃক্তির দিকে নিয়ে যায়। কর্ম কর,
কিন্তু কর্মফল ভগবানে অর্পণ কর। কেবল জ্ঞানের দারাই পূর্ণতা বা
সিদ্ধাবস্থা লাভ হয়। যিনি ভক্তিপূর্বক সত্যস্বরূপ ভগবানের সাধনা করেন,
তাঁর কাছে সেই সত্যস্বরূপ ভগবান্ প্রকাশিত হন।

আমরা যেন প্রদীপ-স্বরূপ, আর ঐ প্রদীপের জলাটাই হচ্ছে আমরা যাকে 'জীবন' বলি। যথনই অমজান ফ্রিয়ে যাবে, তথনই আলোটাও নিবে যাবে। আমরা কেবল প্রদীপটাকে সাফ রাথতে পারি। জীবনটা কতকগুলি জিনিদের মিশ্রণে উৎপন্ন, স্বতরাং জীবন অবশুই তার উপাদান-কারণগুলিতে লীন হবে।

মঙ্গলবার, ৯ই জুলাই

আত্মা-হিদাবে মাত্মৰ বান্তবিকই মুক্ত, কিন্তু মাত্মৰ-হিদাবে দে বদ্ধ, প্রতেকটি প্রাক্তিক পরিবেশে দে পরিবর্তিত হচ্ছে। মাত্মৰ-হিদাবে তাকে একটা মন্ত্রবিশেষ বলা যায়, শুধু তার ভিতর একটা মুক্তি বা স্বাধীনতার ভাব আছে, এই পর্যন্ত। কিন্তু জগতের দর্বপ্রকার শরীরের মধ্যে এই মহয়শরীরই শ্রেষ্ঠ শরীর, আর মহয়মনই শ্রেষ্ঠ মন। যথন মাত্ম্য আত্মোপলন্ধি করে, তথন দে আবশ্রক্ষত যে-কোন শরীর ধারণ করতে পারে; তথন দে দব নিয়মের পারে। এটা প্রথমতঃ একটা উক্তিমাত্র; একে প্রমাণ ক'রে দেখাতে হবে। প্রত্যেক ব্যক্তিকে কার্যে এটা নিজে প্রমাণ ক'রে দেখতে হবে; আমরা নিজের মনকে ব্যাতে পারি, কিন্তু

অপবের মনকে ব্ঝাতে পারি ন।। ধর্মবিজ্ঞানের মধ্যে একমাত্র রাজ্যোগই প্রমাণ ক'রে দেখানো খেতে পারে, আর আমি নিজে প্রত্যক্ষ উপলব্ধি ক'রে যা ঠিক ব'লে জেনেছি, শুধু তাই শিক্ষা দিয়ে থাকি। বিচার-শক্তির সম্পূর্ণ বিকাশপ্রাপ্ত অবস্থাই প্রাতিভ জ্ঞান, কিন্তু তা কথন যুক্তিবিরোধী হ'তে পারে না।

কর্মের দারা চিত্ত শুদ্ধ হয়, স্থতরাং কর্ম বিছা। বা জ্ঞানের সহায়ক। বৌদ্ধদের মতে মাহ্য ও জীবজন্তর হিতসাধনই একমাত্র কর্ম; ব্রাহ্মণদের মতে উপাসনা ও সর্বপ্রকার যাগযজ্ঞাদি-অফুষ্ঠানও ঠিক সেইরূপ কর্ম এবং চিত্তশুদ্ধির সহায়ক। শহরের মতে, 'শুভাশুভ সর্বপ্রকার কর্মই জ্ঞানের প্রতিবন্ধক।' যে-সকল কর্ম অজ্ঞানের দিকে নিয়ে যায়, সেগুলো পাপ— সাক্ষাংসহদ্ধে নয়, কিন্তু কারণস্বরূপে, যেহেতু সেগুলির দারা রক্ষঃ ও তমঃ বেড়ে যায়। সত্ত্বে ধারাই কেবল জ্ঞানলাভ হয়। পুণ্য ও শুভকর্মের দারা জ্ঞানের আবরণ দূর হয়, আর কেবল জ্ঞানের দারাই আমাদের ঈশ্ব-দর্শন হয়।

জ্ঞান কখন উৎপন্ন করা যেতে পারে না, তাকে কেবল অনাবৃত বা আবিদ্ধার করা যেতে পারে; যে-কোন ব্যক্তি কোন বড় আবিদ্ধিয়া করেন, তাঁকেই উনুদ্ধ বা অহপ্রাণিত (inspired) পুরুষ বলা হয়। কেবল যদি তিনি আধ্যাত্মিক সত্য আবিদ্ধার করেন, আমর। তাকে ঋষি বা অবতার বলি; আর ষখন সেটা কোন জড়জগতের সত্য হয়, তখন তাঁকে বৈজ্ঞানিক বলি। যদিও সকল সভ্যের মূল সেই এক ব্রহ্ম, তথাপি আমরা প্রথমোক্ত শ্রেণীকে উচ্চতর আসন দিয়ে থাকি।

শঙ্কর বলেন, ব্রহ্ম সর্বপ্রকার জ্ঞানের সার—তত্ত্বস্তরণ; আর জ্ঞাতা-জ্ঞান-জ্ঞোনরপ বে অভিব্যক্তি, তা ব্রহ্মে কাল্পনিক ভেদমাত্র। রামাহজ ব্রহ্মে জ্ঞানের অন্তিছ স্বীকার করেন। থাটা অহৈতবাদীরা ব্রহ্মে কোন গুণই স্বীকার করেন না—এমন কি সত্তা পর্যন্ত নায়, সত্তা বলতে আমরা ঘাই কেন বুঝি না। রামাহজ বলেন, আমরা সচরাচর যাকে জ্ঞান বলি, ব্রহ্মা তাঁরই সারস্বর্রপ। অব্যক্ত বা সাম্যভাবাপন্ন জ্ঞান ব্যক্ত বা বৈষ্মাবিশ্বা প্রাপ্ত হলেই জ্লাৎপ্রপঞ্চের উৎপত্তি।

জগতের উচ্চতম দার্শনিক ধর্মসমূহের অক্সতম—বৌদ্ধর্ম ভারতের আপামর সাধারণ সকলের ভিতর ছড়িয়ে পড়েছিল। ভেবে দেখ দেখি, আড়াই হাজার বংসর পূর্বে আর্ঘদের সভ্যতা ও শিক্ষা কি অভূত ছিল, যাতে তারা এরূপ উচ্চ উচ্চ ভাব ধারণা করতে পেরেছিল!

ভারতীয় শ্রেষ্ঠ দার্শনিকগণের মধ্যে একমাত্র বৃদ্ধই জাতিভেদ স্বীকার করেননি, আর এখন ভারতে তাঁর একটিও অহুগামী দেখতে পাওয়া যায় না। অন্তান্ত দার্শনিকেরা সকলেই সামাজিক কুসংস্কারগুলোর অল্পবিশুর দালাল ছিলেন; তাঁরা ষতই উচুতে উঠে থাকুন না কেন, তাঁদের মধ্যে একটু-আধটু চিল-শকুনির ভাব ছিলই। আমার গুরুদের যেমন বলতেন, 'চিল-শকুনি এত উচুতে ওঠে যে, তাদের দেখা যায় না, তাদের নজর থাকে গো-ভাগাড়ে, কোথায় এক টুকরা পচা মাংস পড়ে পুরুছে!'

প্রাচীন হিন্দুরা অভুত পণ্ডিত ছিলেন—যেন জীবন্ত বিশকোষ। তাঁরা বলতেন, বিভা যদি পুঁথিগত হয়, আর ধন যদি পরের হাতে থাকে, কার্যকাল উপস্থিত হ'লে সে বিভা বিভা নয়, সে ধনও ধন নয়।

শঙ্করকে অনেকে শিবের অবতার বলে জ্ঞান ক'রে থাকে।

বুধবার, ১০ই জুলাই

ভারতে সাড়ে ছ-কোটি মৃসলমান আছে—তাদের মধ্যে কত্তক স্থী আছে। এই স্থানীরা জীবাত্মাকে পরমাত্মার সহিত অভিন্ন জ্ঞান করে। আর তাদের মাধ্যমেই ঐ ভাব ইওরোপে এসেছে। তারা বলে, 'আন্ আল্ হক্' অর্থাৎ আমিই সেই সত্যবরূপ। তবে তাদের ভিতর বহিরঙ্গ (বা প্রকাশ্র), এবং অস্তরঙ্গ (বা গুহু) মত আছে। যদিও মহম্মদ নিজে এ মত পোষণ করতেন না।

'হাশানিন' শব্দ থেকে ইংরেজী assassin (হত্যাকারী) শব্দ এদেছে।
মুদলমানদের একটি প্রাচীন সম্প্রদায় ধর্মতের অঙ্গ মনে ক'রে কাফের বা
অবিশাদীদের হত্যা ক'রত।

পুত্তকস্থা তু যা বিভা পরহন্তগতং ধনস্। কার্যকালে সমুংপল্লে ন সা বিভা ন ডক্ষনস্।—চাণকানীতি মুসলমানদের উপাসনার সময় এক কুঁজো জল সামনে রাখতে হয়। ঈখর সমগ্র জগং পরিপূর্ণ ক'রে রয়েছেন, এটা তাঁরই প্রতীকস্বরূপ।

* *

হিন্দুরা দশাবভারে বিশাস করেন তাঁদের মতে নয় জন অবভার হয়ে গেছেন, দশম অবভার পরে আসবেন।

* *

বেদের সকল বাক্য তৎপ্রচারিত দর্শনের সমর্থক—এইটি প্রমাণ করতে শক্ষরকে কথন কথন কৃট তর্কের আশ্রেয় নিতে হয়েছে। বৃদ্ধ অন্ত সকল ধর্মাচার্যের চেয়ে বেশী সাহসী ও অকপট ছিলেন। তিনি বলে গেছেন, 'কোন শান্তে বিশ্বাদ ক'রো না। বেদ' মিথ্যা। যদি আমার উপলব্ধির সঙ্গে বেদ মেলে, সে বেদেরই সৌভাগ্য। আমিই সর্বশ্রেষ্ঠ শাস্ত্র; যাগষ্ত্র ও দেবোপাদনায় কোন ফল নেই।' মহুযুজাতির মধ্যে বৃদ্ধই জগৎকে প্রথমে স্বাদ্দসম্পন্ন নীতিবিজ্ঞান শিক্ষা দিয়েছিলেন। মঙ্গলের জন্তুই তিনি মঙ্গলময় জীবন যাপন করতেন, ভালবাদার জন্তুই তিনি ভালবাসতেন; তাঁর অন্ত অভিদন্ধি কিছু ছিল না।

শহর বলেন, ব্রহ্মকে যুক্তি দিয়ে বিচার করতে হবে, মনন করতে হবে, কারণ বেদ এইরূপ বলছেন। বিচার অতীন্দ্রিয় জ্ঞানের সহায়ক। বেদ এবং অহভূত যুক্তি বা ব্যক্তিগত অহভূতি উভয়ই ব্রহ্মের অন্তিম্বের প্রমাণ। তাঁর মতে বেদ একপ্রকার অনস্ত জ্ঞানের সাকার বিগ্রহ-ম্ররুপ। বেদের প্রমাণ এই যে, তা ব্রহ্ম হ'তে প্রস্তুত হয়েছে, আবার ব্রহ্মের প্রমাণ এই যে, বেদের মতো অভূত গ্রন্থ ব্রহ্ম ব্যতীত আর কারও প্রকাশ করবার সাধ্য নেই। বেদ সর্বপ্রকার জ্ঞানের খনিস্বরূপ; আর মাহন্থ মেমন নিঃশাদের হারা বায়ু বাইরে প্রক্রেপ করে, সেইরূপ বেদও তাঁর ভেতর থেকে প্রকাশিত হয়েছে; সেইজ্লুই আমরা জানতে পারি, তিনি সর্বশক্তিমান্ ও সর্বজ্ঞ। তিনি জগং স্থাই ক'রে থাকুন বা না থাকুন, তাতে বড় কিছু আদে যায় না; কিন্তু তিনি যে বেদ প্রকাশ করেছেন, এইটেই বড় জিনিস। বেদের সাহায়েই জগৎ বন্ধ-সম্বন্ধে জানতে পেরেছে—তাঁকে জানবার আর অন্ত উপায় নেই।

তুলনীয়: বৈদিক বা তাদ্রিক ক্রিয়াকর্মে ঘটস্থাপন। এখানে বেদের কর্মকাণ্ডই লক্ষিত। শহরের এই মত, অর্থাং বেদ সম্দয় জ্ঞানের থনি—এটা সমগ্র হিন্দুজাতির এমন মজ্জাগত হয়ে গেছে যে, তাদের মধ্যে একটা প্রবাদ এই যে, গরু হারালেও বেদে তা খুঁজে পাওয়া যায়।

শক্ষর আরও বলেন, কর্মকাণ্ডের বিধিনিষেধ মেনে চলাই জ্ঞান নয়। ব্রহ্মজ্ঞান কোনপ্রকার নৈতিক বাধ্যবাধকতা, যাগযজ্ঞাদি-অফুষ্ঠান বা আমাদের মতামতের উপর নির্ভর করে না; যেমন একটা স্থাণুকে একজন ভূত মনে করছে বা অপর একজন স্থাণুজ্ঞান করছে, তাতে স্থাণুর কিছু আসে যায় না।

বেদান্তবেছ জ্ঞান আমাদের বিশেষ প্রয়োজন, কারণ বিচার বা শাস্ত্রঘারা আমাদের ব্রহ্ম উপলব্ধি হ'তে পারে না। তাঁকে সমাধি ঘারা উপলব্ধি করতে হবে, আর বেদান্তই ঐ অবস্থালাভের উপায় দেখিয়ে দেয়। আমাদের সগুণ ব্রহ্ম বা ঈশ্বরের ভাব অতিক্রম ক'রে সেই নিগুণ ব্রহ্মে পৌছতে হবে। সব অহুভূতির ভেতর প্রত্যেক ব্যক্তিই ব্রহ্মকে অহুভব করছে'; ব্রহ্ম ছাড়া আর অহুভব করবার ঘিতীয় বস্তুই নেই। আমাদের ভিতর যেটা 'আমি, আমি' করছে, দেটাই ব্রহ্ম। কিন্তু যদিও আমরা দিনরাত তাঁকে অহুভব করছি, তথাপি আমরা জানি না যে, তাঁকে অহুভব করছি। যে মূহুর্তে আমরা ঐ পত্য জানতে পারি, দেই মূহুর্তেই আমাদের সব হঃথকই চলে যায়; স্থতরাং আমাদের ঐ সত্যকে জানতেই হবে। একত্ব-অবস্থা লাভ কর, তা হ'লে আর দৈওভাব আদবে না। কিন্তু যাগৰজ্ঞাদি ঘারা জ্ঞানলাভ হয় না; আত্মাকে অরেষণ, উপাসনা এবং সাক্ষাৎ করা—এই-সকলের ঘারাই দেই জ্ঞানলাভ হবে।

ব্রন্ধবিভাই পরা বিভা; অপরা বিভা হচ্ছে বিজ্ঞান। মৃগুকোপনিষৎ অর্থাৎ সন্ন্যাসীদের জন্য উপদিষ্ট উপনিষং এই উপদেশ দিচ্ছেন। তুই প্রকার বিভা আছে—পরা ও অপরা। তন্মধ্যে বেদের যে অংশে দেবোপাসনা ও নানাবিধ যাগযজ্ঞের উপদেশ—সেই কর্মকাও এবং সর্ববিধ লোকিক জ্ঞানই অপরা বিভা। যে বিভা দারা সেই অক্ষর পুরুষকে লাভ করা যায়, তাই পরা বিভা। সেই অক্ষর পুরুষ নিজের মধ্য থেকেই সমৃদয় স্প্তি করছেন—বাইরে অপর কিছু নেই, যা জগংকারণ হ'তে পারে। সেই ব্রন্ধই সমৃদয় শক্তিক্রপ,

১ প্রতিবোধবিদিত: • • • কেন উপ., ২।৪

२ मूखक छेत्र., ১।১।8

বৃদ্ধ বা কিছু আছে—সব। যিনি আত্মযাজী, তিনিই কেবল ব্রহ্মকে জানেন।
ম্থ্রাই বাহু পূজাকে শ্রেষ্ঠ মনে করে, অজ্ঞানব্যক্তিরাই মনে করে, কর্মের
দারা আমাদের ব্রহ্মলাভ হ'তে পারে। যারা স্থ্যাবত্মে (যোগীদের মার্গে)
গমন করেন, তাঁরাই শুধু আত্মাকে লাভ করেন। এই ব্রহ্মবিল্লা শিক্ষা করতে
হ'লে শুরুর কাছে যেতে হবে। সমন্তিতেও যা আছে, ব্যন্তিতেও তাই আছে;
আত্মা থেকেই সব কিছু প্রস্ত হয়েছে। (ওঙ্কার হচ্ছে যেন ধন্ন, আত্মা হচ্ছে
যেন তীর, আর ব্রহ্ম হচ্ছেন লক্ষ্য) অপ্রমন্ত হয়ে তাঁকে বিদ্ধ করতে হবে।
তাঁতে মিশে এক হয়ে যেতে হবে। সমীম অবস্থায় আমরা সেই অসীমকে
কখনও প্রকাশ করতে পারি না। কিন্তু আমরাই সেই অসীমন্বর্ধণ। এইটি
জানলে আর কারও সঙ্গে আমরা তর্ক করি না।

ভক্তি, ধ্যান ও ব্রহ্মচর্ষের দারা সেই দিব্যজ্ঞানলাভ করতে হবে। 'গত্যমেব জয়তে নানৃত্ম, সত্যেবৈ পদা বিততো দেবধান:।'' সত্যেবই জয় হয় না। সত্যের ভিতর দিয়েই ব্রহ্মলাভের একমাত্র পথ রয়েছে; কেবল দেখানেই প্রেম ও সত্য বর্তমান।

বৃহস্পতিবার, ১১ই জুলাই

মায়ের ভালবাদা ব্যতীত কোন স্থাই স্থায়ী হ'তে পারে না। জগতের কোন কিছুই সপুর্গ জড়ও নয়, আবার সম্পূর্গ চিংও নয়। জড়ও চিং পরম্পর-সাপেক্ষ—একটা দ্বারাই অপরটার ব্যাখ্যা হয়। এই পরিদৃশ্যমান জগতের যে একটা ভিত্তি আছে, এ-বিষয়ে সকল আন্তিকই একমত, কেবল সেই ভিত্তিশ্বানীয় বস্তুর প্রকৃতি বা স্বরূপ-সম্বন্ধেই তাঁদের মতভেদ। জড়বাদীরা জগতের ঐরপ কোন ভিত্তি আছে বলে স্বীকারই করে না।

সকল ধর্মের জ্ঞানাতীত বা তৃরীয় অবস্থা এক। দেহজ্ঞান অভিক্রম করলে হিন্দু, ঞ্রীষ্টান, মুদলমান, বৌদ্ধ —এমন কি যারা কোনপ্রকার ধর্মমত স্বীকার করে না, সকলের ঠিক একই প্রকার অস্কৃতি হয়ে থাকে।

তুলনীয়: প্রণবো ধকু: শরো হাব্রা ব্রহ্ম তরক্ষাম্চাতে।
 তথেসভেন বেদ্ধবাং শরবত্ত্রায়ো ভবেং ।—মুগুক, ২:২।৪

২ মুগুৰু উপ., ভাগভ

ষীশুর দেহত্যাগের পঁচিশ বৎসর পরে তাঁর শিশ্ব টমাস (Apostle Thomas) কর্তৃক জগতের মধ্যে সব চেয়ে বিশুদ্ধ খ্রীষ্টান সম্প্রদায় ভারতে প্রতিষ্ঠিত হয়েছিল। অ্যাংলো-স্থাক্সনরা (Anglo-Saxons) তথনও অসভ্য ছিল—গায়ে চিত্র-বিচিত্র আঁকত ও পর্বতগুহায় বাস ক'রত। এক সময়ে ভারতে প্রায় ৩০ লক্ষ খ্রীষ্টান ছিল, কিন্তু এখন তাদের সংখ্যা প্রায় ১০ লক্ষ হবে।

গ্রীপ্তধর্ম চিরকালই তরবারির বলে প্রচারিত হয়েছে। কি আশ্চর্য, প্রীষ্টের আয় নিরীহ মহাপুরুষের শিশ্বেরা এত নরহত্যা করেছে! বৌদ্ধ, মুসলমান ও প্রীষ্ট ধর্ম—জগতে এই তিনটিই প্রচারশীল ধর্ম। এদের পূর্ববর্তী তিনটি ধর্ম, যথা—হিন্দু, য়াহুদী ও জরথ্ট্রের (পারদী) ধর্ম কথনও অপরকে ধর্মাস্তরিত ক'রে দলপুষ্টি করতে চেষ্টা করেনি। বৌদ্ধেরা কখনও নরহত্যা করেনি, তারা শুধু কোমল ব্যবহারের দারাই এক সময় জগতের তিন-চতুর্থাংশ লোককে নিজমতে নিয়ে এসেছিল।

বৌদ্ধের। ছিল সবচেয়ে যুক্তিসক্ষত অজ্ঞেয়বাদী। বাস্তবিকই শৃহ্যবাদ বা অদ্বৈতবাদ, এই চ্য়ের মাঝখানে সত্যি কোথাও থামতে পার না। বৌদ্ধেরা বিচারের দারা সব কেটে দিয়েছিল—তারা তাদের মত যুক্তিদারা যতদ্র নিয়ে যাওয়া চলে, তা নিয়ে গিয়েছিল। অদ্বৈতবাদীরাও তাদের মত যুক্তির চরম সীমায় নিয়ে গিয়েছিল এবং সেই এক অথও অদ্বয় ব্রহ্মবস্ততে পৌছেছিল—যা থেকে সম্দয় জগৎপ্রপঞ্চ বাক্ত হচ্ছে। বৌদ্ধ ও অদ্বতবাদী উভয়েরই একই সময়ে একত্ব ও পৃথক্ত বা বহুত্ববোধ আছে। এই ঘটি অমুভ্তির মধ্যে একটি সত্য, অপরটি মিথ্যা হবেই। শৃহ্যবাদী বলেন, পৃথক্ত বা বহুত্ববোধ সত্য; সমগ্র জগতে এই বিবাদই চলেছে। এই নিয়েই ধন্তাধন্তি (tug of war) চলেছে।

অদৈতবাদী জিজ্ঞাসা করেন, শৃত্যবাদী একত্বের কোন ভাব পান কি ক'রে? ঘূর্ণমান আলোটা (অলাভচক্র) র্ত্তাকার মনে হয় কি ক'রে? একটা স্থিতি স্বীকার করলে তবেই গতির ব্যাখ্যা হ'তে পারে। সব জিনিসের পশ্চাতে একটা অথও সত্তা প্রতীয়মান হচ্ছে, সেটা শৃত্যবাদী বলেন ভ্রমাত্র; কিন্তু একপ ভ্রমাৎপত্তির কারণ কি, তা তিনি কোনক্রপে ব্যাখ্যা করতে পারেন না। আবার অদৈতবাদীও বোঝাতে পারেন না বে, এক

বহু হ'ল কি ক'রে। এর ব্যাখ্যা কেবলমাত্র পঞ্চেব্রেরের অতীত অবস্থায় গোলেই পাওয়া যেতে পারে। আমাদের তুরীয় ভূমিতে উঠতে হবে, একেবারে অতীক্রিয় অবস্থায় যেতে হবে। ঐ অবস্থায় যাবার অতীক্রিয় শক্তি যেন একটি যন্ত্রস্থরপ, আর তার ব্যবহার অবৈত্রবাদীরই করায়ত্ত। তিনিই ব্রহ্মস্থতাকে অক্তব করতে সমর্থ; মাকুষ 'বিবেকানন্দ' নিজেকে ব্রহ্মস্থাতে পরিণত করতে পারে, আবার সেই অবস্থা থেকে মানবীয় অবস্থায় ফিরে আসতে পারে। স্থতরাং তার পক্ষে জগৎসমস্থার মীমাংসা হয়ে গেছে, আর গৌণভাবে অপরের পক্ষেও ঐ মীমাংসা হয়ে গেছে; কারণ দে অপরকে ঐ অবস্থায় পৌছবার পথ দেখিয়ে দিতে পারে। এইরূপে বোঝা যাছে, যেখানে দর্শনের শেষ, সেখানে ধর্মের আরম্ভ। আর এইরূপ উপলব্ধি দ্বারা জগতের কল্যাণ এই হবে যে, এখন যা জ্ঞানাতীত রয়েছে, কালে তা সর্বসাধারণের পক্ষে জ্ঞানগম্য হয়ে যাবে। স্থতরাং জগতে ধর্মলাভই হচ্ছে সর্বশ্রেষ্ঠ কার্য; আর মানব অজ্ঞাতসারে এইটি অক্তব করেছে বলেই সে আবহুমান কাল ধর্মভাবকে আশ্রয় ক'রে রয়েছে।

ধর্ম থেন বছগুণশালিনী পয়স্থিনী গাভী; সে অনেক লাথি মেরেছে, কিন্তু তাতে কি? সে অনেক ত্থও দেয়। যে গরুটা ত্থ দেয়, গোয়ালা তার লাথি সহা ক'রে যায়।

'প্রবোধচন্দ্রের নাটকে' আছে, মহামোহ ও বিবেক এই তুই রাজায় লড়াই বেধেছিল। বিবেক রাজার সম্পূর্ণ জয় আর হয় না। অবশেষে বিবেক-রাজার সঙ্গে উপনিষদ্-দেবীর পুনর্মিলন-হয়, এবং তাঁদের প্রবোধ-রূপ পুত্রের জয় হ'ল। আর সেই পুত্রের প্রভাবে তাঁর শক্র ব'লে আর কেউ রইল না। তথন তাঁরা পরমস্থাধে বাস করতে লাগলেন। আমাদের প্রবোধ বা ধর্মসাক্ষাৎকাররূপ মহৈশ্ববান্ পুত্রলাভ করতে হবে। এ প্রবোধ-রূপ পুত্রকে ধাইয়ে দাইয়ে মাহম করতে হবে, তা হলেই সে মন্ত একটা বীর হয়ে দাঁড়াবে।

ভক্তি বা প্রেমের দারা বিনা চেষ্টায় মাহ্মেরে সমৃদয় ইচ্ছাশক্তি একমৃথী হয়ে পড়ে—স্ত্রী-পুরুষের প্রেমই এর দৃষ্টান্ত। ভক্তিমার্গ স্বাভাবিক পথ এবং তাতে যেতেও বেশ আরাম। জ্ঞানমার্গ কি রকম ?—না—যেন একটা প্রবল বেগশালিনী পার্বভা নদীকে জাের ক'রে ঠেলে ভার উৎপত্তিস্থানে নিয়ে

যাওয়া। এতে অতি সত্তর বস্তুলাভ হয় বটে, কিন্তু বড় কঠিন। জ্ঞানমার্গ বলে, 'সম্দয় প্রবৃত্তিকে নিরোধ কর।' ভক্তিমার্গ বলে, 'শ্রোতে গা ভাসিয়ে দাও, চিরদিনের জন্ম পূর্ণ আত্মসমর্পণ কর।' এ পথ দীর্ঘ বটে, কিন্তু অপেকাকৃত সহজ ও স্থাকর।

ভক্ত বলেন: 'প্রভো, চিরকালের জন্ম আমি তোমার। এখন থেকে আমি যা কিছু করছি বলে মনে করি, তা বান্তবিকই তুমিই ক'রছ—আর 'আমি' বা 'আমার' বলে কিছু নেই।'

'হে প্রভো, আমার অর্থ নেই যে আমি দান ক'রব; আমার বৃদ্ধি নেই যে আমি শাস্ত্র শিক্ষা ক'রব; আমার সময় নেই যে যোগ-অভ্যাস ক'রব; হে প্রেমময়, আমি তাই তোমাকে আমার দেহমন অর্পণ করলাম।'

বিতই অজ্ঞান বা ভ্রাম্বধারণা আহ্নক, কিছুই জীবাত্মা ও পরমাত্মার মধ্যে ব্যবধান ঘটাতে পারে না। ঈশ্বর ব'লে কেউ যদি নাও থাকেন, তব্ প্রেমের ভাবকে দৃঢ়ভাবে ধ'রে থাকো। কুকুরের মতো পচা মড়া খুঁজে খুঁজে মরার চেয়ে ঈশ্বরের অরেষণ করতে করতে মরা ভাল। সর্বশ্রেষ্ঠ আদর্শ বেছে নাও, আর সেই আদর্শকে লাভ করবার জন্ম সারা জীবন নিয়োজিত কর। মৃত্যু যখন এত নিশ্চিত, তখন একটা মহান্ উদ্দেশ্যের জন্ম জীবনপাত করার চেয়ে আর বড় জিনিস কিছু নেই।

ভক্তিদারা বিনা আয়াদে জানলাভ হয়—এ জ্ঞানের পর পরাভক্তি আদে। জ্ঞানী বড় স্ক্র বিচার করতে ভালবাদে, অতি দামান্ত বিষয় নিয়েও একটা হৈ-চৈ বাধিয়ে দেয়; কিন্তু ভক্ত বলে, 'ঈশ্বর তাঁর যথার্থ শ্বরূপ আমার কাছে প্রকাশ করবেন'; তাই দে সব কিছুই গ্রহণ করে।

রাবিয়া

ব্লোবিয়া বোগেতে হয়ে মৃহ্যমান
নিষ্ক শয্যা'পরে আছিলা শয়ান।
এহেন কালেতে নিকটে তাঁহার
আগমন হ'ল তুই মহাত্মার;—

তুলনীয় : 'সন্ধিমিত্তে বরং ত্যাগো বিনাশে নিয়তে সভি।'—ছিতোপদেশ

পৰিত্ৰ মালিক, জ্ঞানী সে হাদান, পুজেন বাঁদের সব মুদলমান।

কহিলা হাসান সংখাধিয়া তাঁরে, 'পবিত্র ভাবেতে প্রার্থনা যে করে, যে শান্তি ঈশর দিননা তাহারে, সহিফুতা-বলে বহন সে করে।'

পবিত্র মালিক—গভীরাত্মা যিনি, বলিলেন নিজ অমুভব-বাণী, 'প্রভূর যা ইচ্ছা, তাই প্রিম্ন যার, আনন্দ হইবে শান্তিতে তাহার।'

রাবিয়া শুনিয়া ত্জনের বাণী,
স্বার্থগন্ধলেশ আছে তাহে গণি;
কহিলা, 'হে ঈশ, রূপার ভাজন,
ত্ঁন্থ প্রতি এক করি নিবেদন—
ধে জন দেখেছে প্রভুর বদন,
আনন্দ-পাথারে হইবে মগন।
প্রার্থনার কালে মনেতে তাহার
উঠিবে না কভু এমত বিচার—
শান্তি পাইয়াছি আমি কোনকালে;
জানিবে না কভু শান্তি কারে বলে।'

-পারদী কবিতা

শুক্রবার, ১২ই জুলাই

(অভ বেদাস্তস্ত্রের শাস্করভান্ত হইতে পড়া হইতে লাগিল।)
চতুর্থ ব্যাসস্ত্র—'তৎ তু সমন্বয়াৎ'—আত্মা বা ব্রহ্মই সমৃদর বেদাস্তের প্রতিপাত্ম। ঈশরকে—বেদান্ত থেকে জানতে হবে। সমৃদয় বেদই জগৎকারণ সৃষ্টি-স্থিতি প্রালয়-কর্তা ঈশরের কথা বলছে। সমৃদয় হিন্দু দেবদেবীর উপর ব্রহ্মা, বিষ্ণু ও শিব এই দেবতায় রয়েছেন। ঈশর এই তিনের একীভাব।

বিদ তোমাকে ত্রন্ধ দেখিয়ে দিতে পারে না। তৃমি তো সেই ত্রন্ধই রয়েছ। বেদ এইটুকু করতে পারে, যে-জাবরণটা আমাদের চোখের সামনে থেকে সভাকে আড়াল ক'রে রেথেছে, সেইটেই দূর ক'রে দিতে সাহায্য করতে পারে। প্রথম চলে যায় জ্ঞানাবরণ, তারপর যায় পাপ, তারপর বাসনা ও স্বার্থপরতা দূর হয়; এইভাবে সব তৃ:খ-কটের অবসান হয়। এই জ্ঞানের তিরোভাব তথনই হ'তে পারে, যখন আমরা জানতে পারি যে, ত্রন্ধ ও আমি এক; অর্থাৎ নিজেকে আত্মার সঙ্গে অভিন্ন ব'লে দেখ, মানবীয় উপাধিগুলির সঙ্গে নয় । দেহাত্মবৃদ্ধি দূর ক'রে দাও দেখি, তা হলেই সব তৃ:খ দূর হবে। মনের জোরে রোগ ভাল ক'রে দেওয়ার এই রহস্ত। এই জ্বগৎটা একটা সম্মোহনের (hypnotism) ব্যাপার; নিজের ওপর থেকে এই সম্মোহনের আবেশটা দূর ক'রে ফেলো, তা হলেই তোমার আর কই থাকবে না)

মৃক্ত হ'তে গেলে প্রথমে পাপের মধ্য দিয়ে যেতে হয়, তারপর পুণ্য অর্জন করতে হয়, শেষে পাপপুণ্য উভয়ই ত্যাগ করতে হবে। প্রথমে রক্তঃ দ্বারা তমংকে জয় করতে হবে, পরে উভয়কেই সর্পুণে লয় করতে হবে—সর্বশেষে এই তিন গুণকেই অতিক্রম করতে হবে। এমন একটা অবহা লাভ কর, ষেথানে তোমার প্রতি শাসপ্রশাস তাঁর উপাসনা-শ্বরূপ হবে।

যথনই দেখ যে অপরের কথা থেকে কোন কিছু শিখছ (বা লাভ ক'রছ), জেনো যে পূর্বজন্ম ভোমার সেই বিষয় সম্বন্ধে অভিজ্ঞতা হয়েছিল, কারণ অভিজ্ঞতাই আমাদের একমাত্র শিক্ষক।

যতই ক্ষমতালাভ হবে, ততই হু:খ বেড়ে যাবে, স্থতরাং বাসনাকে একেবারে নাশ ক'বে ফেলো। কোন কিছু বাসনা করা যেন ভীমঙ্গলের চাকে কাটি দেওয়া। আর বাসনাগুলো সোনার পাতমোড়া বিষের বড়ি—এইটে জানার নামই বৈরাগ্য।

> যথনই আমরা কোন ব্যক্তি স্থান বা বস্তুকে জানি, তা স্মৃতির মধ্য দিয়েই জানি, নতুবা বলি—জানি না। যার সম্বন্ধে অভিজ্ঞতা আছে, তার সম্বন্ধেই স্মৃতি সম্ভব, অতএব অভিজ্ঞতাই একমাত্র শিক্ষক।

'মন একা নয়।' 'ভব্মিন'—তুমিই দেই, 'অহং একান্দি'—আমিই একা।

যথন মাহ্য এইটি উপলব্ধি করে, তথন 'ভিভতে হৃদয়এছিন্ছিভত্তে সর্বদংশরাং'।'
তার সব হৃদয়গ্রন্থি কেটে যায়, সব সংশয় ছির হয়। যতদিন আমাদের
উপরে কেউ, এমন কি ঈশর পর্যন্ত থাকবেন, ততদিন অভয় অবস্থালাভ হ'তে
পারে না। আমাদের দেই ঈশর বা একা হয়ে যেতে হবে। যদি এমন
কোন বন্ধ থাকে যা একা থেকে পৃথক্, তা চিরকালই পৃথক্ থাকবে; তুমি যদি
স্বর্গতঃ একা থেকে পৃথক্ হও, তুমি কথনও তাঁর সক্ষে এক হ'তে পারবে না;
আবার বিপরীতক্রমে যদি তুমি এক হও, তা হ'লে কথনই পৃথক্ থাকতে
পার না। যদি পুণ্যবলেই ভোমার এক্ষের সহিত ভোমার নিত্য যোগ
রয়েছে—পুণ্যকর্ম কেবল আবরণটা দ্র করবার সহায়তা করে। আমরা
'আজাদ' অর্থাৎ মৃক্ত, এইটি আমাদের উপলব্ধি করতে হবে।

'ষমেবৈষ রুণুতে'—-গাঁকে এই আত্মা বরণ করেন ভাতপর্য, আমরাই আত্মা এবং আমরাই নিজেদের বরণ করি।

ব্রহ্মদর্শন কি আমাদের নিজেদের চেটা ও পুরুষকারের উপর নির্ভর করছে, অথবা বাইরের কারও সাহায্যের উপর নির্ভর করছে ?—আমাদের নিজেদের চেটার উপর এটা নির্ভর করছে। আমাদের চেটার দ্বারা আরশির উপর খে ময়লা পড়ে রয়েছে, সেইটে অপসারিত হয়—আরশি ষেমন তেমনি থাকে, পরিবর্তিত হয় না। জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয়—এ তিনের বাস্তবিক অন্তিম্ব নেই। 'যিনি জানেন যে, তিনি জ্ঞানেন না, তিনিই ঠিক ঠিক জ্ঞানেন। যিনি কেবল একটা মত অবলম্বন ক'রে বসে আছেন, তিনি কিছুই জ্ঞানেন না।' গ

আমরা বন্ধ-এই ধারণাটাই ভুল।

ধর্ম জিনিসটা জাগতিক নয়; ধর্ম হচ্ছে চিত্তগুদ্ধির ব্যাপার; এই জগতের উপর এর প্রভাব গৌণ মাত্র। মৃক্তি জিনিসটা আত্মার স্বরূপ হ'তে অভিন্ন। আত্মা সদা শুদ্ধ, সদা পূর্ব, সদা অপরিণামী। এই আত্মাকে তুমি

১ মুগুক উপ., হাহা৮

२ कर्र छेत्र., ऽ।२।२७

৩ বস্তামতং তম্ভ মতং মতং বস্তান বেদ সঃ। অবিজ্ঞাতং বিজ্ঞানতাং বিজ্ঞাতমবিজ্ঞানতাম্ ॥ —কেন উপ., ২।৩

কথনও জানতে পার না। আমরা এই আত্মার সম্বন্ধে 'নেতি নেতি' ছাড়া আর কিছুই বলতে পারি না। শঙ্কর বলেন, 'বাকে আমরা মন বা কল্পনার সমূদয় শক্তিপ্রয়োগ করেও দূর করতে পারি না, তাই ব্রন্ধ।'

এই জগৎপ্রপঞ্চ ভাবমাত্র, আর বেদ এই ভাবপ্রকাশক শব্দরাশিমাত্র।
আমরা ইচ্ছামত এই সমগ্র জগৎপ্রপঞ্চ হৃষ্টি করতে পারি, আবার লয় করতে
পারি। এক সম্প্রদায়ের কর্মী (কর্মাম্ম্র্চানকারী)-দের মত এই যে, শব্দের
পুনঃ পুনঃ উচ্চারণে তার অব্যক্ত ভাবটি জাগরিত হয়, আর ফলস্বরূপ একটি
ব্যক্ত কার্য উৎপন্ন হয়। তাঁরা বলেন, আমরা প্রত্যেকেই এক একজন স্বষ্টিকর্তা। শব্দবিশেষ উচ্চারণ করলেই তৎসংশ্লিষ্ট ভাবটি উৎপন্ন হবে, আর তার
ফল দেখা যাবে। হিন্দু দর্শনের এক সম্প্রদায়—মীমাংসকগণ বলেন, ভাব হচ্ছে
শব্দের শক্তি, আর শব্দ হচ্ছে ভাবের অভিব্যক্তি।

শনিবার, ১৩ই জুলাই

অামরা যা কিছু জানি, তাই মিশ্রণস্করপ; আর আমাদের সমৃদয় বিষায়াহভূতি বিল্লেযন থেকেই এনে থাকে। মনকে অমিশ্র, স্বভন্ত বা স্বাধীন বস্তু ভাবাই বৈতবাদ। শাস্ত্র বা বই পড়ে দার্শনিক জ্ঞান বা তত্ত্ত্তান হয় না; বরং যত বই পড়বে, ততই মন গুলিয়ে যাবে। যে-দব দার্শনিক তত চিস্তাশীল নন, তাঁরা ভাবতেন—মনটা একটা অমিশ্র বস্তু; আর তাই থেকে তাঁরা 'স্বাধীন ইচ্ছা' নামক মতবাদে বিশ্বাদী হয়েছিলেন। কিন্তু মনোবিজ্ঞান (Psychology) মনের অবস্থাসমূহের বিশ্লেয়ণ ক'রে দেখিয়েছে বে, মন একটা মিশ্রবস্তু; আর যেহেতু প্রত্যেক মিশ্রবস্তু কোন না কোন বাহু শক্তিবলে বিগ্লুত থাকে, দেই হেতু মন বা ইচ্ছাও বহিঃস্থ শক্তিসমূহের সংযোগে বিগ্লুত রয়েছে। এমন কি, যতক্ষণ না মাহ্রবের ক্ষা পাচ্ছে, ততক্ষণ দে থাবার ইচ্ছা করতেও পারে না। ইচ্ছা বা সঙ্কয় (will) বাদনার (desire) অধীন। কিন্তু তব্তু আমরা স্বাধীন বা মৃক্তস্থভাব— দকলেই এটা অহুভব ক'রে থাকে।)

অজ্ঞেয়বাদী বলেন, এই ধারণাটা ভ্রমমাত্র। তা হ'লে জগতের অন্তিত্বের প্রমাণ কিরূপে হবে ? এর এই মাত্র প্রমাণ যে, আমরা সকলেই জগং দেশছি ও তার অন্তিম অন্তত্ত্ব করছি। তা হ'লে আমরা বে সকলেই
নিজেদের মৃক্তব্যভাব ব'লে অন্তত্ব করিছ, এ অন্তত্ত্বও বধার্থ না হবে
কেন? বিদি সকলে অন্তত্ত্ব করিছে ব'লে জগতের অন্তিম স্থীকার করতে
হয়, তবে সকলেই যথন নিজেদের মৃক্তব্যভাব বা স্বাধীনপ্রকৃতি অন্তত্ত্ব করিছে,
তথন তারও অন্তিম স্থীকার করতে হয়। তবে ইচ্ছাটাকে আমরা বেমন
দেশছি, সেভাবে তার সম্বন্ধে 'স্বাধীন' কথাটা প্রয়োগ করা চলে না।
মাহ্রেরে নিজ মৃক্ত স্থভাব সম্বন্ধে এই স্বাভাবিক বিশ্বাসই সম্দ্র্য় তর্ক মৃক্তি
বিচারের ভিত্তি। 'ইচ্ছা'—বদ্ধভাবাপন্ন হবার আগে বেরূপ ছিল, তাই
মৃক্ত স্বভাব। এই বে মাহ্রেরে স্বাধীন ইচ্ছার ধারণা—এতেই প্রতিমৃত্বর্তে
দেখাচ্ছে বে, মাহ্র্য বন্ধন কাটাবার চেটা করছে। একমাত্র বন্ধ্ব, বাইরে।
মাহ্রের ভিতর এথন বে স্বাধীনতা রয়েছে, সেটা একটা পূর্বস্থতিমাত্র,
স্বাধীনতা বা মৃক্তিলাভের চেটামাত্র।

জগতে সকল জিনিস যেন ঘুরে একটা বৃত্ত সম্পূর্ণ করবার চেটা করছে—
তার উৎপত্তিস্থানে যাবার, তার একমাত্র যথার্থ উৎস আত্মার কাছে যাবার
চেটা করছে। মাহ্ম যে হথের অন্বেষণ করছে, সেটা আর কিছু নয়—
সে যে সাম্যভাব হারিয়েছে, সেইটে ফিরে পাবার চেটা করছে। এই যে
নীতিপালন, এও বদ্ধভাবাপর ইচ্ছার মুক্ত হবার চেটা, আর এই থেকেই
প্রমাণিত হয় যে, আমরা পূর্ণবিস্থা থেকে নেমে এসেছি।

কর্তব্যের ধারণাটা যেন হঃথরপ মধ্যাহ্ন-মার্তগু—আত্মাকেই যেন দগ্ধ ক'রে ফেলছে। 'ছে রাজন্, এই এক বিন্দু অমৃত পান ক'রে হুখী হও।' আত্মা অকর্তা—এই ধারণাই অমৃত।

কিয়া হ'তে থাক, কিন্তু তার প্রতিক্রিয়া যেন না আসে; ক্রিয়া থেকে স্থাই হয়ে থাকে, সমৃদয় তৃঃথ হচ্ছে প্রতিক্রিয়ার ফল। শিশু আগুনে হাত দেয়—তার স্থা হয় বলেই; কিন্তু যথনই তার শরীর প্রতিক্রিয়া করে, তখনই পুড়ে যাওয়ার কটবোধ হয়ে থাকে। ঐ প্রতিক্রিয়াটা বন্ধ করতে পারলে আমাদের আর ভয়ের কারণ কিছু নেই। মন্তিক্রে নিজের বপে নিয়ে এস, যেন সে প্রতিক্রিয়াটার থবর না রাথতে

পারে। দাক্ষিত্রপ হও, দেখো যেন প্রাতক্রিয়া না আদে, কেবল তা হলেই তুমি হুখী হ'তে পারবে। আমাদের জীবনের দবচেয়ে হুখকর মূহুর্ত দেইগুলি, যখন আমরা নিজেদের একেবারে ভূলে বাই। স্বাধীন-ভাবে প্রাণ খুলে কাজ কর, কর্তব্যের ভাব থেকে কাজ ক'রো না। আমাদের কোনই কর্তব্য নেই। এই জগৎ তো একটা খেলার আখড়া— এখানে আমরা খেলছি; আমাদের জীবন তো অনন্ত আনন্দের অবকাশ!

জীবনের সমগ্র রহশু হচ্ছে নির্জীক হওয়া। তোমার কি হবে—এ ভয় কথনও ক'রো না, কারও উপর নির্ভর ক'রো না। যে মূহুর্তে তুমি দকল সাহায্য প্রভ্যাখ্যান কর, সেই মূহুর্তেই তুমি মূক্ত। যে স্পঞ্চা পুরোজন শুষে নিয়েছে, সে আর জল টানতে পারে না।

আত্মবক্ষার জন্তও লড়াই করা অন্তায়, যদিও গায়ে পড়ে অপরকে আক্রমণ করার চেয়ে সেটা উচু জিনিস। 'ক্তায়সঙ্গত ক্রোধ' ব'লে কোন জিনিস নেই, কারণ সকল বস্তুতে সমত্বব্দির অভাব থেকেই ক্রোধ এসে থাকে।

রবিবার, ১৪ই জুলাই

ভারতে দর্শন-শাস্ত্রের অর্থ হচ্ছে—যে শাস্ত্র বা যে বিছা দারা আমরা ঈশার দর্শন করতে পারি। দর্শন হচ্ছে ধর্মের যুক্তিসঙ্গত ব্যাখ্যা। স্নভরাং কোন হিন্দু কথনও ধর্ম ও দর্শনের ভিতর সংযোগস্ত্র কি, তা জানতে চায় না।

দার্শনিক চিন্তাপ্রণালীর তিনটি সোপান আছে: (১) সুল বস্তুসমূহের পৃথক্ পৃথক্ জ্ঞান (concrete); (২) ঐগুলিকে এক এক শ্রেণীতে শ্রেণীত করা বা ঐগুলির মধ্যে সামান্ত' আবিষ্কার করা (generalised); (৩) সেই সামান্ত-গুলির ভিতর আবার ক্ষ বিচার বারা ঐক্য আবিষ্কার করা (abstract)। সমূদর বস্তু বেখানে একস্থপাপ্ত হয়, সেই চূড়ান্ত বস্তু হচ্ছেন অন্বিতীয় ব্রহ্ম। ধর্মের প্রথমাবস্থায় ভিন্ন ভিন্ন প্রতীক বা রূপবিশেষের সহায়তা গৃহীত হয়ে থাকে, দেখা যায়; নিতীয় অবস্থায় নানাবিধ পৌরাণিক বর্ণনা ও উপদেশের বাছলা; সর্বশেষ অবস্থায় দার্শনিক তত্ত্বসমূহের বির্তি। এদের মধ্যে প্রথম তৃটি শুরু সাময়িক প্রয়োজনের জন্ত, কিন্তু দর্শনিই ঐ-সকলের মুল ভিত্তিক্রপ, আর জন্তগুলি সেই চর্মতন্তে পৌছ্বার দোপান মাত্র।

পাশ্চান্তা দেশে ধর্মের ধারণা এই—বাইবেলের নিউ টেন্টামেন্ট ও প্রীষ্ট ব্যক্তীত ধর্মই হ'তে পারে না। য়াহুদীধর্মেও মূলা ও প্রফেটদের দম্বদ্ধে এই রক্ষম এক ধারণা আছে। এরপ ধারণার হেতু এই বে, এই-সব ধর্ম কেবল পোরাণিক বর্ণনার উপর নির্ভর করে। প্রাকৃত সর্বোচ্চ ধর্ম এই-সকল পোরাণিক বর্ণনা ছাড়িয়ে ওঠে; সে-ধর্ম কথনও শুধু এগুলিরই উপর নির্ভর করতে পারে না। আধুনিক বিজ্ঞান বাশুবিকই প্রকৃত ধর্মের ভিত্তিকে আরও দৃঢ় করেছে। সমূদ্য ব্রহ্মাণ্ডটা যে এক অথও বন্ধ, তা বিজ্ঞানের ঘারা প্রমাণ করা বেতে পারে। দার্শনিক যাকে 'সন্তা' (being) বলেন, বৈজ্ঞানিক তাকেই 'জড়' (matter) ব'লে থাকেন; কিছু ঠিক ঠিক দেখতে গেলে, এদের ছজনের মধ্যে কোন বিরোধ নেই, কারণ তত্ততঃ ছই-ই এক জিনিস। দেখ না, পরমাণ্ অদৃশ্য ও অচিস্তা, অথচ তাতে ব্রহ্মাণ্ডের সমূদ্য শক্তিও সন্তাবনা রয়েছে। বেদান্ডীরাও আত্মা সম্বন্ধে ঠিক এইভাবের কথাই ব'লে থাকেন। প্রকৃতপক্ষে সব সম্প্রদায়ই বিভিন্ন ভাষায় ঐ এক কথাই বিশুছন।

বেদান্ত ও আধুনিক বিজ্ঞান উভয়ই জগতের কারণস্বরূপ এমন এক বস্তুকে নির্দেশ করছেন, যা হ'তে অন্ত কিছুর সাহায্য ব্যতীত জগতের প্রকাশ হয়েছে। দেই এক কারণই নিমিত্ত-কারণ, আবার সমবায়ী ও অসমবায়ী উপাদান-কারণ—সবই। যেন কুন্তুকার মৃত্তিকা থেকে ঘট নির্মাণ করছে; এখানে কুন্তুকার হচ্ছে নিমিত্ত-কারণ, মৃত্তিকা হচ্ছে সমবায়ী উপাদান-কারণ, আর কুন্তুকারের চক্র অসমবায়ী উপাদান-কারণ। কিন্তু আত্মা এই তিনই। আত্মা কারণও বটে, এবং অভিব্যক্তি বা কার্যণ্ড বটে। বেদান্তী বলেন, এই জগণটা সত্য নয়, আপাতপ্রতীয়মান মাত্র। প্রকৃতি আর কিছুই নয়, অবিভাবরণের মধ্য দিয়ে প্রকাশিত ব্রহ্মমাত্র। বিশিষ্টাবৈতবাদীরা বলেন, ঈশর প্রকৃতি বা এই জগৎপ্রপঞ্চ হয়েছেন। অবৈতবাদীরা সিন্ধান্ত করেন, ঈশর এই জগৎপ্রপঞ্চরণে প্রতীয়মান হচ্ছেন বটে, কিন্তু তিনি এই জগৎ মন।

আমরা অমুভূতি-বিশেষকে একটা মানসিক প্রক্রিয়ারপেই জানতে পারি—্র একে মানসিক একটি ঘটনারূপে এবং মস্তিকের মধ্যে একটা দাগ্রপে জানতে পারি। আমরা মস্তিককে সম্পূথে বা পশ্চাতে চালাতে পারি না, কিছু মনকে স পারি। মনকে ভূত, ভবিশ্বং ও বর্তমান—সমৃদয় কালেই প্রদারিত করা যেতে পারে; স্থতরাং মনের মধ্যে যা যা ঘটে, তা অনস্ককালের জন্ম সঞ্চিত থাকে। মনের মধ্যে সব ঘটনা পূর্ব থেকেই সংস্কারের আকারে রয়েছে; মন সর্বসাপী কিনা।

'দেশ-কাল-নিমিত্ত যে চিন্তারই প্রণালীবিশেষ'—এই আবিক্রিয়াই ক্যান্টের শ্রেষ্ঠ কৃতিত্ব। কিন্তু বেদান্ত বহু পূর্বেই এই তত্ত্ব শিক্ষা দিয়েছে, আর একে 'মায়া' নামে অভিহিত করেছে। শোপেনহাওয়ার শুধু যুক্তির উপর দাঁড়িয়ে বেদোক্ত তত্ত্ত্তলির যুক্তিসঙ্গত ব্যাখ্যা করবার চেষ্টা করেছেন। শঙ্কর বেদকে আর্ব বলে গেছেন।

অনেকগুলি বৃক্ষ দেখে তাদের যে সাধারণ ধর্ম বৃক্ষত্ব—এই আবিষ্কারের নামই 'জ্ঞান'। আর সর্বোচ্চ জ্ঞান হচ্ছে অবৈত জ্ঞান।…

সমৃদয় জগংপ্রপঞ্চের চরম সামান্ত বা সাধারণ ভাবই সগুণ ঈশ্বর ; কেবল সেটা অস্পষ্ট, এবং স্থনিদিষ্ট ও দার্শনিক বিচারসম্মত নয়।…

শেই এক তত্ত্ব স্বয়ং অভিব্যক্ত হচ্ছে, তা থেকেই যা কিছু সব হয়েছে।…

পদার্থ-বিজ্ঞানের কাজ ঘটনাবলী আবিষ্কার করা, আর দর্শন যেন ঐ বিভিন্ন ঘটনারূপ ফুলগুলি নিয়ে তোড়া বাঁধবার স্থতো। চিস্তাসহায়ে এক্য আবিষ্কারের চেষ্টামাত্রই দর্শনের এলাকায়। এমন কি, একটা গাছের গোড়ায় সার দেওয়ার ব্যাপারেও এইরূপ একটা প্রণালীর সহায়তা নিতে হয়।…

ধর্মের ভিতর স্থুল, অপেকাকৃত স্কাতত্ত ও চরম একত্ব—এই তিনটি ভাবই আছে। কেবল স্থুল বা বিশেষ নিয়েই পড়ে থেকো না। সেই চরম স্কাততে—সেই একত্বে চলে যাও।

অহরেরা তম:প্রধান যন্ত্র, দেবতারা সত্তপ্রধান যন্ত্র; কিন্তু তুই-ই যন্ত্র; মাছ্যই কেবল চেতন, জীবন্ত। যন্ত্রবং ভাবটাকে দূর ক'রে দাও; ধারণা কর, তুমি যন্ত্র নিয়ে কান্ধ ক'রছ—তুমি যন্ত্র নও, তবেই মুক্ত হ'তে পারবে। এই পৃথিবীই একমাত্র স্থান, যেথানে মান্ত্র নিজের মৃক্তিসাধন করতে পারে।

'ব্যেবের রুণুতে তেন লভ্যঃ'—এই আত্মা বাকে বরণ করেন, এ কথাট। সভ্য । প্ররণ বা মনোনীত করাটা সভ্য, কিন্তু ভিতরের দিক থেকে এর অর্থ করতে ছবে। বাইরে থেকে কেউ বরণ করছে—কথাটার যদি এইরূপ অদৃষ্টবাদম্লক ব্যাখ্যা করা যায়, তবে তো এটা ভয়ানক কথা হয়ে দাড়ায়।

সোমবার, ১৫ই জুলাই

যেখানে স্থীলোকদের বছবিবাহপ্রথা প্রচলিত আছে, যেমন তিবাতে, সেখানে স্থীলোকদের শারীরিক শক্তি পুরুষের চেয়ে বেশী। যখন ইংরেজরা এ দেশে যায়, এই স্থীলোকেরা জোয়ান জোয়ান পুরুষদের ঘাড়ে নিয়ে পাহাড় চড়াই করে।

মালাবার দেশে অবশ্য মেয়েদের বছবিবাহ নাই, কিন্তু সেথানে সব বিষয়ে তাদের প্রাধায়। সেথানে সর্বত্রই বিশেষভাবে পরিষ্ণার-পরিচ্ছন্ন রাথবার দিকে নজর দেখা যায়, আর বিভাচচায় যারপর নাই উৎসাহ। ঐ দেশে দেখেছি—অনেক মেয়ে ভাল সংস্কৃত বলতে পারে, কিন্তু ভারতের অক্সত্র দশ লক্ষের মধ্যে একটি মেয়েও সংস্কৃত বলতে পারে কি না, সন্দেহ। স্বাধীনভায় উন্নতি হয়, আর দাসত্ব থেকে অবনতিই হয়ে থাকে। পোর্ত্ত্রীক্ষ বা মুসলমান কারও দ্বারাই মালাবার কথনও বিক্ষিত হয়নি।

দ্রাবিড়ীরা মধ্য-এশিয়ার এক অনার্যজাতি—আর্যদের পূর্বেই তারা ভারতে এসেছিল, আর দাকিণাত্যের দ্রাবিড়ীরাই সব চেয়ে সভ্য ছিল। তাদের মধ্যে পুরুষের চেয়ে নারীর সামাজিক অবস্থা উন্নত ছিল। পরে তারা ভাগ হয়ে গেল; কতকগুলি মিশরে, কতকগুলি বাবিলোনিয়ায় চলে গেল, অবশিষ্ট ভারতেই রইল।

মঙ্গলবার, ১৬ই জুলাই

(শন্তর)

অদৃষ্ট (অর্থাৎ অব্যক্ত কারণ বা সংস্থার) আমাদের যাগবজ্ঞ উপাদনাদি করায়, তা থেকে ব্যক্ত ফল উৎপন্ন হয়ে থাকে। কিন্তু মৃক্তি লাভ করতে হ'লে আমাদের ব্রহ্ম সম্বন্ধে প্রথমে ভাবণ, পরে মনন, তারপর নিদিধ্যাসন করতে হবে। কর্মের ফল আর জানের ফল সম্পূর্ণ পৃথক। সর্বপ্রকার নীতি-ধর্মের মূল হচ্ছে বিধিনিষেধ—'এই কাজ করে' এবং 'এই কাজ ক'রো না'; কিন্তু প্রকৃতপক্ষে দেহমনের সক্ষেই এগুলির সম্বন। সর্বপ্রকার অথকৃংথ ইন্দ্রিয়ের সঙ্গে অচ্ছেভভাবে জড়িত; স্কৃতরাং স্থকৃংখ,ভোগ করতে গেলেই শরীরের প্রয়োজন। যার দেহ যত উন্নত, তার ধর্ম বা পুণ্যের আদর্শও তত উচ্চ; এই রকম ব্রহ্মা পর্যন্ত; এ পর্যন্ত সকলেরই শরীর আছে। আর যতক্ষণ শরীর আছে, ততক্ষণ স্থকৃংখ থাকবেই; কেবল দেহভাবমৃক্ত হলেই স্থকৃংখ অতিক্রম করা যেতে পারে। শঙ্কর বলেন, আত্মা দেহহীন।

কোন বিধি-নিষেধের ধারা মৃক্তিলাভ হ'তে পারে না। তুমি দদা মৃক্তই আছে। যদি তুমি পূর্ব হতেই মৃক্ত না থাকো, তবে কিছুই তোমায় মৃক্তি দিতে পারে না। আত্মা অপ্রকাশ। কার্যকারণ আত্মাকে স্পর্শ করতে পারে না—এই দেহণ্য ভাব বা বিদেহ অবস্থার নামই মৃক্তি। ভূত, ভবিষ্যৎ ও বর্তমান—সব কিছুর পারে ব্রন্ধ। যদি মৃক্তি কোন কর্মের ফল হ'ত, তবে তার কোন মৃল্যই থাকত না, সেটা একটা যৌগিক বস্তু হ'ত, স্কুতরাং তার ভিতর বন্ধনের বীজ্ব নিহিত থাকত। এই মৃক্তিই আত্মার একমাত্র নিত্যভাব, তাকে লাভ করতে হয় না, সেটা আত্মার যথার্থ স্বরূপ।

তবে আত্মার উপর যে আবরণ পড়ে রয়েছে, সেইটে সরাবার জন্য—বন্ধন
ও ল্রম দ্র করবার জন্য—কর্ম ও উপাসনার প্রয়োজন; এরা মৃক্তি দিতে পারে
না বটে, কিন্তু তথাপি আমরা যদি নিজেরা চেষ্টা না করি, তা হ'লে আমাদের
চোথ ফোটে না, আমরা আমাদের ব্রূপ জানতে পারি না। শহর আরও
বলেন, অবৈত্বাদই বেদের গৌরব-মৃক্ট; কিন্তু বেদের নিয়তরভাগগুলিরও
প্রয়োজন আছে, কারণ তারা আমাদের কর্ম ও উপাসনার উপদেশ দিয়ে
থাকে, আর এইগুলির সাহাযোও অনেকে ভগবানের কাছে গিয়ে থাকে।
তবে এমন অনেকে থাকতে পারে, যারা কেবল অবৈতবাদের সাহাযোই সেই
অবস্থায় যাবে। অবৈতবাদ যে অবস্থায় নিয়ে যায়, কর্ম এবং উপাসনাও দেই
অবস্থায়ে যাবে। অবৈতবাদ যে অবস্থায় নিয়ে যায়, কর্ম এবং উপাসনাও দেই
অবস্থাতেই নিয়ে যায়।

শাস্ত ব্রহ্মসহন্ধে কিছু শিক্ষা দিতে পারে না, কেবল অজ্ঞান দ্র ক'রে দিতে পারে। শাস্ত্রের কার্য নাশাত্মক (negative)। শহরের প্রধান রুতিত এই যে, তিনি শাস্ত্র মেনেছিলেন, আবার সকলের সামনে মৃক্তির পথও

খুলে দিয়েছিলেন। কিন্তু ষাই ৰলো, তাঁকে এ নিয়ে চুলচেরা বিচার করতে হয়েছে। প্রথমে মাছ্যকে একটা স্থুল অবলম্বন দাও, তারপর ধীরে ধীরে তাকে সর্বোচ্চ অবস্থায় নিয়ে যাও। বিভিন্ন প্রকার ধর্ম এই চেষ্টাই করছে, আর এ প্রেকে বোঝা যায়—কেন ঐ-সকল ধর্ম জগতে এখনও রয়েছে এবং কি ক'রে প্রভ্যেকটিই মাহুষের উন্নতির কোন না কোন অবস্থার উপযোগী। শাস্ত্র অবিভা দূর করতে সাহায়। করে, কিন্তু শান্ত্রও ঐ অবিভার অন্তর্গত। শাল্তের কাজ হচ্ছে জ্ঞানের উপর যে অজ্ঞানরূপ আবরণ এসে পড়েছে, তা দূর করা। 'সত্য অসত্যকে দূর ক'রে দেবে।' তুমি মুক্তই আছ, তোমাকে মুক্ত করা ধার না। ষতক্ষণ পর্যন্ত তুমি ধর্মমতবিশেষ অবলম্বন ক'রে আছে, ততক্ষণ তুমি ব্রন্ধকে লাভ করনি। 'যিনি মনে করেন আমি জানি, তিনি জানেন না।'' যিনি স্বয়ং জ্ঞাতাস্বরূপ, তাঁকে কে জানতে পারে ?' ত্টি চিরস্তন বস্তু আছে — ব্রহ্ম ও জগৎ। প্রথমটি অর্থাৎ ব্রহ্ম অপরিণামী, দ্বিতীয়টি অর্থাৎ জগৎ পরিণামী। জগৎ অনস্তকাল ধ'রে রয়েছে। বেখানে পরিণাম কতথানি হচ্ছে, মন তা ধরতে পারে না, তোমরা তো তাকেই অনস্ত বলে থাকো। জগৎ ও ব্ৰহ্ম এক বটে, কিন্তু একই সময়ে তো তোমরা হুটো দেখতে পণ্ডি না — একথানা পাথরের উপর একটা ছবি বা মৃতি খোদাই করা রয়েছে; যখন ভোমার পাথরের দিকে থেয়াল থাকে, তথন খোদাই-এর দিকে থাকে না; আবার যখন খোদাই-এর দিকে মন দাও, তখন পাথরের খেয়াল থাকে না; অথচ ছুই-ই এক।

তুমি কি এক মৃহুর্তের জন্মও নিজেকে সম্পূর্ণ স্থির শাস্ত করতে পারো? সকল যোগীই বলেন, এটা করা সম্ভব।

সকলের চেয়ে বেশী পাপ হচ্ছে নিজেকে তুর্বল ভাবা। ভোমার চেয়ে বড় আর কেউ নেই; উপলব্ধি করে যে, তুমি ব্রহ্মস্বরূপ। কোন বস্তুতে তুমি যে শক্তির বিকাশ দেখ, দে শক্তি ভোমারই দেওয়া।

১ কেন উপ., ২া৩

२ 'विक्रांजांत्रस्त्र त्कन विकानीग्रार'—वृष्ट्. त्र., २१६।३६ ७ ६।८।३८

আমরা সূর্ব, চন্দ্র, তারা, এমন কি—সমগ্র জগৎপ্রপঞ্চ অভিক্রম ক'রে রয়েছি। শিক্ষা দাও, মাহ্ব বন্ধবরূপ। মন্দ ব'লে কিছু আছে—এটি স্বীকার ক'রো না, যা নেই তাকে আর নৃতন ক'রে সৃষ্টি ক'রো না। সদর্পে বলো—আমি প্রভু, আমি সকলের প্রভু। আমরাই নিজেদের শৃত্বল নিজেরা গড়েছি, আর আমরাই কেবল ঐ শিকল ভাঙতে পারি ১

কোন প্রকার কর্ম ভোমায় মৃক্তি দিতে পারে না, কেবল জ্ঞানের ঘারাই মৃক্তি হ'তে পারে। জ্ঞান অপ্রতিরোধ্য; ইচ্ছা হ'ল তাকে গ্রহণ করলাম, ইচ্ছা হ'ল ত্যাগ করলাম—এরপ হ'তে পারে না। যখন জ্ঞানোদয় হবে, মনকে তা গ্রহণ করতেই হবে। স্ত্রাং এই জ্ঞানলাভ মনের কার্য নয়, তবে মনে ঐ জ্ঞানের প্রকাশ হয়ে থাকে বটে।

কর্ম বা উপাসনার ফল এইটুকু যে, ওতে তোমার ষে-স্বরূপ ভূলেছিলে, তা ফিরে পাও। আত্মা যে দেহ, এইটে মনে করাই সম্পূর্ণ ভ্রম; স্থতরাং আমরা এই শরীরে থাকতে থাকতেই মৃক্ত হ'তে পারি। দেহের সক্ষে আত্মার কিছুমাত্র সাদৃশ্য নেই। মায়ার অর্থ 'কিছু না' নয়, 'অসং'কে 'সং' বা সভ্য ব'লে গ্রহণ করা।

বুধবার, ১৭ই জুলাই

রামান্ত্রজ জগৎপ্রপঞ্চকে চিং (জীবাত্মা বা প্রাণী), অচিং (জড়প্রকৃতি),
এবং ঈশর—এই তিন ভাগে ভাগ করেছেন; অথবা চেতন, অবচেতন ও
অধিচেতন—এই তিন ভাগ। শহর কিন্তু বলেন: জীবাত্মা চিং ও (পরমাত্মা)
ঈশর বা ব্রহ্ম এক বস্তু। ব্রহ্ম সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ, অনস্তুস্বরূপ; ঐ সত্য,
জ্ঞান ও অনস্ত তাঁর গুণ নয়। ব্রহ্মকে চিন্তা করতে গেলেই তাঁকে বিশিষ্ট
করা হয়; তাঁর সম্বন্ধে বড় জোর বলা যেতে পারে 'ওঁ তৎ সং'—অর্থাৎ তিনি
সন্তাস্বরূপ, তিনি অন্তিশ্বরূপ—এই মাত্র।

শহর আরও জিজ্ঞানা করেন, তুমি কি সন্তাকে আর দব বস্তু থেকে পৃথক্ ক'রে দেখতে পারো? ছটি বস্তুর মধ্যে 'বিশেষ' বা পার্থক্য কোন্থানে? ইক্রিয়জ্ঞানে নয়, কারণ তা হ'লে দব জিনিদই এক রকম বোধ হ'ত। আমাদের বিষয়-জ্ঞান একটার পর আর একটা, এই ক্রমে হয়ে থাকে। একটা বস্তু কি, তা জানতে গেলেই সঙ্গে সঙ্গে জানতে হয়, দেটা কি নয়। ছটি বস্তুর মধ্যে পার্থকাগুলি আমাদের স্থতির মধ্যে অবস্থিত, আর চিত্তে যা দক্ষিত রয়েছে, তারই সঙ্গে তুলনা ক'রে আমরা এগুলি জানতে পারি। বস্তর শ্বরূপের মধ্যে ভেদ নেই, সেটা আমাদের মন্তিক্ষে রয়েছে। বাইরে এক অথও বস্তুই রয়েছে; ভেদ কেবল ভেতরে, আমাদের মনে; স্থতরাং বহুজ্ঞান মনেরই

এই 'বিশেষ'গুলিই গুণপদ্বাচ্য হয়, যথন তারা পৃথক্ থাকে, অথচ কোন একটি জিনিসের সঙ্গে জড়িত থাকে। এই 'বিশেষ' জিনিসটা কি, তা আমরা ঠিক ক'রে বলতে পারি না। আমরা বিভিন্ন বস্তুর মধ্যে দেখতে পাই ও অহুভব করি কেবল সত্তা বা একটা 'অন্তি'ভাব। আর যা কিছু সব আমাদেরই মধ্যে রয়েছে। কোন বস্তুর সন্তাসম্বন্ধেই শুধু আমরা নিঃসংশয় প্রমাণ পেয়ে থাকি। বিশেষ বা ভেদগুলি প্রকৃতপক্ষে গৌণভাবে সত্য—হেমন রজ্তে সর্পজ্ঞান, কারণ ঐ সর্পজ্ঞানেরও সত্যতা আছে; ভূলভাবে হলেও একটা কিছু তো দেখা যাছে। যথন রজ্জান বাধিত হয়, তথনই সর্পজ্ঞানের আবির্ভাব হয়, আবার বিপরীতক্রমে সর্পজ্ঞানের লোপে রজ্জ্ঞানের আবির্ভাব। কিছু তুমি একটা মাত্র জিনিস দেখছ ব'লে প্রমাণিত হয় না য়ে, অন্ত জিনিসটা নেই। জগৎ-জ্ঞান বক্ষজ্ঞানের প্রতিবন্ধক হয়ে তাকে আবরণ ক'রে রেখেছে, তাকে দ্র করতে হবে, কিছু তার ষে অন্তিত্ব আছে, এ-কথা স্বীকার করতেই হবে।

শকর আরও বলেন যে, অহভৃতিই (perception) অন্তিত্বের চরম প্রমাণ। অহভৃতি স্বয়ংজ্যোতিঃ ও আত্মসচেতন, কারণ ইন্দ্রিয়জ্ঞানের বাইরে থেতে গেলে আমরা তাকে ছাড়তে পারি না। অহভৃতি কোন ইন্দ্রিয়- বা করণ-সাপেক্ষ নয়, সম্পূর্ণ নিরপেক্ষ। চেতনা (consciousness) ব্যতীত অহভৃতি হ'তে পারে না; অহভব স্প্রকাশ, তারই নিয়তর মাত্রার প্রকাশকে 'চেতনা' বলে। কোন প্রকার অহভব-ক্রিয়াই চেতনারহিত হ'তে পারে না, প্রকৃতপক্ষে প্রত্যেক অহভৃতির স্বরপই হচ্ছে চেতনা। সত্তা আর অহভব এক বস্তু, ছটি পৃথক্ পৃথক্ ভাব এক সঙ্গে জোড়া নয়। যার কোন কারণ বা প্রয়োজন নেই, তাই অনস্ত ; স্তরাং অহভৃতি ব্যন নিজেই নিজের চরম প্রমাণ, তথন অহভৃতিও অনস্তম্বরূপ; অহভৃতি সর্বদাই স্বসংবেত। সহ্গৃতি নিজেই নিজের জ্ঞাতাত্বরূপ; এটা মনের ধর্ম নয়, কিছ তা থেকেই মন হয়েছে;

অহুভৃতি নিরপেক, পূর্ণ—একমাত্র জ্ঞাতা, স্থতরাং প্রকৃতপক্ষে অহুভৃতিই আছা। অহুভৃতি স্বয়ং অহুভব করে, কিন্তু আছাকে 'জ্ঞাতা' বলা খেতে পারে না; কারণ 'জ্ঞাতা' বললে জ্ঞানরূপ ক্রিয়ার কর্তাকে বুঝায়। কিন্তু শক্ষর বলেন, জাত্মা 'জহং' নন, কারণ তাঁতে 'আমি আছি' এই ভাবটি নেই। আমরা (জহং ভাব) সেই আহ্মার প্রতিবিশ্বমাত্র, আছ্মা ও ব্রহ্ম এক।

যথনই তুমি দেই পূর্ণব্রহ্ম সম্বন্ধে কিছু বলো বা ভাবো, তথনই আপেক্ষিক-ভাবে ঐ কাজগুলি করতে হয়, স্বভরাং দেখানে এই-দকল যুক্তিবিচার থাটে। কিছু যোগাবস্থায় অমুভব ও অপরোক্ষামুভূতি এক হয়ে যায়। রামামুজ-ব্যাখ্যাত বিশিষ্টাহৈতবাদ আংশিকভাবে একজ্বদর্শন, এবং অহৈতাবস্থার অভিমুখে একটি দোপানস্বরূপ। 'বিশিষ্ট' মানেই ভেদ বা পৃথক্করণ। 'প্রকৃতি' মানে জগৎ, আর তার দদা পরিণাম বা পরিবর্তন হচ্ছে। পরিবর্তনশীল চিস্কারাশি পরিবর্তনশীল শব্দরাশি ঘারা অভিব্যক্ত হয়ে কখনও দেই পূর্ণস্বরূপকে প্রমাণ করতে পারে না। এরূপ ক'রে আমরা শুধু এমন একটা বস্তুতে উপনীত হই, যা থেকে কতকগুলি গুণ বাদ দেওয়া হয়েছে, কিছু যা স্বন্ধ বন্ধস্বরূপ নয়। আমরা কেবল শব্দগত একজে পৌছই, তার চেয়ে জার চরম ঐক্য বার করা যায় না, কিছু তাতে আপেক্ষিক জগতের বিলোপসাধন হয় না।

বৃহস্পতিবার, ১৮ই জুলাই

(অগুকার আলোচ্য বিষয়: প্রধানত: সাংখ্যদর্শনের সিদ্ধান্তের বিরুদ্ধে শঙ্করাচার্বের যুক্তি।)

সাংখ্যেরা বলেন, জ্ঞান একটি মিশ্র বা যৌগিক পদার্থ, আর তারও পারে বিশ্লেষণ করতে করতে শেষে আমরা সাক্ষিত্ররূপ পুরুষের অন্তিত্ব অবগত হই। এই পুরুষ সংখ্যার বহু; আমরা প্রত্যেকেই এক-একটি পুরুষ। অহৈত-বেদান্ত কিন্তু এর বিরুদ্ধে বলেন, পুরুষ কেবল একটিই হ'তে পারেন, সেই পুরুষ চেতন; তিনি অচেতন বা কোন গুল-সম্পন্ন হ'তে পারেন না, কারণ গুণ থাকলেই সেগুলি তাঁর বন্ধনের কারণ হবে, পরিণামে সেগুলির লোপও হবে। অতএব সেই এক বন্ধ অবশ্রই সর্বপ্রকারগুণরহিত, এমন কি জ্ঞান পর্যন্ত ভাতে থাকতে পারে না, এবং সেই পুরুষ জ্ঞাৎ বা আর কিছুর কারণ

হ'তে পারে না। বেদ বলেন, 'সদেব সোম্যোদমগ্র আদীদেকমেবাদিভীয়ম্'— হে সৌম্যা, প্রথমে দেই এক অদিভীয় সংই ছিলেন।

বেধানে সন্তপ্তণ, সেইখানেই জ্ঞান দেখা যায় ব'লে প্রমাণিত হয় না যে, সন্তই জ্ঞানের কারণ; বরং মাহুষের ভিতর জ্ঞান পূর্ব হতেই রয়েছে, সত্তর সায়িধ্যে সেই জ্ঞান উদ্বৃদ্ধ হয় মাত্র। যেমন আগুনের কাছে একটা লোহ-গোলক রাখলে ঐ আগুন লোহগোলকটার ভিতর পূর্ব হতেই যে ভেজ অব্যক্তভাবে ছিল, তাকেই ব্যক্ত ক'রে গোলকটাকে উত্তপ্ত করে—তার ভিতরে প্রবেশ করে না, সেই রকম।

শহর বলেন, জ্ঞান একটা বন্ধন নয়, কারণ জ্ঞান সেই পুরুষ বা ব্যান্ধর স্বরূপ। জাগৎ ব্যক্ত বা অবাজ্তরপে সর্বদাই রয়েছে, স্ত্রাং চির্ভন জ্ঞেয় বস্তু একটি আছেই।

জ্ঞান-বল-ক্রিয়াই ঈশ্বর। জ্ঞানলাভের জন্ম তাঁর দেহেন্দ্রিয়াদি কোন আকারেরই প্রয়োজন নেই—যে সসীম, তার পক্ষে সেই অনম্ভ জ্ঞানকে ধরে রাথবার জন্ম একটা প্রতিবন্ধকের (অর্থাৎ দেহেন্দ্রিয়াদির) প্রয়োজন আছে বটে, কিন্তু ঈশ্বের ঐরূপ সহায়তার আদৌ কোন আবশুকতা নেই। বাহুবিক এক আত্মাই আছেন, বিভিন্ন-লোকগামী 'সংসারী' জীবাত্মা ব'লে স্বতন্ত্র আত্মা কিছু নেই। পঞ্চ প্রাণ যাঁতে একীভূত হয়েছে, এই দেহের সেই চেতন নিয়ন্তাকেই 'জীবাত্মা' বলে, কিন্তু দেই জীবাত্মাই পরমাত্মা, ঘেহেতু আত্মাই সব। তুমি তাকে যে অক্তরূপ বোধ ক'রছ, দে ভ্রান্তি ভোমারই, জীবে সে ভ্রান্তি নেই। তুমিই ব্রহ্ম, আর তুমি নিজেকে আর যা কিছু ব'লে ভাবছ, তা ভূল। রুষ্ণকে রুষ্ণ ব'লে পূজা ক'রো না, রুষ্ণের মধ্যে যে আত্মা রয়েছেন, তাঁরই উপাসনা কর। শুধু আত্মার উপাসনাতেই মুক্তিলাভ হবে। এমন কি, সগুণ ঈশ্বর পর্যন্ত সেই আত্মার বহিঃপ্রকাশমাত্র। শহ্বর বলেছেন, 'স্বর্বপায়সন্ধানং ভক্তিরিত্যভিধীয়তে।'—নিজম্বরূপের আন্তরিক অনুসন্ধানকেই ভক্তি বলে।

আমরা ঈশবলাভের জন্ম যত বিভিন্ন উপায় অবলম্বন ক'রে থাকি, দে লব সভ্য। যেমন গ্রুবভারাকে দেখাতে হ'লে তার আশপাশের নক্ষঞ্জলির সাহা্যা নিতে হয়, এও ভেমনি।

* * * ভগ্ৰদণীতা বেদান্তস্থকে শ্ৰন্ঠ প্ৰামাণিক গ্ৰন্থ।

শুক্রবার, ১৯শে জুলাই

যতদিন আমার 'আমি, তুমি' এইরপ ভেদজান রয়েছে, ততদিন একজন ভগবান্ আমাদের রক্ষা করছেন, এ-কথা বলবার অধিকারও আমার আছে। যতদিন আমার এইরপ ভেদবোধ রয়েছে, ততদিন এই ভেদবোধ থেকে যে-সকল অনিবার্য দিদ্ধান্ত আদে, সেগুলিও নিতে হবে, 'আমি, তুমি' স্বীকার করলেই আমাদের আদর্শহানীয় আর একটি তৃতীয় বস্তু স্বীকার করতে হবে, যা আমি-তুমির মাঝখানে আছে; সেইটিই— ত্রিভুজের শীর্ষবিন্দুস্বরূপ। যেমন বাষ্প তৃষার হয়, তৃষার থেকে জল হয়, সেই জল আবার গঙ্গাদি নানা নামে প্রসিদ্ধ হয়; কিছু যথন বাষ্পাবন্থা, তথন আর গঙ্গা নেই; আবার যথন জল, তথন তার মধ্যে বাষ্প চিন্তা করিনা।

সৃষ্টি বা পরিণামের ধারণার সঙ্গে ইচ্ছাশক্তির ধারণা অচ্ছেগুভাবে জড়িত।
যতদিন পর্যস্ত আমরা জগংকে গতিশীল দেখছি, ততদিন তার পশ্চাতে
ইচ্ছাশক্তির অন্তিত্ব আমাদের স্বীকার করতে হয়। ইন্দ্রিয়ন্ত জ্ঞান যে সম্পূর্ণ
ভ্রম, পদার্থবিজ্ঞান তা প্রমাণ ক'রে দেয়; আমরা কোন জিনিসকে যেমন
দেখি, শুনি, ম্পর্শ ভ্রাণ বা আস্থাদ করি, স্বরূপতঃ জিনিসটা বাস্তবিক তা নয়।
বিশেষ বিশেষ প্রকারের স্পন্দন বিশেষ কল উৎপন্ন করছে, আর
সেইগুলি আমাদের ইন্দ্রিয়ের উপর ক্রিয়া করছে; আমরা কেবল আপেন্দিক
সত্যই জানতে পারি।

'সত্য' শব্দ 'সং' থেকে এসেছে। যা 'সং' অর্থাৎ 'আছে,' যেটি 'অন্তিস্বরূপ' সেটিই সত্য। আমাদের বর্তমান দৃষ্টি থেকে এই জগৎপ্রাপঞ্চ ইচ্ছা ও জ্ঞানশক্তির প্রকাশ ব'লে বোধ হচ্ছে। আমাদের কাছে আমাদের অন্তিত্ব যতটুকু
সত্য, তাঁর নিজের কাছে দগুল ঈশরের অন্তিত্বও ততটুকু সত্য, তদপেক্ষা অধিক
সত্য নয়। আমাদের রূপ ষেমন দেখা যায়, ঈশরকেও তেমনি সাকারভাবে
দেখা যেতে পারে। মাম্য-হিসাবে আমাদের একটি ঈশরের প্রয়োজন;
আত্মস্বরূপে আমাদের ঈশরের প্রয়োজন থাকে না। সেজ্জাই শ্রীরামকৃষ্ণ সেই
অগজ্জননীকে সদাসর্বদা তাঁর কাছে বর্তমান দেখতেন—তাঁর চারপাশের
অন্তান্ত সকল বন্ধ অপেক্ষা তাঁকেই বেশী বান্তব ব'লে দেখতেন; কিন্তু
সমাধি-অবস্থায় তাঁর আত্মা ব্যতীত আর কিছুর অন্তত্ব থাকত না। সেই

সগুণ ঈশর ক্রমশং আমাদের কাছে এগিয়ে আসতে থাকেন, শেষে তিনি বেন গলে বান, তথন 'ঈশর'ও থাকেন না, 'আমি'ও থাকে না—সব সেই আত্মায় লীন হয়ে যায়।

চেতনার জ্ঞান একটা বন্ধন। 'সৃষ্টি দেখে অষ্টার কল্পনা'-রূপ এক মড আছে, তাতে রূপাদি-স্ষ্টির পূর্বে বৃদ্ধির অন্তিত্ব স্বীকার ক'রে নেওয়া হয়। কিন্তু বৃদ্ধি যদি কিছুর কারণ হয়, তবে তা আবার অপর কিছুর কার্যস্করণ। একেই বলে 'মায়া'। ঈশর আমাদের সৃষ্টি করেন, আবার আমরা ঈশরকে স্ষ্টি করি—এই হ'ল মায়া। সর্বত্ত এইরূপ চক্রগতি দেখা যায়ঃ মন দেহ স্ষ্টি করছে, আবার দেহ মন স্ষ্টি করছে; ডিম থেকে পাখি, আবার পাখি থেকে ডিম; গাছ থেকে বীজ, আবার বীজ থেকে গাছ। এই জগৎপ্রপঞ্চ একেবারে বৈষম্যে পূর্ণ নয়, আবার পুরোপুরি সমভাবাপন্নও নয়। মাত্য স্বাধীন—তাকে এই হুই-ভাবের উপরে উঠতে হবে। এ হুটোই নিজ নিজ প্রকাশভূমিতে সত্য বটে, কিন্তু সেই ষথার্থ সত্য, সেই অন্তি-স্বরূপকে লাভ করতে গেলে আমরা এখন যা কিছু অন্তিত্ব, ইচ্ছা, চেতনা, করা, যাওয়া, জানা ব'লে জানি, দে-সব অতিক্রম করতে হবে। (পৃথক্ বা শ্বতন্ত্র) জীবাত্মার প্রকৃত ব্যক্তিত্ব নেই—ওটা মিশ্র বস্তু হ'লে তো কালে খণ্ড খণ্ড হয়ে নষ্ট হয়ে যাবে। যাকে আর কোনরূপে বিশ্লেষণ করা যায় না, কেবল সেই বস্তুই অমিশ্র এবং কেবল সেইটিই সত্যমরূপ, মুক্তমভাব, অমৃত ও আনন্দস্বরূপ। এই ভ্রমাত্মক স্বাতম্ভাকে রক্ষা করবার জ্বন্ত হত চেষ্টা, স্বই বান্তবিক পাপ, আর ঐ স্বাভন্ত্রকে নাশ করবার সমূদয় চেষ্টাই ধর্ম বা পুণ্য। এই জগতে দব কিছুই জাতদারে বা অজ্ঞাতদারে এই স্বাতন্ত্রাকে ভাঙবার চেষ্টা করছে। চারিজ্ঞানীতির (morality) ভিত্তি হচ্ছে এই পার্থক্যজ্ঞান বা ভ্রমাত্মক স্বাভন্তাকে ভাঙবার চেষ্টা, কারণ এইটিই সকল প্রকার পাপের মূল; চারিত্র্যনীতি আগে থেকেই বয়েছে, ধর্মশান্ত্র ঐ নীতি পরবর্তী কালে বিধিবদ্ধ করেছে মাত্র। প্রথমে সমাজে নানাবিধ প্রথা স্বভাবতই উৎপন্ন হয়ে থাকে, দেগুলি ব্যাখ্যা করার অত্য পরে পুরাণের উৎপত্তি। যথন ঘটনাসমূহ ঘটে যায়, তথন দেগুলি যুক্তি-বিচারের চেয়ে উচ্চতর কোন নিয়মেই ঘটে থাকে, युक्तिविहादत्रत व्याविकीय हम भद्र--- अछिन वायवात्र किष्ठोम । युक्तिविहादत्रत्र কোন কিছু ঘটাবার শক্তি নেই, এ ষেন ঘটনাগুলি ঘটে বাবার পরে

দেওলির জাবরকাটা। যুক্তিতর্ক যেন মামুষের কার্যকলাপের ঐতিহাসিক (historian)।

বৃদ্ধ একজন মহা বৈদান্তিক ছিলেন (কারণ বৌদ্ধর্ম প্রাকৃতপক্ষে বেদান্তের একটি শাখা মাত্র), আর শহরকেও কখন কখন 'প্রচ্ছর বৌদ্ধ' বলা হয়। বৃদ্ধ বিশ্লেষণ করেছিলেন, শহর দেইগুলি সংশ্লেষণ বা সমন্বয় করলেন। বৃদ্ধ কখনও কারও কাছে মাথা নোয়াননি—বেদ, জাতিভেদ, পুরোহিত বা দামাজিক প্রথা—কারও কাছে নয়। যতদ্র পর্যন্ত যুক্তিবিচার চলতে পারে, ততদ্র নির্ভীকভাবে তিনি যুক্তিবিচার ক'রে গেছেন। এরপ নির্ভীক শত্যাহ্মসন্ধান, আবার সকল প্রাণীর প্রতি এমন ভালবাসা জগতে কেউ কখনও দেখেনি। বৃদ্ধ যেন ধর্মজগতের ওয়াশিংটন ছিলেন, তিনি সিংহাসন জয় করেছিলেন শুধু জগংকে দেবার জন্ত, যেমন ওয়াশিংটন মার্কিনজাতির জন্ত করেছিলেন। তিনি নিজের জন্ত কোন কিছুর আকাজ্যা করতেন না।

শনিবার, ২০শে জুলাই

প্রত্যক্ষাহভূতিই ষথার্থ জ্ঞান বা ষথার্থ ধর্ম। জনস্ত যুগ ধ'রে জামরা ধর্ম দম্বন্ধে যদি কেবল কথা ব'লে যাই, তাতে কখনই জামাদের জাত্মজান হ'তে পারে না। কেবল মতবাদে বিশ্বাসী হওয়া ও নান্তিকতায় কিছু তফাত নেই। মাহ্ব-হিসাবে এ ছয়ের মধ্যে নান্তিকই বেশী থাটি। সেই প্রত্যক্ষাহভূতির আলোকে আমি ষে কয় পা অগ্রসর হবো, তা থেকে কোন কিছুই আমাকে কখনও হটাতে পারবে না। কোন দেশ বখন তুমি ময়ং গিয়ে দেখলে, তখনই তোমার তার সহদ্ধে যথার্থ জ্ঞান হ'ল। আমাদের প্রত্যেককে নিজে নিজে দেখতে হবে। শুরু কেবল আমাদের কাছে 'আধ্যাত্মিক খাবার' এনে দিতে পারেন—ঐ থাছা থেকে পৃষ্টিলাভ করতে গেলে আমাদের তা খেতে হবে। তর্কমৃক্তি কখনও ঈশ্বকে প্রমাণ করতে পারে না, কেবল যুক্তিসম্বত একটা সিদ্ধান্তরূপে তাঁকে উপস্থাপিত করে।

ভগৰান্কে আমাদের বাইরে পাওয়া অসম্ভব। বাইরে বা ক্রমর্ডামের উপলব্ধি হয়, তা আমাদের আতারই প্রকাশমাত্র। আমরাই হচ্ছি ভগৰানের সর্বশ্রেষ্ঠ মন্দির। বাইরে যা দেখা যায়, তা আমাদের ভিতরের জিনিসেরই অতি অস্পষ্ট অত্করণ-মাত্র।

আমাদের মনের শক্তিগুলির একাগ্রতাই আমাদের ঈশ্বরদর্শনে সহায়তা করবার একমাত্র যন্ত্র। যদি তুমি একটি আত্মাকে (নিজ আত্মাকে) জানতে পারো, তা হ'লে তুমি ভূত, ভবিগ্রৎ, ও বর্তমানে সকল আত্মাকেই জানতে পারবে। ইচ্ছাশক্তি দারাই মনের একাগ্রতাসাধন হয়—যুক্তি, বিচার, ভক্তি, ভালবাসা, প্রাণায়াম ইত্যাদি বিভিন্ন উপায়ের দারা এই ইচ্ছাশক্তি উদ্বন্ধ ও নিয়ন্ত্রিত হ'তে পারে। একাগ্র মন যেন একটি প্রদীপ—এর দারা আত্মার ত্বরপ তন্ন ক'রে দেখা যায়

একপ্রকার সাধনপ্রণালী সকলের উপযোগী হ'তে পারে না। কিন্তু এইসকল বিভিন্ন সাধনপ্রণালী যে সোপানের মতো একটার পর একটা অবলম্বন
করতে হবে, তা নয়। ক্রিয়াকলাপ অমুষ্ঠানাদি সর্বনিম্ন সাধন, তারপর
ঈশ্বরকে আমাদের বাইরে দেখা, তারপর অন্তর্যামিরপে দেখা। স্থলবিশেষে,
একটার পর আর একটা—এইরপ ক্রম আবশ্রক হ'তে পারে, কিন্তু
অধিকাংশ স্থলে কেবল একটা পথই প্রয়োজন। (জ্ঞানলাভ করতে হ'লে
তোমাকে কর্ম ও ভক্তির পথ দিয়ে প্রথমে ষেতেই হবে'—সকলকেই এ-কথা
বলা চরম মূর্যতা।)

যতদিন না যুক্তিবিচারের অতীত কোন তত্বলাত ক'রছ, ততদিন তুমি তোমার যুক্তিবিচার ধ'রে থাকো, আর ঐ অবস্থার পৌছলে তুমি ব্রবে বে, দেটা যুক্তিবিচারের চেয়ে শ্রেষ্ঠ জিনিস, কারণ ঐ অবস্থা তোমার যুক্তির বিরোধী হবে না। যুক্তিবিচার বা জ্ঞানের অতীত এই ভূমি হচ্ছে সমাধি, কিন্তু সায়বীয় রোগের তাড়নার মূর্ছাবিশেষকে সমাধি ব'লে ভূল ক'রো না। অনেকে মিছামিছি সমাধি হরেছে ব'লে দাবি ক'রে থাকে, স্বাভাবিক বা সহজ জ্ঞানকে সমাধি-অবস্থা ব'লে ভ্রম ক'রে থাকে—এ বড় ভ্রানক কথা। বাইরের কোন লক্ষণ দেখে নির্ণয় করবার উপার নেই—যথার্থ সমাধি হয়েছে কি না, নিজে নিজেই তা টের পাওয়া বায়। তবে যুক্তিবিচারের সাহায়্য নিলে ভূলভ্রান্তি থেকে রক্ষা পাওয়া বায়, স্বতরাং একে ব্যতিরেকী পরীক্ষা বলা বেতে পারে; ধর্বান্ড মানে হচ্ছে যুক্তিভর্কের বাইরে যাওয়া, কিন্তু ঐ ধর্মশান্ত কর্বার পথ একমাত্র যুক্তিবিচারেরই ভিতর দিয়ে। সহজাত জ্ঞান

বেন বরফ, যুক্তিবিচার বেন জল, আর অলোকিক জ্ঞান বা সমাধি ষেন বাপ—সব চেয়ে স্ক্র অবস্থা। একটার পর আর একটা আলে। সব জায়গাতেই এই নিত্য পৌর্বাপর্য বা ক্রম রয়েছে, যেমন অক্রান, সংজ্ঞা বা আপেকিক জ্ঞান ও বোধি; জড় পদার্থ, দেহ, মন। আর আমরা এই শৃদ্ধলের যে পাবটা (link) প্রথম ধরি, সেইটা থেকেই শিকলটা আরম্ভ হয়েছে, আমাদের কাছে এই রকম বোধ হয়। অর্থাৎ কেউ বলে—দেহ থেকে মনের উৎপত্তি, কেউ বা ব'লে থাকে—মন থেকে দেহ হয়েছে। উভয় পক্ষেই যুক্তির সমান মূল্য, আর উভয় মতই সত্য। আমাদের ঐ ছটোরই পারে যেতে হবে—এমন জায়গায় যেতে হবে, বেখানে দেহ বা মন কোনটি-ই নেই। এই যে ক্রম—এও মায়া।

(ধর্ম যুক্তিবিচারের পারে, ধর্ম অতিপ্রাক্বতিক। বিশাস-অর্থে কিছু মেনে নেওয়া নয়—বিশাদের অর্থ দেই চরম পদার্থকে ধারণা করা—এতে হাদয়-কন্দরকে উদ্থাসিত ক'রে দেয়। প্রথমে সেই আত্মতত্ত্ব সম্বন্ধে শোন, ভারপর বিচার কর—বিচার দ্বারা উক্ত আত্মতত্ত সম্বন্ধে কতদূর জানতে পারা যায় তা দেখ; এর উপর দিয়ে বিচারের বক্সা বয়ে যাক—তারপর বাকী যা থাকে, দেইটুকু গ্রহণ কর। যদি কিছু বাকী না থাকে, তবে ভগবানকে ধক্সবাদ দাও যে, তুমি একটা কুসংস্কারের হাত থেকে বেঁচেছ) আর ষধন তুমি স্থির সিদ্ধান্ত করবে যে, কিছুই আত্মাকে উড়িয়ে দিতে পারে না, ষখন আত্মা সর্বপ্রকার পরীক্ষায় উত্তীর্ণ হবে, তথন তাকে দৃঢ়ভাবে ধ'রে থাকো এবং সকলকে এ আত্মতত্ব শিক্ষা দাও; সত্য কথন পক্ষপাতী হ'তে পারে না, এতে সকলেরই কল্যাণ হবে। সবশেষে স্থিরভাবে ও শাস্তচিত্তে তাঁর উপর নিদিধ্যাসন কর বা তাঁর ধ্যান কর, তোমার মনকে তাঁর উপর একাগ্র কর, ঐ আত্মার সহিত নিজেকে একভাবাপর ক'রে ফেলো। তথন আর বাক্যের কোন প্রয়োজন থাকবে না, ভোমার ঐ মৌনভাবই অপরের ভিতর সত্য তত্ব সঞ্চাব করবে। বুথা কথা ব'লে শক্তিক্ষম ক'রো না, চুপচাপ ধানি কর। আর বহির্জগতের গণ্ডগোল বেন তোমাকে বিকৃত্ব না করে। যথন তোমার মন সর্বোচ্চ অবস্থায় উপ্নীত হয়, তথ্য তুমি তা জানুতে পার না। চুপচাপ থেকে শক্তিসঞ্য কর, আ্র আধ্যাত্মিকভার বিদ্যুদ্যশার (dynamo) হয়ে যাও। ভিথারী আবার কি দিতে পারে? রাজাই

কেবল দিতে পারে—সেও আবার শুধু তখনই দিতে পারে, যখন সে নিজে কিছু চায় না)

তোমার যা টাকাকড়ি, তা তোমার নিজের মনে ক'রে। না, নিজেকে ভগবানের ভাগারী ব'লে মনে কর। ধনের প্রতি আদক্ত হ'য়ো না। নামযশ টাকাকড়ি সব যাক্, এগুলি সব ভয়ানক বন্ধন। মৃক্তির অপূর্ব পরিবেশ অমুভব কর। তুমি তো মৃক্ত, মৃক্ত, মৃক্ত; অবিরত বলো, আমি ধন্ত, আমি আনন্দময়, আমি মৃক্তয়রূপ, আমি অনস্ভয়রূপ, আমার আত্মাতে আদি নেই, অস্ত নেই; সবই আমার আত্মস্বরূপ)।

রবিবার, ২১শে জুলাই (পাতঞ্জল যোগস্ত্র)

িচিত্ত বা মন যাতে বৃত্তিরূপে বিভক্ত না হয়ে পড়ে, যোগশান্ত তাই শিকা দিয়ে থাকে—'যোগশিচত্তবৃত্তিনিরোধঃ।' মনটা বিষয়-সমূহের ছাপ ও অফুভূতির, অর্থাৎ ক্রিয়া ও প্রতিক্রিয়ার মিশ্রণস্বরূপ, স্কৃতরাং তা নিত্য হ'তে পারে না। মনের একটা স্ক্র শরীর আছে, সেই শরীর দারা মন স্থূল দেহের উপর কার্য ক'রে থাকে। বেদান্ত বলেন, মনের পশ্চাতে যথার্থ আত্মা আছেন। বেদান্ত অপর তৃতিকে—অর্থাৎ দেহ ও মনকে স্বীকার ক'রে থাকেন; আর একটি তৃতীয় পদার্থ স্বীকার করেন—যা অনন্ত, চর্মতত্ত্বরূপ, বিশ্লেষণের শেষ ফলস্বরূপ, এক অথও বস্তু—যাকে আর ভাগ করা যেতে পারে না। জ্ম হচ্ছে পুনর্যোজন, মৃত্যু হচ্ছে বিয়োজন, সব কিছু বিশ্লেষণ করতে করতে শেষে আত্মাকে পাওয়া যায়। আত্মাকে আর ভাগ করতে পারা যায় না, স্ক্রাং আত্মাতে পৌছলে নিত্য সনাতন তত্ত্বে পৌছানো গেল)

প্রত্যেক তরক্ষের পশ্চাতে দমগ্র সম্প্রটা রয়েছে— যত কিছু অভিব্যক্তি,
দবই তরক্ষ, তবে কতকগুলি খুব বড় আর কতকগুলি ছোট, এইমাত্র।
কিন্তু প্রকৃতপক্ষে ঐদব তরক্ষ স্বরূপতঃ দম্দ্র— দমগ্র দম্দ্র; কিন্তু তরক্ষ-হিদাবে
প্রত্যেকটি অংশ মাত্র। তরক্ষদমূহ যথন শাস্ত হয়ে যায়, তথন দব এক।
পতঞ্জলি বলেন— 'দৃশ্রবিহীন দ্রাই।'। যথন মন ক্রিয়াশীল থাকে, তথন আত্মা



ভার সঙ্গে মিশিয়ে থাকেন। অহুভূত পুরাতন বিষয়গুলির ক্রত পুনরার্ত্তিকে 'শ্বতি' বলে।

জনাসক্ত হও। জ্ঞানই শক্তি আর জ্ঞানলাভ করলেই তোমার শক্তিও আসবে। জ্ঞানের দারা এমন কি এই জড় জগংটাও তুমি উড়িয়ে দিতে পারো। যথন তুমি মনে মনে কোন বস্তু থেকে এক একটা ক'রে গুণ বাদ দিতে দিতে ক্রমে সব গুণই বাদ দিতে পারবে, তখন তুমি ইচ্ছা করলেই সমগ্র জিনিসটাকে তোমার জ্ঞান থেকে দূর ক'রে দিতে পারবে।

যারা উত্তম অধিকারী, তারা যোগে থুব শীঘ্র শীঘ্র উন্নতি করতে পারে—ছ-মাদে তারা যোগী হ'তে পারে। যারা তদপেকা নিমাধিকারী, তাদের যোগে দিদ্ধিলাভ করতে কয়েক বৎসর লাগতে পারে, আর যে-কোন ব্যক্তিনিষ্ঠার সঙ্গে সাধন করলে, অন্থ সব কাজ ছেড়ে দিয়ে কেবল সদাসর্বদা সাধনে রত থাকলে দাদশ বর্ষে দিদ্ধিলাভ করতে পারে। এই-সব মানদিক ব্যায়াম না ক'রে কেবল ভক্তি দ্বারাও এ অবস্থায় যেতে পারা যায়, কিন্তু তাতে কিছু বিলম্ব হয়।

মনের দার। সেই আত্মাকে ষেভাবে দেখা বা ধরা যেতে পারে, তাকেই 'ঈশ্বর' বলে। তাঁর সর্বশ্রেষ্ঠ নাম 'ওঁ', স্থতরাং ঐ ওন্ধার জ্ঞপ কর, তার ধ্যান কর, তার ভিতর যে অপূর্ব অর্থসমূহ নিহিত রয়েছে, তা ভাবনা কর। সর্বদা ওন্ধার-জপই যথার্থ উপাসনা। ওন্ধার সাধারণ শক্ষাত্র নয়, স্বয়ং ঈশ্বরম্বরূপ).

ধর্ম তোমায় নৃতন কিছুই দেয় না, কেবল প্রতিবন্ধগুলি সরিয়ে দিয়ে তোমার নিজের স্বরূপ দেখতে দেয়। ব্যাধিই প্রথম মন্ত বিল্প—কৃত্ব শরীরই সেই যোগাবছা লাভ করবার সর্বোৎকৃষ্ট যন্ত্রস্বরূপ। দৌর্মনস্থ বা মন খারাপ হওয়া-রূপ বিল্লটিকে দ্র করা একরকম অসম্ভব বললেই হয়। তবে একবার যদি তুমি ব্রন্ধকে জানতে পারো, পরে আর তোমার মন খারাপ হবার সম্ভাবনা থাকবে না। সংশয়, অধ্যবসায়ের অভাব, ভ্রান্ত ধারণা—এগুলিও অন্তান্থ বিল্ল।

প্রাণ হচ্ছে দেহস্থ অতি স্ক্ষ্ম শক্তি—দেহের সর্বপ্রকার গতির উৎস। প্রাণ সর্বস্থা দশটি—তন্মধ্যে পাঁচটি অন্তর্ম্থ আর পাঁচটি বহির্ম্থ। একটি প্রধান প্রাণপ্রবাহ উপরের দিকে প্রবাহিত হচ্ছে, অপরগুলি নীচের দিকে। প্রাণায়ামের অর্থ খাসপ্রশাসের নিয়মনের ধারা প্রাণসমূহকে নিয়মিত করা। বাস বেন ইন্ধন, প্রাণ বাষ্প এবং শরীরটা যেন ইঞ্জিন। প্রাণায়ামে তিনটি ক্রিয়া আছে: প্রক—খাসকে ভিতরে টানা, কুন্তক—খাসকে ভিতরে ধারণ করে রাখা, আর রেচক—বাইরে খাসনিক্ষেপ করা।

গুরু হচ্ছেন সেই আধার, বাঁর মধ্য দিয়ে আধ্যাত্মিক শক্তি তোমার কাছে পৌছয়। যে-কেউ শিক্ষা দিতে পারে বটে, কিন্তু গুরুই শিয়ে আধ্যাত্মিক শক্তি সঞ্চার ক'রে থাকেন, তাতেই আধ্যাত্মিক উন্নতিরূপ ফল হয়ে থাকে। শিয়্তদের মধ্যে পরস্পার ভাই-ভাই-সম্বন্ধ, আর ভারতের আইন এই সম্বন্ধ স্বীকার ক'রে থাকে। গুরু তাঁর পূর্ব পূর্ব আচার্যদের কাছ থেকে যে মন্ত্র বা ভাবশক্তিময় শব্দ পেয়েছেন, তাই শিয়্তে সংক্রামিত করেন—গুরু ব্যতীত সাধনভঙ্কন কিছু হ'তে পারে না; বরং বিপদের আশক্ষা যথেষ্ট আছে। সাধারণতঃ গুরুর সাহায়্য না নিয়ে এই-সকল যোগ অভ্যাস করতে গেলে কামের প্রাবল্য হয়ে থাকে, কিন্তু গুরুর সাহায়্য থাকলে প্রায়ই এটা ঘটে না। প্রত্যেক ইইদেবতার এক-একটি মন্ত্র আছে। ইই-অর্থে বিশেষ উপাসকের বিশেষ আদর্শ ব্রিয়ে থাকে। মন্ত্র হছেছ ঐ ভাব-বিশেষব্যঞ্জক শব্দ। ঐ শব্দের ক্রমাগত জপের দ্বারা আদর্শটিকে মনে দৃঢ়ভাবে রাথবার সহায়তা হয়ে থাকে। এইরূপ উপাসনাপ্রণালী ভারতের সকল সাধকের মধ্যে প্রচলিত।

মঙ্গলবার, ২৩শে জুলাই

(ভগবদগীতা-কর্মযোগ)

কর্মের দারা মৃক্তিলাভ করতে হ'লে নিজেকে কর্মে নিযুক্ত কর, কিন্তু কোন কামনা ক'রো না—ফলাকাজ্ঞা যেন তোমার না থাকে। এইরূপ কর্মের দারা জ্ঞানলাভ হয়ে থাকে—এ জ্ঞানের দারা মৃক্তি হয়। জ্ঞানলাভ করবার পূর্বে কর্মত্যাগ করলে তাতে হংথই এসে থাকে। 'আত্মা'র জন্ম কর্ম করলে তা থেকে কোন বন্ধন আসে না। কর্ম থেকে হুখের আকাজ্ফাও ক'রো না; আবার কর্ম করলে কন্ট হবে—এ ভয়ও ক'রো না। দেহ-মনই কাজ ক'রে থাকে, আমি করি না। সদাস্বদা নিজেকে এই কথা বলো এবং এটি প্রভাক্ষ করতে চেষ্টা কর। চেষ্টা কর—যাতে তোমার বোধই হবে না বে, তুমি কিছু ক'রছ।

সমৃদয় কর্ম ভগবানে অর্পণ কর। সংসারে থাকো, কিন্তু সংসারের হয়ে ষেও না-পদাপত্তের মূল যেমন পাকের মধ্যে থাকে, কিন্তু তা যেমন সদাই শুদ্ধ থাকে, সেইরূপ লোকে তোমার প্রতি যেরূপ ব্যবহার করুক না, তোমার ভালবাদা যেন কারও প্রতি কম না হয়। যে অন্ধ, তার রঙের জ্ঞান নেই, স্থতরাং আমার নিজের ভিতর দোষ না থাকলে অপরের ভিতর দোষ দেখব কি ক'রে ? আমরা আমাদের নিজেদের ভিতর ষা রয়েছে, তার সঙ্গে বাইরে ষা দেখতে পাই, তার তুলনা করি এবং তদমুদারেই কোন বিষয়ে আমাদের মতামত দিয়ে থাকি। যদি আমরা নিজেরা পবিত্র হই, তবে বাইরে অপবিত্রতা দেখতে পাবো না। বাইরে অপবিত্রতা থাকতে পারে, কিন্তু আমাদের পক্ষে তার অন্তিত্ব থাকবে না। প্রত্যেক নরনারী, বালকবালিকার ভিতর ব্রহ্মকে দর্শন কর, 'অন্তর্জ্যোতিঃ' দারা তাঁকে দেখ ; যদি সর্বত্ত দেই ব্রহ্মদর্শন হয়, তবে আমরা আর অন্ত কিছু দেখতে পাবো না। এই সংসারটাকে চেও না, কারণ বে যা চায়, সে তাই পায়। ভগবান্কে—কেবল ভগবান্কেই অন্বেষণ কর। ষত অধিক শক্তিলাভ হবে, ততই বন্ধন আসবে, ততই ভয় আসবে। একটা সামান্ত পিঁপড়ের চেয়ে আমরা কত অধিক ভীত ও হৃঃখী। এই সমস্ত জগৎপ্রপঞ্চের বাইরে ভগবানের কাছে যাও। প্রষ্টার তত্ত্ব জানবার চেষ্টা কর, স্টের তত্ত্ব জানবার চেষ্টা ক'রো না।

'আমিই কর্তা ও আমিই কাষ।' 'যিনি কামক্রোধের বেগধারণ করতে পারেন, তিনি মহাযোগী পুরুষ।''

'অভ্যাস ও বৈরাগ্যের দারাই কেবল মনকে নিরোধ করা যেতে পারে)'

আমাদের পূর্বপুরুষেরা ধীর স্থির হ'য়ে বসে ধর্ম ও ঈশ্বর সম্বন্ধে চিন্তা ক'রে গেছেন, ফলে আমাদেরও ঐ উদ্দেশ্যে ব্যবহার করবার জন্ম মন্তিষটুকু রয়েছে। কিন্তু এখন আমরা লাভের আশায় যে রকম ছুটোছুটি আরম্ভ করেছি, তাতে সেটি নই হবার জোগাড় হচ্ছে।

১ গীতা, এ২৩

২ ঐ, ৬।৩৫

শরীরের নিজেরই নিজেকে আরোগ্য করবার একটা শক্তি আছে—আর মানসিক অবস্থা, ঔষধ, ব্যায়াম প্রভৃতি নানা বিষয় এই আরোগ্য-শক্তিকে জাগিয়ে দিতে পারে। যতদিন আমরা প্রাকৃতিক অবস্থাচক্রের দারা বিচলিত হই, ততদিন আমাদের জড়ের সহায়তা প্রয়োজন। আমরা যতদিন না স্নায়্-সম্হের দাসত্ব কাটাতে পারছি, ততদিন জড়ের সাহায্য আমরা উপেক্ষা করতে পারি না।

আমাদের সাধারণ জ্ঞানভূমির নীচে মনের আর এক ভূমি আছে—তাকে 'অজ্ঞানভূমি' বা 'অবচেতন মন' বলা যেতে পারে; আমরা যাকে সমগ্র মামুষ বলি, জ্ঞান তার একটা অংশমাত। দর্শনশাস্ত্র মন সম্বন্ধে কতকগুলি আন্দাজ-মাত্র। ধর্ম কিন্তু প্রত্যক্ষাহৃভূতির উপর প্রতিষ্ঠিত—প্রত্যক্ষদর্শন, যা জ্ঞানের একমাত্র ভিত্তি—তারই উপর প্রতিষ্ঠিত। মন যথন জ্ঞানেরও অতীত ভূমিতে চলে যায়, তথন দে ষথার্থ বস্তু—যথার্থ বিষয়কেই উপলব্ধি করে। 'আপ্ত' তাঁদের বলে, যাঁরা ধর্মকে প্রত্যক্ষ করেছেন। তাঁরা যে উপলব্ধি করেছেন, তার প্রমাণ এই যে, তুমিও যদি তাঁদের প্রণালী অম্বসরণ কর, তুমিও প্রত্যক্ষ করবে। প্রত্যেক বিজ্ঞানেরই নিজম্ব বিশেষ প্রণালী ও বিশেষ যন্ত্রের প্রয়োজন। একজন জ্যোতির্বিদ্ রালাঘরের সমস্ত হাঁড়িকুড়ির সাহায্য নিয়ে শনিগ্রহের বলয়গুলি দেখাতে পারেন না, তার জন্ম দূরবীক্ষণযন্ত্র প্রয়োজন। সেইরূপ ধর্মের মহান্ সত্যসমূহ দেখতে হলে, যাঁরা পূর্বেই সেগুলি প্রত্যক্ষ করেছেন, তাঁদের প্রণালীগুলি অহুসরণ করতে হবে। যে বিজ্ঞান যত বড়, তার শিক্ষা করবার উপায়ও তত নানাবিধ। আমরা সংসারে আসবার পূর্বেই ভগবান্ এ থেকে বেরুবার উপায়ও ক'রে রেথেছেন। স্থতরাং আমাদের চাই শুধু সেই উপায়টাকে জানা। তবে বিভিন্ন প্রণালী নিয়ে মারামারি ক'রো না। কেবল যাতে তোমার অপরোক্ষাহভূতি হয়, তার চেষ্টা কর, আর যে সাধনপ্রণালী তোমার পক্ষে সবচেয়ে উপযোগী হয়, তাই অবলম্বন কর। তুমি আম থেয়ে যাও, অপরে বুড়িটা নিয়ে মারামারি ক'রে মরুক। গ্রীষ্টকে দর্শন কর, তবেই তুমি ষ্পার্থ খীষ্টান হবে। আর স্বই বাজে কথামাত্র—কথা যত কম হয়, ততই ভাল।

জগতে যার কিছু বার্ডা বহন করবার বা শিক্ষা দেবার থাকে, তাকেই বার্ডাবহ বা দৃত বলা যেতে পারে; দেবতা থাকলে তবেই তাকে মন্দির বলা যেতে পারে, এর বিপরীতটা সত্য নয়। ততদিন পর্যন্ত শিক্ষা কর, যতদিন পর্যন্ত না তোমার মুখ ব্রহ্মবিদের মতো প্রতিভাত হয়, যেমন সভ্যকামের হয়েছিল।

আমুমানিক জ্ঞানের বিরুদ্ধে আমুমানিক জ্ঞান নিয়ে কথা বললেই ঝগড়া বাধে। কিন্তু যা প্রত্যক্ষ দর্শন করেছ, তারই সম্বন্ধে কথা বলো দেখি— কোন মহয়ছদরই তাকে স্বীকার না ক'রে পারবে না। প্রত্যক্ষাহভৃতি করাতেই দেণ্ট পল্কে (St. Paul) ইচ্ছার বিরুদ্ধে এইধর্ম গ্রহণ করতে হয়েছিল।

ঐ, অপরাহু

(মধ্যাহ্নভোজনের পর অল্পক্ষণ কথাবার্তা হয়—দেই কথাবার্তা-প্রসক্ষে স্বামীজী বলেন:)

লমই লমকে সৃষ্টি ক'রে থাকে। লম নিজেকেই নিজে সৃষ্টি করে, আবার নিজেকেই নিজে ধ্বংস করে। একেই বলে মায়া। যেহেতু তথাকথিত সমৃদয় জ্ঞানেরই ভিত্তি মায়া, ঐ জ্ঞান অক্যোক্তাশ্র্যদোষত্ত্ব। এমন এক সময় আদে—যথন ঐ জ্ঞান নিজেই নিজেকে নট করে। 'ছেড়ে দাও রজ্জ্ব—যাহে আকর্ষণ।' লম কথনও আত্মাকে স্পর্শ করতে পারে না। যথনই আমরা সেই দড়িটাকে ধরি, মায়ার সহিত নিজেদের এক ক'রে ফেলি, তথনই মায়া আমাদের উপর শক্তি বিস্তার করে। মায়াকে ছেড়ে দাও, কেবল সাক্ষিত্বরূপ হয়ে থাকো। তা হলেই অবিচলিত থেকে জগৎপ্রপঞ্চরপ ছবির সৌন্ধ্রে মৃগ্ধ হ'তে পারবে।

বুধবার, ২৪শে জুলাই

ষিনি যোগে সম্পূর্ণ সিদ্ধিলাভ করেছেন, তাঁর পক্ষে যোগসিদ্ধিগুলি বিদ্ন নয়, কিন্তু প্রবর্তকের পক্ষে সেগুলি বিদ্নম্বরূপ হ'তে পারে, কারণ ঐগুলি প্রয়োগ করতে করতে ঐসবে একটা আনন্দ ও বিশ্বয়ের ভাব আসতে পারে। সিদ্ধি বা বিভৃতিগুলি যোগসাধনার পথে যে ঠিক ঠিক অগ্রসর হওয়া যাচ্ছে, তারই চিহ্নম্বরূপ; কিন্তু সেগুলি মন্ত্রজ্বপ, উপবাদাদি, তপস্তা, যোগসাধন, এমন কি ঔষধ-বিশেষের ব্যবহারের ঘারাও আসতে পারে। যে যোগী যোগদিদ্দিসমূহেও বৈরাগ্য অবলম্বন করেন এবং সম্দয় কর্মফল ত্যাগ করেন, তার 'ধর্মমেঘ' নামে সমাধিলাভ হয়। যেমন মেঘ বৃষ্টি বর্ষণ করে, তেমনি তিনি যে যোগাবস্থা লাভ করেন, তা চারিদিকে ধর্ম বা পবিত্রতার প্রভাব বিস্তার করতে থাকে।

ষধন একরূপ প্রত্যয়ের ক্রমাগত আবৃত্তি হ'তে থাকে, তথনই সেটা ধ্যান-পদবাচ্য, কিন্তু সমাধি এক বল্ধতেই হয়ে থাকে।

মন আত্মার জ্ঞেয়, কিন্তু মন স্বপ্রকাশ নয়। আত্মা কোন বস্তুর কারণ হ'তে পারে না। কিরূপে হবে ? পুরুষ প্রকৃতিতে যুক্ত হবে কিরূপে ? পুরুষ প্রকৃতপক্ষে কথনও প্রকৃতিতে যুক্ত হন না—অবিবেকের দক্ষন বোধ হয় পুরুষ প্রকৃতিতে যুক্ত হয়েছে।

লোককে করুণার চক্ষে না দেখে, অথবা তারা অতি হীনদশায় পড়ে আছে—এ-রকম মনে না ক'রে, অপরকে সাহাষ্য করতে শিক্ষা কর। শক্রমিত্র উভয়ের প্রতি সমদৃষ্টি হ'তে শিক্ষা কর; যখন তা হ'তে পারবে, আর যখন তোমার কোন বাসনা থাকবে না, তখন তোমার চরমাবস্থা লাভ হয়েছে বৃষতে হবে।

বাসনারপ অশ্বথরক্ষকে অনাসক্তিরপ কুঠার দ্বারা কেটে ফেল, তা হলেই তা একেবারে চ'লে দ্বাবে—ও তো একটা ভ্রমমাত্র। 'হার মোহ ও শোক চ'লে গেছে, ধিনি সঙ্গদোষ জয় করেছেন, তিনিই কেবল 'আজাদ' বা মৃক্ত।')

কোন ব্যক্তিকে বিশেষভাবে—ব্যক্তিগতভাবে ভালবাসা হচ্ছে বন্ধন। সকলকে সমানভাবে ভালবাসো, তা হ'লে সব বাসনা চ'লে যাবে)

স্বভক্ষক কাল এলে সকলকেই যেতে হবে। অতএব পৃথিবীর উন্নতির জন্ম, ক্ষণস্থায়ী প্রজাপতিকে রঙচঙে করবার জন্ম কেন চেটা কর ? সবই তো শেষে চলে যাবে। সাদা ইত্রের মতো থাচায় ব'সে কেবল ডিগবাজি থেও না; সদাই ব্যস্ত অথচ প্রকৃত কাজ কিছু হচ্ছে না। বাসনা ভালই হোক, আর মন্দই হোক, বাসনা জিনিসটাই থারাপ। এ যেন কুকুরের মতো মাংসথও পাবার জন্ম দিন-রাত লাফানো, অথচ মাংসের

টুকরোটা ক্রমাগত সামনে থেকে সরে যাচ্ছে, আর শেষ পর্যন্ত কুরের মতো মৃত্যু। ও-রকম হ'য়োনা। সমস্ত বাসনা নষ্ট ক'রে ফেলো।)

পরমাত্মা যথন মায়াধীশ, তথন তিনি ঈশব; পরমাত্মা যথন ফায়ার অধীন, তথন তিনিই জীবাত্মা। সম্দয় জগৎপ্রপঞ্চের সমষ্টিই মায়া, একদিন সেটা একেবারে উডে যাবে।

বৃক্ষের বৃক্ষর্থা মায়া—গাছ দেখবার সময় আমরা প্রকৃতপক্ষে ব্রহ্মস্বর্গকেই দেখছি, মায়া-আবরণে ঢাকা। কোন ঘটনা সম্বন্ধে 'কেন' এই প্রশ্ন জিজ্ঞাসাটাই মায়ার অন্তর্গত। স্থতরাং মায়া কিরপে এল ?—এ প্রশ্ন জিজ্ঞাসা করা বৃথা, কারণ মায়ার মধ্য থেকে ওর উত্তর কথন দেওয়া যেতে পারে না; আর মায়ার পারে কে ঐ প্রশ্ন জিজ্ঞাসা করবে? মন্দ বা মায়া বা অসদ্দৃষ্টিই 'কেন' এই প্রশ্নের স্বৃষ্টি করে, কিন্তু 'কেন' প্রশ্ন থেকে মায়া আসে না—মায়াই ঐ 'কেন' জিজ্ঞাসা করে। ভ্রমই ভ্রমকে নই ক'রে দেয়। যুক্তি-বিচার নিজেই একটা বিরোধের উপর প্রতিষ্ঠিত, স্থতরাং এটা একটা চক্রন্দর্শন, কাজেই যুক্তি নিজেই নিজেকে ধ্বংস করবে। ইন্দ্রিয়ঙ্গ অন্তভূতি একটা আমুমানিক জ্ঞান, আবার সব আমুমানিক জ্ঞানের ভিত্তি অন্তভ্তি।

অজ্ঞানে যথন ব্রশ্ধজ্যোতিঃ প্রতিবিশ্বিত হয়, তথনই তাকে দেখা যায়— শ্বতম্বভাবে ধরলে সেটা শৃগু ছাড়া কিছুই নয়। মেঘে স্থিকিরণ প্রতিফলিত না হ'লে মেঘকে দেখাই যায় না।

চারজন লোক দেশভ্রমণ করতে করতে একটা খুব উচু দেয়ালের কাছে এদে উপস্থিত হ'ল। প্রথম পথিকটি অতি কটে দেয়াল বেয়ে উঠল, আর পেছন দিকে চেয়ে না দেখেই দেয়ালের ওপারে লাফ দিয়ে প'ড়ল। দিতীয় পথিকটি দেওয়ালে উঠল, ভেতরের দিকে দেখলে, আর আনন্দধ্বনি ক'রে ভেতরে প'ড়ল। তারপর তৃতীয়টিও দেয়ালের মাথায় উঠল, তার সঙ্গীরা কোথায় গিয়েছে সে দিকে লক্ষ্য ক'রে দেখলে, তারপর আনন্দে হাং হাং ক'রে হেদে তাদের অহুসরণ করলে। কিন্তু চতুর্থ পথিকটি দেয়ালে উঠে তার সঙ্গীদের কি হ'ল জেনে লোককে তা জানাবার জন্ম ফিরে এল। এই সংসার-প্রপঞ্চের বাইরে যে কিছু আছে, আমাদের কাছে তার প্রমাণ হচ্ছে—

ষে-সকল মহাপুরুষ মায়ার দেয়াল বেয়ে ভেতরের দিকে পড়েছেন, তাঁরা পড়বার আগে যে আনন্দে হাঃ হাঃ ক'রে হেদে উঠেন, সেই হাস্ত।

* *

আমরা যখন সেই পূর্ণ সন্তা থেকে নিজেদের পৃথক্ ক'রে তাতে কতকগুলি গুণের আরোপ করি, তখন তাঁকেই আমরা ঈশ্বর বলি। ঈশ্বর হচ্ছেন—আমাদের মনের দ্বারা দৃষ্ট এই জগৎপ্রপঞ্চের মূল সত্তা। জগতের সমৃদ্য় মন্দ ও ত্রংথরাশিকে কুসংস্কারাচ্ছন্ন মন যেভাবে দেখে, তাকেই 'শয়তান' বলে।

বৃহস্পতিবার, ২৫শে জুলাই

(পাতঞ্জল যোগস্ত্ৰ)

কার্য তিন প্রকারের হ'তে পারে—কত (ষা তুমি নিজে ক'রছ), কারিত (যা অপরের দ্বারা করাচ্ছ), আর অহুমোদিত (অপরে করছে তাতে তোমার অহুমোদন আছে, কোন আপত্তি নেই)। আমাদের উপর এই তিন প্রকার কার্যের ফল প্রায় একরপ।

পূর্ণ ব্রহ্মচর্যের দারা মানসিক ও আধ্যাত্মিক শক্তি খুব প্রবল হয়ে থাকে।
ব্রহ্মচারীকে কায়মনোবাক্যে মৈথুনবর্জিত হ'তে হবে। দেহটার ষত্ন ভূলে
যাও। ষতটা সম্ভব, দেহচেতনা ভূলে যাও।

যে অবস্থায় স্থিরভাবে ও স্থথে অনেকক্ষণ বদে থাকতে পারা যায়, তাকেই 'আসন' বলে। সর্বদা অভ্যাদের দ্বারা এবং মনকে অনস্তভাবে ভাবিত করতে পারলে এটি হ'তে পারে)

একটা বিষয়ে সর্বদা চিত্তবৃত্তি প্রবাহিত করার নাম 'ধ্যান'। স্থির জলে যদি একটা প্রস্তর্থশু ফেলা যায়, তা হ'লে জলে অনেকগুলি বৃত্তাকার তরক উৎপন্ন হয়—বৃত্তগুলি সব পৃথক্ পৃথক্, অথচ পরস্পর পরস্পরের উপর কার্য করছে। আমাদের মনের ভেতরও এইরূপ বৃত্তিপ্রবাহ চলেছে; তবে আমাদের ভেতর সেটি অজ্ঞাতসারে হচ্ছে, আর যোগীদের ভেতর ঐরূপ কার্য তাঁদের জ্ঞাতসারে হয়ে থাকে। আমরা যেন মাকড়সার মতো নিজের জালের মধ্যে রয়েছি, যোগ-অভ্যাসের দ্বারা আমরা মাকড়সার মতো জালের যে অংশে

ইচ্ছা ষেতে পারি। ধারা যোগী নয়, তারা ষেধানে রয়েছে, সেই নির্দিষ্ট স্থল-বিশেষেই আবদ্ধ থাকতে বাধ্য হয়।

(অপরকে হিংসা করলে বন্ধন হয় ও আমাদের সামনে থেকে সভ্য ঢাকা পড়ে যায়।) শুধু নিষেধাত্মক ধর্মসাধনাই যথেষ্ট নয়। মায়াকে আমাদের জয় করতে হবে, তা হলেই মায়া আমাদের অহুসরণ করবে। যথন কোন বস্তু আমাদের আর বাঁধতে না পারে, তথনই আমরা সেই বস্তু পাবার যোগ্যতা লাভ করি। যথন ঠিক ঠিক বন্ধন ছুটে যায়, তথন সবই আমাদের নিকট এসে উপস্থিত হয়। যারা কোন কিছু চায় না, শুধু তারাই প্রকৃতিকে জয় করেছে।

এমন কোন মহাত্মার শরণাগত হও, যিনি নিজের বন্ধন ছিন্ন করেছেন, কালে তিনিই রূপাবশে তোমায় মৃক্ত ক'রে দেবেন। ঈশবের শরণাগত হওয়া এর চেয়ে উচ্চভাব, কিন্তু অতি কঠিন। প্রকৃতপক্ষে এটি কার্যে পরিণত করেছে—এমন লোক শতাব্দীর ভিতর বড়জোর একজন দেখা যায়। কিছু অহভেব ক'রো না, কিছু জেনো না, কিছু ক'রো না, নিজের ব'লে কিছু রেখো না—সাব কিছু ঈশবে সমর্পণ কর আর সর্বাস্তঃকরণে বলো, 'তোমারই ইচ্ছা পূর্ণ হোক।'

আমরা বন্ধ-এই ভাব আমাদের স্বপ্নমাত্র। জেগে ওঠ—বন্ধন চ'লে যাক। ঈশবের শরণাপন্ন হও, এই মায়া-মরু অতিক্রম করবার এই একমাত্র উপায়।

'ছেড়ে দাও বজ্জ্, বলো হে সন্ন্যাসি, ওঁ তৎ সৎ ওঁ।''

আমরা যে অপরের সেবা করতে পারছি, এ আমাদের একটা বিশেষ সৌভাগ্য—কারণ ঐরপ অমুষ্ঠানের দ্বারাই আমাদের আত্মান্তি হবে। লোকে যে কষ্ট পাচ্ছে, তার কারণ তার উপকার ক'রে আমাদের কল্যাণ হবে। অতএব দাতা দান করবার সময় গ্রহীতার সামনে হাঁটু গেড়ে বস্থন এবং তাকে ধন্তবাদ দিন, গ্রহীতা সমুখে দাঁড়িয়ে থেকে দান করতে অমুমতি

> 'সন্ন্যাসীর গীতি' (Song of the Sannyasin) হইতে। কৰিতাটি সহস্ৰদ্বীপোতানে এইকালেই রচিত।

দিন। সব প্রাণীর মধ্যে সেই প্রভৃকে দর্শন ক'রে তাঁকেই দান কর। যখন আমরা আর মন্দ কিছু দেখতে পাব না, তখন আমাদের পক্ষে জগৎপ্রপঞ্চই আর থাকবে না, কারণ প্রকৃতির অন্তিত্বের উদ্দেশ্যই হচ্ছে এই ভ্রম থেকে আমাদের মৃক্ত করা। অপূর্ণতা ব'লে কিছু আছে, এইটে ভাবাই অপূর্ণতা স্প্ট করা। আমরা পূর্ণস্বরূপ ও ওজঃস্বরূপ, এই চিস্তাতেই কেবল এটা দূর হ'তে পারে। যতই ভাল কাজ কর না কেন, কিছু না কিছু মন্দ তাতে লেগে থাকবেই থাকবে। তবে সমৃদ্য় কার্য নিজের ব্যক্তিগত ফলাফলের দিকে দৃষ্টি না রেখে ক'রে যাও, সব ফল ঈশ্বরে সমর্পণ কর, তা হ'লে ভাল-মন্দ কিছুই তোমায় অভিভৃত করতে পারবে না।

কাজ করাটা ধর্ম নয় বটে, তবে ঠিক ঠিক ভাবে অন্নষ্ঠিত কাজ মৃক্তির দিকে
নিয়ে য়য়। প্রকৃতপক্ষে অপরকে করুণার চক্ষে দেখা অজ্ঞানমাত্র, কারণ
আমরা করুণা ক'রব কাকে? তুমি ঈশরকে করুণার চক্ষে দেখতে পার কি?
আর ঈশর ছাড়া আর কিছু আছে কি? ঈশরকে ধরুবাদ দাও য়ে, তিনি
ভোমাকে ভোমার আত্মোয়তির জন্ত এই জগৎরুণ একটি নৈতিক ব্যায়মশালা
দিয়েছেন, কিন্তু কথনও ভেবো না—তুমি এই জগৎকে সাহায়্য করতে পারো।
ভোমায় য়দি কেউ অভিশাপ দেয়, তার প্রতি রুতজ্ঞ হও, কারণ গালাগালি
বা অভিশাপ জিনিসটা কি, তা দেখবার জন্ত সে য়েন ভোমার সমূথে একখানি
আরশি ধরছে, আর ভোমাকে আত্মসংষম অভ্যাস করবার অবসর দিছে।
স্বতরাং তাকে আশীর্বাদ কর ও স্থাী হও। অভ্যাস করবার অবকাশ না
হ'লে শক্তির বিকাশ হ'তে পারে না, আর আরশি সামনে না ধরলে আমরা
নিজের ম্থ নিজে দেখতে পাই না)

অপবিত্র চিস্তা ও কল্পনা অপবিত্র ক্রিয়ার মতোই দোষাবহ। কামনা দমন করলে তা থেকে উচ্চতম ফললাভ হয়। কামশক্তিকে আধ্যাত্মিক শক্তিতে পরিণত কর, কিন্তু নিজেকে পুরুষত্ত্বীন ক'রো না, কারণ তাতে কেবল শক্তির অপচয় হয়। এই শক্তি যত প্রবল থাকবে, এর দারা তত অধিক কাজ সম্পন্ন হ'তে পারবে। প্রবল জলের স্রোত পেলে তবেই জ্লেশক্তির সাহায্যে খনির কাজ করা ষেতে পারে।

আজকাল আমাদের বিশেষ প্রয়োজন এই ষে, আমাদের জানতে হবে, একজন ঈশর আছেন, আর এখানে এবং এখনই আমরা তাঁকে অহভব করতে —দেখতে পারি। চিকাগোর একজন অধ্যাপক বলেন, 'এই জগতের তত্তাবধান তুমি কর, পরলোকের খবর ঈশর নেবেন।' কি আহাম্মকি কথা! যদি আমরা এই জগতের সব বন্দোবস্ত করতে পারি, তবে পরলোকের ভার নেবার জন্ম আবার অকারণ একজন ঈশরের কি দরকার ?

শুক্রবার, ২৬শে জুলাই

(বৃহদারণ্যক উপনিষং)

সব কিছুকে ভালবাদো, কেবল আত্মার ভিতর দিয়ে এবং আত্মার জন্ম।
ষাজ্ঞবন্ধ্য তাঁর স্ত্রী মৈত্রেয়ীকে বলেছিলেন, 'আত্মার দারাই আমরা সব জিনিস
জানতে পারছি।' আত্মা কথনও জ্ঞানের বিষয় হ'তে পারে না—যে নিজে
জ্ঞাতা, সে কি ক'রে জ্ঞেয় হবে ?' যিনি নিজেকে আত্মা ব'লে জানতে
পারেন, তাঁর পক্ষে আর কোন বিধিনিষেধ থাকে না। তিনি জানেন—
তিনিই এই জগৎপ্রপঞ্চ, আবার এর স্রষ্টাও বটে।

পুরাতন পৌরাণিক ব্যাপারগুলিকে রূপকের আকারে চিরস্থায়ী করবার চেষ্টা করলে এবং তাদের নিয়ে বেশী বাড়াবাড়ি করলে কুসংস্থারের উৎপত্তি হয়, আর এটা বাস্তবিক তুর্বলতা। সত্যের সঙ্গে যেন কখন কিছুর আপস'না করা হয়। সত্যের উপদেশ দাও, আর কোন প্রকার কুসংস্থারের দোহাই দিতে চেষ্টা ক'রো না, অথবা সত্যকে শিক্ষার্থীর ধারণাশক্তির উপযোগী করবার জন্ম নামিয়ে এনো না।

শনিবার, ২৭শে জুলাই

(কঠোপনিষং)

অপরোক্ষামূভূতিসম্পন্ন ব্যক্তি ব্যতীত অপর কারও কাছে আত্মতব শিক্ষা করতে থেও না। অপরের কাছে তা কেবল কথার কথামাত্র। প্রত্যক্ষামূভিতি হ'লে মামূষ ধর্মাধর্ম, ভূত-ভবিষ্যৎ—সর্বপ্রকার দদ্বের পারে চলে যায়। 'নিষ্কাম ব্যক্তি সেই আত্মাকে দর্শন করেন, আর তাঁর আত্মার শাশ্বতী শাস্তি

এসে থাকে।'' শুধু কথা বলা, বিচার, শাস্ত্রপাঠ ও বৃদ্ধির চূড়ান্ত পরিচালনা করা, এমন কি বেদ পর্যন্ত মাহুষকে দেই আত্মক্রান দিতে পারে না।

আমাদের ভিতর পরমাত্মা ও জীবাত্মা—হুই-ই আছেন। জ্ঞানীরা জীবাত্মাকে ছায়াম্বরূপ, আর পরমাত্মাকে যথার্থ সূর্যমূরণ ব'লে জ্ঞানেন।

আমরা যদি মনটাকে ইন্দ্রিয়গুলির দক্ষে সংযুক্ত না করি, তা হ'লে আমরা চক্ষ্, কর্ণ, নাসিকা প্রভৃতি ইন্দ্রিয় ঘারা কোন জ্ঞানই লাভ করতে পারি না। মনের শক্তি ঘারাই বহিরিন্দ্রিয়গুলিকে ব্যবহার করা হয়ে থাকে। ইন্দ্রিয়গুলিকে বাইরে যেতে দিও না, তা হ'লে দেহ এবং বহির্জাণং—এই উভয়েরই হাত থেকে মুক্তি পাবে।

(এই যে অজ্ঞাত বস্তুটাকে আমরা বহির্জগং ব'লে দেখছি, মৃত্যুর পর নিজ নিজ মনের অবস্থান্থপারে একেই কেউ স্বর্গ, কেউ বা নরক ব'লে দেখে। ইহলোক পরলোক—এ ত্টোই স্বপ্নমাত্র, পরেরটি আবার প্রথমটির ছাঁচে গড়া। এ ত্ই প্রকার স্বপ্ন থেকেই মৃক্ত হও, জানো—সবই সর্ব্যাপী, সবই বর্তমান। প্রকৃতি, দেহ ও মনেরই মৃত্যু হয়, আমাদের মৃত্যু হয় না; আমরা যাই-ও না, আসি-ও না। এই যে মাহ্য 'স্বামী বিবেকানন্দ'—এর সত্তা প্রকৃতির ভিতর, স্ক্রাং এর জন্মও হয়েছে এবং মৃত্যুও হবে। কিন্তু আত্মা— যাকে আমরা স্বামী বিবেকানন্দ-রূপে দর্শন করছি—তাঁর কখনও জন্ম হয়নি; তিনি কখনও মরবেন না—তিনি অনস্ত ও অপরিণামী সত্তা)

আমরা মন:শক্তিকে পাঁচটা ইন্দ্রিয়শক্তিতেই ভাগ করি, বা একটা শক্তিরপেই দেখি, মন:শক্তি একরকমই থাকে। একজন অন্ধ বলে, 'প্রত্যেক জিনিসের ভিন্ন বিজ্ञ রকমের প্রতিধ্বনি আছে, স্থতরাং আমি হাততালি দিয়ে বিভিন্ন জিনিসের প্রতিধ্বনি ধারা আমার চতুর্দিকে কোথায় কি আছে, ঠিক ঠিক বলতে পারি।' স্থতরাং ঘন কুয়াসার ভিতর একজন অন্ধ একজন চক্ষুমান্ লোককে অনায়াসে পথ দেখিয়ে নিয়ে থেতে পারে, কারণ তার কাছে কুয়াসা বা অন্ধকারে কিছু তফাত হয় না।

মনকে সংযত কর, ইন্দ্রিয়গুলিকে নিরোধ কর, তা হলেই তুমি যোগী; তারপর বাকি যা কিছু—সবই হবে। শুনতে, দেখতে, দ্রাণ বা স্বাদ নিতে অস্বীকার কর; বহিরিন্দ্রিয়ণ্ডলি থেকে মনঃশক্তিকে সরিয়ে নাও। তুমি তো
অজ্ঞাতসারে এটি সদাসর্বদাই ক'রছ—যেমন ষথন তোমার মন কোন বিষয়ে
ময় থাকে; স্তরাং তুমি জ্ঞাতসারেও এটি করবার অভ্যাস করতে পারো।
মন যেখানে ইচ্ছা ইন্দ্রিয়ণ্ডলিকে প্রয়োগ করতে পারে। দেহের সাহায়েই
যে আমাদের কাজ করতে হবে, এই মূল কুসংস্কারটি একেবারে ছেড়ে দাও।
তা তো করতে হয় না। নিজের ঘরে গিয়ে বসো, আর নিজের অস্তরাম্মার
ভিতর থেকে উপনিষদের তত্তগুলি আবিষ্কার কর। তুমি সকল বিষয়ের
অনস্তর্থনি-স্বরূপ, ভূত-ভবিয়ৎ সকল গ্রন্থের মধ্যে তুমিই শ্রেষ্ঠ গ্রন্থ। যতদিন না
সেই ভিতরের অন্তর্থামী শুরুর প্রকাশ হচ্ছে, ততদিন বাহিরের উপদেশ সব
রুখা। বাহিরের শিক্ষাঘারা যদি হাদয়রূপ গ্রন্থ খুলে যায়, তবেই তার কিছু
মূল্য আছে—বলা যেতে পারে।

আমাদের ইচ্ছাশক্তিই সেই 'ক্স মৃত্ বাণী'; সেই ষথার্থ নিয়ন্তা, ষে আমাদের বলছে—এই কাজ কর, এই কাজ ক'রো না। এই ইচ্ছাশক্তি আমাদের যত বন্ধনের মধ্যে এনেছে। অজ্ঞ ব্যক্তির ইচ্ছাশক্তি তাকে বন্ধনে ফেলে, আর সেইটেই জ্ঞানপূর্বক পরিচালিত হ'লে আমাদের মৃক্তি দিতে পারে। সহস্র সহস্র উপায়ে ইচ্ছাশক্তিকে দৃঢ় করা যেতে পারে, প্রত্যেক উপায়ই এক এক প্রকার যোগ; তবে প্রণালীবন্ধ যোগের ঘারা এটা থ্ব শীঘ্র সাধিত হ'তে পারে। ভক্তিযোগ, কর্মযোগ, রাজযোগ ও জ্ঞানযোগের ঘারা থ্ব নিশ্চিত-রূপে কৃতকার্য হওয়া যায়। মৃক্তিলাভ করবার জন্ত তোমার যত প্রকার শক্তি আছে সব প্রয়োগ কর; জ্ঞানবিচার, কর্ম, উপাসনা, ধ্যান—সমৃদ্য় অবলম্বন কর, সব পাল এক সঙ্গে তুলে দাও, সব কলগুলি পুরাদমে চালাও, আর গন্ধব্যস্থানে উপনীত হও। যত শীঘ্র পারো, ততই ভাল ট

ঞ্জীটানদের ব্যাপ্টিজ্মু (baptism) সংস্কার একটা বাহুশুদ্ধি-স্বরূপ---এটি অস্তঃশুদ্ধির প্রতীক। বৌদ্ধর্ম থেকে এর উৎপত্তি।

প্রীষ্টানদের ইউকাপরিষ্ট নামক অমুষ্ঠান অ্বসভ্য জাতিসমূহের একটি অতি প্রাচীন প্রথার অবশেষ। ঐ-সব অসভ্য জাতি—কখন কখন তাদের বড় বড় নেতারা যে-সব গুণে মহৎ হয়েছেন, সেইগুলি পাবার আশায় তাঁদের মেরে ফেলত এবং তাঁদের মাংস খেত। তাদের বিশ্বাস ছিল, বে-সকল শক্তিতে

তাদের নেতা বীর্ষবান্, সাহসী ও জ্ঞানী হয়েছিলেন, এই উপায়ে সেই শক্তিগুলি তাদের ভিতর আসবে, আর কেবল এক ব্যক্তি এরপ বীর্ষবান্ ও জ্ঞানী না হয়ে সমগ্র জাতিটাই এরপ হবে। নরবলিপ্রথা য়াহদীজাতির ভিতরও ছিল, আর তাঁদের দিখর জিহোবা এ প্রথার জন্ম তাদের অনেক শান্তি দিলেও সেটা তাদের ভিতর থেকে একেবারে লোপ পায়নি। বীশু নিজে শাস্তপ্রকৃতি ও প্রেমিক প্রুষ ছিলেন, কিন্তু তাঁকে য়াহুদীজাতির বিশ্বাসের সঙ্গে থাপ থাইয়ে প্রচার করবার চেটার ফলে খ্রীষ্টানদের মধ্যে এই মতবাদের উৎপত্তি হ'ল যে, যীশু কুশে বিদ্ধ হয়ে সমগ্র মানবজাতির প্রতিনিধি-রূপে নিজেকে বর্লি দিয়ে ঈশ্বরকে সম্ভষ্ট করলেন। য়াহুদীদের মধ্যে পূর্বে এক প্রথা ছিল—তাঁদের প্রোহিতেরা মন্ত্রপাঠ ক'রে ছাগলের উপর মাহ্নমের পাপ চাপিয়ে দিয়ে তাকে জঙ্গলে তাড়িয়ে দিতেন—এথানে ছাগলের বদলে মাহুয়, এই তফাত। এই নিষ্টুর ভাব প্রবেশ করার দক্ষন খ্রীষ্ট্রধর্ম যীশুর যথার্থ শিক্ষা থেকে অনেক দ্বে সরের গেল এবং তার ভিতর পরের উপর অত্যাচার করবার ও অপরের রক্তপাত করবার ভাব এল।

কোন কাজ করবার সময় ব'লো না, 'এটা আমার কর্তব্য'; বরং বলো, 'এটা আমার স্বভাব'।

'দত্যমেব জ্বয়তে নান্তম্'—সত্যেরই জ্বর হয়, মিথ্যার হয় না। সত্যের উপর প্রতিষ্ঠিত হও, তা হলেই তুমি ভগবানকে লাভ করবে।

অতি প্রাচীনকাল থেকে ভারতে ব্রাহ্মণজাতি নিজেদের সর্বপ্রকার বিধিনিষেধের অতীত ব'লে ঘোষণা করেছেন, তারা নিজেদের 'ভূদেব' ব'লে দাবি করেন। তারা খ্ব দরিদ্রভাবে থাকেন, তবে তাঁদের দোষ এই ষে, তাঁরা আধিপত্য বা প্রভূত্ব খোঁজেন। ষাই হোক, ভারতে প্রায় ছয় কোটা ব্রাহ্মণের বাস; তাঁদের কোনপ্রকার বিষয়-আশয় নেই, অথচ তাঁরা বেশ ভাল লোক, নীতিপরায়ণ। আর এইরপ হবার কারণ এই ষে, বাল্যকাল থেকেই তাঁরা শিক্ষা পেয়ে আসছেন ষে, তাঁরা বিধিনিষেধের অতীত, তাঁদের কোন প্রকার শান্তির বিধান নেই। তাঁরা নিজেদের 'বিজ' বা ঈশ্বতেনয় জ্ঞান ক'রে থাকেন।

রবিবার, ২৮শে জুলাই

(দন্তাত্ত্রেয় '-ক্বত অবধৃত-গীতা)

'মনের স্থিরতার উপর সমুদয় জ্ঞান নির্ভর করছে।'

'যিনি সমগ্র জগৎপ্রপঞ্চে পূর্ণভাবে বিরাজ করছেন, যিনি শ্যাত্মার মধ্যে আত্ম-স্বরূপ, তাঁকে আমি নমস্কার করি কিরূপে ?'

আত্মাকে আমার নিজের স্বভাব—নিজের স্বরূপ ব'লে জানাই পূর্ণজ্ঞান এবং প্রভাকাহভূতি। 'আমিই তিনি, এ-বিষয়ে কিছুমাত্র সংশয় নেই।'

'কোন চিন্তা, কোন বাক্য বা কোন কার্যই আমার বন্ধন উৎপন্ন করতে পারে না। আমি ইন্দ্রিয়াতীত, আমি চিদানন্দস্বরূপ।'

'অন্তি নান্তি' কিছুই নেই, সবই আত্ম-স্বরূপ। সবই আপেক্ষিক ভাব।
সম্দয় ঘদ্দ দ্ব ক'বে দাও, সব কুসংস্কার ঝেড়ে ফেলো, জাতি কুল দেবতা—
আর যা কিছু—সব চ'লে যাক। ব্রন্ধ হওয়া বা হয়ে যাওয়া—এ-সবের
কথা কেন বলো? বৈত অবৈত বাদের কথাও ছেড়ে দাও। তুমি হই ছিলে
কবে যে তুই ও একের কথা ব'লছ? এই জগৎপ্রপঞ্চ সেই নিত্যশুদ্ধ
বন্ধাত্ত, তিনি ছাড়া আর কিছু নয়। যোগের ঘারা শুদ্ধ হবো, এ-কথা
ব'লো না—তুমি স্বয়ং যে শুদ্ধ-স্বভাব। কেউ তোমায় শিক্ষা দিতে পারে না।

যিনি এই গীতা লিখেছেন, তাঁর মতো লোকই ধর্মটাকে জীবস্ত রেখেছেন।
তাঁরা বাস্তবিকই দেই ব্রহ্মস্বরূপ উপলব্ধি করেছেন। তাঁরা কোন কিছু গ্রাহ্য
করেন না, শরীরের স্থধহংথ গ্রাহ্য করেন না, শীত-উষ্ণ বা বিপদ-আপদ বা
. অহা কিছু মোটেই গ্রাহ্য করেন না। জলস্ত অঙ্গার তাঁদের দেহকে দগ্ধ
করতে থাকলেও তাঁরা স্থির হয়ে ব'দে আত্মানন্দ সম্ভোগ করেন, গা ষে
পুড়ছে, তা তাঁরা টেরই পান না।

'জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয়-রূপ ত্রিবিধ বন্ধন যখন দূর হয়ে যায়, তথনই আত্ম-স্বরূপের প্রকাশ হয়।'

'ষ্খন বন্ধন ও মুক্তিরূপ ভ্রম চলে যায়, তথনই আত্মস্বরূপের প্রকাশ হয়।'

'মন:দংষম ক'রে থাকো তাতেই বা কি, না ক'রে থাকো তাতেই বা কি ? া তোমার অর্থ থাকে তাতেই বা কি, না থাকে তাতেই বা কি ? তুমি নিত্যশুদ্ধ

দন্তাত্তের মৃনি—অতি ও অনস্য়ার পুত্র, এক শরীরে ব্রহ্মা বিষ্ণু মহেখরের অবতার।

। বলো আমি আত্মা, কোন বন্ধন কথনও আমার কাছে ঘেঁষতে পারেনি। আমি অপরিণামী নির্মল আকাশস্বরূপ; নানাবিধ বিশাস বা ধারণারূপ মেঘ আমার উপর দিয়ে চলে যেতে পারে, কিন্তু আমাকে ভারা স্পর্শ ই করতে পারে না।

'ধর্মাধর্য—পাপপুণ্য উভয়কেই দগ্ধ ক'রে ফেলো। মৃক্তি ছেলেমাত্মী কথামাত্র। আমি সেই অবিনাশী জ্ঞানস্বরূপ, আমি সেই পবিত্রতাস্বরূপ।'

'কেউ কখন বদ্ধ হয়নি, কেউ কখন মুক্তও হয়নি। আমি ছাড়া কেউ নেই। আমি অনস্তস্বরূপ, নিত্যমুক্তস্বভাব। আমাকে আর শেখাতে এসো না—আমি চিদ্ঘনস্বভাব, কিসে আমার এই স্বভাব বদলাতে পারে? কাকেই বা শেখানো ষেতে পারে? কে শেখাতে পারে?'

তর্কযুক্তি, জ্ঞানবিচার ছুঁড়ে আঁস্তাকুড়ে ফেলে দাও।

'বদ্ধস্থভাব লোকই অপরকে বদ্ধ দেখে, ভ্রাস্ত ব্যক্তিই অপরকে ভ্রাস্ত মনে করে, যে অপবিত্র দেই অপবিত্রতা দেখে থাকে।'

দেশ-কাল-নিমিত্ত—এ সবই ভ্রম। তুমি যে মনে ক'রছ তুমি বন্ধ আছ,
মৃক্ত হবে—এটা তোমার রোগ। তুমি অপরিণামী সত্তা। কথা বন্ধ কর,
চুপ ক'রে ব'দে থাকো—সব জিনিস তোমার সামনে থেকে উড়ে যাক—
ওগুলি স্থামাত্র। পার্থক্য বা ভেদ ব'লে কোন কিছু নেই, ও-সব কুসংস্কারমাত্র।
অতএব মৌনভাব অবলম্বন কর, আর নিজের স্বরূপ অবগত হও।

'আমি আনন্দ্যনম্বরূপ।' কোন আদর্শের অমুসরণ করবার দরকার নেই

—তুমি ছাড়া আর কি আছে ? কিছুতে ভয় পেও না। তুমি সারসভাম্বরূপ।
শাস্তিতে থাকো—নিজেকে ব্যতিব্যস্ত ক'রো না। তুমি কখনও বন্ধ হওনি।
পুণ্য বা পাপ তোমাকে স্পর্শ করেনি। এই সমস্ত ভ্রম দূর ক'রে দিয়ে
শাস্তিতে থাকো। কাকে উপাসনা করবে ? কেই বা উপাসনা করে ? সবই
তো আত্মা। কোন কথা কওয়া, কোনরূপ চিস্তা করাই কুসংস্কার। বার
বার বলো—'আমি আত্মা, আমি আত্মা'। আর সব উড়ে যাক

সোমবার, প্রাতঃকাল, ২৯শে জুলাই

আমরা কখন কখন কোন জিনিদ নির্ণয় করতে হ'লে তার পরিবেশ বর্ণনা ক'রে থাকি। একে ভটস্থ লক্ষণ বলে। আমরা যখন ব্রহ্মকে 'সচ্চিদানন্দ' নামে অভিহিত করি, প্রকৃতপক্ষে আমরা তথন সেই অনির্বাচ্য সর্বাতীত সন্তারূপ সমৃদ্রের তটের কিছু কিছু বর্ণনা করছি মাত্র। আমরা একে 'অন্তি' বলতে পারি না, কারণ 'অন্তি' বলতে গেলেই তার বিপরীত 'নান্তি'র জ্ঞানও হয়ে থাকে, স্কৃতরাং তাও আপেক্ষিক। তাঁর সম্বন্ধে কোন ধারণা, কোন প্রকার কল্পনা ঠিক ঠিক হ'তে পারে না। কেবল 'নেতি, নেতি'—এ নয়, ও নয়—এই বলেই তাঁকে বর্ণনা করা যেতে পারে, কারণ তাঁকে চিস্তা করতে গেলেও সীমাবদ্ধ করতে হয়; স্কৃতরাং চিস্তা দ্বারা তাঁকে পাওয়া যায় না।

ইন্দ্রিয়গুলো দিবারাত্র তোমায় (ভূলজ্ঞান এনে দিয়ে) প্রতারিত করছে। বেদাস্ত অনেককাল আগে এটি আবিষ্ণার করেছেন। আধুনিক বিজ্ঞান সবেমাত্র ঐ তত্তটি বুঝতে আরম্ভ করেছে। একথানা ছবির প্রকৃতপক্ষে কেবল দৈর্ঘ্য ও প্রস্থ আছে। কিন্তু চিত্রকর ছবিথানিতে কুত্রিমভাবে গভীরতার ভাব ফলিয়ে প্রকৃতির প্রতারণা অন্থকরণ ক'রে থাকে। তৃজন লোক কথনও এক জগৎ দেখে না। চূড়ান্ত জ্ঞানলাভ হ'লে তুমি দেখতে পাবে—কোন বম্বতে কোন প্রকার গতি, কোন প্রকার পরিণাম নেই। কোন প্রকার গতি বা পরিবর্তন আছে, আমাদের এই ধারণাই মায়া। প্রকৃতিকে সমষ্টিভাবে আলোচনা কর অর্থাৎ গতির তত্ত্ব আলোচনা কর। দেহ ও মন কোনটাই আমাদের যথার্থ আত্মা নয়—ছই-ই প্রক্রতির অন্তর্গত, কিন্তু কালে আমরা এদের ভিতরের সারসত্য—যথার্থ তত্তকে জানতে পারি। তথন আমরা দেহ-মনের পারে চলে ষাই, স্থতরাং দেহ-মনের দারা যা কিছু অহভেব হয়, ভাও চলে যায়। যথন তুমি এই জগৎপ্রপঞ্চকে দেখতে পাবে না বা জানডে পারবে না, তথনই তোমার আত্মোপলির হবে। আমাদের বাস্তবিক প্রয়োজন এই দ্বৈত বা আপেক্ষিক জ্ঞানকে অভিক্রম করা। অনস্ত মন বা অনস্ত জ্ঞান ব'লে কিছুই নেই, কারণ মন ও জ্ঞান উভয়ই সদীম। আমরা এখন আবরণের মধ্য দিয়ে দেখছি—তারপর ক্রমশঃ আবরণকে অতিক্রম ক'রে আমরা আমাদের সমুদয় জ্ঞানের সারসত্যস্বরূপ সেই অজ্ঞাত বস্তুর কাছে পৌছব।

যদি আমরা একট। কার্ডবোর্ডের ছোট ফুটোর মধ্য দিয়ে একখানা ছবি দেখি, তা হ'লে আমরা ঐ ছবির সম্বন্ধে একটা সম্পূর্ণ প্রাপ্ত ধারণা লাভ করি; তথাপি আমরা যা দেখি, তা বাস্তবিক ছবিটাই। ফুটোটা যত বড় করতে থাকি, ততই আমরা ছবিটার সম্বন্ধে পরিষ্কার ধারণা পেতে থাকি। আমাদের নামরূপের ভ্রমাত্মক উপলব্ধি অনুসারে আমরা সত্য জিনিসটারই সম্বন্ধে বিভিন্ন ধারণা ক'রে থাকি। আবার যথন আমরা কার্ডবোর্ডখানা ফেলে দিই, তখনও আমরা সেই একই ছবি দেখে থাকি, কিন্তু এবার ছবিটাকে ঠিক ঠিক দেখতে পাই। আমরা ঐ ছবিটাতে যত বিভিন্ন প্রকার গুণ বা ভ্রমাত্মক ধারণা আরোপ করি না কেন, তা বারা ছবিটার কিছু পরিবর্তন হয় না। এইরূপ আত্মাই সকল বন্ধর মূল সত্যস্বরূপ—আমরা যা কিছু দেখছি, সবই আত্মা; কিন্তু আমরা যেভাবে এদের নামরূপাকারে দেখছি, দেভাবে নয়। ঐ নামরূপ আবরণের অন্তর্গত—মায়ার অন্তর্গত।

এগুলি যেন দ্রবীনের কাচের উপরের দাগ; আবার যেমন স্থের আলোকের ঘারাই আমরা এ দাগগুলি দেখতে পাই, সেইরূপ ব্রহ্মরূপ সভারত্ত পশ্চাতে না থাকলে আমরা মায়াটাকেও দেখতে পেতাম না। 'য়৾মী বিবেকানন্দ' ব'লে মায়্র্যটা ঐ দ্রবীনের কাচের উপর একটা দাগমাত্র। প্রকৃত 'আমি' সতাস্বরূপ অপরিণামী আত্মা, আর কেবল সেই সতারত্তটাই আমাকে — (নামরূপাত্মক) স্বামী বিবেকানন্দ দেখতে সমর্থ করছে। প্রত্যেকটি ভ্রমেরও দারস্তা আত্মা—আর ষেমন স্থ কথন ঐ কাচের উপরের দাগগুলির সঙ্গে এক হয়ে যায় না, দাগগুলি আমাদের দেখিয়ে দেয় মাত্র, সেইরূপ আত্মাও কথনও নামরূপের সঙ্গে মিশিয়ে যান না। আমাদের শুভ ও অশুভ কর্মসমূহ ঐ দাগগুলিকে যথাক্রমে কমায় বাড়ায় মাত্র, কিছু তারা আমাদের অন্তর্থামী ঈশ্বরের উপর কোন প্রভাব বিস্তার করতে পারে না। মনের দাগগুলি সম্পূর্ণরূপে পরিষ্কার ক'রে ফেলো। তা হলেই আমরা দেখব—'আমি ও আমার পিতা এক।'

আগে আমাদের অহস্তৃতি হয়, যুক্তিবিচার পরে এসে থাকে। আমাদের এই অহুভৃতি লাভ করতে হবে, আর এই প্রত্যক্ষাহুভৃতিই হ'ল বান্তবিক ধর্ম। কোন ব্যক্তি শাস্ত্র, বিভিন্ন ধর্মমত বা অবতারের কথা না শুনে থাকতে পারে, কিন্তু তার যদি প্রত্যক্ষ অহুভৃতি হয়ে থাকে, তবে আর কিছু দরকার নেই। চিন্তু শুদ্ধ কর—এই হচ্ছে ধর্মের সার কথা; আর আমরা নিজেরা যতক্ষণ না মনের ঐ দাগগুলো দূর করছি, ততক্ষণ আমরা সেই সভ্যন্ধরূপকে ঠিক ঠিক দির্শন করতে পারি না। শিশু কোথাও কোন পাপ দেখতে পায় না, কারণ

বাইরের পাপটার পরিমাণ নির্ণয় করবার কোন মাপকাঠি তার নিজের ভিতর নেই। তোমার ভিতর যে দোষগুলি আছে, দব দ্র ক'রে ফেলো—তা হলেই তুমি আর বাইরে কোন দোষ দেখতে পাবে না। ছোটছেলের দামনে চ্রিডাকাভি হয়ে যাচ্ছে, তার কাছে এর কোন অর্থ ই নেই, দে এর ক্লিছুই বোঝে
না। ধাঁধার ছবির ভিতর লুকানো জিনিসটা একবার মৃদ্ধি দেখতে পাও,
তা হ'লে পরেও সর্বদাই দেখতে পাবে। এইরূপে যখন তুমি একবার মৃক্ত ও
নির্দোষ হয়ে যাবে, তখন জগৎপ্রপঞ্চের ভিতর তুমি মৃক্তি ও শুদ্ধতা ছাড়া
আর কিছু দেখতে পাবে না। দেই মৃহুর্তেই হদয়ের গ্রন্থি দব ছিল্ল হয়ে যায়,
সব বাঁকাচোরা দিধা হয়ে যায়, আর এই জগৎপ্রপঞ্চ স্বপ্রের মতো মিলিয়ে
যায়। আর য়ুম ভাঙলে ভেবে আশ্চর্য হই যে কি ক'রে এই সব বাজে স্বপ্র

'হাঁকে লাভ করলে পর্বতপ্রমাণ হৃঃখও হৃদয়কে বিচলিত করতে পারে না', তাঁকে লাভ করতে হবে।'

জ্ঞানকুঠার দ্বারা দেহমনরূপ চক্রদ্বাকে পৃথক্ ক'রে ফেলো, তা হলেই আত্মা মৃক্রদ্বরূপ হয়ে পৃথক্ভাবে দাঁড়াতে পারবে—যদিও পুরাতন বেগে তখনও দেহমনরূপ-চক্র থানিকক্ষণের জ্বন্ত চলবে। তবে তখন চাকাটি সোজাই চলবে, অর্থাৎ এই দেহমনের দ্বারা তখন শুভ কার্যই হবে। যদি সেই শরীরের দ্বারা কিছু মন্দ কার্য হয়, তা হ'লে জেনো, সে ব্যক্তি জীবমুক্ত নয়—যদি সে আপনাকে 'জীবমুক্ত' ব'লে দাবি করে, তবে সে মিথ্যা কথা বলছে। এটাও ব্যতে হবে যে, যথন চিত্তশুদ্ধির দ্বারা চক্রের বেশ সরল গতি এসে গেছে, সেই সময়ই তার উপর কুঠারপ্রয়োগ সম্ভব। সকল শুদ্ধিকর কর্মই জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে ভ্রম বা অজ্ঞানকে নই করছে। অপরকে পাপী বলাই সবচেয়ে গহিত কাজ। ভাল কাজ না জেনে করলেও তার ফল একই প্রকার হয়—তা বন্ধন-মোচনের সহায়তা করে।

দূরবীনের কাচের দাগগুলি দেখে স্থিকেও দাগযুক্ত মনে করাই আমাদের মৌলিক ভ্রম। সেই 'আমি'-রূপ স্থ কোনপ্রকার বাহ্ছ-দোষে লিগু নন— এইটি জেনে রাখো, আর নিজেকে ঐ দাগগুলি তুলতে নিযুক্ত কর। যত

১ গীতা, ধা২২

প্রাণী সম্ভব, তার মধ্যে মাহুষই শ্রেষ্ঠ। কৃষ্ণ, বৃদ্ধ ও থ্রীষ্টের স্থায় মহুয়োর উপাসনাই সর্বশ্রেষ্ঠ উপাসনা। তোমার যা কিছুরই অভাব বোধ হয়, তাই তৃমি স্থাষ্ট ক'রে থাকো,—বাসনামূক্ত হও।

দেবতারা ও পরলোকগত ব্যক্তিরা সকলে এখানেই রয়েছেন—এই জগৎকেই তাঁরা স্বর্গ ব'লে দেখছেন। একই অজ্ঞাত বস্তুকে সকলে নিজ নিজ মনের ভাব অমুষায়ী ভিন্ন ভিন্ন রূপে দেখছে। এই পৃথিবীতেই কিন্তু এ অজ্ঞাত বস্তুর উৎকৃষ্ট দর্শনলাভ হ'তে পারে। কখনও স্বর্গে যাবার ইচ্ছা ক'রো না—এইটেই সব চেয়ে নিকৃষ্ট ভ্রম। এই পৃথিবীতেও খুব বেশী পয়সা থাকাও ঘোর দারিন্তা, তুই-ই বন্ধন—তুই-ই আমাদের ধর্মপথ থেকে, মৃক্তিপথ থেকে দ্বে রাখে। তিনটি জিনিস এ পৃথিবীতে বড় তুর্লভ: প্রথম—মহয়তদেহ (মহয়মনেই ঈশরের উৎকৃষ্ট প্রতিবিদ্ধ বিভ্রমান; বাইবেলে আছে, 'মাহ্ময় ঈশরের প্রতিমৃতিস্বরূপ')। দিতীয়—মৃক্ত হবার জন্ত প্রবল আকাজ্ঞা। তৃতীয়—মহাপুক্ষের আশ্রয়লাভ, যিনি স্বয়ং মান্নামোহ-সমৃত্র পার হয়ে গেছেন, এমন মহাত্মাকে গুরুরূপে পাওয়া'। এই তিনটি ঘদি পেয়ে থাকো, তবে ভ্রমবান্কে ধন্যবাদ দাও, তুমি মৃক্ত হবেই হবে)

কৈবল তর্কযুক্তির ঘারা তোমার যে সত্যের জ্ঞান লাভ হয়, তা একট। নৃতন যুক্তিতর্কের ঘারা উড়ে যেতে পারে, কিন্তু তুমি যা সাক্ষাৎ প্রত্যক্ষ অমূভব কর, তা তোমার কোনকালে যাবার নয়। ধর্মস্বন্ধে কেবল বচনবাগীশ হ'লে কিছু ফল হয় না। যে-কোন বস্তুর সংস্পর্শে আসবে—যেমন মামুষ, জানোয়ার, আহার, কাজকর্ম—সকলের পশ্চাতে ব্রহ্মদৃষ্টি কর; আর এইরূপ সর্বত্র ব্রহ্মদৃষ্টি করাকে একটা অভ্যাসে পরিণত কর।

হিলারসোল ' আমায় একবার বলেন, 'এই জগৎটা থেকে যতদ্র লাভ করা যেতে পারে, তার চেষ্টা সকলের করা উচিত—এই আমার বিশাস। কমলালেব্টাকে নিংড়ে যতটা সম্ভব রস বার ক'রে নিতে হবে, যেন এক ফোঁটা

তুর্লভং ত্রয়মেটবতং দেবাপুগ্রহহেতৃকন্।
 মপুগ্রত্বং মৃমুকুত্বং মহাপুরুষদংশ্রয়ঃ। — বিবেকচ্ডামণি, ৩

২ Robert Ingersoll—আমেরিকার বিখ্যাত অজ্ঞেরবাদী।

রসও বাদ না ষায়; কারণ এই জগং ছাড়া অপর কোন জগতের অন্তিত্ব সহজে আমরা স্থানিশিত নই।' আমি তাঁকে উত্তর দিয়েছিলাম: এই জগংরূপ কমলালের নিংড়াবার যে প্রণালী আপনি জানেন, তার চেয়ে ভাল প্রণালী আমি জানি, আর আমি তা ছারা বেশী রস পেয়ে থাকি। আমি জানি আমার মৃত্যু নেই, স্থতরাং আমার ঐ রস নিংড়ে নেবার তাড়া নেই। আমি জানি ভয়ের কোন কারণ নেই, স্থতরাং বেশ ক'রে ধীরে ধীরে আনন্দ ক'রে নিংড়াচ্ছি। আমার কোন কর্তব্য নেই, আমার ত্রীপুত্রাদি ও বিষয়সম্পত্তির কোন বন্ধন নেই, আমি সকল নরনারীকে ভালবাসতে পারি। সকলেই আমার পক্ষে ব্রহ্মস্থরর ভগবান্ ব'লে ভালবাসলে কি আনন্দ— একবার ভেবে দেখুন দেখি! কমলালের্টাকে এইভাবে নিংড়ান দেখি— অন্তভাবে নিংড়া রস পান, তার চেয়ে দশহাজারগুণ রস পাবেন—একটি কোঁটাও বাদ যাবে না। প্রত্যেকটি কোঁটাই পাবেন।

যাকে আমাদের 'ইচ্ছা' ব'লে মনে হচ্ছে, সেটা প্রকৃতপক্ষে আমাদের অন্তরালস্থ আত্মা, এবং বাস্তবিকই মুক্তস্বভাব্র।

সোমবার, অপরাহু

যীশুখীষ্ট অসম্পূর্ণ ছিলেন, কারণ তিনি যে আদর্শ প্রচার করেছিলেন, ভদহসারে সম্পূর্ণভাবে জীবনযাপন করেননি, আর সর্বোপরি তিনি নারীগণকে পুরুষের তুল্য মর্যাদা দেননি। মেয়েরাই তাঁর জন্ম সব করলে, কিন্তু তিনি রাহদীদের দেশাচার বারা এতদ্র বন্ধ ছিলেন ষে, একজন নারীকেও তিনি 'প্রেরিড শিন্ত' (Apostle) পদে উন্নীত করলেন না। তথাপি উচ্চতম চরিত্র হিসাবে বৃদ্ধের পরেই তাঁর স্থান—আবার বৃদ্ধও যে একেবারে সম্পূর্ণ নিশুত ছিলেন, তা নয়। যাই হোক, বৃদ্ধ ধর্মরাজ্যে পুরুষের সহিত স্ত্রীলোকের সমানাধিকার স্বীকার করেছিলেন, আর তাঁর নিজের স্ত্রীই তাঁর প্রথম ও একজন প্রধানা শিন্তা। তিনি বৌদ্ধ ভিক্ষ্ণীদের অধিনামিকা হয়েছিলেন। আমাদের কিন্তু এই-সকল মহাপুরুষের সমালোচনা করা উচিত নয়, আমাদের শুরু উচিত—তাঁদের আমাদের চেয়ে অনস্তর্গুণে শ্রেষ্ঠ জ্ঞান করা। তা হলেও কিন্তু যিনি যত বড়ই হোন না কেন, কোন মাহ্যুষ্কেই আমাদের শুরু বিশ্বাস ক'রে পড়ে থাকলে চলবে না, আমাদেরও বৃদ্ধ ও খ্রীই হ'তে হবে।

কোন ব্যক্তিকেই তার দোষ বা অসম্পূর্ণতা দেখে বিচার করা উচিত নয়।
মাহ্যের যে বড় বড় গুণগুলি দেখা যায়, দেগুলি তার নিজের, কিন্তু তার
দোষগুলি মহয়জাতির সাধারণ ত্র্বলতা মাত্র; স্থতরাং তার চরিত্র বিচার
করবার সময় দেগুলি কখন গণনা করতে নেই।

* * *

ইংরেজী ভাচু (virtue)-শন্ধটি সংস্কৃত 'বীর' শন্ধ থেকে এসেছে; কারণ প্রাচীনকালে শ্রেষ্ঠ যোদ্ধাদেরই লোকে শ্রেষ্ঠ ধার্মিক লোক ব'লে বিবেচনা ক'রত

মঙ্গলবার, ৩০শে জুলাই

খ্রীষ্ট ও বৃদ্ধের মতো মহাপুরুষেরা কেবল বহিরবলম্বন; তাঁদের উপর আমাদের ভিতরের শক্তিগুলি আমরা আরোপ ক'রে থাকি মাত্র। প্রকৃতপক্ষে আমরাই আমাদের প্রার্থনার উত্তর দিয়ে থাকি।

যীশু যদি না জন্মাতেন, তবে মহুয়জাতির কখন উদ্ধার হ'ত না—এরপ ভাবা ঈশ্বরনিন্দার সমান। মহুয়-শ্বভাবের ভিতর যে এশ্বরিক ভাব অস্তর্নিহিত রয়েছে, তাকে এরপে ভূলে যাওয়া বড় ভয়ানক—এ এশ্বরিক ভাব কোন-না-কোন সময়ে প্রকাশিত হবেই হবে। মহুয়-শ্বভাবের মহত্ব কখনও ভূলোনা। ঈশ্বর অতীতে যা হয়েছেন, ভবিয়তে যা হবেন, তার মধ্যে শ্রেষ্ঠ প্রকাশ আমরাই। 'আমি'ই সেই অনস্ত মহাসমূদ্র—প্রীষ্ট ও বৃদ্ধগণ তারই উপরে তরক্ত-মাত্র। তোমার নিজের অস্তরাত্মা ব্যতীত আর কারও কাছে মাথা নত ক'রো না। যতক্ষণ না তৃমি নিজেকে সেই দেবদেব ব'লে জানতে পারছ, ততক্ষণ তোমার মৃক্তি হ'তে পারে না।

আমাদের সকল অতীত কর্মই বাস্তবিক ভাল, কারণ কর্মগুলিই আমাদের চরম আদর্শ লাভ করিয়ে দেয়। কার কাছে আমি ভিক্ষা ক'রব ?—আমিই যথার্থ সন্তা, আর ষা কিছু আমার স্বন্ধপ থেকে ভিন্ন ব'লে প্রতীয়মান হয়, তা স্বপ্রমাত্র। আমি সমগ্র সমৃত্র ; তুমি নিজে ঐ সমৃত্রে যে একটি ক্ষ্ত্র তরক্ষের সৃষ্টি করেছ, সেটাকে 'আমি' ব'লো না। সেটা ঐ তরক্ষ ছাড়া আর কিছুই নয় ব'লে জেনো। সত্যকাম (অর্থাৎ সত্যলাভের জন্ম বার প্রবল আকাজ্জা হয়েছে) শুনতে পেলেন—তাঁর অস্তবের বাণী তাঁকে বলছে, 'তুমি অনস্তম্বন্ধপ,

সেই সর্বব্যাপী সত্তা তোমার ভিতরে রয়েছে।' নিজেকে সংষ্ঠ কর, আর তোমার ষ্থার্থ আত্মার বাণী শ্রবণ কর।

যে-সকল মহাপুরুষ প্রচারকার্যের জন্ম প্রাণপাত ক'রে যান, তাঁরা যে-সকল মহাপুরুষ নির্জনে নীরবে মহাপবিত্র জীবনযাপন করেন, বড় বড় ভাব চিস্তা ক'রে যান এবং ঐরপে জগতের সাহায্য করেন, তাঁদের তুলনায় অপেক্ষাকৃত অসম্পূর্ণ। ঐ-সকল শান্তিপ্রিয় নির্জনবাসী মহাপুরুষ একের পর এক আবিভূতি হন—শেষে তাঁদের শক্তিরই চরমফলস্বরূপ এমন এক শক্তিসম্পন্ন পুরুষের আবির্ভাব হয়, যিনি সেই তত্ত্তিলি চারিদিকে প্রচার ক'রে বেড়ান।

জ্ঞান স্বতই বর্তমান রয়েছে, মাহ্নষ কেবল সেটা আবিষ্কার করে মাত্র। বেদসমূহই এই চিরস্তন জ্ঞান—যার সহায়তায় ঈশ্বর এই জগৎ স্বষ্টি করেছেন। ভারতের দার্শনিকগণ উচ্চতম দার্শনিক তত্ত্ব ব'লে থাকেন, আর এই প্রচণ্ড দাবিও ক'রে থাকেন।

সত্য যা, তা সাহসপূর্বক নির্ভীকভাবে লোকের কাছে বলো,—এ সত্য প্রকাশের জন্ম ব্যক্তিবিশেষের কষ্ট হ'ল বা না হ'ল, সে দিকে থেয়াল ক'রো না। ত্র্বলতাকে আমল দিও না। সত্যের জ্যোতিঃ বৃদ্ধিমান্ লোকদের পক্ষেও যদি অতিমাত্রায় প্রথর বোধ হয়, তারা যদি তা সহ্য করতে না পারেন, সত্যের বক্যায় যদি তাঁদের ভাসিয়ে নিয়ে যায়, তা যাক—যত শীঘ্র যায়, ততই ভাল। ছেলেমাহ্যী ভাব সব শিশুদের ও ব্নো অসভ্যদেরই শোভা পায়; কিন্তু দেখা যায়, এসব ভাব কেবল শিশুমহলে বা জললেই আবদ্ধ নয়, এ-সকল ভাবের অনেকগুলি ধর্মপ্রচারকের আসনেও উঠেছে।

আধ্যাত্মিক উন্নতিশাভ হ'লে আর সম্প্রদায়ের গণ্ডির মধ্যে আবদ্ধ থাকা খারাপ। তাথেকে বেরিয়ে এসে স্বাধীনতার মুক্ত বাতাসে দেহপাত কর।

উন্নতি যা কিছু, তা এই খ্যাবহারিক বা আপেক্ষিক জগতেই হয়ে থাকে।
মানবদেহই দর্বজ্রেষ্ঠ দেহ এবং মান্ত্রই দর্বোচ্চ প্রাণী, কারণ এই মানবদেহে এই
জন্মেই আমরা এই আপেক্ষিক জগতের সম্পূর্ণরূপে বাইরে যেতে পারি,
সত্যসত্যই মৃক্তির অবস্থা লাভ করতে পারি, আর ঐ মৃক্তিই আমাদের চরম
লক্ষ্য। শুধু যে আমরা পারি তা নয়, অনেকে সত্যসত্যই ইহজীবনে

ম্কাবস্থা লাভ করেছেন, পূর্ণতা প্রাপ্ত হয়েছেন। স্বতরাং কেউ এ দেহ ত্যাগ ক'রে যতই সক্ষ—সক্ষেত্র দেহ লাভ করুক, সে তখনও এই আপেক্ষিক জগতের ভিতরই রয়েছে, সে আর আমাদের চেয়ে বেশী কিছু করতে পারে না, কারণ মৃক্তিলাভ করা ছাড়া আর কি উচ্চাবস্থা লাভ করা যেতে পারে।

দেবতারা (angels) কখনও কোন অন্তায় কাজ করেন না, কাজেই তাঁরা শান্তিও পান না; স্থতরাং তাঁরা মৃক্ত হতেও পারেন না। সংসারের ধাকাই আমাদের জাগিয়ে দেয়, এই জগংস্থপ্প ভাঙবার সাহায্য করে। এরূপ ক্রমাগত আঘাতই এই জগতের অসম্পূর্ণতা ব্ঝিয়ে দেয়, আমাদের এ সংসার থেকে পালাবার—মৃক্তিলাভ করবার আকাজ্যা জাগিয়ে দেয়।

* *

কোন বস্তু যথন আমরা অস্পষ্টভাবে উপলব্ধি করি, তথন আমরা তার এক নাম দিই, আবার সেই জিনিসকেই যথন সম্পূর্ণ উপলব্ধি করি, তথন অগ্য নাম দিই। আমাদের নৈতিক প্রকৃতি যত উন্নত হয়, আমাদের উপলব্ধিও তত উৎকৃষ্ট হয়, আমাদের ইচ্ছাশক্তিও তত অধিক বলবতী হয়।

মঙ্গলবার, অপরাহু

আমরা যে জড় ও চিস্তারাশির ভিতর সামঞ্জ দেখতে পাই, তার কারণ উভয়ই এক অজ্ঞাত বস্তুর হুটি দিকমাত্র, সেই জিনিসটাই হুভাগ হয়ে বাহু ও আস্তুর হয়েছে।

ইংরেজী 'প্যারাডাইন' (Paradise)-শব্দি সংস্কৃত 'পরদেশ' শব্দ থেকে এনেছে, ঐ শব্দি পারশ্র ভাষায় চলে গিয়েছিল—(ফার-দৌস)-এর শব্দার্থ হচ্ছে দেশের পারে, অথবা অন্ত দেশ বা অন্ত লোক। প্রাচীন আর্থেরা বরাবরই আত্মায় বিশাস করতেন, তাঁরা মাহ্মকে কেবল দেহ ব'লে কখনও ভাবতেন না। তাঁদের মতে ম্বর্গ নরক—হই-ই অনিত্য ও সাস্ত, কারণ কোন কার্যই কখনও তার কারণ-নাশের পর স্থায়ী হ'তে পারে না, আর কোন কারণই কখনও চিরস্থায়ী নয়; স্থতরাং কার্য বা ফলমাত্রের নাশ হবেই। এই উপাখ্যানটিতে সমগ্র বেদাস্তদর্শনের সার রয়েছে:

সোনার মতে। পালকযুক্ত তৃটি পাথি একটা গাছে বদে আছে। উপরে যে পাথিটা বদে আছে, দে হির শাস্তভাবে নিজ মহিমায় নিজে বিভোর হয়ে রয়েছে; আর যে পাথিটা নীচের ভালে রয়েছে, দে দদাই চঞ্চল—ু এ গাছের ফল থাছে—কথন মিট ফল, কথন বা কটু ফল। একবার দে একটা অভিরিক্ত কটু ফল থেলে, তথন দে একটু স্থির হয়ে উপরের সেই মহিমময় পাথিটার দিকে চাইলে। কিন্তু আবার দে শীঘ্রই ভাকে ভূলে গিয়ে পূর্বের মভো দেই গাছের ফল থেতে লাগলো। আবার একটা কটু ফল থেলে—এইবার দে টুপ টুপ ক'রে লাফিয়ে উপরের পাথিটার ত্ব-এক ভাল কাছে গেল। এইরূপ অনেকবার হ'ল, অবশেষে নীচের পাথিটা একেবারে উপরের পাথিটার জায়গায় গিয়ে ব'দল, আর নিজেকে হারিয়ে ফেলল। দে অমনি ব্রলে যে, তুটো পাথি কোন কালেই ছিল না, দে নিজেই বরাবর শান্ত – স্থিরভাবে নিজ ময়—উপরের পাথিই ছিল।

বুধবার, ৩১শে জুলাই

প্রটেন্টান্টধর্ম-সংস্থাপক লুথার ধর্মসাধনের ভিতর থেকে সন্ন্যাস বা ত্যাগ বাদ দিয়ে তার স্থানে কেবল নীতিমাত্র প্রচার ক'রে ধর্মের সর্বনাশ ক'রে গেলেন। নান্তিক ও জড়বাদীরাও নীতিপরায়ণ হ'তে পারে, কেবল ঈশ্বরবিশাদীরাই ধর্মলাভ করতে পারে।

সমাজ যাদের অনং বলে, তারা মহাপুরুষদের পবিত্রতার মূল্য দেয়—স্কৃতরাং তাদের দেখলে তাদের দ্বণা না ক'রে ঐ কথা তাবা উচিত। যেমন গরীব লোকের পরিশ্রমের ফলে বড় লোকের বিলাসিতা সম্ভব হয়, আধ্যাত্মিক জগতেও সেইরুপ। ভারতের সাধারণ লোকের যে এত অবনতি দেখা যায়, সেটা মীরাবাদ, বুদ্ধ প্রভৃতি মহাত্মাদের উৎপন্ন করার জন্ম যেন প্রকৃতিকে তার মূল্য ধরে দিতে হয়েছে।

'আমিই পবিত্রাত্মাদের পবিত্রতা' 'আমিই সকলের মূল, প্রত্যেকে নিজের মতো ক'রে দেটি ব্যবহার ক'রে থাকে, কিন্তু সবই আমি।' 'আমিই সব করছি, তুমি নিমিত্তমাত্র।''

১ গীতা, ১১। ৩৩

বেশী কথা ব'লো না, তোমার নিজের ভিতর যে আত্মা রয়েছেন, তাঁকে অহভব কর, তবেই তুমি জ্ঞানী হবে। এই হ'ল জ্ঞান, আর সব অজ্ঞান। জ্ঞানবার বস্তু একমাত্র ব্রহ্ম, তিনিই সব

সূত্র মাহ্ন্যকে স্থা ও জ্ঞানের অন্তেষণে বন্ধ করে, রক্ষা বাসনা ছারা বন্ধ করে, তমা ভ্রমজ্ঞান আলস্ত প্রভৃতি ছারা বন্ধ করে। বন্ধা ও তমা—এই তৃটি নিমতর গুণকে সত্তের ছারা জয় কর, তারপর সমৃদ্য় ঈশ্বরে সমর্পণ ক'রে মৃক্ত হও।

ভক্তিযোগের দারা সাধক অতি শীঘ্র ব্রহ্মোপলন্ধি করেন ও তিন গুণের পারে চলে যান।

ইচ্ছা, চেতনা, ইন্দ্রিয়, বাসনা, রিপু—এইগুলি মিলিত হয়ে যা হয়েছে, তাকে আমরা 'জীবাত্মা' ব'লে থাকি ।)

প্রথম হচ্ছে প্রতীয়মান আত্মা (দেহ); দ্বিতীয়, মানস আত্মা— যে ঐ দেহটাকে 'আমি' ব'লে মনে করে (এইটি মায়াবদ্ধ ব্রহ্ম); তৃতীয়, যথার্থ আত্মা, যিনি নিত্যশুদ্ধ, নিত্যমূক্ত। তাঁকে আংশিকভাবে দেখলে 'প্রকৃতি' ব'লে বোধ হয়, আবার তাঁকেই পূর্বভাবে দেখলে সমন্ত প্রকৃতি উড়ে যায়; এমনকি তাঁর শ্বৃতি পর্যন্ত লুগু হয়ে যায়। প্রথম—পরিণামী ও অনিত্য (মরণধ্মী বা ধ্বংসশীল), দ্বিতীয়—সদা পরিবর্তনশীল, কিন্তু প্রবাহরূপে নিত্য (প্রকৃতি), তৃতীয়—কৃটস্থ নিত্য (আত্মা)।

(আশা সম্পূর্ণরূপে ত্যাগ কর, এই হ'ল সর্বোচ্চ অবস্থা। আশা করবার কি আছে? আশার বন্ধন ছিঁড়ে ফেলো, নিজের আত্মার উপর দাঁড়াও, স্থির হও; যাই কর না কেন, সব ভগবানে অর্পণ কর, কিন্তু তার ভিতর কোন কপটতা রেখো না।)

ভারতের কারও কুশল জিজ্ঞানা করতে 'স্বস্থ' (যা থেকে 'স্বাস্থা' কথাটা এনেছে) এই সংস্কৃত শব্দটি ব্যবহৃত হয়ে থাকে। 'স্বস্থ' শব্দের অর্থ—স্ব অর্থাৎ

১ গীতা, ১৪।৯

২ গীতা, ১৪।২৬

আত্মাতে প্রতিষ্ঠিত থাকা। কোন জিনিস দেখেছি, এটা ব্ঝাতে হ'লে হিন্দুরা ব'লে থাকে, 'আমি একটা পদার্থ দেখেছি।' 'পদার্থ' কি না পদ বা শব্দের অর্থ, অর্থাৎ শব্দপ্রতিপাত্য ভাববিশেষ। এমন কি এই জুগৎপ্রপঞ্চী তাদের কাছে একটা 'পদার্থ' (অর্থাৎ শব্দের অর্থ)।

জীবমুক্ত সিদ্ধ পুরুষের দেহ আপনা-আপনি ন্যায় কার্যই ক'রে থাকে (তার দারা অন্যায় কার্য হয় না)। তাঁর শরীর কেবল শুভ কার্যই করতে পারে, কারণ তা সম্পূর্ণ পবিত্র হয়ে গেছে। অৃতীত সংস্কাররূপ যে বেগের দারা তাঁদের দেহচক্র পরিচালিত হ'তে থাকে, তা সব শুভ সংস্কার। মন্দ সংস্কার সব দগ্ধ হ'য়ে গেছে।

দেই দিনকেই ষথার্থ তুর্দিন বলা যায়, যে দিন আমর। ভগবৎ-প্রদক্ষ না করি; কিন্তু যে দিন মেঘ-ঝড়-বৃষ্টি হয়, সে দিনকে প্রকৃতপক্ষে তুর্দিন বলা যায় না।

সেই পরম প্রভ্র প্রতি ভালবাসাকে ষথার্থ 'ভক্তি' বলা ষায়। অন্ত কোন পুরুষের প্রতি ভালবাসাকে—তিনি যত বড়ই হোন না কেন—ভক্তি বলা ষায় না। এখানে 'পরম প্রভু' বলতে পরমেশ্বরকে বুঝাচ্ছে, তোমরা পাশ্চাত্য দেশে ব্যক্তি-ভাবাপন্ন ঈশ্বর (Personal God) বলতে যা বোঝ, তাকে অতিক্রম ক'রে আছে এই ধারণা। 'ষা হ'তে এই জগৎপ্রপঞ্চের উৎপত্তি হচ্ছে, যাঁতে এর স্থিতি, আবার যাঁতে লয় হয়, তিনিই ঈশ্বর—নিত্য, শুদ্ধ, সর্ব-শক্তিমান্, সদাম্কুত্বভাব, দ্য়াময়, সর্বজ্ঞ, সকল গুরুর গুরু, অনিব্চনীয়-ধ্রেমস্বরূপ।'

মান্থৰ নিজের মন্তিষ্ক থেকে ভগবান্কে সৃষ্টি করে না; তবে তার ষতদ্র শক্তি, সে সেইভাবে তাঁকে দেখতে পারে, আর তার ষত ভাল ভাল ধারণা তাঁতে আরোপ করে। এই এক-একটি গুণই ঈশ্বরের স্বটাই, আর এই এক-একটি গুণের দ্বারা স্বটাকে বোঝানোই বাস্তবিক ব্যক্তি-ঈশ্বরের

যদচাত-কথালাপ-রস-পীয্র-বর্জিতয়।
 তদিনং প্রর্দিনং মঞ্চে মেঘাচ্চয়ং ন প্রদিনয়।

(Personal God) দার্শনিক ব্যাখ্যা। ঈশ্বর নিরাকার, অথচ তাঁর সব গুণ রয়েছে। আমরা যতক্ষণ মানবভাবাপন্ন, ততক্ষণ ঈশ্বর, প্রকৃতি ও জীব— এই তিনটি সত্তা আমাদের দেখতে হয়। তা না দেখে থাকতেই পারি না।

কিন্তু ভক্তের পক্ষে এই-দকল দার্শনিক পার্থক্য বাজে কথা মাত্র। সে যুক্তি-বিচার গ্রাহাই করে না, সে বিচার করে না—সে দেখে, প্রভ্যক্ষ অমূভব করে। সে ঈশ্বরের শুদ্ধ প্রেমে আত্মহারা হ'য়ে ধেতে চায় ; আর এমন অনেক ভক্ত হয়ে গেছেন, যারা বলেন, মুক্তির চেয়ে ঐ অবস্থাই অধিকতর বাঞ্ছনীয়। যারা বলেন, 'চিনি হওয়া ভাল নয় মন, চিনি খেতে ভালবাদি''—আমি সেই প্রেমাম্পদকে ভালবাসতে চাই, তাঁকে সম্ভোগ করতে চাই।

ভক্তিষোগে বিশেষ প্রয়োজন এই ষে, অকপটভাবে ও প্রবলভাবে ঈশরের অভাব বোধ করা। আমরা ঈশর ছাড়া আর সবই চাই, কারণ বহির্জগৎ থেকেই আমাদের সাধারণ সব বাসনা পূরণ হয়ে থাকে। যভদিন আমাদের প্রয়োজন বা অভাববোধ জড়জগতের ভিতরেই সীমাবদ্ধ, ততদিন আমরা ঈশরের জন্ম কোন অভাববোধ করি না; কিন্তু যথন আমরা এ জীবনে চারদিক থেকে প্রবল ঘা থেতে থাকি, আর ইহজগতের সকল বিষয়েই হতাশ হই, তথনই উচ্চতর কোন বস্তর জন্ম আমাদের প্রয়োজনবোধ হয়ে থাকে, তথনই আমরা ঈশরের অয়েষণ ক'রে থাকি।

ভক্তি আমাদের কোন বৃত্তিকে ভেঙেচুরে দেয় না, বরং ভক্তিষোগের শিক্ষা এই যে, আমাদের সব বৃত্তিই মৃক্তিলাভ করবার উপায়ম্বরূপ হ'তে পারে। এসব বৃত্তিকেই ঈশ্বরাভিম্থী করতে হবে—সাধারণতঃ যে ভালবাসা অনিত্য ইক্রিয়বিষয়ে নষ্ট করা হয়ে থাকে, সেই ভালবাসা ঈশ্বরকে দিতে হবে।

তোমাদের পাশ্চাত্যে ধর্মের ধারণা হ'তে ভক্তির এইটুকু তফাত ষে, ভক্তিতে ভয়ের স্থান নাই—ভক্তি দ্বারা কোন পুরুষের ক্রোধ শাস্ত করতে বা কাউকে সম্ভষ্ট করতে হবে না। এমন কি এমন সব ভক্তও আছেন, যারা ঈশরকে তাঁদের সন্তান ব'লে উপাসনা ক'রে থাকেন—এরপ উপাসনার উদ্দেশ্য এই যে, ঐ উপাসনায় ভয় বা ভয়মিশ্র ভক্তির কোন

১ রামপ্রসাদ

ভাব না থাকে। প্রকৃত ভালবাসায় ভয় থাকতে পারে না, আর যতদিন পর্যন্ত এতটুকু ভয় থাকবে, ততদিন ভক্তির আরম্ভই হ'তে পারে না) আবার ভক্তিতে ভগবানের কাছে ভিক্ষা চাওয়ার, আদান-প্রদানের ভাব কিছুই নাই। ভগবানের কাছে কোন কিছুর জন্ম প্রার্থনা ভক্তের দৃষ্টিতে মহা অপরাধ। ভক্ত কথনও ভগবানের নিকট আরোগ্য বা এখর্য, এমন কি স্বর্গ পর্যন্ত কামনা করেন না।

যিনি ভগবান্কে ভালবাসতে চান, ভক্ত হ'তে চান, তাঁকে ঐ-সব বাদনা একটি পুঁটুলি ক'রে দরজার বাইরে ফেলে দিয়ে ভেতরে টুকতে হবে। যিনি সেই জ্যোতির রাজ্যে প্রবেশ করতে চান, তাঁকে এর দরজা দিয়ে টুকতে গেলে আগে দোকানদারী ধর্মের পুঁটুলি বাইরে ফেলে আসতে হবে। এ-কথা বলছি না যে, ভগবানের কাছে যা চাওয়া যায়, তা পাওয়া যায় না— সবই পাওয়া যায়, কিন্তু ঐরপ প্রার্থনা করা অতি নীচু দরের ধর্ম, ভিথারীর ধর্ম।

'উষিয়া জাহুবীতীরে কৃপং খনতি হুর্মতি:।'

—সে ব্যক্তি বাস্তবিকই মূর্থ, যে গঙ্গাতীরে বাস ক'রে জ্বলের জন্ম কুয়া খোঁড়ে।

এই-সব আরোগ্য, ঐশর্য ও ঐহিক অভ্যুদয়ের জন্ম প্রার্থনাকে ভক্তি বলা যায় না—এগুলি অতি নিমন্তরের কর্ম। ভক্তি এর চেয়ে উচু জিনিস। আমরা রাজরাজের সামনে আসবার চেটা করছি। আমরা সেখানে ভিখারীর বেশে যেতে পারি না। যদি আমরা কোন মহারাজার সম্মুথে উপস্থিত হ'তে ইচ্ছা করি, ভিখারীর মতো ছেড়া ময়লা কাপড় প'রে গেলে সেখানে কি চুকতে দেবে? কখনই নয়। দরোয়ান আমাদের ফটক খেকে বার ক'রে দেবে। ভগবান্ রাজার রাজা—আমরা তাঁর সামনে কখনও ভিক্কের বেশে যেতে পারি না। দোকানদারদের সেখানে প্রবেশাধিকার নেই—দেখানে কেনাবেচা একেবারেই চলবে না। তোমরা বাইবেলেও পড়েছ, যীশু ক্রেতা-বিক্রেতাদের মন্দির থেকে বার ক'রে দিয়েছিলেন।

স্থতরাং বলাই বাহুল্য ধে, ভক্ত হবার জ্বন্ত আমাদের প্রথম কাজ হচ্ছে, স্বর্গাদির কামনা একেবারে দূর ক'রে দেওয়া। এরূপ স্বর্গ এই জায়গারই—এই পৃথিবীরই মডো, না হয় এর চেয়ে একটু ভাল। প্রীষ্টানদের স্বর্গের ধারণা এই যে, সেটা একটা তীত্র ভোগের জায়গা। সেটা কি ক'রে ভগবান্ হ'তে পারে? এই যে সব স্বর্গে যাবার বাসনা—এ স্বর্থভোগেরই কামনা। এ বাসনা ত্যাগ করতে হবে। ভজের ভালবাসা সম্পূর্ণ বিশুদ্ধ ও নিঃস্বার্থ হওয়া চাই—নিজের জন্ম ইহলোকে বা পরলোকে কোন কিছু আকাজ্ঞা করা হবে না।

স্থত্থ, লাভক্তি—এ-সকলের বাদনা ত্যাগ ক'রে দিবারাত্র ঈশ্বরো-পাদনা কর, এক মুহূর্তও যেন বৃথা নষ্ট না হয়।

খার সব চিন্তা ত্যাগ ক'রে দিবারাত্র সর্বান্তঃকরণে ঈশরের উপাসনা কর। এইরূপে দিবারাত্র উপাসিত হ'লে তিনি নিজ স্বরূপ প্রকাশ করেন, তাঁর উপাসকদের তাঁর অহভবে সমর্থ করেন)

বৃহস্পতিবার, ১লা অগস্ট

প্রকৃত গুরু তিনি, আমরা যার আধ্যাত্মিক উত্তরাধিকারী। তিনিই সেই প্রণালী, যার মধ্য দিয়ে আধ্যাত্মিক প্রবাহ আমাদের মধ্যে প্রবাহিত হয়, তিনিই সমগ্র আধ্যাত্মিক জগতের দক্ষে আমাদের সংযোগস্ত্র। ব্যক্তিবিশেষের উপর অতিরিক্ত বিশ্বাস থেকে ত্র্বলতা ও পৌত্তলিকতা আসতে পারে; কিন্তু গুরুর প্রতি প্রবল অমুরাগে খ্ব ক্রুত উন্নতি সন্তবপর হয়, তিনি আমাদের ভিতরের গুরুর সঙ্গে সংযোগ ক'রে দেন। যদি তোমার গুরুর ভিতরে যথার্থ সত্য থাকে, তবে তাঁর আরাধনা কর, ঐ গুরুতক্তিই তোমাকে অতি সত্বর চরম অবস্থায় নিয়ে যাবে।

শ্রীরামক্ষের পবিত্রতা ছিল শিশুর মতো। তিনি জীবনে কখনও টাকা স্পর্শ করেননি, আর তার ভিতরে কাম একেবারে নই হয়ে গিয়েছিল। বড় বড় ধর্মাচার্যদের কাছে জড়বিজ্ঞান শিখতে যেও না, তাঁদের সমগ্র শক্তি আধ্যাত্মিক বিষয়ে প্রযুক্ত হয়েছে। শ্রীরামকৃষ্ণ পরমহংসের ভিতর মাহ্য্য-ভাবটা মরে গিছল, কেবল ঈশ্বরত্ব অবশিষ্ট ছিল। বাত্তবিকই তিনি পাপ দেখতে পেতেন না—যে-চোখে মাহ্য্য পাপ বা অভায় দেখে, তার চেয়ে তার দৃষ্টি পবিত্রতর ছিল। এইরূপ অল্প কয়েকজ্বন পরমহংসের পবিত্রতাই সমগ্র জগৎটাকে ধারণ ক'রে রেখেছে। যদি এঁদের ধারা লুপ্ত হয়ে যায়, দকলেই যদি জগৎটাকে ত্যাগ ক'রে যান, তা হ'লে জগৎ খণ্ড খণ্ড হয়ে ধ্বংস

হয়ে যাবে। তাঁরা কেবল নিজে মহোচ্চ পবিত্র জীবন যাপন ক'রে লোকের কল্যাণ-বিধান করেন, কিন্তু তাঁরা যে অপরের কল্যাণ করছেন, তা তাঁরা টেরও পান না; তাঁরা নিজেরা আদর্শ জীবনযাপন করেই সম্ভুষ্ট থাকেন।

আমাদের ভিতরে যে জ্ঞানজ্যোতিঃ বর্তমান রয়েছে, শাস্ত্র তার আভাস দিয়ে থাকে, আর তাকে অভিব্যক্ত করবার উপায় ব'লে দেয়, কিন্তু যখন আমরা নিজেরা সেই জ্ঞানলান্ত করি, তখনই আমরা ঠিক ঠিক শাস্ত্র বুঝতে পারি। যখন তোমার ভিতরে সেই অন্তর্জ্যোতির প্রকাশ হয়, তখন আর শাস্ত্রে কি প্রয়োজন ?—তখন কেবল অন্তরের দিকে দৃষ্টিপাত কর। সম্দয় শাস্ত্রে যা আছে, তোমার নিজের মধ্যেই তা আছে, বরং তার চেয়ে হাজার গুণ বেশী আছে। নিজের উপর বিশ্বাস কখনও হারিও না, এ জগতে তুমি সব করতে পার। কখনও নিজেকে হুর্বল ভেবো না, সব শক্তি তোমার ভিতর রয়েছে।

প্রকৃত ধর্ম যদি শাস্ত্রের উপর বা কোন মহাপুরুষের অন্তিবের উপর নির্ভর করে, তবে চুলোয় যাক সব ধর্ম, চুলোয় যাক সব শাস্ত্র। ধর্ম আমাদের নিজেদের ভিতর রয়েছে। কোন শাস্ত্র বা কোন গুরু আমাদের তাঁকে লাভ করবার জর্গ্র শাহায্য ছাড়া আর কিছুই করতে পারেন না। এমন কি এঁদের সহায়তা ছাড়াও আমাদের নিজেদের ভিতরেই সব সত্য লাভ করতে পারি। তথাপি শাস্ত্র ও আচার্যগণের প্রতি কৃতজ্ঞ হও, কিন্তু এঁরা যেন তোমায় বন্ধ না করেন; তোমার গুরুকে ঈশ্বর ব'লে উপাসনা কর, কিন্তু অন্ধভাবে তাঁর অন্ধসরণ ক'রো না। তাঁকে যতদ্র সন্ভব ভালবাসো কিন্তু শাধীনভাবে চিন্তা কর। কোনরূপ অন্ধবিশাস তোমায় মৃক্তি দিতে পারে না, তুমি নিজেই নিজের মৃক্তিসাধন কর। ঈশ্বরসন্বন্ধে এই একটিমাত্র ধারণা পোষণ কর যে, তিনি আমাদের চিরকালের সহায়।

স্বাধীনতার ভাব এবং উচ্চতম প্রেম—হই-ই একসঙ্গে থাকা চাই, তা হ'লে এদের মধ্যে কোনটাই আমাদের বন্ধনের কারণ হ'তে পারে না। আমরা ভগবান্কে কিছু দিতে পারি না, তিনিই আমাদের সব দিয়ে থাকেন। তিনি সকল গুরুর গুরু। তিনি আমাদের আত্মার আত্মা, আমাদের যথার্থ স্বরূপ। যখন তিনি আমাদের অভ্যাত্মা, তখন আমরা ধে তাকে ভালবাসব,

এ আর আশ্বর্ষ কি? আর কাকে বা কোন্ বস্তকে আমরা ভালবাসতে
পারি? আমরা হ'তে চাই দেই দ্বির আমিলিথা—যার তাপ নেই, ধোঁদা
নেই! যখন তোমরা কেবল ব্রহ্মকেই দেখনে, তথন আর কার উপকার করতে
পারবে? ভগবানের ভো আর উপকার করতে পার না? তথন সব সংশয়
চলে যায়, সর্বত্র সমন্বভাব এসে যায়। যদি তখন কারও কল্যাণ কর তো
নিজেরই কল্যাণ করবে। এইটি অহভব কর যে, দানগ্রহীতা ভোমার
চেয়ে বড়, তুমি যে তার সেবা ক'রছ, তার কারণ—তুমি তার চেয়ে ছোট;
এ নয় যে, তুমি বড় আর সেবা ক'রছ, তার কারণ—তুমি তার চেয়ে ছোট;
হগদ্ধ বিতরণ করে, আর হুগদ্ধ দিচ্ছে বলে দে মোটেই টের পায় না, তুমিও
সেই ভাবে দিয়ে যাও।

দেই মহান্ হিন্দু সংস্থারক রাজা রামমোহন রায় এইরপ নি:স্বার্থ কর্মের অঙ্ত দৃষ্টান্ত। তিনি তাঁর সমৃদ্য জীবনটা ভারতের সাহায্যকরে অর্পণ করেছিলেন। তিনিই সতীদাহ-প্রথা বন্ধ করেন। সাধারণতঃ লোকের বিশ্বাস, এই সংস্থারকার্য সম্পূর্ণরূপে ইংরেজদের ঘারা সাধিত, কিন্তু প্রকৃতপক্ষেতা নয়। রাজা রামমোহন রায়ই এই প্রথার বিক্রমে আন্দোলন আরম্ভ করেন এবং একে রহিত করবার জন্ম গভর্নমেণ্টের সহায়তালাভে রুতকার্য হন। যত দিন না তিনি আন্দোলন আরম্ভ করেছিলেন, ততদিন ইংরেজরা কিছুই করেনি। তিনি 'ব্রাহ্মসমান্ধ' নামে বিখ্যাত ধর্মসমান্ধও স্থাপন করেন, আর একটি বিশ্ববিদ্যালয়-স্থাপনের জন্ম ও লক্ষ্ক টাকা টাদা দেন। তিনি তারপর সরে এলেন এবং বললেন, 'আমাকে ছেড়ে তোমরা নিজেরাই এগিয়ে যাও।' তিনি নাম্যশ একদম চাইতেন না, নিজের জন্ম কোনরূপ ফলাকাজ্যা করতেন না।

বৃহস্পতিবার, অপরাহু

জগংপ্রপঞ্জ অনমভাবে অভিব্যক্ত হ'রে ক্রমাগত চলেছে, যেন নাগরদোলা—
আত্মা যেন ঐ নাগরদোলায় চড়ে ঘুরছে। এই ক্রম চিরস্থন। এক একজন
লোক ঐ নাগরদোলা থেকে নেমে পড়ছে বটে, কিন্তু চিরকাল সেই একর্তম
ঘটনাই বার বার ঘটছে) আর এই কারণেই লোকের ভূত-ভবিশ্বং সব ব'লে
দেওয়া বেতে পারে; কারণ প্রকৃতপক্ষে সবই ভোবিধ্যনি। ব্যক্ত আত্মাতিকটা

শৃত্বলের ভিতর এনে পড়ে, তখন তাকে সেই শৃত্বলের যা কিছু অভিজ্ঞতা তার ভেতর দিয়ে যেতে হরে। ঐরপ একটা শৃত্বল বা শ্রেণী থেকে আয়া আর একটা শৃত্বল বা শ্রেণীতে এলে তারা আপনাদের ব্রহ্মস্বরূপ অন্তত্তব ক'রে একেবারে তা থেকে বেরিয়ে যায়। ঐরপ শ্রেণীর বা ঘটনা-পরস্পরার একটি প্রধান ঘটনাকে অবলম্বন ক'রে সমৃদ্য় ঘটনা-শৃত্বলটাই টেনে আনা যেতে পারে, আর তার ভিতরের সমৃদ্য় ঘটনাই যথায়থ পাঠ করা যেতে পারে। এই শক্তি সহজেই লাভ করা যায়, কিন্তু এতে বাত্তবিক কোন লাভ নেই, আর ঐ শক্তিলাভের সাধনায় আমাদের সমপ্রিমাণ আধ্যাত্মিক শক্তি ব্যয় হয়ে যায়। স্ক্রোং ও-সক বিষয়ের চেষ্টা ক'রো না, ভগবানের উপাসনা কর।

শুক্রবার, ২রা অগস্ট

(छन्तवम्-উপनक्तित क्य ख्यथरम निष्ठी नदकाद ।

'দব্দে রদিয়ে দবদে বদিয়ে দব্কা লীজিয়ে নাম। হাঁ জী হাঁ জী কর্তে রহিয়ে বৈঠিয়ে আপনা ঠাম॥'

—সকলের সঙ্গে আনন্দ কর, সকলের সঙ্গে বস, সকলের নাম লও, অপবের কথায় 'হা, হা' করতে থাকো, কিন্তু নিজের ভাব কোন মতে ছেড়ো না। এর চেয়ে উচ্চতর অবস্থা—অপবের ভাবে নিজেকে যথার্থ ভাবিত করা। যদি আমিই সব হই, তবে আমার ভাইয়ের সঙ্গে যথার্থভাবে এবং কার্যতঃ সহামুভূতি করতে পারব না কেন ? যতক্ষণ আমি ত্র্বল, ততক্ষণ আমাকে নিষ্ঠা ক'রে একটা রাস্থা ধরে থাকতে হবে; কিন্তু যখন আমি সবল হবো, তখন অপর সকলের মতো অহতে করতে পারব, তাদের সকলের সঙ্গে সম্পূর্ণ সহামুভূতি করতে পারব।

প্রাচীন কালের লোকের ভাব ছিল—অপর সকল ভাব নই ক'রে একটা ভাবকে প্রবল করা। আধুনিক ভাব হচ্ছে—সকল বিষয়ে সামঞ্জল রেখে উন্নভি করা। একটা তৃতীয় পদ্বা হচ্ছে—মিনের বিকাশ করা ও তাকে সংঘত করা, ভারপর বেখানে ইচ্ছা তাকে প্রয়োগ কর—তাতে ফল খুব শীঘ্র হবে। এইটি হচ্ছে যথার্থ আত্মোনতির উপায়। একাগ্রভা শিকা কর, আর বে দিকে ইচ্ছা তাকে প্রয়োগ কর। এরুণ করলে ভোমার কিছুই ক্তি

হবে না। যে সমগ্রটাকে পার, সে অংশটাকেও পার। বৈতবাদ অবৈভবাদের অন্তভূকি)।

'আমি প্রথমে তাকে দেখলাম, দেও আমায় দেখলে; আমিও তার প্রতি কটাক্ষ করলাম, দেও আমার প্রতি কটাক্ষ করলে'—এইরূপ চলতে লাগলো। শেষে হটি আত্মা এমন সম্পূর্ণভাবে মিলিত হয়ে গেল যে, তারা প্রকৃতপক্ষে এক হয়ে গেল।

সমাধির ত্-টি ভাব আছে: এক ভাবে আমি নিজেরই ধ্যান করি, আর এক ভাবে বহিরের বস্তু ধ্যান করি। তারপর ধ্যানের ধ্যাতা ধ্যেয় অভেদ হয়ে যায়।

প্রত্যেক বিশেষ বিশেষ ভাবের সঙ্গে তোমাকে সহায়ভূতিসম্পন্ন হ'তে হবে, তারপর একেবারে উচ্চতম অবৈতভাবে লাফিয়ে থেতে হবে। নিজে সম্পূর্ণ মুক্ত অবস্থা লাভ ক'রে তারপর ইচ্ছা করলে নিজেকে আবার সীমাবদ্ধ করতে পারো। প্রত্যেক কাজে নিজের সমৃদয় শক্তি প্রয়োগ কর। খুনিকক্ষণের জন্ম অবৈতভাব ভূলে বৈতবাদী হবার শক্তিলাভ করতে হবে, আবার যথন খুনী যেন ঐ অবৈতভাব আশ্রম্ম করতে পারা যায়।

কার্য-কারণ সব মায়া, আর আমরা যত বড় হবো, ততই ব্রব বে, ছোট ছেলেদের পরার গল্প এখন ষেমন আমদের কাছে বোধ হয়, তেমনি যা কিছু আমরা দেখছি, সবই ঐরপ অসংবদ্ধ। প্রকৃতপক্ষে কার্য-কারণ ব'লে কিছু নেই, আর আমরা কালে তা জানতে পারব। স্কতরাং যদি পার ছোট যখন কোন রূপক গল্প শুনবে, তখন তোমার বৃদ্ধিবৃত্তিকে একটু নামিয়ে এনো, মনে মনে এ গল্পের পূর্বাপর সক্তির বিষয়ে প্রশ্ন ত্লো না। হদ্যে রূপক-বর্ণনাও স্থলর কবিছের প্রতি অন্থরাগের বিকাশ কর, তারপর সমৃদ্য পৌরাণিক বর্ণনাগুলিকে কবিছ মনে ক'রে উপভোগ কর। প্রাণ-চর্চার সময় ইতিহাস

তুলনীর : পহিলহি রাগ নয়নভক ভেল ।
 অনুদিন বাঢ়ল অবধি না গেল ।

ছু ছ মন মনোভব পেশল জানি।— শ্রীচৈতভারিভায়ত, মধালীলা

ও যুক্তিবিচারের দৃষ্টি নিয়ে এসে। না। এ-সব পৌরাণিক ভাবগুলি তোমার মনের ভিতর দিয়ে প্রবাহাকারে চলে যাক। তোমার চোথের সামনে ডাকে মশালের মতো ঘোরাও, কে মশালটা ধরে রয়েছে—এ প্রশ্ন ক'রো না, তা হলেই একটা আলোকের চক্র দেখতে পাবে, এতে যে সত্যের কণা অন্তর্নিহিত রয়েছে, ভা তোমার মনে থেকে যাবে।

পুরাণ-লেখকেরা সকলেই, তাঁরা যা যা দেখেছিলেন বা শুনেছিলেন, সেইগুলি রূপকভাবে লিখে গেছেন। তাঁরা কতকগুলি প্রবাহাকার-চিত্র এঁকে গেছেন। তাঁর ভিতর থেকে কেবল তার প্রতিপাল বিষয়টা বার করবার চেটা ক'রে ছবিগুলিকে নট ক'রে ফেলো না। সেগুলিকে যথায়থ গ্রহণ কর, সেগুলি তোমার উপর কাজ করুক। এদের ফলাফল দেখে বিচার কর— তাুদের মধ্যে ঘেটুকু ভাল আছে সেটুকুই নাও।

ভোমার নিজের ইচ্ছাশক্তিই ভোমার প্রার্থনায় উত্তর দিয়ে থাকে—ভবে বিভিন্ন ব্যক্তির মনের ধর্মসম্বন্ধীয় বিভিন্ন ধারণা অমুসারে সেটা বিভিন্ন আকারে প্রকাশ পায়। আমরা তাকে বৃদ্ধ, যীও, জিহোবা, আলা বা অগ্নি, ধেমন ইচ্ছা নাম দিতে পারি, বিস্তু প্রকৃতপক্ষে এই হচ্ছে আমাদের 'আমি' বা আ্যা।

আমাদের ধারণার ক্রমে উৎকর্ষ হ'তে থাকে, কিন্তু ঐ ধারণা যে-সকল রূপকাকারে আমাদের কাছে প্রকাশিত হয়, তাদের কোন ঐতিহাসিক মৃদ্য নেই। আমাদের অলোকিক দর্শনিসমূহ অপেকা মৃশার অলোকিক দর্শনে ভূলের সন্তারনা অধিক, কারণ আমাদের অধিকতর জ্ঞান এবং মিথ্যা ভ্রম ঘারা প্রভাবিত হ্রার সন্তারনা আমাদের অনেক কম।

ব্যান কা আমাদের হৃদয়কাপ শাস্ত খুলছে, ততদিন শাস্ত্রপাঠ বুথা। তথন ক শাস্ত্রপনি আমাদের হৃদয়শাস্ত্রের সক্ষে বৃত্তী মেলে, ততটাই তাদের সার্থকতা। শক্তি কি, তা শক্তিমান ব্যক্তিই বৃথতে পারে, হাতিই নিংহকে বৃথতে পারে, ইত্র কখন নিংহকে বৃথতে পারে না। আম্রা বতদিন না বীশুর সমান হচ্ছি, ততদিন আম্রা কেমন ক'রে বীশুকে বৃথব ? ত্থানা পাউকটিতে কেলকে বাভয়ানো, অথবা ক খানা পাউকটিতে কুল্ল লোক

ধাওরানো—এই ত্ই-ই মারার অপ্ররাজ্যে। এদের মধ্যে কোনটাই সভ্য নয়, ইংজরাং এই ত্টোর কোনটাই অপরটির হারা বাধিত হয় না। মহন্বই কেবল মহন্বের আদর করতে পারে, ঈশ্বরই ঈশ্বরকে উপলন্ধি করতে পারেন। অপ্র সেই অপ্রস্থাই—তা ছাড়া আর কিছু নয়, তার অক্য কোন ভিত্তি নেই। ঐ অপ্র ও অপ্রস্থাই পৃথক বন্ধ নয়। সমগ্র সন্ধীতটার ভিতর 'সোহহ্ম, সোহহ্ম,' এই এক হ্বর বাজহে, অক্যাক্ত হরগুলি তারই ওলটপালট মাত্র, হতরাং তাতে মূল হ্বের—মূল তন্তের কিছু এনে যায় না। জীবন্ধ শান্ত্র আমরাই, আমরা বে-সব কথা বলেছি, সেগুলিই শান্ত্র ব'লে পরিচিত। সবই জীবন্ধ ঈশ্বর, জীবন্ধ আই—ঐভাবে সব দর্শন কর। মাহ্বকে অধ্যয়ন কর, মাহ্বই জীবন্ধ কার্য। জগতে এ পর্যন্ত বত বাইবেল, প্রীই বা বৃদ্ধ হয়েছেন, সব আমাদেরই আলোকে আলোকে আলোকিত। এই আলোক ব্যতীত ঐগুলি আমাদের পক্ষে আর জীবন্ত থাকবে না, মৃত হয়ে যাবে। তোমার নিজ আত্মার উপর দাড়াও।

্মতদেহের সঙ্গে ধেরপ ব্যবহারই কর না, তাতে সে ক্ষ্র হয় না।
আমাদের দেহকে এরপ মৃতবং ক'রে ফেলতে হবে, আর দেহের সঙ্গে যে
আমাদের অভিন্ন ভাব রয়েছে, সেটা দূর ক'রে ফেলতে হবে।

শনিবার, ৩রা অগস্ট

ষে-সকল ব্যক্তি এই জন্মেই মৃক্তিলাভ করতে চায়, তাদের এক জন্মেই হাজার বছরের জীবন যাপন করতে হয়। তারা যে যুগে জন্মছে, সেই যুগের ভাবের চেয়ে তাদের জনেক এগিয়ে যেতে হয়; কিন্তু সাধারণ লোক কোন-রক্মে হামাগুড়ি দিয়ে অগ্রসর হ'তে পারে। খ্রীষ্ট ও বৃদ্ধগণের উংপত্তি এইরূপেই।

একদা এক হিন্দু রানী ছিলেন, তাঁর ছেলেরা এই জন্মেই মৃক্তিলাভ করুক—
এবিষয়ে তাঁর এত আগ্রহ হয়েছিল যে, তিনি নিজেই তাদের লালন-পালনের
সম্পূর্ণ ভার নিয়েছিলেন। তাঁদের শৈশবে যথন তিনি তাদের দোল দিয়ে
দিয়ে ঘুম পাড়াতেন, তখন সর্বদা তাদের কাছে এই একটি গান গাইতেন—
'ভত্বমিনি, ভত্বমিনি-তুমি সেই আত্মা, তুমি সেই ব্রহ্ম। তাদের তিনজন

সন্মাসী হ'য়ে গেল, কিন্তু চতুর্থ পুত্রকে রাজা করবার জন্ম অন্তর্জ নিয়ে গিয়ে মাহ্র্য করা হ'তে লাগলো। বিদায় দেবার সময় মা তাকে এক টুকরা কাগজ দিয়ে বললেন, 'বড় হ'লে প'ড়ো এতে কি লেখা আছে।' সেই কাগজখানাতে লেখা ছিল—'ব্রন্ম সত্য, আর সব মিথ্যা। আত্মা কথন মর্বেন না, কখন মারেনও না। নিংসক হও, অথবা সংসকে বাস কর।' যথন রাজপুত্র বড় হ'য়ে লেখাটি পড়লেন, তিনিও তখনই সংসারত্যাগ ক'রে সন্মাসী হয়ে গেলেন।

ত্যাগ কর, সংসার ত্যাগ কর। আমরা এখন যেন একপাল কুকুর—রায়াঘরে চুকে পড়েছি. এক টুকরা মাংস থাচ্ছি, আর ভয়ে এদিক ওদিক চেয়ে দেখছি, পাছে কেউ এসে আমাদের তাড়িয়ে দেয়। তা না হয়ে রাজার মতো হও—জেনো যে, সমূদয় জগৎ তোমার। ষতক্ষণ না তুমি সংসার ত্যাগ ক'রছ, ষতক্ষণ সংসার তোমায় বাঁধতে থাকবে; ততক্ষণ ঐ ভাবটি তোমার আসতেই পারে না। যদি বাইরে ত্যাগ করতে না পারো, মনে মনে সব ত্যাগ কর। অস্তরের অস্তর থেকে সব ত্যাগ কর। বৈরাগ্যসম্পন্ন হও। এই হ'ল ষথার্থ আত্মত্যাগ—এ না হ'লে ধর্মলাভ অসম্ভব। কোন প্রকার বাসনা ক'রো না; কারণ যা বাসনা করবে তাই পাবে। আর সেইটাই তোমার ভ্যানক বন্ধনের কারণ হবে, ধ্যেন সেই গয়ে আছে—এক ব্যক্তি তিনটি বর লাভ করেছিল এবং তার ফলে তার স্বাক্তি নাক' হয়েছিল, বাসনা করলে ঠিক সেই রকম হয়। যতক্ষণ না আমরা আত্মরত ও আত্মত্থ হচ্ছি, ততক্ষণ মৃক্তিলাভ করতে পারছি না। 'আত্মাই আত্মার মৃক্তিলাতা, অত্য কেউ নয়)'

এই : একজন গরীব লোক এক দেবতার কাছে বর পেয়েছিল। দেবতা সম্ভষ্ট হয়ে বললেন, 'তৃমি এই পাশা নাও। এই পাশা নিয়ে বে-যে কামনা ক'রে তিনবার কেলবে, সেই তিনটি কামনাই তোমার পূর্ব হবে।' সে অমনি আহ্লাদে আটখানা হয়ে বাড়ি গিয়ে স্ত্রীর সঙ্গে পরামর্শ করতে লাগল—কি বর চাওয়া বায়। স্ত্রী বললে, 'ধনদৌলত চাও।' কিন্তু খামী বললে, 'দেখ, আমাদের হজনেরই নাক খাদা, তাই দেখে লোকে আমাদের বড় ঠাট্টা করে, অভএব প্রথমবার পাশা কেলে স্থশর নাক প্রার্থনা করা যাক। টাকায় তো আর শরীরের কুরুপ দূর হয় না।' স্ত্রীর মত কিন্তু প্রথমে টাকা হোক। শেবে হজনে পাশা নিয়ে কাড়াকাড়ি বাধল। অবশেবে স্বামী রেগে গিয়ে এই বলে পাশা ফেললে—'আমাদের কেবল স্থশর নাক হোক, নাক—আর কিন্তুই চাই না।' আশ্বর্ব, বেমন পাশা কেলা অমনি তাদের সর্বাঙ্গে রাশি রাশি স্থশর স্থশর নাক হ'ল। তথন ভারা দেখলে এ কি বিপদ হ'ল। তথন বিতীয়বার পাশা ফেলে বললে, 'নাক চলে যাক।' অমনি স্বনাক চলে গেল—সঙ্গে সঙ্গে তাদের নিজেদের খাঁদা নাকও চলে গেল। হুটি বর তো হরে গেছে, এখন বাকি আছে তৃতীয় বর। তথন তারা ভাবলে—বদি এইবার পাশা ফেলে ভাল নাক পাই, লোকে

এইটি অহভব করতে শিকা কর বে, তুমি অন্ত সকলের দেহেও বর্তমান
—এইটি কানবার চেটা কর বে, আমরা সকলেই এক। আর সব বাজে
জিনিস ছেড়ে দাও। ভাল মন্দ কাজ যা করেছ, সেগুলি সম্বন্ধে একদম ভেবো
না—সেগুলি থু থু ক'রে উড়িয়ে দাও। যা করেছ, করেছ। কুসংস্থার দ্র
ক'রে দাও। সমুধে মৃত্যু এলেও ত্র্বভা আগ্রহ ক'রো না।

অহতাপ ক'রো না—পূর্বে যে-সব কাজ করেছ, দে-সব নিয়ে মাথা ঘামিও না; এমন কি—যে-সব ভাল কাজ করেছ, তাও স্বৃতিপথ থেকে দ্র ক'রে দাও। আজাদ (মৃক্ত) হও। তুর্বল, কাপুরুষ ও অজ্ঞ ব্যক্তিরা কখনও আত্মাকে লাভ করতে পারে না। তুমি কোন কর্মের ফলকে নই করতে পার না—ফল আসবেই আদবে; স্থতরাং সাহসী হয়ে তার সম্মুখীন হও, কিছু সাবধান, যেন পুনর্বার সেই কাজ ক'রে। না। সকল কর্মের ভার ভগবানের উপর ফেলে দাও, ভাল-মন্দ —সব দাও। নিজে ভালটা রেখে কেবল মন্দটা তার ঘাড়ে চাপিও না। যে নিজেকে নিজে সাহায্য করে, ভগবান্ তাকেই সাহায্য করেন।

্বাসনা-মদিরা পান ক'রে সমস্ত জগৎ মত্ত হয়েছে। 'যেমন দিবা ও রাজি কখন একসঙ্গে থাকতে পারে না, সেইরূপ বাসনা ও ভগবান্ তুই কখন একসঙ্গে থাকতে পারে না।'' স্থতরাং বাসনা ত্যাগ কর।

'থাবার, থাবার' ব'লে চেঁচানো এবং থাওয়া, 'জল, জল' বলে চেঁচানো এবং জল পান করা—এই চ্টোর ভিতর আকাশ-পাতাল তফাত; স্বতরাং কেবল 'ঈশব, ঈশব' ব'লে চেঁচালে কথনও ঈশবের প্রত্যক্ষ উপলন্ধির আশা করতে পারা যায় না। আমাদের ঈশবলাভ করবার চেষ্টা ও সাধন করতে হবে।

অবশু আমাদের খাদা নাকের বদলে ভাল নাক হবার কারণ জিজ্ঞাসা করবে—তাদের অবশু দৰ কথা বলতে হবে। তথন তারা আমাদের আহাম্মক ব'লে এখনকার চেয়ে বেশী ঠাট্টা করবে; বলবে যে. এরা এমন তিনটি ধর পেরেও নিজেদের অবস্থার উন্নতি করতে পারলে না। কাজেই তৃতীরবার পাশা ফেলে তারা তাদের পুরাতন খাদা নাকই ফিরিয়ে নিলে। গল্লটিতে বোঝা গেল: কিছু বাসনা ক'রো না; বা চাইবে, তা পাবে; সঙ্গে সঙ্গে দারণ বন্ধনে বাঁধা পড়বে।

'खदी রাম তহা কাম নহাঁ, জহা কাম তহা নহাঁ রাম।
 ছুই একসাথ মিগত নহাঁ, রব রজনী এক ঠাম।'—তুলসীদাস

সমৃদ্রের সঙ্গে মিশে এক হয়ে গেলেই তরক অসীমত্ব লাভ করতে পারে, কিন্তু তরকরপে নয়। তারপর সমৃদ্রবরূপ হয়ে গিয়ে আবার তরকাকার ধারণ করতে পারে ও যত বড় ইচ্ছা তত বড় তরক হ'তে পারে। নিজেকে তরকপ্রবাহ ব'লে মনে ক'রো না; জেনো যে তুমি মৃক্ত।

প্রকৃত দর্শনশাস্ত্র হচ্ছে কতকগুলি প্রত্যক্ষামুভূতিকে প্রণালীবদ্ধ করা। বেখানে বৃদ্ধিবিচারের শেষ, দেইখানেই ধর্মের আরম্ভ। সমাধি বা ঈশর-ভাবাবেশ যুক্তিবিচারের চেয়ে চের বড়, কিন্তু ঐ অবস্থায় উপলব্ধ সভ্যগুলি কথনও যুক্তিবিচারের বিরোধী হবে না। যুক্তিবিচার মোটা হাতিয়ারের মতো, তা দিয়ে প্রমুসাধ্য কাজগুলি করতে পারা যায়, আর সমাধি বা ঈশর-ভাবাবেশ (inspiration) উজ্জ্বল আলোকের মতো সমগ্র সভ্য দেখিয়ে দেয়। কিন্তু আমাদের ভিতর একটা কিছু করবার ইচ্ছা বাপ্রেরণা আসাকেই ঈশ্বভাবাবেশ (inspiration) বলতে পারা যায় না।

মায়ার ভিতর উন্নতি করা বা অগ্রসর হওয়াকে একটি বৃত্ত ব'লে বর্ণনা করা বেতে পারে—এতে এই হয় বে, বেখান থেকে তৃমি ঘাত্রা করেছিলে, ঠিক দেইখানে এদে পৌছবে। তবে প্রভেদ এই বে, ঘাত্রা করবার সময় তৃমি অজ্ঞান ছিলে, আর যখন দেখানে ফিরে আসবে, তখন তৃমি পূর্ণ জ্ঞান লাভ করেছ। ঈশ্বরোপাসনা, সাধ্-মহাপুক্ষবদের পূজা, একাগ্রতা, ধ্যান, নিষ্ণাম কর্ম—মায়ার জাল কেটে বেরিয়ে আসবার এই-সব উপায়; তবে প্রথমেই আমাদের তীত্র মৃমুক্ত্র থাকা চাই। যে জ্যোতিঃ দপ্ ক'রে প্রকাশ হয়ে আমাদের হদয়াদ্ধকার দ্র ক'রে দেবে, তা আমাদের ভিতরেই রয়েছে—এ হছেে সেই জ্ঞান, যা আমাদের স্থভাব বা স্বরূপ (এ জ্ঞানকে আমাদের ক্রমার্ক বিল যেতে পারে না, কারণ প্রকৃতপক্ষে আমাদের জন্মই নেই)। কেবল যে মেঘগুলো এ জ্ঞানস্থকে ঢেকে রেখেছে, দেইগুলো আমাদের দ্র ক'রে দিতে হবে।)

হিংলোকে বা স্বর্গে সর্বপ্রকার ভোগ করবার বাসনা ত্যাগ কর (ইংম্ত্রফলভোগ-বিরাগ)। ইন্দ্রির ও মনকে সংযত কর (দুমু ও শম)। সর্বপ্রকার হংথ সহু কর, মন যেন জানতেই না পারে যে, তোমার কোনরপ হংথ
এসেছে (তিভিক্ষা)। মৃক্তি ছাড়া আর সব ভাবনা দূর ক'রে দাও, গুরু

ও তাঁর উপদেশে বিশ্বাস রাখো। তুমি যে নিশ্চয়ই মৃক্ত হ'তে পারবে, এটিও বিশ্বাস কর (শ্রহ্মা)। ষাই হোক না কেন, সর্বদা বলো 'সোহহম্, সোহহম্'। থেতে বেড়াতে, কটে পড়েও বলো 'সোহহম্, সোহহম্'; মনকে অবিরত ভাবে বলো—এই যে জগৎপ্রপঞ্চ দেখছি, কোন কালে এর অন্তিত্ব নেই, কেবল আমি মাত্র আছি (সমাধান)। দেখবে—একদিন দপ্ ক'রে জ্ঞানের প্রকাশ হ'য়ে বোধ হবে—জগৎ শৃক্তমাত্র, কেবল ব্রহ্মই আছেন। মৃক্ত হবার জক্ত প্রবল ইচ্ছাসম্পন্ন হও (মৃমুক্ত্মা)।'

আজীয় ও বর্বান্ধব সব প্রানো অন্ধক্পের মতো; আমরা ঐ অন্ধক্পে পড়ে কর্তব্য, বন্ধন প্রভৃতি নানা স্বপ্ন দেখে থাকি—ঐ স্বপ্নের আর শেষ নেই। কাউকে সাহায্য করতে গিয়ে আর ভ্রমের ফ্টি ক'রো না। এ ষেন বটগাছের মতো ক্রমাগত ঝুরি নামিয়ে বাড়তেই থাকে। যদি তুমি দৈতবাদী হও, তবে স্বরকে সাহায্য করতে যাওয়াই তোমার মূর্যতা। আর যদি অদৈতবাদী হও, তবে তুমি তো স্বয়ংই ব্রহ্মস্বরূপ—তোমার আবার কর্তব্য কি? তোমার স্বামী, ছেলেপ্লে, বন্ধবান্ধব—কারও প্রতি কিছু কর্তব্য নেই। যা হচ্ছে হয়ে যাক্, চুপচাপ ক'রে পড়ে থাকো।

"রামপ্রদাদ বলে ভব-দাগরে বদে আছি ভাদিয়ে ভেলা ; যখন আদবে জোয়ার উজিয়ে যাব, ভাটিয়ে যাব ভাটার বেলা ॥"

শরীর মরে মরুক—আমার যে একটা দেহ আছে, এটা জো একটা পুরানে। উপকথা বই আর কিছুই নয়। চুপচাপ ক'রে থাকো, আর জানো, আমি ব্রহ্ম।

কেবল বর্তমান কালই বিশ্বমান—আমরা চিস্কায় পর্যন্ত অতীত ও ভবিশ্বতের ধারণা করতে পারি না; কারণ চিস্কা করতে গেলেই তাকে বর্তমান ক'রে ফেলতে হয়। সব ছেড়ে দাও, তার ষেধানে যাবার ভেসে যাক। এই সমগ্র জগৎটাই একটা ভ্রমমাত্র, এটা ষেন তোমায় আর প্রতারিত করতে না পারে। জগৎটা যা নয়, তুমি তাকে তাই ব'লে জেনেছ, অবস্তুতে

> সাধন-চতুষ্টয়ের সংক্ষিপ্ত ইঞ্চিত

২ অতি উচ্চ আধ্যান্মিক শুর হইতে স্বামীজী এই কথা বলিতেছেন, এই অবস্থা শরীর ও অহংবোধকে অতিক্রম করিয়া। বে এত উচ্চে উঠে নাই, সাধনার জন্মই তাহার কর্তব্য প্ররোজন। বে শরীর ও অহংকারের অধীন নয়, সেই কর্তব্যের উধ্বে ।

বস্ত জ্ঞান করেছ, এখন এটা বাস্তবিক যা, একে তাই ব'লে জানো। বদি দেহটা কোথাও ভেদে যায়, ষেতে দাও; দেহ ষেখানেই যাক না কেন, কিছু গ্রাহ্য ক'রো না। কর্তব্যের নিদাক্ষণ ধারণা ভীষণ কাল্কুট-স্বরূপ, জ্ঞাং ধ্বংস ক'রে ফেলছে।

স্থা পেলে একটা বীণা পাবে, আর তাই বাজিয়ে যথাসময়ে বিশ্রামস্থা অহতব করবে—এর জন্ত অপেকা ক'রে। না। এইখানেই একটা বীণা
নিয়ে আরম্ভ ক'রে দাও না কেন ? স্বর্গে যাবার জন্ত অপেকা করা কেন ?
ইহলোকটাকেই স্বর্গ ক'রে ফেলো। স্বর্গে বিবাহ করা নেই, বিবাহ দেওয়াও
নেই—তাই যদি হয়, এখনই তা আরম্ভ ক'রে দাও না কেন ? এইখানেই
বিবাহ তুলে দাও না কেন ? সয়্যাসীর গৈরিক বসন মৃক্তপুরুষের চিহু।
সংসারিজক্রপ ভিক্তকের বেশ ফেলে দাও। মৃক্তির পতাকা—গৈরিক বস্ত্র ধারণ কর।

রবিবার, ৪ঠা অগস্ট

'অজ্ঞ ব্যক্তিরা যাঁকে না জেনে উপাসনা করছে, আমি তোমার নিকট তাঁরই কথা প্রচার করছি।'

এই এক অন্বিতীয় ব্রহ্মই সকল জ্ঞাত বস্তুর চেয়ে আমাদের অধিক জ্ঞাত।
তিনিই সেই এক বস্তু, যাঁকে আমরা সর্বত্র দেখছি। সকলেই তাদের নিজ্
আত্মাকে জানে; সকলেই—এমন কি পশুরা পর্যন্ত জানে যে 'আমি আছি'।
আমরা যা কিছু জানি, সব আত্মারই বহিঃকেপ বিন্তার-স্বরূপ। ছোট ছোট
ছেলেদের শেখাও, তারাও এ তত্ত্ব ধারণা করতে পারে। অজ্ঞাতসারে হলেও
প্রত্যেক ধর্ম এই আত্মাকেই উপাসনা ক'রে এসেছে, কারণ আত্মা ছাড়া
আর কিছু নেই।

আমরা এই জীবনটাকে এথানে যেমন ভাবে জানি, তার প্রতি এরপ অশোভন আদক্তি সমৃদয় অনিটের মৃল। এই থেকেই ষত সব প্রতারণা চুরি হ'য়ে থাকে। এরই জন্ম লোকে টাকাকে দেবতার আসন দেয়, আর তা থেকেই ষত পাপ ও ভয়ের উৎপত্তি। কোন জড়বস্তুকে মৃল্যবান্ ব'লে মনে ক'রো না, আর তাতে আসক্ত হ'য়ো না। তুমি যদি কিছুতে, এমন কি জীবনে পর্যন্ত আসক্ত না হও, তা হ'লে আর কোন ভয় থাকবে না। 'য়ত্যো: দ' মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্নতি''—যিনি এই জগতে নানা দেখেন, তিনি
মৃত্যুর পর মৃত্যুকে প্রাপ্ত হন, বারবার তিনি মৃত্যুর কবলে পড়েন। আমরা
যথন সবই এক দেখি, তথন আমাদের শারীরিক মৃত্যুও থাকে না, মানসিক
মৃত্যুও থাকে না। জগতের সকল দেহই আমার, স্থতরাং আমার দেহ চিরকাল
থাকবে; কারণ গাছপালা, জীবজন্ত, চন্দ্রুর্য, এমন কি সমগ্র জগদ্রেরাওই
আমার দেহ—ঐ দেহের আর নাশ হবে কি ক'রে? প্রত্যেক মন, প্রত্যেক
চিন্তাই যে আমার—তবে মৃত্যু আসবে কি ক'রে? আত্মা কথন জন্মানও না,
মরেনও না—যথন আমরা এইটি প্রত্যক্ষ উপলব্ধি করি, তথন সকল সন্দেহ
উড়ে যার; 'আমি আছি,' 'আমি অহজব করি,' 'আমি ভালবাসি'— 'অন্তি,
ভাতি, প্রিয়'—এগুলির উপর কখনই সন্দেহ করা যেতে পারে না। আমার
ক্ষ্যা ব'লে কিছু থাকতে পারে না, কারণ জগতে যে-কেউ যা-কিছু থাছে, তা
আমিই খাছি। যদি একগাছা চুল উঠে যার, আমরা মনে করি না যে
আমরা মরে গেলাম। সেই রকম যদি একটা দেহের মৃত্যু হয়, সে তো ঐ
একগাছা চুল উঠে যাওয়ারই মতো টি

দেই জ্ঞানাতীত বস্তুই ঈশ্বর—তিনি বাক্যের অতীত, চিস্তার অতীত, জ্ঞানের অতীত। তিনটে অবস্থা আছে — পশুত্ব (তমঃ ', মহুয়ত্ব (রজঃ) ও দেবত্ব (সত্ব)। যারা সর্বোচ্চ অবস্থা লাভ করেন, তাঁরা অভিযাত্র বা সংস্বরূপ হ'রে থাকেন। তাঁদের পক্ষে কর্তব্য একেবারে শেষ হয়ে যায়, তাঁরা কেবল মাহ্যকে ভালবাদেন, আর চুমকের মতো অপরকে তাঁদের দিকে আকর্ষণ করেন। এরই নাম মৃক্তি। তথন আর চেট্টা ক'রে কোন সংকার্য করতে হয় না, তথন তুমি যে কাজ করবে তাই সংকার্য হয়ে যাবে। বন্ধবিৎ সকল দেবতার চেয়েও বড়। যীভ্রীট ষথন মোহকে জয় ক'রে বলেছিলেন, 'শয়তান, আমার সামনে থেকে দ্র হয়ে যা', তথনই দেবতারা তাঁকে পূজা করভে এদেছিলেন। বন্ধবিংকে কেউ কিছু সাহায্য করতে পারে না, সমগ্র জ্বগৎপ্রপঞ্চ তাঁর সামনে প্রণত হয়ে থাকে, তাঁর সকল বাসনাই পূর্ণ হয়, তাঁর আত্মা অপরকে পবিত্র ক'রে থাকে। অভএব যদি ঈশ্বনাভের কামনা কর, তবে বন্ধবিদের পূজা কর। যথন আম্বা ভিনটি দেবাছ্গ্রহ—মহুয়ত্ব,

১ वर्ष डेल., २१२१०

মৃম্কৃত ও মহাপুক্ষণ শ্রের লাভ করি, তখনই ব্যতে হবে মৃত্তি আমাদের করতলগত।''

চিরকালের জন্ম দেহের মৃত্যুর নামই নির্বাণ। এটা নির্বাণ-তর্ত্তের 'না'-এর দিক, এতে বলে—আমি এটা নই, ওটা নই। বেদান্ত আর একটু অগ্রসর হয়ে 'হা'-এর দিকটা বলেন—ওরই নাম মৃক্তি। 'আমি সং-চিং-আনন্দ, দোহঃম্—আমিই দেই'—এই হ'ল বেদান্ত—নিখুঁতভাবে তৈরী একটি খিলানের যেন শীর্ষপ্তর।

বৌদ্ধর্মের মহাযান সম্প্রদায়ের বেশীর ভাগ লোকই মৃক্তিতে বিশ্বাসী—
তারা যথার্থই বৈদান্তিক। কেবল সিংহলবাসীরাই নির্বাণের 'বিনাশ' অর্থ
গ্রহণ করে।

কোনরপ বিখাদ বা অবিখাদ 'আমি'কে নাশ করতে পারে না। যার অন্তিত্ব বিখাদের উপর নির্ভর করে এবং অবিখাদে উড়ে যায়, তা ভ্রমমাত্র। আত্মাকে কিছুই স্পর্শ করতে পারে না। 'আমি আমার আত্মাকে নমস্কার করি।' 'স্বয়ংজ্যোতিঃ আমি নিজেকেই নমস্কার করি, আমি ত্রন্ধ।' এই দেহটা যেন একটা অন্ধকার ঘর; আমরা যথন ঐ ঘরে প্রবেশ করি, তথনই তা আলোকিত হয়ে ওঠে, তথনই তা জীবস্ত হয়। আত্মার এই স্প্রপ্রকাশ জ্যোতিকে কিছুই স্পর্শ করতে পারে না, একে কোনমতেই নষ্ট করা যায় না। একে আবৃত্ত করা থেতে পারে, কিছু কথনও নষ্ট করা যায় না।

বর্তমান যুগে ভগবান্কে অনন্তশক্তিমরপিণী জননীরূপে উপাদনা করা কর্তব্য। এতে পবিত্রতার উদয় হবে, আর এই মাতৃপুজায় আমেরিকার মহাশক্তির বিকাশ হবে। এখানে (আমেরিকার) কোন মন্দির (পৌরোহিত্যশক্তি) কাউকে দাবিয়ে রাখছে না, অপেকারত গরীব দেশগুলোর মতো এখানে কেউ ক্টভোগ করে না। নারীজাতি শত শত যুগ ধরে হঃথক্ট সহ্ করেছে, তাই তাদের ভিতর অসীম ধৈর্য ও অধ্যবদায়ের বিকাশ হয়েছে। তারা একটা ভাব আঁকড়ে ধরে থাকে, সহজে ছাড়তে চার না। এই জন্তই

১ বিবেকচুড়ামণি, ৩

সকল দেশে তারা এমন কি কুসংস্কারপূর্ণ ধর্মদমুহের এবং পুরোহিতদের পূষ্ঠ-পোষকস্বরূপ হয়ে থাকে, আর এইটেই পরে তাদের স্বাধীনতার কারণ হরে। বৈদান্তিক হয়ে আমাদের বেদান্তের এই মহান্ ভাবকে জীবনে পরিণত করতে হবে। জনসাধারণকেও ঐ ভাব দিতে হবে—এটা কেবল স্বাধীন আমেরিকাতেই কাজে পরিণত করা যেতে পারে। ভারতে বৃদ্ধ, শঙ্কর ও অক্তান্ত মহামনীধী ব্যক্তিরা এই-সকল ভাব প্রচার করেছিলেন, কিন্তু জনসাধারণ সেগুলি ধরে রাথতে পারেনি। এই নৃতন যুগে জনসাধারণ বেদান্তের আদর্শাহ্যায়ী জীবন্ধাপন করবে, আর মেয়েদের স্বারাই এটা কাজে পরিণত হবে।

্ষতনে হদয়ে রেখো আদরিণী খামা মাকে,
মন, তুমি দেখ আর আমি দেখি, আর ষেন কেউ নাহি দেখে।
কামাদিরে দিয়ে ফাঁকি, আয় মন বিরলে দেখি,
রসনারে সঙ্গে রাখি, সে ষেন 'মা' ব'লে ডাকে। (মাঝে মাঝে)
কুবৃদ্ধি কুমন্ত্রী যত, নিকট হ'তে দিয়ো নাকো,
জ্ঞান-নয়নে প্রহরী রেখো, সে যেন সাবধানে থাকে।"

যত কিছু প্রাণী জীবনধারণ করছে, তুমি দে-সকলের পারে। তুমি আমার জীবনের স্থাকরম্বরূপ, আমার আত্মারও আত্মা।

রবিবার, অপরাহু

দেহ যেমন মনের হাতে একটা ষন্ত্রবিশেষ, মনও তেমনি আত্মার হাতে একটা ষন্ত্রত্বরূপ। জড় হচ্ছে বাইরের গতি, মন হচ্ছে ভিতরের গতি। কালেই সমৃদয় পরিবর্তন বা পরিণামের আরম্ভ ও সমাপ্তি। আত্মা যদি অপরিণামী হন, তিনি নিশ্চিত পূর্ণস্বরূপ; আর ষদি পূর্ণস্বরূপ হন, তবে তিনি অনন্তব্বরূপ; আর অনন্তব্বরূপ হ'লে অবশ্রই তিনি অবিতীয়; কারণ ঘটি অনন্ত আরু থাকতে পারে না, স্কুল্রাং আত্মা 'একমেবাবিতীয়ম্'ই হ'তে পারেনা। বিদিও আত্মাকে বহু ব'লে মনে হয়, কিন্তু প্রকৃতপক্ষেতিনি এক। বদি কোন ব্যক্তি পূর্বের অভিমূখে চলতে থাকে, প্রতি পদক্ষেপে দে এক একটা বিভিন্ন সূর্য দেখবে বটে, কিন্তু বন্ধতঃ সবন্ধানি তো সেই একই সুর্য।

- 'অন্তিভাবই' হচ্ছে সর্বপ্রকার একত্বের ভিত্তিম্বরূপ; আর ঐ ভিত্তিতে বেতে পারলেই পূর্ণতা লাভ হয়। যদি সব রঙকে এক রঙে পরিণত করা দন্তব হ'ত, তবে চেত্রবিল্ঞাই লোপ পেয়ে বেত। সম্পূর্ণ একত্ব হচ্ছে বিশ্রামান বা লয়; আমরা ব'লে থাকি—সকল প্রকাশই এক ঈশর থেকে হয়েছে। তাও-বাদী', কংকুছ (Confucius)-মতাবলমী, বৌদ্ধ, হিন্দু, য়াছদী, মুসলমান প্রীপ্রান ও জ্বরতুষ্ট্র-শিক্সগণ (Zoroastrians) সকলেই প্রায় একপ্রকার ভাষায় এই মহৎ নীতি প্রচার করছেন, 'তুমি অপরের কাছ থেকে বেরুপ ব্যবহার চাও, অপরের প্রতি ঠিক সেইরূপ ব্যবহার করা হিন্দুরাই কেবল এর ব্যাখ্যা দিয়েছেন; কারণ তাঁরা এর যুক্তি দেখতে প্রেয়েছিলেন। মামুষ অপর সকলকেই অবশ্ব ভালবাদবে; কারণ সেই অপর সকলে যে সেনিজে, সেই এক বস্তুই রয়েছেন কিনা।

জগতে যত বড় বড় ধর্মাচার্য হয়েছেন, তাঁদের মধ্যে কেবল লাওংদে বুদ্ধ ও যীশুই উক্ত নীতিরও উপরে গিয়ে শিক্ষা দিয়ে গেছেন—'ভোমার শক্রদেরও উপকার কর, যারা তোমায় ঘুণা করে, তাদেরও ভালবালো।'

তব্দম্হ পূর্ব থেকেই রয়েছে; দেগুলি আমরা স্বাষ্ট করি না, আবিষার করি মাত্র। ধর্ম কৈবল প্রত্যক্ষাস্থভূতি। বিভিন্ন মতামত—প্রণালী মাত্র, ওগুলি ধর্ম নয়। জগতের যত ধর্ম, দব বিভিন্ন জ্ঞাতির বিভিন্ন প্রয়োজন-অন্যায়ী ধর্মেরই বিভিন্ন প্রয়োগমাত্র। শুধু মতবাদ কেবল বিরোধ বাধিয়ে দেয়; দেখ না, কোথায় ঈশবের নামে লোকের শাস্তি হবে—ভা না হয়ে জগতে যত রক্তপাত হয়েছে, তার অর্ধেক ঈশবের নাম নিয়ে হয়েছে। একেবারে মূলে যাও; স্বয়ং ঈশবকেই জিজ্ঞাসা কর—তাঁর স্বরূপ কি? যদি তিনি কোন উত্তর না দেন, ব্যুতে হবে তিনি নেই। কিন্তু জগতের সকল ধর্মই বলে যে, তিনি উত্তর দিয়ে থাকেন।

তোমার নিজের বেন কিছু বলবার থাকে, তা না হ'লে অপরে কি বলেছে, তার কোনরূপ ধারণা করতে পারবে কেন । পুরাতন কুদংস্কার নিয়ে পড়ে থেকো না, সর্বদাই নৃতন সত্যদমূহের জন্ত গ্রন্থত হও। 'মুর্থ তারা, যারা তাদের পূর্বপুরুষদের থোঁড়া কুয়ার নোনতা জল থাবে, কিন্ত অপরের থোঁড়া

১ প্রীষ্টপূর্ব্ব বষ্ট শতাব্দীতে চীনদেশে লাওংজে-প্রবর্তিত ধর্মসম্প্রদার। **ইহাদের মত গ্রা**য় বেদান্তের মতো। 'তাও'-এর ধারণা অনেকটা বেদান্তের নিশুণ ব্রহ্মসদৃশ।

ক্য়ার বিশুদ্ধ জল থাবে না। আমরা, বতক্ষণ না নিজেরা ঈশরকে প্রত্যক্ষ করিছি, ততক্ষণ তাঁর সহছে কিছুই জানতে পারি না। প্রত্যেক ব্যক্তিই স্থভাবতঃ পূর্ণস্বরূপ। মহাপুরুষেরা তাঁদের এই পূর্ণ স্বরূপকে প্রকাশ করেছেন, আমাদের ভিতর এখনও ওটা অব্যক্তভাবে রয়েছে। আমরা কি ক'রে ব্রুষ্ণ যে, মূশা ইশ্বর দর্শন করেছিলেন, যদি আমরাও তাঁকে দেখতে না পাই ? যদি ইশ্বর কখনও মূশার কাছে এশে থাকেন তো আমার কাছেও আসবেন। আমি একেবারে সোজাস্থজি তাঁর কাছে বাব, তিনি যেন আমার সঙ্গে কথা কন। বিশাসকে ভিত্তি ব'লে আমি গ্রহণ করতে পারি না—সেটা নান্তিকটাও ঘোর ঈশ্বরনিলা। যদি ঈশ্বর ত্-হাজার বছর আগে আরবের মক্ষভ্নিতে কোন ব্যক্তির সঙ্গে কথা ব'লে থাকেন, আজ আমার সঙ্গেও তিনি কথা কইতে পারেন। তা না হ'লে কি ক'রে জানব, তিনি মরে যাননি? যে কোন পথে হোক, ঈশ্বের কাছে এদ—কিন্তু আসা চাই। তবে আসবার সময় যেন কাউকে ঠেলে ফেলে দিও না।

জ্ঞানী ব্যক্তিরা অজ্ঞান ব্যক্তিদের করুণা করবেন। যিনি জ্ঞানী, তিনি একটা শিঁপড়ের জন্ম পর্যন্ত নিজের দেহ ত্যাগ করতে ইচ্ছুক থাকেন, কারণ তিনি জানেন দেহটা কিছুই নয়।

সোমবার, ৫ই অগস্ট

প্রশ্ন এই: সর্বোচ্চ অবস্থা লাভ করতে গেলে কি সমৃদ্য নিয়তর সোপান দিয়ে ষেতে হবে, না একেবারে লাফিয়ে সেই অবস্থায় যাওয়া যেতে পারে? আধুনিক মার্কিন বালক আজ যে বিষয়টা পঁচিশ বছরে শিখে ফেলতে পারে, তার পূর্বপুরুষদের দে-বিষয় শিখতে এক-শ বছর লাগত। আধুনিক হিন্দু এখন বিশ বছরে দেই অবস্থায় আরোহণ করে, বে-অবস্থা লাভ করতে তার পূর্বপুরুষদের আটহাজার বছর লেগেছিল। শরীরের দৃষ্টি থেকে দেখলে দেখা যায়, গর্ভে জ্রণ সেই প্রাথমিক জীবাণুর (amæba) অবস্থা থেকে আরম্ভ ক'রে নানা অবস্থা অভিক্রম ক'রে শেষে মান্ত্ররূপ ধারণ করে। এই হ'ল আধুনিক বিজ্ঞানের শিক্ষা। বেদাস্ক আরপ্ত অগ্রসর হয়ে বলেন, আমাদের শুধু মানব-জাভির সমগ্র অতীত জীবনটা যাপন করলেই হবে না, সমগ্র মানবজাভির ভবিশ্বৎ জীবনটাও যাপন করতে হবে। ছিনি

প্রথমটি করেন, তিনি শিক্ষিত ব্যক্তি; ধিনি দিজীয়টি করতে পারেন, তিনি 'জীবসূক্ত'।

কাল বা সময় কেবল আমাদের চিস্তার পরিমাপক মাত্র, আর চিস্তার গতি অভাবনীয়ভাবে ক্ষত। আমরা কত ক্ষত ভাবী জীবনটা যাপন করতে পারি, তার কোন সীমা নির্দেশ করা যেতে পারে না। স্থতরাং মানবজাতির সম্গ্র ভবিশ্বৎ জীবন নিজ্ন জীবনে অমুভব করতে কতদিন লাগবে, তা নির্দিষ্ট ক'রে বলতে পারা যায় না। এক মুহুর্তে হ'তে পারে, কারও বা পঞ্চাশ জন্ম লাগতে পারে। এটা বাদনা বা ইচ্ছার তীত্রতার উপর নির্ভর করছে। স্থতরাং শিষ্যের প্রয়োজন অহ্যায়ী উপদেশও ভিন্ন ভিন্ন প্রকারের হওয়া দরকার। জলস্ক আঞ্জন সকলের জ্বতাই রয়েছে—তাতে জল, এমন কি বরফের চাঙ্গড় পর্যস্ত নি:শেষ ক'রে দেয়। একরাশ ছট্রা দিয়ে বন্দুক ছোড়, অস্ততঃ একটাও লাগবে। লোককে একেবারে এক রাশ সত্য দিয়ে দাও, তারা তার মধ্যে ষেটুকু নিজের উপযোগী তা নিয়ে নেবে। অতীত বহু জন্মের ফলে সংস্কার গঠিত হয়েছে, শিশ্বের প্রবণতা অমুষায়ী তাকে উপদেশ দাও। জ্ঞান, যোগ, ভক্তি ও কর্ম – এর মধ্যে যে-কোন একটি ভাবকে মৃদ ভিত্তি কর; কিন্তু অক্সান্য ভাবগুলিও সঙ্গে সঙ্গে শিক্ষা দাও। জ্ঞানের সঙ্গে ভক্তি দিয়ে সামঞ্জ্য করতে হবে, যোগপ্রবণ প্রকৃতিকে যুক্তিবিচারের দারা সামঞ্জু করতে হবে, আর কর্ম—তত্তকে কাজে পরিণত করার সাধনা ধেন সকল পথেরই অঙ্গস্বরূপ হয়। যে যেখানে আছে, তাকে সেইখান থেকে ঠেলে এগিয়ে দাও, ধর্মশিকা ষেন ধ্বংসমূলক না হয়ে সর্বদা গঠনমূলক হয়।

মান্নবের প্রভাক প্রবৃত্তিই তার অতীতের কর্ম সমষ্টির পরিচায়ক। এটি যেন সেই রেখা বা ব্যাসার্থ, যেটি ধ'রে মান্ন্যকে চলতে হবে। সকল ব্যাসার্থ অবলম্বন করেই কেন্দ্রে যাওয়া যায়। অপরের মাভাবিক প্রবণতা উলটে দেবার এতটুকু চেষ্টাও ক'রো না, তাতে গুরু এবং শিক্স উভরেই পেছিয়ে যায়। যথন তুমি 'জ্ঞান' শিক্ষা দিচ্ছ, তথন তোমাকে জ্ঞানী হ'তে হবে, আর শিক্স বে-অবহায় রয়েছে, ভোমাকে মনে মনে ঠিক সেইখানে যেতে হবে। অক্সান্ত ঘোণাও এইরুণ। প্রত্যেকটি ইত্তি এমন ভাবে বিকশিত করতে হবে বে, যেন সেটি ছাড়া আমাদের অন্ত কোন বৃত্তিই নেই—এই হচ্ছে তথাক্ষিত সাম্রক্তপূর্ণ উরতিসাধনের মধার্থ বৃহত্ত, আর্থাৎ মন্ত্রীরতার সঙ্গে উম্বারতা অর্জন

কর, কিন্তু গভীরতা হারিয়ে উদারতা চেও না। আমরা অনস্তব্ধরুপ;
আমাদের মধ্যে কোন কিছুর ইতি করা যেতে পারে না। স্থতরাং আমরা
সবচেয়ে নিষ্ঠাবান্ মুদলমানের মতো গভীর, অথচ ঘোরতম নান্তিকের মতো
উদার-ভাবাপন্ন হ'তে পারি।

এটি কার্যে পরিণত করার উপায় হচ্ছে মনকে কোন বিষয়বিশেষে প্রয়োগ করা নয়, আদত মনটারই বিকাশ করা ও তাকে সংযত করা। তা হলেই তুমি তাকে যে দিকে ইচ্ছা ফেরাতে পারবে। এইরূপে তোমার গভীরতা ও উদারতা তুই-ই লাভ হবে। জ্ঞান এমনভাবে উপলব্ধি কর যে, জ্ঞানই যেন একমাত্র রয়েছে। তারপর ভক্তিযোগ, রাজ্যোগ, কর্মযোগ নিয়েও ঐ ভাবে সাধন কর। তরঙ্গ ছেড়ে দিয়ে সম্দ্রের দিকে যাও, তবেই তোমার ইচ্ছামত তরঙ্গ উৎপন্ন করতে পারবে। তোমার নিজের মনরূপ হ্রদকে সংযত কর, তা না হ'লে তুমি অপরের মনরূপ হ্রদের তত্ত্ব কথনও জানতে পারবে না।

তিনিই প্রকৃত আচার্য, যিনি তাঁর শিয়ের প্রবণতা অমুযায়ী নিজের সমগ্র শক্তি নিয়োজিত করতে পারেন। প্রকৃত সহামুভূতি ব্যতীত আমরা কখনই ঠিক ঠিক শিক্ষা দিতে পারি না। মাহুষ যে দায়িত্বপূর্ণ প্রাণী—এ ধারণা ছেড়ে দাও; কেবল পূর্ণতাপ্রাপ্ত ব্যক্তিরই দায়িৎজ্ঞান আছে। অজ্ঞান ব্যক্তিরা মোহমদিরা পান ক'রে মাতাল হয়েছে, তাদের সহজ অবস্থা নেই। তোমরা জ্ঞানলাভ করেছ—তোমাদের তাদের প্রতি অনস্তব্ধৈর্যসম্পন্ন হ'তে হবে। তাদের প্রতি ভালবাদা ছাড়া অন্ত কোন প্রকার ভাব রেখো না; তারা যে-রোগে আক্রান্ত হ'য়ে জ্বাৎটাকে ভ্রান্ত দৃষ্টিতে দেখছে, আগে সেই েরোগ নির্ণয় কর; তারপর ষাতে তাদের সেই রোগ সেরে যায়, আর তারা ঠিক ঠিক দেখতে পাঁয়, সে বিষয়ে সাহায্য কর। সর্বদা শ্বরণ রেখে। যে, মুক্ত বা স্বাধীন পুরুষেরই কেবল স্বাধীন ইচ্ছা আছে— বাকি সকলেই বন্ধনের ভিতর রয়েছে—স্থতরাং তারা যা করছে, তার জ্ঞ্ম তারা দায়ী নয়। ইচ্ছা যথন ইচ্ছারপে প্রকাশিত, তথন তা বদ। জল যথন হিমালয়ের চূড়ায় গণতে থাকে, তথন স্বাধীন বা উন্মুক্ত, কিন্তু নদীরূপ ধারণ করলেই তটের দারা বন্ধ হয়ে যায়; তথাপি তার প্রাথমিক বেগই তাকে শেষে সমুদ্রে নিয়ে যায়, সেখানে ঐ জল আবার পূর্বের স্বাধীনতা ফিরে পায়। প্রথমটা যেন 'মানবের পতন' (Fall of Man) ও দিতীয়টি যেন 'পুনক্ষথান' (Resurrection)।

একটা পরমাণু পর্যন্ত স্থির হয়ে থাকতে পারে না যতক্ষণ না দেটি মৃক্তাবস্থা লাভ করছে।

কতকগুলি কল্পনা অন্য কল্পনাগুলির বন্ধন ভাঙতে সাহায্য করে। সমগ্র জগৎটাই কল্পনা, কিন্তু এক রক্ষের কল্পনাসমষ্টি অপর প্রকারের কল্পনাসমষ্টিকে নই ক'রে দেয়। ষে-সব কল্পনা বলে—জগতে পাপ তৃংথ মৃত্যু রয়েছে, সে-সব কল্পনা বড় ভয়ানক; কিন্তু আর এক রক্ষের কল্পনা বলে—'আমি পবিত্রস্বরূপ, ঈশর আছেন, জগতে তৃংথ নাই,' এইগুলিই শুভ কল্পনা, আর এগুলিই অন্যান্ত কল্পনার বন্ধন ভাঙতে সাহায্য করে। সগুণ ঈশরই মানবের সর্বোচ্চ কল্পনা, যা আমাদের বন্ধন-শৃত্যলের পাবগুলি সব ভেঙে দিতে পারে।

'ওঁ তৎ সং' অর্থাৎ একমাত্র সেই নিগুণ ব্রন্ধই মায়ার অতীত, কিস্তু সগুণ ঈশ্বরও নিতা। যতদিন নায়াগারা-প্রপাত রয়েছে, ততদিন তাতে প্রতিফলিত রামধম্বও রয়েছে; কিন্তু এদিকে প্রপাতের জলরাশি ক্রমাগত প্রবাহিত হয়ে যাচ্ছে। ঐ জলপ্রপাত জগৎপ্রপঞ্চয়রুপ, আর রামধন্থ সগুণ ঈশ্বরম্বরপ; এই হইটিই নিতা। যতক্ষণ জগৎ রয়েছে, ততক্ষণ অগদীশ্বর অবশুই আছেন। ঈশ্বর অগৎ স্পষ্ট করছেন, আবার জগৎ ঈশ্বরকে স্পষ্ট করছে—ছই-ই নিতা। মায়া সৎও নয়, অসৎও নয়। নায়াগারা-প্রপাত ও রামধন্থ উভয়ই অনস্তু কালের জন্ত পরিমাণশীল—এরা মায়ার মধ্য দিয়ে দৃষ্ট ব্রন্ধ। জরথুয়িয় ও প্রীষ্টানেরা মায়াকে হ্-ভাগে ভাগ ক'রে ভাল অর্থেকটাকে 'ঈশ্বর'ও মন্দ অর্থেকটাকে 'শয়তান' নাম দিয়েছেন। বেদাস্ত মায়াকে সমষ্টি বা সম্পূর্ণভাবে গ্রন্থণ করেন এবং তার পশ্চাতে ব্রন্ধরূপ এক অর্থও বস্তুর সতা স্বীকার করেন।

মহমদ দেখলেন, প্রীষ্টধর্ম দেনিটিক ভাব থেকে দ্রে চলে বাচছে, ঐ দেনিটিক ভাবের মধ্যে থেকেই প্রীষ্টধর্মের কিরূপ হওয়া উচিত—তার বে একমাত্র ঈশ্বরে বিশাস করা উচিত—এইটিই তার উপদেশের বিষয়। 'আমি ও আমার পিতা এক'—এই আর্ঘোচিত উপদেশের উপর তিনি বড়ই বিরক্ত ছিলেন, ঐ উপদেশে তিনি ভয় পেতেন। প্রকৃতপক্ষে মানব থেকে নিত্য পৃথক্ জিহোবা-সম্বনীয় হৈত ধারণার চেয়ে ত্রিম্বাদ (Trinity) অনেক উরত। যে ভাব-পরম্পরা ক্রমশ: ঈশ্বর ও মানবের একম্বজ্ঞান এনে দেয়,

অবতারবাদ তার প্রথম ভাব। লোকে প্রথম বোঝে, ঈশ্বর একজন মানবের দেহে আবিভূতি হয়েছিলেন, তার পর দেখে বিভিন্ন সময়ে তিনি বিভিন্ন মানবদেহে আবিভূতি হয়েছেন, অবশেষে দেখতে পায়—তিনি দব মাহ্মষের ভিতর রয়েছেন। অবৈভবাদ দর্বোচ্চ অবহা, একেশ্বরবাদ তার চেয়ে নীচের ভর। বিচারযুক্তির চেয়েও কল্পনা তোমায় শীঘ্র ও সহজে দেই সর্বোচ্চ অবস্থায় নিয়ে যাবে।

অন্ততঃ কয়েকজন লোক কেবল ঈশ্বলাভের জয় চেটা কয়ক, আর
সমগ্র জগতের জয় ধর্ম জিনিসটা রক্ষা কয়ক। 'আমি জনক রাজার
মত নির্লিপ্ত' ব'লে ভান ক'রো না। তুমি জনক বটে, কিন্তু মোহ বা
অজ্ঞানের জনকমাত্র।' অকপট হ'য়ে বলো, 'আমি আদর্শ কি তা ব্রুতে
পারছি বটে, কিন্তু এখনও আমি তার কাছে এগোতে পারছি না।' বাস্তবিক
ভ্যাস না ক'রে ত্যাগ করবার ভান ক'রো না। যদি বাস্তবিকই ত্যাগ কর,
তবে দৃঢ়ভাবে ঐ ত্যাগকে ধরে থাক। লড়াইয়ে এক-শ লোকের পতন হোক
না, তবু তুমি পতাকা তুলে নাও এবং এগিয়ে যাও; যে পড়ে পড়ুক না কেন,
তা সত্তে ঈশ্বর সভ্য। যুদ্ধে বার পতন হবে, সে যেন অপরের হাতে
পতাকাটি দিয়ে যায়—যাতে সে ঐ পতাকা বহন ক'রে নিয়ে বেতে পারে।
পতাকা কখনও ভ্লুঞ্চিত হ'তে পারে না।

বাইবেলে আছে—প্রথমে ভগবানের রাজ্য অয়েষণ কর, আর ষা কিছু তা তোমাকে দিয়ে দেওয়া হবে। কিন্তু আমি বলি, যখন ধুয়ে পুঁছে পরিদ্ধার হলাম, তখন আবার অশুচিতা আমাতে জুড়ে দেবার কি দরকার? তাই বলি, প্রথমেই স্বর্গরাজ্য অয়েষণ কর, আর বাকি যা কিছু সব চলে যাক। তোমাতে নৃতন কিছু আস্কে—এ কামনা ক'রো না, বরং সব কিছু ত্যাগ করতে পারলেই খুনী হও। ত্যাগ কর, আর জেনো যে তুমি দেখতে না পেলেও সফলতা লাভ তুমি কর্বেই। যীশু বারটি জেলে শিশ্য রেখেছিলেন, কিন্তু ঐ অল্ল ক-টি লোকেই প্রবল রোমক সাম্রাজ্য উড়িয়ে দিয়েছিল।

১ 'জনক' শব্দটির অর্থ জন্মদাতা, মিথিলার রাজারও নাম 'জনক'; তিনি জনগণের জক্ত রাজ্যপালন করিতেন এবং মনে মনে সবই ত্যাগ করিয়াছিলেন।

দশবের বেদীতে পৃথিবীর মধ্যে পবিএতম ও সর্বোৎকৃষ্ট যা কিছু, তাই বলিম্বরূপ অর্পণ কর। যিনি ত্যাগের চেটা কখন করেন না, তাঁর চেয়ে যিনি চেটা করেন, তিনি অনেক ভাল। একজন ত্যাগীকে দেখলে—তার ফলে হালয় পবিত্র হয়। দশবকে লাভ ক'রব—কেবল তাঁকেই চাই—এই ব'লে দৃঢ়পদে দাঁড়াও, ছনিয়ার যা হবার হোক; দশর ও সংসার—এই ছই-এর মধ্যে কোন আপস করতে যেও না। সংসার ত্যাগ কর, কেবল তা হলেই দেহবন্ধন থেকে মৃক্ত হ'তে পারবে। আর এরপে দেহে আসক্তি চলে যাবার পর দেহত্যাগ হলেই তুমি 'আজাদ' বা মৃক্ত হ'লে। মৃক্ত হও, শুধু দেহের মৃত্যু আমাদের কখনও মৃক্ত করতে পারে না। বেঁচে থাকতে থাকতেই আমাদের নিজ চেটার মৃক্তিলাভ করতে হবে। তবেই যখন দেহপাত হবে, তখন সেই মৃক্ত পুরুষের আর পুনর্জন্ম হবে না।

সত্যকে সত্যের দারাই বিচার করতে হবে, অন্ত কিছুর দারানয়। লোকের হিত করাই সত্যের কষ্টিপাথর নয়। স্থাকে দেখবার জন্ম আন মশালের দরকার করে না। যদি সত্য সমগ্র জগৎকে ধ্বংস করে, তা হলেও তা সত্যই—এ সত্য ধরে থাকো।

ধর্মের বাহ্য অন্নষ্ঠানগুলি করা সহজ—এগুলিই সাধারণকে আকর্ষণ করে, কিন্তু প্রস্কৃতপক্ষে বাহ্য অনুষ্ঠানে কিছু নেই।

'মাকড়সা যেমন নিজের ভিতর থেকে জাল বিস্তার করে, জাবার তাকে নিজের ভিতর গুটিয়ে নেয়, সেইরূপ ঈশ্বরই এই জগৎপ্রপঞ্চ বিস্তার করেন, আবার নিজের ভিতর টেনে নেন।''

মঙ্গলবার, ৬ই অগস্ট

ভামি না থাকলে বাইরে 'তুমি' থাকতে পারে না। এই থেকে কতকগুলি দার্শনিক এই দিদ্ধান্ত করলেন যে 'আমাতে' ছাড়া বাহ্ জগতের স্বতম্ব অন্তিত্ব নেই। 'তুমি' কেবল 'আমা'তেই রয়েছ। অপরে আবার ঠিক এর বিপরীত তর্ক ক'রে প্রমাণ করবার চেষ্টা করেছেন যে, 'তুমি' না থাকলে 'আমার' অন্তিত্ব

১ মুপ্তক উপ, ১৷১৷৭

প্রমাণই হ'তে পারে না। তাঁদের পক্ষেও যুক্তির বল সমান। এই হুটো মতই আংশিক সত্য—থানিকটা সত্য, থানিকটা মিথ্যা। দেহ যেমন জড় ও প্রকৃতির উপাদানে গঠিত, চিস্তাও তাই। জড় ও মন উভয়ই একটা তৃতীয় পদার্থে অবহিত – এক অথও বস্তু আপনাকে হ্-ভাগ ক'রে ফেলেছে। এই এক অথও বস্তুর নাম 'আত্মা'।

সেই মূল সত্তা থেন 'ক', সেটিই মন ও জড় উভয়রপে নিজেকে প্রকাশ করছে। এই পরিদৃশ্যমান জগতে এর গতি কতকগুলি নির্দিষ্ট প্রণালী অবলম্বন ক'রে হয়ে থাকে, সেগুলিকেই আমরা নিয়ম বলি। এক অথও সত্তা-রূপে তা মূক্তমভাব, বছ দেখলে সেটি নিয়মের অধীন। তথাপি এই বন্ধন সত্তেও আমাদের ভিতর একটা ম্ক্তির ধারণা সদাস্বদা বর্তমান রয়েছে, এরই নাম নিবৃত্তি অর্থাৎ 'আদক্তি ত্যাগ করা'। আর বাদনাবশে যে-সব জড়ছবিধায়িনী শক্তি আমাদের সাংসারিক কার্যে বিশেষভাবে প্রবৃত্ত করে, তাদেরই নাম প্রবৃত্তি।

দেই কাজটাকেই নীতিসক্ষত বা সংকর্ম বলা যায়, যা আমাদের জড়ের বন্ধন থেকে মৃক্ত করে; তার বিপরীত যা, তা অসৎ কর্ম। এই জগংপ্রপ্রাঞ্চকে অনস্ত বোধ হচ্ছে, কারণ এর মধ্যে সব জিনিসই চক্রগতিতে চলেছে; যেখান থেকে এসেছে, দেইখানেই ফিরে যাচ্ছে। রুত্তের রেখাটি বর্ধিত হয়ে আবার নিজের সঙ্গে মিলে যায়, স্থতরাং এখানে—এই সংসারে—কোনখানে বিশ্রাম বা শাস্তি নেই। এই সংসার বৃত্ত থেকে আমাদের বেকতেই হবে। মৃক্তিই আমাদের একমাত্র লক্ষ্য—একমাত্র গতি।

মন্দের কেবল আকার বদলায়, কিন্তু তার গুণগত কোন পরিবর্তন হয় না।
প্রাচীনকালে যার শক্তি ছিল, দেই শাসন ক'রত, এখন ধৃত্তা শক্তির স্থান
অধিকার করেছে। তৃঃখকষ্ট আমেরিকায় যত তীত্র, ভারতে তত নয়; কারণ
এখানে (আমেরিকায়) গরীব লোক নিজেদের ত্রবস্থার সঙ্গে অপরের
.অবস্থার থ্ব বেশী প্রভেদ দেখতে পায়।

ভাল মন্দ এই দুটো অচ্ছেগ্যভাবে জড়িত—একটাকে নিতে গেলে অপরটাকে নিতেই হবে। এই জগতের শক্তিসমষ্টি যেন একটা হ্রদের মতো—ওতে যেমন তরক্বের উত্থান আছে, ঠিক তদম্যায়ী একটা পতনও আছে। সমষ্টিটা সম্পূর্ণ এক—স্বতরাং একজনকে স্থা করা মানেই আর এক জনকে অস্থা করা। বাইরের স্থাজ্জ্ম্থ মাত্র, আর তার পরিমাণ নির্দিষ্ট। স্বতরাং এককণা স্থাও পেতে গেলে, তা অপরের কাছ থেকে কেড়ে না নিয়ে পাওয়া যায় না। কেবল যা জড়জগতের অতীত স্থা, তা কারও কিছু হাঁনি না ক'রে পাওয়া যেতে পারে। জড়স্থা কেবল জড়ত্বংথের রূপাস্তর মাত্র।

যার। ঐ তরক্ষের উত্থানাংশে জন্মছে ও সেইখানে রয়েছে, তারা তার পতনাংশটা—আর তাতে কি আছে, তা দেখতে পায় না। কথনও মনে ক'রো না, তৃমি জগৎকে ভাল ও স্থী করতে পারো। ঘানির বলদ তার সামনে বাঁধা খড়ের গোছা পাবার জন্ম চেটা করে বটে, কিন্তু কোন কালে তার কাছে পৌছতে পারে না, কেবল ঘানি ঘোরাতে থাকে মাত্র। আমরাও এইরূপে স্থরূপ আলেয়ার অস্পরণ করছি—সর্বদাই সেটা আমাদের সামনে থেকে সরে যাচ্ছে, আর আমরা শুধু প্রকৃতির ঘানিই ঘোরাছি। এইরূপ ঘানি টানতে টানতে আমাদের মৃত্যু হ'ল, তারপরে আবার ঘানি টানা আরম্ভ হবে। যদি আমরা অশুভকে দ্র ক'রে দিতে পারতাম, তা হ'লে আমরা কথনই কোন উচ্চতর বস্তর আভাস পর্যন্ত পেতাম না; আমরা তা হ'লে সম্ভট হয়ে থাকতাম, কথনও মৃক্ত হবার জন্ম চেটা করতাম না। যখন মান্থ্য ব্রুতে পারে, জড়জগতে স্থ অন্বেষণের সকল প্রচেটা একেবারে নির্থক, তথনই ধর্মের আরম্ভ। মান্থ্যের যত রকম জ্ঞান আছে, সবই ধর্মের অক্সমাত্র।

মানবদেহে ভাল-মন্দ এমন দামঞ্জস্ত ক'রে রয়েছে যে, তাইতেই মাহ্যবের এ উভয় থেকে মৃক্তিলাভ করবার ইচ্ছার সম্ভাবনা রয়েছে।

মৃক্ত যে, সে কোনকালেই বন্ধ হয়নি। মৃক্ত কি ক'রে বন্ধ হ'ল, এই প্রশ্নটাই অযৌক্তিক। যেখানে কোন বন্ধন নেই, সেখানে কার্যকারণ-ভাবও নেই। 'স্বপ্রে আমি একটা শেয়াল হয়েছিলাম, আর একটা কুকুর আমায় ভাড়া করেছিল'—এখন আমি কি ক'রে প্রশ্ন করতে পারি যে কুকুর কেন আমায় ভাড়া করেছিল? শেয়ালটা স্বপ্নেরই একটা অংশ, আর কুকুরটাও ঐ সঙ্গে আপনা হতেই এসে জুটল; কিন্তু তুই-ই স্বপ্ন, বাইরে এদের স্বভন্ত অন্তিত্ব নেই। আমরা যাতে এই বন্ধনের বাইরে যেতে পারি, বিজ্ঞান ও ধর্ম তুই-ই আমাদের সে-বিষয়ে সাহায্য করতে চেটা করছে। ভবে ধর্ম বিজ্ঞানের

চেয়ে প্রাচীন, আর আমাদের এই কুসংস্থার রয়েছে যে, ধর্ম বিজ্ঞানের চেয়ে পবিত্র। এক হিসাবে পবিত্রও বটে, কারণ ধর্ম নীতি বা চরিত্রকে (morality) তার একটি অত্যাবশ্যক অঙ্গ ব'লে মনে করে, কিন্তু বিজ্ঞান তা করে না।

'পবিত্রাত্মারা ধন্ত, কারণ তাঁরা ঈশ্বরকে দর্শন করবেন।' যদি দব শাস্ত এবং দব অবতার লুপ্ত হয়ে য়ায়, তথাপি এই একটিমাত্র বাক্য সমগ্র মানবন্ধাতিকে রক্ষা করবে। অস্তরের এই পবিত্রতা থেকেই ঈশ্বরদর্শন হবে। সমগ্র বিশ্বসদীতে এই পবিত্রতাই ধ্বনিত হচ্ছে। পবিত্রতায় কোন বন্ধন নেই। পবিত্রতা দ্বারা অজ্ঞানের আবরণ দ্ব ক'রে দাও, তা হলেই আমাদের যথার্থ অরূপের প্রকাশ হবে, আর আমরা জানতে পারব—আমরা কোন কালে বন্ধ হইনি। নানাত্ম-দর্শনই জগতের মধ্যে দব চেয়ে বড় পাপ— সবকিছুকেই আত্মরূপে দর্শন কর ও সকলকেই ভালবাদো। ভেদভাব সব একেবারে দ্ব ক'রে দাও।

পিশাচপ্রকৃতি লোকও ক্ষত বা পোড়া ঘায়ের মতো আমার দেহেরই একটা অংশ। ষত্র ক'রে তাকে ভাল ক'রে তুলতে হবে। ছষ্ট লোককেও ক্রমাগত সাহায্য করতে থাকো, যতক্ষণ না সে সম্পূর্ণ সেরে যাচ্ছে এবং আবার স্বস্থ অথী হচ্ছে।

আমরা যতদিন আপেক্ষিক বা বৈতভূমিতে রয়েছি, ততদিন আমাদের বিশ্বাদ করবার অধিকার আছে যে, এই আপেক্ষিক জগতের বস্তু ছারা আমাদের অনিষ্ট হ'তে পারে, আবার ঠিক দেই ভাবে সাহায্যও পেতে পারি। এই সাহায্য-ভাবের স্ক্ষ্মতম ভাবকেই আমরা ঈশ্বর বলি। ঈশ্বর বলতে আমাদের এই ধারণা আদে যে, আমরা যত প্রকার সাহায্য পেতে পারি, তিনি তার সমষ্টিস্বরূপ।

যা-কিছু আমাদের প্রতি করণাসম্পন্ন, যা-কিছু কল্যাণকর, যা-কিছু আমাদের সহায়ক, ঈশ্বর সেই সকলের সার সমষ্টিম্বরূপ। ঈশ্বরসহচ্চে আমাদের এই একমাত্র ধারণা থাকা উচিত। আমরা যথন নিজেদের আত্মরূপে ভাবি, তথন আমাদের কোন দেহ নেই, স্ক্তরাং 'আমি ব্রহ্ম, বিষও আমার কিছু ক্ষতি করতে পারে না'—এই কথাটাই একটা অসম্ভব বাক্য। যতক্ষণ আমাদের দেহ রয়েছে, আর সেই দেহটাকে আমরা দেখছি, ততক্ষণ আমাদের

ঈশবোপলনি হয়নি। নদীটাই যথন লুপ্ত হ'ল, তথন তার ভিতরের ছোট আবর্তটা কি আর থাকতে পারে? সাহায্যের জন্ত কাঁদো দেখি, তা হ'লে সাহায্য পাবে—আর অবশেষে দেখবে, সাহায্যের জন্ত কালাও চলে গেছে, সঙ্গে সঙ্গে সাহায্যদাতাও চলে গেছেন; থেলা শেষ হয়ে গৈছে, বাকি রয়েছেন কেবল আত্মা।

একবার এইটি হয়ে গেলে ফিরে এসে ষেমন খুনী খেলা কর। তথন আর এই দেহের দারা কোন অন্থায় কাজ হ'তে পারে না; কারণ ষতদিন না আমাদের ভিতরে কুপ্রবৃত্তিগুলো সব পুড়ে ষাচ্ছে, ততদিন মৃক্তিলাভ হবে না; যথন ঐ অবহালাভ হয়, তথন আমাদের সব ময়লা পুড়ে ষায়, আর অবশিষ্ট থাকে নিধুমি শিখা, তাপ নেই—আলো আছে।

তথন প্রারক্ধ আমাদের দেহটাকে চালিয়ে নিয়ে যায়, কিন্তু তার ঘারা তথন কেবল ভাল কাজই হ'তে পারে, কারণ মৃক্তিলাভ হবার পূর্বে সব মন্দ চলে গেছে। চোর ক্রুশে বিদ্ধ হয়ে মরবার সময় তার প্রাক্তনকর্মের ফল-লাভ করলে। পূর্বজ্বমে সে যোগী ছিল, যোগভ্রন্ত হওয়াতে তাকে জনাতে হয়; এ জন্মেও পতন হওয়াতে তাকে চোর হ'তে হয়েছিল। কিন্তু পূর্ব জন্মে সে যে শুভকর্ম করেছিল, তার ফল ফ'লল। তার যথন মৃক্তিলাভ হবার সময় হ'ল, তথনই তার যীভ্রাত্তির সঙ্গে দেখা হ'ল, আর তাঁর এক কথায় সে মৃক্ত হয়ে গেল।

বৃদ্ধ তাঁর প্রবলতম শত্রুকেও মৃক্তি দিয়েছিলেন, কারণ দে ব্যক্তি তাঁকে এত দেয় ক'রত যে, ঐ দেষবশে দে সর্বদা তাঁর চিন্তা ক'রত। ক্রমাগত বৃদ্ধের চিন্তায় তার চিন্তান্ধনি-লাভ হয়েছিল, আর সে মৃক্তিলাভ করবার উপযুক্ত হয়েছিল। অতএব সর্বদা ঈশবের চিন্তা কর, ঐ চিন্তার দারা তৃমি পবিত্র হয়ে যাবে।

(এই ভাবেই শেষ হইয়া গেল আমাদের প্রিয়তম গুরুদেবের 'দিব্যবাণী', পরদিন স্বামীজী সহস্রবীপোতান হইতে নিউইয়র্কে ফিরিয়া যান।)

W CONTR



নারদভক্তি-সূত্র

১৮৯৫ খ্বঃ শরংকালে মিঃ স্টার্ডির সহযোগিতার স্বামীন্সী কর্তৃক ইংরেজিতে অনুদিত।

[নারদীয় ভক্তি-স্ত্র দশটি অমুবাকে বিজ্ঞ , ইহাতে মোট ৮৪টি স্ত্র আছে। অমুবাক্ অমুসারে স্বত্রসংখ্যা যথাক্রমে—৬, ৮, ১০, ৯, ৯, ৮, ৭, ৯, ৭, ১১। স্বামীজী কয়েকটি স্ত্র একসঙ্গে প্রথিত করিয়াছেন, করেকটি বাদ দিয়াছেন। এথানে পাঁচটি পরিচ্ছেদে মোট ৬২টি স্ত্রের ব্যাখ্যা করা হইয়াছে। আমরা এখানে ইংরেজী অমুবাদে ব্যক্ত ভাব ও পরিচ্ছেদ-বিভাগ অমুসরণ করিয়াছি।]

প্রথম পরিচ্ছেদ

- ১। ঈশবের প্রতি ঐকাস্তিক ভালবাদার নাম ভক্তি।
- ২। ইহাপ্রেমামৃত।
- ৩। ইহা লাভ করিলে মানুষ পূর্ণ হয়, অমর হয়, চিরতৃপ্তির অধিকারী হয়।
- ৪। ইহা লাভ করিলে মাহ্ন্য আর কিছুই চায় না এবং বেষ- ও অভিমান-শৃত্য হয়।
- ৫। ইহা জানিয়া মাহ্ম আধ্যাত্মিকতায় পূর্ণ হয়, শাস্ত হয়, এবং একমাত্র ভগবদ্বিষয়েই আনন্দ পাইয়া থাকে।
- ৬। কোন বাদনাপুরণের জন্ম ইহাকে ব্যবহার করা চলে না, কারণ ইহা স্ববিধ বাদনার নির্ত্তি-স্বরূপ।
- ৭। 'সন্ন্যাস' বলিতে লৌকিক ও শাস্ত্রীয়—এই উভয়বিধ উপাসনারই ত্যাগ বুঝায়।
- ৮। ষাহার সমগ্র সন্তা ঈশ্বরে নিবন্ধ, সেই-ই ভক্তিপথের সন্ন্যাসী; যাহা কিছু তাহার ভগবদভক্তির বিরোধী, তাহাই সে ত্যাগ করে।
 - ৯। অন্ত দব আশ্রয় তাগ করিয়া সে একমাত্র ভগবানের শরণাগত হয়।
 - ১০। জীবন হুদৃঢ় না হওয়া পর্যন্ত শাহ্রবিধি মানিয়া চলিতে হয়;
 - ১১। নতুবা মৃক্তির নামে অসদাচরণে বিপদ আছে।

- ১২। ভজিতে দৃঢ়প্রতিষ্ঠিত হইলে দেহরক্ষার জন্ম যাহা প্রয়োজন, তদ্তিরিক্ত সমস্ত লৌকিক আচরণই পরিত্যক্ত হয়।
- ১৩। ভিক্তির অনেক সংজ্ঞা আছে; কিন্তু নারদের মতে ভক্তির চিহ্ন এইগুলি: যখন সকল চিস্তা, সকল বাক্য, সকল কর্ম ভগবানে সমর্পিত হয়, ভগবানকে স্বল্লক্ষণ বিশ্বত হইলেও যখন অতি গভীর হৃংথের উদয় হয়, বৃঝিতে হইবে তখন প্রেম-সঞ্চার শুক্ল হইয়াছে।
 - ১৪। (यमन, এই প্রেম গোপীদের ছিল।
- ১৫। কারণ ভগবানকে প্রেমাস্পদক্ষণে উপাদনা করিলেও তাঁহার ভগবৎস্বরূপ তাঁহারা কখনও বিশ্বত হন নাই।
 - ১৬। এরপ না হইলে তাঁহারা অসতীত্ব-রূপ পাপের ভাগী হইতেন।
- ১৭। ইংাই ভক্তির সর্বোচ্চ রূপ। কারণ মাহুষের সব ভালবাদায় প্রতিদানে কিছু পাইবার আকাজ্ঞা থাকে, কিন্তু ইহাতে তাহা নাই ।

দ্বিতীয় পরিচ্ছেদ

- ১। কর্ম, জ্ঞান এবং বোগ (রাজযোগ) অপেক্ষা ভক্তি মহন্তর। কারণ ভক্তিই ভক্তির ফল, উপায় ও উদ্দেশ্য)
- ২। খাত্য সম্বন্ধে জ্ঞানলাভে বা খাত্যবস্তুর দর্শনে যেমন মাম্বের ক্ষ্রিবৃত্তি হয় না, সেইরূপ যতক্ষণ পর্যন্ত না ভগবানের প্রতি প্রেমের উদয় হয়, ততক্ষণ পর্যন্ত ভগবানের সম্বন্ধে জ্ঞান, এমনকি ভগবদ্দর্শন হইলেও মাম্য পরিতৃপ্ত হইতে পারে না। সেইজ্ঞা ভক্তিই শ্রেষ্ঠ।

তৃতীয় পরিচ্ছেদ

- ১। যাহা হউক, সিদ্ধ ভক্তগণ ভক্তি সম্বন্ধে এই কথা বলিয়াছেন :
- ২। যে ভক্তিলাভ করিতে চায়, তাহাকে ইন্দ্রিয়-ম্থভোগ, এমনকি মামূষের দল পর্যন্ত অবশ্রই ত্যাগ করিতে হইবে।
- ৩। দিবারাত্র সে একমাত্র ভক্তির বিষয় ছাড়া আর অন্ত কিছুই চিস্তা ... করিবে না।
- ৪। বেখানে ভগবানের কীর্তন ও আলোচনা হয়, সেধানে ভাহার যাওয়া উচিত।

- ৫। প্রধানত: মুক্ত মহাপুরুষের রূপাতেই ভক্তিলাভ হয়।
- ৬। মহাপুরুষের সঙ্গলাভ তুর্লভ এবং আত্মার মৃক্তিবিধানে তাহা অমোঘ।
 - ৭। ভগবংকপায় এরূপ গুরুলাভ হয়।
 - ৮। ভগবান্ ও ভগবানের অস্তরঙ্গ ভক্তের মধ্যে কোন ভেদ নাই।
 - ন। অতএব এরপ মহাপুরুষদের রূপালাভের চেটা কর।)
 - ১ । (अन्दमक नर्वन। वर्জनीय।
- ১১। কারণ উহা কাম-ক্রোধ বাড়াইয়া দেয়, মায়ায় বন্ধ করে, উদ্দেশুকে ভূলাইয়া দেয়, ইচ্ছাশক্তির দৃঢ়তা (অধ্যবসায়) নাশ করে এবং সব কিছুই ধ্বংস করিয়া দেয়।
- ২২। এই বিপত্তিগুলি প্রথমে ক্ষুদ্র তরঙ্গের আকারে আহিতে পারে, কিন্তু অসংসঙ্গ এগুলিকে সমুদ্রাকারে পরিণত করে।
- ১৩। সকল আদক্তি যে ত্যাগ করিয়াছে, যে মহাপুরুষের সেবা করে, সংসারের সব বন্ধন ছিন্ন করিয়া যে একাকী বাদ করে, যে গুণাতীত, ভগবানের উপর যে সম্পূর্ণরূপে নির্ভরশীল, সে-ই মায়ার পারে যাইতে পারে।
- ১৪। যে কর্মফল ত্যাগ করে, যে সর্বকর্ম, স্থ-ছঃখরূপ দ্বন্ধ, এমনকি শাস্তজ্ঞানও পরিত্যাগ করে, দে-ই নিরবচ্ছিন্ন ভগবৎপ্রেমের অধিকারী হয়
 - ১৫। দে ভবনদী পার হয়, এবং অপরকেও পার হইতে সাহায্য করে।

চতুর্থ পরিচ্ছেদ

- ১। প্রেমের স্বরূপ বর্ণনার অতীত—অনির্বচনীয়।
- ২। মৃক ষেমন ষাহা আম্বাদন করে, তাহা কথায় প্রকাশ করিতে পারে না, কিন্তু তাহার ভাবই তাহা প্রকাশ করিয়া দেয়, তেমনি মামুষ এই প্রেমের কথা ভাষায় প্রকাশ করিতে পারে না, তবে তাহার আচরণে উহা প্রকাশ পায়।
 - ৩। বিরল কোন ব্যক্তির জীবনে এই প্রেমের প্রকাশ ঘটে।
- ৪। সর্বগুণাভীত, সমস্ত বাসনার অতীত, চিরবর্ধমান, চিরবিচ্ছেদহীন, স্ক্ষতম অহত্তি প্রেম।

- ৫। যখন মাফ্ষ এই প্রেমভক্তি লাভ করে, তখন দে সর্বত্তই এই প্রেমের রূপ দর্শন করে, উহার কথাই শ্রবণ করে, উহাই কীর্তন করে এবং চিম্ভা করে।
- ৬। গুণ ও অবহাহুসারে এই প্রেম বিভিন্নভাবে নিজেকে বিকশিত করে।
- ৭। তম (মৃঢ়তা, আলস্থা), রজ (চঞ্চলতা, কর্মপ্রবণতা), সর্ব (শাস্তি, পবিত্রতা)—এগুলি গুণ; আর্ত (চ্ংখী), অর্থার্থী (কোন কিছুর অভিলাষী), জিজাহ (সত্যাহ্নসমী), জানী (জ্ঞাতা)—এগুলি বিভিন্ন অবস্থা।
 - ৮। ইহাদের মধ্যে শেষোক্তগুলি পূর্বোক্তগুলি অপেকা উচ্চতর।
 - ৯। ভক্তিই উপাদনার সহজ্বতম পথ।
- ১০। ইহা স্বত:-প্রমাণ, প্রমাণের জন্ম অন্ত কোন কিছুর অপেকা রাথেনা।
 - ১১। শাস্তি ও পরমানন্দই ইহার প্রকৃতি।
- ১২। ভক্তি কখনও কাহারও বা কোন কিছুর অনিষ্ট করিতে চায় না, এমন কি প্রচলিত উপাসনা-পদ্ধতিরও নয়।
- ১৩। ভোগ-বিষয়ক, ঈশবের প্রতি সন্দেহ-বিষয়ক, বা নিজের শত্রু-বিষয়ক প্রসন্ধ কদাপি শুনিতে নাই।
 - ১৪। অহকার, দম্ভ প্রভৃতি অবশ্রই পরিহার্য।
- ১৫। এইসব রিপুকে যদি দমন করিতে না পারো, তবে ঈশবের দিকে এগুলির মোড় ফিরাইয়া দাও, সর্বকর্ম তাঁহাতে সমর্পণ কর।
- ১৬। প্রেম, প্রেমিক ও প্রেমাস্পদকে এক ভাবিয়া, নিজেকে ভগবানের চিরভৃত্য বা চিরবর্ ভাবিয়া ভগবানের সেবা কর, তাঁহাকে প্রেমনিবেদন এইভাবেই করিতে হয়।

পঞ্ম পরিচ্ছেদ

- ১। যে প্রেম ভগবানে একাগ্র, তাহাই শ্রেষ্ঠ।
- ২। ভগবংপ্রদঙ্গ করিতে গেলে তাঁহাদের (এরপ একনিষ্ঠ প্রেমিকদের) কথা কঠে রুদ্ধ হয়, তাঁহারা কাঁদিয়া ফেলেন; তীর্থকে তাঁহারাই প্রিত্ত

করেন; তাঁহাদের কর্ম শুভ; তাঁহারা সদ্গ্রন্থকে অধিকতর সদ্ভাবাপন্ন করিয়া তুলেন; কারণ তাঁহারা ভগবানের সঙ্গে একাত্ম।

- ৩। কেহ ষথন ভগবানকে এতথানি ভালবাসে, তথন তাঁহার পূর্বপুরুষগণ আনন্দ করেন, দেবগণ নৃত্য করেন, আর পৃথিবী একজন গুরুলাভ করে।
- 8। এরপ প্রেমিকের নিকট বংশ, লিঙ্গ, জান, আকার, জন্ম ও সম্পদের কোন ভেদ থাকে না।
 - ে। কারণ এ-সবই তো ভগবানের।
 - ৬। (তর্ক বর্জনীয়।
- ৭। কারণ ইহার কোন শেষ নাই, কোন সন্তোষজনক ফললাভও ইহাতে হয় না।
 - ৮। প্রেমভক্তি বর্ধিত হয়, এমন গ্রন্থ পাঠ কর এবং এমন কর্ম কর।
- ম্থ-ত্ংথের, লাভ-লোকদানের সকল বাসনা ত্যাগ করিয়া দিবারাত্র
 ভগবানের পূজা কর। একটি মৃহুর্তও বুখা নষ্ট করিও না।
- > । **অহিংসা, সত্যনিষ্ঠা, পবিত্রতা, দয়া ও দেবভাব সর্বদা পোষণ** করিবে।
- ১১। অন্ত সব চিস্তা ত্যাগ করিয়া সমস্ত মন দিয়া দিবারাত্র ভগবানের পূজা করা উচিত। এভাবে রাত্রিদিন উপাসনা করিলে ভক্তের নিকট ভগবান্ প্রকাশিত হন, এবং ভক্তকে উপলব্ধির সামর্থ্য দান করেন।
- ১২। অতীত, বর্তমান ও ভবিশ্বতে প্রেম অপেক্ষা মহন্তর কিছু নাই।
 জগতের সব ব্যক্ষ-বিদ্ধেপের ভয় পরিহার করিয়া, প্রাচীন মহাপুরুষদের
 পন্ধা-অন্সমরণ করিয়া আমরা এভাবে এই প্রেমভক্তির কথা প্রচার করিতে
 সাহসী হইয়াছি।

ভক্তিযোগ-প্রদঙ্গে

বৈতবাদী বলে, সর্বদা দণ্ডহন্তে শাসন করিতে উত্তত একজন ঈশ্বকে না ভাবিলে তুমি নীতিমান্ হইতে পার না। ব্যাপারটা কি রকম? ধর একটি ঘোড়া আমাদের নীতি সম্বন্ধে বক্তৃতা দিবে। আর ঘোড়াট ছ্যাকরা গাড়ির হতভাগ্য ঘোড়া, দে চাবুক ভিন্ন এক পাও অগ্রসর হয় না—এইটি তাহার স্বভাবে পরিণত হইয়াছে। এই ঘোড়ার বক্তৃতার বিষয় হইল 'মাহ্র্ম', তাহার মতে মাহ্র্মাত্রই নীতিহীন। কেন? কারণ মাহ্র্যকে নিয়মিতভাবে চাবুক মারা হয় না। কিন্তু চাবুকের ভয় মাহ্র্যকে আরও নীতিহীন করিয়া তোলে।

তোমরা সকলে বলো দে, ঈশ্বর বলিয়া একটি সন্তা আছেন এবং তিনি সর্ববাপী। চক্ষ্ বন্ধ কর এবং চিন্তা করিতে থাকো—ঈশ্বর কিরপ। তুমি কি দেখিবে? ষথনই তোমার মনে ঈশ্বরের সর্বব্যাপিত্বের ভাবটি আনিবার চেটা করিবে, তথনই সাগর, নীল আকাশ, বিস্তৃত বিশাল উন্মৃক্ত প্রালণ কিংবা এরূপ কোন বস্তু দেখিবে, যাহা তুমি পূর্বে দেখিরাছ,—তাহারই চিন্তা মনে উঠিতেছে। যদি তাই হয়, সর্বব্যাপী ভগবান্ সম্বন্ধে তোমার কোনই ধারণা নাই। সর্বব্যাপিত তোমার কাছে একটা অর্থহীন শন্ধ। ঈশ্বরের অন্তান্ত বিশেষণের ক্ষেত্রেও ঠিক তাই। ঈশ্বরের সর্বশক্তিমন্তা বা সর্বজ্ঞত্ব সম্বন্ধেও আমাদের কি ধারণা আছে? কিছুই নাই। উপলব্ধিই ধর্ম; যতক্ষণ না তুমি ঈশ্বর-ভাবটি নিজ্ঞের জীবনে উপলব্ধি করিতেছ, ততক্ষণ আমি তোমাকে যথার্থ ঈশ্বরোপাসক বলিব না। উপলব্ধির আগে ইহা শুর্ কথার কথা ছাড়া আর কিছুই নয়। মন্তিক্ষে যতই মত, দর্শন, ও নীতিপ্তকের রাশি সঞ্চিত রাথ না কেন, তাহাতে কিছুই যায় আদেন না। তুমি কি উপলব্ধি করিয়াছ, জীবনে ঐগুলি কতটা পরিণত করিয়াছ, তাহাই বিচার্য।)

মার্যার আবরণের ভিতর দিয়া দেখিলে নিগুণ ত্রন্ধকেই দগুণ ইশবরপে দেখা যায়। ত্রন্ধকে যখন পঞ্চ ইন্দ্রিয়ের ঘারা দর্শন করি, তখন তাঁহাকে একমাত্র দগুণ ভগবান্রপেই দেখিতে পারি। আদল কথা পরমাত্মাকে কথনও বিষয়ীভূত করা যাইতে পারে না। জ্ঞাতা নিজেকে কি করিয়া জানিবেন ? ভবে তিনি ধেন নিজের ছায়াকে প্রকেশ করিতে পারেন এবং যদি বলিতে চাও, ইহাকে 'বিষয়ীভূত করা' বলিতে পারো। স্থতরাং সেই ছায়ার যে সর্বোচ্চ রূপ, নিজেকে বিষয়ীভূত করিবার যে প্রচেষ্টা, তাহাই সন্তুণ ঈশ্বর। আত্মা হইতেছেন শাশ্বত কর্তা; সেই আত্মাকে জ্ঞেয়রূপে রূপান্তরিত করিবার জ্ঞ্জ আমরা নিরন্তর চেষ্টা করিতেছি; এবং আমাদের এই প্রচেষ্টা হইতে দৃশুজ্ঞগতের ও যাহাকে আমরা জড় বলি তাহার ও আগ্রান্ত সবকিছুর উত্তব হইয়াছে। কিন্তু এইগুলি অত্যন্ত ত্র্বল প্রচেষ্টা এবং আমাদের কাছে আত্মার জ্ঞেয়রূপে যে সর্বোচ্চ প্রকাশ সন্তব, তাহা সগুণ ঈশ্বর। এই জ্ঞেয়ই আমাদের প্রকৃত স্বরূপ-উদ্ঘাটনের প্রচেষ্টা। সাংখ্যমতে প্রকৃতি এই-দব অভিজ্ঞতা পুরুষ বা জীবাত্মাকে দিতেছে। জীব তাহার প্রকৃত স্বরূপ জানিতে পারিবে। অবৈত বেদাস্তমতে জীব নিজেকে জানিবার জন্ম চেষ্টা করিতেছে। দীর্ঘ সংগ্রামের পর সে দেখে জ্ঞাতা সর্বদা জ্ঞাতাই থাকেন; এবং তথনই অনাসক্তি আসে এবং জীব মৃক্ত হয়।

ষথন কোন সাধক সেই পূর্ণ অবস্থায় উপনীত হন, তথন তিনি সগুণ দশবের সারূপ্য লাভ করেন; 'আমি এবং আমার পিতা এক'। তিনি জানেন তিনি পরব্রহ্মের সহিত অভিন্ন এবং সগুণ দ্ববের গ্রায় নিজেকে প্রক্রেপ করেন। তিনি থেলা করেন, যেমন অতি পরাক্রান্ত রাজ্ঞাও মাঝে মাঝে পুতুল লইয়া থেলা করেন।

স্থিতির বন্ধনকে ভাঙিয়া ফেলিবার জন্ম কতকগুলি কল্পনা বাকি কল্পনাগুলির বন্ধন ছিল্ল করিতে সাহায্য করে। সমস্ত জগৎটাই একটা কল্পনা। এক শ্রেণীর কল্পনা আর এক শ্রেণীর কল্পনার উপশম ঘটায়। এই জগতে পাপ, হৃঃখ এবং মৃত্যু আছে—এই-জ়াতীয় কল্পনাগুলি মারাত্মক। কিন্তু আর এক জাতীয় কল্পনা আছে: তুমি পবিত্র, ভগবান্ আছেন, হৃঃখ নাই। এগুলিই ভাল এবং কল্যাণকর, বন্ধন-মোচনের সহায়ক। সগুণ ভগবান্ই সর্বোচ্চ কল্পনা, যাহা শৃত্মলের সব গ্রন্থি ভাঙিয়া ফেলিতে পারে।

(ভগবান্, তুমি ইহা রক্ষা কর এবং উহা আমাকে দাও; ভগবান্, আমি এই ক্ষুদ্র প্রার্থনা নিবেদন করিতেছি, পরিবর্তে তুমি আমার দৈনন্দিন জীবনের অভাব প্রণ করিয়া দাও; হে ভগবান্, আমার মাথা-ধরা সারাইয়া দাও ইত্যাদি'—এইরপ প্রার্থনা ভক্তি নয়। এইগুলি ধর্মের নিয়তম দোপান, কর্মের নিয়তম রূপ। যদি কোন মান্ন্য দেহকে তৃপ্ত করিতে—দেহের ক্ষা মিটাইতেই সমস্ত মানসিক শক্তি নিয়োগ করে, তাহা হইলে তাহার সহিত পশুর কি প্রভেদ? ভক্তি উচ্চতর বস্তু, স্বর্গেঞ্চা অপেকাও উচ্চতর। স্বর্গ বলিতে থুব বেশী মাত্রায় ভোগ করিবার স্থান ব্ঝায়। তাহা কি করিয়া ভগবান্ হইতে পারে?

একমাত্র মৃঢ় ব্যক্তিরাই ইন্দ্রিয়-ভোগের পশ্চাতে ধাবিত হয়। ইন্দ্রিয়-কেন্দ্রিক জীবন যাপন করা সংজ্ঞ। পান-ভোজন-ক্রিয়ারূপ পুরাতন অভ্যন্ত পথে ভ্রমণ করা কঠিন নয়। কিন্তু আধুনিক দার্শনিকরা বলিতে চান, 'এই অনায়াদ-সাধ্য ভাবগুলি গ্রহণ কর এবং দেগুলির উপরই ধর্মের ছাপ দিয়া দাও।' এই ধরনের মতবাদ বিপজ্জনক। ইন্দ্রিয়-ভোগে মৃত্যু। আধ্যাত্মিক স্তরে যে জীবন, তাহাই যথার্থ জীবন। অন্য ভোগভূমির জীবন মৃত্যুরই নামান্তর। আমাদের এই জাগতিক জীবনকে একটি শব্দে বর্ণনা করা যাইতে পারে—উহা হইল 'অভ্যাদের ব্যায়ামাগার'। যথার্থ জীবন উপভোগ করিতে হইলে আমাদিগকে ইহার উর্ধেব উঠিতে হইবে।

ষতক্ষণ ছোয়াছু য়ি তোমার ধর্ম, এবং রালার হাঁড়ি তোমার ইট, ততক্ষণ তুমি আধ্যাত্মিক উন্নতি লাভ করিতে পারিবে না। ধর্মে ধর্মে যে ছন্দ—তাহা অর্থহীন, কেবল কথার সংঘর্ষ মাত্র। প্রত্যেকেই ভাবে, 'ইহা আমার মৌলিক চিস্তা'; এবং দে চায়—সব কিছুই তাহার মতাত্মসারে চলুক। এই ভাবেই ধর্মবিরোধের স্ক্রপাত।

অপরকে সমালোচনা করিবার সময় আমরা সর্বদা নির্বোধের মতো নিজের চরিত্রের একটি মাত্র বিশেষ উজ্জ্বল দিকটিকেই সমগ্র জীবন বলিয়া ধরিয়া লই এবং উহার সহিত অপরের চরিত্রের অহজ্জ্বল দিকটি তুলনা করি। এ-ভাবে ব্যক্তিগত চরিত্র বিচার করিবার সময় আমরা ভূল করিয়া বসি।

গোড়ামি ও সাম্প্রদায়িকতার দ্বারা একটি ধর্মের অতি ক্রন্ত প্রচার হয়
নিঃসন্দেহ; কিন্তু সেই ধর্মেরই প্রচার দৃঢ় ভূমির উপর প্রতিষ্ঠিত হয়, ষে-ধর্ম
প্রত্যেককে তাহার মত্তের স্বাধীনতা দেয় এবং এইরূপে তাহাকে উচ্চতর
দোপানে উন্নীত করে, যদিও এই প্রক্রিয়ার গতি শ্লপ। সর্বপ্রথম দেশকে
(ভারতবর্গ) আধ্যাত্মিক ভাবে প্লাবিত কর, তাহার পর অক্সাক্ত ভাবগুলি

আদিবে। ধর্ম ও অধ্যাত্মজ্ঞান-দান শ্রেষ্ঠ দান, কারণ ইহা অসংখ্য জনপ্রাপ্তিরূপ বন্ধন মোচন করে। ইহার পর পার্থিব জ্ঞান-দান, ইহার সাহায্যে আধ্যাত্মিক জ্ঞানের দিকে মাহুষের চক্ষু খুলিয়া যায়। তৃতীয় দান জীবন-দান এবং চতুর্থ অন্ধ-দান।

সাধন করিতে করিতে যদি শরীরের পতন হয়, তবে তাহাই হউক।
তাহাতে কি আদে যায় ? নিরস্তর সংসঙ্গের বারা কাল পূর্ণ হইলে ঈশ্বামুভূতি হইবে। একটা সময় আদে, যখন মাহ্য ব্ঝিতে পারে যে, মানবসেবার জন্ম এক ছিলিম তামাক সাজা লক্ষ লক্ষ ধ্যান জ্বপ অপেক্ষা বড়
কাজ। যে এক ছিলিম তামাক ঠিকভাবে সাজিতে পারে, সে ধ্যানও
ঠিকমত করিতে পারে।

দেবতারা উচ্চ পর্যায়ে উন্নীত পরলোকগত জীবাত্মা ছাড়। আর কিছুই নন। তাঁহাদের নিকট হইতে আমরা সাহায্য পাইতে পারি।)

তিনিই আচার্য, বাঁহার ভিতর দিয়া এশী শক্তি ক্রিয়া করে। যেশরীরের মাধ্যমে আচার্যত্ব লাভ হয়, তাংগ অপর সাধারণ লোকের শরীর
হইতে ভিন্ন। সে-শরীরকে ঠিকভাবে রাথিবার জন্ম একটি বিশেষ যোগ
বা বিজ্ঞান আছে। আচার্যের শরীরের অঙ্গপ্রত্যঙ্গ কোমল ও মন
অতি সংবেদনশীল, ফলে তিনি স্থপ ও তৃঃপ তীব্রভাবে অন্নভব করিতে সমর্থ
হন। বস্তুতঃ তিনি অ-সাধারণ।

জীবনের প্রত্যেক ক্ষেত্রে দেখা যায় যে, স্বদয়বান্ মামুষ্ট জয়লাভ করে এবং ব্যক্তিছেই সকল সাফল্যের গোপন রহস্থ

নদীয়ার অবতার ভগবান্ শ্রীক্ষণচৈতত্তে মহাভাবের ষেমন বিকাশ হইয়াছিল, তেমনটি আর কোথাও হয় নাই।

শ্রীরামকৃষ্ণ একটি শক্তি। কথনও মনে করিও না বে, এটি বা ওটি তাঁহার মত ছিল। কিন্তু তিনি একটি শক্তি, সেই শক্তি এখনও তাঁহার শিক্তদের ভিতর মূর্ত হইয়া আছে এবং জগতে কার্য করিতেছে। ভাবের দিক দিয়া তিনি এখনও বাড়িয়া চলিয়াছেন। শ্রীরামকৃষ্ণ একই দেহে জীবমুক্ত ও আচার্য ছিলেন।

ভক্তিযোগের উপদেশ

রাজযোগ এবং শারীরিক প্রক্রিয়া সম্বন্ধে আমরা আলোচনা করিয়াছি।
এখন ভক্তিযোগ সম্বন্ধে আলোচনা করিব। কিন্তু মনে রাখিতে হইবে,
কোন একটি যোগই অপরিহার্য নয়। আমি তোমাদের নিকট অনেকগুলি
পদ্ধতি এবং আদর্শ উপস্থাপিত করিতে চাই, যাহাতে তোমরা নিজ নিজ
প্রকৃতির উপযোগী একটি বাছিয়া লইতে পারো; একটি উপযোগী না হইলে
অপরটি হয়তো হইতে পারে।

আমরা আমাদের চরিত্রের আধ্যাত্মিক, মানসিক এবং ব্যাবহারিক—প্রত্যেকটি দিকের সমভাবে উন্নতি করিয়া একটি সামঞ্জস্পূর্ণ ব্যক্তিত্বে পরিণত হইতে চাই) বিভিন্ন জাতি ও ব্যক্তির মধ্যে কোন একটি ভাবের বিকাশ দেখিতে পাওয়া যায়, তাহারা তদতিরিক্ত কোন ভাব ব্ঝিতে পারে না। একটি ভাবেই তাহারা এরপ অভ্যন্ত হয় যে, অন্ত কোনটির প্রতি তাহাদের দৃষ্টি যায় না। সর্বতোম্থী হওয়াই আমাদের প্রকৃত আদর্শ। বস্ততঃ জাগতিক তৃংথের কারণ—আমরা এতদ্র একদেশদর্শী যে, পরস্পরের প্রতি সহাহ্তি প্রদর্শন করিতে পারি না। মনে কর, কোন ব্যক্তি ভূগর্ভয় খনি হইতে স্থাকে নিরীক্ষণ করিল, দে স্থাকে একভাবে দেখিবে। এক ব্যক্তি ভূপৃষ্ঠ হইতে দেখিল, একজন কুয়াশার ভিতর দিয়া এবং একজন পর্বতের উপর হইতে নিরীক্ষণ করিল। প্রত্যেকের নিকট স্থের বিভিন্ন রূপ প্রতিভাত হইবে। নানারূপে প্রতীয়্বমান হইলেও প্রকৃতপক্ষে স্থা একই। দৃষ্টি বিভিন্ন হুইলেও বস্তু এক, এবং তাহা হইল স্থা।

প্রত্যেক মাইষের স্বন্ধার অনুষায়ী একটি বিশেষ প্রবণতা থাকে। দে ঐ প্রবণতা অনুষায়ী কোন আদর্শ এবং আদর্শে উপনীত হইবার কোন পথ গ্রহণ করে। লক্ষ্য কিন্তু সর্বদাই সকলের জন্ম এক। রোম্যান ক্যাথলিকরা গজীর ও আধ্যাত্মিক, কিন্তু উদারতা হারাইয়াছে। ইউনিট্যারিয়ানরা উদার, কিন্তু ভাঁহাদের আধ্যাত্মিকতা নাই, ভাঁহারা ধর্মের উপর পুরোপ্রি শুক্রুত্ব দেন না। আমর। চাই—রোম্যান ক্যাথলিকদের গভীরতা এবং ইউনিট্যারিয়ানদের উদারতা। আমরা আকাশের মতো উদার এবং সমুদ্রের মতো গভীর হইব; আমাদের মধ্যে থাকিবে অতিশয় ঐকান্তিক উৎসাহ, অতীক্রিয়বাদীর গভীরতা এবং অজ্ঞেয়বাদীর উদারতা 🕽 🛩

আত্মাভিমানী ব্যক্তির নিকট 'পরধর্ম-সহিফুতা' শব্দটি এক অপ্রীতিকর মনোভাবের সহিত যুক্ত হইয়া রহিয়াছে। সে-নিজেকে উচ্চাদনে বদাইয়া স্বজাতীয়দের করুণার চোথে দেখিয়া থাকে। উহা মনের এক ভয়াবহ অবস্থা। আমরা সকলেই একই পথে একই লক্ষ্যের দিকে অগ্রসর হইতেছি, কেবল ভিন্ন ভিন্ন মানসিক প্রবৃত্তি অমুধায়ী বিভিন্ন পন্থা অবলম্বন করিতেছি। আমাদের মধ্যে বছভাবের সমাবেশ থাকিবে। চরিত্রে আমরা অবশ্রই বিকাশশীল হইব। আমাদের কেবল অপরের মতগুলি সহা করিলেই চলিবে না, উহা অপেক্ষা কঠিনতর কার্য করিতে হইবে—আমাদিগকে সহাত্তৃতিশীল হইতে হইবে, অপরের অবলম্বিত পথে প্রবেশ করিয়া তাহার আকাজ্জা ও ঈশবাদ্বেষণ-প্রচেষ্টার সহিত সমভাবাপন্ন হইতে হইবে। প্রত্যেক ধর্মেই তুইটি ভাব আছে—ইতিবাচক ও নেতিবাচক। উদাহরণস্বরূপ বলা যাইতে পারে, যথন আপনারা খ্রীষ্টধর্মের অবতারবাদ, ত্রিত্ববাদ, যীশুর মাধ্যমে মুক্তিলাভ ইত্যাদি বলেন, তথন আমি আপনাদের সহিত একমত। আমি বলিব, অতি উত্তম, আমিও উহা সত্য বলিয়া জানি। কিন্তু যথনই আপনারা বলিতে থাকিবেন, 'আর কোন প্রকৃত ধর্ম নাই, ঈশ্বরের আর কোন প্রকাশ নাই', তথন আমি বলিব—থামুন, আমি আপনাদের দক্ষে একমত নই। প্রত্যেক ধর্মেরই প্রচার করিবার, মাহুষকে শিক্ষা দিবার মতো বাণী আছে। কিন্তু যথনই উহা প্রতিবাদ করিতে আরম্ভ করে, অন্তকে উত্তেজিত করার চেষ্টা করে, তথনই উহা নেতিবাচক ও ভয়াবহ মনোভাব অবলম্বন করে এবং কোথা হইতে আরম্ভ করিবে, কোথায় বা শেষ করিবে—জানে না।

শক্তি মাত্রই আবর্তিত হয়। মহুয়নামধারী শক্তি অনস্ত ঈশ্বর হইতে যাত্রা আরস্ত করিয়াছে এবং তাঁহার কাছেই ফিরিয়া আদিবে। ঈশ্বর-সমীপে প্রত্যাবর্তনের জন্ম ছইটি পন্থার একটিকে গ্রহণ করিতে হইবে—প্রক্তরে সঙ্গে মন্থর গতিতে ভাসিয়া চলা, অথবা অন্তর্নিহিত শক্তির সাহায্যে গতিপথে থামিয়া যাওয়া। এই শক্তিকে অপ্রতিহত গতিতে চলিতে দিলে উহা আমাদিগকে চক্রাকার পথে ঈশ্বর-সমীপে লইয়া যাইবে, প্রবলবেগে ঘ্রিয়া দাঁড়াইবে এবং দোজা পথে ঈশ্বর দর্শন করাইবে। যোগীরা ইহাই অভ্যাস করিয়া থাকেন।

আমি বলিয়াছি, প্রত্যেক ব্যক্তি তাহার প্রকৃতি অথবায়ী আদর্শ নিরূপণ করিবে। এই আদর্শকে তাহার 'ইট্ট' বলা হয়। ইহাকে অবশুই পবিত্র— অতএব গোপনীয় রাখিতে হইবে এবং ঈশরের উপাদনা করিলে ইটভাবেই করিবে। ঐ বিশিষ্ট পদা নিরূপণের উপায় কি? ইহা অতীব হ্রহ, কিন্তু উপাদনায় অধ্যবদায়ী হইলে উহা আপনা হইতে প্রকাশ পাইবে। মাহুষের নিকট ভগবানের তিনটি বিশেষ দান আছে—মহুয়াত্ব, মুম্কৃত্ব, মহাপুরুষ-সংশ্রয়।

শন্তণ ঈশ্বর ব্যতিরেকে আমাদের ভক্তিভাব আদিতে পারে না। প্রেমিক এবং প্রেমাম্পদ উভয়েরই প্রয়োজন। ঈশ্বরকে অনস্কপ্তণসম্পন্ন মানব বলা যাইতে পারে। তিনি এরপ হইতে বাধ্য, কারণ যতক্ষণ আমরা মহেয়াদেহধারী, আমাদের ঈশ্বরও মহয়রপী হইবেন। সগুণ ঈশ্বরের চিন্তা না করিয়া আমরা পারি না। ভাবিয়া দেখুন, জগতের কোন বস্তকেই আমরা সম্পূর্ণ সভন্ত বস্তরূপে চিন্তা করিতে পারি না। সর্বত্রই আমরা বস্তর সম্পেশীয় মনকে সংযুক্ত করিয়া লই। বস্তুতঃ প্রকৃত চেয়ার হইতেছে চেয়ার ও মনের উপর চেয়ার-বস্তটির প্রতিক্রিয়ার সংযোগ। প্রতিটি বস্তকে প্রথমে মনের দারা রঞ্জিত করিতে হইবে, তবেই উহা যথার্থরূপে দৃষ্ট হইবে। উদাহরণ-শ্বরূপ—সাদা, চারকোনা, উজ্জ্বল, শক্ত বাক্সটি কেহ তিনটি ইন্দ্রিয়ের সাহায্যে দেখিল, কেহ চারিটি ইন্দ্রিয়ের সাহায্যে, অপর একজন পাচটি ইন্দ্রিয়ের সাহায্যে দেখিল। শেষোক্ত ব্যক্তিই বস্তর পূখাহপুখ রূপ দেখিতে পাইবে। প্রত্যেকে ক্রমে ক্রমে একটি অধিক গুণ-সমন্বিত দেখিতে পাইল। এইরূপে যদি কোন ব্যক্তি ছয়টি ইন্দ্রিয়ের সাহায্যে সেই একই বাক্সটি দেখে, সে উহাতে অতিরিক্ত আর একটি গুণ দেখিতে পাইবে।

আমি প্রেম ও জ্ঞান দেখিতে পাইতেছি বলিয়াই জানি যে, জগৎ-কারণ সেই প্রেম ও জ্ঞান প্রকাশ করিতেছেন। যাহা আমার মধ্যে প্রেম সৃষ্টি করিল, তাহা কিরপে প্রেমশৃষ্ম হইতে পারে ? জগৎ-কারণকে আমরা মহয়গুণবর্জিত চিন্তা করিতে পারি না। সাধনার প্রথম সোপান হিসাবে ঈশরকে পৃথগ্ভাবে দেখার আবশ্যকতা আছে। ঈশরকে তিনভাবে চিন্তা করা যায়: নিম্নতম ভাব—ষধন আমরা ঈশরকে আমাদেরই মতো দেহধারী দেখিতে পাই, রোমক শিল্পকলা দেখুন; উচ্চতর ভাব—ষধন ঈশরের মধ্যে মানবের গুণাবলী আরোপ করি এবং এইভাবে চলিতে থাকি। দর্বশেষ উচ্চতম ভাব—তাঁহাকে ঈশ্বরূপে দেখি।

কিন্তু মনে রাথিতে হইবে, এই সকল ধাপেই আমরা ঈশ্বর এবং কেবল ঈশ্বরকেই দেখিতেছি। সেখানে কোন মিথ্যা কল্পনা বা ভ্রান্তি নাই। ষেমন সূর্য বিভিন্ন দূরত্ব হইতে দৃষ্ট হইলেও তাহা সূর্যই, চন্দ্র বা অ্যা কোন পদার্থ নিয়।

আমরা ঈশরকে আমাদেরই অমুদ্ধণ না দেখিয়া পারি না—তাঁহাকে আমাদের অপেকা অনম্ভণ্ণসম্পন্ন দেখিলেও আমাদেরই মতো ধরিয়া লই। আমরা নিরপেক অনস্ভ ঈশরের চিস্তা করিতে চেষ্টা করিলেও তাঁহাকে ভালবাদিবার জন্ত আপেক্ষিক ভূমিতে নামিয়া আদি।

প্রভ্যেক ধর্মেই ভগবানের প্রতি ভক্তি তুই ভাগে বিভক্ত; এক প্রকারের ভক্তি--্মৃতি আচার-অফ্টান ও শব্দের মাধ্যমে এবং অক্তরণ ভক্তি প্রেমের ভিতর দিয়া প্রকাশ পাইয়া থাকে। এই জগতে আমরা নানা নিয়মে বন্ধ, আর এই নিয়ম ভঙ্গ করিয়া আমরা মুক্ত হইবার জন্ম সর্বদা চেটা করিতেছি, প্রকৃতিকে অমাগ্র করিতে এবং পদদলিত করিতে সর্বদা চেষ্টা করিতেছি। উদাহরণস্বরূপ প্রকৃতি আমাদের বাসস্থান দেয় না, আমরা উহা নির্মাণ করিয়া লই। প্রকৃতি আমাদিগকে অনাবৃতভাবেই স্পষ্ট করিয়াছে, আমরা বস্ত্বারা নিজেদের আবৃত করিয়াছি। মাতুষের লক্ষ্য হইল মুক্ত হওয়া; যে পরিমাণে আমরা প্রকৃতির নিয়ম লঙ্ঘন করিতে অসমর্থ, সেই পরিমাণে আমাদের কষ্ট ভোগ করিতেই হইবে। নিয়মের বাহিরে ষাইবার জন্মই আমরা প্রথমে নিয়ম মানিয়া চলি, নিয়ম মানিয়া না চলাই হইল সমগ্র জীবনের সংগ্রাম। এই কারণেই আমি 'ক্রিশ্চান সায়ান্টিস্ট'দের প্রতি সহাত্মভৃতি প্রকাশ করিয়া থাকি; তাঁহারা মানবের স্বাধীনতা ও আত্মার দেবত সম্বন্ধে শিক্ষা দিয়া থাকেন। আত্মা সর্বপ্রকার পারিপার্বিক্তার উর্দ্ধে। 'এই জগৎ আমার পিতার রাজ্য, আমিই ইহার উত্তরাধিকারী'—এই ভাবটি মাহয়কে গ্রহণ করিতে হইবে। 'আমার নিজ আত্ম। সকলকে জয় করিতে'পারে।'

মৃক্তি লাভ করিবার পূর্বে আমাদিগকে নিয়মের ভিতর দিয়া অগ্রসর হইতে হইবে। বাহিরের সাহায্য, প্রণালী, আচার-অষ্ট্রান, মত, পথ প্রভৃতির নির্দিষ্ট স্থান রহিয়াছে এবং ষতদিন না আমরা সাধনায় দৃঢ়-প্রতিষ্ঠ হই, ততদিন এগুলি আমাদের সাহায্য করিবে এবং শক্তি দিবে। পরে আর এগুলির প্রয়োজন থাকে না। এগুলি যেন আমাদের ধাতীস্থানীয়, অতএব শৈশবে অপরিহার্ধ। গ্রন্থাদিও ধাতীর কাজই করিয়া থাকে, কিন্তু আমাদের চেষ্টা করিয়া দেই অবস্থায় উপনীত হইতে হইবে, যেখানে মাহ্যুষ্টপলন্ধি করিবে, সে তাহার শরীরের প্রভূ। গাছ-গাছড়া, ওষধ প্রভৃতির প্রভাব আমাদের উপর ততক্ষণই থাকে, যতক্ষণ আমরা ঐগুলির সাহায্যু খীকার করি; সবল হইলে বাহিরের নিয়ম-পদ্ধতির কোন আবশ্যকতা থাকে না।

ভক্তিপথে শব্দের কার্যকারিতা

দেহ মনেরই সুল রূপ মাত্র। মন কতকগুলি সুন্দ্র স্তর আর দেহ কতকগুলি সুল স্তরের দ্বারা গঠিত। মনের উপর পূর্ণ আধিপত্য **লাভ** করিতে সমর্থ হইলে মাহুষ দেহকেও বশীভূত করিতে পারে। প্রত্যেক মনের ধেমন বিশেষ দেহ থাকে, তেমনি প্রত্যেক শব্দের একটি বিশেষ চিস্তা বা ভাব আছে। ক্রুদ্ধ হইলে আমরা সংযুক্ত ব্যঞ্জনবর্ণ ব্যবহার করি— 'আহাম্মক,' 'মুর্খ' ইত্যাদি; আবার তুঃখিত হইলে কোমল হ্রম্ম স্বরবর্ণ উচ্চারণ করি—'আহা !' এগুলি অবশ্য ক্ষণিক মনোভাব মাত্র, কিন্তু প্রেম, শান্তি, হৈৰ্য, আনন্দ, পবিত্ৰতা প্ৰভৃতি সকল ধৰ্মেই কভকগুলি চিরম্ভন মনোভাব আছে। এ-সকল ভাব প্রকাশ করিবার বিশিষ্ট শব্দরাশি আছে। মাহ্নবের উচ্চতম ভাবরাশির একমাত্র প্রতীক হইতেছে শব্দ। শব্দ চিস্তা হইতে জাত। আবার এই শব্দগুলি হইতে চিন্তারাশি বা ভাবরাশি জাত। এখানেই শব্দের সাহাষ্য প্রয়োজন। এরূপ শব্দগুলির প্রত্যেকটি শব্দ যেন এক-একটি প্রতীক। এ-সকল রহস্তপূর্ণ পবিত্র শব্দরাশি আমরা জানি এবং বুঝিতে পারি, কিন্তু কেবল গ্রন্থাদিতে পড়িলেই ঐগুলি আমাদের উপর কোন প্রভাব বিস্তার করিতে পারিবে না। শব্দগুলি ভাবপূর্ণ হইলে এবং সাধনা করিয়া যিনি স্বয়ং ভগবানের স্পর্শ লাভ করিয়াছেন এবং এথনও ভাগবত জীবন যাপন করেন, এক্লপ ব্যক্তির স্পর্শ থাকিলে এগুলি ফলপ্রদ হয়। একমাত্র তিনিই ঐ ভাব-প্রবাহকে গতিদান করিতে সমর্থ। প্রীষ্ট-দারা চালিত প্রবাহ-পথেই শক্তিদঞারের কার্য চলিয়া আদিতেছে। যাঁহার মধ্যে এই শক্তি-সঞ্চারের ক্ষমতা আছে, তিনিই গুরু। উত্তম আচার্বদের ঐ শব-

প্রয়োগের প্রয়োজন হয় না, যেমন যীওঞ্জীষ্টের। সাধারণ আচার্যগণও শব্দের মাধ্যমে এই শক্তি সঞ্চার করিয়া থাকেন।

অপরের দোষ দেখিবে না। দোষ দেখিয়া কাহাকেও বিচার করা যায় না। এ যেন ভূমিতে পতিত পচা অপক অপরিণত আপেলগুলি দেখিয়া গাছটির বিচার করা। এইভাবে মায়্যের ক্রটিবিচ্যুতি ধারা তাহার চরিত্রের বিচার হইতে পারে না। স্মরণ রাখিতে হইবে, তৃইলোক পৃথিবীর সর্বত্রই একরপ। চোর এবং হত্যাকারী এশিয়া, আমেরিকা ও ইওরোপে সমভাবেই দেখা যায়। তাহারা নিজেদের লইয়া একটি স্বতন্ত্র জাতি স্বষ্টি করিয়াছে। সং, পবিত্র ও সবল ব্যক্তিদের মধ্যেই বৈচিত্র্যা লক্ষিত হয়। অপরের মধ্যে অসাধৃতা দেখিবার চেটা করিও না। অজ্ঞতা ও তুর্বলতাই হইল অসাধৃতা। মায়্যুরকে তৃর্বল বলিয়া লাভ কি ? সমালোচনা আর ধ্বংসমূলক আলোচনা নিফল। মায়্যুরকে উচ্চতর কিছু দিতে হইবে। তাহাদের মহং স্থভাব এবং জন্মগত অধিকার সম্বন্ধে অবহিত কর। আরও অধিক লোক কেন ভগবানের প্রতি আরুট হয় না ? কারণ খুব কম লোকই পঞ্চেন্দ্রিয়াতিরিক্ত কোন আনন্দের সংবাদ রাথে। অধিকাংশ ব্যক্তিই স্বীয় অন্তর্জগতের ব্যাপার—চক্ষ্ থাকিতেও দেখিতে গায় না, কর্ণ থাকিতেও শুনিতে পায় না।

তিখন আমরা দেখিব—প্রেমের সহিত উপাসনা কি। বলা হয় যে, 'গির্জায় অর্থাং কোন সম্প্রদায়ে জন্মানো ভাল, কিন্তু সেথানে মরা ভাল নয়।' চারাগাছ চারিপার্থের বেড়া হইতে সহায়তা এবং আশ্রয় লাভ করে, কিন্তু কালে সেই বেড়া তুলিয়া না লইলে বৃক্ষটি সবল হইতে বা বাড়িতে পারিবে না। বাহু পূজা যে একটি প্রয়োজনীয় সোপান, তাহা আমরা দেখিয়াছি, কিন্তু ধীরে ধীরে ক্রমোয়তির সঙ্গে সেই সোপান অতিক্রম করিয়া উচ্চতর অবস্থায় আরোহণ কর। ঈশ্বরে পরিপূর্ণ প্রেম হইলে তিনি যে সর্বব্যাপী, সর্বশক্তিমান্—এ-সব বড় বড় বিশেষণের কথা আর চিন্তা করিও না। আমরা ঈশ্বরের নিকট কিছুই চাই না বলিয়া তাঁহার গুণাবলী লক্ষ্য করিবার প্রয়োজন বোধ করি না। ভগবানের প্রতি প্রেমই আমাদের একমাত্র কাম্য, কিন্তু তথনও সগুণ ঈশ্বরের ভাব আমাদিগকে অনুসরণ করিতে থাকে, আমরা মনুস্বভাবের উর্দ্ধে উঠিতে পারি না, লাফ দিয়া দেহভাবের বাহিরে যাইতে পারি না; স্কৃত্রাং আমরা ষেভাবে পরস্পরকে ভালবাদি, ঈশ্বকেও দেইভাবে ভালবাদিব নি

মানব-প্রেমের পাঁচটি স্তর আছে:

- অতি সাধারণ এবং নিয়তম ক্রম হইল—'শাস্ত' প্রেম, তথন আমরা
 আশ্রয়, আহার ও সর্ববিধ প্রয়োজনের জন্ত পিতার উপর নির্ভর করি।
- ২. দাশুপ্রেম: যে-প্রেম আমাদিগকে সেবার প্রেরণ। দেয়। ভৃত্য যেমন প্রভুকে দেবা করে—মাহ্য ভগবান্কে দেইভাবে সেবা করিবার আকাজ্ঞা করে। এই সেবার ভাব অক্তান্ত ভাবের উপরে প্রাধান্ত বিস্তার করে; তথন প্রভু সং কি অসং, দয়ালু কি নির্দয়, সে-সম্বন্ধে আমরা উদাসীন হইয়া যাই।
- ৩. স্থ্য-প্রেম: বন্ধ্র প্রতি বন্ধ্র ভালবাদা, স্মানে সমানে ভালবাদা, সঙ্গীর প্রতি সঙ্গীর ভালবাদা, থেলার সাথীর প্রতি থেলার সাথীর ভালবাদা। মামুষ তথন ভগবান্কে নিজ সহচর বলিয়া অমুভব করে।
- ৪. বাংসল্য-প্রেম: ভগবান্কে সন্তানভাবে দেখা। ভারতে এই বাংসল্য-ভাবটি পূর্বোক্ত সথ্য এবং শাস্ত প্রেম হইতে উচ্চতর গণ্য হইয়া থাকে, কারণ ইহাতে ভয়ের বিন্মাত্র স্থান নাই।
- শধুর-প্রেম: স্বামী-স্ত্রীর মধ্যে বে প্রেম; ভালবাদার জন্তই ভালবাদা
 ভগবান্ই শ্রেষ্ঠ প্রেমাস্পদ।

এই মধুর-ভাবটি স্থন্দররূপে ব্যক্ত হইয়াছে: চারি চক্ষ্র মিলন হওয়ায় তুটি আত্মার মধ্যে পরিবর্তন ঘটিতে লাগিল; প্রেম তুই আত্মার মধ্যবর্তী হইয়া তুইকে এক করিয়া দিল।

বিখন কোন ব্যক্তি শেষোক্ত পূর্ণ প্রেমের অধিকারী হয়, তখন তাহার সমস্ত বাদনা চলিয়া যায়। পূজাপদ্ধতি আচার-অন্তর্চান গির্জা—কোন কিছুরই দে অপেক্ষা রাথে না। সকল ধর্মের লক্ষ্য—মূক্তির বাদনা পর্যন্ত ত্যাগ, জন্ম মৃত্যু এবং অন্তান্ত বন্ধন হইতে মুক্তির ভাবও ত্যাগ করিতে হয়। সেই উচ্চতম প্রেমে স্ত্রী-পুরুষ-ভোল নাই, কারণ শ্রেষ্ঠ প্রেমে পরিপূর্ণ একছ-বোধ হয়; স্ত্রী-পুরুষ-জ্ঞানে শারীরিক ভেদবৃদ্ধি থাকে। স্ক্তরাং মিলন একমাত্র আত্মাতেই সম্ভব। আমাদের দেহবোধ ষতই ক্ষীণ হইবে, প্রেম ততই পূর্ণ হইবে; অবশেষে যাবতীয় দেহজ্ঞান দ্রীভূত হইয়া ঘটিব। প্রিমকে আমরা চিরদিন ভালবাদি। রূপ অতিক্রম করিয়া প্রেম অরূপকে দর্শন করে। লোকে বলে—'প্রেমিক

ইপিওপের ললাটে হেলেনের সৌন্দর্য দেখিয়া থাকে।' ইপিওপ একটি ইক্তিত
মাত্র। এই ইক্তিতের উপর মাত্রম স্থীয় প্রেম অর্পণ করে। শুক্তি বখন উত্তেজক
পদার্থগুলি পরিত্যাগ করে, তখন দেখিতে পায়, মধ্যে যে বস্তু রহিয়াছে, উহা
উত্তেজক পদার্থগুলিকে স্থানর মৃক্তাতে পরিণত করে; মাত্র্যন্ত তেমনি প্রেমের
বিস্তার করে; প্রেমই মাহ্র্যের সর্বোচ্চ আদর্শ এবং এই আদর্শই চিরদিন স্বার্থশৃত্ত,
স্থতরাং মাহ্র্য প্রেমকেই ভালবাদে। ভগবান্ প্রেম-স্করপ। আমরা ভগবান্কে
ভালবাদি অর্থাৎ প্রেমকেই ভালবাদি। প্রেম আমরা প্রত্যক্ষ করি মাত্র। প্রেমকে
ব্যক্ত করা যায় না। মৃক ব্যক্তি মাখন আস্থাদন করিলেও মাধনের গুণাগুণ
ব্যক্ত করিতে পারে না। মাখন মাখনই এবং যাহারা মাখন আস্থাদ করে নাই,
তাহাদের নিকট ইহার গুণাবলী প্রকাশ করা যায় না। প্রেমের জ্লাই প্রেম—
ইহা যাহারা প্রেম অহন্তব করে নাই, তাহাদিগের নিকট প্রকাশ করা যায় না)

প্রেমকে একটি ত্রিভ্জের সহিত ত্লনা করা যায়। উহার প্রথম কোনটি হইল—প্রেম কথনও যাচ্ঞা করে না, কোন কিছু প্রার্থনা করে না। বিতীয় কোন—প্রেমের মধ্যে ভয়ের ছান নাই; তৃতীয় এবং চরম কোন—প্রেমের জন্মই প্রেম। প্রেমের প্রভাবে আমাদের ইন্দ্রিয়গুলি স্ক্ষতর এবং উন্নত্তর হয়। জাগতিক সম্পর্কে চরম প্রেম ত্র্লভ, কারণ মানবীয় প্রেম প্রায় সর্বদাই পারস্পরিক এবং সাপেক। কিছু ঈখর-প্রেম এক অবিচ্ছিন্ন ধারার মতো, উহাকে কোন কিছুই ব্যাহত বা ক্ষ করিতে পারে না। মাহ্যয় যথন ঈখরকে তাহার প্রেষ্ঠ আদর্শরূপে ভালবাদে—ভিক্ষ্কের মতো নয় অথবা কোন আকাজ্জা প্রণের জন্ম নয়, তথন সেই প্রেম চরম ক্রমবিকাশের হুরে উপনীত হইয়া জগতে এক মহাশক্তিরপে পরিণত হয়। এ-সকল অবস্থায় পৌছিতে স্থদীর্ঘ সময় লাগে। আমাদের স্বভাবগত ভাবের সাহাযেটে আমাদিগকে প্রথমে অগ্রসর হইতে হইবে। কেহ সেবার ভাব লইয়া জন্মায়, কেহ বা মাতৃ-প্রেম লইয়া জন্মগ্রহণ করে। যে ভাবেই হউক, ঈশ্বেরর সঙ্গে সম্পর্ক-স্থাপনে আমাদের নিজ নিজ প্রকৃতির স্থ্যোগ লইতে হইবে

জগতের কল্যাণ-সাধন

আমাকে প্রশ্ন করা হয়—তোমাদের ধর্ম সমাজের কোন্ কাজে লাগে? সমাজকে সত্য-পরীক্ষার কষ্টিপাথর করা হইয়াছে। কিন্তু ইহা অত্যস্ত অবৈজিক। সমাজ আমাদের ক্রমোরতির একটি সোপান মাত্র—
ইহা অভিক্রম করিয়া ষাইতে হইবে। নতুবা বৈজ্ঞানিক আবিদ্ধারের
গুণাগুণ এবং প্রয়োজনীয়তাও শিশুর প্রয়োজনের মাপকাঠিতে বিচার
করিতে হয়। ইহা অভ্যন্ত আম্বরিক। সামাজিক অরম্বা চিরম্বায়ী
হইলে উহা শিশুর চিরকাল শিশু থাকার অম্বরূপ হইবে। শিশু কথনই
পূর্ণ মানব হইতে পারিবে না; ব্যবহারের বা অর্থের দিক হইতে শব্দগুলি
পরস্পরবিক্রদ্ধ, স্বতরাং নির্দোষ সমাজও অসম্ভব। মামুষকে শৈশব অবস্থার
ভিতর দিয়াই বড় হইতে হইবে। কোন একটি বিশেষ অবস্থায় সমাজ ভাল
হইতে পারে, কিন্তু উহাই আমাদের চরম লক্ষ্য হইতে পারে না; কারণ
সমাজ অবিরত পরিবর্তনশীল প্রবাহ মাত্র। দম্ভ এবং অহমিকাপূর্ণ বর্তমান
বণিক-সভ্যতার ধ্বংস অনিবার্য। এ-সবই লিন্ড মেয়রের প্রদর্শনী'র মতো।

জগৎ ব্যক্তির মধ্য দিয়া চিস্তাশক্তির বিকাশ প্রত্যক্ষ করিতে চায়। আমার গুরুদেব বলিতেন— 'তুমি তোমার নিজের হৃদয়পদ্ম প্রস্কৃটিত করিতেছ না কেন? অলিকুল আপনা হইতে আসিবে।) জগতে এখন ভগবদ্ভাবে তন্ময় লোকের প্রয়োজন হইয়া পড়িয়াছে। (প্রথমে নিজের উপর বিশাসবান্ হও, তাহা হইলেই ভগবানে বিশাস আসিবে ট্র জগতের ইতিহাস হইল—পবিত্র, গম্ভীর, চরিত্রবান্ এবং শ্রহ্ধাসম্পন্ন কয়েকটি মাস্থের ইতিহাস। আমাদের ঠিনটি বম্বর প্রয়োজন—অহুভব করিবার হানয়, ধারণা করিবার মন্তিফ এবং কাজ করিবার হাত। প্রথমে নির্জনে থাকিয়া নিজেকে উপযুক্ত যন্ত্রে পরিণত করিতে হইবে। নিজেকে একটি তড়িৎ-উৎপাদক ষম্ভ করিয়া তুলিতে হইবে। প্রথমে জগতের লোকের জন্ম অহওব কর। ষ্থন সকলেই কাজের জন্ম প্রস্তুত, তথন হৃদয়বান্ ব্যক্তি কোথায় ? কোথায় দেই হৃদয়বত্তা, যাহা ইগনেসিয়াস লয়লাকে স্ষষ্ট করিয়াছিল ? তোমার বিনয় এবং প্রেম পরীক্ষা করিয়া দেখ। যাহার ঈর্ষা আছে, সে বিন্মী বা প্রেমিক হইতে পারে না। ঈর্বা এক বীভৎদ এবং ভয়ন্বর পাপ। ইহা মাহুষের মধ্যে রহক্তজনকভাবে প্রবেশ করে। নিজেকে প্রশ্ন কর—ঈর্ঘা এবং হিংসায় তোমার কোন প্রতিক্রিয়া হয় কি ? হিংসা এবং ঈর্বার জ্ঞা জগতে বার বার বহু আরব্ধ সংকার্য বিনষ্ট হইয়াছে। যদি তুমি পবিত্র হও, যদি তুমি বলবান্ হও, তাহা হইলে তুমি একাই সমগ্র জগতের সমকক্ষ হইতে পারিবে।

मर्कर्म-माध्याद विजीय व्यव---धाद्रगांद व्या मिलक, हेरा एक मार्शदा-मक्जूना, कांत्रव वृक्षि এका किছूरे कतिए ममर्थ रम ना, यहि উरात পन्ठार छ ' शहरावा ना थोरक। প্রেম অবলম্বন কর, প্রেম কোন কালে বার্থ হয় না। প্রেম থাকিলে মন্তিম ধারণা করিতে পারিবে, হন্ত সংকর্ম করিতে পারিবে। श्विता शान-धारणा करिया नेयर पर्मन करियाहिन। 'शिशालिय अन्य भरिक, তাহারা ঈশ্বর দর্শন করিবে।' সকল মহাপুরুষই ঈশ্বর দর্শন করিয়াছেন বলিয়া দাবি করেন। হাজার হাজার বংসর পূর্বে ঈশ্বরের প্রত্যক্ষ দর্শন रहेशांहि, এवः चार्ने खित्र अक्ष श्रीकृष्ठ हहेशांहि, अवः चामना अथन महे (गोत्ररवोड्डन हिट्डत পत्रिकन्ननां है भून कति ए भारि गांव है)

বাহ্যপূজা

১০ই এপ্রিল, ১৯০০ খৃঃ আমেরিকার সান ফ্রান্সিস্কো শহরে প্রদত্ত বচ্চুতা

আপনাদের মধ্যে বাঁহারা বাইবেল পড়িয়াছেন, তাঁহারা জানেন, ইছদি-জাতির সমগ্র ইতিহাস এবং চিস্তাধারার মূলে রহিয়াছেন তুই শ্রেণীর শিক্ষক— পুরোহিত ও ধর্মগুরুগণ। পুরোহিতগণ রক্ষণশীলতার এবং ধর্মগুরুগণ প্রগতি-শীলতার প্রতীক। মোট কথা এই সমাজে ক্রমে ক্রেম গোঁড়া আহুষ্ঠানিকতা প্রবেশ করে, বাহ্য আচার সব কিছুকে অধিকার করিয়া বদে। প্রত্যেক দেশ এবং প্রত্যেক ধর্মের ক্ষেত্রেই ইহা সভ্য। তারণর কয়েকজন সভ্যন্ত্রষ্টা মহাপুরুষ নৃতন দৃষ্টিভঙ্গি লইয়া আবিভূত হন। তাঁহারা নৃতন ভাব ও নৃতন আদর্শ প্রচার করেন এবং সমাজকে গতিশীল করিয়া তুলেন। কয়েকপুরুষ ষাইতে না যাইতেই শিশ্বগণ নিজ নিজ গুরুর প্রচারিত ভাবসমূহের প্রতি এত বেশী অহুরক্ত হইয়া পড়ে ষে, এগুলি ছাড়া তাহারা অক্ত কিছু দেখিতে পায় না। এই যুগের সর্বাপেক্ষা প্রগতিশীল এবং উদার মতাবলম্বী প্রচারকগণও কম্বেক বৎসরের মধ্যে সর্বাপেক্ষা গোড়া পুরোহিতে পরিণত হইবেন। আবার প্রগতিবাদী মনীষিগণও—কাহারও মধ্যে সামান্ত প্রগতি দেখিলে উহার বিরুদ্ধাচরণ করিতে আরম্ভ করিবেন। তাঁহাদের চিস্তাধারা অতিক্রম করিয়া সমাজ অগ্রসর হউক—ইহা তাঁহারা চাহিবেন না। যাহা কিছু যেভাবে চলিতেছে, ঐভাবে চলিলেই তাঁহারা সম্ভষ্ট।

প্রত্যেক দেশে প্রত্যেক ধর্মের প্রাথমিক নীতিগুলির মধ্যে যে শক্তি কাজ করে, তাহা ধর্মের বাহ্নরূপে প্রকাশিত হয়। নানীতি বা গ্রন্থ, কতকগুলি নিয়ম, বিশেষ প্রকারে অন্ধ-সঞ্চালন, দাঁড়ানো বা বসিয়া পড়া—এ-সবই উপাসনার পর্যায়ভূক্ত। অধিকসংখ্যক লোক যাহাতে ধারণা করিতে পারে, সে-জন্ম পূজা সূল রূপ পরিগ্রহ করে। প্রত্যেক দেশের অধিকাংশ লোকই ভাবকে কখনও ভাবরূপে পূজা করে না। ইহা এখনও সম্ভব হইয়া উঠে নাই। ভবিশ্বতে যে কোনদিন হইবে, তাহাও মনে হয় না। এই শহরের কয় সহস্র ব্যক্তি ঈথরকে একটি ভাবরূপে পূজা করিবার জন্ম প্রস্তুত ? অতি সামান্তই। মাহ্রব ইক্রিয়গ্রাহ্ন জগতে বাদ করে, তাই এরূপ করিতে পারে না। মাহ্রবকে

আরও পূর্ব হইতে ধর্ম-ভাব দিতে হইবে। তাহাকে সুলভাবে কিছু করিতে বলোঃ কুড়িবার উঠিতে এবং কুড়িবার বসিতে বলো, সৈ উহা ব্ঝিবে। তাহাকে এক নাসারদ্ধ দিয়া খাস গ্রহণ করিতে এবং অপর রদ্ধ দিয়া নিঃখাস ফেলিতে বলো—সে উহা ব্ঝিবে। নিছক ভাবগত আদর্শ মাহ্রষ মোটেই গ্রহণ করিতে পারে না। ইহা তাহাদের দোষ নয়। তেইখরকে ভাবরূপে পূজা করার শক্তি যদি তোমার থাকে, তবে উত্তম। কিছু এমন এক সময় ছিল, যথন তুমি উহা পারতে না। তলাকেরা যদি সুলব্দ্ধিসপার হয়, তাহা হইলে ধর্ম সম্বন্ধে ধারণাগুলি অপরিণত এবং ধর্মের বহিরক্তালি সুল ও অমার্কিত হইয়া পড়ে। লোকেরা যদি মার্কিত ও শিক্ষিত হয়, তাহাদের বাহ্ অহুষ্ঠানগুলি আরও ফুলর হয়। বাহ্ অহুষ্ঠানাদি থাকিবে, দেগুলি শুধু কালের প্রয়োজনে পরিবর্তিত হইবে।

স্তরাং বাহ্যপূজার বিরুদ্ধে জেহাদ ঘোষণা না করিয়া উহার যেটুকু ভাল, তাহা গ্রহণ করা উচিত, এবং অন্তর্নিহিত ভাবগুলি বিবেচনা করিয়া দেখা কর্তব্য। অবশ্য সর্বাপেকা নিমন্তরের পূজা বলিতে গাছ-পাথরের পূজাই ব্যায়। প্রত্যেক অমার্জিত ও অশিক্ষিত ব্যক্তিই ষে-কোন পদ্ধতি গ্রহণ করিয়া উহাতে নিজ্ঞ ভাব যোগ করিয়া দিবে, তাহাতেই তাহার সাহায়্য হইবে। সে একখণ্ড অন্থি বা পাথর পূজা করিতে পারে। বাহ্যপূজার এই সকল অপরিণত অবহায় মাহ্য কিন্তু কথনও পাথরকে পাথর হিসাবে বা গাছকে গাছ হিসাবে পূজা করে নাই,—সাধারণ বৃদ্ধি ছারাই ভোমরা এটুকু জানো। পতিতেরা অনেক সময় বলেন—মাহ্য গাছ-পাথরের পূজা করিত।

এ-সবই অর্থহীন। মানবজাতি ষে-সকল নিমন্তরের প্রাফ্রানের মধ্য দিয়া
অগ্রসর হইয়াছে, বৃক্ষ-পূজা ঐগুলির অস্তুতম। প্রকৃতপক্ষে কথনই মাম্য
ভাব ছাড়া অন্ত কিছুরই পূজা করে নাই। মাম্য ভাবস্বরূপ এবং ভাব ব্যতীত
অন্ত কিছুই অম্ভব করিতে পারে না। দেবভাবে পূর্ণ মম্যুমন স্ক্রভাবকে
জড়বস্তরূপে উপাসনা করার মতো এত বড় ভূল কথনও করিতে পারে না।
এই ক্ষেত্রে মাম্য পাথর বা গাছকে ভাবরূপেই চিন্তা করিয়াছে। সে কল্পনা
করিয়াছে যে, সেই পরম সন্তার কিছুটা এই পাথর বা গাছে রহিয়াছে এবং
ইহাদের মধ্যে আত্মা আছেন। বৃক্ষপূজা এবং সর্পপূজা সর্বদা অকালিভাবে
জড়িত। জ্ঞান-বৃক্ষ আছে। বৃক্ষ অবশুই থাকিবে এবং সর্পের সহিত ঐ বৃক্ষ
কোন-না-কোন ভাবে জড়িত থাকিবে। এগুলি প্রাচীনতম পূজা-পদ্ধতি।
সেখানেও দেখিবে, কোন বিশেষ প্রস্তর বা বিশেষ বৃক্ষই পূজিত হইয়াছে—
পৃথিবীর যাবতীয় বৃক্ষ এবং যাবতীয় প্রস্তরকে পূজা করা হয় নাই।

বাহ্যপূজার উন্নততর সোপানে ঈশবের বা পূর্বপূক্ষদের প্রতিমৃতিকে পূজা করা হয়। লোকে মৃত ব্যক্তিগণের প্রতিকৃতি এবং ঈশবের কাল্লনিক প্রতিমা নির্মাণ করে। পরে তাহারা ঐগুলি পূজা করে।

আরও উন্নততর পূজা—মৃত সাধু-দন্ত, সজ্জন বা সতী-সাধীদের পূজা।
লোকে তাঁহাদের দেহাবশেষ পূজা করে। তাহারা ঐ দেহাবশেষের মধ্যে
সাধু-মহাপুরুষগণের উপস্থিতি অহতেব করে এবং মনে করে ষে, তাঁহারা
তাহাদিগকে সাহায্য করিবেন। তাহারা বিশ্বাস করে ষে, ঐ সাধুমহাপুরুষগণের অস্থি স্পর্শ করিলে তাহাদের রোগ সারিবে। দেহান্থিটিই
ষে তাহাদিগকে নিরাময় করিবে তাহা নয়, দেহান্থির মধ্যে যিনি আছেন,
তিনিই তাহাদের রোগ আরোগ্য করিবেন।

এ-সবই নিয়াকের পূজা, তথাপি এগুলি পূজা। আমাদিগকে ঐগুলি অভিক্রম করিতে হইবে। বৃদ্ধি-বিচারের দিক দিয়া দেখিলে শুধু ঐগুলি ধথেষ্ট বলিয়া বোধ হয় না, কিন্তু অন্তরের দিক দিয়া আমরা এগুলি ছাড়িতে পারি না। যদি তুমি কোন ব্যক্তির নিকট হইতে সাধু-মহাপুরুষদের প্রতিমৃতিগুলি সরাইয়া লও এবং তাহাকে কোন মন্দিরে ঘাইতে না দাও, তাহা হইলে দে মনে মনে ঐগুলি শরণ করিবে। সে উহা না করিয়া পারিবে না। একজন অনীতিবর্ধ বৃদ্ধ আমাকে বলিয়াছিলেন বে, ভগবানের বিষয় ভারিতে

গেলেই মেঘের উপর উপবিষ্ট দীর্ঘশাশ্রুবিশিষ্ট একজন বৃদ্ধ ছাড়া অন্য কাহারও কথা তাঁহার মনে উদিত হয় না। ইহা দারা কি প্রতীত হয় ? তাঁহার শিক্ষা সম্পূর্ণ হয় নাই। কোন আধ্যাত্মিক শিক্ষাই তিনি পান নাই এবং মানবিক ভাব ছাড়া অন্য কিছু চিস্তা করিতে তিনি অক্ষম।

বাহ্ উপাসনার আরও একটি উন্নততর সোপান আছে—প্রতীক-উপাসনা।
বাহ্বস্থ দেখানেও বর্তমান, কিন্তু তাহা রক্ষ প্রস্তর বা সাধু-মহাত্মাদের
শ্বতিচিহ্ন নয়। ঐগুলি প্রতীক। পৃথিবীতে সর্বপ্রকার প্রতীকই বর্তমান।
বৃত্ত অনস্তের একটি মহং প্রতীক। তেইহার পর সমচতুর্ভ ; স্বপরিচিত ক্রেশপ্রতীক এবং ইংরেজী S ও Z পরস্পরকে আড়াআড়িভাবে কাটিয়াছে—এরপ
ত্ইটি আঙুল প্রভৃতি রহিয়াছে।

কেহ কেহ মনে করে, এই প্রতীকগুলির কোন দার্থকতা নাই। । । । আবার কেহ কেহ অর্থনৈ কোন জাত্মন্ত চায়। যদি তুমি উহাদিগকে সহজ সরল সত্য কথা বলো, তবে উহারা গ্রহণ করিবে না। । মাহুষের স্বভাবই এই—তাহারা তোমাকে যত কম বুঝে, ততই তোমাকে ভাল ও বড় মনে করে) প্রত্যেক দেশে সব যুগেই এরূপ উপাসকেরা কতগুলি জ্যামিতিক চিত্র এবং প্রতীক বারা বিভাস্ত হয়। একদা জ্যামিতি সকল বিজ্ঞানের মধ্যে শ্রেষ্ঠ ছিল। অধিকাংশ লোকই এই বিষয়ে অনভিজ্ঞ ছিল। তাহাদের বিখাস ছিল, জ্যামিতিবিদ্ একটি সমচতুর্জ অন্ধিত করিয়া উহার চারি কোণে অর্থহীন জাত্মন্তবিশেষ বলিলেই সমগ্র পৃথিবী ঘুরিতে শুরু করিবে, স্বর্গের হার উন্মুক্ত হইবে এবং ভগবান্ অবতরণ করিয়া লাফাইতে থাকিবেন ও মাহুষের ক্রীতদাস হইয়া পড়িবেন। দলে দলে এইরূপ উন্মাদ দিবারাত্র এ-সকল বিষয় একাগ্রমনে পড়ে। এ-সবই ব্যাধিবিশেষ। ইহাদের চিকিৎসক প্রয়োজন। দার্শনিকদের জন্ত এ-সব নয়।

আমি কৌত্ক করিতেছি, কিন্তু এজন্ম খ্বই চু:বিত। সমস্রাটি ভারতে অত্যস্ত গুরুতর। এইগুলি জাতির ধ্বংস, অবনতি এবং অবৈধ বলপ্রয়োগের লক্ষণ। তেজ, বীর্ঘ, জীবনীশক্তি, আশা, স্বাস্থ্য এবং ধাহা কিছু মঙ্গলকর তাহার লক্ষণই হইল শক্তি। যতদিন শরীর থাকিবে, ততদিন দেহ, মন এবং বাহতে বল থাকা আবশ্যক। এই-সব অর্থহীন জাত্মন্তবিশেষ হারা অধ্যাত্ম-শক্তি অর্জনের চেষ্টা বিশেষ ভয়ের কারণ—ইহাতে জীবন-নাশের ভয়ও আছে।

প্রতীক-উপাসনা বলিতে আমি ঐগুলি বলি নাই। কিন্তু এই প্রতীকোপাসনায় কিছু সত্য নিহিত আছে। কিছু সত্য ব্যতিরেকে কোন মিধ্যাই দাঁড়াইতে পারে না। কোন বস্তুর বাস্তব সত্তা না থাকিলে উহার অমুকরণও হইতে পারে না।

বিভিন্ন ধর্মে প্রতীক-পূজা বর্তমান। এমন সব প্রতীক আছে, বেগুলি স্থানর, শক্তিপ্রাদ, বলিষ্ঠ এবং ছন্দোময়। ভাবিয়া দেখ, লক্ষ্ণ লক্ষ্ণ লোকের উপর ক্রুণের কি আশ্চর্য প্রভাব! অর্ধচন্দ্ররূপ প্রতীকের কথা ধর। এই একটি প্রতীকের বে কি আকর্ষণী শক্তি, সে-কথা চিম্ভা করিয়া দেখ। পৃথিবীতে সর্বত্রই স্থানর ও চমংকার প্রতীকসমূহ বর্তমান। এই প্রতীকসকল ভাব প্রকাশ করে এবং কতগুলি বিশেষ মানসিক অবস্থার স্থাষ্টি করে। সচরাচর প্রতীকগুলি বিশাস ও ভালবাসার প্রচণ্ড শক্তি স্কুরণ করে।

প্রোটেস্টাণ্টদের সঙ্গে ক্যাথলিকদের তুলনা করিয়া দেখ। বিগত চারশত বংসরের মধ্যে এই তুইটি সম্প্রদায়ের কোন্টি হইতে অধিকসংখ্যক সাধক ও শহীদ জন্মগ্রহণ করিয়াছেন ? ক্যাথলিকদের ধর্মামুষ্ঠানের অঙ্গীভূত আলোক, ধৃপধুনা, মোমবাতি, যাজকদের পোশাক প্রভৃতির একটা স্বকীয় প্রভাব রহিয়াছে। প্রোটেস্টাণ্ট ধর্ম অতি কঠোর এবং গভ্যময়। প্রোটেস্টাণ্টরা অনেক বিষয়ে জ্য়যুক্ত হইয়াছে, কয়েকটি দিকে ক্যাথলিকদের অপেক্ষা অধিক পরিমাণে স্বাধীনতা দিয়াছে, স্থতরাং তাহাদের ধারণাগুলি স্পষ্টতর এবং অধিকতর ব্যক্তিস্বাতম্র-ভিত্তিক। এই পর্যস্ত ঠিক থাকিনেও তাহারা অনেক কিছু হারাইয়াছে। ... গির্জার মধ্যে চিত্রগুলির কথাই ধরা যাক। এগুলি কবিত্ব-শক্তিকে ভাষা দিবার একটি প্রচেষ্টা, কবিতার যদি প্রয়োজন থাকে, তবে কেন আমরা উহা গ্রহণ করিব না? অস্তরাত্মা যাহা চাহিতেছে, তাহা অস্তরাত্মাকে দিব না কেন? আমাদিগকে দঙ্গীতও গ্রহণ করিতে হইবে। প্রেসবিটেরিয়ানরা আবার সঙ্গীতেরও বিরোধী, এইধর্মাবলম্বিগণের মধ্যে উহারা যেন মুসলমান। সমস্ত কবিতা ধ্বংস হউক! সমস্ত অহুষ্ঠান বিলুপ্ত হউক! তারপর তাহারা আবার দঙ্গীত সৃষ্টি করে, দঙ্গীত ইন্দ্রিয়ের উপর প্রভাব বিস্তার করে। আমি দেখিয়াছি, কিরূপে তাহারা বক্তৃতামঞ্চের উপ**র** আলোকের জন্ম সমবেতভাবে চেষ্টা করে।

বহির্জগতে রূপায়িত কবিতায় ও ধর্মে অন্তঃকরণ পূর্ণ হউক। কেন না হইবে ? বাহ্য উপাসনার বিরুদ্ধাচরণ করিতে পার না—বার বার ইহা সমাজে জয়লাভ করিবে। ক্যাথলিকরা যাহা করে, তাহা যদি তোমার ক্ষচিসমত না হয়, তবে ইহা অপেক্ষা আরও ভাল কিছু কর। কিন্তু আমরা আরও ভাল কিছু করিতেও পারিব না, অথচ বে কবিত্ব পূর্ব হইতে বিভ্যমান, তাহাও গ্রহণ করিব না—এটি এক ভয়ন্বর অবস্থা। জীবনে কবিত্ব থাকা একান্ত আবশ্যক। তুমি পৃথিবীতে একজন শ্রেষ্ঠ দার্শনিক হইতে পারো, কিন্তু দর্শনিশাস্ত জগতের শ্রেষ্ঠ কাব্য। ইহা শুদ্ধ অন্থি নয়, ইহা সমন্ত বন্ধর সার। যাহা নিত্য সন্তা, তাহা দৈতভাবাপন্ন যে-কোন বস্তু অপেক্ষা অধিকতর কবিত্বপূর্ণ।

পাণ্ডিত্যের স্থান নাই; অধিকাংশের পক্ষেই পাণ্ডিত্য পথের একটি বাধা। তেকজন পৃথিবীর সমস্ত গ্রন্থাগারের যাবতীয় পুস্তক পড়িয়াও মোটেই ধার্মিক না হইতে পারে, আর একজন হয়তো নিরক্ষর হইয়াও ধর্ম প্রত্যক্ষ অহুভব করিতে সমর্থ। নিজের প্রত্যক্ষ অহুভৃতিতেই সমগ্র ধর্ম নিহিত্ত। আমি যথন 'মহুয়াত্ব-লাভের বা মাহুয-গড়ার ধর্ম'—এই শক্ষরটি ব্যবহার করি, তথন আমি ঐগুলি দারা কোন পুস্তক, অহুশাসন বা মতবাদের কথা বৃঝি না। যে-ব্যক্তি সেই অনস্ত সতার এতটুকুও তাহার অস্তরে অহুভব করিয়াছে বা ধারণা করিয়াছে, আমি তাহার কথাই বলি।

আমি সারাজীবন ঘাঁহার পদতলে বসিয়া শিক্ষালাভ করিয়াছি, ঘাঁহার কয়েকটি মাত্র ভাব শিক্ষা দিতে চেষ্টা করিতেছি, তিনি কোনক্রমে তাঁহার নিজের নাম লিখিতে পারিতেন। আমি সমগ্র পৃথিবী পরিভ্রমণ করিয়াছি, কিন্তু সারা জীবনে আমি তাঁহার মতো আর একজনকেও দেখিলাম না। তাঁহার সম্বন্ধে ভাবিলে নিজেকে নির্বোধ বলিয়া মনে হয়, কেন-না আমি বই পড়িতে চাই, অথচ তিনি কোনদিনই বই পড়েন নাই। অত্যের উচ্ছিষ্ট তিনি কখনও গ্রহণ করিতে চাহিতেন না অর্থাৎ অত্যের চিস্তাধারাকে কোনদিন তিনি নকল করিবার চেষ্টা করেন নাই। এই কারণে তিনি নিজেই নিজের বই ছিলেন। সারা জীবন জ্যাক (Jack) কি বলিল, জন (John) কি বলিয়াছে—তাহাই বলিয়া আসিতেছি; নিজে কিছুই বলিলাম না। জন পঁটিশ বৎসর পূর্বে এবং জ্যাক পাঁচ বৎসর পূর্বে ঘাহা বলিয়াছে, তাহা

জানিয়া তোমার কী লাভ হইয়াছে? তোমার নিজের কি বলিবার আছে, তাহা বলো।

মনে রাথিও—পাণ্ডিত্যের কোন মূল্য নাই। পাণ্ডিত্য সম্বন্ধে তোমাদের সকলেরই ধারণা ভূল। মনকে বলির্চ ও স্থনিয়ন্ত্রিত করার মধ্যেই জ্ঞানের একমাত্র মূল্য। আমি অবাক হইতেছি ধে, অনস্ত কাল ধরিয়া এই গলাধাকরণের দারা আমাদের বদহজম হইতেছে না কেন! আমাদের এইখানেই থামিয়া যাবতীয় পুস্তক পুড়াইয়া ফেলা প্রয়োজন এবং নিজেদের অস্তবে চিস্তা করা কর্তব্য। তোমরা অনেক বিষয়ে কথা বলো এবং তোমাদের 'ব্যক্তি-স্বাতন্ত্র'কে হারাইবার আশহ্বায় চঞ্চল হইয়া ওঠ। এই অস্তহীন গলাধাকরণের দারা প্রতি মূহুর্তেই তোমরা ব্যক্তিত্ব হারাইতেছ। আমি যাহা শিক্ষা দিতেছি, তাহা যদি তোমাদের মধ্যে কেহ শুধু বিশাস করে, তাহা হইলে আমি হঃবিত হইব; তোমাদের মধ্যে যদি স্বাধীন চিম্ভাশক্তি উদীপিত করিতে পারি, তবেই আমি বিশেষ আনন্দিত হইব।…আমার উদ্দেশ্য—নরনারীকে বলা, মেষগুলিকে নয়। 'নরনারী' বলিতে আমি 'মাহ্য' ব্রি। তোমরা ক্ষুদ্র মাহ্য নও যে, পথের নোংরা ল্যাকড়া টানিয়া আনিয়া ধেলার পুতুল তৈরি করিবে।

এই জগৎ একটি শিক্ষার স্থান! মাহ্যৰ এই বিশ্ববিভালয়ে প্রবেশ করিয়াছে।
মি: ব্র্যান্ধ বাহা বলিয়াছেন, তাহা সে দবই জানে! কিন্তু ব্র্যান্ধ কিছুই বলেন নাই! আমাকে নির্বাচনের ক্ষমতা দেওয়া হইলে আমি অধ্যাপককে বলিতাম, 'বাহিরে বাও! তোমার কোন প্রয়োজন নাই!' এই ব্যক্তিশাতস্ত্রাবাধকে যে-কোন উপায়ে মনে রাখিবে! তোমার চিন্তা যদি ভূল হয় হউক, তুমি সত্য লাভ করিলে কি না করিলে তাহাতে কিছুই আসে যায় না। মূল কথাটি হইল মনকে নিয়ন্ত্রিত করা। যে-সত্য তুমি অপরের নিকট হইতে লইয়া গলাধঃকরণ করিবে, তাহা তোমার নিজম হইবে না। আমার মুবে সত্য শুনিয়া তাহা শিক্ষা দিতে পার না এবং আমার মুবে শুনিয়াও কোন সত্য তুমি শিখিতে পার না। কেহ কাহাকেও শিখাইতে পারে না। সত্য অমুভব করিয়া নিজ প্রকৃতি অমুখায়ী তাহা কার্যে পরিণত করিতে হইবে।…নিজেদের পায়ের উপর দাড়াইয়া, নিজেদের চিন্তা করিয়া, নিজেদের আত্মা উপলব্ধি করিয়া, সকলকেই শক্তিমান্ হইতে

হইবে। কারাগারে আবদ্ধ দৈনিকদের মতো একসদে উঠা, একসদে বসা, একই খাছা খাওয়া, একসদে মাথা নাড়িয়া অন্তের প্রচারিত মতবাদ গলাধঃকরণ করা প্রভৃতিতে কোন ফল নাই। বৈচিত্র্যাই জীবনের লক্ষণ। সমতাই (একই রকম চিন্তা করা) মৃত্যুর লক্ষণ।

একবার একটি ভারতীয় শহরে অবস্থানকালে এক বৃদ্ধ আমার নিকট আদিয়া বলিল, 'স্বামীজী, আমার পথ নির্দেশ করুন।' আমি দেখিলাম যে, লোকটি আমার সম্মুখের টেবিলটির মতো একেবারে জড় হইয়া গিয়াছে; মানদিক এবং আধ্যাত্মিক দিক দিয়া তাহার প্রকৃত মৃত্যু হইয়াছিল। আমি বলিলাম, 'তোমাকে যাহা নির্দেশ দিব, তাহা পালন করিবে কি? তৃমি কি চুরি করিতে পারো? তুমি মদ খাইতে পারো? মাংস খাইতে পারো? লোকটি চিৎকার করিয়া বলিয়া উঠিল, 'এ আপনি আমাকে কি শিক্ষা দিতেছেন?' আমি তাহাকে বলিলাম, 'এই দেওয়ালটি কি কথনও চুরি করিয়াছে? ইহা কি কথনও মদ খাইয়াছে?' লোকটি উত্তর দিল, 'না, মহাশয়।' মাহ্যই চুরি করে, মদ খায়, আবার ঈশ্বরত্ব লাভ করে।

'বন্ধ্, আমি জানি, তুমি একটি দেওয়াল মাত্র নও। কিছু একটা কর! কিছু একটা কর!' আমি অমুভব করিয়াছিলাম, লোকটি চুরি করিলে তাহার আত্মা মৃ ক্তির দিকে অগ্রসর হইবে। তোমাদের যে ব্যক্তিত্ব আছে, তাহা কিরূপে বুঝিব ?—তোমরা তো একসঙ্গে উঠ, একসঙ্গে বদো এবং একই কথা বলো। ইহা মৃত্যুর পথ জানিবে। তোমার আত্মার জন্ম কিছু কর। যদি ইচ্ছা হয়, তবে অন্যায় কর, কিন্তু একটা কিছু কর! আমাকে তোমরা এখন ব্ঝিতে না পারিলেও ক্রমে ব্ঝিতে পারিবে। আত্মা যেন বার্ধক্যগ্রন্ত হইয়াছে, উহার উপর মরিচা ধরিয়াছে। এই মরিচা ঘিষয়া মাজিয়া ছাড়াইতে হইবে, তবেই আমরা অগ্রসর হইতে পারিব। জগতে এত অন্যায় কেন, তাহা তোমরা এখন ব্ঝিতেছ। এই মরিচা হইতে নিজেদের মৃক্ত করিবার জন্মই গৃহে ফিরিয়া এ-বিষয়ে চিন্তা কর।

আমরা জাগতিক বস্তুদকলের জন্ম প্রার্থনা করি। কোন উদ্দেশ্য দাধনের নিমিত্ত আমরা ব্যবদায়ী বৃদ্ধি লইয়া ভগবানের পূজা করি। ধাওয়া-পরার জন্ম আমরা প্রার্থনা করি। পূজা উত্তম। কিছু না করার চেয়ে কিছু একটা করা ভাল। 'নাই মামার চেয়ে কানা মামা ভাল।' অভ্যন্ত ধনী এক যুবক রোগাকান্ত হইল, অমনি দে আরোগ্যলাভের জন্ম গরীবদের দান করিতে আরম্ভ করিল। ইহা ভাল কাজ, কিন্তু ইহা ধর্ম নয়, আধ্যাত্মিকতা নয়, ইহা জাগতিক ব্যাপার। কোন্টা জাগতিক এবং কোন্টা জাগতিক নয় ? যথন উদ্দেশ্য ইহজীবন, এবং ভগবান্ সেই উদ্দেশ্য-লাভের উপায়রপে ব্যবহৃত হন, তথন তাহা জাগতিক। আবার যেখানে ঈশ্বর-লাভই উদ্দেশ্য এবং জাগতিক জীবন সেই লক্ষ্যে পৌছিবার উপায় রূপে ব্যবহৃত হয়, সেখানেই অধ্যাত্ম জীবনের আরম্ভ। স্কৃতরাং ষে-ব্যক্তি এই জাগতিক জীবনে প্রাচুর্য কামনা করে, তাহার নিকট এই জীবনের স্থায়িত্ব তাহার ঈপ্সিত স্বর্গ বলিয়া বিবেচিত হয়। সে পরলোকগত ব্যক্তিদের দেখিতে চায় এবং তাহাদের সহিত আবার স্বথে দিন কাটাইতে চায়।

যে-সকল মহিলা প্রেতাত্মাদের সমুথে আনিতে চেষ্টা করেন, তাঁহাদের মধ্যে একজন ছিলেন মিডিয়াম বা মাধ্যম। দেখিতে দীর্ঘাকার তবু তিনি মাধ্যম। বেশ! এই মহিলা আমাকে খ্বই পছল করিতেন এবং তাহার নিকট বাইবার জন্ম আমন্ত্রণ করিয়াছিলেন। প্রেতাত্মারা সকলেই আমার প্রতি বিনম্ম ছিল। আমার অন্তুত অভিজ্ঞতা হইয়াছিল। বুঝিতেই পারিতেছ, ইহা ছিল মধ্যরাত্রে প্রেতশক্তি-বাদীদের বৈঠক। মাধ্যম বলিল, '…আমি একজন প্রেতকে এখানে দাঁড়াইয়া থাকিতে দেখিতেছি। প্রেত আমাকে বলিতেছে যে, ঐ বেঞ্চের উপর একজন হিন্দু ভদ্রলোক বিদয়া আছেন।' আমি দাঁড়াইয়া উঠিয়া বলিলাম, 'তোমাকে এই কথা বলিবার জন্ম কোন প্রেতাত্মার সাহায্য প্রয়োজন হয় না।'

দেখানে একজন স্থানিকিত, বৃদ্ধিমান্ এবং বিবাহিত যুবক উপস্থিত ছিল।
দে তাহার মাতাকে দেখিবার জন্ম আসিয়াছিল। মাধ্যম বলিল, 'অম্কের
মা এখানে আসিয়াছেন।' যুবকটি তাহার মায়ের বিষয় আমাকে বলিতেছিল—
তাহার মা মৃত্যুকালে খুবই ক্ষীণদেহ হইয়া পড়েন। কিন্তু পর্দার অন্তর্গাল
হইতে যে-মা বাহির হইল! তোমরা যদি তাহাকে দেখিতে! যুবকটি কি করে,
তাহা দেখিতে চাহিলাম। আমি দেখিয়া বিশ্বিত হইলাম যে, যুবকটি
লাফাইয়া সেই প্রেতাত্মাকে আলিকন করিয়া বলিল, 'মাগো, তুমি প্রেত-লোকে গিয়া অপরূপ হইয়াছ!' আমি বলিলাম, 'আমি ধন্য যে, আমি
এইখানে উপস্থিত আছি। এইসব ঘটনা মান্ত্রের প্রকৃতি সম্বন্ধে আমার
অন্তর্দ্ধিই খুলিয়া দিয়াছে।'

বাহ্ন উপাসনার প্রদক্ষে আবার বলি, ইহজীবন এবং জাগতিক স্থথের লক্ষ্যে উপনীত হইবার জন্ম ঈশ্বরকে উপাসনা করা অতি নিম্নন্তরের পূজা। অধিকাংশ লোকই দেহের এই মাংদপিও এবং ইন্দ্রিয়ের স্থুখ অপেকা উচ্চতর কোন চিস্তা করিতে পারে না। এই বেচারারা এই জীবনেই যেঁ-হুখের সন্ধান করে, সে-স্থুথ পাশব স্থুখ । তাহারা প্রাণিখাদক। তাহারা তাহাদের সন্তান-সন্ততিদের ভালবাদে। ইহাই কি মান্তুষের সব গৌরব ? আমরা আবার সর্বশক্তিমান্ ঈশ্বরকে পূজা করি। কি জন্ম ? কেবল এই সব জাগতিক বস্তু পাইবার জন্ম এবং সর্বদা ঐগুলিকে রক্ষা করিবার জন্ম।...ইহার অর্থ এই যে, আমরা এথনও পশুপক্ষীর জীবনের উর্ধের উঠিতে পারি নাই। পশু-পক্ষীর চেয়ে আমরা মোটেই উন্নততর নই। আমরা উন্নততর কিছু জানিও না। আমাদিগকে ধিক। আমাদের আরও উচ্চতর শিক্ষা পাওয়া উচিত। পশু-পক্ষীদের সহিত আমাদের তফাত এই যে, আমাদের মতো ভাহাদের ঈশ্বর বলিয়া কিছু নাই।…পশুদের মতো আমাদেরও পাঁচটি ইন্দ্রিয় আছে, কিন্তু তাহাদের ইন্দ্রিয়গুলি আরও তীক্ষ। একটি কুকুর যেরূপ ভৃপ্তি সহকারে একখণ্ড হাড় চিবায়, আমরা একগ্রাস অন্ন তেমন তৃপ্তির সহিত থাই না। আমাদের অপেকা তাহাদের জীবনে আনন্দ বেশী। স্থতরাং আমরা পশুদের চেয়ে একটু নিক্নষ্ট।

তোমরা কেন এমন কিছু হইতে চাহিবে, যাহাতে প্রকৃতির কোন শক্তি তোমাদের উপর অধিকতর কার্যকরী হইবে? ইহা একটি বিশেষ গুরুত্বপূর্ণ চিস্তনীয় বিষয়। কি তোমাদের কাম্য—এই জীবন, এই ইন্দ্রিয়স্থ্য, এই শরীর অথবা অনস্তগুণ শ্রেষ্ঠ এবং উচ্চতর কোন কিছু বস্তু, এমন একটি অবস্থা শাহার কোন চ্যুতি নাই, যেখানে কোন পরিবর্তন নাই?

অতএব ইহা দারা কি প্রতীত হয় ? তোমরা বলো, 'হে প্রভু, অন্ন দাও, অর্থ দাও, আমার রোগ নিরাময় কর, ইহা কর, তাহা কর!' বথনই তোমরা এইরূপ প্রার্থনা কর, তথনই 'আমি জড়বস্তু, জড়জগংই আমার লক্ষ্য'—এই ভাবে নিজেদের সম্মোহিত করিয়া থাকো। প্রত্যেকবারই যথন তোমরা জাগতিক অভিলাষ প্রণের জন্ম উল্যোগী হও, ততবারই তোমরা বলিতে থাকো—'আমরা জড়দেহ মাত্র, আমরা আ্রা নই।'…

ঈশ্বকে ধন্যবাদ থে, এইগুলি সব স্বপ্ন মাত্র। ঈশ্বকে ধন্যবাদ যে, এইগুলি অদৃশ্য হইয়া যাইবে। ঈশ্বকে ধন্যবাদ যে, স্বাষ্টতে মৃত্যু—সেই মহান্ মৃত্যু আছে, ষাহা সব ল্রান্তি, সব স্বপ্ন, এই দেহবাদিতা, এই মর্মবেদনার অবসান ঘটাইয়া দেয়। কোন স্বপ্নই চিরস্থায়ী হইতে পারে না—শীদ্র অথবা বিলম্বে ইহা অবশ্যই শেষ হইবে। স্বপ্নকে চিরস্থায়ী কংতে পারে, এমন কেহ নাই। আমি ঈশ্বরকে ধ্যুবাদ দিতেছি ষে, তিনি এরপ ব্যবস্থা করিয়াছেন। তবত বলিব, এই প্রকারের উপাসনার সার্থকতা আছে। এভাবে চলিতে থাকো। প্রার্থনা একেবারে না করা অপেক্ষা কোন কিছুর জ্যু প্রার্থনা করা ভাল। এই সোপানগুলি অভিক্রম করিয়া যাইতে হইবে। এগুলি প্রাথমিক শিক্ষা। মন ক্রমশঃ ইন্দ্রিয়, দেহ, এই জাগতিক ভোগস্বথের উর্ধে কোন বস্তুর বিষয় চিন্তা করিতে আরম্ভ করে।

মাহ্ব কিরপে ইহা করে? প্রথমে মাহ্ব চিন্তাশীল হয়। তুমি বধন কোন একটি সমস্যা চিন্তা করিতে থাকো, তথন সেথানে চিন্তারই এক অপূর্ব আনন্দ আদে, ইন্দ্রিয়ের ভোগস্থ বলিয়া কিছু থাকে না।…এই আনন্দই মাহ্বকে মহ্মত্ত্বের দিকে লইয়া যায়।…একটি মহৎ ভাবের বিষয় চিন্তা কর। চিন্তা বতই গাঢ় হইবে এবং মন সংঘত হইবে, তথন তোমার দেহের বিষয় আর মনে উদিত হইবে না। তোমার ইন্দ্রিয়গুলির কাজ বন্ধ হইয়া ঘাইবে। তথন তুমি সমস্ত দেহ-জ্ঞানের উর্ধ্বে চলিয়া ঘাইবে। তথন ইন্দ্রিয়ের মধ্য দিয়া যাহা কিছু প্রকাশিত হইতেছিল, সবই ঐ একটি ভাবে কেন্দ্রীভূত হইবে। ঠিক সেই মূহুর্তে তুমি পশু অপেক্ষা উন্নত্ত। দেই সময় দেহাতীত এমন একটি অহুভূতি, এমন একটি প্রত্যক্ষ উপলব্ধি তুমি লাভ করিবে, যাহা কেহই তোমার নিকট হইতে কাড়িয়া লইতে পারিবে না।…মনের লক্ষ্য সেথানে—ইন্দ্রিগ্রাহ্ জগতে নয়।

এইরপে এই ইন্দ্রিগ্রাহ্য জগং হইতে আরম্ভ করিয়া তুমি অহ্য অমৃভূতির রাজ্যে একটু একটু করিয়া প্রবেশাধিকার লাভ করিবে। তথন এই জগং বলিয়া তোমার নিকট আর কিছুই থাকিবে না। যথন তুমি দেই আত্মার একটু আভাস পাইবে, তথন তোমার ইন্দ্রিয়-বোধ, তোমার ভোগাকাজ্ঞা, তোমার দেহাসক্তি তোমার নিকট হইতে চলিয়া যাইবে। সেই ভাবরাজ্যের আভাস একের পর এক তোমার নিকট উদ্ঘাটিত হইবে। তোমার যোগ সম্পূর্ণ হইবে এবং আহ্মা তোমার নিকট আহ্মারূপেই প্রতিভাত হইবে। তথনই তুমি ঈশরকে আত্মারূপে উপাসনা করিতে আরম্ভ করিবে। তথনই

তুমি বুঝিতে পারিবে যে, উপাসনা কোন স্বার্থদাধনের নিমিত্ত নয়। অস্তরের অস্তরে এই পূজা ছিল ভালবাদা, যাহ। অসীম হইয়াও সদীম; ঈশবের পাদপদ্মে ইহা অস্তরের চিরস্তন আত্মনিবেদন—সর্বন্ব অর্পণ। সেখানে কেবল 'তুমি', 'আমি' নই। 'আমি' সেখানে মৃত—'তুমি'ই সেখানে বর্তমান, 'আমি' নাই। সেখানে আমি ধন, সৌন্দর্য, এমন কি পাণ্ডিত্যও কামনা করি না। আমি মৃক্তি চাই না। যদি ভোমার অভিপ্রেত হয়, তবে বিশ হাজারবার নরকে গমন করিব। আমি কেবল একটি বস্তু কামনা করি: হে ঈশ্বর, তুমি আমার প্রেমাম্পদ হও।

উপাদক ও উপাস্থ

[১৯০০ খঃ: ৯ই এপ্রিল আমেরিকায় সান ফ্রান্সিস্কো শহরে প্রদন্ত। সাঙ্কেতিক লিপিকার ও অনুলেখিকা আইডা আনসেল যেথানে স্বামীজীর বক্তৃতার কোন কথা বুঝিতে পারেন নাই, সেথানে চিহ্ন দেওয়া আছে। () বন্ধনীর মধ্যেকার অংশ অনুলেখিকা কর্তৃক স্বামীজীর বাক্যের পরিপুরক হিসাবে বসানো হইয়াছে।]

মানব-প্রকৃতির যে দিকটি অধিকতর বিশ্লেষণাত্মক, আমরা উহার আলোচনা করিতেছিলাম। এথন আমরা আবেগ-প্রধান দিকটি দেখিব। ... পূর্বেরটি মাহুষকে গ্রহণ করে একটি দীমাংীন সন্তার্মপে—নৈর্ব্যক্তিক তত্ত্ব হিসাবে; অপরটিতে মাত্রষ একটি সীমাবদ্ধ জীব। তেরেক ফোঁটা চোথের জল বা কয়েকটি দীর্ঘশাদের জ্বন্য প্রথমটির অপেক্ষা করিবার সময় নাই; দিতীয়টি কিন্তু ঐ অশ্রুবিন্দু না মুছিয়া দিয়া ঐ বেদনার ক্ষত আরোগ্য না করিয়া অগ্রসর হইতে পারে না। প্রথমটি বুহৎ—এত বৃহৎ ও চমৎকার যে, সময়ে সময়ে ঐ বিস্তার আমাদিগকে স্তম্ভিত করে। অপরটি অতি সাধারণ, কিন্ত তবুও বড় স্থন্দর এবং আমাদের হৃদয়গ্রাহী। প্রথমটি আমাদিগকে এত উচুতে লইয়া যায় যে, আমাদের ফুদফুদ যেন ফাটিয়া যাইবার উপক্রম হয়। সেই বায়ুমগুলে আমরা নিঃখাদ লইতে পারি না। অপরটি যেথানে আমরা আছি, আমাদিগকে সেইখানেই রাখিয়া দেয় এবং জীবনের নানা বিষয় (সীমায়িতভাবে) দেখিবার চেষ্টা করে। একটি কোন কিছুই গ্রহণ করিবে না, ষতক্ষণ না উহাতে বৃদ্ধির দেদীপ্যমান ছাপ দেওয়া হইতেছে; অন্তটি দাঁড়াইয়া আছে বিখাদের উপর; যাহা সে দেখিতে পায় না, তাহা দে মানিয়া লয়। হুইটিরই প্রয়োজন আছে। পাধি কথনও একটি মাত্র ডানায় উডিতে পারে না। · ·

আমরা এমন মাহ্রষ দেখিতে চাই, যিনি সামঞ্জ্রজাবে গড়িয়া উঠিয়াছেন··· উদারহৃদয়, উন্নতমনা (কর্মে নিপুণ)। প্রয়োজন এইরূপ ব্যক্তির, থাঁহার অস্তঃকরণ জগতের তৃঃথ-ক্ট তীব্রভাবে অস্কুত্তব করে।···আর (আমরা চাই)

> সান ফ্রান্সিস্কোতে পূর্বে প্রদন্ত 'একাগ্রতা' এবং 'ধর্মের রূপায়ণ' প্রভৃতি কয়েকটি বক্তৃতার কথা উল্লেখ করিয়াছেন।

এমন মাছ্মদ, যিনি যে শুধু অন্নত্তব করিতে পারেন তাহা নয়, পরস্ক বস্তানিচয়ের অর্থ ধরিতে পারেন, যিনি প্রকৃতি এবং বৃদ্ধির মর্মন্থলে গভীরভাবে ডুব দেন। (আমাদের দরকার) এমন মান্থবের, যিনি দেখানেও থামেন না, (কিন্তু) যিনি (দেই অন্নতবকে বাত্তব কর্মে) ক্লপায়িত করিতে ইচ্ছুক। মন্তিদ্ধ, হৃদয় এবং হাত—এই তিনটির এই প্রকার সমন্বয় আমাদের কাম্য। জগতে অনেক লোক-শিক্ষক আছেন, কিন্তু দেখিতে পাইবে, (তাঁহাদের অধিকাংশই) একদেশী। কাহারও দৃষ্টি বৃদ্ধিরৃত্তির প্রথর মধ্যাহুহুর্যের উপর, অহ্য কিছুই তাঁহার চোথে পড়ে না। অপর কেহ বা শুনেন প্রেমের স্থমধুর গীতি এবং ইহা ছাড়া আর কিছুতে কান দিতে পারেন না। আবার আর একজন আছেন কাজে (ডুবিয়া), তাঁহার অন্থভূতি বা চিন্তার সময় নাই। এরপ একজন মহামানব কেন (চাও) না—যিনি যেমন কর্মী, তেমনি জ্ঞানী, আবার সমানভাবে প্রেমিক ? ইহা কি অসম্ভব ?—নিশ্চয়ই নয়। ভবিয়তের মান্থব হইবেন এই প্রকৃতির। বর্তমানকালে (কেবল মাত্র) অর কয়েকজনই এইরূপ আছেন। (ইহাদের সংখ্যা বাড়িয়া চলিবে) যতদিন না সারা পৃথিবী এই ধরনের মান্থবে পূর্ণ হয়।

আমি তোমাদিগকে এতদিন মেধা (এবং) বিচারের সম্বন্ধে বলিয়াছি।
সমগ্র বেদান্ত আমরা শুনিলাম: মায়ার ধ্বনিকা টুটিয়া ধায়, ঘন মেঘ সরিয়া
গিয়া স্থালোক আমাদের উপর দীপ্তি পায়। এ যেন হিমালয়ের উত্তুলদেশ
অধিরোহণের চেষ্টা, মেঘের রাজ্যের ওপারে অদৃশু যে শৃঙ্গগুলি রহিয়াছে—
সেথানে পৌছিতে হইবে। এথন আমরা অন্ত দিকটি পর্যবেক্ষণ করিতে চাই
—অতি স্থরমা উপত্যকাগুলি—প্রকৃতির নয়নাভিরাম সৌন্দর্য! (আমরা
আলোচনা করিব) ভালবাসা—ধাহা সংসারের জালায়য়ণা সত্তেও আমাদিগকে
ধরিয়া রাথে, সেই প্রেম—ধাহার জন্ম আমরা হংথের শিকল গড়িয়াছি, ধাহার
জন্ম মাহ্র্য অনস্তকাল স্বেচ্ছায় বরণ করিয়া লইয়াছে আত্মবলিদান এবং
সম্ভেইচিত্তে সম্ভ করিয়া চলিয়াছে উহার কন্ত। সেই অনস্ত অম্বরাগ,
বাহার জন্ম মাহ্র্য নিজের হাতে বন্ধন পরে, তুর্গতি ভোগ করে—তাহাই
এখন আমাদের অনুসন্ধানের বিষয়। অপরটি আমরা যে ভুলিয়া ঘাইব,
তাহা নয়। হিমালয়ের হিমবাহ কাশ্মীরের ধান্তক্ষেত্রের সহিত মিতালি
কঙ্কক। বজ্রের গুকুগর্জনের সহিত মিশিয়া যাক পাধির কাকলি।

ষাহা কিছু অতি পরিপাটি ও মনোহর, তাহা লইয়াই আমাদের বর্তমান আলোচনা। পূজাপ্রবৃত্তি তো সর্বহেই আছে, প্রত্যেক জীবে। প্রত্যেকেই ভগবানের আরাধনা করে। যে নামই দেওয়া যাক না কেন, তিনিই সকলের পূজা পাইতেছেন। পৃথিবীর ধুলোকাদায়—যেমন ফুন্দর পদাফুলের, যেমন জীবনেরও আরম্ভ, উপাসনার আদিও সেইরপ।…(প্রথমে) থানিকটা ভয়ের ভাব থাকে, পার্থিব লাভের দিকে আকাজ্রা থাকে। ভিথারীর পূজা। এগুলি পূজাবৃত্তির প্রারম্ভিক। (উহার অবসান) ঈশ্বকে ভালবাদিয়া এবং মাহুযের মধ্যে ভগবানুকে উপাসনা করিয়া।

ভগবান্ আছেন কি ? এমন একজন কেহ আছেন কি, যাঁহাকে ভালবাসা যায়, যিনি ভালবাসা গ্রহণ করিতে সমর্থ ? পাথরকে ভালবাসিয়া বেশী কিছু লাভ নাই। আমরা তাহাই ভালবাসি, যাহা ভালবাসা ব্ঝিতে পারে, যাহা আমাদের অহুরাগ আকর্ষণ করিতে পারে। উপাসনার বেলাও এইরূপ। আমাদের এই পৃথিবীতে কেহ একখণ্ড শিলাকে (শিলা বলিয়া) পূজা করিয়াছে, এমন কথা কথনও বলিও না। সে সর্বদাই উপাসনা করিয়াছে (পাথরটির মধ্যে সর্বব্যাপী সন্তাকে)।

আমাদের ভিতর সেই বিশ্বপুরুষ রহিয়াছেন, আমরা সন্ধান পাই। (কিন্তু) তিনি যদি আমাদের হইতে পৃথক না হন, তাহা হইলে আমরা উপাসনা করিব কিভাবে? আমি তো শুধু 'তোমাকে' পূজা করিতে পারি, 'আমাকে' নয়। কেবল 'তোমারই' নিকট প্রার্থনা করিতে পারি, 'আমার' কাছে নয়। 'তুমি' বলিয়া কেহ আছে কি?

একই বহু হন। আমরা যথন এককে দেখি, তথন মায়ার মধ্য দিয়া প্রতিবিম্বিত দফীর্ণ যাহা কিছু দব অদৃশু হইয়া যায়, কিন্তু বহুত্ব যে অর্থহীন নয়, ইহাও সম্পূর্ণ ঠিক। বহুকে অবলম্বন করিয়াই আমরা একে পৌচাই।…

ব্যক্তি-ঈশ্বর কেহ আছেন কি—্যে-ঈশ্বর চিন্তা করেন, ব্ঝিতে পারেন, আমাদিগকে চালিত করেন ?—আছেন। নির্বিশেষ ঈশ্বরের এইসব গুণের কোনটিই থাকিতে পারে না। তোমরা প্রত্যেকেই এক-একটি 'ব্যক্তি'। তুমি চিন্তা কর, ভালবাসো, ঘুণা কর; (তুমি) ক্রুদ্ধ বা হংখিত হও ইত্যাদি; কিন্তু তব্ও তুমি হইতেছ নৈর্ব্যক্তিক, সীমাহীন। একাধারে (তুমি) সগুণ এবং নিগুণ। ব্যক্তি এবং ব্যক্তিহীন—ছটি দিকই ভোমার

রহিয়াছে। ঐ (নৈর্ব্যক্তিক সন্তা) কোধ প্রকাশ করিতে পারে না, (কিংবা) হৃংখিত (বা) ক্লিট্ট হইতে পারে না, এমন কি হৃংখকটের চিন্তাও করিতে পারে না। নৈর্ব্যক্তিক সন্তা চিন্তা করিতে পারে না, জানিতে পারে না। উহা স্বয়ং জ্ঞানস্বরূপ। পশাস্তরে ব্যক্তিমন্তার জ্ঞান আছে, চিন্তা, মৃত্যু প্রভৃতি আছে। যিনি সর্বগত পরম, স্বভাবতই তাঁহার হইটি দিক থাকিতে বাধ্য। একটি বস্তুদমূহের অনস্ত সন্তার (নির্ণায়ক), অপরটি তাঁহার ব্যক্তিভাব—আমাদের সকলের আহ্মার আহ্মা। তিনি সকল প্রভুর প্রভৃ। তিনিই এই বিশ্বস্থাণ্ড স্টে করিতেছেন, তাঁহারই নির্দেশে ইহা বর্তমান রহিয়াছে।…

সেই অনস্ত — চিরগুদ্ধ, চির (মুক্ত) — তিনি কিন্তু বিচারক নন। ভগবান্ কখনও (একজন) বিচারপতি হইতে পারেন না। তিনি সিংহাসনের উপর বিদয়া ভাল এবং মন্দের বিচার করেন না। — তিনি শাসক নন, সেনাপতি নন, (কিংবা) অধিনায়কও নন। অসীম কঙ্গণাময়, অনস্ত প্রেমময় তিনি—সগুণ (ঈশ্ব)।

অপর একটি দিক হইতে দেখ। তোমার দেহের প্রতি জীবকোষে (cell) একটি আত্মা রহিয়াছে, যাহা জীবকোষটি সম্বন্ধে সচেতন। উহা একটি পৃথক্ বস্তু। উহার নিজম্ব একটি ইচ্ছা আছে, স্বকীয় একটি ছোট কর্মক্ষেত্র আছে। সমস্ত (জীবকোষ) মিলিয়া গোটা ব্যক্তিটি গঠিত। (অহ্বর্মভাবে) বিশ্বজগতের যিনি সগুণ ঈশ্বর, তিনি হইলেন এইসব (বছ ব্যক্তির) সমষ্টি।

আর একদিক দিয়া বিচার কর। তুমি—অর্থাং আমি বেমন তোমায় দেখি—হইলে তোমার সর্বগত সন্তার যেটুকু আমার দৃষ্টিতে সীমাবদ্ধ ইইয়া অহুভূত, সেইটুকু। আমার চোথ এবং ইন্দ্রিয়নিচয় দিয়া তোমাকে দেখিব বলিয়া তোমাকে আমি থণ্ডিত করিয়া লইয়াছি। তোমার যেটুকু আমার চোথের দ্বারা দেখা সম্ভব, ততটুকুই আমি দেখি। আমার মন তোমার যতটা ধারণা করিতে পারে, ততটুকুই আমি 'তুমি' বলিয়া জ্বানি, তাহার বেশী নয়। এইভাবেই আমি সর্বগত নৈর্ব্যক্তিককে অহুশীলন করিতে গিয়া (তাঁহাকে সগুণরূপে দেখি), যতক্ষণ আমাদের দেহ আছে, মন আছে, ততক্ষণ আমরা সর্বদা এই ত্রি-সন্তাকে দেখি—ইশ্বর, প্রাকৃতি এবং আ্যা।

এই তিন সর্বদাই এক অবিভাজ্য সন্তায় থাকিতে বাধ্য প্রস্তুতি রহিয়াছে, মানবাত্মাসমূহ রহিয়াছে। আবার রহিয়াছেন তিনি—ধাঁহাতে প্রকৃতি এবং মানবাত্মাসমূহ (অবস্থিত)।

বিখাত্মা শরীর ধারণ করিয়াছেন। আমার আত্মা হইল ঈশবের একটি অংশ। ঈশব আমাদের চক্ষ্র চক্ষ্, প্রাণের প্রাণ, মনের মন, আত্মার আত্মা। ইহাই সগুণ ঈশব সমন্ধে আমাদের ধারণাযোগ্য উচ্চতম আদর্শ।

তুমি যদি দৈতবাদী না হইয়া একস্ববাদী হও, তাহা হইলেও তোমার ব্যক্তি-ঈশ্বর থাকিতে পারে।…এক অদিতীয় রহিয়াছেন। সেই এক নিজেকে ভালবাদিতে চাহিলেন। সেই কারণে এক হইতে তিনি স্বষ্ট করিলেন (বহু)।…বৃহৎ 'আমি'-কে, সত্য 'আমি'-কে পূজা করিতেছে ক্ষুদ্র 'আমি'। অতএব সব মতেই 'ব্যক্তি' (ঈশ্বর) রাথা চলে।

কেহ কেহ এমন অবস্থার মধ্যে জন্মগ্রহণ করে যে, তাহারা অন্তান্ত অপেকা স্থা। হয়। ন্তায়পরায়ণ কাহারও রাজ্বে এইরপ কেন হইবে? পৃথিবীতে মৃত্যু রহিয়াছে কেন? এই-সকল কঠিন প্রশ্ন আমাদের মনে উঠে। (এই সমস্তাসমূহের) কখনও সমাধান হয় নাই। কোন দৈওভূমি হইতে উহাদের মীমাংসা হইতে পারে না। বস্তুসমূহ যথার্থই খেভাবে আছে, ঠিক সেভাবেই ঐগুলি দেখিবার জন্ম আমাদিগকে দার্শনিক বিচারে ফিরিয়া যাইতে হইবে। আমরা আমাদের নিজেদের কর্ম হইতেই কট্ট ভোগ করিতেছি। এজন্ম ঈশ্বর দায়ী নন। আমরা যাহা করি, তাহা আমাদেরই দোষ, অন্ত কাহারও নয়। ঈশ্বরকে দোষারোপ কেন?…

অমঙ্গল কেন বহিয়াছে ? যে একটিনাত্র উপায়ে (এই সমস্তার) নীমাংসা করিতে পারো, তাহা হইল—(এই কথা বলা যে, ঈশ্বর) ভাল ও মন্দ ত্ই-এরই কারণ। সগুণ ঈশ্বরাদের একটি প্রকাণ্ড সমস্তা এই যে, যদি বলো ভগবান্ শুধু সং—অসং নন, তাহা হইলে তুমি নিজেই তোমার নিজের যুক্তির ফাঁদে আটকাইয়া পড়িবে। কি করিয়া জানিলে (একজন) ভগবান্ আছেন? বলা হয় (যে, তিনি) এই বিশ্বজগতের পিতা; আরও বলা হয়—তিনি মঙ্গলময়। কিন্তু পৃথিবীতে অমঙ্গলও তো বহিয়াছে, তবে তিনি অমঙ্গলশ্বরূপই বা হইবেন না কেন ?…সেই সমস্তা।

ভাল বলিয়া কিছু নাই, মন্দও নাই। আছেন শুধু ভগবান্। ভাল কি, তাহা তুমি কিরপে জানো? তুমি নিজে (উহা) অমুভব কর। (মন্দ কি, তাহারও জ্ঞান কি ভাবে হয়?) যদি মন্দ আদে, তুমি উহা অমুভব কর। ভাল এবং মন্দ আমাদেরই অমুভব দারা আমরা জানিয়া থাকি। এমন কেহ নাই যে, শুধু ভালই অমুভব করে—তাহার অমুভতি শুধু স্থকর। এমন কেহও নাই, যে শুধু অপ্রীতিকর ভাবগুলিই অমুভব করে। ভাল

অভাব এবং উদ্বেগই সকল হৃংথের কারণ, স্থেরও। অভাব কি বাড়িয়া চলিতেছে, না কমিতেছে? জীবন কি সহজ হইতেছে, না জটিল? নিশ্চয়ই জটিল। অভাবসমূহ ক্রমাগত বাড়িয়া চলিয়াছে। যাহারা ভোমাদের প্রশিতামহ ছিলেন, তাঁহাদের তোমাদের মতো এত পোশাক বা অর্থের দরকার ছিল না। তাঁহাদের বৈদ্যুতিক গাড়ি ছিল না, রেলরান্তাও তাঁহারা দেখেন নাই। আর এইজন্মই তাঁহাদের পরিশ্রম করিতে হইত কম। যখন এই-সব জিনিসের প্রয়োজন হয়, সঙ্গে সঙ্গে অভাবও আসে, খাটুনিও বাড়ে। আকাজ্যা যত বাড়ে, প্রতিযোগিতাও ততই বাড়ে।

অর্থসংগ্রহ খুবই শ্রমদাধ্য। অর্থ রক্ষা করা আরও কঠিন কাজ। কিছু বিত্তদঞ্জের জন্ম তোমাদিগকে দারা পৃথিবীর দহিত যুদ্ধ করিতে হইবে, (আর) উহা রক্ষা করিতে সমস্ত জীবন ধরিয়া চলিবে সংগ্রাম। (অতএব) গরীবের চেয়ে ধনীর ছন্চিস্তা বেশী।…এই তো ব্যাপার!—

জগতের সর্বত্রই ভাল ও মন্দ রহিয়াছে। কথন কথন মন্দের মধ্য দিয়া ভাল আদে সত্য, কিন্তু অন্থ সময়ে আবার ভালও মন্দ হইয়া দাঁড়ায়। আমাদের ইন্দ্রিয়গুলি কোন না কোন সময়ে অমঙ্গল স্বাষ্টি করে। কোন ব্যক্তি মত্যপান আরম্ভ করুক। (প্রথমে) কিছু খারাপ হয় না, কিন্তু সে ধিলি ক্রমাগত মত্যপান করিতে থাকে, তবে ভাহার অনিষ্ট হইবে।…কেহ ধনী পিতামাতার ঘরে জয়গ্রহণ করিল; বেশ ভাল। কিন্তু সে বৃদ্ধিহীন হইল, কখনও তাহার শরীর বা মন্তিদ্ধ খাটাইল না। ইহা শুভ হইতে অশুভের উৎপত্তি। আবার জীবনের প্রতি আমাদের যে নিবিড় ভালবাসা, সেই কথা চিন্তা কর। আমরা কতই না ছুটাছুটি, লাফালাফি করি! কয়েক মৃহুর্তের তো জীবন। কত কঠোর পরিশ্রম করি! একেবারে অসমর্থ শিশু হইয়া আমরা জয়িয়াছি। জিনিদগুলি ব্রিয়া উঠিতে আমাদের বছ বৎসর

কাটিয়া যায়। অবশেষে যাট বা সম্ভর বংসরে আমাদের চোখ খোলে এবং তথন আদেশ আদে—'বেরিয়ে যাও!' এই তো অবস্থা!

আমরা দেখিলাম—ভাল ও মন্দ আপেক্ষিক শব্দ। যাহা আমার কাছে ভাল, তাহা তোমার পক্ষে মন্দ। আমার যাহা নৈশ আহরি, তাহা তুমি যদি থাও তো কাঁদিতে আরম্ভ করিবে, আর আমি হাদিয়া উঠিব।…আমরা ত্মনে (হয়তো) নাচিতেছি, কিন্তু আমি আনন্দের সঙ্গে আর তুমি যাতনার সহিত।…একই বস্তু আমাদের জীবনের কোন এক সময়ে শুভ, অন্য সময়ে অশুভ। কি করিয়া বলিতে পারো, ভাল ও মন্দ সবই পূর্ব হইতে প্রস্তুত থাকে এবং এটি সবৈব ভাল আর এটি সবৈব মন্দ ?

এখন প্রশ্ন এই, ভগবান্ যদি চিরদিন সংই হন, তাহা হইলে এই-সব শুভ ও অণ্ডভের জন্ম দায়ী কে? খ্রীষ্টান এবং ম্সলমানগণ বলেন, শয়তান বলিয়া একজন ভদ্রলোক আছেন। কিন্তু কি করিয়া বলো—ত্ইজন ভদ্রলোক কাজ করিতেছেন? একজনেরই থাকা চাই; যে-আগুনে শিশু পুড়িয়া যায়, তাহাতে থাবারও তৈরী হয়। কি করিয়া বলিবে, আগুন ভাল বা মন্দ? কি করিয়া বলিবে, উহা ত্ই বিভিন্ন ব্যক্তির স্থাই? (তথাক্থিত) সমস্ত অশুভ তবে কে স্থাই করিল? অন্ত কোন সমাধান নাই। তিনিই পাঠাইতেছেন মৃত্যু ও জীবন, মড়ক ও মহামারী এবং সব কিছু। ঈশর যদি এইরপ হন, তাহা হইলে তিনিই শুভ, তিনিই অশুভ; তিনিই স্থান, তিনিই ভীষণ; তিনিই জীবন এবং তিনিই মৃত্যু।

এইরপ ঈশরকে কি করিয়া উপাসনা করা ঘাইবে? আমরা ক্রমশঃ (বৃঝিতে) পারিব, মাহ্ম ভীষণের পূজা কি ভাবে শিথিতে পারে, তথনই মাহ্ম শান্তি পাইবে। মনের শান্তি যদি নই হইয়া থাকে, হশ্চিস্তার হাত হইতে নিক্ষতি ষদি না পাইয়া থাকো তো সর্বপ্রথম কর্তব্য—ঘূরিয়া দাঁড়ানো এবং ভীষণের সম্মুথীন হওয়া। উহার মুখোস ছিঁ ড়িয়া ফেলো, দেখিতে পাইবে সেই একই (ঈশর) রহিয়াছেন। তিনিই সত্তণ ঈশর—ঘাহা কিছু ভাল (প্রভীয়মান) এবং যাহা কিছু মন্দ (আপাতপ্রভীভিতে)। আর কেহ নাই। ঘই জন প্রভু যদি থাকিতেন, ভাহা হইলে প্রকৃতি এক মুহুর্ভ ও টিকিয়া থাকিতে পারিত না। প্রকৃতিতে অপর কেহ নাই। সবই একতান। ঈশরের লীলা একদিকে, আর শয়ভানের অপরদিকে—এরপ হইলে সমগ্র স্পীর

ভিতর একটি চরম (বিশৃশলা) উপস্থিত হইত। নিয়ম ভাঙিবার সাধ্য কাহার আছে? এই মাসটি বদি আমি ভাঙিয়া ফেলি, ইহা পড়িয়া বাইবে। একটি পরমাণ্কে বদি কেহ স্থানচ্যত করিতে সমর্থ হয়, অপর প্রত্যেকটি পরমাণ্র স্থিতিবৈষম্য ঘটিবে। নিয়ম কখনও লজ্মন করা বায় না। প্রত্যেকটি পরমাণ্ নিজ স্থানে রহিয়াছে। প্রত্যেকটি ওজ্ঞন করিয়া, মাপ করিয়া বসানো আছে এবং নিজ নিজ (উদ্দেশ্য) পূর্ণ করিতেছে। ঈশরের বিধানে বাতাস বহিতেছে, স্থা কিরণ দিতেছে। তাঁহার শাসনে জগৎসমূহ বথাষথ সন্নিবিষ্ট রহিয়াছে। তাঁহারই আদেশে মৃত্যু পৃথিবীতে শিকারস্কানে রত। একবার ভাবিয়া দেখ তো হই বা তিনজন ঈশ্বর জগতে মল্লযুক্ষের প্রতিঘদ্বিতায় নামিয়াছেন। ইহা হইতেই পারে না।

আমরা এখন দেখিতে পাইলাম—আমাদের জগংশ্রষ্টা সগুণ ঈশ্বর থাকিতে পারেন, তিনি দয়াময় এবং নিষ্ঠ্রপত। তিনি মঙ্গল, তিনিই অমঙ্গল। তাঁহার স্মিত হাস্ত দেখিতে পাই, আবার ক্রক্টিও দেখিতে পাই। আর তাঁহার বিধান অতিক্রম করিবার ক্ষমতা কাহারপ্ত নাই। তিনিই হইলেন এই বিশ্ব-ব্রশ্বাণ্ডের শ্রষ্টা)

স্টির অর্থ কি? শৃত্য হইতে কোন কিছুর আবির্ভাব হইতে পারে? ছয় হাজার বংসর আগে ঈশ্বর স্থপ্নোথিত হইয়া জগৎ স্পষ্ট করিলেন (এবং) তাহার পূর্বে কোন কিছুই ছিল না—ইহা কী? ঈশ্বর তথন কি করিতেছিলেন? তিনি কি আরামে ঘুমাইতেছিলেন? তগবান্ হইলেন জগৎ-কারণ আর কার্য দেখিয়া আমরা কারণকে জানিতে পারি। কার্য যদি না থাকে, তাহা হইলে কারণ কারণই নয়। কারণ সর্বদা কার্যের মধ্য দিয়াই পরিজ্ঞাত। তাহা স্প্রী অনস্ত। তাহা কারণ কারণ কাল বা দেশের মাধ্যমে চিন্তা করা যায় না।

কেন তিনি এই সৃষ্টি করেন? কারণ তিনি ইহা পছন্দ করেন—কারণ তিনি মৃক্ত। তেনি আমি নিয়মের অধীন, কেন-না আমরা (শুধু) কতিপয় নির্দিষ্ট পথেই কাজ করিতে পারি, অন্ত পথে নয়। 'হাত না থাকিলেও তিনি সব কিছু ধরিতে পারেন, পদবিহীন হইয়াও ক্রত চলিয়া যান'।'. দেহ নাই, তথাপি তিনি সর্বব্যাপী।

১ 'অপাণিপাদো জবনো গ্রহীভা…'—বেভাবভর উপ., ৩০১

'চক্ যাঁহাকে দেখিতে পায় না, কিছ যিনি সকলের চক্তে দৃষ্টিশক্তির নিদান, তাঁহাকেই ব্রহ্ম বলিয়া জানিবে।'' তোমরা অন্ত কিছুর উপাসনা করিতে পার না। সর্বশক্তিমান্ ঈশরই এই বিশ্ব-ব্রহ্মাণ্ড ধরিয়া আছেন। যাহাকে বলা হয় 'নিয়ম', উহা তাঁহার ইচ্ছার অভিব্যক্তি। নিয়মসমূহ ঘারা তিনি জগং পরিচালনা করিতেছেন।

এ পর্যন্ত (আমরা আলোচনা করিয়াছি) ঈশর ও প্রকৃতি —শাশত ঈশর, চিরস্তন প্রকৃতি। কোন আত্মারই (কথনও) স্বষ্ট হয় নাই। আত্মার বিনাশও নাই। কেহই তাহার নিজের মৃত্যু কল্পনা করিতে পারে না। আত্মা অসীম, নিত্য বর্তমান। উহা মরিবে কিরপে ? উহা শরীর পরিবর্তন করে। যেমনকোন ব্যক্তি তাহার পুরাতন জীর্ণ পরিচ্ছদ ছাড়িয়া দিয়া নৃতন অব্যবহৃত পোশাক পরিধান করে, ঠিক সেইরূপ শীর্ণ শরীর ছুঁড়িয়া ফেলিয়া একটি নৃতন দেহ গ্রহণ করা হয়।

আত্মার স্বরূপ কি? আত্মা সর্বশক্তিধর এবং সর্বব্যাপী। চৈতন্তের দৈর্ঘ্যও নাই বা প্রস্থ কিংবা ঘনত্বও নাই।…উহা এখানে বা সেখানে—ইহা কি করিয়া বলা যায়? এই শরীরটি নই হইলে (আত্মা) অপর একটি দেহের (মাধ্যমে) কাজ করিবে। আত্মা যেন একটি রুত্ত, যাহার পরিধি কোথাও নাই, কিন্তু উহার কেন্দ্র হইল দেহে। ঈশ্বর এমন একটি রুত্ত, যাহার পরিধি কোথাও নাই বটে, কিন্তু কেন্দ্র সর্বত্ত। আত্মা স্থভাবতই আনন্দময়, শুদ্ধ, পূর্ণ; উহার প্রকৃতি যদি অশুচি হইত, তাহা হইলে উহা কখনও শুদ্ধ হইলে পারিত না।…আ্মার স্বরূপই হইল নিম্পন্ত্র; এই জ্মুই তো মাহ্যের পক্ষে পরিত্র হওয়া সম্ভব। আত্মা (স্থভাবতই) আনন্দ্রন; তাই বলিয়াই তো উহা আনন্দলাভ করিতে পারে। আত্মা শান্তিম্বরূপ; এই কারণেই উহার পক্ষে শান্তি অম্বভব করা সম্ভবপর)।…

আমাদের মধ্যে বাহারা নিজেদের এই দেহবুদ্ধির শুরে দেখিতেছি, তাহাদের সকলকেই ঈর্বা, কলহ ও কটের সহিত জীবিকার জন্ম করিতে হয়, আর তারপর আদে মৃত্যু। ইহা হইতে বুঝা যায় যে,

 ^{&#}x27;যচ্চকুষা ন পশুতি যেন চক্ষ্যে পশুতি।
 তদেব ব্ৰহ্ম দ্বং বিদ্ধি নেদং যদিদমুপাদতে ।—কেনোপনিবৎ, ১।৭

২ বাসাংসি জীর্ণানি----। গীতা, ২।২২

স্থামাদের বাহা হওয়া উচিত, আমরা তাহা নই। আমরা স্বাধীন নই, সম্পূর্ণ শুদ্ধ নই, ইত্যাদি। আত্মা বেন অবনত হইয়াছেন। অতএব আত্মার প্রয়োজন—বিস্তার।…

কিভাবে ইহা করা ষায়? নিজে নিজেই উহা সিদ্ধ করিতে পারিবে কি?—না। কোন বাঁজির মৃথ ষদি ধ্লিধ্সরিত হইয়া থাকে, উহা কি ধ্লি দিয়া পরিষ্কার করা চলে ?…মাটিতে একটি বীজ পুঁতিলাম, উহা হইতে গাছ হইল, গাছ হইতে আবার বীজ, বীজ হইতে অন্ত একটি গাছ—এইরূপ চলিতে থাকিবে। মূরগী হইতে ডিম, আবার ডিম হইতে মূরগী। ষদি কিছু ভাল কাজ কর, উহার ফল তোমাকে পাইতে হইবে,—পুনরায় জন্মগ্রহণ, হঃখভোগ। এই অন্তহীন শৃষ্খলে ষদি একবার আটকাইয়া ষাও আর থামিতে পারিবে না। ঘ্রিতেই থাকিবে,…উপরে এবং নীচে, উর্ধ্বলোক এবং অধোলোকের (দিকে) এবং এই-সব (দেহসমূহ)। নিম্কৃতির পথ নাই।

তবে এই-সকল হইতে তাণের উপায় কি এবং এখানে কিই বা তোমার চাই? একটি ভাব হইল—হঃখ হইতে অব্যাহতি। আমরা প্রত্যেকেই হঃখ হইতে নিস্তার পাইবার জক্ত দিবারাত্র চেষ্টা করিতেছি। ক্রের্মের দ্বারা ইহা হইবার নয়। কর্ম কর্মই বাড়ায়। যদি এমন কেহ থাকেন, ষিনি নিজে মুক্ত এবং আমাদিগকে সাহাষ্য করিতে প্রস্তুত, তবেই ইহা সম্ভবপর। প্রাচীন ঋষির ঘোষণা—'হে মর্ত্যলোকবাসী ও উর্জলোকনিবাসী অমুতের সম্ভানগণ, তোমরা সকলে শোন—আমি রহস্ত আবিদ্ধার করিয়াছি। যিনি সকল অন্ধকারের পারে, আমি তাঁহাকে জানিয়াছি। এই সংসার-মহাসমুদ্র আমরা পার হই কেবল তাঁহারই কুপায়।' '

ভারতবর্ষে জীবনের উদ্দেশ্য সহম্বে ধারণা এইরপ: স্বর্গ আছে, নরক আছে, মর্ত্যলোক আছে; কিন্তু এইগুলি চিরস্তন নয়। যদি আমার নরকে গতি হয়, উহা নিভ্যকালের জন্য নয়। যেথানেই থাকি না কেন, একই যন্ত্রণা চলিতে থাকিবে। সমস্যা হইল—এই-সব যন্ত্রণা অভিক্রম করা যায় কির্প্রপে? যদি আমি স্বর্গে যাই, হয়তো কিছুটা বিশ্রাম মিলিবে। কিন্তু হয়তো কোন অপকর্ম করিয়া বসিলাম, তথন তো শান্তি পাইতে হইবে,

১ বেতার, উপ., ২াৎ

স্থাবী হইতে পারে না। তারতীয় আদর্শ স্থাবি বাওয়া নয়। এই পৃথিবী হইতে মুক্তি লাভ কর। নরকেও পড়িও না, স্থাকেও তুচ্ছ কর। লক্ষ্য কি ?—মুক্তি। তোমাদের প্রত্যেককেই মুক্ত হইতে হইবে। আত্মার মহিমা আরত হইয়া আছে। উহাকে পুনরায় অনারত করিতে হইবে। আত্মা তো আছেনই—সর্বত্রই আছেন। কোথায় বাইবেন ? কোথায়ই বা বাইতে পারেন? যদি এমন কোন স্থান থাকিত, বেখানে ইনি নাই, তবেই তো সেখানে বাইবার কথা উঠিত। ইনি সদা-বর্তমান—(এইটি) যদি হাদয়কম কর, তাহা হইলে চিরকালের জন্ম পরিপূর্ণ স্থ (আসিবে)। আর জন্ম মৃত্যু নয়। তথার রোগ নয়, দেহ নয়। দেহ (টি) নিজেই তো কঠিনতম ব্যাধি। ত

আত্মা আত্মা (-রূপে) দাঁড়াইয়া থাকিবেন। চৈতন্ত চৈতন্তরূপে জীবিত থাকিবেন। ইহা কিভাবে সম্পাদন করা যাইবে? যিনি স্থভাবতই নিত্য-বর্তমান, শুদ্ধ ও পূর্ব, আত্মার (মধ্যে সেই পরমেশ্বকে) আরাধনা করিয়া। এই জগতে সর্বশক্তিমান্ ত্ইজন থাকিতে পারেন না। (কল্পনা কর) ত্ই বা তিনজন ঈশ্বর (আছেন); একজন সংসার স্কৃষ্টি করিবেন, অপর জন বলিবেন, 'আমি সংসার ধ্বংস করিব।' ইহা কখনও ঘটিতে (পারে না)। ভগবান্ একজনই হওয়া চাই। আত্মা ধ্বন পূর্বতা লাভ করেন, তথন তিনি প্রায়্ম সর্বশক্তিমান্ (ও) সর্বজ্ঞ (হইয়া যান)। ইনিই উপাসক। উপাস্ত কে?—সেই পরমেশ্বর স্বয়ং, যিনি সর্বর্যাপী, সর্বজ্ঞ ইত্যাদি। আরু সর্বোপরি তিনি প্রেম-স্বরূপ। (আত্মা) কিরূপে এই পূর্বতা লাভ করিবে? —উপাসনা ঘারা।

দিব্য প্রেম

আমেরিকা যুক্তরাষ্ট্রের সান ফ্রান্সিস্কো অঞ্জে ১০ই এপ্রিল ১৯০০ খঃ প্রদন্ত

(প্রেমকে একটি ত্রিকোণের প্রতীক দ্বারা প্রকাশ করা ঘাইতে পারে।
প্রথম কোণটি এই যে,) প্রেম কোন প্রশ্ন করে না। ইহা ভিক্ক নয়।

…ভিথারীর ভালবাসা ভালবাসাই নয়। প্রেমের প্রথম লক্ষণ হইতেছে
ইহা কিছুই চায় না, (বরং ইহা) সবই বিলাইয়া দেয়। ইহাই হইল প্রকৃত
আধ্যাত্মিক উপাসনা, ভালবাসার মাধ্যমে উপাসনা! ঈশ্বর কঙ্গণাময় কি না,
এই প্রশ্ন আর উঠে না। তিনি ঈশ্বর, তিনি আমার প্রেমাম্পদ। ঈশ্বর
সর্বশক্তিমান্ এবং অসীম ক্ষমতাসম্পন্ন কি না, তিনি সাস্ত কিংবা অনস্ত, এ-সব
আর জিজ্ঞান্ত নয়। যদি তিনি মঙ্গল বিতরণ করেন ভালই, যদি অমঙ্গল
করেন, তাহাতেই বা কি আসে যায় ? কেবল ঐ একটি—অনস্ত প্রেম ছাড়া
তাঁহার অন্যান্ত সবস্তুণই তিরোহিত হয়।

ভারতবর্ষে একজন প্রাচীন সমাট্ ছিলেন। তিনি একবার শিকারে বাহির হইয়া বনের মধ্যে জনৈক বড় যোগীর সাক্ষাৎ পান। সাধুর উপর তিনি এতই সম্ভই হইলেন যে, তাঁহাকে রাজধানীতে আসিয়া কিছু উপহার লইবার জন্ত অমুরোধ করিলেন। (প্রথমে) সাধু রাজী হন নাই, (কিন্তু) বারংবার সমাটের পীড়াপীড়িতে অবশেষে যাইতে স্বীকার করিলেন। তিনি (প্রাসাদে) উপস্থিত হইলে সমাটকে জানানো হইল। সমাট্ বলিলেন, 'এক মিনিট অপেক্ষা করুন, আমি আমার প্রার্থনা শেষ করিয়া লই।' সমাট প্রার্থনা করিতেছিলেন, 'প্রভু, আমাকে আরও ধন দাও—আরও (জমি-যারগা, সান্তু), আরও সন্তান-সন্ততি।' সাধু উঠিয়া দাঁড়াইলেন এবং ঘরের বাহিরে যাইবার জন্ত অগ্রসর হইতে লাগিলেন। রাজা বলিলেন, 'কই, আপনি আমার উপহার তো গ্রহণ করিলেন না?' যোগী উত্তর দিলেন, 'আমি ভিক্ককের নিকট ভিক্ষা করি না। এতক্ষণ পর্যন্ত আপনি নিজেই অধিক ভূসপতি, টাকাকড়ি, আরও কত কি প্রার্থনা করিতেছিলেন, আপনি আর আমাকে কি দিবেন? আগে নিজের অভাবগুলি মিটাইয়া নিন।'

প্রেম কথনও যাক্রা করে না, ইহা সব সময় দিয়াই যায়। স্থান একটি যুবক তাহার প্রিয়তমাকে দেখিতে যায়, স্তাহাদের মধ্যে বেচাকেনার সম্বন্ধ থাকে না; তাহাদের সম্বন্ধ হইতেছে প্রেমের, আর প্রেম ভিক্ষক নয়। (এইরপে) আমরা ব্ঝিতে পারি যে, প্রকৃত আধ্যাত্মিক উপাসনার অর্থ ভিক্ষা নয়। যথন আমরা সমস্ত চাওয়া—'প্রভু, আমাকে এটা দাও, ওটা দাও'—শেষ করিয়াছি তথনই ধর্মজীবন আরম্ভ হইবে।

দিতীয়ট (ত্রিকোণ-স্থরণ প্রেমের দিতীয় কোণ) এই,—প্রেমে ভয় নাই। তৃমি আমাকে কাটিয়া টুকরা টুকরা করিতে পারো, তর্ আমি তোমাকে ভালবাদিতেই (থাকিব)। মনে কর, তোমাদের মধ্যে একজন মা—শরীর থ্ব ত্র্বল—দেখিলে, রান্ডায় একটি বাঘ তোমার শিশুটিকে ছিনাইয়ালইভেছে। বলতো, তৃমি তথন কোথায় থাকিবে ? জানি, তৃমি ঐ ব্যাঘটির সম্মুখীন হইবে। অন্ত সময়ে পথে একটি কুকুর পড়িলেই তোমাকে পলাইতে হয়, কিন্তু এখন তৃমি বাঘের মৃথে কাঁপ দিয়া তোমার শিশুটিকে কাড়িয়া লইবে। ভালবাসা ভয় মানে না। ইহা সমন্ত মনকেে জয় করে। ঈশ্বরকে ভয় করা ধর্মের স্ব্রপাত মাত্র, উহার পর্যবদান হইল প্রেমে। সমন্ত ভয় যেন তথন মরিয়া গিয়াছে।

তৃতীয়ট (ত্রিকোণাত্মক প্রেমের তৃতীয় কোণ) এই — প্রেম নিজেই নিজের লক্ষা। ইহা কখনই অপর কোন কিছুর 'উপায়' হইতে পারে না। যে বলে, 'আমি তোমাকে ভালবাদি এই-দব পাইবার জন্তু', সে ভালবাদে না। প্রেম কখনই কোন উদ্দেশ্য-দাধনের উপায় নয়; ইহা নিশ্চিতভাবে পূর্ণতম দিদ্ধি। প্রেমের দীমা এবং আদর্শ কি? ঈশরে পরম অহুরাগ—ইহাই দব। কেন মাহ্র ঈশরকে ভালবাদিবে ? এই 'কেন'র কোন উত্তর নাই, কেন-না ভালবাসা তো কোন অভীইদিদ্ধির জন্তু নয়। ভালবাসা আসিলে উহাই মৃক্তি, উহাই পূর্ণতা, উহাই স্বর্গ। আর কি চাই ? অন্ত আর কি প্রাপ্তব্য থাকিতে পারে ? প্রেম অপেক্ষা মহত্তর আর কি তৃমি পাইতে পারো ?

আমরা সকলে প্রেম অর্থে যাহা বুঝি, আমি তার কথা বলিতেছি না।
একটুথানি ভাবপ্রবণ ভালবাস। দেখিতে বেশ স্থার। পুরুষ নারীকে ভালবাসিল, আর নারী পুরুষের জন্ত প্রাণ বিসর্জন দিতে প্রস্তত। কিন্তু দেখাও
ভো বায় বে, পাঁচ মিনিটের মধ্যে জন (John) জেনকে (Jane) পদাঘাত

করিল এবং জেনও জনকে লাখি মারিতে ছাড়িল না। ইহা বৈষয়িকতা, ভালবাদাই নয়। যদি জন বান্তবিকই জেনকে ভালবাদিত, ভবে সেই মুহুর্তেই দে পূর্ণ হইয়া যাইত। (ভাহার প্রকৃত) স্বরূপই প্রেম; দে স্থাংপূর্ণ। জন কেবলমাত্র জেনকে ভালবাদিয়া যোগের সমৃদয় শক্তি পাইতে পারে, (ষদিও) দে হয়তো ধর্মের, মনন্তব্যের বা ঈশরসম্বন্ধীয় মতবাদসমূহের একটি অক্ষরও জানে না। আমি বিশাদ করি, যদি কোন পুরুষ ও নারী পরস্পরকে যথার্থ ভালবাদিতে পারে, তাহা হইলে যোগিগণ যে-সকল বিভূতি লাভ করিয়াছেন বলিয়া দাবি করেন, এই দম্পতীও দেই-সকল শক্তি (অর্জন করিতে সমর্থ হইবে,) যেহেতু প্রেম যে স্থাং ঈশর। সেই প্রেমস্বরূপ ভগবান্ দর্বত্র বিরাজমান এবং (সেইজন্ত্র) ভোমাদেরও মধ্যে এই ভালবাদার রহিয়াছে, তোমরা জানো বা না জানো।

একদিন সন্ধ্যার সময় আমি একটি যুবককে একটি তরুণীর জন্ম অপেকা করিতে দেখিয়াছিলাম।…মনে করিলাম, যুবককে পরীক্ষা 'করিবার ইহা একটি উপযুক্ত অবসর। সে তাহার প্রেমের গভীরতার মধ্য দিয়া অতীন্দ্রিয় দর্শন ও দ্র-শ্রবণের ক্ষমতা লাভ করে। ষাট কি সত্তর বার যুবকটি একবারও ভূল করে নাই, এবং তরুণী ছিল তৃইশত মাইল দ্রে। (সে বলিত) 'এইভাবে তরুণী সাজগোজ করিয়াছে।' (কিংবা) 'ঐ সে চলিয়া ষাইতেছে।' আমি ইহা নিজের চোথে দেখিয়াছি।

হিহাই হইতেছে প্রশ্ন: তোমার স্বামী কি ঈশ্বর নন? তোমার সন্তান কি ঈশ্বর নয়? তুমি বদি তোমার পত্নীকে ঠিক ঠিক ভালবাসিতে পারো, জগতের সকল ধর্মের ভাবই তোমাতে ফুটিয়া উঠিবে। তোমার মধ্যেই তুমি লাভ করিবে ধর্মের ও যোগের সমন্ত রহস্ত। কিন্তু ভালবাসিতে পারো কি? প্রশ্ন তো ইহাই। তুমি বলো, 'মেরী, আমি তোমায় ভালবাসি অপর এক তোমার জ্বত্য মরিতে পারি।' (কিন্তু যদি তুমি) দেখ, মেরী অপর এক ব্যক্তিকে চুম্বন করিতেছে, তুমি তাহার গলা কাটিতে চাহিবে। আবার মেরী যদি জনকে অন্ত একটি মেয়ের সহিত কথা বলিতে দেখে, তবে সে রাজে ঘুমাইতে পারিবে না এবং জনের জীবন নরকের স্থায় হবিষহ করিয়া তুলিবে। ইহার নাম 'ভালবাসা' নয়। ইহা বৌন ক্রয়-বিক্রয়। ইহাকে 'প্রেম' বলা অতীব নিলাহ । গংসারের মাহায় দিবা-রাজ ঈশ্বর ও ধর্মের কথা বলিরা থাকে—

তেমনি প্রেমের কথাও। প্রত্যেক রিষয়কে একটি ভণ্ডামিতে পরিণত করা—
ইহাই তো তোমরা করিতেছ! সকলেই প্রেমের কথা বলে, (তর্) সংবাদপত্রের স্তম্ভে (আমরা পড়ি) প্রত্যেক দিন বিবাহ-বিচ্ছেদের কাহিনী। মখন
তুমি জনকে ভালবাসো, তখন কি তাহার জন্মই তাহাকে ভালবাসো, অথবা
তোমার জন্ম? (যদি তুমি তোমার নিজের জন্ম তাহাকে ভালবাসো), তাহা
হইলে জনের নিকট হইতে কিছু আশা কর। (যদি তাহার জন্মই তাহাকে
ভালবাসো), তবে জনের কাছ হইতে তুমি কিছুরই প্রত্যাশা রাখ না। সে
তাহার ইচ্ছাম্বায়ী যাহা খুলি করিতে পারে, (এবং) তুমি তাহাকে
একইভাবে ভালবাসিবে।)

এই তিনটি বিন্দু, তিনটি কোণ লইয়া (প্রেম)-ত্রিভুজ। প্রেম ব্যতীত দর্শনশাস্ত্র শুক্ত হাড়ের মতো, মনস্তব্ধ একপ্রকার মতবাদ-বিশেষ এবং কর্ম শুরুই পণ্ডশ্রম। (প্রেম থাকিলে) দর্শন হইয়া ষায় কবিতা, মনোবিজ্ঞান হয় (মরমী অহুভূতি) আর কর্ম স্থাইর মাঝে মধুরতম বলিয়া পরিগণিত হয়। (কেবলমাত্র) গ্রন্থ-অধ্যয়নে (লোকে) শুক্ত হইয়া যায়। কে বিছান্? বে অস্ততঃ একবিন্দু প্রেমও অহুভব করিতে পারে। ঈশ্বরই প্রেম এবং প্রেমই দ্বার। আর ঈশ্বর তো সব স্থানেই রহিয়াছেন। ভগবান্ প্রেমশ্বরূপ এবং সর্বত্র বিরাজমান—এইটি যে অহুভব করে, সে ব্রিতে পারে না যে, সে মাথায় ভর করিয়া বা পায়ের উপর ভর দিয়া দাঁড়াইয়া আছে—যেমন যে লোক এক বোতল মদ খাইয়াছে, সে জানে না যে, সে কোথায় রহিয়াছে। শেদদি আমরা দশ মিনিট ভগবানের জন্ম কাদি, পরবর্তী হুই মাস আমরা কোথায় আছি—সে জ্ঞান আমাদের থাকিবে না। শেআহারের সময়ও আমরা মনে রাথিতে পারিব না, কি থাইতেছি—তাহাও জানিব না। ঈশ্বকেও ভালবাদিবে, আবার সর্বদা বেশ ব্যবসা-বৃদ্ধি থাকিবে—ইহা (কি করিয়া) সভ্তবপর ইশ্ব

মাহ্ব বিচারশীল নয়। তাহারা সকলেই পাগল। শিশুরা (পাগল)
থেলায়, তরুণ তরুণীকে লইয়া, বুদ্ধেরা তাহাদের অতীতের চর্বিত-চর্বপে।
কৈহ বা পাগল অর্থের পিছনে। কেহ কেহ তবে ঈশ্বরের জন্ত পাগল হইবে

না কেন? জন (John) জেনের (Jane) জন্ত ধেরূপ পাগল হইরা ছুটিভেছে, ঈশরের প্রেমের জন্ত দেইরূপ উন্নাদ হও। কোথায়, এমন লোক কোথার? (জনেকে) বলে, 'আমি কি এইটি ছাড়িব? অমুকটা ত্যাগ করিব?' একজন জিজ্ঞানা করিরাছিল,' বিবাহ কি করিব না?' না, কোন বিষয়ই ছাড়িতে যাইও না। বিষয়ই তোমাকে ছাড়িয়া যাইবে। জপেক্ষা কর, তুমি সব কিছুই ভূলিবে।

(সম্পূর্ণরূপে) তগবংপ্রেমে পরিণত হওয়া—এথানেই প্রকৃত উপায়না।
রোম্যান ক্যাথলিক সম্প্রদায়ে সময় সময় ইহার কিছু আভাস পাওয়া যায়;
সেই সব অত্যাশ্চর্য সয়্যাসী ও সয়্যাসিনীগণ অলোকিক ভগবংপ্রেমে কিরপ আছারা হইয়া বেড়াইতেছেন! এইরপ প্রেমই লাভ করিতে হইবে।
এখরিক প্রেম এই প্রকার হওয়াই উচিত—কিছুই না চাহিয়া, কিছুই
অবেষৰ না করিয়া।

প্রশ্ন হইয়াছিল—কিভাবে উপাসনা করিতে হইবে ? তোমার সমন্ত বিষয়সম্পদ, তোমার সকল পরিজন, সন্তান-সন্তাতি—সব কিছু অপেক্ষা প্রিয়তর
ভাবিয়া ঈশ্বকে উপাসনা কর। (তাঁহাকে উপাসনা কর) যেন তৃমি স্বয়ঃ
ভালবাসাকেই ভালবাসিতেছ। এমন একজন আছেন, যাহার নাম 'অনন্ত প্রেম'—ইহাই ঈশ্বরের একমাত্র সংজ্ঞা। যদি এই···বিশ্বর্জাও ধ্বংস হইয়া
বার, কিছুমাত্র ভাবিও না। যতক্ষণ অনন্তপ্রেমস্বরূপ তিনি রহিয়াছেন, ডতক্ষণ
আমাদের ভাবনা কিসের ? উপাসনার অর্থ কি, (তোমরা) দেখিলে তো ?
অন্ত সব চিন্তা অবশ্রই চলিয়া যায়। ঈশ্বর ছাড়া সমন্তই তিরোহিত হয়।
সন্তানের প্রতি পিতা বা মাতার বে ভালবাসা, স্বামীর উপর জীর যে প্রেম,
পত্মীর প্রতি স্বামীর যে ভালবাসা, বরুর প্রতি বরুর যে আকর্ষণ—এই-সব
প্রেম একত্র ঘনীভূত করিয়া ঈশ্বকে দিতে হইবে। যদি কোন নারী
কোন প্রুমকে ভালবাসে, তবে সে পর-প্রুমকে ভালবাসিতে পারে না। যদি
কোন প্রুম কোন নারীকে ভালবাসে, তাহা হইলে ভাহার পক্ষে অন্ত কোন
(নারীকে) ভালবাসা সম্ভব নয়। ইহাই হইল ভালবাসার ধর্ম।

আমার গুরুদেব বলিতেন, 'মনে কর এই ঘরের মধ্যে এক থলে মোহর বহিয়াছে, আর পাশের ঘরে একটি চোর আছে—সে ঐ মোহরের থলের কথা জানে। চোরটি কি ঘুমাইতে পারিবে? নিশ্চয়ই নয়। সব সময়েই সে পাগল হইয়া ভাবিতে থাকিবে, কি উপায়ে মোহরগুলি আত্মনাং করা যায়।'…
(এইরূপে) কোন লোক যদি ভগবান্কে ভালবাদে, তবে সে কি করিয়া
অন্ত কিছুকে ভালবাদিবে ? ঈশবের বিপুল প্রেমের সমুথে অন্ত কিছু দাঁড়াইবে
কিরূপে ? উহার কাছে সব কিছুই অন্তর্হিত হইয়া যাইবে। সেই প্রেমকে
লাভ করিবার জন্য—বান্তব করিয়া তুলিবার জন্ত, উহা অন্তল্ভব করিয়া
উহাতেই অবস্থান করিবার জন্ত পাগল হইয়া ছুটাছুটি না করিয়া মন থামিতে
পারে কি ?

আমরা এইভাবে ঈশরকে ভালবাসিব: 'আমি ধন চাই না, (বরুবান্ধব বা সৌন্দর্য চাই না) বিষয়-সম্পত্তি, বিছা, এমন কি মুক্তিও চাই না। যদি ইহাই ভোমার ইচ্ছা হয় আমাকে সহস্র মৃত্যুর কবলে পাঠাইয়া দাও। আমার শুধু এই প্রার্থনা যে, আমি যেন ভোমাকে ভালবাসিতে পারি, আর যেন কেবল ভালবাসার জন্মই ভালবাসা। বিষয়াসক্ত ব্যক্তিদিগের বিষয়ের প্রতি যে টান, সেইরূপ তীত্র ভালবাসা যেন আমার হৃদয়ে আসে, কিন্তু কেবল সেই চিরস্ক্লরের জন্ম। ঈশরকে বন্দনা) প্রেমময় ঈশরকে বন্দনা!' ঈশর ইহা ছাড়া অন্য কিছু নন। অনেক যোগী ষে-সব অভুত ক্ষমতা দেখাইতে পারেন, তিনি সেগুলি গ্রাহ্ম করেন না। ক্ষুদ্র জাত্করেরা ক্ষুদ্র কৌশল প্রদর্শন করিয়া থাকেন। ঈশর শ্রেষ্ঠ জাত্কর; তিনি সম্দয়্ম জাত্বিছা দেখাইতে পারেন। কে জানে কত ব্রন্ধাণ্ড (আছে,) কে ভ্রাকেপ করে?…

আর একটি উপায় আছে। সব কিছু জ্বয় করিতে, সমস্ত কিছু দমন করিতে—শরীর (এবং) মন উভয়ের উপর আধিপত্য বিস্তার করিতে হইবে। কিছু জ্ব করিবার সার্থকতা কি ? আমার কাজ ঈশ্বকে লইয়া।

একজন যোগী ছিলেন, খুব ভক্ত! গলক্ষত-রোগে তিনি ধধন মুমুর্তথন অপর একজন যোগী—দার্শনিক—তাঁহাকে দেখিতে আসিলেন। (শেষোক্ত) যোগী বলিলেন, 'দেখুন, আপনি আপনার ক্ষতের উপর মন একাগ্র করিয়া উহা সারাইয়া ফেল্ন না কেন?' তৃতীয় বার ধধন এইরূপ বলা হইল, তথন (সেই পরমধোগী) উত্তর দিলেন, 'তৃমি কি ইহা সম্ভব মনে কর, ধে-মন সম্পূর্ণরূপে আমি ভগবান্কে নিবেদন করিয়াছি, (তাহা এই হাড়মাদের খাঁচায় টানিয়া আনিব?)' যীভ্ঞীট তাঁহার সাহায্যের জ্য

দেবসেনাদলকে আহ্বান করিতে সম্মত হন নাই। 'এই ক্ষুদ্র শরীর কি এডই মূল্যবান্ যে, ইহাকে তুই বা তিন দিন বেশী বাঁচাইয়া রাখিবার জ্ঞ আমি বিশ হাজার দেবদ্তকে ডাকিয়া আনিব ?'

(জাগতিক দিক হইতে) এই শরীরই আমার সর্বস্থ। ইহাই আমার জগৎ, আমার ভগবান্। আমি শরীর। দেহে চিমটি কাটিলে আমি মনে করি, আমাকেই কাটিলে। যদি মাথা ধরিল তো মৃহুর্তে আমি ভগবান্কে ভূলিয়া বাই। আমি দেহের সহিত এমনই জড়েত! ঈশর এবং সব কিছুকেই নামাইয়া আনিতে হইবে আমার এই সর্বোচ্চ লক্ষ্য—দেহের জন্ত। এই দৃষ্টিকোণ হইতে ষীভ্রীষ্ট যথন কুশবিদ্ধ অবস্থায় মরণ বরণ করিলেন এবং (তাঁহার সাহাব্যের জন্ত) দেবদ্তগণকে ভাকিলেন না, তথন তিনি মূর্থের কাজ করিয়াছিলেন; তাঁহাদিগকে নামাইয়া আনিয়া কুশ হইতে মৃক্তিলাভ করা তাঁহার অবশ্য কর্তব্য ছিল। কিন্ত বিনি প্রেমিক, তাঁহার নিকট এই দেহ কিছুই নয়; তাঁহার দিক হইতে দেখিলে—কে এই অকিঞ্চিৎকর জিনিসের জন্ত মাথা ঘামাইবে? এই শরীর থাকে কি ষায়—বৃথা চিন্তায় কি লাভ? রোম্যান দৈন্তগণের ভাগ্য-নির্গরের জন্ত ব্যবহৃত বন্ত্রখণ্ডের চেয়ে এর দাম বেশী নয়।

(জাগতিক দৃষ্টি) ও প্রেমিকের দৃষ্টিতে আকাশ-পাতাল তফাত।
ভালবাসিয়া যাও। যদি কেহ ক্রুদ্ধ হয়, তোমাকেও যে ক্রুদ্ধ হইতে হইবে,
এমন কোন কারণ নাই। যদি কেহ নিজেকে হীন করিয়া ফেলে, তোমাকেও
যে সেই হীন স্তরে নামিতে হইবে, তার কি মানে ?… 'অক্ত লোক বোকামি
করিয়াছে বলিয়া আমিও রাগ করিব ? অভভকে প্রতিরোধ করিও না।'
ঈশবপ্রেমিকগণ এইরূপই বলিয়া থাকেন। জগৎ যাহাই করুক, যে ভাবেই
ইহা চলুক, (তাঁহাদের উপর) ইহা কোন প্রভাব বিস্তার করিতে পারে না।

জনৈক যোগী অলোকিক শক্তি অর্জন করিয়াছিলেন। তিনি বলিতেন, 'দেখ, আমার কী শক্তি! আকাশের দিকে তাকাও; আমি ইহাকে মেঘ দিয়া ঢাকিয়া দিব।' বৃষ্টি আরম্ভ হইল। (কেহ) বলিল, 'প্রভু, অভুত আপনার শক্তি! কিন্ত আমাকে তাহাই শিক্ষা দিন, যাহা পাইলে আমি আর কোন কিছু চাহিব না।'…শক্তিরও উর্ধে যাওয়া—কিছুই চাই না, শক্তিলাভেও বাসনা নাই! (ইহার তাৎপর্য) শুধু বৃদ্ধির হারা জানা যায়

না। তেইজার হাজার বই পড়িয়াও তুমি জানিতে সমর্থ হইবে না বিশ্বন আমরা ইহা ব্ঝিতে আরম্ভ করি, সম্দয় জগৎ-রহস্ত যেন আমাদের সম্থে ধ্লিয়া বায়। তেওটি ছোট মেয়ে তাহার পুত্ল লইয়া খেলিতেছে—সব সময় সে নতুন নতুন স্বামী পাইতেছে, কিছু বখন তাহার সত্যকারের স্বামী আসে, তখন (চিরদিনের জন্ম) সে তাহার পুত্ল-স্বামীগুলি দ্রে ফেলিয়া দেয়। তথন (চিরদিনের জন্ম) সে তাহার পুত্ল-স্বামীগুলি দ্রে ফেলিয়া দেয়। তথন (চিরদিনের জন্ম) সে তাহার পুত্ল-স্বামীগুলি দ্রে ফেলিয়া দেয়। তথন (ক্রমপ্র উদিত হয়, তখন এই-সব থেলার শক্তি-স্র্থ—এই-সমস্ত (কামনা-বাসনা) অন্তর্হিত হয়। শক্তি লইয়া আমরা কি করিব ? যেটুকু শক্তি তোমার আছে, তাহা হইতেও যদি অব্যাহতি পাও তো ঈশ্বরকে ধয়্যবাদ দাও। ভালবাসিতে আরম্ভ কর। ক্ষমতার মোহ নিশ্চয়ই কাটানো চাই। আমার ও ভগবানের মধ্যে প্রেম ছাড়া আর কিছুই যেন খাড়া না হয়। ভগবান্ প্রেমস্বরূপ, আর কিছুই নন; আদিতে প্রেম, মধ্যে প্রেম—অন্তেও প্রেম।

এক রানীর সম্বন্ধে একটি গল্প প্রচলিত আছে। তিনি রাস্তায় রাস্তায় (ভগবংপ্রেমের বিষয়) প্রচার করিতেন। ইহাতে তাঁহার স্বামী কুদ্ধ হইয়া তাঁহাকে দেশের সর্বত্র অত্যস্ত নির্যাতন করিয়া তাড়া করিতেন। রানী তাঁহার ভগবংপ্রেম বর্ণনা করিয়া গান গাহিতেন। তাঁহার গানগুলি সর্বত্র গীত হয়। 'চোথের জলে আমি (প্রেমের অক্ষয়লতা পুই করিয়াছি'') ইহাই চরম, মহান্ (লক্ষ্য)। ইহা ব্যতীত আর কি আছে ? (লোকে) ইহা চায়, উহা চায়। তাহারা স্বাই পাইতে ও সঞ্চয় করিতে চায়। এই জ্লুই এড, ক্ম লোক (প্রেম) ব্রিতে পারে, এত ক্ম লোক ইহা লাভ করিতে পারে। তাহাদিগকে জাগাও এবং বলো। তাহা হইলে তাহারা এ-বিষয়ে আরও কিছু সঙ্কেত পাইবে।

প্রেম শ্বরং শাশত, অন্তহীন ত্যাগ-শ্বরূপ। তোমাকে সব কিছু ছাড়িতে হইবে। কিছুই তোমার অধিকারে রাখা চলিবে না। প্রেম লাভ করিলে তোমার আর কিছুরই প্রয়োজন হইবে না।…'চিরকালের জন্ম কেবল তুমিই আমার ভালবাদার ধন থাকিও।' প্রেম ইহাই চায়। 'আমার প্রেমাম্পদের অধরোষ্ঠের একটি মাত্র চুম্বন! আহা, যে তোমার চুম্বনের সৌভাগ্য লাভ

১ আঁশুয়ন জল সীঁচ সাঁচ প্রেমবোলী বোঈ—মীরাবাঈ

করিয়াছে, তাহার সমন্ত তৃংথ বে চলিয়া গিয়াছে। একটি মাত্র চ্থনে মাস্থ্য এত স্থী হয় বে, অন্ত বস্তব উপর ভালবাদা দম্প্রিপে বিল্পু হইয়া য়ায়। দে শুধু তোমারই শুভিতে ময় থাকে, আর একমাত্র ভোমাকেই দেখে।' মানবীয় ভালবাদাতেও (দিব্য প্রেমের দন্তা লুকানো থাকে।) গভীর প্রেমের প্রথমক্ষণে সমন্ত জগৎ যেন এক স্থরে তোমার হয়য়-বীগার সঙ্গে ঝয়ত হইয়া উঠে। বিশ্বের প্রত্যেকটি পাখি যেন তোমারই প্রেমের গান গাহিয়া থাকে, প্রভিটি ফুল যেন তোমার জয়ই ফুটিয়া থাকে। চিরস্কন অদীম প্রেম হইতেই (মানবীয়) ভালবাদা উদ্ভত।

* ঈশরপ্রেমিক কোন কিছুকে ভয় করিবেন কেন? দহ্য-ভয়রের, ছ্:খছবিপাকের—এমন কি নিজের জীবনের ভয়ও তাঁহার নাই।…প্রেমিক অনস্ত
নরকে যাইতেও প্রস্তুত, কিন্তু উহা কি নরক থাকিবে? স্বর্গ, নরক—এই-সব
ধারণা ভ্যাগ করিয়া আমাদিগকে উচ্চতর প্রেম আস্বাদন করিতে হইবে।…
শত শত লোক প্রেমের অহসন্ধানে ভৎপর, কিন্তু উহা আসিলে ভগবান্ ছাড়া
আর সবই অদৃশ্য হইয়া যায়।

অবশেষে প্রেম, প্রেমাম্পদ এবং প্রেমিক এক হইয়া যায়। ইহাই লক্ষ্য। তথা প্র মাষ্ট্রের মধ্যে পার্থক্য রহিয়াছে কেন ? তেকবল এই প্রেম উপভোগ করিবার জন্ম। বিজকে ভালবাসিতে চাহিলেন, সেই জন্ম তিনি নিজেকে নানা ভাগে বিভক্ত করিলেন। তথিমিক বলেন, 'স্প্রির সমগ্র তাৎপর্য ইহাই।' আমরা সকলেই এক। 'আমি ও আমার পিতা এক।' এইক্ষণে ঈশ্বরকে ভালবাসিবার জন্ম আমি পৃথক্—হইয়াছি। তেকান্টি ভাল—চিনি হওয়া, না চিনি খাওয়া? চিনি হওয়া—তাহাতে আর কী আনন্দ? চিনি খাওয়া—ইহাই হইল প্রেমের অনস্ত উপভোগ)

প্রেমের সম্প্র আদর্শ—(ঈশ্বরকে) আমাদের পিতা, মাতা, দখা, দস্তানভাবে (ভাবিবার প্রণালী—ভক্তিকে দৃঢ় করিবার এবং গভীরতরভাবে তাঁহার দারিধ্য লাভ করিবার জন্ম।) স্ত্রী-পুরুষের মধ্যেই ভালবাদার তীব্র অভিব্যক্তি। ঈশ্বরকে এইভাবেও ভালবাদিতে হইবে। নারী তাহার পিতাকে ভালবাদে,

মাতা-সন্তান-বন্ধকেও ভালবাদে, কিন্তু পিতা, মাতা, সন্তান বা বন্ধর কাছে দে নিজেকে সম্পূর্ণরূপে প্রকাশ করিতে পারে না। কেবল একজনের কাছে তাহার গোপনীয় কিছুই থাকে না। এইরূপ পুরুষের পক্ষেও। পতি-পত্নীর সম্পর্ক সর্বাদীণ। এই সম্পূর্কে জন্ত সব ভালবাদা একীভূত হইয়াছে। পত্নী সামীর মধ্যে পিতা, মাতা, সন্তান সবই পায়। স্বামীও পত্নীর মধ্যে মাতা, কন্তা প্রভৃতি সব কিছু লাভ করে। স্ত্রী-পুরুষের এই সর্বগ্রামী প্রিপূর্ণ প্রেম ঈশরের দিকে পরিচালিত করিতে হইবে—বে-প্রেম নারী সম্পূর্ণ নির্ভয়ে লজ্জা না করিয়া, রক্তের সম্বন্ধ না মানিয়া তাহার প্রিয়তমকে নিবেদন করে। কোন অন্ধকার নাই। তাহার নিজের নিকট হইতে ষেমন গোপন কবিবার কিছু নাই, সেইরূপ তাহার প্রেমাম্পদের নিকটেও গোপনীয় বলিতে কিছুই থাকে না। এইরূপ প্রেম (ঈশরের উপর) আসা চাই। এই বিষয়গুলি ধারণা করা অত্যন্ত কঠিন। তোমরা ধীরে ধীরে এই-সব ব্ঝিতে পারিবে, তথন সমস্ত যৌনভাবও দ্রে চলিয়া যাইবে। 'তাতল সৈকতে বারিবিন্দুসম' এই জীবন ও ইহার সকল সম্পর্কগুলি।

তিনি স্রষ্টা ইত্যাদি—এই-সমস্ত ধারণা তো বালকদিগের উপযুক্ত। তিনি আমার প্রিয়, আমার জীবন—ইহাই আমার অন্তরের ধ্বনি হউক।…

'আমার একমাত্র আশা আছে। লোকে তোমাকে বলে জগতের প্রভূ।' ভালমন্দ, ছোটবড় সবই তুমি। আমিও ভোমার এই জগতের অংশ এবং তুমিও আমার প্রিয়। আমার শরীর, মন, আত্মা ভোমারই পূজাবেদীতলে। হে প্রিয়, আমার এই উপহারগুলি প্রত্যাখ্যান করিও না।'

প্রেমের ধর্ম

১৮৯৫ খঃ: ১৬ই নভেম্বর লগুনে প্রদত্ত ভাষণের অমুলিপি

অহভৃতির গভীরে উপনীত হ'তে প্রতীক-উপাদনা এবং অহঠানাদির
মধ্য দিয়ে যাবার প্রয়োজন মাহ্মষের আছে বলেই ভারতবর্ষে আমরা ব'লে
থাকি, 'কোন ধর্মতের গণ্ডীর মধ্যে জন্মানো ভাল, কিন্তু সেই মত নিয়েই
মরা ভাল নয়।' চারাগাছকে রক্ষা করার জন্ম বেড়ার আবশুকতা আছে,
কিন্তু চারা যথন রক্ষে পরিণত হয়, তথন বেড়াই আবার বাধা হয়ে দাঁড়ায়।
স্থতরাং প্রাচীন পদ্ধতিগুলি সমালোচনা ও নিন্দা করার কোন প্রয়োজন
নেই। আমরা ভূলে যাই যে, ধর্মের ক্রমবিকাশ অবশ্রই থাকবে।

আমরা প্রথমে সন্তণ ঈশবের চিন্তা করি, এবং তাঁকে স্রন্থা, সর্বশক্তিমান্, সর্বজ্ঞ ইত্যাদি ব'লে বিশেষিত ক'রে থাকি। কিন্তু প্রেমের সঞ্চার হ'লে ঈশর শুধু প্রেমন্থর হান। ঈশর কী—তা নিয়ে প্রেমিক ভক্ত মাথা ঘামায় না, কারণ সে তার কাছে কিছুই চায় না। জনৈক ভারতীয় সাধক বলেছেন, 'আমি তো আর ভিক্ষ্ক নই।' আর সে ভয়ও করে না। ভগবানকে মাহুষেরই মতো ভালবাসো।

ভক্তিভাবাশ্রিত কয়েকটি সাধনপ্রণালীর উল্লেখ এখানে করা ষাচ্ছে।
(১) শাস্তঃ সহজ শান্তিপূর্ণ অহ্বরাগ—পিতৃত্ব ও সাহায্যের একটা ভাষ
মিশ্রিত; (২) দাস্তঃ সেবাভাবের আদর্শ; ঈশর প্রভু বা অধ্যক্ষ বা
সমাটরূপে দণ্ড ও পুরস্কারদানে রত; (৩) বাৎসল্যঃ ঈশরে সম্ভান-ভাব।
ভারতবর্ষে মা কখনই শান্তি দেন না। এ-সব অবস্থার প্রত্যেকটিতে উপাসক
ঈশরের এক-একটি আদর্শ গ্রহণ ক'রে তদহুষায়ী সাধন করে। তারপর
(৪) ভগবান্ হন সথা; সখ্যভাবে কোন ভয় নেই। এতে সমতা ও
অম্ভরক্তার ভাবও আছে। অনেক হিন্দুসাধক ঈশরকে সথা ও খেলার
সাথী জ্ঞানে উপাসনা করে। তারপর (৫) মধুর-ভাবঃ মধুরতম প্রেম,
পতি-পত্নীর প্রেম। সেন্ট টেরেসা এবং ভাবাবিষ্ট সাধকগণ—এর দৃষ্টান্ত।
পারসীকদের মধ্যে কান্তাভাবে এবং হিন্দুদের মধ্যে পতিরূপে ঈশ্বকে ভজনা
করার রীতি আছে। মহীয়ুসী রানী মীরাবাইএর কথা আমাদের মনে পড়ে;

তিনি ভগবান্কে পতি ব'লে প্রচার করতেন। অনেকের মত এত চর্মে পৌছেছে বে, তাহাদের কাছে ঈশ্বরকে 'সর্বশক্তিমান্' বা 'পিতা' বলা বেন অধর্ম। এ-ভাবের উপাসনার ভাষা প্রণয়মূলক। এমনকি কেউ কেউ অবৈধ প্রণয়ের ভাষাও ব্যবহার ক'রে থাকেন। ক্লফ ও ব্রহ্মগোপিকাদের কাহিনী এই পর্যায়ভূক্ত। তোমাদের হয়তো ধারণা যে, এই ভাবের উপাসনায় সাধকের অত্যস্ত অধোগতি হয়। তা হয়ও বটে। তথাপি অনেক বড় বড় সাধকের জীবনে উন্নতিও হয়েছে এই ভাবের মধ্য দিয়ে। এমন কোন মানবীয় বিধান নেই, ধার অপব্যবহার হয়নি। ভিথারী আছে ব'লে কি তুমি রালা বন্ধ রাখবে? চোরের ভয়ে তুমি কি নিঃম্ব হয়েই কাটাবে? 'হে প্রিয়তম, তোমার অধ্বের একটি চুম্বনের একবার মাত্র আম্বাদন আমাকে পাগল ক'রে তুলেছে!'

এই ভাবে আরাধনার ফলে কেউ বেশীদিন কোন সম্প্রদায়ভুক্ত থাকতে বা আচার-অহুষ্ঠানাদি মেনে চলতে পারে না। ভারতে ধর্ম মৃক্তিতে পর্যবসিত হয়। কিন্তু এ মৃক্তিও ত্যাগ করতে হয়, তথন শুধু প্রেমের জন্মই প্রেম।

সর্বশেষে আসে নির্বিশেষ প্রেম—আত্মা। একটি পারদী কবিতায় বর্ণিত আছে, জনৈক প্রণয়ী তার প্রণয়িনীর ঘরের দরজায় ঘা দিল। প্রেমিকা জিজ্ঞাসা ক'বল 'কে তুমি?' প্রেমিক উত্তর দিল, 'তোমারই প্রিয়তম অমৃক।' প্রেমিকা শুধু ব'লল, 'আমি তো এমন কাউকে চিনি না! তুমি চলে যাও!'…এভাবে চতুর্থবারও যথন প্রশ্ন ক'বল, তথন প্রেমিক বলে উঠল, 'প্রিয়তম, আমি তো তুমিই, অতএব দরজা থোল।' অবশেষে দরজা খুলে গেল।

প্রেমিকার ভাষায় অন্তরাগ বর্ণনা ক'রে জনৈক মহান্ সাধক বলেছেন: 'চার চোথের মিলন হ'ল। ছটি আত্মায় যেন কি পরিবর্তন হয়ে গেল। এখন আর আমি বলতে পারি না—তিনি পুরুষ এবং আমি নারী, অথবা তিনি নারী এবং আমি পুরুষ। শুধু এটুকুই শ্বতিতে আছে যে, আমরা ছ-টি আত্মাই ছিলাম। অন্তরাগের আবির্ভাবে এক হয়ে গেছি ''

> রায় রামানন্দ-সংবাদ---শ্রীচৈতম্বচরিতামৃত

সর্বোচ্চ প্রেমে শুধু আত্মারই মিলন। অন্ত যত রকম ভালবাসা, সবই ক্রত বিলীয়মান। শুধু আত্মিক প্রেমই স্থায়ী হয়, এবং ক্রমশঃ বেড়ে যায়।

প্রেম দেখে আদর্শটি। এটি ত্রিভ্জের তৃতীর কোণ। ঈশর কারণ, শ্রন্থা ও পিতা। প্রেম হচ্ছে চরম পরিণতি। কুঁজো সম্ভানের জ্বন্ত মা আক্ষেপ করেন, কিন্তু দিন কয়েক লালন-পালনের পরই তাকে স্নেহ করেন এবং সব চেয়ে স্থলর মনে করেন। কৃষ্ণাক ইথিওপের ললাটে প্রেমিক স্থলরী হেলেনেরই রূপ দেখে। এ-সব ব্যাপার আমরা সাধারণতঃ উপলব্ধি করতে পারি না। ইথিওপের ললাট উপলক্ষ্য মাত্র; প্রেমিক তো দেখে হেলেনকেই। উপলক্ষ্যের উপর তার আদর্শটি প্রক্ষেপ করা হয়, এবং আদর্শ তাকে আর্ত করে—ভঙ্জি ষেমন বালুকণাকে ম্ক্রায় রূপান্তরিত করে। ঈশর হচ্ছেন আদর্শ, যার ভিতর দিয়ে মামুষ সব কিছু দেখতে পারে।

স্তরাং আমরা প্রেমকেই ভালবাদছি। এই প্রেম মৃথে প্রকাশ করা ষায়
 না। কোন বাকাই তা উচ্চারণ করতে পারে না। এ বিষয়ে আমরা মৌন।

ইন্দ্রিয়গুলি প্রেমে অভিশয় উন্নত হয়। আমাদের শারণ রাখা উচিত যে, মানবীয় ভালবাদা গুণ-মিশ্রিত। অক্টের মনোভাবের উপর তা নির্ভরণীলও বটে। প্রেমের এই পারস্পরিক নির্ভরতাকে ব্যক্ত করার শব্দ ভারতীয় ভাষাগুলিতে আছে। সর্বাপেক্ষা নিমন্তরের ভালবাদা হচ্ছে স্বার্থ্ক ; ভাতে শুধু ভালবাদা পাবার হুখই আছে। আমরা ভারতবর্ষে বলি, 'একজন গাল পেতে দিচ্ছে, আর একজন চুখন করছে।' পারস্পরিক প্রেম এর উর্ধে। কিন্তু এও থাকে না। ষথার্থ প্রেম সর্বস্ব-ত্যাগে। এ-অবস্থায় আমরা অক্সকে দেখতে অথবা আমাদের আবেগকে প্রকাশ করবার মতো কিছু করতেও চাই না। দেওয়াটাই মথেট। এভাবে মাম্যকে ভালবাদা প্রায় অসম্ভব, কিন্তু ঈশ্বরকে ভালবাদা সভব।

বালকেরা রান্ডায় ঝগড়া করতে করতে যদি ভগবানের নামে শপথ করে, ভারতবর্ষে তাতে কোন ঈশরনিন্দা হয় না। আমরা বলি, আগুনে হাত দাও—তুমি অমুভব কর আর নাই কর, তোমার হাত পুড়বেই। তেমনি ঈথরের নাম উচ্চারণ করলে কল্যাণ ছাড়া আর কিছু হবে না।

ঈশর নিন্দার ভাবটি এসেছে ইহুদীদের কাছ থেকে; ইহুদীরা পারসীকদের ট্র আহুগত্য দেখে মুগ্ধ হয়েছিল। ঈশর বিচারকর্তা ও শান্তা—এ-ভাবটি মন্দ না হলেও নিয়ন্তরের ও সুল। ত্রিভূজের তিনটি কোণ: প্রেম কিছু চায় না; প্রেমে কোন ভয় নাই; প্রেম সর্বদাই উচ্চতম আদর্শের জন্ম।

'দেই প্রেমময় ভগবান্ ষদি বিশ্বভূবন জুড়ে না থাকতেন, তবে কে-ই বা এক মৃহুর্ত বাঁচতে পারত, কে-ই বা এক মৃহুর্ত ভালবাসতে পারত ?'

আমরা অনেকেই দেখতে পাব ষে, শুধু কর্ম করতেই আমরা জ্বাছি। ফলাফল ঈশ্বের হাতে সমর্পণ ক'রব। ভগবানের প্রীতির জন্মই কাজ করা হয়েছে। বিফল হলেও ত্থে করবার কিছু নাই। ভগবানের প্রীতির জন্মই তো যত কিছু কর্ম।

নারীর মধ্যে মাতৃ-ভাবটি খুব পরিক্ট। ঈশ্বরকে তাঁরা সস্তানভাবে উপাসনা করেন; যা কিছু করেন তার জন্ম কিছুই চান না।

ক্যাথলিক এই-সব গভীর তত্ত্বের অনেক কিছুই শেখায়, এবং একটু সংকীর্ণ হলেও অতিশয় ধর্মনিষ্ঠ। আধুনিক সমাজে প্রোটেস্টান্ট মত উদার হলেও অগভীর। সভ্য কতথানি মঙ্গল করেছে, তা ছারা সভ্যের বিচার করা—একটি শিশুকে কোন বৈজ্ঞানিক আবিষ্কারের মূল্য সম্পর্কে জিজ্ঞাসা করার মতোই অসঙ্গত।

সমাজ হবে প্রগতিশীল। নিয়মকে অতিক্রম ক'রে নিয়মের উর্ধে খেতে হবে। প্রকৃতিকে জয় করার প্রয়োজনেই আমরা তাকে স্বীকার করি। ত্যাগের অর্থই হচ্ছে—কেউই ঈশ্বর ও ধন-দেবতার উপাসনা একসঙ্গে করতে পারে না।

তোমাদের বিচার-বৃদ্ধি ও প্রেম গভীর কর। তোমাদের হৃদয়-পদ্ম ফুটিয়ে তোল—মৌমাছি আপনিই এনে জুটবে। প্রথমে নিজের উপর বিশাদ রাখো, — তারপর ঈশবে বিশাদ আদবে। মৃষ্টিমেয় শক্তিধর মাহ্বই পৃথিবী তোলপাড় ক'রে দিতে পারে। চাই পরের জন্ম অহুভব করার দহাহুভূতিশীল হৃদয়, উদ্ভাবনকারী মন্তিম্ক, এবং কর্ম করার উপযোগী দৈহিক শক্তি। বৃদ্ধ প্রাণিবর্গের জন্মও আত্মোৎসর্গ করেছিলেন। নিজেকে কর্ম করার যোগ্য যন্ত্র ক'রে তোল। কিন্তু ঈশরই কর্ম করেন, তুমি কর না। একজনের মধ্যেই সমগ্র বিশ্ব রয়েছে। জড়বস্তার একটি কণার মধ্যেই জগতের সমগ্র শক্তি নিহিত আছে। হৃদয় ও মন্তিম্বের বদি বিরোধ দেশ, তবে হৃদয়কেই অহুসরণ কর।

পূর্বে বিধান ছিল প্রতিযোগিতা, আজকের বিধান হচ্ছে সহযোগিতা। আগামীকাল কোন বিধি-বিধানই থাকবে না। ঋষিরা তোমায় সাধুবাদ করুন, অথবা জগৎ তোমায় ধিকার দিক, ভাগ্য-লন্মী তোমার প্রতি প্রসরা হোন অথবা দারিস্তা ও বস্ত্রহীনতা তোমায় ভ্রকুটি করুক, একদিন হয়তো বনের লতাপাতা আহার করবে, আবার পরদিনই পঞাশ উপকরণের বিরাট ভোজে অংশ গ্রহণ করবে, ডাইনে বাঁয়ে লক্ষ্য না ক'রে এগিয়ে যাও!

খোমীজী তারপর প্রশ্নোত্তরে পওহারী বাবার কথা উল্লেখ করেন—কিভাবে সেই যোগী নিজের বাদনপত্রগুলি নিয়ে চোরের পিছনে ছুটেছিলেন এবং তার পায়ে লুটিয়ে পড়ে বলেছিলেন, 'প্রভু, আমি জানতুম না যে, তুমি এসেছিলে! দয়া ক'রে বাদনগুলি গ্রহণ কর। এগুলি তোমার! আমি তোমার দস্তান, আমাকে ক্ষমা কর।'

স্বামীজী আরও বলেন, কিভাবে এক বিষধর সাপ সেই ষোগীকে দংশন করে এবং সন্ধ্যার দিকে স্থ বোধ ক'রে তিনি বলতে থাকেন, 'আমার প্রিয়তমের কাছ থেকে দৃত এসেছিল!']

বিল্বমঙ্গল '

'ভক্তমাল' নামক একখানা ভারতীয় গ্রন্থ হইতে এই কাহিনীটি গৃহীত। এক গ্রামে জনৈক ব্রাহ্মণ যুকক বাদ করিত। অক্ত গ্রামের এক হণ্টরিত্রা নারীর প্রতি দে প্রণয়াসক্ত হয়। গ্রাম তৃইটির মধ্যে একটি বড় নদী ছিল। প্রত্যহ খেয়া-নৌকায় নদী পার হইয়া যুকক তাহার নিকট যাইত। একদিন যুকককে পিতৃশ্রাদ্ধাদির কার্যে নিযুক্ত থাকিতে হয়; এক্ত্যু ঐকান্তিক ব্যাক্লতা সন্তেও দেদিন দে মেয়েটির কাছে যাইতে পারিল না। হিন্দু-সমাজের এই অবশ্র করণীয় অমুষ্ঠান তাহাকে সম্পন্ন করিতে হইয়াছিল। যুকক ছটফট করিতে থাকিলেও তাহার কোন উপায় ছিল না। অমুষ্ঠান শেষ করিতে রাত্রি হইয়া গেল।

তথন ভীষণ গর্জন করিয়া ঝড় উঠিয়াছে। বৃষ্টি নামিল, প্রচণ্ড তরক্ষাঘাতে নদী বিক্ষা হইল। নদী পার হওয়া বিপক্ষনক, তথাপি যুবক নদীতীরে উপস্থিত হইল। থেয়াঘাটে নৌকা নাই; এ ত্র্যোগে মাঝিরা নদী পার হইতে ভয় পায়। যুবক কিন্তু যাইবার জন্ম অন্থর; মেয়েটির প্রেমে সে পাগল। স্করাং তাহাকে যাইতেই হইবে। একথণ্ড কাঠ ভাদিয়া আদিতেছিল, তাই ধরিয়া দে নদী পার হইল। অপর তীরে পৌছিয়া কার্চ্থণুটি টানিয়া উপরে উঠাইল এবং প্রণয়িনীর গৃহদ্বারে উপস্থিত হইল। গৃহদ্বার বন্ধ; যুবক দ্বারে করাঘাত করিলেও ঝড়ের প্রচণ্ড শব্দে কেইই তাহা শুনিতে পাইল না। স্কতরাং দে গৃহ-প্রাচীরের চতুর্দিক ঘুরিয়া ঘুরিয়া অবশেষে যাহা দেখিতে পাইল, দেটিকেই প্রাচীর-লম্বিত রজ্জু বলিয়া মনে করিল।

'অহা! প্রিয়া আমার আরোহণের জন্ম রজ্জু রাখিয়া দিয়াছে!'—মনে মনে এই বলিয়া যুবক সমত্রে সেটিকে ধরিল। সেই রজ্জুর সাহাধ্যে সে প্রাচীরে আরোহণ করিল এবং অপর দিকে পৌছিয়া পা ফদকাইয়া মাটিতে পড়িয়া গেল। একটা শব্দ শুনিয়া গৃহবাদিগণ জাগিয়া উঠিল। ঘরে বাহিরে আদিয়া

> যুক্তরাষ্ট্রে অবস্থানকালে স্বামী রাখবানন্দ কতৃ কি মিস এস্. ই. ওয়ান্ডোর কাগজগতের মধ্যে প্রাপ্ত।

মেয়েট যুবককে মূছিত অবস্থায় দেখিতে পাইল এবং তাহার চৈতক্ত সম্পাদন করিল। যুবকের দেহ হইতে একটা উৎকট হুর্গন্ধ পাইয়া তাহাকে জিজ্ঞাসা করিল, 'ব্যাপার কি ? তোমার গায়ে এমন হুর্গন্ধ কেন ? কি ক'রে আঙিনার ভেতরে এলে ?' যুবক উত্তর করিল, 'কেন, আমার প্রেমিকা কি প্রাচীরে একটা দড়ি ঝুলিয়ে রাখেনি ?' স্ত্রীলোকটি হাসিয়া বলিল, 'প্রেমিকা আবার কে ? অর্থোপার্জনই আমাদের উদ্দেশ্য। তুমি কি মনে কর, তোমার জন্য আমি দড়ি ঝুলিয়ে রেখেছিলাম ? কি উপায়ে তুমি নদী পার হ'লে ?' 'কেন, একটি কার্চখণ্ড ধরেছিলাম।' মেয়েট বলিল, 'চল, একবার দেখে আদি।'

ষে রজ্জ্ব কথা বলা হইয়াছে, উহা ছিল একটা বিষধর গোখ্রা সাপ, তাহার সামাক্ত স্পর্শেই মৃত্যু নিশ্চিত। সাপটার মাথা ছিল একটা গর্তের মধ্যে। সাপের গর্তে প্রবেশ করার সময় যুবক দড়ি মনে করিয়া তাহার লেজটা ধরিয়াছিল। প্রেমে পাগল হইয়াই দে এই কাজ করিয়াছিল। সাপের মৃথ গর্তের মধ্যে এবং দেহ বাহিরে থাকিলে যদি কেহ তাহার লেজ ধরে, তবে সাপ তাহার মৃথ গর্তের বাহিরে আনে না। এইজক্তই যুবক লেজ ধরিয়া প্রাচীর আরোহণ করিতে পারিয়াছিল। কিন্তু যুবক খুব জোরের সহিত লেজ টানিতে থাকায় সাপটির মৃত্যু ঘটিয়াছিল।

ত্বীলোকটি জিজ্ঞাদা করিল, 'কার্চথগুটি কোথা পেলে ?' উত্তর হইল, 'কেন, নদীতে ভেদে আদছিল।' বস্তুতঃ উহা ছিল একটি গলিত শব; নদীস্রোতে ভাদিয়া ঘাইবার সময় কার্চথগু মনে করিয়া যুবক উহা ধরিয়াছিল। এখন বুঝা গেল, তাহার দেহে কেন ঐ ফুর্গন্ধ। মেয়েট যুবকের দিকে চাহিয়া বলিল, 'প্রেমে আমার কখনও বিশাদ ছিল না; আমরা কখনও প্রেমে বিশাদ করি না। কিন্তু এ যদি প্রেম না হয়, তবে—ভগবান্ রক্ষা কলন! প্রেম কি তা আমরা জানি না; কিন্তু বন্ধু! আমার মতো একজন নারীকে তুমি হাদয় দান করলে কেন? কেন তোমার হাদয় ভগবান্কে উৎসর্গ করলে না? এন্ধপ করলে তুমি দিন্ধিলাভ করবে।'—এই কথায় যুবকের মাথায় ঘন বন্ধাভাত হইল! ক্ষণেকের জন্ম তাহার অন্তর্দ টি খুলিয়া গেল। 'ভগবান্কি আছেন?' 'হাা, হাা, বন্ধু, আছেন বই কি!'

যুবক সেই স্থান ত্যাগ করিল, এবং চলিতে চলিতে এক অরণ্যে প্রবেশ করিয়া সেথানে সাশ্রনয়নে ঈশবের নিকট প্রার্থনা করিল, 'প্রভু, আমি ভোমাকে চাই। আমার এ প্রেম-প্রবাহ ক্ষুদ্র মানব-হৃদয়ে ধরে না। আমি সেই প্রেমের সাগরকে ভালবাদিতে চাই, যেখানে আমার প্রেমের এই প্রবল প্রবাহিণী গিয়া মিশিতে পারে; আমার প্রেমের এই বেগবভী নদী তো আর ক্ষুদ্র জলাশয়ে প্রবেশ করিতে পারে না, ইহা চায় অনস্ত সাগর। প্রভু, তৃমি যেখানেই থাকো, আমার কাছে এস।

এইভাবে বহু বৎসর বনে কাটাইয়া তাহার মনে হইল, দে সিদ্ধিলাভ করিয়াছে। সন্ন্যাস গ্রহণ করিয়া সে শহরে আসিল। একদিন সে নদীতীরে একটি স্নানের ঘাটে বসিয়াছিল, এমন সময় ঐ শহরের এক বণিকের স্থলরী যুবতী পত্নী পরিচারিকা-সহ সেই স্থান দিয়া চলিয়া গেল। বুদ্ধের সেই পুরাতন ভাবটি আবার জাগিয়া উঠিল, স্থন্দরীর স্থন্দর মুখখানি তাহাকে আবার আকর্ষণ করিল। যোগী নির্নিমেষ নয়নে তাহার দিকে চাহিয়া দাঁড়াইল এবং যুবতীকে তাহার গৃহ পর্যন্ত অনুসরণ করিল। মুহুর্তমধ্যে যুবতীর স্বামী আদিয়া উপস্থিত হইল এবং গৈরিকধারী সন্ন্যাদীকে দেখিয়া বলিল, 'মহারাজ, ভেতরে আস্থন। আমি আপনার জন্ত কি করতে পারি ?' যোগী উত্তর করিলেন, 'আমি আপনার নিকটে একটি ভয়ানক বস্তুর প্রার্থী।' 'মহারাজ, যে-কোন বস্তু চাইতে পারেন, আমি গৃহস্থ; যে যা চায়, আমি তাকে তাই দিতে প্রস্তুত।' সন্ন্যাসী বলিলেন, 'আমি আপনার পত্নীর সঙ্গে দেখা করতে চাই।' গৃহস্থ বলিল, 'হা ভগবান, এ কি ! আমি তো পবিত্র, আমার স্ত্রীও পবিত্র ; প্রভূ সকলের রক্ষক। মহারাজ, স্বাগতম্, ভেতরে আহ্বন।' সন্ন্যাসী ভিতরে আদিতেই গৃহস্বামী স্ত্রীর নিকট তাহার পরিচয় দিল। স্ত্রী জিজ্ঞাসা করিলেন, 'আমি আপনার জন্ত কি করতে পারি ?' সম্মাসী তাহার দিকে একদৃষ্টে চাহিয়া বলিয়া উঠিলেন, 'মা, আপনার চুল থেকে হুটো কাঁটা আমাকে দেবেন কি ?' 'এই নিন্।' मन्नाभी त्महे काँहै। इति निष्मत इहे तहारथ मरकारत विधिया निया वनित्नन, 'দূর হ, তুর্ত্ত নয়ন-যুগল। এখন থেকে তোরা আর সভোগ করতে পারবি না। যদি দেখতেই চাস, তবে অস্তশ্চক্ষ্ দিয়ে দেখ্—সেই ব্রজের রাখালকে। এখন অস্তশ্চক্ষ্ই ভোর সর্বস্থ।'

এইভাবে সন্নাদী পুনরায় বনে ফিরিয়া গেলেন এবং আবার দিনের পর দিন ভগবানের কাছে কাঁদিতে লাগিলেন। তাঁহার মধ্যে প্রেমের যে উদ্দাম প্রবাহ বহিতেছিল, তাহাই সভালাভের জন্ত সংগ্রাম করিতে লাগিল; পরিশেষে তিনি সিদ্ধিলাভ করিলেন। তাঁহার স্থানরপ প্রেম-প্রবাহিণীর গতি ঠিক পথে পরিচালিত হইয়া তাঁহাকে রাখালরাজের নিকট পোঁছাইয়া দিল।

কাহিনীতে এইরূপ বর্ণিত আছে, রুফরপে ভগবান্ তাঁহাকে দর্শন
দিয়াছিলেন। পরে একবার মাত্র তাঁহার অহতাপ আদিয়াছিল যে, তিনি
চক্ষ্ হারাইয়া—কেবল অন্তদৃষ্টিই লাভ করিতে পারিয়াছিলেন। তিনি
প্রেমবিষয়ক কয়েকটি মনোরম কবিতা লিখিয়াছেন। সকল সংস্কৃত গ্রন্থেই
লেখকেরা প্রথমে গুরুবন্দনা করেন। তাই বিলমঙ্গল সেই নারীকেই তাঁহার
প্রথম গুরুবলিয়াবন্দনা করিয়াছেন।

বাল-গোপালের কাহিনী

একদিন শীতের অপরাহ্নে—পাঠশালায় যাবার জন্ম প্রস্তুত হ'তে হ'তে গোপাল নামে একটি ব্রাহ্মণ-বালক তার মাকে ডেকে ব'লল, 'মা, বনের পথ দিয়ে একা একা পাঠশালায় যেতে আমার বড় ভয় করে। অন্ম সব ছেলেদের সঙ্গে হয় চাকর, না-হয় আর কেউ আসে। পাঠশালায় পৌছে দেবার জন্মও আসে, আবার বাড়ি নিয়ে যেতেও আসে। আমায় কেন কেউ সঙ্গে ক'রে বাড়ি নিয়ে আসে না, মা?'

একটি গ্রাম্য-পাঠশালার ছাত্র গোপাল। সকালে-বিকালে তার পাঠশালা ব'সত। বিকালের ছুটির পর, শীতের দিনে, বাড়ি আসতে আসতে পথেই সন্ধ্যা হয়ে যেত। তাছাড়া পাঠশালার পথটিও নিবিড় বনের মধ্য দিয়ে এঁকে বেঁকে গিয়েছে। কাজেই অন্ধকারে একলাটি ঐ পথে আসতে গোপালের ভয় ক'রত।

গোপালের মা বিধবা। শৈশবেই তার পিতার মৃত্যু হয়েছিল। নিষ্ঠাবান্
ব্রাহ্মণের মতো অধ্যয়ন-অধ্যাপনা, ষজন-ষাজ্ঞন নিয়েই গোপালের বাবার দিন
কাটত, সংসারের স্থ-সমৃদ্ধির দিকে তাঁর দৃষ্টি ছিল না। আবার তাঁর মৃত্যুর
পর তৃংথিনী বিধবা তার মা ধেন বিষয়-ব্যাপার থেকে আরও দূরে সরে
গিয়েছিলেন, ষদিও সে-সবের সঙ্গে যোগাযোগ কোনদিনই তাঁর বেশী ছিল না।
তথন ভগবানের উপর সম্পূর্ণ নির্ভর ক'রে, নিষ্ঠার সঙ্গে ধ্যান-উপাসনা, ষমনিয়ম প্রভৃতি পালন ক'রে চরম-মৃক্তিদাতা যে মৃত্যু, তারই জন্ম ধৈর্য সহকারে
তিনি অপেক্ষা করছিলেন। অস্তরে আশা ছিল—মৃত্যুর পরপারে, অস্তহীন
জীবনের পথে, যিনি তাঁর ভালো-মন্দের সাথী, স্থথ-তৃংথের অংশভাগী সেই
দিয়তের সঙ্গে আবার মিলিত হবেন।…

নিজের একটি পর্ণকৃটিরেই তিনি বাস করতেন। তাঁর স্বামী যথন বেঁচে ছিলেন, ব্রাহ্মণ-পণ্ডিত হিসাবে একখণ্ড ধানজমি কেউ তাঁকে দান করেছিল। সে-জমিতে যে ধান উৎপন্ন হ'ত—বিধবার প্রয়োজনের পক্ষে তাই ছিল মথেই। এ-ছাড়া, কুটিরটিকে ঘিন্নে আরও কিছু জমি ছিল। সেধানে বাঁশ-ঝাড় ছিল, ক্রেকটি নারকেল গাছ ছিল, আর ছিল ত্-চারটি আম ও লিচুর চারা। গ্রাম-

বাসীদের সাহায্যে সেগুলি থে:কও প্রচুর ফলমূল পাওয়া ষেত। এরও উপর আর যা লাগত, তার জন্ম প্রতিদিন অনেকটা সময় তিনি চরকায় স্থতা কাটতেন।…

প্রভাতের প্রথম স্বর্ণ-কিরণ তালগাছের চূড়ায় চূড়ায় প্রতিফলিত হ্বার বছপূর্বে তিনি মুম থেকে উঠতেন। তথনও প্রভাতী পাথির কল-কাকলি শুরু হ'ত না। একটি দামান্ত মাত্তর আর তার উপর বিছানো একখানা কখল—এই ছিল তাঁর শয়া। সেই দীন শয়াটিতে বসে অতি প্রত্যুষ থেকে তিনি নাম-গান আরম্ভ করতেন। প্ণ্যশ্লোকা নারীদের পৃত চরিতকথা কীর্তন করতেন, ঋষিদের প্রণাম জানাতেন, আর জ্বপ করতেন। জ্বপ করতেন মান্তবের পরমাশ্রেয় নারায়ণের নাম, করুণাময় মহাদেবের নাম, আর জ্বগতারিণী তারাদেবীর নাম। সর্বোপরি অস্তরের সর্ব-আকৃতি নিবেদন করতেন প্রাণ্যপেকা প্রিয়তর দেবতা—শ্রীক্রন্ডের কাছে, যিনি করুণায় বিগলিত হয়ে মান্তবের শিক্ষার জন্ত, ত্রাণের জন্ত বাল-গোপালম্তিতে মত্যাধামে অবতীর্ণ হয়েছিলেন। সে প্রার্থনার ফলে তাঁর অস্তরে এক বিচিত্র আনন্দায়ভূতি জ্বেগ উঠত। মনে হ'ত তিনি ধেন নিজ্বামীর সহিত একত্র হয়ে জ্ববান্ শ্রীকৃন্ডের সঙ্গে মিলিভ হ্বার বাঞ্চিত পথে আরও একটি দিন এগিয়ে গেলেন।

কৃটিরের অনতিদ্রে ছিল একটি নদী। দিবারভের প্রেই দেই নদীতে তাঁর স্থান হয়ে যেত। স্থানকালে তাঁর প্রার্থনা ছিল—'হে দেবতা, নদীর নির্মলন্ধলে স্থান ক'রে দেহটি আমার ষেমন পবিত্র হ'ল—দ্বিশ্ব হ'ল, তোমার ক্ষণায় আমার অস্কুরটিও ষেন তেমনি পবিত্র—তেমনি স্থিয় হয়ে যায়।'

তারপর সভোধোত শুদ্ধ একটি শ্বেতবত্ব পরিধান ক'রে তিনি পুশ্প-চয়ন করতেন, স্থাদ্ধ চন্দন প্রশ্নত করতেন বৃত্তাকৃতি চন্দন-পাটায়, এবং তুলসীপত্র আহরণ ক'রে পূজার উদ্দেশ্যে ছোট ঠাকুরঘরটিতে প্রবেশ করতেন। সেঘরে তাঁর বাল-গোপাল বিগ্রহ প্রতিষ্ঠিত ছিল। একটি রেশমী চন্দ্রাতপের নীচে, স্থান্য দাক্ল-নির্মিত সিংহাসনে, ভেলভেটের কোমল গদির উপরে, প্রায় প্রশাবৃত অবস্থায় থাকত শ্রীকৃষ্ণের সেই ধাতুনির্মিত বাল-গোপাল মৃতিটি।

মায়ের প্রাণ শ্রীভগবান্কে পুত্ররূপে কল্পনা করেই শুধু তৃপ্তিলাভ ক'রত। তাঁর স্বামী জীবিতকালে কতদিন কতবার বেদোক্ত সেই নিরাকার, নিরবয়ব, নৈর্যাক্তিক দেবতার বর্ণনা তাঁকে শুনিয়েছেন। সর্ব-অম্বর দিয়ে সে-সব অনব্য কাহিনী তিনি শ্রবণ করতেন, অকুঠচিত্তে গ্রুব সত্য ব'লে সেগুলি বিশাস করতেন। কিন্তু হায়! শিক্ষাহীন ও শক্তিহীন এক নারীর পক্ষে সে বিরাটকে ধারণা করা কিরূপে সম্ভব ? তাছাড়া শাস্ত্রে তো এ-কথাও লিপিবদ্ধ রয়েছে— যে যে-ভাবে আমাকে ভজনা করে, সে সে-ভাবেই আমাকে লাভ কর্বর থাকে। মানুষ যুগে যুগে আমারই প্রদর্শিত পথ অনুসরণ ক'রে থাকে।—

> বে যথা মাং প্রপত্ততে তাংগুথৈব ভজাম্যহম্। মম বত্মাহুবততি মহয়া পার্থ সর্বশঃ॥

এবং ঐ ভাবটিভেই তাঁর অস্তর ভরে ষেত্র, অতিরিক্ত আর কিছু প্রার্থনীয় ছিল না।

এইভাবেই কাটছিল তাঁর জীবন। হৃদয়ের সকল ভক্তি, বিশাস ও প্রেম বাল-গোপাল শ্রীক্বফে তিনি সমর্পণ করেছিলেন এবং সে সমর্পণটি বিশেষভাবে তাঁর ক্ষুদ্র ধাতু-বিগ্রহটিকে ঘিরেই নিয়ত লুতা-তন্তুর মতো আবর্তিত হ'ত। তাছাড়া ভগবানের এ-বাণীটিও তার শোনা ছিল—

'রক্তমাংসের তৈরী মাহুষকে তুমি যেমন দেবা করো, আমাকেও তেমনি প্রেম পবিত্রতা দিয়ে দেবা কর। আমি সেই দেবা গ্রহণ ক'রব।'

স্বরাং দেবাই তিনি করতেন; ধে-ভাবে নিজ প্রভ্কে মান্ন্য দেবা করে, ষে-ভাবে সেবা করে গুরুকে, সর্বোপরি তাঁর নয়নের নিধি পুত্রকে, একমাত্র সন্তানকে তিনি ষেভাবে সেবা করতেন—শ্রীক্লফকেও তেমনিভাবেই সেবা করতেন। প্রতিদিন ধাতুম্তিটিকে তিনি স্নান করাতেন, সাজাতেন, ধৃপধুনা দিতেন তার সামনে। কিন্তু ভোগ বা নৈবেছ ? হায়, দরিদ্র বিধবার দে সামর্থ্য কোথায় ? তৃংথে তাঁর চোথে জল আগত, আর সঙ্গে সন্তে স্মরণ করতেন স্বামীর কাছে শোনো সেই শাস্ত্রবচন, ভগবানের সেই অভয়-উজ্জি—পত্র, পুন্স, ফল, জল—ভক্তির সঙ্গে ষে আমাকে যা-কিছু দান করে, আমি তাই গ্রহণ ক'রে থাকি।—

পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযক্ষতি। তদহং ভক্ত্যুপত্রতমশ্লামি প্রয়তাত্মনঃ॥

স্থতরাং তাঁর প্রার্থনা ছিল এই মন্ত্রে: হে দেবতা, এই বিপুলা পৃথিবীতে কত বিচিত্র কুহুম তোমারই প্রীতির জন্ত নিয়ত ফুটে উঠছে, তবু আমার তুচ্ছ বনফুল ক-টি তুমি গ্রহণ কর। তুমি বিশাল বিশের অন্নদাতা, তথাপি আমার সামাক্ত ফলের নৈবেজ গ্রহণ কর। আমি শব্জিহীন, শিক্ষাহীন। তুমিই আমার দেবতা, আমার প্রাণের রাখাল, আমার পুত্র। তুমি কুপা ক'রে আমার পূজা-অর্চনা সার্থক কর, আমার প্রেম কামনাহীন কর।…

পূজার ফল ব'লে বদি কিছু থাকে, তবে সে ফলও তুমিই গ্রহণ কর।
আমাকে দাও প্রেম, শুধু প্রেম—যে-প্রেম অন্ত কোন প্রতিদানের প্রত্যাশা
রাখে না, প্রেম ভিন্ন আর কিছু আকাজ্ঞা করে না।

হয়তো অকশ্বাৎ কোনদিন গ্রামের বাউল-বৈরাগী মায়ের ক্ষ্প্র আঙিনাটিতে এসে দাঁড়ায় এবং প্রভাতী স্থরে গান ধরে—

শোনরে মাহুষ ভাই,

প্রেমের কথা কয়ে যাই

(আমি) জ্ঞানের ডাকে ভয় করিনে—

প্রেমের ডাকে করি ভয়,

আমার আসন কাঁপে

প্রেমের ডাকে,

প্রেমাশ্রতে হই উদয়।

নিত্যমূক্ত যেই ভগবান

' নিরবয়ব ব্রহ্ম ষেই,

প্রেমের দায়ে নররূপে

তারি থেলা দেখতে পাই;

তারি লীলা জানতে পাই।

বুন্দাবনের কুঞ্চায়ে

জ্ঞানের কিবা প্রকাশ ছিল ?

রাখাল বালক গোপ-বালিকা

শাস্ত্র কবে পড়েছিল ?

কিন্তু তারা প্রেমিক ছিল,

ছিল ভালবাসায় ভরা,

তাইতো তাদের প্রেমের পাশে

আমি চির রইহু ধরা।

এমনি ক'রে তাঁর মাতৃহাদয় যেন ভাগবত সন্তার মধ্যেই নিজের প্রটিকে লাভ করেছিল এবং দেব-গোপালের নামামুসারে পুত্রের নামও তিনি রেখেছিলেন—গোপাল। তাকে অবলয়ন করেই এ-জগতের বৃকে নিজের মনটিকে ধরে রাখা তাঁর পক্ষে সম্ভব হয়েছিল। নতুবা পার্থিব-বন্ধনহীন তাঁর মন মৃত্যু ত্ জাগতিক সব কিছুর উর্ধ্বে ধাবিত হ'ত। এ মাটির পৃথিবীতে তাঁর যে প্রাত্যহিক জীবন, তা ছিল যেন অনেকটা কলের মতো, নিপ্রাণ যন্তের মতো। বস্তুতঃ তাঁর চলাকেরা, তাঁর চিস্তা হুখ, এক কথায় তাঁর সমগ্রন্ধীবনটুকু কি এ ক্ষুত্র বালকটিকে থিরেই আবতিত ছিল না ? হাা, তাই ছিল।

বৎসরের পর বংসর অতিকাস্ত হয়েছে, আর তিনি তাঁর মাতৃহদয়ের সকল কোমলতা দিয়ে ঐ শিশুর জীবনের ক্রমবিকাশ লক্ষ্য করেছেন। আজ সে পাঠশালায় যাবার মতো বড় হয়েছে, পাঠশালায় সে যাবে। তাই ছাত্রজীবনের প্রয়োজনীয় জিনিসগুলো সংগ্রহ করবার জন্ম মার কত দীর্ঘদিনব্যাপী কঠোর পরিশ্রম!

প্রয়েক্সন অবশ্য থ্ব বেশী ছিল না। যে-দেশে মাটির প্রদীপে একছটাক তেল ঢেলে আর একটা কাপড়ের সলতে লাগিয়ে আলো জেলে প্রফুল চিত্তে মাহ্ম বিভাচর্চায় দিন কাটায়, ষেধানে ঘাসের তৈরী একটি মাহুর ভিন্ন আর কোন আসবাব-পত্রেরই প্রয়োজন হয় না, সে-দেশের ছাত্রজীবনের প্রয়োজন থ্ব বেশী হবার কথাও নয়। তবু সামাক্ত যে ত্-চারটি জিনিসের প্রয়োজন ছিল, তা সংগ্রহ করতেই দরিজ বিধবাকে বছদিন পরিশ্রম করতে হয়েছিল।

দিনের পর দিন চরকায় স্তা কেটে গোপালের জন্ম একখানা পরবার কাপড় এবং একখানা গায়ে দেবার চাদর তাঁকে সংগ্রহ করতে হয়েছিল। সংগ্রহ করতে হয়েছিল মাত্র-জাতীয় ছোট একটি আসন, যার উপর দোয়াত, খাগের কলম প্রভৃতি রেখে গোপাল লিখবে এবং পরে ষেটিকে গুটিয়ে বগল-দাবা ক'রে পাঠশালায় যাবার সময় সঙ্গে নিয়ে যাবে, আর ফিরবার সময় সঙ্গে নিয়ে আসবে।

তারপর ষে-শুভদিনটিতে গোপালের বিহারস্ত হ'ল, সে প্রথম অ, আ লিখতে চেটা ক'রল—সে-দিনটি হৃঃখিনী মায়ের কাছে যে কী আনন্দের দিন ছিল, তা মা ভিন্ন অন্তের পক্ষে পরিমাপ করা সম্ভব নয়। কিন্তু আঞ্চ? আজ তাঁর মনে একটি গভীর বিষাদের ছায়া পড়েছে। বনপথ দিয়ে একা ষেতে-আসতে গোপাল ভয় পাচ্ছে, কে তাকে সঙ্গে নিয়ে যাবে ? এর আগে কোনদিন নিজের বৈধব্যের নিঃসঙ্গতা ও দারিন্তা এমন ক'রে তিনি ভাবেননি, অমুভব করেননি। মৃহুর্তের জন্ম চতুর্দিক যেন অন্ধকারে ঢেকে গেল। কিন্তু পরক্ষণেই তাঁর মনে পড়ল ভগবানের সেই চিরন্তন আথাসবাণী—

অনক্যাশ্চিম্বরুগ্রেয়ে মাং যে জনাঃ পর্যুপাদতে। তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্॥

একাস্কভাবে—অনন্তচিস্ত হয়ে যে ব্যক্তি আমার উপর নির্ভর করে, আমি তার সকল ভার স্বয়ং বহন ক'রে থাকি।

আর তাঁর বিশাসী মন ঐ আশাস-বাণীতেই একটি আশ্রয় খুঁজে পেল।…

তারপর চোথের জল মৃছে ছেলেকে বললেন, ভয় কি বাবা! ঐ বনে আমার আর একটি ছেলে থাকে, তারও নাম গোপাল। সে তোমার বড় ভাই। বনভূমির অন্ধকার পথে যখন তুমি ভয় পাবে, তখন তোমার দাদাকে ডেকো।

বিশাসী মায়ের পুত্র গোপাল। সেও তাই সকল অস্তর দিয়েই মার কথা বিশাস ক'বল।…

তারপর দেদিন অপরাক্লে—পাঠশালা থেকে ফেরবার পথে অরণ্যভূমির নিবিড়তায় ভয় পেয়েই মায়ের নির্দেশ অন্থসারে বালক তার বনের ভাইটিকে ডাক দিল—'গোপাল-দাদা, তুমি কি এখানে আছ? মা বলেছেন, তুমি এই বনে থাকো; বলেছেন, ভোমাকে ডাকতে। একলাটি আমার বড় ভয় করছে, ভাই!'

তথন দ্র বনাস্তবাল থেকে শব্দ ভেদে এল—'ভয় নেই ভাই, এই তো আমি রয়েছি। ভয় কিদের, তুমি বাড়ি যাও।'

সেদিন থেকে, এমনি ক'রে দিনের পর দিন গোপাল তার বনের দাদাকে তাকে, আর একই স্বর শুনতে পায়। বাড়ি এসে মাকে সে-সব কথা সেবলে, আর মা বিস্ময়ে প্রেমে মৃগ্ধ হয়ে শোনেন সে কাহিনী। তারপর একদিন মা তাকে বললেন—'বাবা, এরপর স্থন তোমার রাখাল দাদার সঙ্গে কথা হবে. তথন তাকে বলো সে যেন তোমাকে দেখা দেয়।'…

পরদিন যথাকালে বনপথে যাবার সময় গোপাল তার ভাইকে ডাক দিল এবং পূর্বের মতো উত্তরও এল বন থেকে। কিন্তু এবার মার কথা- মত গোপাল তার দাদাকে দেখা দেবার জ্বর্গ একান্ত অহুরোধ ক'বল। ব'লল, 'গোপাল দাদা, তোমাকে তো কোনদিন আমি দেখিনি। আজ আমাকে দেখা দাও।'

তথন উত্তর শোনা গেল, 'ভাই, এখন বড় ব্যস্ত আছি। আঁজ আমি আদতে পারব না।' কিন্তু গোপাল ছাড়বে না, সে বার বার কাতরভাবে অহুরোধ করতে লাগলো। তখন অকস্মাৎ বনের ছায়াচ্ছয় প্রদেশ থেকে বেরিয়ে এল বনের রাখাল। পরনে গোপালকের বেশ, মাথায় ছোট মুক্ট —তাতে বদানো শিথিপুছে, হাতে বাঁশের বাঁশী।

তৃইটি বালকই তথন মহাখুশী। একদকে তারা খেলা ক'রল, গাছে উঠল, ফল কুড়ালো, ফুল কুড়ালো—বনের গোপাল আর তৃ:খিনী মায়ের গোপাল —তৃ-টি ভাই। খেলতে খেলতে পাঠশালার সময় প্রায় উত্তীর্ণ হয়ে এল এবং গোপাল একান্ত অনিচ্ছাসত্তেও পাঠশালার পথে চলে গেল।

সেদিন তার পাঠ প্রায় ভূল হয়ে গেছে। সমগ্র অন্তর উৎস্থক হয়ে রয়েছে কেবল বনে ফিরে রাধাল দাদার সঙ্গে আবার থেলা করবার প্রবল আকাজ্জায়।…

এইভাবে কয়েকমাদ সময় কেটে গেল। দিনের পর দিন দস্তানের বিচিত্র কাহিনী শুনতেন মা, আর ভগবানের অপার করুণার কথা চিস্তা ক'রে নিজের দৈত্য বৈধব্য প্রভৃতি দব কিছু ভূলে খেতেন। তৃঃথকে মনে মনে গ্রহণ করতেন ভগবানের অনস্ত আশীর্বাদ ব'লে।

এরপর পাঠশালার গুরুমশায়ের গৃহে একটি প্রাদ্ধ-অম্প্রানের দিন এল।
দে-কালে গ্রাম্য-পাঠশালার পণ্ডিতগণ একাই অনেকগুলি ছেলেকে লেখাপড়া
শেখাতেন। নির্ধারিত বেতন হিদাবেও তাঁরা বিশেষ কিছু গ্রহণ করতেন
না। কিন্তু বিশেষ বিশেষ ক্রিয়াকর্ম উপস্থিত হ'লে ছাত্রেরা নানা উপঢৌকন
দিত শিক্ষককে এবং সে-সবের উপর তাঁরা অনেকাংশে নির্ভর্ম করতেন।

কাজেই গোপালের গুরুমশায়ও ছাত্রদের কাছে অম্প্রান উপলক্ষে উপঢৌকনের জন্ম অমুরোধ জানালেন এবং প্রত্যেক ছাত্র সাধ্যমত সে অমুরোধ রক্ষাও ক'রল। কেউ দিল অর্থ, কেউ দিল অন্য কোন দ্রব্য-সামগ্রী। কিন্তু গুংখিনী বিধবার পুত্র গোপাল ? হায়, উপঢৌকনের সামগ্রী সে কোখায় পাবে ? তাই অন্ত পড়ুয়ারা একটু বিজ্ঞাপের হাসি হেসে—কে কি দেবে, তার বিবরণ গোপালকে শুনিয়ে শুনিয়ে ব'লে বেড়াতে লাগলো।

দে রাত্রে মনে গভীর তৃংথ নিয়ে গোপাল মাকে দব কথা ব'লল। ব'লল,
— 'গুরুমশায়ের জন্ম কিছু দিতেই হবে।' কিন্তু মায়ের তো কোন দম্বলই
নেই, কি দেবেন তিনি ?

অবশেষে তিনি স্থির করলেন, যা চিরদিন ক'রে এসেছেন জীবনের সর্বাবস্থায়, আজও তাই করবেন, রাখালরপী শ্রীক্রফের উপর নির্ভর করবেন। তাঁর কাছেই চাইবেন, যদি কিছু প্রয়োজন হয়। স্থতরাং ছেলেকে বললেন, সে যেন তার বনের রাখাল-দাদার কাছে গুরুমশায়ের জন্ম কিছু চেয়ে নেয়।

পরদিন বনের পথে রাখাল-দাদার সঙ্গে ষ্থানিয়মে গোপালের দেখা হ'ল, ত্জনে কিছুক্ষণ থেলাধ্লাও ক'রল। তারপর বিদায় নেবার কালে গোপাল তার তৃ:থের কথা জানালো রাখাল-দাদাকে, অহুরোধ ক'রল গুরুমশায়কে দেবার মতো কিছু উপহার সে যেন তাকে দেয়।

রাথাল ব'লল, 'ভাই গোপাল, আমি সামাক্ত বনের রাথাল। মাঠে মাঠে গোক্ষ চরাই। আমার তো টাকা-পয়সা নেই, ভাই। তবে ভোমার রাথাল-দাদার উপহারশ্বরূপ এই ছোট স্কীরের বাটিটি তুমি নাও, এইটি ভোমার গুরুমশায়কে উপহার দিও।'

গোপালের তথন আনন্দ আর ধরে না। একে তো গুরুমণায়ের জন্ত কিছু উপহার হাতে পেয়েই সে খুনী, তার উপর সে-উপহার এসেছে রাখাল-দানার কাছ থেকে। অতি ক্রত সে পাঠশালায় চলে গেল। পাঠশালার অক্যান্ত ছাত্রেরা তথন সার দিয়ে দাঁড়িয়ে এক এক ক'রে গুরুমশায়ের হাতে তাদের উপহার তুলে দিচ্ছে। গোপালও কম্পিতবক্ষে সারের পিছনে গিয়ে দাঁড়ালো। ভিন্ন ভিন্ন ছাত্রের হাতে ভিন্ন ভিন্ন ধরনের ভাল ভাল উপহার ছিল, স্বতরাং পিতৃথীন দরিত্র বালকের তুচ্ছ উপহারের দিকে কেউ তাকিয়েও দেখল না।

সে-তাচ্ছিল্যে গোপাল যেন দমে গেল, তৃংখে তার চোখে জল এল।
অবশেষে হঠাৎ গুরুমশায়ের চোখ প'ড়ল তার দিকে। তিনি তখন তার
হাত থেকে কীরের পাত্রটি নিয়ে অন্ত একটি বৃহৎ পাত্রে ঢেলে দিলেন।
কিন্তু একি! মৃহুর্তে সে শৃষ্ণপাত্র আবার কীরে পূর্ণ হয়ে গেল! আবার

ঢাললেন, আবারও পূর্ণ হ'ল! এমনি যতবার তিনি ঢালেন, ততবারই পাতটি মৃহুর্তে ভরে ওঠে!

উপঞ্চিত সকলে তো একেবারে শুন্তিত। শুরুমশার তথনু ত্-হাতে গোপালকে কোলে তুলে নিলেন। বললেন, 'এ-পাত্র তুই কোথার পেলি, বাবা?'

গোপাল তথন পণ্ডিতমশায়ের কাছে তার বনের রাখাল-দাদার কাহিনী আহুপ্রিক বর্ণনা ক'রল। কেমন ক'রে সে তাঁকে প্রতিদিন ডাকে এবং সাড়া পার; কেমন ক'রে প্রতিদিন ছ-জনে তারা খেলা করে এবং কেমন ক'রে এ কীরের ছোট পাত্রটিও রাখাল-দাদার হাত থেকেই সে পেয়েছে।

সব কথা শুনে গুরুমশার তথনই তার সঙ্গে বনে গিয়ে সেই অঙ্জ রাধাল-বালককে দেখতে চাইলেন এবং গোপালও মহানন্দে তাঁকে নিয়ে চ'লল। বনস্থলীতে গিয়ে অক্তদিনের মতো আজও সে তার দাদাকে ডাকলো, কিন্তু সেদিন কোন উত্তর শোনা গেল না। গোপাল বার বার ডাকভে লাগলো, তবু কোন জবাব এল না। তখন অতি করুণ স্বরে গোপাল ব'লল, 'রাধাল-দাদা, আজ তুমি আমার ডাকে সাড়া দিচ্ছ না? তুমি উত্তর না দিলে এঁরা যে মনে করবেন, আমি মিগ্যা কথা বলছি।'

তথন অতিদ্র বনপ্রদেশ থেকে একটি শ্বর ভেদে এল—এক অশরীরী শব্দ, কে যেন বলছে. 'ভাই, তোমার আর তোমার মায়ের ভক্তি-বিশাসের টানেই আমি তোমার কাছে যাই। কিন্তু ভোমার গুরুমশায়ের এখনও অনেক দেরী, তাঁকে ব'লো সে-কথা।'

শিয়ের সাধনা

১৯০০ খু: ২৯শে মার্চ স্থান ফ্রান্সিস্টো শহরে প্রদত্ত।

আমার বক্তব্য বিষয়—শিষ্যত্ব। জানি না, আমার বক্তব্য আপনারা কি ভাবে গ্রহণ করিবেন। আপনাদের পক্ষে এই ভাব গ্রহণ করা কিছু কঠিন হইবে—আমাদের দেশের গুরু-শিয়ের আদর্শ ও এদেশের গুরু-শিয়ের আদর্শের মধ্যে অনেক প্রভেদ। ভারতবর্ষের এক প্রাচীন প্রবাদবাক্য আমার মনে পড়িতেছে: গুরু মিলে লাখ লাখ, চেলা নাহি মিলে এক। এই প্রবাদবাক্যটি সভ্য বলিয়াই মনে হয়। আধ্যাত্মিকভা লাভের পথে শিয়ের মনোভাবই বিশেষ গুরুত্বপূর্ণ। যথার্থ মনোভাব থাকিলে জ্ঞানলাভ সহজেই ঘটিয়া থাকে।

সত্যলাভ করিতে হইলে শিশ্যের কি কি গুণ থাকা প্রয়োজন? জ্ঞানী মহাপুরুষগণ বলেন, এক নিমেবেই সত্যলাভ করা যায়—ইহা তো শুধু জানার ব্যাপার। স্বপ্ন ভাঙিয়া যায়—ভাঙিতে কভক্ষণ লাগে? এক মূহুর্ভেই স্বপ্ন শেষ হইয়া যায়। ভাস্ভি দূর হইতে কভক্ষণ লাগে? চক্ষের পলক মাত্র। যথন সভ্যকে জানিতে পারি, তথন কেবল মিথ্যাজ্ঞান ভিরোহিত হয়, আর কিছুই হয় না। রজ্জ্কে সর্প ভাবিয়াছিলাম, এখন দেখিতেছি—ইহা বজ্জ্। সমগ্র ঘটনাটি আধ সেকেণ্ডের ব্যাপার মাত্র। 'তুমিই সেই'—তুমিই সত্যস্ত্রপ—ইহা জানিতে কভক্ষণ লাগে? যদি আমরা ব্রন্থই এবং সর্বদাই ব্রন্থয়ন্দ, তবে ইহা না জানাই স্বাপেক্ষা আকর্ষ। ইহা জানিতে পারাই তো স্বাভাবিক। আমরা বরাবর কি ছিলাম, বর্তমানেই বা আমাদের স্বশ্নপ কি, তাহা জানিতে নিশ্রেই যুগ্রুগাস্ত লাগিবে না।

তব্ এই খতংসিদ্ধ সভাটি উপলব্ধি করা কঠিন বলিয়া মনে হয়। ইহার অতি ক্ষীণ আভাগ লাভ করিতেই যুগ্যুগান্ত কাটিয়া যায়। ঈশরই জীবন; ঈশরই সভা। এ-বিষয়ে আমরা গ্রন্থ লিখিয়া থাকি; আমাদের অন্তরের অন্তরে আমরা ইহা অমুভব করি যে, ঈশর ব্যতীত আর স্বই মিথ্যা; আজ্ব এ-কথা অন্তৰ্ভব করি, কাল এ-ভাব থাকিবে না, তবু সারাজীবন আমাদের অধিকাংশই পূর্বে যেমন ছিলাম সেইরূপই থাকিয়া যাই। আমরা অসভ্যকে আঁকড়াইয়া থাকি এবং সভ্যের প্রতি বিমুধ হই। আমরা সভ্যলাভ করিতে চাই না। আমরা চাই না যে, কেহ আমাদের স্থপ্ন ভাঙিয়া দেয়। তবেই দেখিতেছ, কেহ গুরুর প্রয়োজন বোধ করে না। শিথিতে চায় কে? কিছ যদি কেহ মায়ার বন্ধন ছিল্ল করিয়া সভ্য উপলব্ধি করিতে চায়, যদি কেহ গুরুর নিকট সভ্যলাভ করিতে চায়, তাহাকে খাঁটি শিশ্য হইতেই হইবে।

শিশু হওয়া সহজ নয়; তাহার জন্ম অনেক প্রস্তৃতি প্রয়োজন। অনেক নিয়ম পালন করিতে হয়। বৈদান্তিকগণ চারিটি প্রধান সাধনের কথা বলিয়াছেন। প্রথম সাধন এই—বে-শিশু সত্য জানিতে চায়, তাহাকে ইহ-পরজীবনে সমস্ত লাভের আকাজ্জা ত্যাগ করিতে হইবে।

আমরা বাহা দেখিতেছি, তাহা সত্য নয়। যতক্ষণ পর্যন্ত আমাদের মনের মধ্যে কোনরূপ বাসনা থাকে, ততক্ষণ যাহা দেখি তাহা সত্য নয়। ঈশরই সত্য, জগং সত্য নয়। যতক্ষণ পর্যন্ত আমাদের মনে সংসারের জন্ম বিদ্মাত্র আসন্তি থাকে, ততক্ষণ সত্য লাভ হইবে না। 'আমার চারিদিকে জগং ধ্বংস হইয়া যাক—আমি ক্রক্ষেপ করি না'—পরলোক সম্বন্ধেও ঠিক এই প্রকার মনোভাব পোষণ করিতে হইবে; আমি স্বর্গে যাইতে চাই না। স্বর্গ কি ?—এই জগতেরই অমুর্তিমাত্র। যদি স্বর্গ না থাকিত—এই অসার পার্থিব জীবনের কোন অমুর্ত্তি যদি না থাকিত, আমরা আরও ভাল হইতাম; যে ক্ষণিকের মিথ্যা স্বপ্রে আমরা মগ্র, সে-স্বপ্র আরও শীত্র, ভাঙিয়া যাইত। স্বর্গে যাইয়া আমরা শুধু আমাদের তৃঃধজনক মোহকে দীর্ঘতর করিয়া তুলি।

স্বর্গে বাইয়া কি লাভ হইবে? দেবতা হইয়া অমৃত পান করিবেন, আর বাতব্যাধিগ্রন্থ হইয়া পড়িবেন। পৃথিবী অপেক্ষা দেখানে তৃঃখ যেমন কম, সত্যও তেমনি কম। অতিশয় দরিদ্র অপেক্ষা ধনী ব্যক্তি অনেক কম সত্য ব্রিতে পারে। 'ধনী ব্যক্তির স্বর্গরাজ্যে প্রবেশ করা অপেক্ষা স্চের ছিদ্র দিয়া উটের যাতায়াত করা বরং সহজা'' নিজের ধন-ঐশর্থ ক্ষমতা স্থ্য-স্ববিধা ও বিলাস-ব্যসন ব্যতীত ধনী ব্যক্তির অহা কিছু চিন্তা করিবার সময় নাই। ধনী ব্যক্তিরা অতি অল্লই ধার্মিক হয়। কেন ? কারণ তাহারা মনে করে, ধার্মিক হইলে জীবনে আর তাহাদের কোন আমোদ-প্রমোদ থাকিবে

> N. T. Matt., XIX, 24,

না। ঠিক তেমনি স্বর্গে ধার্মিক হইবার আশা খুবই কম। আরাম ও ভোগ সেধানে অভ্যস্ত বেশী—স্বর্গের অধিবাসীরা ভাহাদের আমোদ-প্রমোদ ভ্যাগ করিতে অনিচ্ছুক।

অনেকে বলেন, স্বর্গে আর অশ্রণাত করিতে হইবে না। বে-লোক ক্ষনও কাঁদে না, আমি তাহাকে বিশাদ করি না। দেহের বেখানে হৃদয় থাকা উচিত, তাহার দেইখানে একটি রহৎ কঠিন প্রস্তরথণ্ড রহিয়াছে। ইহা তো স্পষ্টই বোঝা যায় যে, স্বর্গবাসীদের বেশী দহাস্কৃতি নাই। স্বর্গবাসীর সংখ্যা তো অনেক, আর আমরা এই ভয়ানক পৃথিবীতে তৃংথ্যস্ত্রণা ভোগ করিতেছি। ইচ্ছা করিলে তাঁহারা আমাদের টানিয়া তুলিতে পারেন, কিন্তু তাঁহারা তো এরপ কিছুই করেন না। তাঁহারা কাঁদেন না। স্বর্গে কোন তৃংথ-কট নাই, স্ক্তরাং তাঁহারা কাহারও তৃংধ্ গ্রাহ্ম করেন না। তাঁহারা অমৃত পান করেন, নৃত্য চলিতে থাকে—স্বন্ধরী পত্নী লইয়া নানাবিধ স্বথে তাঁহাদের দিন কাটে।

এ-সকলের উর্ধ্বে উঠিয়া শিশুকে বলিতে হইবে, 'ইহজীবনে আমার কোন কিছুই কাম্য নয়, স্বৰ্গ বলিয়া যদি কিছু থাকে, দেখানেও আমি ষাইতে চাই না। শরীরের সহিত তাদাত্ম্যুস্লক কোন প্রকার ইন্দ্রিয়-জীবন আমি চাই না। বর্তমানে আমার ধারণা—এই বিপুল মাংস্তৃপ দেহটাই আমি। আমি বিশ্বাস করিতে চাই না যে, আমি সত্যই এক্রপ।'

পৃথিবী ও স্বৰ্গ ইন্দ্রিয়ন্তারা দীমাবদ্ধ। ইন্দ্রিয় না থাকিলে এই পৃথিবীকে তুমি গ্রাহাই করিতে না। স্বৰ্গও একটা জগং। পৃথিবীতে স্বর্গে অস্তরীক্ষে যাহা কিছু আছে, দব মিলিয়া একটি নাম—পৃথিবী বা সংদার।

স্তরাং শিশ্য অতীত ও বর্তমানকে জানিয়া, ভবিশ্বতের বিষয় চিস্তা করিয়া উন্নতি কাহাকে বলে, স্থ কাহাকে বলে—এগুলি সব জানিয়া ব্ঝিয়া ত্যাগ করিবে এবং একমাত্র সভার সন্ধান করিবে। ইহাই প্রথম শর্ত বা সাধন।

দ্বিতীয় সাধন এই যে, শিশুকে অবশ্যই অস্তরিন্দ্রিয় ও বহিরিন্দ্রিয়সমূহ সংষত রাখিতে সমর্থ হইতে হইবে এবং অক্সান্ত অধ্যাত্ম সম্পদে প্রতিষ্ঠিত হইতে হইবে।

শরীরের বিভিন্ন অংশে অবস্থিত দৃশ্যমান যন্ত্রগুলি বহিরিন্তির; অস্তরিন্তির-গুলি আমাদের ধরা-ছোঁয়ার বাহিরে। বাহিরে আমাদের চক্ষ্, কর্ণ. নাদিকা প্রভৃতি রহিয়াছে, ভিতরে অহুরূপ অস্তরিন্তির রহিয়াছে। আমরা সর্বদা

উভয়প্রকার ইন্দ্রিয়গুলির আজ্ঞাধীন হইয়া আছি। ইন্দ্রিয়সমূহের সহিত ইন্দ্রিয়ভোগ্য বিষয়গুলির ষোগাযোগ রহিয়াছে। যদি ইন্দ্রিয়ভোগ্য বিষয়গুলি কাছে আদে, ইন্দ্রিয়সমূহ আমাদিগকে ঐগুলি গ্রহণ করিতে বাধ্য করে। আমাদের নিজম্ব পছন্দ বা স্বাধীনতা নাই। প্রকাণ্ড একটি নাসিকা হহিয়াছে। সামান্ত একটু স্থগন্ধ আসিভেছে, আমাকে ঐ ভ্রাণ গ্রহণ করিতেই হইবে। যদি কোন তুর্গন্ধ আসিত, তবে আমি বদিতাম, 'এই ভ্রাণ গ্রহণ করিও নাঁ'; কিন্তু প্রকৃতি বলিবে, 'গ্রহণ কর'। আমি এই ভ্রাণ গ্রহণ করি। একবার ভাবিয়া দেখুন, আমরা কি হইন্নাছি। আমরা নিজেদের বাঁধিয়া ফেলিয়াছি। আমার চক্ত আছে, ভাল-মন্দ যাহা কিছু চক্ষুর সম্থ দিয়া যাক না কেন, আমাকে দেখিতেই হইবে। শ্রবণষম্ভের ব্যাপারটিও এইরূপ। যদি কেহ বিরক্তির সহিত আমার দঙ্গে কথা বলে, আমাকে শুনিতেই হইবে। আমার শ্রবণেন্দ্রিয় আমাকে উহা শুনিতে বাধ্য করে এবং শুনিয়া আমি মনে মনে কত কট্টই না ভোগ করি। নিন্দা বা প্রশংসা যাহাই হউক, মামুষকে শুনিতেই হইবে। এমন বধির লোক আমি অনেক দেখিয়াছি, যাহারা দাধারণতঃ শুনিতে পায় না, কিন্তু তাহাদের সম্বন্ধে কিছু বলা হইলে তাহারা সব শুনিতে পায়।

এই আন্তর ও বাহু ইন্দ্রিয়নিচয় সাধক বা শিয়ের বশে থাকিবে। যে অবস্থায় মন অনায়াসে ইন্দ্রিয়ের বিক্তকে, স্বভাবের আদেশের বিক্তকে দাঁড়াইতে পারে, কঠোর অভ্যাসের ঘারা সাধক শিয় সেই অবস্থায় উন্নীত হইতে পারে। সে নিজের মনকে আদেশ করিতে সমর্থ হইবে, 'তুমি আমার। আমি তোমায় আদেশ করিতেছি, কোন কিছু দেখিও না বা বলিও না।' তৎক্ষণাৎ মন আর কিছু দেখিবে না বা শুনিবে না। কোন রূপ বা শব্দ মনের উপর প্রতিক্রিয়া করিবে না। সে-অবস্থায় ইন্দ্রিয়গুলির আধিপত্য হইতে মন মৃক্ত এবং ইন্দ্রিয়গুলি হইতে মন বিচ্ছিয়। শরীর ও ইন্দ্রিয়গুলির সহিত ইহা আর সংযুক্ত থাকে না। বাহিরের বস্তুসকল আর এখন মনকে আদেশ করিতে পারে না। মন এগুলির সহিত যুক্ত হইতে অস্বীকার করে। সম্মুধে হন্দর গদ্ধ রহিয়াছে; শিয় মনকে বলিল, 'ঐ ভ্রাণ গ্রহণ করিও না।' মন আর গদ্ধ আত্রাণ করিতে পারে না। যথ্ন এই শুরে পৌছিয়াছ, তখন জানিবে তুমি ঠিক ঠিক শিয় হইতে হক্ত করিয়াছ। এইজগ্রই যখন কেত্ব বলে,

'আমি সত্য জানিয়াছি,' তথন আমি বলি, 'ষদি সত্য জানিয়া থাকো, তবে নিশ্চয়ই তোমার আত্মসংবম হইয়াছে। ইন্দ্রিয়গুলি বশীভূত করিয়া সংবম-শক্তির পরিচয় দাও।'

তারপর মনকে শাস্ত করিতে হইবে। মন চঞ্চল হইরা ছুটিরা বেড়ার।
যে মৃহুর্তে আমি ধ্যান করিতে বসি, তৎক্ষণাৎ জগতের ঘুণ্যতম বিষয়গুলি
মনে আসিরা উপস্থিত হয়। সমগ্র ব্যাপারটি অত্যন্ত বিরক্তিকর। আমি
যেন মনের দাস। মন যতক্ষণ চঞ্চল এবং আয়তের বাহিরে, ততক্ষণ কোনরূপ
আধ্যাত্মিক জ্ঞান সম্ভব নয়। শিশ্তকে মনঃসংযম শিক্ষা করিতে হইবে।
অবশ্য মনের কার্যই চিন্তা করা। কিন্তু শিশ্যের অনভিপ্রেত হইলে মন নিশ্ন্যই
চিন্তা করিবে না; যথনই সে আদেশ করিবে, তথনই মনকে চিন্তা বন্ধ করিতে
হইবে। উপযুক্ত শিশ্য হইতে গেলে মনের এরপ অবস্থা অত্যন্ত প্রয়োজনীয়।

সহিষ্ণুতার প্রচণ্ড শক্তিও শিশ্বংক আয়ন্ত করিতে হইবে। ষথন চারিপাশে সব-কিছুই ভাল চলে, তথন জীবন বেশ আরামপ্রদ বোধ হয়, মনও ভাল থাকে। কিন্তু অপ্রীতিকর কিছু ঘটলেই সলে সলে মনের হৈর্থ নই হইয়া যায়। উহা ভাল নয়। সকল তৃঃথকষ্ট বিনা অভিযোগে, এতটুকু তৃঃখী না হইয়া, এতটুকু প্রতিরোধ প্রতিশোধ বা প্রতিকারের চেষ্টা না করিয়া সহ্ কর। ইহাই যথার্থ সহিষ্ণুতা। ইহা তোমাকে অর্জন করিতে হইবে।

পৃথিবীতে ভাল এবং মন্দ চিরকালই আছে। মন্দটির অন্তিম্ব আনেকে ভূলিয়া বায়—অস্ততঃ ভূলিবার চেষ্টা করে; যখন মন্দ আসে, তখন তাহারা উহা দ্বারা দহক্তে অভিভূত হইয়া পড়ে এবং বিরক্তি বোধ করে। আবার কেহ কেহ কোনরূপ মন্দের অন্তিম্বই স্বীকার করে না এবং দব কিছুকেই ভাল বলিয়া মনে করে। উহাও একটি তুর্বলতা, উহাও মন্দ জিনিদের প্রতি ভীতি হইতে সঞ্চাত। যদি কোন তুর্গদ্ধ দ্ব্যা থাকে, গোলাপ-জল ছিটাইয়া তাহাকে হুগদ্ধ বলা কেন? হ্যা, জগতে ভাল-মন্দ তুই-ই আছে। ভগবান্ মন্দ জিনিদ জগতে রাথিয়াছেন। কিছু তোমাকে তাহার উপর চুনকাম করিতে হইবে না। কেন মন্দ বহিয়াছে, দে-সম্বন্ধে তোমার মাথা-দামানো প্রশ্নেজন নাই। ভগবানে বিশাদ রাথো এবং চুপ করিয়া থাকো।

আমার গুরুদেব শ্রীরামরুষ্ণ অরুস্থ হইয়া পড়িলে জনৈক ত্রাহ্মণ রোগম্ভির জন্ত তাঁহাকে তাঁহার প্রবল মন:শক্তি প্রয়োগ করিতে বলিয়াছিল। তাহার মতে—আচার্যদেব যদি দেহের রোগাক্রান্ত অংশটির উপর তাঁহার মন একাগ্র করেন, তবে অল্প সারিয়া যাইবে। শ্রীরামকৃষ্ণ বলিলেন, 'কি! যে-মন ঈশরকে দিয়াছি, দেই মন এই তুচ্ছ শরীরে নামাইয়া আনিব?' দেহ এবং রোগের কথা তিনি ভাবিতে চাহিলেন না। তাঁহার মন সর্বদা ঈশরে তন্ময় হইয়া থাকিত। সে-মন সম্পূর্ণরূপে ঈশরে অর্ণিত হইয়াছিল। তিনি এই মন অন্ত কোন উদ্দেশ্যে ব্যবহার করিতে রাজী ছিলেন না।

স্বাস্থ্য, সম্পদ, দীর্ঘজীবন প্রভৃতি তথাকথিত ভাল ভাল জিনিদের জন্ম এই আকাজ্ঞা—মায়া বা ভ্রম ভিন্ন জার কিছুই নয়। এগুলি পাইবার জন্ম মনোনিবেশ করিলে ভ্রম দৃঢ় করা হয়। ইহজীবনে আমাদের এ-সকল স্বপ্ন ও মায়া আছে, এবং পরলোকে—স্বর্গে যাইয়া আমরা এগুলি আরও বেশী পরিমাণে পাইতে চাই। মায়া বাড়িয়া যায়। মন্দের প্রতিরোধ করিও না; ভাহার সমুখীন হও। তুমি মন্দ বা অশুভ অপেক্ষা অনেক বড়।

জগতে এই হৃংধ আছে, একজনকে তো তাহা ভোগ করিতে হইবেই।
কাহারও অনিষ্ট না করিয়া তুমি কোন কাজ করিতে পার না। আর যখন
তুমি পার্থিব শুভ কামনা কর, তথন শুধু আর একটি অশুভই এড়াইয়া যাও।
সেই অশুভ অপর কাহাকেও ভোগ করিতে হইবে। মন্দটি সকলেই অন্তের
ঘাড়ে চাপাইতে চায়। সাধক বলিবে, 'জগতের সকল হৃংধ আমার নিকটে
আসিতে দাও। আমি এগুলি সহু করিব। অপরকে মৃক্ত হইতে দাও।'

কুশবিদ্ধ মহামানবকে শারণ কর। জয়লাভ করিবার জান্ত তিনি অসংখ্য দেবদ্ত আনিতে পারিতেন। কিন্তু তিনি প্রতিরোধ করিলেন না। বাহারা তাঁহাকে কুশে বিদ্ধ করিল, তাহাদিগকে তিনি কয়ণা করিলেন। তিনি সকল তৃংথকষ্ট ও অপমান সহ্য করিলেন। সকলের ভার তিনি নিজের য়য়ে গ্রহণ করিলেন। 'ভোমরা যাহারা অভিশয় তৃংখভারাক্রান্ত, তাহারা আমার নিকটে আইস। আমি ভোমাদের তৃংখ দূর করিব এবং শাস্তি দিব।'' ইহাই ষথার্থ সহনশীলতা। তিনি এই জীবনের কত উর্ধে ছিলেন—এত উর্ধে যে, আমরা ক্রীতদাসগণ তাহা ধারণাও করিতে পারি না! আমার গালে কেহ চড় মারিলেই আমার হাত সশব্দে আর একটি চড় মারিয়া দেয়!

N. T. Matt., XI, 28.

আমি কিরুপে সেই মহিমময় পুরুষের মহত্ত ও চিত্তের প্রশান্তি ধারণা করিছে পারি ? তাঁহার মহিমা আমি কি বুঝিব ?

কিন্ত আদর্শকে আমি নীচে নামাইয়া আনিব না। আমি অহতেব করি, আমি দেহ; আমি অন্তারের প্রতিরোধ করি। আমার মাধা ধরিলে তাহা সারাইবার জন্ত সারা পৃথিবী ঘুরিয়া বেড়াই, ছই হাজার শিশি ঔষধ ধাই। কেমন করিয়া আমি এ-সকল অপূর্ব চরিত্র ব্ঝিতে পারিব? আদর্শ আমি দেখিতে পারি—কিন্তু আদর্শের কভটুকু? এই দেহের কোন চেতনা, কোন তুচ্ছ অহং-ভাব, কোন আনন্দ-বেদনা, হ্বথ-ছংখ সেই স্তরে পৌছিতে পারে না। সর্বদা শুরু চৈতক্তবিষয়ক চিন্তা করিয়া এবং মনকে জড়বন্তর উর্দ্ধে রাখিয়া আমি সেই আদর্শের আভাসমাত্র পাইতে পারি। জড়বন্তর চিন্তা এবং ইন্দ্রিয়-জগতের রীতিনীতির কোন হান সেই আদর্শে নাই। এগুলি হইতে মন তুলিয়া আত্মার সমাহিত কর। তোমার জীবন ও মৃত্যু, হ্বথ ও ছংথ, নাম ও যশ সব ভুলিয়া যাও এবং অহভব কর—তুমি শরীর বা মন নও, তুমি শুদ্ধ আত্মা।

আমি যথন 'আমি' বলি, তথন এই চৈতক্ত বা আত্মাকেই বৃঝি। যথন তৃমি নিজের 'আমি' সহজে চিন্তা কর, তথন চক্ষ্ মৃদ্রিত করিয়া দেখ—কোন্ছবি ফুটিয়া উঠে। তোমার দেহচিত্র কি মনে জাগিতেছে ? অথবা মনের প্রকৃতি ? যদি তাই হয়, তবে তৃমি এখনও সত্য 'আমি'কে জানিতে পার নাই। এমন সময় আসিবে, যথন 'আমি' বলিতে বলিতে সমগ্র জগৎ—দেই অনস্থ সত্তা উদ্ভাগিত দেখিতে পাইবে। তথন তৃমি নিজের সত্য স্বরূপকে দেখিতে পাইবে এবং নিজের অনস্থ সত্তাকে উপলব্ধি করিবে। তৃমি চৈতক্তময়, তৃমি জড় পদার্থ নও—ইহাই সত্য। লম বলিয়া একটি অহত্তি আছে—এক বস্তুকে আরু এক বস্থ বলিয়া লম হয়—জড়কে চৈতক্ত এবং চৈতক্তকে জড়বিয়া মনে হয়। ইহাই প্রচণ্ড লম। ইহা দূর করিতে হইবে।

থিকর প্রতি শিশুকে শ্রেমাবান্ হইতে হইবে—ইহাই পরবর্তী সাধনা।
পাশ্চাত্য গুরু শিশুকে শুধু বৃদ্ধিগ্রাহ্থ শিক্ষা দিয়া থাকেন। গুরুর সহিত
শিশ্যের সম্পর্ক জীবনের শ্রেষ্ঠ সম্পর্ক। গুরু আমার নিকটতম ও প্রিশ্বতম
আত্মীয়, তারপর মাতা, তারপর পিতা। গুরুর প্রতিই আমার শ্রেমা সর্বপ্রথমে নিবেদিত। যদি পিতা বলেন, 'ইহা কর' এবং গুরু বলেন, 'ইহা করিও না'—আমি তাহা করি না। গুরু আমার আতার মৃক্তিসাধন করেন।
পিতামাতা আমার শরীর দিরাছেন, কিন্ত গুরু আমাকে আতার মধ্যে নবজয়
দান করিয়াছেন।

আমাদের কতকগুলি অভুত বিশাস আছে। একটি এই—অতি অর করেকটি অসাধারণ আত্মা আছেন, যাঁহারা নিত্যমূক্ত এবং যাঁহারা অগতের কল্যাণের নিমিত্ত মানবরূপে জন্মগ্রহণ করেন। তাঁহারা মুক্তই আছেন; নিজেদের মৃক্তির জন্ত তাঁহারা গ্রাহ্ম করেন না, অপরকে সাহাধ্য করিতে চান। তাঁহাদের কিছু শিধিবার প্রয়োজন নাই। শৈশব হইতে তাঁহারা সব জানেন। ছন্নমাসের শিশু হইয়াও তাঁহারা পরমসত্যের বাণী বলিতে পারেন।

এই মৃক্তাত্মাদের উপরেই মহয়জাতির উরাত নির্ভর করে। তাঁহারা বেন প্রথম দীপের হ্যায়—এই দীপটি হইতে অপর দীপগুলি জলিয়া উঠে।
ইহা সত্য বে, সকলের অন্তরেই আলোক রহিয়াছে, কিন্তু অধিকাংশ ব্যক্তির অন্তরেই ইহা প্রচ্ছর। মহাপুরুষগণ প্রথম হইতেই এই আলোকে ভাত্মর।
বাহারা তাঁহাদের সংস্পর্নে আসে, তাহাদের হৃদয়দীপত্ত যেন প্রজ্ঞলিত হয়া উঠে। ইহা বারা প্রথম দীপটির কোন ক্ষতি হয় না, প্রথম দীপটি অপর দীপগুলিতে আলোক সঞ্চার করে। কোটি কোটি দীপ প্রজ্ঞলিত হয়, কিন্তু প্রথম দীপটি পূর্বের মতোই অনির্বাণ তেজে জলিতে থাকে। প্রথম দীপটি গুরু। বে দীপটি এই প্রথম দীপের শিখা হইতে প্রজ্ঞলিত হয়, সে শিয়া। ক্রমে এই বিতীয় ব্যক্তিও গুরু হন—এইভাবে চলিতে থাকে। বাহাদের আপনারা অবভারপুক্ষ বলিয়া থাকেন, সেই মহাপুরুষগণ বিপুল অধ্যাত্মশক্তির আধার। তাঁহারা সাক্ষাৎ শিয়দের মধ্যে ঐ শক্তি সঞ্চার করেন এবং শিয়্য-পরক্ষরা এক বিরাট অধ্যাত্মশক্তির প্রবর্তন করেন।

গ্রীষ্টান বিশপ হন্তবারা কাহারও মন্তক স্পর্ণ করিয়া নিজে পূর্বগ বিশপের নিকট যে শক্তি লাভ করিয়াছিলেন, সেই শক্তি লক্ষার করিয়াছেন বলিয়া দাবি করেন। বিশপ বলেন, বীশু তাঁহার লাকাং শিশুদের মধ্যে নিজের শক্তি লক্ষার করিয়াছিলেন, শিশুগণ আবার অপরের মধ্যে সেই শক্তি লক্ষার করেন। এইভাবেই পরস্পরাক্রমে গ্রীষ্টের শক্তি তাঁহার নিকট আদিয়াছে। আম্রা বিশাস করি, শুধু বিশপগণ নন, আমাদের প্রত্যেককেই সেই শক্তি

লাভ করিতে হইবে। আপনারা প্রত্যেকেই সেই প্রচণ্ড অধ্যাত্মশক্তির আধার হইতে পারেন। কেন হইতে পারিবেন না ? না হইবার কোন কারণ নাই।

কিন্তু প্রথমে আপনাকে একজন গুরু—যথার্থ গুরু খুঁজিয়া লইতে হইবে। মনে রাখিতে হইবে যে, তিনি সামাত্ত মানব মাত্র নন। আপনি একজন দেহধারী গুরু লাভ করিতে পারেন, কিন্তু প্রকৃত গুরু দেহের মধ্যে নাই। চোখে যেমন দেখিতেছেন, গুরু সেইরূপ দেহধারী মাহ্যু নন। গুরু আপনার নিকট মানবরূপে আসিতে পারেন এবং আপনি তাঁহার নিকট শক্তিলাভও করিতে পারেন। কখন কখন তিনি স্বপ্নে দেখা দিয়া শক্তি সঞ্চার করেন। গুরুর শক্তি আমাদের নিকট নানাভাবে আসিতে পারে। কিন্তু আমাদের জ্যু শুরুর আমাদের জ্যু গুরু অবশ্রই আসিবেন। তাঁহার আবির্তাব-ক্ষণ অবধি আমাদের প্রস্তুতি চলিবে।

আমরা বক্তৃতা শুনি, পুন্তক পড়ি, ঈশ্বর আত্মা ধর্ম ও মৃক্তি দম্বদ্ধে তর্কবিত্তর্ক করি। এগুলি আধ্যাত্মিকতা নয়, কারণ আধ্যাত্মিকতা পুন্তকে দর্শনে বা মতবাদে নাই। ইহা বিহ্যা বা বিচারে নাই, অন্তরের প্রাকৃত বিকাশে নিহিত। তোতাপাথিও বুলি মনে রাথিয়া আওড়াইতে পারে। যদি আপনি বিহান্ হইয়া থাকেন, তাহাতে কি আসে যায়? গর্দভেরা সমগ্র গ্রহাগারটি পূর্চে বহন করিয়া লইয়া যাইতে পারে। স্ক্তরাং যথন যথার্থ আলোক আসিবে, তথন পুঁথিগত বিহ্যার আর প্রয়োজন হইবে না। নিজের নামটি পর্যন্ত সই করিতে অক্ষম ব্যক্তিও ধার্মিক হইতে পারেন, আবার পৃথিবীর যাবতীয় গ্রহাগারের জ্ঞানরাশি যাহার মন্তকে পুঞ্জীভূত আছে, তিনিও পারেন না। আধ্যাত্মিক উন্নতি পুঁথিগত বিহ্যার অপেক্ষা রাথে না। পাণ্ডিত্যের উপর আধ্যাত্মিকতা নির্ভর করে না। গুকর স্পর্শ—শক্তি-সঞ্চার বারা আপনার হৃদয় জাগ্রত হইবে। তারপরই আধ্যাত্মিক উন্নতির আরম্ভ। উহাই যথার্থ অগ্রিময়ে দীক্ষা। আর থামিতে হইবে না, আপনি ক্রমেই অগ্রগর হইবেন।

করেক বংসর পূর্বে আমার এক বন্ধু প্রীষ্টান ধর্মধাজক আমাকে জিজ্ঞাসা করেন, 'তুমি কি প্রীষ্টে বিশ্বাসী?' আমি উত্তর দিলাম, 'হাা, বোধ হয় একটু অধিক শ্রদ্ধার সহিত বিশ্বাসী।' 'তাহা হইলে প্রীষ্টধর্মে দীক্ষিত হও না কেন?' 'কেমন করিয়া দীক্ষিত হইব? কাহার বারা?' যথার্থ দীক্ষাদাতা কোথায় ? দীক্ষা কি ? ইহা কি কতকগুলি বাঁধা-ধরা মন্ত্র আওড়াইয়া জল ছিটানো, না জোর করিয়া ধরিয়া জলে ডুবানো ?

দীক্ষা হইতেছে সাক্ষাৎভাবে আধ্যাত্মিক জীবনে প্রবেশ। যথার্থ দীক্ষালাভ করিলে জানিবেন—আপনি দেহ নন, আপনি আত্মা। যদি পারেন, তবে সে দীক্ষা আমায় দিন, যদি তাহা না পারেন, তবে তো আপনারাই খ্রীষ্টান নন। তথাকথিত দীক্ষালাভের পরেও আপনারা তো প্র্বের মতোই রহিয়া গিয়াছেন। খ্রীষ্টের নামে আপনারা দীক্ষিত হইয়াছেন—এ-কথা বলার অর্থ কি? শুধু কথা আর কথা—আর জগৎকে নিজ নিজ মূর্যতার দ্বারা বিরক্ত করিয়া তোলা! 'অজ্ঞান-অন্ধকারে আচ্ছন্ন থাকিয়াও নিজেদের জ্ঞানী ও বিদ্বান্ মনে করিয়া মূর্যেরা অন্ধচালিত অন্ধের ন্যায় যত্র তত্র ঘ্রিয়া বেড়াইতেছে।' স্করাং এ-কথা বলিবেন না যে, আপনারা খ্রীষ্টান; আর দীক্ষা (Baptism) প্রভৃতির ন্যায় তত্ত্ব লইয়া বাগাড়ম্বর করিবেন না।

অবশ্য যথার্থ দীক্ষা আছে, জগতে আদিয়া যীশু যখন প্রথম তাঁহার বাণী প্রচার করিয়াছিলেন, তথন দীক্ষা ছিল। যুগে যুগে যে-সকল মুক্তাআ মহাপুরুষ আবিভূতি হন, আমাদের নিকট অতীন্দ্রিয় জ্ঞান প্রকাশ করিবার শক্তি তাঁহাদের আছে। ইহাই যথার্থ দীক্ষা। আপনারা দেখিতেছেন, প্রত্যেক ধর্মের বিধি ও অমুষ্ঠানাদি প্রচলিত হইবার পূর্বেই সর্বজনীন সত্যের বীক্ষ বিভ্যমান রহিয়াছে। কালক্রমে এই সভ্য লোকে ভূলিয়া যায়; বাহু অমুষ্ঠানাদি যেন ইহার খাসরোধ করিয়া ফেলে। বাহিরের পদ্ধতিগুলি বজায় থাকে, কিন্তু ভিতরের ভাবটি চলিয়া যায়। শুধু বাহিরের আধারটি আমরা দেখিতে পাই। দীক্ষার বাহু রূপটি আছে।

কিন্তু অতি অল্প ব্যক্তিই ইহার অন্তর্নিহিত শক্তি উদুদ্ধ করিতে পারেন। বাহ্ আচারই যথেষ্ট নয়। আমরা যদি প্রত্যক্ষ সত্যের সাক্ষাৎ জ্ঞান লাভ করিতে চাই, তবে আমাদিগকে ঐ বিষয়ে যথার্থভাবে দীক্ষিত হইতে হইবে। ইহাই আদর্শ।

গুরু আমাকে অবশুই শিক্ষাদান করিয়া আলোকের পথে পরিচালিত করিবেন এবং যে গুরুশিয়-পরম্পরার তিনি নিজে একটি যোগস্তা, আমাকেও

তাহার যোগতত করিয়া লইবেন। যে-কোন লোক নিজেকে গুরু বলিয়া দাবি করিতে পারে না। গুরু হইবেন ভিনি, যিনি সেই পারমার্থিক সভ্য জানিয়াছেন—প্রত্যক্ষ করিয়াছেন, যিনি নিজেকে চৈত্যুস্বরূপ বলিয়া অহতে করিয়াছেন। শুধু কথা বলিলেই কেহ গুরু হইতে পারে না। আমার মতো বাক্যবাগীশ মূর্থ অনেক কথা বলিতে পারে, কিন্তু গুরু হইতে পারে না। যথার্থ গুরু শিশুকে বলিবেন, 'যাও, আর পাপ করিও না'—সে আর পাপ করিতেই পারে না। তাহার আর পাপ করিবার শক্তিই থাকে না)

আমি এই জীবনে এরপ ব্যক্তি প্রত্যক্ষ করিয়াছি। বাইবেল প্রভৃতি
শাস্ত্র আমি পড়িয়াছি। এগুলি অপূর্ব। কিন্তু পৃস্তকে সেই প্রাণবন্ত শক্তির
সাক্ষাৎ পাইবেন না, যে-শক্তি মৃহুর্তে জীবন পরিবর্তন করিতে পারে, তাহা
শুধু জীবনুক্ত মহাপুরুষগণের মধ্যেই দেখিতে পাওয়া যায়; জ্ঞানের উজ্জ্ঞল
বিগ্রহ এই মহাপুরুষগণ মাঝে মাঝে আমাদের মধ্যে আবিভূতি হন।
তাঁহারাই গুরু হইবার উপযুক্ত। তুমি আমি কেবল র্থা বচনবাগীশ, গুরু
বা আচার্য নই। শুধু কথার কোলাহলে জগৎকে বিত্রত করিতেছি।
চিন্তাজগতে অপুন্ত কম্পনের স্পষ্ট করিতেছি। আশা, প্রার্থনা ও সংগ্রামের
মধ্য দিয়া আমরা অগ্রদর হই, একদিন আমরা সত্যে উপনীত হইব, তথন
আর আমাদের কথা বলিতে হইবে না।

'গুরুর বয়:ক্রম বোড়শবর্ষ; তিনি অশীতিপর বৃদ্ধকে শিক্ষা দিতেছেন। গুরুর শিক্ষাপদ্ধতি নীরবতা আর শিয়ের সমস্ত সংশয় ছিল্ল হইতেছে।' ' ইহাই গুরুর বর্ণনা। ভাবিয়া দেখুন, এইরূপ এক ব্যক্তিকে পাইলে তাঁহার প্রতি আপনার কিরূপ বিশাস ও ভালবাসা হইবে। কারণ তিনি স্বয়ং ভগবান্ অপেক্ষা কিছু কম নন! এ জ্যুই খ্রীষ্টের শিয়াগণ তাঁহাকে ঈশ্বর বলিয়া পূজা করিতেন। শিয় গুরুকে সাক্ষাৎ ঈশ্বর বলিয়া পূজা করিবে। যতক্ষণ না মাহ্ম্য ভগবান্কে সাক্ষাৎভাবে উপলব্ধি করিতেছে, ততক্ষণ সে ভগবানের যতটুকু জানিতে পারে, তাহা এই মানবদেহধারী নরদেবভারণেই জানিতে পারে। আর অন্য কি ভাবে সে ভগবানকে জানিতে পারে ?

তুলনীয়: চিত্রং বটভয়োম্লে বৃদ্ধা: শিক্সা: গুল্পুবা।
 গুরোল্ক মৌনং ব্যাথ্যানং শিক্সাল্ক ছিল্পসংশয়া:। দক্ষিণামৃতিভোত্রম্, ১২

এখানে আমেরিকায় একজন ব্যক্তি— এইজানের উনিশ-শত বংসর পরে জনগ্রহণ করিয়াছে, এই যে জাতিতে জনিয়াছিলেন, সে সেই ইছদীজাতিসভ্তও নয়, সে যীশু অথবা তাঁহার পরিবারবর্গকে দেখে নাই। সে রলে, 'যীশু ছিলেন ভগবান্। যদি বিশ্বাস না কর, তবে নরকে যাইবে।' আমরা ব্ঝিতে পারি, যীশুর শিশ্বগণ কিভাবে বিশ্বাস করিতেন, এই ভগবান্। তিনি তাঁহাদের গুরু ছিলেন। স্তরাং তাঁহারা যীশুকে অবশ্রই ঈশ্বর বিশ্বাস করিতেন। উনিশ-শত বংসর পূর্বে আবিভূতি মাহ্যটিকে লইয়া এই আমেরিকান কি করিবে? এই যুবকটি আমায় বলিতেছে, যীশুকে আমি বিশ্বাস করি না, অভএব আমাকে নরকে যাইতে হইবে। যীশু সম্বন্ধে সে কি জানে? সে পাগলা-গারদে থাকিবার উপযুক্ত। এরপ বিশ্বাস চলিবে না। তাহাকে তাহার গুরু খুঁজিয়া বাহির করিতে হইবে।

ষীশু আবার জনগ্রহণ করিতে পারেন, আপনার নিকট আদিতে পারেন।
তখন যদি আপনি তাঁহাকে ভগবান্ বলিয়া পূজা করেন, ভাল কথা। গুরুর
আবির্তাব অবধি আমরা অবশুই প্রতীক্ষা করিব এবং গুরুকে ঈশরের শুায় পূজা
করিতে হইবে। তিনি ঈশর, ঈশর অপেকা কিছু কম নন। প্রকলে লক্ষ্য
করিলে দেখিতে পাইবে, ক্রমে তিনি লীন হইয়া যাইতেছেন। পরে কি থাকে ?
গুরুম্তি ভগবানের জন্ম আদন ছাড়িয়া দেন। আমাদের নিকট আদিবার জন্ম
ভগবান্ গুরুর জ্যোতির্ময় মূর্তি ধরিয়া থাকেন। স্থিরভাবে নিরীক্ষণ করিতে
থাকিলে এই মৃতির আবরণ ক্রমশঃ ধসিয়া বায়, ভগবান্ প্রকাশিত হন।

'আমি গুরুকে প্রণাম করি, যিনি ব্রহ্মানন্দের মূর্ত বিগ্রহ, পরমন্থ্যদ ও পরমজ্ঞানের প্রতিমৃতি, যিনি পবিত্র পূর্ণ অন্বিতীয় অনস্ত স্থ্য-চুংথের অতীত অচিন্তা ভাবাতীত ও ত্রিগুণরহিত।' ইনিই প্রকৃত গুরু। শিশু যে তাঁহাকে স্বয়ং ভগবান্ বলিয়া মনে করিবে, তাঁহাকে বিশাস করিবে, প্রদ্ধা করিবে, এবং সন্দেহাতীত ভাবে অহসরণ করিবে, তাহাতে আশ্রুবের কিছু নাই। গুরু-শিশ্যের মধ্যে ইহাই সম্বন্ধ।

ব্রহ্মানদাং পরমন্থবদং কেবলং জ্ঞানমূর্তিং
ছন্থাতীতং গগনসদৃশং তত্ত্বমস্তাদিলক্ষ্যমৃ ।
একং নিত্যাং বিমলমচলং দর্বধীসাক্ষীভূতং
ভাবাতীতং ত্রিগুণরহিতং সদ্গুরুং তং নমামি ।—গুরুগীতা

মৃক্তিলাভের অন্ত শিশুকে প্রবল আকাজ্ঞা করিতে হইবে—ইহাই পরবর্তী সাধন। ইক্সিয়নিচয় আমাদিগকে কেবল দক্ষ করে, বাসনা বৃদ্ধি করে—ইহা জানিয়াও পতকের স্থায় আমরা অগ্নিশিখায় ঝাঁপাইয়া পড়িতেছি। 'উপভোগের হারা বাসনা কথনও তৃপ্ত হয় না। ঘুডাছতির হারা অগ্নি বেমন বৃদ্ধি পায়, তেমনি ভোগের হারা ভোগ বাড়িয়াই চলে।' বাসনা হারা বাসনা বৃদ্ধিপ্রাপ্ত হয়। ইহা জানিয়াও মাহ্ম্য সর্বদাই ইহাতে ঝাঁপাইয়া পড়ে। জন্ম জন্ম ধরিয়া তাহারা ভোগ্য বস্তব পশ্চাতে ধাবিত হইতেছে এবং ফলে অপরিসীম হংখ ভোগ করিতেছে, তথাপি বাসনা ত্যাগ করিতে পারে না। যে-ধর্ম তাহাদিগকে এই ভীষণ বাসনার বন্ধন হইতে মৃক্ত করিবে, তাহাকেও তাহারা বাসনা-পরিতৃপ্তির উপায় করিয়া তুলিয়াছে। শরীর ও ইন্দ্রিয়ের বন্ধন এবং বাসনার দাসত্ব হইতে মৃক্তিলাভের জন্ম তাহারা কচিৎ কথন ভগবানের নিকট প্রার্থনা করিয়া থাকে। তৎপরিবর্তে তাহারা যান্থ্য ও দীর্ঘজীবনের জন্ম প্রার্থনা করে, 'হে ঈশ্বর! আমার মাথার বেদনা সারাইয়া দাও। আমায় কিছু টাকাকড়ি বা অন্য কিছু দাও।'

দৃষ্টির পরিধি এত সঙ্কীর্ন, এত নীচু, এত পশুবং হইয়া দাড়াইয়াছে! কেইই এই দেহের উর্ধের কিছু চাহিতেছে না। হায়, কি ভয়য়র অবনতি! কি ভয়ানক ত্র্দশা! এই মাংস্পিণ্ড, পাঁচটি ইন্দ্রিয় আর উদর! শিল্প ও উদরের সমাবেশ ছাড়া জগৎটা আর কি? কোটি কোটি নরনারীর পানে চাহিয়া দেখ—তাহারা এইজ্জুই জীবনধারণ করিয়া আছে। তাহাদের নিকট হইতে এই বস্তু-তুইটি সরাইয়া লও, তাহারা মনে করিবে জীবন শৃষ্ট অর্থহীন ও অসহনীয়। আমরা এইয়প, আর আমাদের মনও এইয়প। এই মন সর্বদা ক্র্ধা ও কাম চরিতার্থ করিবার পথ ও উপায় থ্লিতেছে। স্ব্দাই এইয়প চলিতেছে। তৃঃথক্টও ভেমনি অনস্ত। দেহের এই-সকল তৃষ্ণা ও ধ্ব কণিক তৃপ্তি এবং অশেব তৃঃধের কারণ হয়। এ যেন পয়েয়ম্থ বিষকুজ্বের অবস্থা। কিন্তু ভ্রাপি আমরা এগুলির জন্ম লালায়িত হই।

ন জাতু কাম: কামানাম্পভোগেন শামাতি।
 হবিষা কৃষ্ণৰক্ষেব ভুয় এবাভিবর্ধতে।

কি করা ষায়? ইন্দ্রিয়-দমন এবং বাসনা-ত্যাগই এই ছঃখমোচনের একমাত্র উপায়। আধ্যাত্মিক জীবন লাভের জন্ম বাসনা ত্যাগ করিতে হইবে। ইহা প্রকৃত পরীক্ষা। এই নির্বেক ইন্দ্রিয়সর্বস্থ সংসার বর্জন কর। যথার্থ বাসনা মাত্র একটি আছে: সত্যোপলন্ধির বাসনা—অধ্যাত্মজীবন-লাভের বাসনা। জড়বাদ বা অহংসর্বস্থতা আর নয়। আমাকে আধ্যাত্মিক হইতে হইবে। দৃঢ় ও তীর ইচ্ছা চাই। কোন ব্যক্তির হাত-পা বাধিয়া তাহার শরীরে এক-টুকরা জলস্ত কয়লা রাধিয়া দিলে সে উহা ফেলিয়া দিতে যথাশক্তি চেষ্টা করে। যদি এই জলস্ত সংসারকে দ্বে সরাইয়া ফেলিতে আমার সেইক্লপ তীর ইচ্ছা ও অবিরাম চেষ্টা চলিতে থাকে, তবেই পরম সত্যের আভাদ লাভ করিবার সময় উপস্থিত হইবে।

আমাকে লক্ষ্য করন। তুই-তিনটি ডলার সহ আমার ছোট পকেট বইটি হারাইয়া গেলে ঘরের মধ্যে বিশ্বার খুঁজিয়া বেড়াই। কত উদেগ, কত চুলিস্তা, কত চেষ্টা! যদি আপনাদের কেছ আমাকে কোন বাধা দেন, তবে কুড়ি বংসর উহা আমার মনে থাকে, সেই ঘটনাটি ক্ষমা করিতে বা ভূলিয়া ঘাইতে পারি না। ইন্দ্রিয়ের অতি কুদ্র বিষয়গুলির জন্ম আমি ঐরপ চেষ্টা করিতে পারি। ভগবানের জন্ম কে ঐরপ চেষ্টা করে? 'কৌড়ারত শিশু সব কিছুই ভূলিয়া থাকে। যুবকগণ ইন্দ্রিয়সজোগের জন্ম উমত্র; তাহারা অন্য কিছুর চিন্তা করে না। প্রাচীনেরা তাহাদের অতীত হৃদর্শের চিন্তায় ময়।'' বৃদ্ধেরা আর উপভোগ করিতে পারে না, তাহারা অতীতে যাহা ভোগ করিয়াছিল, তাহার কথাই ভাবিতেছে। জাবর কাটিতেই বৃদ্ধেরা থুব দক্ষ। বিষয়ভোগের জন্ম মায়ৰ ষেভাবে তীত্র আকাজ্যা করে, ভগবানের জন্ম কেইই তেমন করে না।

দকলেই বলিয়া থাকে ঈশব সত্য-শ্বরূপ, একমাত্র নিভ্য বস্তু, আত্মাই আছে, জড় নাই। তথাপি ভগবানের নিকট তাহারা যে-যে বিষয়ে প্রার্থনা করে, দেগুলি কদাচিৎ আত্মবিষয়ক। তাহারা সর্বদাই জড়বস্ত চায়। তাহাদের প্রার্থনায় জড়বস্তু হইতে আত্মাকে পৃথক্ করা হয় না। ধর্মের

বালন্তাবং ক্রীড়াসক্তন্তরণন্তাবং তরুণীরক্ত:।
 বৃদ্ধন্তাব্চিন্তামগ্র: পরমে ব্রহ্মণি কোহণি ন লগ্ন: ।—মোহমুলার, শঙ্করাচার্য

কতদ্ব অবনতি ঘটয়াছে! সমগ্র ব্যাপারটিই মেকী হইয়া দাঁড়াইয়াছে।
বংসরের পর বংসর চলিয়া গেলেও কোন আধ্যাত্মিক উপলব্ধি হইতেছে না।
মাহ্য শুধু একটি জিনিসের জন্তই আকাজ্যা করিবে—আত্মার জন্ত, কারণ
একমাত্র আত্মাই আছে। ইহাই আদর্শ। যদি আপনি এখনই ইহা লাভ
করিতে না পারেন, তবে বলুন, 'আমি ইহা লাভ করিতে পারিতেছি না।'
কিন্তু আপনি হোই আদর্শ, কিন্তু এখনও অহুসরণ করিতে পারিতেছি না।'
কিন্তু আপনি তো তাহা করেন না। ধর্মকে আপনারা নিমন্তরে নামাইয়া
আনিয়া আত্মার নামে জড়বন্ত খুঁজিয়া বেড়াইতেছেন। আপনারা সকলেই
নান্তিক, ইন্দ্রিয় ব্যতীত আর কিছুতেই বিখাদ করেন না। 'অমুক ব্যক্তি
এইরপ বলিয়াছিল—ইহার মধ্যে কিছু থাকিতে পারে। এস, চেষ্টা করি
আর মজা দেখি। হয়তো কোন উপকার হইবে; হয়তো আমার ভাঙা পাখানি জ্বোড়া লাগিয়া যাইবে।'

ক্ষাব্যক্তিরা বড় তুঃথী, তাহারা ঈশবের পরম উপাদক, কারণ তাহাদের ধারণা—ঈশবের নিকট প্রার্থনা করিলে তিনি তাহাদিগকে রোগম্ক করিয়া দিবেন। যদি এই প্রার্থনা আন্তরিক হয় এবং যদি তাহারা মনে রাথে যে, এই প্রার্থনা ধর্ম নয়, তবে এরপ প্রার্থনা যে একেবারে মন্দ, তাহা নয়। গীতায় প্রীকৃষ্ণ বলিয়াছেন, 'চার প্রকার লোকে আমাকে ভজনা করে—আর্ত, অর্থার্থী, জিজ্ঞাস্থ ও জ্ঞানী।'' আর্ত মাহ্য তুঃথমোচনের জন্ম ভগবানের নিকট প্রার্থনা করে। অহস্থ হইলে তাহারা আরোগ্য-কামনায় পূজা করে; দম্পদ হারাইলে পুনঃপ্রাপ্তির জন্ম প্রার্থনা করে। আবার অনেকের মন কামনায় পূর্ণ বলিয়া ভগবানের নিকট নাম, যশ, দম্পদ, প্রতিষ্ঠা ইত্যাদি প্রার্থনা করে। তাহাদের প্রার্থনা এইরূপঃ 'হে মাতা মেরী! আমি যাহা চাই, তাহা পাইলে তোমার পূজা দিব। তুমি যদি আমার প্রার্থনা পূর্ণ কর, তবে আমি ঈশবের পূজা\ করিব এবং তোমাকে সব কিছুর অংশ দিব।' যাহারা অতটা জড়বাদী নয়, অথচ ঈশবের বিশ্বাসীও নয়—এমন লোকেরা তাঁহাকে জানিতে চায়। তাহারা তত্বাহেষী। তাহারা দর্শন ও ধর্মশান্তাদি অধ্যয়ন করে, বক্তৃতাদি প্রবণ করে, তাহারা

১ গীতা, ৭।১৬

জিজান্থ। ষাহারা ভগবানের আরাধনা করে এবং তাঁহাকে জানিতে পারে—তাহারা দর্বশেষ শ্রেণীর সাধক। এই চারি স্তরের সাধকই ভাল— কেহই মন্দ নয়। তাহারা দকলেই ঈশবের আরাধনা করে।

কিন্তু আমরা শিশু হইবার সাধনা করিতেছি। আমাদের দিশুর্ণ উদেশু হইবে পরমদত্যকে জানা, আমাদের দশ্য উচ্চতম। 'পরিপূর্ণ উপলব্ধি' প্রভৃতি বড় বড় কথা আমরা বলিয়াছি। কথা অহ্যায়ী কাল করা চাই। (আত্মভাবে প্রতিষ্ঠিত হইয়া আহ্মন আমরা আত্মার উপাদনা করি। আমাদের দাধনার ভিত্তি, দাধনার পথ ও চরম ফল দবই হউক চৈতন্তময়। কোথাও জড়-জগৎ থাকিবে না। জগৎ চলিয়া যাক্, মহাশুন্তে ঘ্রিতে থাকুক—কে ইহা গ্রাহ্ করে? আত্মায় প্রতিষ্ঠিত হউন। উহাই লক্ষ্য। আমরা জানি, এখনও দক্ষাস্থলে পৌহিতে পারি নাই। কিছুই আদে যায় না; হতাশ হইবেন না। হতাশ হইয়া আদর্শকে নীচে নামাইয়া আনিবেন না। প্রয়োজনীয় কথা এই: নিজেকে আপনি কডটা কম এই প্রাণহীন জড়দেহ বলিয়া ভাবিতেছেন, আর কডটাই বা জ্যোতির্ময় অমর আত্মা বলিয়া চিস্তা করিতেছেন। যতই নিজেকে জ্যোতির্ময় অমর আত্মারূপে চিস্তা করিবেন, ততই দেহ ও ইন্রিয়ের বন্ধন হইতে দশ্র্ণভাবে মৃক্ত হইবার জন্ম ব্যাকুল হইবেন। ইহাই তীত্র মৃমৃক্ত্রী

শিশু হইবার চতুর্থ এবং সর্বশেষ সাধন—নিত্যানিত্য-বিচার। ঈশ্বরই একমাত্র নিত্য বস্তু। সদাসর্বদা মন ঈশবের প্রতি আরুষ্ট থাকিবে, নিবেদিত থাকিবে। ঈশবই আছেন, আর কিছুই নাই; আর সব কিছু আদে এবং চলিয়া বায়। এই সংসারের জক্ত কোনরূপ বাসনাই ভ্রম, কারণ এ সংসার অনিত্য। যতক্ষণ পর্বস্ত না অন্ত সব কিছু অনিত্য বলিয়া বোধ হয়, ততক্ষণ একমাত্র ঈশবসহন্ধে ক্রমে ক্রমে—মনকে সচেতন করিয়া তুলিতে হইবে।

যিনি শিশু হইতে চান, তাঁহাকে এই সকল শর্ত পূর্ণ করিতে হইবে।
নচেৎ তিনি প্রকৃত গুরুর সারিধ্যে আসিতে পারিবেন না। আর যদি
সোভাগ্যবশতঃ গুরুলাভও হয়, তথাপি গুরু যে আধ্যাত্মিক শক্তি তাঁহার
মধ্যে সঞ্চার করিবেন, তাহা ঘারা উদ্বুদ্ধ হইতে পারিবেন না। এ-সকল
সাধনার মধ্যে কোন আপস চলিবে না। এই শর্তগুলি পূর্ণ করিলে এবং
এইরূপ প্রস্তুতি থাকিলে শিশ্যের হৃদয়ক্মল বিক্লিত হইয়া উঠিবে, তথনই
মৌমাছি আসিবে। শিশু তথন জানিতে পারিবেন যে, গুরু তাঁহার দেহের

মধ্যেই, ভাঁহার অন্তরের অন্তর্জেই বিরাজিত ছিলেন। তথনই তিনি বিকশিত হইয়া উঠেন, তথনই তিনি উপলব্ধি করেন। সংসার-সম্প্র পার হইয়া তিনি জন্মমৃত্যুর অতীত হইয়া যান। এ ভয়ন্ধর সাগর তিনি পার হইয়াছেন; কোন লাভ বা প্রশংসার কথা না চিন্তা করিয়া করুণাবশতঃ তিনি তথন অপরকেও সংসার-সাগরের পারে যাইতে সাহায্য করেন।

১ বিবেক চূড়ামণি, ৩৯

গুরুর যোগ্যতা সম্পর্কে প্রশ্নের উত্তর

স্থামীক্রী বিশেষ ক্ষোরের সঙ্গে বললেন: আপনারা ব্যবদায়ী-স্থলত হিদেবী মনোভাব ছাডুন—সামাল্ল একটি জিনিসের প্রতি আপনার বে-আসজি আছে, তা ছাড়তে পারলে ব্রব, আপনি মৃক্তির পথে পা বাড়িয়েছেন। আমি তোকোন পতিতা, পাপী বা সাধু দেখতে পাচ্ছিনে। যাকে পতিতা বলছেন, দেও তো মহামায়াই। সন্ন্যাসীরা একবার বা হ্বার তাকে 'মা' ব'লে আহ্বান ক'রে, তারপর আবার তাদের লাস্ত ধারণা জন্মায়, তারা বলে, 'হে অসতী পতিতা নারী, দ্বে সরে যাও'। একম্হুর্তেই আপনার সকল অজ্ঞানতা দ্র হ'তে পারে—অজ্ঞানতা ধীরে ধীরে দ্র হয় বলা মুর্যতামাত্র। বছ গুরু আদর্শ থেকে বিচ্যুত হওয়ার পরেও তাঁর প্রতি শিশুকে অহুগত থাকতে দেখা গিয়েছে। রাজপুতানায় দেখেছি, জনক ভক্তের গুরু এটিধর্মে ধর্মান্তরিত হওয়ার পরেও শিশু তাঁকে নিয়্মিত ভাবে প্রের মতো সাহাম্য দিত, সাহাম্য বন্ধ করেনি। আপনারা পাশ্চাত্য ধারণা ছাডুন। কোন বিশেষ গুরুর উপরে আপনারা যথন আপনাদের সকল বিশ্বাস ও আস্থা স্থাপন করেছেন, তথন সকল শক্তি দিয়ে তাঁকেই ধরে থাকুন।

একমাত্র বালকেরাই ব'লে থাকে যে, বেদান্তের মধ্যে কোন নৈতিকতা নেই। তালের কথা ঠিকই—কারণ বেদাস্ত নৈতিকতার উর্ধ্বে। সন্মাসী আপনারা, উচ্চ চিস্তা ও আলোচনা করুন।

আপনাদের জোর ক'রে অন্ততঃ একটি বস্ততে ব্রহ্মবৃদ্ধি আনতে হবে।
গ্রীরামক্ষণকে ঈশর ব'লে চিন্তা করা অনেক সহজ। কিন্তু বিপদ হ'ল এই
—আমরা মাহুষে ঈশরবৃদ্ধি আনতে পারি না। ঈশর তো নিরাকার, নিত্য,
সর্বত্র বিরাজিত।

তাঁকে দাকার ব'লে চিস্তা করা মহাপাপ, ঐরপ চিন্তা করলে ঈশর-নিন্দা করা হয়। কিন্তু দাকার উপাদনার মূলকথা এই যে, ঐ প্রকার উপাদনার মাধ্যমে উপাদক ভগববিষয়ে ধারণার উৎকর্ষ লাভ করে।

মন্ত্র ও মন্ত্রচৈতগ্য

মন্ত্রবাদের সমর্থকদের বিশাদ—কতকগুলি শব্দ গুরু বা শিশুপরম্পরায় চলে এনেছে। এই সকল শব্দের বার বার উচ্চারণে বা অপে একপ্রকার উপলির হয়। 'মন্ত্রচৈতন্তর' শব্দের ত্ব-রকম অর্থ করা হয়। এক মতে মন্ত্র জ্বপে করতে করতে আপকের সামনে তার ইইদেবতার আবির্ভাব হয়। 'ইই' হচ্ছেন মন্ত্রের বিষয় বা মন্ত্রের দেবতা। আর একটি মত এই: যে-গুরুর উপযুক্ত শক্তি নেই, তাঁর কাছে মন্ত্রদীক্ষা নিলে—সেই মন্ত্রে চেডনা সঞ্চার করতে হ'লে দীক্ষিতকে কডগুলি অমুষ্ঠান' করতে হয়, তথন সেই মন্ত্রজপের ফল পাওয়া যায়। বিভিন্ন মন্ত্রে চেতনা সঞ্চারিত হ'লে তার বিভিন্ন লক্ষণ দেখা যায়। একটি সাধারণ লক্ষণ হচ্ছে—বছক্ষণ জপ করলেও জপকারী কোন রকম অস্থিতি বোধ করে না এবং অতি অন্ত্রসময়ের মধ্যেই তার মনঃসংযোগ হয়। এ হচ্ছে তাত্রিক মন্ত্রের কথা।

বৈদিক যুগ থেকেই মন্ত্র সম্পর্কে এই ছটি মত চলে আসছে। যাস্ক ও অক্তান্তের অভিমত এই—বেদমন্ত্রের অর্থ আছে। কিন্তু প্রাচীন মন্ত্রশাস্ত্রীরা বলেন: এগুলির কোন অর্থই নেই। তবে কোন কোন যজ্ঞামুষ্ঠানে এই-সকল মন্ত্র বার বার উচ্চারিত হ'লে এগুলি যজ্ঞকর্তাকে বৈষয়িক স্থ্ব-সমৃদ্ধি অথবা আধ্যাত্মিক জ্ঞান দান করে। উপনিষদের মন্ত্র-আবৃত্তিতে আধ্যাত্মিক জ্ঞানলাভ হয়।

ঈশ্বর-সম্পর্কে ধারণা

প্রকৃতির নিয়ম-বন্ধনের অভীত—সর্বপ্রকারে স্বাধীন স্বতন্ত্র কাহারও সন্ধান লাভ করাই মাহুষের অন্তরের আকাজ্জা। বেদান্তবাদীরা এরপ নিত্য শাখত পুরুষ ঈশরে বিশাদ করেন। কিন্তু বৌদ্ধ ও সাংখ্যবাদীরা বিশাদ করেন 'জ্যু ঈশরে',—অর্থাং যিনি একদা মহুযু ছিলেন, তারপর আধ্যাত্মিক শক্তি অর্জন ক'রে ঈশরে পরিণত হয়েছেন। পুরাণদমূহে অবতারবাদের মাধ্যমে এই ঘৃটি মতের সামঞ্জ্য সাধিত হয়েছে। এতে বলা হয়েছে, 'জ্যু ঈশর' তো নিত্য (শাখত) ঈশর ছাড়া অন্ত কিছু নন, মায়া ছারা তিনি

১ পুরশ্চরণ

কেবল এই প্রকার রূপ পরিগ্রহ করেছেন। 'নিভ্যু ঈশরে'র বিরুদ্ধে সাংখ্যবাদীরা যুক্তি দেন: 'মুক্ত আজা কি ক'রে এই বিশ্ব-ব্রহ্মাণ্ড স্বষ্টি করতে
পারে?' মিথ্যা ভিত্তির উপর সাংখ্যবাদীদের এই যুক্তি স্থাপিত। মুক্ত
আজা তো কারও অধীন নয়, তাকে তো তুমি নির্দেশ দিতে পার না—এই
কর বা এই ক'রো না। দে মুক্ত, দে যা-ইচ্ছে করতে পারে। বেদান্তের
মতে জন্ত-ঈশর ব্রহ্মাণ্ডের স্বষ্টি স্থিতি বা লয় করতে পারেন না।

ঈশ্বরঃ ব্যক্ত ও অব্যক্ত

যাঁকে তোমরা ব্যক্তিজ্ঞাবাপন্ন ঈশ্বর বলো, আমার ধারণা তিনি এবং নৈর্ব্যক্তিক সন্তা একইকালে দাকার ও নিরাকার। আমরাও ব্যক্তিজ্বসম্পন্ন নৈর্ব্যক্তিক সন্তা। কথাটি নিরপেক্জাবে ব্যবহার করলে আমরা
'অব্যক্ত', আর আপেক্ষিকভাবে ব্যবহার করলে আমরা 'ব্যক্তি'। তোমরা প্রত্যেকেই বিশ্ব-সন্তা, সকলেই সর্বব্যাপী। শুনলে প্রথমটা মাথা ঘুরে যায়, কিন্তু আমি তোমাদের সামনে দাঁড়িয়ে আছি, এ কথা যতথানি সন্তা, ঐ কথাও ততথানি সন্তা, আত্মা সর্বব্যাপী না হয়ে পারে কি ক'রে? আত্মার দৈর্ঘ্য নেই, প্রস্থ নেই, বেধ নেই—জড়ের কোন ধর্মই আত্মায় নেই। আমরা দ্বাই যদি আত্মা হই, তাহলে দেশ (space) দ্বারা পরিচ্ছিন্ন হ'তে পারি না, দেশ দেশকেই সীমাবদ্ধ করতে পারে, জড় জড়কে; আমরা যদি শরীরে আবদ্ধ থাকতাম, তাহলে আমাদের জড়বস্তুই হ'তে হ'ত। শরীর, আত্মা— সব কিছুই জড় হ'ত। 'শরীরে বাদ করা', 'আত্মাকে শরীরে আটকে রাখা' প্রভৃতি কথাগুলি শুধু স্বিধার জন্ম ব্যবহৃত হ'ত, এর অতিরিক্ত এদের কোন অর্থ থাকত না।

তোমাদের অনেকেরই মনে আছে—আত্মার কি সংজ্ঞা আমি দিয়েছি: প্রত্যেকটি আত্মা হচ্ছে এক একটি বৃত্ত, একটি বিন্দৃতে যার কেন্দ্র এবং যার পরিধি কোথাও নেই। কেন্দ্র হচ্ছে শরীরে, দেখানেই সব কর্মশক্তি প্রকাশিত। তোমরা সর্বব্যাপী, তবে সন্তাচেতনা একটি বিন্দৃতে ঘনীভূত। সেই বিন্দৃটি কিছু জড় কণা সংগ্রহ ক'রে দেগুলিকে আত্মপ্রকাশের যন্ত্রে পরিণত করেছে। যার মাধ্যমে সন্তা নিজেকে প্রকাশ করে, তাকে বলে 'শরীর'।

তাহলে তৃমি সর্বত্র আছ। যথন একটি শরীর বা যন্ত্র আর কাঞ্চ করতে পারে না, তথন শরীরের কেন্দ্র 'তৃমি' সরে যাও, আবার নতুন সুল বা স্ক্র জড়কণা সংগ্রহ ক'রে তালের মাধ্যমে আবার কাজ করতে থাকো। এই হ'ল মাহ্যয়। তাহলে ঈশর কি? ঈশর হচ্ছেন একটি বৃত্ত, যার পরিধি কোথাও নেই এবং যার কেন্দ্র সর্বত্র; এই বৃত্তের প্রতিটি বিন্দু চেতন ও সক্রিয়। সীমাবদ্ধ আত্মা আমাদের সঙ্গে সমানে কাজ ক'রে চলেছে। আমাদের শুর্ একটি চেতন বিন্দু, সেই বিন্দু একবার এগিয়ে চলেছে, একবার পিছিয়ে যাচ্ছে।

বিশ্বক্ষাণ্ডের তুলনায় শরীর ষেমন অতি ক্সুন্ত, ঈশ্বরের সঙ্গে তুলনায় বিশ্বক্ষাণ্ড তেমনি নগণ্য। আমরা যথন বলি, ঈশ্বর কথা বলছেন, তথন তার অর্থ—তিনি বিশ্বক্ষাণ্ডের মাধ্যমে বলছেন। আমরা যথন বলি—তিনি দেশ-কালের দীমার অতীত, তার অর্থ—তিনি ব্যক্তিষ্পৃত্য সতা। এই উভয়ই এক সত্তা।

একটি দৃষ্টান্ত দিই: আমরা এখানে দাঁড়িয়ে স্থাকে দেখছি। মনে কর, তুমি স্থের দিকে এগিয়ে চলেছ। কয়েক হাজার মাইল কাছে গিয়ে দেখবে আর এক স্থা—আনেক বড়। সবশেষে দেখবে, প্রকৃত স্থা লক্ষ মাইল জুড়ে। এখন এই যাত্রাটিকে কয়েকটি স্তরে ভাগ করা যাক, প্রত্যেক স্তর থেকে ছবি ভোলা হ'ল। প্রকৃত স্থেরও ছবি তুলে নিয়ে ফিরে এসে সব-শুলি তুলনা কর, মনে হবে প্রত্যেকটি পৃথক্। প্রথম দেখা গিয়েছিল একটি ছোট লাল গোলাকার পদার্থ, এবং শেষে দেখা গেল লক্ষমাইল-ব্যাপী বিরাট প্রকৃত স্থা। ছটি একই স্থা।

ঈশর সহক্ষেও তাই। অসীম সত্তাকে আমরা দেখছি বিভিন্ন স্থান থেকে, মনের বিভিন্ন তার থেকে। নিম্নতম মাহ্য দেখছে তাঁকে পূর্বপুরুষ-রূপে; দৃষ্টি যখন আরও বড় হ'ল, তখন তাঁকে দেখছে একটি গ্রহের নিয়ন্তা-রূপে; দৃষ্টি আরও বাাপুক হ'লে মাহ্য ব্রতে পারে, তিনি বিশের নিয়ামক। সর্বোচ্চ মানব অহতেব করেন, 'তিনি আমাদের স্বরূপ'। ঈশর সর্বদা একই, তাঁকে যে বিভিন্নভাবে বোধ হয়, তার কারণ দৃষ্টির প্রভেদ ও তার্তম্য।

ভগবৎ-প্রেম

১৮৯৪, ১৫ই ফেব্রুআরি আমেরিকার ডেট্রয়েট শহরের ইউনিটারিয়ান চ্যুর্চে প্রদত্ত ভাষণের সারাংশ।

ভগবান্কে আমরা মানি, ষথার্থই তাঁকে চাই ব'লে নয়—নিজেদের স্বার্থ-দিনির জন্ম তাঁকে দরকার ব'লে। প্রেম হচ্ছে এমন কিছু, যা সম্পূর্ণ স্বার্থহীন; এ প্রেম বাঁকে অপিত হয়, শুধু তাঁরই মহিমা ও স্তুতি ছাড়া তাতে অন্ত কোন চিস্তার স্থান নেই। প্রেমের স্থাব হচ্ছে প্রণতি আর পূজা, প্রতিদানে প্রেম কিছু চায় না। শুধু ভালবাসাই হ'ল বিশুদ্ধ প্রেমের একমাত্র আবেদন।

একজন হিন্দ্-সাধিকা' সম্পর্কে এ-রকম শোনা যায়—বিবাহের পর তিনি তাঁর পতি রাজাকে বলেছিলেন, 'ইতিপ্র্বেই আমি বিবাহিতা।' রাজা জিজ্ঞাসা করেন, 'কার সঙ্গে?' সাধিকা উত্তর দেন, 'ভগবানের সঙ্গে।' দীন-দরিদ্রের ঘারে ঘারে গিয়ে তিনি তাদের শিথিয়েছিলেন ঈশরকে গভীরভাবে ভালবাসতে। তাঁর হৃদয়ের ব্যাকুলতা কত গভীর ছিল তা তাঁর প্রার্থনাগীতিগুলির একটি হ'তে জানা যায়: 'আমি ধন মান কিছুই চাই না—এমন কি মৃক্তিও চাই না; প্রভু, তুমি ইচ্ছা করলে আমাকে শত শত নরক-যাতনাও দিতে পারো, —তথাপি শুর্ তোমাতেই আমার অহ্বাগ দাও।' আমাদের প্রাচীন ভাষা এই সাধিকার মধ্র ভজনাবলীতে পূর্ণ। তাঁর মৃত্যু যথন ঘনিয়ে এল, তথন এক নদীর তীরে গিয়ে তিনি সমাধিতে নিমগ্ন হলেন। এক মর্মস্পর্শী সঙ্গীতে তিনি ব্যক্ত ক'রে যান যে, তাঁর প্রেমাম্পাদের সঙ্গে মিলনের জন্মই তিনি যাত্রা করেছেন।

পুক্ষের। ধর্মের দার্শনিক বিচারে সমর্থ। নারী স্বভাবতঃ ভক্তিপ্রবণ; সে ভগবান্কে ভালবাদে হৃদয়ের অন্তত্তল থেকে, বৃদ্ধি দিয়ে নয়। সলোমনের প্রার্থনা-সঙ্গীতগুলি বাইবেলের চমৎকার অংশগুলির অক্সতম। এগুলির ভাবত অনেকটা ঐ হিন্দু-সাধিকার ভজনগীতের মতো অন্থরাগে পূর্ণ। তথাপি শুনেছি, এই অতুলনীয় সঙ্গীতগুলি প্রীষ্টানয়া নাকি বাইবেল থেক্কে বাদ দিতে চাচ্ছেন। এর একটা কৈফিয়তও আমি শুনেছি,—সলোমন নাকি কোন যুবতীর প্রতি অন্থরক্ত ছিলেন এবং যুবতীর কাছ থেকে তাঁর রাজোচিত

১ মীরাবাঈ

প্রেমের প্রতিদান চেয়েছিলেন। যুবতী অন্ত কোন যুবককে ভালবাসত, সলোমনের সলে কোন সম্পর্কই রাখতে চাইত না। এ কৈফিয়তটি কারও কারও কাছে হয়তো বেশ ভালই লাগবে, কারণ এ-সব ভঞ্জনগীডেয় অন্তর্নিহিত ভাব—অলোকিক ভগবৎ-প্রেম—তারা ব্রুতে অক্ষম। ভারতের ভগবদ্ভক্তি অলাগ্র দেশের ভগবদ্ভক্তি থেকে কিছু স্বতন্ত্র, কারণ বে-দেশের তাপমান-যন্ত্র শৃষ্তের নীচে ৪০ ডিগ্রী স্টিত করে, সে-দেশের লোকের প্রকৃতিও কিছু ভিন্ন ধরনের হয়। যে-জলবায়্তে বাইবেল রচিত হয়েছিল ব'লে শোনা যায়, সেখানকার লোকের আশা-আকাক্রা—যায়া ঈশ্বোপাসনার চেয়ে সন্ধীতগুলিতে ব্যক্ত হদয়াবেগ দিয়ে সর্বসিদ্ধিপ্রদ অর্থের পূজা করতেই অধিকতর অভ্যন্ত—সে-সব আবেগশৃক্ত পাশ্চাত্য জাতিগুলি থেকে পৃথক্ছিল। 'এতে আমার কি লাভ ?'—এটাই যেন ভগবদ্ভক্তির ভিত্তি। প্রার্থনাদিতে তারা শুধু স্বার্থপূর্ণ বিষয়গুলিই কামনা করে।

প্রীষ্টানরা সর্বদা চান, ভগবান্ তাঁদের কিছু না কিছু দিন। সর্বশক্তিমান্ ঈশরের সিংহাদন-সমীপে তাঁরা ভিক্করপে উপস্থিত হন। গল্পে আছে এক ভিক্ক কোন সমাটের কাছে ভিক্ষাপ্রার্থী হয়েছিল। ভিক্ক যথন অপেক্ষা করছিল, সমাটের তথন প্রার্থনার সময়। সমাট প্রার্থনা করছিলেন: 'হে জগদীশ্বর, আমাকে তুমি আরও ঐশ্বর্য দাও, আরও শক্তি দাও, আরও বড় সাম্রাজ্য দাও।' ভিক্ক এই শুনে চলে যাছিল। সমাট পিছনে 'ফিরে জিজ্ঞাদা করেন, 'চলে যাছে কেন?' উত্তর হ'ল, 'ভিক্কের কাছে আমি ভিক্ষা চাই না।'

যে তীর আধ্যাত্মিক উনাদনা মহমদের হাদয় আলোড়িত করেছিল, অনেকের পক্ষেই তা বোঝা কঠিন। তিনি ধুলোয় গড়াগড়ি দিতেন এবং বিরহ্বস্থণায় ছট্ফট্ করতেন। যে-সব লোকোত্তর পুরুষ এক্সপ তীর হাদয়াবেগ অহুভব করেছেন, লোকে তাঁদের বায়ুরোগগ্রন্ত বলেছে। অহংশ্যুতাই ঈশরাহ্রাগের প্রধান লক্ষণ; ধর্ম আজকাল মাহুষের এক-রকম শধ্বা বিলাসমাত্র হয়ে দাঁড়িয়েছে। লোকে গির্জায় যায় গড়ডলিকা-প্রবাহের মজো; তারা ভগবান্কে খেচ্ছায় বরণ করে না, কারণ তাঁর সঙ্গে তা ডাদের প্রয়োজন বা সার্থের সম্বন্ধাত্র। অধিকাংশ লোকই এক-রকম প্রচ্ছয় নাত্তিক, অর্ল্ড নিজেদের খ্র ধর্মপ্রাণ বিশাদী ভেবে আত্মপ্রদাদ লাভ ক'রে থাকে)

মাতৃভাবে উপাদনা

১৯০০, জুন মাসে নিউ ইয়র্কে প্রদত্ত ভাষণের সংক্ষিপ্ত লিপির অমুবাদ।

প্রত্যেক ধর্মেই মাহ্রদ বিভিন্ন গোষ্ঠী-দেবভার ভাব হইতে ভাহাদের সমষ্টি পরমেশ্বর-ভাবে উপনীত হইরাছে; একমাত্র কন্ফিউসিয়াস চিরস্তন একটি নীতির কথা প্রকাশ করিয়া বলিয়াছেন। মহুদেবভা আহরিমানে রূপাস্তরিত হইরাছেন। ভারতে পুরাণের গল্প চাপা পড়িয়াছে, ভাহার ভাব বহিয়া গিয়াছে। ঋগ্বেদেই একটি মন্ত্রণ পাওয়া যায়, 'অহং রাষ্ট্রী সঙ্গমনী বস্থনাম্—'।

মাতৃ-উপাদনা একটি স্বভন্ত দর্শন। আমাদের অহতৃত বিবিধ ধারণার মধ্যে শক্তির স্থান সর্বপ্রথম। প্রতি পদক্ষেপে ইহা অহতৃত হয়। অস্তরে অহতৃত শক্তি—আত্মা, বাহিরে অহতৃত শক্তি—প্রকৃতি। এই তৃই-এর সংগ্রামই মাহ্যের জীবন। আমরা যাহা কিছু জানি বা অহতেব করি, তাহা এই তৃই শক্তির সংযুক্ত ফল। মাহ্য দেখিয়াছিল, ভাল এবং মন্দ—উভয়ের উপর স্থের আলো সমভাবে পড়িতেছে। ঈশ্বর স্থানে এ এক নৃতন ধারণা—এক সার্বভৌম শক্তি স্ব কিছুর পশ্চাতে। এইভাবেই মাতৃভাব উভূত।

সাংখ্য-মতে ক্রিয়া প্রকৃতির ধর্ম, আত্মা বা পুরুষের নয়। ভারতে নারীর সর্ববিধ রূপের মধ্যে মাতৃমূর্তি স্বার উপরে। মা স্বাবস্থায় সন্তানের পাশে পাশে থাকেন। স্ত্রী-পুত্র মাত্র্যকে ত্যাগ করিতে পারে, মা কিছে ক্রথন সন্তানকে ত্যাগ করিতে পারেন না। আবার মাতৃশক্তিই পক্ষপাত্র্যু । মহাশক্তি। মায়ের স্বচ্ছ স্বেহ প্রতিদানে কিছু চায় না, কিছু কামনা করে না, সন্তানের দোষগুলি গ্রাহ্ম করে না—সে জন্ত বরং আরও বেশী ভালবাসে। বর্তমানে মাতৃ-উপাসনা উচ্চন্তরের হিন্দুদের সাধনার প্রধান অক।

যাহা এখনও পাওয়া যায় নাই, তাহাকেই 'লক্ষ্য' বলিয়া বর্ণনা করা হয়।
মাতৃ-সাধনায় লক্ষ্য বলিয়া কিছু নাই। সব কিছু মায়ের খেলা, কিছু ইহা
আমরা ভূলিয়া যাই। স্বার্থবাধে না থাকিলে হু:খও আনন্দের অষ্টুভূতি
আনিতে পারে, যদি আমরা আমাদের জীবনের সাক্ষিরূপে পরিণত হই।
জগদ্-ব্যাপারের পিছনে একটি শক্তি ক্রিয়াশীল, এই ধারণাই এই ভাবের

সাধককে বিশ্বিত করে। আমাদের ধারণা—ঈশর মাহ্নবের মতো সদীম ও ব্যক্তিত্ব-যুক্ত। শক্তির সঙ্গে এক বিশ্বব্যাপী ক্ষমতার ধারণা আদে। শক্তি বলিতেছেন, 'আমি ক্ষদ্রের জন্ত ধন্থ বিভূত করি, যাহাতে তিনি ব্রহ্মন্বেধীকে ধ্বংস করিতে পারেন।' উপনিষদে এই ভাবের চিস্তা নাই, বেদান্ত এই বিষয়ে বেশী অগ্রদর হন নাই—ঈশরতত্ব লইয়া মাধা ঘামান নাই। কিন্তু গীতায় অর্জুনের প্রতি শ্রীকৃষ্ণের তাৎপর্যপূর্ণ উক্তি: 'সদস্চাহ্মর্জুন'—আমি ব্যক্ত, আমিই অব্যক্ত; ভাল মন্দ—সবই আমার সৃষ্টি।

এই ভাব কিছুকাল স্থা অবস্থায় থাকে। পরে আবার দেখা দেয় নৃতন
দর্শন। এই জগৎ সং ও অসতের সংমিশ্রণ—উভয়ের মধ্য দিয়া একই শক্তি
আত্মপ্রকাশ করিতেছে। বিশ্বজগতের আংশিক অমভৃতি হইতে ঈশর সম্বন্ধে
যে ধারণা হয়, তাহাও আংশিক মাত্র। সহামভৃতির অভাবে এই ধারণা
মাহ্রকে পশুভাবাপন্ন ও হিংশ্র করিয়া ফেলে। এই ভাবের উপর প্রতিষ্ঠিত
নীতি পশুর ধর্ম।

সাধু পাপীকে ঘণা করে, আবার পাপীর বিজ্ঞাহ পুশ্যবানের বিরুদ্ধে। এই ভাবও অবশ্য তাহাকে আগাইয়া লইয়া যায়। বারংবার আঘাতে নিষ্পিষ্ট হইয়া তৃষ্ট আর্থপির মন মরিয়া যায়—তথন আমরা জাগিয়া উঠি এবং মায়ের সত্তা অনুভব করি।

মায়ের কাছে প্রতিনিয়ত অকুঠ শরণাগতিই আমাদের শান্তি দিতে পারে। তাঁহার জন্তই তাঁহাকে ভালবাসো—ভয়ে নয়, বা কিছু পাইবার আশায় নয়। তাঁহাকে ভালবাসো, কারণ তুমি সন্তান। ভালোয় মন্দে সর্বত্র তাঁহাকে সমভাবে দেখ। যথন আমরা তাঁহাকে এইরূপে অহুভব করি, তথনই আমাদের মনে আসে সমত্ব ও চিরশান্তি—ইহাই মায়ের স্বরূপ। যতদিন এই অহুভৃতি না হয়, ততদিন তুঃধ আমাদের অহুসরণ করিবে। মায়ের কোলে বিশ্রাম করিতে পারিলেই আমরা নিরাপদে থাকি।

তথ্যপঞ্জী

তথ্যপঞ্জী

ভক্তিযোগ

গ্রন্থপরিচয়: 'ভক্তিযোগ' বক্তাগুলির সংক্ষিপ্ত বিবরণ ১৮৯৫ খৃ: প্রথমে প্রিকাকারে প্রকাশিত হয়। ঐ বংসরই পাদটীকাদি সহ 'ব্রহ্মবাদিন্'পত্রিকায় বর্ধিতাকারে মৃত্রিত হয়। স্বামী শুদ্ধানন্দ ক্বত বাংলা অমুবাদের বিজ্ঞাপন উদ্বোধনে ১৩০৬ সালের (২য় বর্ষ) ৬৯ সংখ্যায় প্রকাশিত দেখা যায়।

পৃষ্ঠা পঙ্ক্তি

- ন লগুনে প্রথম বক্তৃতামালা: ১৮৯৫ খৃ: সেপ্টেম্বর হইতে নভেম্বর পর্যন্ত স্বামীজী লগুনে ছিলেন, মি: স্টার্ডির উদ্যোগে কয়েকটি বক্তৃতা দেন এবং নভেম্বরের শেষ দিকে নিউ ইয়র্কে ফিরিয়া যান, পর বংসর (১৮৯৬ খৃ:) এপ্রিলের শেষে আবার ইংলণ্ডে আসেন এবং এইবার বক্তৃতামালা শুরু হয়। স্বামী সারদানন্দ এই সময় উপস্থিত ছিলেন।
- বেদান্ত-মাদিক 'ব্রহ্মবাদিন্': আলাদিকা পেরুমলের ব্যবস্থাপনায় এবং জি. ভেক্ষটরক রাও ও নাজুও রাও-এর সহযোগিতায় ১৮৯৫ খৃঃ ১৪ই দেপ্টেম্বর মাদ্রাজ শহর হইতে পাক্ষিক পত্রিকারপে 'ব্রহ্মবাদিন' প্রকাশিত হয়।
- শহর (৭—৮ শতক): অবৈতবাদী আচার্য, বেদাস্তস্তাদি
 প্রস্থানতয়ের ভাগ্যকার এবং দশনামী বৈদাস্থিক সন্ন্যাসী-সম্প্রদায়ের
 প্রতিষ্ঠাতা। ৫ম খণ্ড ৪৭৩ পৃঃ দ্রঃ।
- রামাত্মর (১০১৭-১৯৩৭): বিশিষ্টাদ্বৈতবাদী আচার্য ও বৈফ্বধর্মের প্রচারক। «ম খণ্ড ৪৭১ পৃঃ দ্রঃ।
- ৩ নারদ তদীয় 'ভক্তিহত্তো' : এই খণ্ডেই স্বামীজী-ক্বত অমুবাদ দ্রপ্টব্য পৃ: ৩৩১
- ১১ ব্যাসস্ত্তের মহান্ ভায়কার: আচার্য শহর

- জানমার্গ ও ভক্তিমার্গের আচার্যগণঃ জ্ঞানমার্গের আচার্য গৌড় পাদ শহর প্রভৃতি; ও ভক্তিমার্গের আচার্য রামাহক্ত মধ্ব প্রভৃতি।
- ১১ ৫ ভোজ: ভোজরাজ ধারা (উজ্জারনী নগরী)র ঝাজা, তাঁহার রাজত্বকাল ৯৩২-৯৮৩ শকাল বলিয়া নির্ণীত। পাতঞ্জলস্ত্রে তাঁহার 'রাজমার্তগু-বৃত্তি' বা 'ভোজার্ত্তি' বলিয়া একটি সহজ বৃত্তি আছে। তিনি শৈবমতের আচার্য; রামায়ণ-চম্পু প্রভৃতি আরও ক্য়েকটি গ্রন্থের রচয়িতা বলিয়া প্রসিদ্ধ।
 - ১০ শাণ্ডিল্য: শাণ্ডিল্য ঋষি, ইহার প্রণীত একটি ভক্তিবিষয়ক স্ত্র-গ্রন্থ আছে। ইহাতে ১০০টি স্ত্র আছে।
 - ১১ ভক্তরাজ প্রহলাদ: এই গ্রন্থাবলীর ৮ম খণ্ডে ২৮২ পৃ: 'প্রহলাদচরিত্র' জষ্টব্য।
- ১২ ৪ রামানুজ শ্রীভারে এক প্রাচীন আচার্যের উক্তি উদ্ধৃত করিয়াছেন প্রাবিড়াচার্যের অধুনালুপ্ত 'বোধায়ন ভাষা'।
- ১৪ ৫ মধ্বাচার্য (১১—১২ শতক): দা।ক্ষণাত্যের প্রসিদ্ধ বেদাস্ত ভায়্যকার। ইনি হৈতবাদী। ৫ম খণ্ডে ৪৭৬ পু: দ্র:।
- ১৬ ১৮ 'প্রকৃতিলীন': সাংখ্যে আধিকারিক পুরুষকে 'প্রকৃতিলীন' পুরুষ
 বলে। পূর্ণজ্ঞানলাভের পূর্বে লোককল্যাণ-বাদনা থাকায় তাঁহারা
 প্রকৃতিতে লীন হইয়া আধিকারিক পুরুষরূপে জ্বয়গ্রহণ করেন
 এবং ষড়েশ্র্যদন্পন্ন হইয়া এক কল্পকাল পর্যন্ত অশেষ প্রকারে
 লোককল্যাণ সাধন করিয়া শেষে স্বরূপে লীন হন। সাংখ্যাচার্যগণ
 'প্রকৃতিলীন' পুরুষগণের মধ্যে হইটি শ্রেণী নির্দেশ করিয়াছেন,
 যথা—'কল্পনিয়ামক ঈশ্বর' ও 'ঈশ্বকোটি'।
 - ি শ্রীশ্রীরামকৃষ্ণ-**দীলাপ্রদলে অবত**রণিকা (৪ পৃ:)ও বিজ্ঞানভিক্ রচিত দাংখ্যপ্রবচনভাগ্য শ্রঃ]

 ► ১৬ জন্মন ক্রপিল : 'চতর্বি:শতিজেক'-সম্বিতে সাংখ্যদর্শনের প্রথম
- ১৮ ১৬ ভগৰান্ কপিল: 'চতুর্বিংশতিতত্ত্ব'-সমন্বিত সাংখ্যদর্শনের প্রথম ও প্রধান উপদেষ্টা বিখ্যাত ঋষি। ৫ম খণ্ডে ৪৭২ পৃঃ দ্রঃ।

বিজ্ঞানবাদ (Idealism) ও বান্তববাদ (Realism): 13 যাঁহারা বলেন, মনোজগৎই সভ্য, বাহিরের কোন ভিন্ন সভা নাই, রূপ রুস গন্ধ শব্দ স্পর্শ, যাহা লইয়া আমাদের বাহ্ম জগৎ গঠিত, উহা সবই আমাদের মানসিক বৃত্তি ব্যতীত অগ্য কিছুই নয়, তাহাদিগকেই পাশ্চাত্যদার্শনিকগণ Idealist বা বিজ্ঞানবাদী বলেন। জেনো (Zeno), প্লেটো, বার্কলে প্রভৃতি এই শ্রেণীতে পড়েন। ফিক্টে শেলিং ও হেগেলকেও বিজ্ঞানবাদী বলা হয়। আর গাঁহারা মনে করেন, বাহিরের জগৎই সত্য ও আমাদের সকল জ্ঞান বাহির হইতে ইন্দ্রিয়ের ভিতর দিয়া আদে. মন বলিয়া পৃথক কোন পদার্থ নাই, পাশ্চাভ্যে তাঁহাদিগকে Realist वा वाखववांनी वरन। नक, विख्य, व्यामिनवेन, मिन

ইষ্টাপূর্ত: বৈদিক যজ্ঞাদি কর্মকে 'ইষ্ট' ও জনহিতার্থ স্মার্তকর্মকে २३ २৮ (শ্বতিবিধানোক্ত) 'পূর্ত' বলে।

প্রভৃতি এই শ্রেণীর দার্শনিক।

ইষ্ট— অগ্নিহোত্তং তপ: সত্যং বেদানাং চামুপালনম্। আতিথ্যং বৈশ্বদেবশ্চ ইষ্টমিত্যভিধীয়তে॥

পূর্ত- বাপীকৃপতড়াগাদি দেবতায়তনানি চ। অন্নপ্রদানমারামং পূর্তমিত্যভিধীয়তে॥

যিনি বিশ্বান্ নিষ্পাপ ও কামগন্ধহীন, যিনি শ্রেষ্ঠ ব্রহ্মবিং 'খোত্রিয়োহর্জিনোহকামহতঃ'—গুরুর এই লক্ষণ শ্রুতিতে উক্ত হ্ইয়াছে। বৃহ. উপ., ৪।৩।৩৩, তৈজ্ঞি. উপ., ২।৮

ভারতীয় দর্শনের মতে সমুদয় জগৎ নামরূপাত্মক বাচারন্তণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যের সভাম্॥ ছান্দোগ্য উপ., ৬1১18

ব্ৰহ্মা, হিরণ্যপর্ভ বা সমষ্টিমহৎ: ۶۲ হিরণ্যগর্ভ: সমবর্ডভাগ্রে ভূতদ্য জ্বাভ: পতিরেক আদীৎ। न দাধার পৃথিবীং ভামুতেমাং…॥ হিরণ্যগর্ভস্ক্রম্ ঋথেদ ১০।১২১, ইহাকেই হিরণাগর্ভস্জে 'হিরণাগর্ভ', মুগুকোপনিষদে 'ব্রহ্মা' ও

२३ २७

90 8

८८ ७७

ש

বেদান্তপাত্তে 'হিরণ্যগর্ভ', 'হুত্রাত্তা' বা 'প্রাণ' বলা হইয়াছে (বেদান্তপার দ্র:)। স্বামীজী ইহাকেই 'সমষ্টিমহৎ' বলিয়াছেন। ক্ষোট: বৈয়াকরণ পতঞ্জলি প্রভৃতির মতে, সং-চিৎশ্রানন্দ এক নিত্য শন্দর্রপ। ব্রন্ধই শন্দর্রপে ও অর্থরূপে বিবর্তিত হন। এক ব্রন্ধই পরা পশ্যন্তী মধ্যমা ও বৈধরী-রূপে প্রসিদ্ধ। সেই এক সন্তাই যখন 'নাদের' দ্বারা (অর্থাৎ কণ্ঠ তালু প্রভৃতির সংযোগে যে অন্তঃস্থ বায়ু নাদরূপে উভিত হয়) নানাপ্রকারে রাম, রুষ্ণ ইত্যাদি বর্ণ পদ ও বাক্যরূপে অভিব্যক্ত হয়। উহাই অর্থের জ্ঞান জন্মায়—তাহাকেই ক্ষোট বলে। 'অর্থং ক্যোটয়তি ইতি ক্যোটাং' এবং বর্ণই 'ক্ট্যুতে অভিব্যক্তাতে ইতি' অর্থাৎ বর্ণের দ্বারা যাহা অভিব্যক্ত হয়, এবং অর্থবাধ জন্মায়, তাহাই 'ক্ষোট'। স্বামীজী ওঁকারকে ক্যোটের বাচক বলিয়া নির্দেশ করিয়াছেন। [পতঞ্জলির মহাভাগ্য, তাহার টীকা কৈয়ট, ভর্ত্হির-কৃত 'বাক্যপদীয়' ইত্যাদি গ্রন্থ দ্র:।]

৩৮ ১২ সত্ত্ব, রজ্ঞঃ ও তমঃ : গীতা (গুণত্ত্ত্ত্বেরিকাগবোগ) ১৪শ অঃ দ্রঃ।
৪১ ৩ প্রোটেন্ট্যাণ্ট ধর্ম : খুষ্টীয় পঞ্চশ শতকে সংস্থাবের ফলে উদ্ভূত

প্রীষ্টধর্মের শাখা। ১৫২০ খৃঃ জার্মানির ১৯টি রাজ্য ব্যক্তিগত বিচারবৃদ্ধির (Private Judgment) অধিকার হরণের বিক্দ্ধে প্রতিবাদ জানায়—এই প্রতিবাদকারীদের 'প্রোটেস্ট্যান্ট' বলিত। বাহারা রোমান ক্যাথলিক বা গ্রীক চার্চের প্রাধান্ত স্বীকার করেন না, সেই দকল খৃষ্টীয় ধর্মমতকে দাধারণভাবে 'প্রোটেস্ট্যান্ট' ধর্ম বলে। মার্টিন লুথারই এই ধর্মসংস্কারের নেতা। প্রোটেস্ট্যান্ট ধর্ম বছ শাখায় বিভক্ত; প্রধানগুলি: মেথ্ডিস্ট, ব্যাপ্টিস্ট,

ল্থারিয়ান, কংগ্রিগেশনাল, প্রেসবিটেরিয়ান, এপিদ্কোপাল। অগস্ট কম্ভে (১৭৯৮-১৮৫৭)ঃ ফরাদী দার্শনিক, প্রভ্যক্ষ-

বাদের (Positivism) উদ্ভাবক। ঈশব-কেন্দ্রিক ধর্মতের বিরুদ্ধে তিনি তাঁহার দর্শন রচনা করিয়াছেন। ২য় খণ্ডে

'দার্শনিক পরিচিতি' দ্রঃ ৪৯৩ পুঃ।

৮ অজ্ঞেরবাদী (Agnostic): ঈশবের অন্তিত্ত সম্বন্ধ জানা সম্ভব নর

—এই মতবাদকে অজ্ঞেরবাদ বলে। অজ্ঞেরবাদীরা দেইজন্য ঈশবের
অন্তিত্তের বিষয় লইয়া বিচার হইতে বিরত থাকার পক্ষপাতী।

পাশ্চাত্যের ক্যাণ্ট, স্পেন্সার প্রভৃতি এই মতের সমর্থক।

80 33

পরমকরুণাপরবশ হইয়া বেদাস্ত…

তুলনীয়: শৃথস্থ বিশ্বে অমৃতস্ত পুক্রা: । থে. উপ., ১।৫ বেদাহমেতং পুরুষং মহাস্তং আদিত্যবর্ণং তমদঃ পরস্তাৎ তমেব বিদিশ্বাহতি মৃত্যুমেতি

নান্যঃ পছা বিভতে হয়নায়। শে. উপ., ৩৮

- ৪৪ ৪ সাধু তুলদীদাদ: স্থনামখ্যাত সাধক ও কবি। হিন্দী রামায়
 'রামচরিত্মানদ' ইহার অমর রচনা। ইহার রচিত দোহাগুলিও
 গভীর উপদেশপূর্।
- ৪৭ ১১ পঞ্চমহাষজ্ঞ: ব্ৰহ্ম, পিতৃ, ঋষি, ভূত, নৃ—এই পাঁচটিকে কেন্দ্ৰ কৰিয়া। অধ্যাপনং ব্ৰহ্মযজ্ঞ: পিতৃযজ্ঞন্ত তৰ্পণম্।

হোমো দৈবো বলিভৌতে৷ নৃষজ্ঞোহতিথিপুজনম্ ॥—মন্তসংহিতা

- (১) ব্রহ্মযজ্ঞ—বেদাধ্যয়ন, (২) পিতৃষজ্ঞ—পিতৃতর্পনাদি,
- (৩) দেব বা ঋষিষজ্ঞ—হোমাদি, (৪) ভূতষজ্ঞ—সাধারণ প্রাণীকে অন্নদান, (৫) নুযজ্ঞ—অতিথিসেবাদি।
- ৫৯ ২১ এরূপ ভক্ত সর্পদিষ্ট হইলে বলে, স্নৃত আসিয়াছিল পথহারী বাবাকে সর্প দংশন করে; চৈত্তম ফিরিয়া **আসিলে** তিনি বলিয়াছিলেন, প্রিয়তমের নিক্ট হইতে দৃত আসিয়াছিল।
- ৬৭ ১১ আমরা শক্নির মতো,···মাংসথণ্ডের প্রতি আকৃষ্ট
 তুলনীয় শ্রীরামকৃষ্ণ-কথামৃতে: 'চিল শকুনি আনেক উচুতে ওঠে,
 কিন্তু নজর ভাগাড়ে'।
- ৮১ ২ বে-সকল ধর্মস্প্রদায় বিধাস করেন—ভগবান্ অবতীর্ণ হন

 একমাত্র হিন্দুরাই নররূপে ভগবানের অবভরণ বিশাস করেন।
 ইন্লাম ধর্মতে ঈশবের অবভার হয় না; 'মহম্মদ' ঈশবাপ্রতি পুরুষ। খ্রীইধর্মে যীভ্রীইকে 'ভগবানের পুত্র' বলা হয়। রোমান

ক্যাথলিকগণ বিখাদ করেন, ঈশ্বর এটিশরীরে মানবরূপে আবিভূতি। তবে ইহারাও ঈশবের একাধিক অবতার স্বীকার করেন না।

bb b

চিনি হওয়া ভাল নয়, চিনি থেতে ভালোবাসি বামপ্রসাদের গানে আছে—'চিনি হওয়া ভাল নয় মন, চিনি থেতে ভালবাসি।' শ্রীবামকৃষ্ণ বহুবার এই কথা বলিয়াছেন।

20

আমি একজনকে জানি, লোকে তাহাকে পাগল বলিত এখানে শ্রীরামক্বফের কথাই বলা হইতেছে।

ভক্তিরহস্ত

গ্রন্থ-পরিচয়: ১৮৯৫ খৃ: লগুনে প্রদন্ত বক্তামালা, এগুলি 'Addresses on Bhakti-Yoga' নামে পরিচিত। ১৩১৭-১৮ সালে (১২ বর্ষের) উদ্বোধনে বিভিন্ন সংখ্যায় এগুলির অহ্বাদ প্রকাশিত হয়।

५०२ २

ভক্তিযোগের আচার্যগণ

রামাহজাচার্য, মধ্বাচার্য, বল্লভাচার্য প্রভৃতি।

306 9

এমার্সন (১৮০৩-৮২): বাল্ফ ওয়াল্ডো এমার্সন বিখ্যাত আমেরিকান লেখক ও কবি। ধর্মধাজকের পুত্ররূপে তিনি প্রথম জীবনে হার্ডার্ডে ঐ কার্যের জন্ম নিজেকে প্রস্তুত্ত করিতেছিলেন, কিন্তু শীদ্রই আফুষ্ঠানিক ধর্মে বিশাস হারাইয়া ঐ কার্য ত্যাগ করেন। ইওরোপ জ্রমণের ফলে তিনি ওয়ার্ডসওয়ার্থ, কোলরিজ, কার্লাইল প্রভৃতি কবি ও মনীধীর সাহচর্যে আসেন এবং জার্মান দর্শন সম্বন্ধে নৃতন চেতনা লাভ করেন। তাঁহার সময়ে নিউ ইংলতে যে জতীক্রিয়বাদের স্কচনা হয়, তিনি উহার এক উৎসাহী প্রবক্তা। তাঁহার রচনা ও ব্যক্তিগভ সাহচর্য থোরো প্রভৃতির উপর প্রভাব বিস্তার করে।

46 606

যীশুঞ্জীষ্টের 'শৈলোপদেশ': নিউ টেস্টামেণ্টের অন্তর্গত 'Sermon on the Mount'—ম্যাথ্য (৫-१), ল্যুক (৬: ২০-৪৯)। ধম খণ্ডে ৪৮৫ পৃ: দ্রঃ।

পৃষ্ঠা পঙ্জি

309 38

বী শু--ক্রেতা-বিক্রেতাদিগকে তাডাইরা দিরাছিলেন

জেরুদালেমে আদিয়া যীও বিহোবার মন্দিরে প্রবেশ করিয়া দেখেন, দেখানে ব্যবদা-বাণিজ্য—টাকা-লেনদেন চলিতেছে, তিনি ক্রেছ হইয়া সকলকে তাড়াইয়া দিয়া বলেন, শাস্ত্রে লিখিত আছে: আমার মন্দির প্রার্থনা-ভবন, তোরা ইহাকে চোরের আড়োয় পরিণত করিয়াছিদ। (N. T., Matt. XXI, 12)

३७৮ २८

হিতবাদিগণ (Utilitarians): ধর্মীয় ও সামাজিক সকল ব্যাপারে ব্যক্তিবিশেষের ও সমাজের হিতসাধনের নীতিই এই তত্ত্বে মূল কথা। ইহাদের মতে—ব্যক্তিবিশেষের জীবনে যাহা স্বাপেক্ষা অধিক হথ আনে, তাহাই সং ধর্ম এবং সমাজ-জীবনে যাহা স্বাপেক্ষা অধিক লোকের স্বাধিক হথবিধান করে, তাহাই সামাজিক সং কর্ম। জেরেমী বেন্থাম, জেম্স্ মিল, জন স্টুয়ার্ট মিল প্রভৃতি এই মতের প্রবক্তা।

380 39

ক্রিশ্চিয়ান সায়েণ্টিন্ট: আমেরিকান মহিলা মিসেস এডি
বেকার (১৮২১-১৯১০) কর্তৃক ১৮৭৬ খৃ: প্রতিষ্ঠিত ধর্মীয় সংস্থা।
১৯৯২ খৃ: বন্টনে ক্রিশ্চিয়ান সায়েণ্টিন্টদের প্রথম গির্জা স্থাপিত
হয়। ইহারা মানসিক ও আধ্যাত্মিক উপায়ে রোগ-নিরাময়ে
বিশাস করেন। যীশু একটি কয় ব্যক্তিকে যাহা বলিয়াছিলেন,
বাইবেল-এ (ম্যাথ্য, ৯:২) তাহা পাঠ করিয়া মিসেস বেকারের
এই দৃঢ় বিশাস জ্লায়।

588 5

থিওজফিস্টদের মতে একজন 'মহাক্সা'

থিওজ্ঞ ফিন্টগণ বিখাস করেন, বড় বড় সাধক মহাপুরুষগণ দেহ-ত্যাগের পরও স্ক্রশরীরে থাকেন এবং পৃথিবীর উপর প্রভাব বিভাব করেন। ইহাদিগকে 'মহাত্মা' বলা হয়।

২১ তালমৃত (Talmud): ইছদীদের ধর্মগ্রন্থ, ইহার তুইটি ভাগ। প্রথমটি মিশ্না (Mishnah or Mishna)—ইহাতে Rabbi Judah the Prince কতু ক সংক্ষিপ্তাকারে সংকলিত (১৩:-২২০ খু:) মৌধিক অমুশাসন (Torah) আছে। ওভ টেন্টা- মেণ্টের প্রথম পাঁচটি পু্তকে (Books) যে অফুশাদনবিধি আছে, 'মিশনা' তাহারই পরিশিষ্ট। ইহার সংকলনের পর বহু শতানী ধরিয়া ইহার উপর পণ্ডিতগণ যে ভাষ্য লিখিয়াছেন, সেইগুলিকে জেমারা (Gemara = completion) বলা হয়।

>86 >5

ঈখর যে ঘৃত্র রূপ ধারণ করিয়া আসিয়াছিলেন

He saw the Spirit of God descending like a dove.

-(N. T. Matt., III, 16)

20

8 4

তিনি যে গোরূপ ধারণ করিয়াছিলেন

শ্রীমন্তাগবতে ১ম স্বন্ধে ১৬শ অধ্যায়ে বৃষ এবং গাভীকে ধর্ম ও ধরণীরূপে বর্ণনা করা হইয়াছে। 'গো' শব্দের অর্থ বেদ, ধর্ম, ধরণী প্রভৃতি। ঈশ্বর বেদম্ভি। পুরাণে তাঁহাকে গোরূপে বর্ণনা করা হইয়াছে; গাভীর শরীরে সর্বদেবের কল্পনা করা হয়।

ছুইদিকে ছুই দেবদুত বসানো সিন্ধুকের আকৃতি একটি মূর্তি
মূশার নেতৃত্বে মিশর হুইতে নির্গত হুইয়া ইছদীরা যথন গৃহহীনভাবে ঘুরিতেছিল, তথন তাহারা একটি তাঁবুতে (Tabernacletent) একটি সিন্ধুকে ঈশরের আদেশ-লিখিত পত্রটি রাখিত,
পরমপ্রিত্র (Holy of holies) জ্ঞানে সেই আধারে ঈশরের
উপস্থিতি কল্পনা করিত এবং মনে করিত উহার মাধ্যমে ঈশর
ভাহাদের রক্ষা করিতেছেন।

- ১৮ 'কাবা': মকায় অবস্থিত পৰিত্ৰ কৃষ্ণপ্ৰাপ্তর। ৫ম **খণ্ডে** ৪৭০ পৃ: ৫. ।
- ১৪৭ ২১ জিন: 'জিন' শব্দের অর্থ জয়ী। জৈনধর্মের প্রবর্তক মহাবীরকেও 'জিন' বলা হয়।
 - ২৭ অরুদ্ধতী (নক্তা): উত্তরাকাশে সপ্তবিমণ্ডলে বশিষ্ঠের নিকট অবস্থিত একটি কুল্ল নক্তা। ৫ম খণ্ডে ৪৮৯ পৃঃ লঃ।
- ১৫০ ৫ প্রমাণ্ব গঠন প্রণালী অন্তর গঠনপ্রণালী জানিতে পারিবেন ইলেক্ট্রন-মভবাদ অফুদারে প্রমাণ্র গঠন এইরপ: কেন্দ্রীয় নিউক্লিয়াদের চারিদিকে কভকগুলি ইলেক্ট্রন ঘুরিভেচ্ছে,

পৃঠা পঙ্জি

সৌরজগৎ বা নক্ষত্রজগতের গঠনপ্রণালীও অন্নর্মণ, এক ঘনীভূত শক্তিকেন্দ্রের চারিদিকে ক্ষত্রর শক্তিপুঞ্জ ঘুরিতেছে। স্বামীজী অণু ও মহতের এই সাদৃশ্য ইঞ্চিত করিতেছেন। বৈজ্ঞানিক নীলস্বোর ইলেক্ট্রন-ডত্ব উপস্থাণিত করেন ১৯১৩ খৃঃ।

- ১৫৫ ১১ প্রেণবিটেরিয়ান: প্রোটেস্ট্যাণ্ট শাখার প্রধান সম্প্রদায়গুলির একটি, নির্বাচিত প্রতিনিধি দ্বারা শাসিত। জুরিথে ১৫১৯ খৃঃ উদ্ভ, ক্যালভিন কত্ ক ব্যাখ্যাত, স্কটলণ্ডে বহুল প্রচারিত, পরে পৃথিবীর নানাস্থানে বিস্তৃত।
 - ১৫ কোয়েকার: ১৫৫০ খৃ: জর্জ ফক্স-প্রভিত্তিত একটি থ্রীষ্টান সম্প্রদায়। এই গোলীর নাম 'Society of Friends'. এই সম্প্রদায় ইংলও ও আমেরিকায় জ্রুত প্রসার লাভ করে। ভাহাদের মধ্যে ছিল অনেক উৎসাধী প্রচারক। বস্টন ও নিউইংলও হইতে বিভাজ্তি হইয়া ভাহারা রোজ দ্বীপে (Rhode Island) আশ্রয় গ্রহণ করে। পরে বিখ্যাভ কোয়েকার উইলিয়াম পেন নিজ্বসম্প্রদায়ের জ্ঞা 'পেনিদিলভানিয়া' নামে নৃতন উপনিবেশ স্থাপন করেন।
 - ১৮ পিটর: সেণ্ট পিটর খ্রীষ্টের অক্সতম প্রধান শিশু, তিনি 'ব্যাপ্টিস্ট' জনের নিকট দীক্ষা লাভ করেন। তাঁহারই মাধ্যমে 'ধর্মদংস্থা' প্রতিষ্ঠা করিবেন, জুশবিদ্ধ হইবার পূর্বে খ্রীষ্ট এইক্ষণ জানান। (Upon this rock I will build my Church.

 —N. T. Matt., XVI, 18)। জেরুসালেমে প্রচারের পর তিনি বোমে যান এবং সেধানেই ধর্মসংস্থা স্থাপন করেন। তাঁহার শিশ্য-প্রশিশ্যগণই পরে 'পোপ' নামে পরিচিত হন।
- ১৬৪ ১৬ সেন্ট পল (৩-৬৭ ?): প্রথম জীবনে গ্রাষ্টবিছেষী ছিলেন, পরে অলোকিকভাবে গ্রীষ্টের আদেশ পাইয়া একান্ত বিশাসী ও ভক্ত হন, গ্রীসে ও রোমে গ্রীষ্টের বাণী প্রচার করেন, রোম সমাট্ নীরোর আদেশে তাঁছার প্রাণদণ্ড হয়। ১ম থণ্ডে ৫১৩ পৃ: দ্র:।
 ১৬৭ ১৩ 'জিম জিম' কুপ: এব্রাহামের পত্নী সারার প্রথমে কোন পুত্র

পৃষ্ঠা পঙ্জি

হয় নাই, দাসী হাগার সম্ভানসম্ভবা হইলে সারা ক্রুদ্ধ হন এবং তাঁহার নির্দেশে এবাহাম দাসীকে ঐ অবস্থায় মঞ্জুমিতে ফেলিয়া আসিতে বাধ্য হন। সেখানে জলের অভাবে হাগার মৃতপ্রায় হইয়া পড়িলে ঈশ্বর নিকটেই জলের সম্ধান দেন এবং আশাস দিয়া বলেন, তোমার পুত্র হইত একটি বিরাট জাতি হইবে। এই পুত্রই ইসমাইল। ঐ কৃপকে মৃসলমানগণ 'জিম জিম' কৃপ বলেন, এবং ইহার জল পবিত্র মনে করেন। (O. T., Genesis, Ch. 16)

360 5B

বৃদ্ধ একটি ছাগশিশুর জন্ম প্রাণ দিতে উত্তত হইয়াছিলেন
বিষিদার বৃদ্ধদেবকৈ রাজগৃহে আহ্বান করিয়া লইয়া যান। তথন
তিনি পুত্রকামনায় যজ্ঞার্থে পশুবলি দিবার উত্যোগ করিতেছিলেন,
বৃদ্ধ ইহা দেখিয়া মর্মাহত হন এবং বলেন, 'পশুবলি না দিয়া
প্রিবর্তে আমাকে বলি দাও, নিশ্চয়ই অপেক্ষাকৃত ভাল পুত্র
লাভ করিবে।' এই আত্মত্যাগের ভাবে প্রভাবিত হইয়া
বিষিদার পশুবলি বৃদ্ধ করেন ও বৃদ্ধের ধর্ম গ্রহণ করেন।

দেববাণী

গ্রন্থপরিচয়: ভূমিকা ও পটভূমিকা জন্তব্য।

- ১৮৭ ৩ সহস্রদ্বীপোতান: আমেরিকায় সেন্ট সরেন্স নদীর উপর পার্বত্য দ্বীপপুঞ্জে অবস্থিত একটি উত্যানবেষ্টিত কুটার। ৮ম খণ্ডে পত্তাবলীর তথ্যপঞ্জী ৪৬৭ পৃঃ দ্রঃ।
- ১৮৮ ২৪ দেবমাতা (Sister Devamata, Miss Laura Glenn):
 ১৮৯৫ খৃ: শেষে নিউ ইয়র্কে খামীজীর ক্লাদে যোগদান করেন,
 কিন্তু সাক্ষাৎভাবে পরিচিত হন নাই। ১৯০৯ খৃ: বস্টন কেন্দ্রগঠনে খামী পরমানলকে বিশেষ সাহায্য করেন; ভারতে
 আসিয়া মান্দ্রাজে কিছুকাল খামী রামকৃষ্ণানলের কাছে শিক্ষালাভ করেন। পরে আমেরিকায় ফিরিয়া বেদান্তপ্রচারকার্যে
 খামী পরমানলকে আজ্বাবন সাহায্য করেন।

```
পৃষ্ঠা পঙ্জি
```

ን৮৯ ዓ

করেকজন বাছাবাছা ভক্ত শিয়ের সন্মুখে

ল্যাগুস্বার্গ, মেরী শুই, মিস ওয়াল্ডো, সিস্টার ক্রিষ্টিন, মিসেস ফাঙ্কি, মিস ডাচার প্রভৃতি।

4114,

তাঁহার জনৈক বন্ধুর মেইন ক্যাম্প

মি: লেগেটের নিউ হ্যাম্পশায়ারের পার্দিতে 'Maine Camp'
নামক বাড়ির কথা এখানে বলা হইয়াছে।

५ ३ ८ ६

225

ব্সাচার্যদেবের সহিত সাভটি সপ্তাহ

১৮৯৫ খৃঃ ১৮ই জুন হইতে ৬ই অগঠ —এই সাত সপ্তাহ স্বামীজী সহস্রবীপোতানে অবস্থান করেন।

52¢ 29

দুইজন পরে সহস্রদ্বীপোছানে---সন্ন্যাসী হইয়াছিলেন

লিয়ন ল্যাগুন্বার্গ (স্বামী রুপানন্দ) ও মেরী লুই (স্বামী অভয়ানন্দ)কে স্বামীজী এথানে সন্ন্যাসদীক্ষা দিয়াছিলেন।

২৯ পাঁচজনকে ব্রন্ধচর্যব্রতে দীক্ষিত করিয়াছিলেন

মিদ ওয়াল্ডো (ভগিনী হরিদাসী), মিদ গ্রীনন্টাইডেল (দিন্টার ক্রিষ্টিন) প্রভৃতি পাঁচজনকে।

१८ चहर

সেজগু কৃতিত্ব একজনের

সাক্ষেতিক লিপিকার গুডউইন। ৭ম খণ্ডে ৪৪৭ পৃঃ ন্তঃ।

১৯৯ ৫ যে তিন-চারজন উপস্থিত ছিলাম

মিস্ ওয়ান্ডো, মিস ডাচার, মিস রুথ এলিস, ল্যাণ্ডসবার্গ প্রথমদিকে উপস্থিত ছিলেন।

২০ জন (দেন্ট): খ্রীষ্টের দাদশ শিয়ের একজন, বিশেষ প্রিয়, ইনিই চতুর্থ সম্পেলের রচয়িতা।

२७

জনলিখিত গ্রন্থের প্রথম পাঁচটি লোক

প্রথম অধ্যায়ের প্রথম পাঁচটি লোক খুবই দার্শনিক তত্তপূর্ণ:
1. In the beginning was the Word, and the Word

- was with God and the Word was God.

 2. The same was in the beginning with God.
- 3. All things were made by Him; and without Him was not anything made that was made.

পৃষ্ঠা পঙ্জি

- 4. In Him was life; and the life was the light of men.
- 5. And the light shineth in darkness, and the darkness comprehended it not.

(Gospel according to St. John., N. T.)

২০০ ১৪ একত্বাদী (Unitarian): এটিধর্মের একটি শাখা। এই মতে ঈশ্ব পরম্পিভার্কপেই আছেন। ইংগার জিত্বাদ (Trinity— Father, Son, Holy Ghost) এবং এটির দেবত্ব অস্বীকার করেন। আহ্মানিক ১৭০০ খৃ: পোল্যাও ও ট্রান্সিলভানিয়াতে উদ্ভ হইয়া এই মতবাদ ইংলও ও আমেরিকায় বিতার লাভ করে। এই মতের প্রধান নীতি: ঈশ্বের পিতৃত্ব, মানবের শ্রাতৃত্ব ও প্রীষ্টের নেতৃত্ব এবং মাহুষের ক্রমোন্ধতি।

২০১ ১৪ (কাটা) প্লটোকেই ফেলে দাও

শ্রীরামক্ষণের বছবার এই কথা বলিয়াছেন। এথানে 'ছটো কাঁটা' অর্থে জ্ঞান ও অজ্ঞান ব্ঝাইতেছে। প্রবর্তক: যিনি সবে সাধনপথে চলিতে আরম্ভ করিয়াছেন।

২০৩ ২১ প্রবর্তক: যিনি সবে সাধনপথে চলিতে আরিস্ত করিয়াছেন। ২০৫ ২১ ভক্তি ঈবরে পরমপ্রেমম্বরপ৽৽৽৽স্তব্ধ হয় ও আয়ারাম হয়।

'ওঁ দা কল্মৈ পরমপ্রেমরূপা

ওঁ অমৃত শ্বরণা চ।

ওঁ ষৎ লক্ষ্য পুমান্ সিদ্ধো ভবতি অমৃতো ভবতি তৃপ্তো ভবতি।

ওঁ যৎ প্রাণ্য ন কিঞ্চিং বাঞ্জি ন শোচ্জি ন দেষ্টি ন রমজে · নোৎসাহী ভব্জি।

(बार्याश ७वा७।

2.5 75

ওঁ যজ্জানাৎ মত্তো ভবতি শুরো ভবতি আত্মারামো ভবতি।'

—নারদ-ভক্তিস্তা, ১।২-৬ ব্যাপ্টিজম (Baptism): খ্রীষ্টধর্মে দীক্ষিত করার অহষ্ঠান।

ধর্মসংস্থায় সকলের হামীপে এটি বিশাদে স্বীকার করিতে হয়।
নবদীক্ষিত ব্যক্তি 'পবিত্র আত্মা'র শক্তি লাভ করে। জর্ডন
নদীতে স্থান করিয়া দীশু স্বয়ং জন-কর্তৃক দীক্ষিত ইইয়াছিলেন।
'পিতা, পুত্র ও পবিত্রাত্মা'র নামে জল দিক্ষিত হয়।

পৃষ্ঠা পঙ্জি

২১০ ১৩ নাহং নাহং তুঁছ তুঁছ': বাছুর প্রথমে ষেন অহস্বারে 'হাস্বা হাস্বা'করে, তার শেষ পরিণতি ধুহুরীর তাঁতের 'তুঁছ তুঁছ' শব্দে। শুশ্রীবামকৃষ্ণ-কথামুত জ্ঞ্জীয়।

२३३ २०

দেই মেছুনীদের মতো

গল্লটির বিস্থৃত রূপ 'কথামৃত্তে' দ্রম্ভব্য ।

238 30

সব চকু ভোমার চকু, অপচ ভোমার চকু নাই · · · · ·

অপাণিপাদো জবনে৷ গ্ৰহীতা

পশ্রত্যচক্ষ্ণ দ্বোত্যকর্ণঃ। স্বেভাশ, উপ., ৩।১৯

२५१ व

'কাঁচা আমি, পাকা আমি': 'তাঁর দাস আমি, তাঁর সন্থান আমি, তাঁর অংশ আমি; এই হচ্ছে পাকা আমি, বিভার আমি—— আর এই যে বাম্ন আমি, কায়েত আমি, অমুকের ছেলে আমি, অমুকের বাপ আমি—এ-সব হচ্ছে অবিভার আমি কাঁচা আমি'। —শ্রীশ্রীরামক্ত্র-লীলাপ্রসন্থ

২২ ' ম *ে*

'জ্ঞানবৃক্ষের ফল': বাইবেলে বর্ণিত আছে, প্রথম স্ট মানব-মানবী আদম ও ঈভকে ঈশর অর্গে ইভেন-উভানে রাথেন এবং সেধানকার জ্ঞানবৃক্ষের ফল ধাইতে নিষেধ করিয়াছিলেন। কিন্তু তাঁহারা শয়তানের প্রবোচনায় জ্ঞানবৃক্ষের ফল ধান ও স্বর্গ-ভ্রষ্ট হন। 'জ্ঞান' অর্থে ভাল-মন্দ আপেক্ষিক জ্ঞান—ইহাই সকল তৃংথের মূল কারণ।

રહ

চোখ-ঢাকা বলদের মতো

'মা আমায় ঘুরাবি কত

কলুর চোখঢাকা বলদের মতো।'—রামপ্রসাদ

239 36

মৌমাছি আপনি এসে জোটে

তুলনীয় কথামুত--'ফুল ফুটলে ভ্রমর আপনি এলে ভোটে।'

১৬ কেশবচন্দ্র দেন (১৮৩৮-১৮৮৪): ভারতব্যীয় ব্রাক্ষদমাজের নেতা ও বিখ্যাত বাগ্মী, দেশবিদেশে ধর্মশংস্কার-বিষয়ক বহু বক্তৃতা দেন, শ্রীরামক্ষের দালিধ্যে আদেন ও সংবাদপত্তে শ্রীরামক্ষের কথা প্রচার করেন, পরে 'নববিধান' ব্রাক্ষদমান্ত স্থাপন করেন। পৃষ্ঠা পদ্ধক্তি

२३५ १

যীশুখ্রীষ্ট **যে শান্তিদা**তা পাঠিয়ে দেবেন বলেছিলেন

যীশুঞীই বলিয়াছিলেন, আমি তোমাদের নিকট হইতে চলিয়া যাইব বটে, কিন্তু তোমাদের কলাণের জন্ম শান্তিদাতাকে (Comforter) পাঠাইয়া দিব। এটানেরা মনে করেন, Holy Ghost বা পবিত্রাত্মারূপী ঈশ্বরই এই শান্তিদাতা।

- ১৪ আদম: ইছদী পুরাণমতে (Old Testament) স্টির পর ষষ্ঠ দিনে স্ট প্রথম মাহাব। প্রথম মানবী ঈভ তাঁহার পঞ্জর হইতে স্ট। ভগবানের নির্দেশ অমান্ত করিয়া নিষিদ্ধ ফল ভক্ষণ করায় তাঁহারা ইডেন উত্থান হইতে বিভাড়িত হইয়া পৃথিবীতে আদেন। তারপর আদম ও ঈভ হইতেই পৃথিবীতে মাহারের জন্ম।
- ২২ প্রথম সৃষ্ট চারিজন ক্ষিকে হংসরূপী ভগবান শিক্ষা দিয়াছিলেন পাদ্টীকা দ্রষ্টব্য। শ্রীমদ্ভাগবন্ত, ২।৭।৫ দ্রঃ

२४२ २१

এ বেন একটুকরো সুনের সমূদ্রে পড়ে বাওয়া

শ্রীশ্রীরামকৃষ্ণ-কথামৃতে আছে—'স্থনের পুতৃল সমৃত্র মাপতে গিছিল। আর খপর দেওয়া হ'ল না। সমৃত্রেই গলে গেল।'

- ২২২ ৯ মিন্টন (১৬০৮-৭৪): জন মিন্টন, প্রিদিদ্ধ ইংরেজ কবি। প্রথম
 জীবনে চার্চের প্রতি আকৃষ্ট হইয়াছিলেন, পরে সাহিত্যসাধনায়
 আত্মনিয়োগ করেন। রাজনৈতিক ও ধর্মীয় বিপ্লবের সহিত
 তিনি জড়িত ছিলেন। ১৬৫২ খৃঃ তাঁহার দৃষ্টিশক্তি নট হইয়া
 যায়। তাঁহার রচিত তুইটি মহাকাব্য—Paradise Lost
 (১৬৬৭ খৃঃ) এবং Paradise Regained (১৬৭১ খৃঃ)।
- ২২৫ ১৮ এরামক্লফের পিতা: এীযুক্ত ক্লিরাম চটোপাধ্যায়।
- ২২৬ ২৭ তাঁর এক আত্মীয়: শ্রীরামক্তফের ভাগিনেয় হৃদয় মুখোপাধ্যায়।
 - ২৯ এক সন্মানিনী: ধোণেশ্বী ভৈরবী শ্রীবামরুফদেবকে ভাত্তিক সাধনায় সহায়তা করেন।
- ২২৮ ৯ এক স্থান্ত শ্লীতে: শ্রীশ্রীমা সারদাদেবীর জন্মভূমি বাঁকুড়া জেলার
 স্থান্ত জন্মরামবাটী গ্রাম।

8---तई

202 24

266 70

সাক্ষাৎ অহুভৰ করিয়া বিখাস করেন। এই সেণ্ট টমাস্ট দক্ষিণ ভারতে আদিয়া খ্রীষ্টধর্ম প্রচার করেন। অ্যাংলো-ভাক্সন: জার্মানির টিউটনিক জাতি, একল ভাক্সন ₹40 ७ ও জুটগণ ব্রিটেন আক্রমণ করিয়া রাজ্য স্থাপন করে। ভাহাদের নামাত্রদারে দেশের নাম হয় England, এবং জাতির নাম হয় English বা ইংরেজ। আমেরিকানরা প্রধানত: এই

> আাংলো-স্থাক্সনদেরই বংশধর। 'প্রবোধচন্দ্রেদয় নাটক': প্রায় হাজার বৎসর পূর্বে মধ্যভারতের ভক্তরাজা কীর্তিসিংহের দরবারে বাঙালী কবি বধমাননিবাসী

> শ্রীকৃষ্ণ মিশ্র প্রথম রূপক নাটক 'প্রবোধচন্দ্রোদয়' রচনা করেন। জ্ঞান ভক্তি বৈরাগ্য প্রভৃতি চবিত্র অবলম্বনে একটি রূপক নাটকে দেখানো হইয়াছে—কিভাবে জীবের জ্ঞান হয়, কি কি বিম্ন হইতে পারে, ইত্যাদি।

রাবিয়া: (আফুমানিক ৭১৭-৮০১) পারস্থের বসরার একজন 262 22 উন্নত হুরের হুফী সাধিকা। বালিকা বয়সে তিনি ক্রীতদাসীরূপে বিক্রীতা হইয়াছিলেন, কিন্তু একদা প্রার্থনারত অবস্থায় তাঁহার দিব্যভাব অহভব করিয়া মনিব তাঁহাকে মৃক্তি দেন। তিনি অবিবাহিতা থাকিয়া কঠোর তপস্তায় প্রার্থনাপূর্ণ জীবন যাপন করেন। ঈশরকে তিনি প্রিয়তম বা পতিরূপে ভাবনা করিতেন। ষমেবৈৰ বুণুতে

বেদাধ্যয়ন ছারা আত্মাকে লাভ করা যায় না, মেধা ছারা বা বহু শাস্ত্র-শ্রবণেও উহা লাভ করা যায় না। এই আত্মা

> যাঁহাকে ব্রণ করেন, ডিনি তাঁহাকে লাভ করেন, তাঁহার নিকটেই এই আত্মা নিজন্নপ প্রকাশ করেন। কঠ উপ , ১।২।২৩ ক্যাণ্ট: ইম্যামুয়েল ক্যাণ্ট (১৭২৪-১৮০৪) প্রসিদ্ধ জার্মান দার্শনিক। ইনি হিউমের 'দন্দেহবাদ' খণ্ডন করিয়া 'সবিচারবাদ' (Criticism) প্রবর্তন করেন। উনবিংশ শতাব্দীর দার্শনিক চিস্তার রাজ্যে তাঁহার প্রভাব অসামাক্ত। ১ম থও ড:।

২৬০ ৭ শোপেনহাওয়ার (১৭৮৮-১৮৬০): বিখ্যাত নৈরাশ্রবাদী জার্মান দার্শনিক। ২য় থণ্ডে ৪৯৭ পৃঃ দ্রঃ।

২৭০ ১১ ওয়াশিংটন: জর্জ ওয়াশিংটন (১৭৩২-৯৯) আমেরিকা যুক্তরা ষ্ট্রর প্রথম প্রেসিডেন্ট (১৭৪৯ খৃ: ৩০শে এপ্রিল)। আমেরিকার স্বাধীনতা-যুদ্ধের তিনি ছিলেন প্রধান সেনাপতি। তাঁহাকে আমেরিকা যুক্তরাষ্ট্রের 'জন্মদাতা' বলা হয়।

২৭৩ ২৬ প্রজ্ঞালি: 'মহাভাষা'কার এবং সোগদর্শন-স্ক্রকার। ৫ম থণ্ড, ৪৭৭ পৃ: ডা:। ১ম খণ্ডে পাতঞ্ল যোগস্ত্র ডা:।

২৭৪ ২৫ প্রাণ সবিভদ্ধ দশটি, ভন্মধ্যে পাঁচটি অন্তম্থ, পাঁচটি বহিম্থ অন্তম্থি: প্রাণ অপান সমান উদান ব্যান।

२१७ ३३

বহিম্ব : নাগ কুর্ম ক্লকর দেবদত ধনঞ্জয়।

বিনি কামক্রোধের বেগ----তিনি মহাযোগী পুরুষ

শক্লোতীছৈব যঃ সোঢ়ং প্রাক্শরীর-বিমোক্ষণাং।

কামক্রোধোন্তবং বেগং স যুক্তঃ স স্থী নরঃ ॥ গীতা ৫।২৩

২৭৮ ৫ প্রতাক্ষামুভূতি কবাতেই সেন্ট পলকে খ্রীষ্টধর্ম গ্রহণ করতে হয়েছিল

প্রথম জীবনে দেন্ট পল খ্রীষ্টবিষেষী ছিলেন, তথন তাঁর নাম ছিল দল (Saul)। খ্রীষ্টের শিশু ও ভক্তদের উপর নির্বাতন করিতে তিনি দামাস্কাদে আদিবার পথে আলৌকিকভাবে খ্রীষ্টের আদেশ পাইয়া পূর্বদংকল ত্যাগ করেন এবং খ্রীষ্টে বিশ্বাসী হইয়া 'পল' এই নাম গ্রহণ করিয়া গ্রীদে ও রোমে খ্রীষ্টধর্ম প্রচার করেন। রোমান চার্চের অক্ততম প্রতিষ্ঠাতা; খ্রীষ্টের সাক্ষাং শিশু না হইয়াও তিনি খ্রীষ্টশিশ্যের মতো সম্মানিত। (Acts, XIII দ্রঃ)

২১ যোগদিদ্ধিগুলি: ষোগদাধনার ফলে জাটটি ঐশ্বলাভের বর্ণনা পাওয়া যায়, যথা—জণিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিস্ক, বশিস্থ ও কামাবদায়িতা।

২৭৯ ১৭ বাসনারূপ অবথ বৃক্ষটি স্বেল

অখথমেনং ফবিরুচ্মুগম্ অসক্ষত্ত্বেণ দৃঢ়েন ছিন্তা।—গীতা, ১৫।৩

२৮७ २৫

খ্রীষ্টানদের ইউক্যারিষ্ট নামক অমুষ্ঠান

বাইবেলের নিউ টেস্টামেণ্টে আছে, ধীশুগ্রীষ্ট তাঁহার দেহত্যাগের পূর্বে শিশ্বগণকে সমবেত করিয়া কটি ও মত্ব ঈশবোর্দেশ নিবেদন করিয়া বলেন, 'এই কটি আমার মাংস এবং এই মত্ব আমার রক্ত।' তৎপরে শিশ্বগণকে উহা খাইতে বলেন। গ্রীষ্টানগণ এখনও প্রতি বংসর এই উপলক্ষে Eucharist of the Lord's Supper অষ্ঠান পালন করেন।

২৮৭ ১৭ 'সভ্যমেব জয়তে নান্তম্': মৃগুকোপনিষদ, ৩৷১৷৬

২৮৮ ২ অবধৃতগীতা: অবধৃত একপ্রকার সন্ন্যাসী, অবধৃত দত্তাত্তেম বিষ্ণুর অবতার (শ্রীমদ্ ভা: ১৷৩৷৬,২৷৭৷৪)। দত্তাত্তেম-বিরচিত অবধৃতগীতা আটটি অধ্যায়ে বিভক্ত, চরম জ্ঞানের একথানি গ্রন্থ।

२२२ ৮

२३७

27

२२

3 AES

হৃদয়ের গ্রন্থি সব ছিল্ল হয়ে যায়

ভিন্ততে হাদয়গ্রন্থি ছিন্তান্তে সর্বসংশর্মাঃ।
কীয়ন্তে চাম্ম কর্মাণি ভস্মিন্ দৃষ্টে পরাব্যে॥—ঐ ২।২।৮

কারতে চাত ক্যাণ তামন্ দৃতে সরাবরে ॥—এ বাইবেলে আছে মামুষ ঈশবের প্রতিমূর্তিম্বরূপ

বাহবেলে আছে মানুৰ স্বরের আওম্ভেরলণ

And God said. Let us make man in our image, after our likeness...O.T. Genesis: 1,26

ইঙ্গারসোল: রবার্ট ইঙ্গারসোল (১৮৩৬-৯৯) আমেরিকার বিখ্যাত অজ্যেরাদী লেখক ও বক্তা। স্বামীজীর সঙ্গে ইহার তর্কবিচার হইয়াছিল। ৭ম খণ্ডে ৪৭৪ পৃ: দ্র:।

সোনার মতো পালকযুক্ত হুটি পাথি একটি গাছে বসে আছে

ছা স্থপনা সমুজা সধায়া সমানং বৃক্ষং পরিষ**ত্তরা**তে।

তয়োবন্তঃ পিপ্লৰং সাৰত্যনশ্ৰস্থেতিভাকশীতি॥

মুগুক. উপ., ৩৷১ ; শ্বেতাশ্ব. উপ., ৪৷৬ ১৪ লুথার (১৪৮৩-১৫৫৬): প্রোটেস্ট্যাণ্ট ধর্মসংস্থাপক প্রাদিদ্ধ

- ১৪ লুখার (১৯৮৩-১৫১৬): ত্যোতেন্ট্যান্ড বন্ধংস্থানক প্রাণক জার্মান ধর্মসংস্থারক এবং ওল্ড টেস্টামেন্টের অন্থ্রাদক। ১ম ধণ্ড ৪৪০ প্র: ।
- ২২ মীরাবাঈ (১৫শ শতক): রুফল্পেমে সংসারত্যাগিনী সাধিকা।

ইনি রাজস্থানের রতিয়া-রাণার কন্তা এবং কিম্বদ্ধী অমুসারে রাণা কুছের পদ্মী ছিলেন। রাণী হইয়াও ইনি ভিখারিনীর বেশে তীর্থে তীর্থে রুফ্-বিষয়ক গান গাছিয়া ঘুরিয়া বেড়ান। তাঁহার রচিত ভজনাবলী আজও সারা ভারতে অত্যস্ত সমাদরের বস্তু। এই খণ্ডেরই ৪২২ পৃঃ দ্রঃ।

১৩

তিনিই সতীদাহ প্রথা বন্ধ করেন

রামমোহন রায়ের চেষ্টায় ১৮২৯ খৃঃ লর্ড বেণ্টিঙ্ক আইন প্রণয়ন করিয়া সভীদাহ প্রথা বন্ধ করেন।

৩১৩ ১৬

নাধনচতুষ্টয়ঃ নিত্যানিত্যবস্থবিবেক; ঐহিক ও পারলৌকিক বিষয়ে বিরাগ; শমদমাদি ষট্সম্পত্তি (শম, দম, উপরতি, তিতিকা, শ্রহা, সমাধান) এবং মুমুক্ত।

७४७ ৮

মহাধান সম্প্রদায়: বৈশালী নগবে আছুত দ্বিতীয় ধর্মসংগীতির অধিবেশনে একদল ভিক্ষ্ 'থেরবাদ' সমর্থন করেন এবং ইহার বিক্ষরবাদিগণ কর্তৃক 'মহাসাংঘিক' মতবাদ প্রবর্তিত হয়। পরবর্তী-কালে থেরবাদ হইতে হীনধান এবং মহাসাংঘিক হইতে মহাধান সম্প্রদায় উদ্ভূত হয়। ব্যক্তিগত নির্বাণই হীনধান-পদ্বীদের কাম্য, কিন্তু মহাধানপদ্বিগণ সকলের নির্বাণ বা মোক্ষ কামনা করেন।

७७५ ७

কংফুছ (Confucius) : ১ম খণ্ড তথ্যপঞ্জী ৪২৫ পৃ: स्र:।

હ

জরণ্ট্র (Zoroaster): এ—8২৮ পৃ: দ্র:।

25

লাওংদে (Laotse) : ঐ—৪২৫ (তাওধর্ম) পৃ: দ্র:

७२১ २२

মানবের পতন (Fall of Man) এবং পুনরুখান (Resurrection): এটানদের বিখাস ঈশ্বরাদেশ লজ্মন করিয়া আদম ও সভের স্বর্গ হইতে পতন হয়, এবং ঈশ্বেজ্যা পূর্ণ করিয়া যীভঞ্জী ধ্ব আত্মদান করেন, তাহাতে মানবন্ধাতি আবার স্বর্গে ফিরিয়া

ষাইবার অধিকার লাভ করে। এই প্রসঙ্গে মিণ্টনের অমর গ্রন্থর (Paradise Lost & Paradise Regained) শ্বরণীয়।

७२२ २१

ত্রিত্ববাদ (Trinity): এটিধর্ম অন্তলারে একই ঈশবে তিনটি ব্যক্তিত্ব আছে—পিতা ঈশব, পুত্র ঈশব ও পবিত্রাত্মা

७२७ २८

ঈশর। ইহারা ব্যক্তি হিদাবে পৃথক্, সত্তা হিদাবে এক।
সকলেরই মহিমা সমান। পিতা ঈশর বিশ্বস্থা, পুত্র ঈশর মানবজাতির পরিত্রাতা, পবিত্রাত্মা ঈশরবিশাসীলের চিত্ত পঁবিত্র করেন।
যীশুর বারটি জেলে শিয়া: সাইমন (পিটার) ও তাঁহার
লাতা এণ্ডু,, জেম্স্ ও তাঁহার লাতা জন, ফিলিপ, বার্থো-লোমিউ, টমাদ (Doubting Thomas), ম্যাথ্য, জেম্স্,
থ্যাডিযুদ, সাইমন, জুডাদ (Iscariot)। (Matt. X. 2-5)
ইহারা প্রায় দকলেই জেলে এবং অশিক্ষিত ছিলেন।

७२४ ५७

চোর কুশে বিদ্ধ হয়ে…ফললাভ করলে

যীশুগ্রীষ্টকে ক্রুশে বিদ্ধ করিবার সময় সেই সঙ্গে আর একজন চোরকৈও ক্রুশে বিদ্ধ করা হইয়াছিল। গ্রীষ্টের উপর বিশাস স্থাপন করিয়া সে মৃক্ত হইয়া গেল, বাইবেলে এইরূপ উল্লেখ আছে। হিন্দুমতে চোর নিশ্চয়ই পূর্বের কোন স্কৃতির ফলে এইরূপ ক্রপালাভ করিয়াছিল। (Matt. XXVII, 38)

75

বৃদ্ধ ভার প্রবলতম শক্রকেও মৃক্তি দিয়েছিলেন
অন্ততম শাক্যকুমার দেবদন্ত প্রথম জীবন হইতে বুদ্ধের প্রতি
বৈরভাব পোষণ করিতেন। পরবর্তীকালে তিনি বুদ্ধের ভিক্ষ্সংজ্য প্রবেশ করিয়া উহাতেও বিশৃদ্ধলা স্ক্তির চেষ্টা করেন এবং
বিশ্বিদারের পুত্র অজ্ঞাতশক্রর দাহাধ্য লইয়া বুদ্ধের প্রাণনাশের
চেষ্টা করেন। কিন্তু প্রতিবারই তিনি বিফল হন; অবশেষে
একনিন তাঁহার মূখ হইতে উত্তপ্ত রক্ত বাহির হইরা তাঁথার
জীবননাশ হয়। তথন অফ্রতপ্ত অজ্ঞাতশক্র বুদ্ধের শ্রণাপন্ন হইলে
তিনি তাঁহাকে ক্ষমা করিয়া মৃক্তিমার্গ শিক্ষা দেন।

ভক্তি প্রসঙ্গে

৩৪৬ ২৩

প্রেমিক ইথিওপের ললাটে হেলেনের সৌন্দর্য দেখিয়া গাকে
সৌন্দর্যের জন্ম হেলেন বিখ্যাত; ইথিওপ ক্লফবর্ণ (হাবসী)
কুরণ। তুলনীয়ঃ ভেসডিমোনা ও ওথেলো।

পৃষ্ঠা পদ্ধক্তি

৩৪৮ ২০ ইগনেসিয়াস লয়লা (Ignatius Loyola, Saint, ১৪৯১১৫৫৬): স্পেনের অভিজ্ঞাত বংশে জন্ম। প্রথম জীবনে
দৈক্তবিভাগে কান্ধ করিতেন, সেই সময় গুরুতরভাবে আঘাত
পাইবার ফলে ধর্মপথে তাঁহার জীবনের মোড় ঘ্রিয়া যায়।
নয়জন সলী লইয়া তিনি ১৫৩৪ খৃ: প্যারিসে একটি Society
of Jesus (Jesuits)-এর পরিকল্পনা করেন। ১৫৪০ খৃ:
সম্প্রদায়টি পোপের অহুমোদন লাভ করে। লয়লার মৃত্যুর পূর্বেই
এই সোদাইটি নানা স্থানে ছড়াইয়া পড়ে।

৩৬২ ৩ আইডা আনসেল (উজ্জ্লা): ১৯০০ খৃ: প্রথম দিকে ওকল্যাণ্ডের একেশ্ববাদী গির্জায় স্বামীজীয় বক্তৃতা শুনিয়া তাঁহার প্রতি আরুষ্ট হন, পরে স্বামীজীর দারিধ্যে আদেন। তিনি সাংকেতিক লিপি জানিতেন এবং স্বামীজীর অনেক বক্তৃতার নোট লইয়াছিলেন। Reminiscences of Vivekananda গ্রন্থে স্বামীজী সম্বন্ধে তাঁহার একটি বড় প্রবন্ধ পাওয়া যায়।

७१४ २७

একজন যোগী ছিলেন

শ্রীরামক্বঞের কথাই এথানে বলা হইন্নাছে।

৬৮৩ ২৫ দেও টেরেদা (১৫১৫-৮২): মাত্র আঠার বংদর বয়দে দিরীয়

গ্রীষ্টান দল্লাদিনী-দম্প্রদায়ে যোগদান করেন। ১৫৬২ খৃঃ তিনি
অনেকগুলি মঠ স্থাপন করেন, যদিও দাধারণ চার্চভূক্ত বহু লোক
তাঁহার বিক্দন প্রতিবাদ করিয়াছিল। তিনি অতীক্রিয়বাদ
দংক্রান্ত বহু অলৌকিক কাহিনী লিথিয়াছেন। বিচক্ষণতা,
কৌতৃকপ্রিয়তা ও উচ্চ আদর্শপ্রীতি প্রভৃতি বহু গুণের তিনি
অধিকারিণী ছিলেন।

- ৩৮৮ ১ 'ভক্তমাল' আর্থাৎ 'ভক্তজীবনমালা', নাভাজী লিখিত হিন্দী কাব্যগ্রস্থ, ইহাতে প্রধানতঃ মধ্যযুগের বহু ভক্তের কাহিনী বর্ণিত আছে। পুস্তকথানির বঙ্গাহ্নবাদ আছে। 'কথামৃতে' শ্রীরামকৃষ্ণ বলিতেছেন—'ভক্তমাল বড় একঘেয়ে'।
 - ১ বিলমঙ্গল: 'ভক্তমান' গ্রন্থে বিলমন্ত্রের কাহিনী পাওয়া যায়।

শীরামরক গিরিশচন্দ্রকে বিষমদলের উদাহরণ দেন। তাহাতেই উদোধিত হইয়া তিনি 'বিষমদল' নাটক রচনা করেন। কিম্বদন্তী অমুদারে অন্ধ সাধককবি ম্রদাসই বিষমদল; 'কুফকর্ণামৃত' বিষমদলের রচনা।

५६७

বাল-গোপালের কাহিনী: গল্লটি স্বামীন্দ্রী বহুবার বলিয়াছেন;
মিস ফান্ধির স্থতিকথার (Inspired Talks: The Master)
গল্লটি সংক্ষেপে লিপিবদ্ধ আছে। মহেন্দ্রনাথ দত্ত-নিথিত
স্বামীন্দ্রীর 'বাল্যন্ধ্রীবনী'তে আছে, গল্লটি নরেন্দ্রনাথ তাঁহাদের
ধাত্রীর নিকট শুনিয়াছিলেন এবং বাল্যকালে উহা ভাতাদের
শুনাইতে ভালবাসিতেন।

8 0 2

'শিশুত্ব' বা 'শিশুর সাধনা' বক্তৃতায় প্রধানতঃ 'নাধনচত্টয়' আলোচিত হইয়াছে, তবে ক্রমের একটু পর্থিক্য লক্ষিত হয়, এখানে প্রথমে 'বৈরাগ্য', তারপর 'ষট্দম্পত্তি' ও 'মুমুক্ত্ব', শেষে 'বিবেক' আলোচিত হইয়াছে।

8५० **५**२

দীকা (Baptism): এই খণ্ডে তথ্যপঞ্চী ৪৪০ পৃ: দ্র:।

836 36

চার প্রকার লোকে আমাকে ভঙ্গনা করে: গীতার ক্রম: আর্ত, জিজ্ঞান্ত, অর্থার্থী ও জ্ঞানী।

822 25

সলোমন (১০১৫-৯৭৫ খৃ: পূ:): ডেভিডের পুত্র রাজা সলোমন, ভেক্ষণালেমের মন্দির প্রতিষ্ঠা করেন। ঈশরকে প্রেমিকভাবে

দেখিতেন, ইহার ভজন 'Song of Solomon' নামে বিখ্যাত।

828 b

মাতৃ-উপাদনা একটি স্বতন্ত্ৰ দৰ্শন

ইহার কিছু আভাদ 'শাক্তাদৈত'-দর্শনে পাওয়া যায়, বিভিন্ন তত্ত্বে ইহা আলোচিত। শ্রীরামরুষ্ণ বলিতেন: মাতৃভাব শুদ্ধভাব, আমার মাতৃভাব। ত্রন্ধ ও শক্তি অভেদ।

निर्पाभिका

च्याळाग्रवांनी २००, २०७ অথর্ববেদ ৭০ चान्हे २७১ অধৈত-জ্ঞান ২৬০ -বাদ ২৪২, ২৫০, ২৬**২**, ৩**০৫**, ७२७ 'অধ্যাদ' ২৩৮, ২৩৯ 'অনবসাদ' ৪৯, ১০০ 'অমুদ্ধর্য' ৫০, ১০১ অমুভৃতি ২৬৫ 'অমুরক্তি' (শাণ্ডিল্য-স্ত্র) ১২ অম্ব:শুদ্ধি ৪৭, ৪৮ অপরাবিতা ৭০ অবভার ১২৪, ১২৮, ২০০, ২৪৫ — हैशाएत উপাদনা ১২৭ -বাদ ৩২৩, ৩৪১ 'অভ্যাদ' ৪৭, ৯৭ অকলভী (নক্ষত্ৰ) ১৪৭, ১৪৮ षर्जून ७०, २১৫, २२১ व्यम्दम् ७७७ আত্ম-জ্ঞান ২৮৫ -তত্ত্ব ২৭২ -শুদ্ধি ৫৩ -সমর্পণ ৬৮ -मःयम ८१ আত্মা ৫৩, ৫৪, ৫৮, ১০৯, ১১৬, ১২৫, ২১০, ২১১, ২১৩, ২৩৯, ২৪০, २६६, २६२, २७७, २१०, २१७, २००, २०১, २००, ७५६, ७२৫, ७७१, ७४७, ७१२

জ্ঞাতা ২৮৪ কিভাবে লভ্য ১• (पर्हीन २७२, २७८ उक्तक्र १ २२० মৃক--->৪-১৮; আত্মার উন্নতি ১৬৮ উপাদনা ২৬৭ পূর্ণত্ব-প্রাপ্তি ১১৫ স্বদ্ধ ৩৭০ আদম (Adam) ২১৮ আদর্শ ৬৫ 'আপ্ত' ২৭৭ আমেরিকা-এখানকার তুঃখকষ্ট ৩২৫ আব্য ২৯৭ আলেকজান্দ্ৰিয়া ১৪৯ আদক্তি ১৪, ৯৫ আসন ২৮১ আহার-শুদ্ধি ৪৬, ৯৪, ৯৫ ইউক্যারিষ্ট (খ্রীষ্টান-অন্মর্চান) ২৮৬ ইউনিট্যারিয়ান ৩৪০ ইগনেদিয়াস লয়লা ৩৪৮ ইন্ধারদোল, রবার্ট ২৯৩ ইচ্ছাশক্তি ২৬৮, ২৮৬ हे किय-मःयम ४२ -ম্বভোগ ১০২-১০৪, ৩৩৮ हेट्टे ७८२ -নিষ্ঠা ৮

केमा ১৯৯ जेथब, ভগবান্ ১৩, ১৯, ७२, ६१, ७८, ७৫, १८, ৮১, ১०७, ১०৫, ১०৮-

हेल्मी, ब्राल्मी ১८८, ১८৫, २८०, २८०,

२৮१, ७७€

\$\$\$, \$\$\$, \$₹8, \$₹¢, ১৪৯. ১৫**০, ১৫**٩, ১৬৫, ১৬৯, ١١٠, ١٢١, ١٥٩, ٢٠٠, ٢٠٢, २४७-२४६, २२०, २२७, २७५, २७७, २७६, २६८, २६०, २७८, २७१, २७৮, २१४, २१४, ७०४, 0)e, 029, 000, 00b -দর্শনের উপায় ৩২, ৩৩ -নিন্দার ভাব ৩৮৫ -ভাবাবেশ ৩১২ -লাভ ১০৭, ২০৮ -সম্বন্ধীয় ধারণা ১৯ ইহাকে মাত্র্যরূপে চিন্তা ১৭১ ঈশ্বই দাতা ২০১ --- সতা ২১৯ —সমষ্টি ৬৫ —উপলব্ধির বস্ত ২০১ -পরশমণি ২০৬ ঈশ্বরে আত্মদমর্পণ ২১৭ -- নির্ভর ৬৮---বিশ্বাদ ৩৮৬ —আস্তি ৬৯ ঈশ্বরের অভাববোধ ৩০১ —প্রকৃত বাচক ৩৮ —'সৃষ্টি'র উদ্দেশ্য ৭৯ ---অমুসন্ধান ৭ —উপাদনা ১२৬, ১२१,১৪৮,७৬৮ ব্যক্তি-৩০০, ৩০১, ৩৬৪, ৩৬৬ সপ্তাণ-১৪০, ১৬৬, ২৬০, ২৬৯, ৩৩৬,

উত্তকামগু (মহীশ্র) ৩ উপনিষদ্ ৭০, ৯৪, ১৯৬ উপাদনা ৯, ১০, ৩৯, ৪০, ১৭৯, ৩৬১,

ইনিই মাহুষের সর্বোচ্চ কল্পনা ৩২২

009, 082, 066, 066

999

-প্রণালী ১৩৪ অধম—৭৩ নিমন্তবের—১৩৩ সমবেত—১৬১

ঋষে ২৩৪, ২৪৫ এক**ত** ২৩৪

-বাদী ২০০ একেশ্বরবাদ ৩২৩ এমার্সন ১০৮

ওক্ষার ৩৭, ৬৮, ১৫১, ১৫২, ২৭৪ ওয়াল্ডো এন. ই. (মিন), হরিদানী ১৮৮, ১৮৯, ১৯৮ ওয়াশিংটন (জর্জ) ২৭০

কপিল ১৮
কবিতা, কাব্য ৩৫৫
কম্তে, অগ্ন ৪১
কর্তব্য-ধারণা ২৫৭, ২৫৮
কর্ম ২০৮, ২৬৪, ২৭৫
—ইহার ফল ২৬২
—যোগ, যোগী ৫৩
'কল্যাণ' ৪৭, ১০০
কাণ্ট ২৬০
'কাবা' ১৪৫
কৃষ্ণ (ত্রী) ১৭, ৩২, ৩৩, ৩৭, ৪৭, ৮১, ৮৪, ১৯৯, ২১৫, ২২১, ২২৫, ২৩১, ২৯৩

কৃষ্ণ চৈতন্ত্র (প্রী) ৩৩৯ কেশবচন্দ্র সেন ২১৭ কোরান ১৩৫ কোয়েকার ১৫৫

क्रांथनिक (द्यांयांन), ১৫৫, ১৬१, 080, 068, 066, 099, 066 ক্রিশ্চান সায়াণ্টিস্ট ৩৪৩ 'ক্রিয়া' ৪৭, ৯৮ व्किथ २०৮

খান্ত-বিচার ৪৫, ৪৬, ৯২ ইহার ত্রিবিধ দোষ ৯২-৯৪ থ্রীষ্ট ৮১, ১০৯, ১২০, ১২৬-১২৯, ১৩৭, চিন্ত**ন্ড**দ্ধি ১২০, ১৭৫, ২১৭, ২৪৫, 180, 189, 186, 166, 161, ١٩٥, ١٢٠, २००, २०৫, २०७, २०४, २४७, २४४, २२४, २२८, २७১, २७४, २७৫, २६०, २৫৯, २৮१, २२४, २२६, ७३६, ७५, ८२७, ७२৮, ७८১, ७८৫, ७१৮ **ইনি অসম্প**র্ণ ২৯৪ ইনি নিগুণ ব্ৰহ্মের বিকাশ ১৯৯ 'ইহার শৈলোপদেশ' ১০৯, ১২০, **32** খ্রীষ্টান, খ্রীষ্টধর্ম ৮১, ১২৬, ১৩৬, ১৪৫, ১৪৯, ১৫৫, ১৭১, ১৯৯, ২৩**৫**,

গীতা ২৮, ৩৩, ৩৭, ৪৭, ১৯৬, ২১৫, २२১, २२৫, २७१ গুডউইন, জে. জে. (মিঃ) ৩, ৪ গ্ৰপ্ত সমিতি ১৬১-১৬৩ প্তক ২৩-২৬, ৩০, ৩১, ১১৬, ১২৩, ১৫२, २१৫, ७०७, ७०८, ७८८ हैशंत्र मक्तन २१-२२, ১১৮-১२२ -পরম্পরাগত শক্তি ২০৬ গোঁডামি ৮ গোপীপ্রেম ৮৪, ৩৩২

२৮१, ७२२

গোতম—'বৃদ্ধ' ক্সষ্টব্য।

ইহার প্রচার ৩৫০

গ্ৰন্থ ১৪৪, ১৪৫ ইহার মূল্য ১৪৬ -উপাদনা ১৪২-১৪৪ -পাঠ ১১৫, ১৩১, ৩৩৫

চরিত্র ৮ চাৰ্বাক (সম্প্ৰদায়) ২৩৬ চারিত্রানীতি ২৬৯ २२४, २२२ চেতনা ২৬৫

জগৎ ৬৫, ১০৯, ১১৩, ১১৪, ২০২, २১२, २७৮, २९२, २५७, २५৮ ইহা নামরূপাত্মক ৩৬ ইহা সত্যের ছায়া ২১১ -- নিয়মন শক্তি ১৪

জনক (রাজর্ষি) ৩২৩ পাদটীকা ष्ट्रन, (मण्डे ४२२, २००, २४৮ জপ ২৪৩ জবগৃষ্টীয় (Zoroastrian) ৩২২ ष्क्ष्यान, ष्क्ष्यानी २১, ১०२, २১१ षिन ১৪१ জিহোবা ২৮৭

कीवन ১०৮, २८८ জটিলতর ৩৬৭ ইহার অর্থ ২১২ ইহার লক্ষণ ৩৫৭ জীবাত্মা ২৯৯

(फक्नारलय)२० टिक्नन, टिक्निशर्म ১७७ खान १, ४८, ১२७, २১२, २२७, २७८, २७३, २७०, २७४, २७१, २१४. २००, २०७, २०० हेश चारिकिक २३৮, २८६

ইহার উৎস ২৩৬
ইহার মৃন্য ৩৫৬
— যোগ ৬•
ইহাতে বিপদাশকা ৬১
— যোগী ৫৩
দিব্য বা প্রাতিভ—১৬৩, ২৪৫
জ্যামিতি ৩৫৩

ট্মান, নেণ্ট (Apostle) ২৫০

টেরেদা দেউ, ৩৮,

ডাচার (মিশ) ১৯২, ১৯৩ ডেভিড ২৩১

'ডদীয়তা' ৬৪ তপস্থা ২২৯ তমঃ ২৯৯

ভৰ্ক ৬২৫ ভাত্ত-বাদী ৩১৮ পাদ্টীকা

তামদ-প্রকৃতি ২১২ তালম্ড (য়াহুদী ধর্মগ্রস্থ) ১৪৪

তিকত ২২**৯** তুলদীদাদ ৪৪ তাগ ৩৮৬

विष-वान,—वानी २०० शानिका, ७२२, ७८১

দক্ষিণাচার ২৩০
দর্শন (শাস্ত্র) ১০, ২৬০, ২৭৭, ৩১২
দশাবতার ২৪৭
দত্তাত্রেয় (মৃনি) ২৮৮ পাদটীকা
দান ১০০, ৩৩৯
দাস্তভাব ৭৮, ৩৮২
দিবাজ্ঞান,—(প্ররণা ১৬৩, ১৬৪
দেবতা ৩৩৯
দেহ ৬৭, ৩৪৪

-বৃদ্ধি ৬৮ স্থাবিড়ী ২৬১ বৈত-বাদ,—বাদী ২৪২, ২৫৬, ৩০৫, ৬৬৬

-ভাব ২০১

-বন্ধন ' ২ ৪

ধর্ম ২৮, ৩০, ১২০, ১৬০, ১৭২, ২১১, ২৫১, ২৫৫, ২৬০, ২৭২, ২৭৪, ২৭৭, ৩০৪, ৩২৬, ৩২৭ ইহা অপ্রোকামুভূতি ১৩০-১৩৩

ধর্মের অবস্থা ১৭৪ উপলব্ধি ১৬২ ক্রমবিকাশ ৫৮৩

সংখ্যাধিক্য ১৩৫ পাশ্চাত্যে ধারণা ২৫৯

প্রথম সোপান ১৩৩

-প্তক্ষ ৩৫• -পিপাদা ২৪, ২৫, ১৭৪ -বিরোধ ৩৩৮

-ল†ভ ৩১, ১১৮ ইহার অর্থ ২৭১

নাম, শব্দ ১৫১-১৫৩, ১৭০, ১৯৯ -উপাসনা ১৬৯

-রূপ ১৪৯

-শব্ধি ১৩৫, ১৪৯ নারদ ৭, ৯৮, ২০৬, ৩৩২

নান্তিক ১৭৩, ১৭৪ নিবৃত্তি ২১৮, ৩২৫

निदां शिवां मी २**००**

নিৰ্বাণ ৩১৬ নিয়ম ৩৪৩, ৩৭০, ৩৮৬

পওহারী বাবা ৩৮৭ পডঞ্জলি ১১, ২৭৩

পদার্থ-বিজ্ঞান ২৬০ পবিত্রভা ৩২৭ পরধর্ম-সহিষ্ণুতা ৩৪১ পরমহংস ১২৬ পরাবিতা ৭০, ২০৮, ২৪৮ ইহাই ব্যক্তান ৭০ পরাভক্তি ৫৫, ৭০, ৭১, ৭৬, ১৮১, २०४, २८२ ইহার প্রভাব ৭৭ -লাভের জন্ম প্রস্তুতি ৫১ भन, (मणे ১७८, २२**१, २**१৮ পাণ্ডিত্য ৩৫৫, ৩৫৬ পিটর, সেণ্ট ১৫৫ পুরাণ ২১৮, ৩০৭, ৩০৮ পুরুষ ২৬৬ মহাযোগী---২৭৬ পুরোহিত ৩৫০ পৌত্তলিকতা ১৬৮ প্রকৃতি ৫৩, ৫৪, ১৯৯, ২৫৯, ২৬৬ ইহাতে প্রেমের বিকাশ ৫৬ 'প্রকৃতি লীন' (সাংখ্য) ১৬ প্রণিধান ১১ প্রতিমা ইহার প্রয়োজনীয়তা ১৪৬ -পূজা ১৪৫ প্রভীক ১৩৫, ১৩৬, ১৫২, ১৬৬, ১৬৭ এই শব্দের অর্থ ১৪০ -উপাদনা ১৪২, ১৪৭, ১৪৮, ৩৫৩, 948 প্রভাকামুভৃতি ২০, ৩৩, ২৭০, ২৯১, vee 'প্রবোধচন্দ্রোদয়' (নাটক) ২৫১ व्यञ्लाष ३३, ३१, २३ व्याप २१८, २१६ প্রাণায়াম ২৭৪, ২৭৫

প্রীতি ৬৩ প্রেম ৫৬, ৫৭, ৭৮, ৮১, ৮২,^{*}৮৫, ৮৬, ১০৫, ১০৬, ১৮২, ২৩৬, ৩৩৩-600 086, 089, 0po, 6pe আত্মার জন্মই ৫৮, ৭৭, ১৮১ জগতের প্রেরণাশক্তি ১৮০, ১৮১ हेशांख ७ग्न नाहे १७, १८ প্রেমের ত্রিকোণরূপ ৩৪৭, ৩৭৩, পাঁচটি স্থর ৩৪৬ विक्न ३११, ३१४, २०१, २०४, ७९१, ७१७, ७१८ স্বব্ধ ৩৩৩ নি:স্বার্থ--- ৭১ প্রক্ত-- ৭২, ৭৩, ১০৬, ২০৯, ২১০ শাস্থ--- ৭৮, ৬৮৩ স্থ্য--- ৫৮, ৩৮৩ मर्वक्रमीन ७৫, ७७ প্রেশ্ববিটারিয়ান (চার্চ) ১৫৫, ৩৫৪ প্রোটেন্ট্যাণ্ট ১৬৭, ২৩৫, ৩৫৪, ৩৮৬ বরাহপুহাণ ১৪ বহু-বিবাহ প্রথা ২৬১ वाहेरवल ১०२, ১७৫, ১৪৩, ১৪৬, ১৫১, >62, >24, >22, 226, 236, २०६, २६३, ७२७, ७६० বামাচার ২৩০ বাদনা-ভ্যাগ ২৭৯ বাৎসন্স্য-ভাব ৮০, ৮১, ৩৮৩ বিজ্ঞান (আধুনিক) ২৫০, ২৯০ -dia 303 বিভা ৭০ বিবেক-সাধন ৯২ 'বিমোক' ৪৭, ১৬

বিরহ ৬৩

-বিৎ ৩১৫

বিশিষ্টাবৈতবাদ ২৩১, ২৪২, ২৬৬ বিষ্ণু ২৪৩ বুদ্ধ, বুদ্ধদেব ১৪২, ১৪৫, ১৪৭, ১৪৮, ১৮०, ১৯৯, २०৫, २०७, २२७-२२६, २७১, २७8, २८७, २८१, २१०, २२७-२३८, २२४, ७३४, ৩২৮, ৬৮৬ বেথ निट्य ১२० বেদ, শ্রুতি ১৪-১৬, ৩৭, ৩৯, ৪৫, ৪৯, en, 500, 580, 582, 580, २ • १, २८ •, २८२, २८१, २८८, २१७, २७०, २७२, २७१, २৮৫ -অধ্যয়ন ২৪০ रिवर्ताख २७२, २४०, २४७, २४৮, २४२, २७१, २१७, २३०, ७১७, ७२२, ৩৬৩ -সূত্র ১৩-১৫, ১৯৬ বৈজ্ঞানিক ২৪৫ বৈরাগ্য ২৫৪ (वीक, त्वीक्रधर्म ১७७, २८६, २८७, २४०, २৮७ ব্যক্তিত্ব ৩৩৯ ব্যাপ্টিজ্ম (খ্রীষ্টান-সংস্কার) ২০৬, २৮७ ব্যাবিলোনিয়া ২৬১ वर्गम ১১, ১৩, ১৭, २८२ -স্থ্র ৭ ব্রহ্ম ১৩-১৫, ১৭, ১৮, ৩৮, ১৯৯, ২২৬, २७5, २९०, २८४, २८७, २८१, 28b, 268, 266, 26b, 265-২৬৪, **২৬**৬, ২৮৯, ২৯০, ২৯৯ লাভ ২৬৩ উপাদনা ৩৯, ৪০ े-खान-विष्ठा १०, २४७, २४५

-मर्मन २०१, २१७

নিগু ৭-- ১৯৯, ৩৬৬ ব্ৰহ্মচৰ্য ২৮১ ব্ৰাহ্মণ ২৪৫ ব্ৰাহ্ম-সমাজ ৩০৫ 'ভক্তমাল' ৩৮৮ ভক্তি ৭-৯, ১১, ১২, ২০, ৩৯, ৯১, **२२, ५०२, ५५५, ५५, ५७, ५०,** २०१-२०१, २१२, ७००-७०२, ৩৩১, ৩৩২, ৩৬৮ সহজ সাধন ২১০, ৩৩৪ তুই প্রকার ২১, ১৩০, ৩৪৩ ইহার সর্বোচ্চ রূপ ৩৩২ -যোগ ৭, ৪৩, ৫৬, ৬১, ৯১, ১১১, ५०६, ५८०, २२२, ७०५ ইহার গুহুরহস্থ ৬১ -যোগী ৫৮ ইহার বৈরাগ্য ৫৪ —লাভের উপায় ৪৫, ৩৩৩ শান্ত-- ৭৮ ভক্তিস্ত্র (নারদীয়) ৭, ১৯৭, ২০৫ ভগবৎ-প্রেম ৭০, ৭৮, ৮১, ৮২, ৮৬, ১৭৬, ১৮৩ ভগবদগীতা—'গীতা' দ্রষ্টব্য। ভগবান্—'ঈশ্বর' দ্রষ্টব্য । ভাগৰত-পুরাণ ১৬, ৩২ ভারত ১৪১, ১৪৯, ১৯১, ২৬১, ২৭৫, ७२६, ७५७, ७৮8 এখনকার ব্রাহ্মণ জাতি ২৮৭ এটি-সম্প্রদায়ের প্রতিষ্ঠা ২৫০ জননীর ধারণা ২৩০ জীবনের উদ্দেশ্য ে ক্ষে ধারণা ৩৭১ প্রতিমা পূজার শুরু ২২৪ ভারতীয় দর্শন ২৪২, ২৫৮ ইহার লক্ষ্য ৬৫

ভোগ ২৪১ ভোজ ১১

মন্ধল-ভাব ২০০, ২০১
মধুর-ভাব ৩৮৩
মধ্বাচার্য ১৪, ১৯৬, ১৯৭, ২৪২, ২৪৩
মন ২৬০,২৬৫,২৭৯, ২৯০, ৩১৭, ৩৪৪
মনের একাগ্রভা-দাধন ২৭১

নিরোধন ২৭৬ সংষম ৩২১ মন:শক্তি ২৮৫ মহম্মদ (হজরত) ২১৮, ২৪৬, ৩২২ মহাপুরুষ ২০৬ -সকলাভ ২০৮, ২০৯ মামুষ, মানব ২৫১, ২৬৫, ২৬০, ২৬৯,

২৯৩, ৩৫৭ ব্ৰহ্মম্বৰূপ ২৬৪ মাহুষেৰ প্ৰবৃত্তি ৬২০ স্বভাব ২১৩ মালাবাৰ ২৬১

মায়া २८॰, २१৮, २৮०, ८२२ भिन्टेन (कवि) २२२

মিশর ১৫১, ২৬১ মীবাবাঈ ২৯৮, ৩৮০ পাদটীকা, ৩৮৩ মুক্তি ৭, ২১৪, ২৪০, ২৬২, ২৮৯,

৩২৫, ৩৭২ ইহার উপায় ১০ -লাভ ২৬১, ৩১০

म्भा (Moses) ১৪৫, २०৫, २৫३

ম্নলমান ৮১, ১৬৭, ২৪৬, ২৪৭, ২৫০, ৬১৮, ৩৫১

रेमराबशी २৮৪

মোহ ৯৫

ষজুৰ্বেদ ৭• যাজ্ঞবন্ধ্য ২৮৪ যীভ, যীভঞীই—'ঞ্ৰীষ্ট' জ্ৰষ্টব্য । যুক্তি ২১০ যোগী ৬০, ২৬৩, ২৮৫ ইহার আকাজ্ঞা ৬৫

রজ্ঞ: ২৯৯ বাজদ প্রকৃতি ২১২ বাজ্বোগ, বাজ্বোগী ৭, ৫৩, ২৪৫, ৩৩২, ৩৪০ বাবিয়া ২৫২

রামকৃষ্ণ (এ) ২৮, ৩৫, ৪৩, ১৯১, ১৯৬, ১৯৭, ১৯৯, ২০৬, ২১৪, ২১৭, ২২৩, ২২৫-২২৮, ২৩০, ২৬৮, ৩০৩, ৩৩৯, ৩৪৮, ৩৭৩ রামমোহন রায় (রাজা) ৩০৫

রামাক্স ৪, ৯, ১২, ১৪, ১৬, ৩৯, ৪৫-৪৭, ৯২, ৯৬, ১০১, ১৯৬, ১৯৭, ২৪২, ২৭৩, ২৪৫, ২৬৫, ২৬৬ রোমক সামাজ্য ৩২৩

লাওংদে ৩১৮ লুথার, মার্টিন ২৯৮

শহর, শহরাচার্য ৪, ৯, ১৭, ৩৯, ৪৬, ৯৪, ৯৬, ১৯৬, ১৯৭, ২৩৭, ২৪৫– ২৪৮, ২৫৬, ২৬০, ২৬২, ২৬৪– ২৬৭, ২৭০

শব্দু—'নাম' জন্তব্য।

भाखिना १, ১১

শান্ত্র ২০৭, ২৬৩, ৩০৪ ইহার শিকা ২৬২

-পাঠ ৩০৮

শিশ্य २७, २८, ১১७, ১৫২, २१৫ ইহার লক্ষণ २৬, २१, ১১৮

শৃহ্যবাদ ২৫০

শোপেনহাওয়ার ২৬০

শ্ৰহ্মা ৬৩

æंि ভि—'বেদ' **अ**ष्टेरा।

স্কীত ১৮ সভীদাহপ্রথা—রোধ ৩০৫ সভাকাম ২৭৮ সরঃ ২৯৯, সাত্ত্বিক প্রাকৃতি ২১২ সর্যাদ ৩৩১ সমাজ ৩৪৮, ৩৮৬ ममाथि २७१, २४৮, २७७, २१३ ইহার হুইটি ভাব ৩০৭ 'ধর্মহেম্ব' ২৭৯ সমাধিকার-বাদ ২২৯ পাদটীকা সহজাত-সংস্কার ১৬৩ সহস্রবীপোতান ১৮৭, ১৯২, ১৯৫, १८६, १८६, १८८ সংগারভ্যাগ ২১৬, ৩১০ मायरवा १० সাংখ্য ২৬৬ 절약 २১১

সৃষ্টি ২১২

এই শব্দের অর্থ ১৪৯, ৩৬৯
বৈষমাই ইহার মূল ২২০
সেণ্ট লরেন্স (নদী) ১৯৩
'ফোট' ৬৬-৬৮
স্মরণ ১০
স্বৃতি ২৭৪
স্থপ্রেশ্ব ১২
স্বর্গ ১০৫, ১৬৭, ১৩৯, ২৪০, ৩০২, ৩০৩, এষণা ৩৩৮

হত্বমান (ভক্ত) ৪৪, ২২৯
হরিদাসী (মাতা) 'ওয়াল্ডো, দ্রন্থরা।
হিন্দু, হিন্দুধর্ম ৮১, ১৪৫, ১৫১, ১৯১,
১৯৯, ২২৯, ২৩৪, ২৩৫, ২৪৮,
২৫০ ইহাদের ঈশ্বপ্রেম ১৯৭
হিক্র ১৯

হিরণ্যগর্ভ ৩৬ য়াহুদী—'ইহুদী' দ্রষ্টব্য।